# শ্রীহরিভক্তিবিলাসস্য দ্বাদশবিলাসাদি ষোড়শবিলাসপর্য্যন্তসূচীপত্রং ।


| য়ঃ । | পৃষ্ঠায়াং । | পঙ্‌ক্তৌ । |
|---|---|---|
| থ দ্বাদশবিলাসারম্ভঃ | | |
| া পক্ষকৃত্যানি | ১ | ৩ |
| মদেকাদশীব্রতস্য নিত্যতা | ২ | ২ |
| থ ভোজননিষেধঃ | ৪ | ৪ |
| কাম্যাদাবপি নিত্যত্বং | ১৬ | ২ |
| কাদাবপি নিত্যত্বং | ১৮ | [illegible] |
| দিনে শ্রাদ্ধনিষেধঃ | ১৯ | ১১ |
| রিণঃ | ২১ | ৩ |
| প্রতিনিধিঃ | ২৩ | ১১ |
| শীমাহাত্ম্যং | ৩০ | ৬ |
| সদিননির্ণয়ঃ | ৫৩ | ৮ |
| বিদ্ধোপবাসদোষঃ | ৫৫ | ২ |
| লক্ষণেন বিদ্ধালক্ষণং | ৮২ | ৬ |
| াদয়বিদ্ধাপরিত্যাগঃ | ৮৪ | ২ |
| লক্ষণং | ৯০ | ১ |
| লক্ষণং | ৯১ | ৪ |
| য়বিদ্ধোপবাসদোষাঃ | ৯২ | ৪ |
| বিদ্ধাসমাধানং | ৯৫ | ২ |
| শেষপরিত্যাগঃ | ৯৯ | ২ |
| বাসাদিসমাধানং | ১১১ | ৭ |
| নিরূসনবিধিঃ | ১১৯ | ৫ |
| | ১২০ | ৮ |
| সমাপ্তি | ১২২ | ৪ |
| াদশবিলাসারম্ভঃ | ১২৩ | ১ |
| পূর্ব্বদিনকৃত্যং | ১২৩ | ৩ |


Shri KESHABJI GAUDIYA MATH Mathura (U.P.)

| বিষয়ঃ । | পৃষ্ঠায়াং । | পঙ্‌ক্তৌ |
|---|---|---|
| অথ হবিষ্যাণি | ১২৬ | |
| অথৈকভক্তলক্ষণং | ১২৯ | |
| অথোপবাসদিনকৃত্যং | ১৩০ | |
| অথোপবাসলক্ষণং | ১৩৩ | |
| অথোপবাসদিনেঽশক্তেঽপি নিয়মাঃ | ১৩৮ | |
| অথ তত্র পূজাদিকং | ১৩৯ | |
| অথ জাগরণপ্রকরণং | ১৪১ | |
| জাগরণে গীতাদিনিবারণাদিনিষেধঃ | ১৪২ | |
| অথ জাগরণবিধিঃ | ১৪৩ | |
| জাগরণনিত্যত্বং | ১৪৭ | |
| জাগরে গীতাদিনিত্যত্বং | ১৪৯ | |
| জাগরণমাহাত্ম্যং | ১৫০ | |
| অথ পারণদিনকৃত্যং | ১৭৭ | |
| অথ তত্র শ্রীভগবতঃ প্রাতঃস্নপনং | ১৭৯ | |
| পারণে দ্বাদশ্যপেক্ষণং | ১৮০ | |
| অথ দ্বাদশ্যভাবে কৃত্যসমাধানং | ১৮৩ | |
| সঙ্কটে পারণাসমাধানং | ১৮৪ | |
| অথ হরিবাসরকালে পারণনিষেধঃ | ১৮৬ | |
| অথ অন্তেঽপি দ্বাদশীনিয়মাঃ | ১৮৭ | |
| অথ উন্মীলন্যাদ্যষ্টমহাদ্বাদশীনাং বিশেষতো নিরূপণং | ১৮৮ | |
| অথ মহাদ্বাদশীনিত্যত্বং | ১৯৩ | |
| অথ পারণকালনির্ণয়ঃ | ১৯৬ | |
| উন্মীলন্যাদিমাহাত্ম্যং তত্র পূজাবিশেষশ্চ | ১৯৭ | |
| অথ বঞ্জুলীব্রতং | ২১১ | |
| অথ ত্রিস্পৃশাব্রতং | ২১৯ | |
| অথ পক্ষবর্দ্ধিনীব্রতং | ২৩২ | |
| অথ জয়াব্রতং | ২৩৫ | |
| অথ বিজয়াব্রতং | ২৩৬ | |
| অথ ব্রতবিধিঃ | ২৩৭ | |

| বিষয়ঃ। | পৃষ্ঠায়াং। | পঙ্‌ক্তৌ। |
|---|---|---|
| অথ জয়ন্তীব্রতং | ২৪০ | ৩ |
| অথ তত্র তদ্বিধিঃ | ২৪১ | ৪ |
| অথ পাপনাশিনী ব্রতং | ২৪৮ | ৫ |
| অথ তদ্ব্রত বিধিঃ | ২৪৯ | ৭ |
| অথ ধাত্রীপূজা | ২৫২ | ৮ |
| ত্রয়োদশবিলাসসমাপ্তিঃ। | ২৫৪ | ৪ |
| অথ চতুর্দ্দশবিলাসারম্ভঃ | ১ | ১ |
| অথ মাস অথ ত্যানি | ১ | ৩ |
| তত্রাদৌ মার্গশীর্ষকৃত্যং | ২ | ৭ |
| পৌষকৃত্যং | ৫ | ২ |
| মাঘকৃত্যং | ৬ | ৫ |
| অথ মাঘস্নানস্য নিত্যত্বং | ১২ | ৫ |
| অথ তত্রাধিকারিনির্ণয়ঃ | ১৪ | ৩ |
| মাঘমাহাত্ম্যং | ১৫ | ৩ |
| অথ বসন্তপঞ্চমী | ৩৮ | ৩ |
| অথ ভীষ্মাষ্টমী | ৩৯ | ৩ |
| অথ ভৈমী একাদশী | ৪০ | ২ |
| অথ ফাল্গুনকৃত্যং | ৪১ | ৮ |
| অথ শিবরাত্রিব্রতং | ৪৪ | ৪ |
| শিবরাত্রিব্রতনির্ণয়ঃ | ৪৮ | ৪ |
| শিবরাত্রি বিধিঃ | ৫১ | ৩ |
| পারণনির্ণয়ঃ | ৫২ | ৭ |
| অথ মাহাত্ম্যং | ৫৪ | ৩ |
| অথ গোবিন্দদ্বাদশী | ৫৬ | ৪ |
| অথ দোলোৎসবঃ | ৫৯ | ৭ |
| অথ চৈত্রকৃত্যং | ৬০ | ৮ |
| অথ রামনবমী | ৬০ | ১৩ |
| অথ ব্রতনিত্যত্বং | ৬১ | ৪ |
| অথ মাহাত্ম্যং | ৬১ | ১৩ |
| পারণনির্ণয়ঃ | ৬২ | ১২ |

| বিষয়াঃ। | পৃষ্ঠাঙ্কাং। | পঙ্‌ক্তৌ। |
|---|---|---|
| অথ শ্রীরামনবমীব্রতবিধিঃ | ৬৪ | ৩ |
| অথ কৌশল্যাদ্যর্চ্চা | ৬৯ | ২ |
| অথ দোলমহোৎসবঃ | ৭৪ | ২ |
| দোলোৎসববিধিঃ | ৭৭ | ৪ |
| অথ দমনকারোপণোৎসবঃ | ৮০ | ৪ |
| তত্র দমনকাধিবাসবিধিঃ | ৮২ | ১ |
| দমনকার্পণবিধিঃ | ৮৪ | ৩ |
| অথ বৈশাখকৃত্যং | ৮৭ | ৩ |
| অথ বৈশাখকৃত্যনিত্যতা | ৮৯ | ২ |
| অথ তত্র প্রাতঃস্নাননিত্যতা | ৯৪ | ২ |
| তত্র শ্রীভগবৎপূজামাহাত্ম্যং | ৯৫ | ১ |
| অথ তত্র স্নানবিধিঃ | ৯৭ | ২ |
| অথ বিশেষতস্তত্রাক্ষয়কৃত্যং | ৯৯ | [illegible] |
| অথ শুক্লসপ্তমীকৃত্যং | ১০০ | ৪ |
| অথ নরসিংহচতুর্দ্দশী | ১০১ | ২ |
| তত্রাধিকারিনির্ণয়ঃ | ১০২ | ৪ |
| অথ তন্মাহাত্ম্যং | ১০২ | ৭ |
| অথ তদ্ব্রতদিননির্ণয়ঃ | ১১০ | ৪ |
| অথ তদ্ব্রতবিধিঃ | ১১২ | ২ |
| অথ তত্র পৌর্ণমাসী | ১১৮ | ৮ |
| অথ সমস্তবৈশাখশুক্লকৃত্যং | ১২১ | ৩ |
| চতুর্দ্দশবিলাসসমাপ্তিঃ | ১২২ | ২ |
| অথ পঞ্চদশবিলাসারম্ভঃ | ১২৩ | ১ |
| অথ জ্যৈষ্ঠকৃত্যং | ১২৩ | ৩ |
| অথ জলে ভগবৎ পূজাবিধিঃ | ১২৪ | ২ |
| অথ তন্মাহাত্ম্যং | ১২৫ | ২ |
| অথ নির্জ্জলৈকাদশী | ১২৮ | ১ |
| অথ নির্জ্জল ব্রতবিধিঃ | ১৩১ | ১২ |
| অথ আষাঢ়কৃত্যং | ১৩৪ | ৫ |
| অথ তপ্তমুদ্রাধারণং | ১৩৫ | ৬ |

| বিষয়ঃ। | পৃষ্ঠায়াং। | পঙ্‌ক্তৌ। |
|---|---|---|
| অথ তপ্তমুদ্রাধারণনিত্যতা | ১৩৬ | ৯ |
| অথ তপ্তমুদ্রাধারণমাহাত্ম্যং | ১৪৫ | ২ |
| অথ তপ্তমুদ্রাধারণবিধিঃ | ১৪৬ | ১ |
| অথ চক্রাদীনামাবাহনমন্ত্রাঃ | ১৪৭ | ২ |
| অথ চক্রাদি প্রতিকৃতি দ্রব্যং | ১৫১ | ১ |
| অথ শয়নী ক্ষীরাব্ধি মহোৎসবঃ | ১৫১ | ৭ |
| অথ চাতুর্ম্মাস্য নিয়মাবশ্যকতা | ১৫৪ | ২ |
| অথ চাতুর্ম্মাস্য নিয়মাঃ | ১৫৪ | ৬ |
| চাতুর্ম্মাস্যব্রতনিয়মমাহাত্ম্যং | ১৫৬ | ৬ |
| অথ শ্রাবণকৃত্যং | ১৬৪ | ২ |
| অথ পবিত্রারোপণং | ১৬৪ | [illegible] |
| অথ পবিত্রারোপণমাহাত্ম্যং | ১৬৬ | [illegible] |
| অথ পবিত্রারোপণবিধিঃ | ১৬৯ | ১ |
| অথ পবিত্রাধিবাসনং | ১৭৬ | ১ |
| অথ পবিত্রার্পণং | ১৮০ | ৫ |
| অথ পবিত্রবিসর্জ্জনবিধিঃ | ১৮৩ | ১ |
| অথ ভাদ্রকৃত্যং | ১৮৫ | [illegible] |
| অথ শ্রীজন্মাষ্টমীব্রতং | ১৮৬ | [illegible] |
| অথ জন্মাষ্টমীব্রতনিত্যত্বং | ১৯১ | [illegible] |
| অথোপবাসপূর্ব্বক পূজাবিশেষমহোৎসবাদিব্রতত্যাগপ্রত্যবায়ঃ | ১৯৩ | ৭ |
| অথ শ্রীজন্মাষ্টমীমাহাত্ম্যং | ১৯৬ | ২ |
| অথ শ্রীজন্মাষ্টমীব্রতনির্ণয়ঃ | ২০৬ | ৬ |
| অথ সপ্তমীবিদ্ধ-জন্মাষ্টমীব্রতনিষেধঃ | ২১৫ | ৩ |
| অথ জন্মাষ্টমীপারণকালনির্ণয়ঃ | ২২৫ | ৯ |
| অথ জন্মাষ্টমীব্রতবিধিঃ | ২২৯ | ৪ |
| অথ পার্শ্বপরিবর্ত্তনোৎসবঃ | ২৬৩ | ৮ |
| অথ শ্রবণদ্বাদশীব্রতং | ২৬৫ | ৩ |
| অথ তন্মাহাত্ম্যং | ২৬৫ | ৬ |
| । শ্রবণদ্বাদশ্যুপবাসঃ | ২৭২ | ৬ |

| বিষয়ঃ। | পৃষ্ঠায়াং | পংক্তৌ। |
|---|---|---|
| অথ বিষ্ণুশৃঙ্খলযোগং | ২৭৭ | ৮ |
| অথ শ্রীবামনব্রতবিধিঃ | ২৮৫ | ৭ |
| অথাশ্বিনকৃত্যং | ২০২ | ১০ |
| অথ বিজয়োৎসববিধিঃ | ২৯৩ | ২ |
| পঞ্চদশবিলাসসমাপ্তিঃ | ২৯৫ | ৫ |
| অথ ষোড়শবিলাসারম্ভঃ | ২৯৬ | ১ |
| অথ কার্ত্তিককৃত্যং | ২৯৬ | ১ |
| অথ কার্ত্তিকব্রতনিত্যতা | ২৯৭ | ৫ |
| অথ কার্ত্তিকমাহাত্ম্যং | ৩০৩ | ৮ |
| অথ তত্র ব্রতমাহাত্ম্যং | ৩০৬ | ১২ |
| তত্রৈব কার্ত্তিকব্রতাঙ্গানি | ৩১৭ | ১০ |
| অথ তত্র দীপদানমাহাত্ম্যং | ৩১৯ | ৪ |
| অথ শিখরদীপমাহাত্ম্যং | ৩২৬ | ৩ |
| অথ তত্র দীপমালামাহাত্ম্যং | ৩২৮ | ৪ |
| অথ আকাশদীপমাহাত্ম্যং | ৩২৯ | ৮ |
| অথ কার্ত্তিককৃত্যবিধিঃ | ৩৩৬ | ৩ |
| অথ কার্ত্তিকে বর্জ্যানি | ৩৪১ | ২ |
| অথ শ্রীরাধাদামোদরপূজাবিধি | ৩৪৩ | ৩ |
| অথ শ্রীদামোদরাষ্টকং | ৩৪৪ | ৪ |
| অথ তত্র কৃষ্ণাষ্টমীকৃত্যং | ৩৫৪ | ২ |
| অথ কৃষ্ণত্রয়োদশীকৃত্যং | ৩৫৩ | ৬ |
| অথ কৃষ্ণচতুর্দ্দশীকৃত্যং | ৩৫৫ | ৪ |
| অথ অমাবাস্যাকৃত্যং | ৩৫৭ | ৭ |
| অথামাবাস্যানির্ণয়ঃ | ৩৫৮ | ৮ |
| অথ শুক্লাপ্রতিপদ্ | ৩৫৯ | ৩ |
| অথ শ্রীগোবর্দ্ধনপূজাবিধিঃ | ৩৬৪ | ৬ |
| পূজামন্ত্রঃ | ৩৬৫ | ২ |
| গোপূজামন্ত্রঃ | ৩৬৫ | ৫ |
| অথ গোক্রীড়া | ৩৬৬ | |
| অথ যমদ্বিতীয়াকৃত্যং | ৩৭০ | |

| বিষয়ঃ। | পৃষ্ঠায়াং। | পঙ্‌ক্তৌ। |
|---|---|---|
| অথ শুক্লাষ্টমীকৃত্যং | ৩৭১ | ৮ |
| অথ প্রবোধনীকৃত্যং | ৩৭২ | ৪ |
| অথ প্রবোধনীমাহাত্ম্যং | ৩৭৩ | ১ |
| অথ প্রবোধকালনির্ণয়ঃ | ৩৮১ | ২ |
| অথ ভগবৎপ্রবোধনবিধিঃ | ৩৮৫ | ১ |
| অথ রথযাত্রাবিধিঃ | ৬৯৫ | ৭ |
| অথ রথযাত্রামাহাত্ম্যং | ৩৯০ | ১ |
| অথ রথানুগমনাদিনিত্যতা | ৪০০ | ৩ |
| অথ প্রবোধনীজাগরণমাহাত্ম্যং | ৪০২ | ৪ |
| অথ পারণাদিনকৃত্যং | ৪০৮ | ৩ |
| অথ ব্রতেষু দানানি | ৪১০ | ৫ |
| অথ ভীষ্মপঞ্চকাদি | ৪১৪ | ৫ |
| অথাধিবাসকৃত্যং | ৪১৫ | ৩ |
| ষোড়শবিলাসসমাপ্তিঃ | ৪১৬ | ৩ |

# শ্রীহরিভক্তিবিলাসস্য ১৭ বিলাসাদি ২০ বিলাস-পর্য্যন্তং সূচীপত্রং।


| বিষয়াঃ। | পৃষ্ঠায়াং। | পঙ্‌ক্তৌ। |
|---|---|---|
| সপ্তদশবিলাসারম্ভঃ। | ১ | ১ |
| পুরশ্চরণং। | ১ | ৭ |
| পুরশ্চরণস্য আবশ্যকতা। | ২ | ৬ |
| পুরশ্চরণমাহাত্ম্যং। | ৩ | ৪ |
| পুরশ্চরণস্থাননিয়মঃ। | ৫ | ৬ |
| কূর্ম্মচক্রং। | ৯ | ১১ |
| তত্র ভক্ষ্যনিয়মঃ। | ১২ | |
| আসননিয়মঃ। | ১৮ | ৪ |
| জপমালা তন্নিত্যতা চ। | ১৯ | ৩ |
| মালামণিনির্ণয়স্তৎপরিমাণাদি। | ১৯ | ১০ |
| মালানাং মণিবিশেষেণ বৈশিষ্ট্যং। | ২২ | ২ |
| মালানির্ম্মাণবিধিঃ। | ২৩ | ৭ |
| মালাসংস্কারঃ। | ২৭ | ৬ |
| জপাঙ্গুল্যাদিনির্ণয়ঃ। | ৩১ | ১ |
| মালায়া নিয়মান্তরং। | ৩৩ | ৩ |
| জপে গুণাঃ। | ৩৪ | ৯ |
| জপে দোষাঃ। | ৩৫ | ৯ |
| দোষপ্রায়শ্চিত্তানি। | ৩৯ | ৫ |
| জপভেদাস্তল্লক্ষণাদি চ। | ৪২ | |
| জপমাহাত্ম্যং। | ৪৫ | |
| জপপ্রকারবিশেষেণ ফলবিশেষঃ। | ৪৬ | |
| জপবিধিঃ। | ৪৯ | |
| হোমনিয়মঃ। | ৫৪ | |
| জপসংখ্যা নিয়মঃ। | ৫৬ | |
| অথ তর্পণাদি। | ৬০ | ৪ |

| বিষয়াঃ । | পৃষ্ঠায়াং । | পঙ্‌ক্তৌ । |
|---|---|---|
| রিক্তপূরণং । | ৬৩ | ২ |
| অথ সংক্ষিপ্তপুরশ্চরণং । | ৬৪ | ৪ |
| তস্য প্রকারান্তরং । | ৬৫ | ৫ |
| সিদ্ধমন্ত্রস্য লক্ষণং । | ৬৭ | ৬ |
| সিদ্ধমন্ত্রকৃত্যং । | ৭০ | ১ |
| অসিদ্ধসাধনোপায়াঃ । | ৭০ | ৫ |
| অথ যন্ত্রং । | ৭১ | ৫ |
| সপ্তদশবিলাসঃ সমাপ্তিঃ । | ৭৫ | ৩ |

---

| | | |
|---|---|---|
| অষ্টাদশবিলাসারম্ভঃ । | ৭৬ | ১ |
| অথ শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাবনং । | ৭৭ | ২ |
| অথ শ্রীমূর্ত্তিপরিমাণং । | ৮১ | ১ |
| আরম্ভে কৃত্যং । | ৮১ | ১০ |
| অঙ্গুলীপরিমাণং । | ৮৪ | ২ |
| তত্র কশ্চিদ্বিশেষঃ শ্রীগোপালদেবস্য । | ৯৯ | ৮ |
| অঙ্গং স্ত্রীণাং । | ১০১ | ১০ |
| মৃণ্ময়ীনাং মূর্ত্তীনাং বিশেষঃ । | ১০৯ | ৫ |
| শ্রীমূর্ত্তিবিশেষেণ পরিমাণে বিশেষাদি । | ১১১ | ১২ |
| শ্রীমূর্ত্ত্যঙ্গাধিক্যাদিদোষঃ । | ১৪৭ | ৭ |
| দ্রব্যভেদেন শ্রীমূর্ত্তিভেদঃ । | ১৪৯ | ৭ |
| অথ শিলাগ্রহণং । | ১৫২ | ২ |
| শিলালক্ষণং । | ১৬৩ | ৩ |
| শিল্পিকৃত্যং । | ১৬৮ | ২ |
| পিণ্ডিকালক্ষণং । | ১৬৮ | ১৩ |
| অষ্টাদশবিলাসঃ সমাপ্তিঃ । | ১৭৬ | ১৩ |

---

| | | |
|---|---|---|
| ঊনবিংশবিলাসারম্ভঃ । | ১৭৭ | ১ |
| শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাঃ । | ১৭৭ | ৫ |

| বিষয়াঃ। | পৃষ্ঠায়াং। | পঙ্‌ক্তৌ। |
|---|---|---|
| প্রতিষ্ঠালক্ষণং। | ১৭৮ | ৪ |
| প্রতিষ্ঠামাহাত্ম্যং। | ১৭৯ | ১ |
| প্রতিষ্ঠাকালঃ। | ১৮৫ | ১১ |
| প্রতিষ্ঠাস্থানং। | ১৯১ | ৪ |
| প্রতিষ্ঠাধিকারী। | ১৯৩ | ১০ |
| স্থাপকত্বে বর্জ্জনীয়াঃ। | ১৯৯ | ১ |
| প্রতিষ্ঠাবিধ্যভিজ্ঞস্য প্রতিষ্ঠানাচরণে দোষঃ। | ২০১ | ৭ |
| স্থিরমূর্ত্তিপ্রতিষ্ঠারম্ভঃ। | ২০২ | ৪ |
| আচার্য্যাদিবরণং। | ২০৩ | ৩ |
| অথ মণ্ডপাদিনির্ম্মাণং। | ২০৪ | ২ |
| বেদ্যাদিনির্ম্মাণং। | ২১০ | ২ |
| কুম্ভস্থাপনং। | ২১১ | ৯ |
| স্নানমণ্ডপাদিনির্ম্মাণং। | ২১৩ | ৮ |
| ধ্বজপতাকাস্থাপনং। | ২১৫ | ৩ |
| ধ্বজাদ্যর্পণ লোকপালপূজাবিধিঃ। | ২১৭ | ২ |
| কলসাধিবাসনং। | ২২৬ | ২ |
| শ্রীমূর্ত্তেঃ স্নানমণ্ডপে প্রবেশঃ। | ২৩১ | ১ |
| শিল্পিপরিতোষণং। | ২৩৫ | ৩ |
| অথ স্নপনং। | ২৩৬ | ৭ |
| নেত্রোন্মীলনং। | ২৩৮ | ১০ |
| নেত্রাভাঞ্জনং। | ২৪১ | ৩ |
| অর্ঘ্যার্পণাদি। | ২৪২ | ১ |
| মাঙ্গল্যাচরণং অমাঙ্গল্যনিবারণঞ্চ। | ২৪২ | ৭ |
| পুনর্বিশেষতঃ স্নপনং। | ২৪৪ | ৭ |
| স্নপনমাহাত্ম্যং। | ২৫৩ | ৩ |
| শ্রীমূর্ত্ত্যুত্থাপনং। | ২৫৪ | ২ |
| অধিবাসমণ্ডপে প্রবেশঃ। | ২৫৭ | ৬ |
| শ্রীমূর্ত্তিস্থাপনপ্রকারঃ। | ২৫৯ | ১ |
| শ্রীমূর্ত্ত্যধিবাসনং। | ২৬৫ | ৬ |

| বিষয়াঃ। | পৃষ্ঠায়াং। | পঙ্‌ক্তৌ। |
|---|---|---|
| ব্রাহ্মণস্থাপনং। | ২৬৬ | ২ |
| দ্বারেষু জপনিয়মঃ। | ২৬৭ | ৩ |
| অথ হোমঃ। | ২৭০ | ৩ |
| শান্তিঘটোদকস্নপনাদি। | ২৭৫ | ১০ |
| অধিবাসনমাহাত্ম্যং। | ২৮০ | ১ |
| প্রাসাদাদের্গর্ত্তনির্ম্মাণাদি। | ২৮০ | ৬ |
| পিণ্ডিকাশোধনং। | ২৮৪ | ১ |
| প্রাসাদে শ্রীমূর্ত্তের্বিজয়ঃ। | ২৮৪ | ১০ |
| রত্নাদিন্যাসঃ। | ২৮৬ | ৫ |
| রত্নন্যাসমন্ত্রঃ। | ২৯৩ | ৩ |
| কামবিশেষে দ্রব্যবিশেষন্যাসঃ। | ২৯৮ | ৯ |
| মঙ্গলস্নপনং। | ৩০২ | ১০ |
| গর্ত্তলেপনাদি। | ৩০৩ | ৭ |
| ইন্দ্রাদিবলিদানং। | ৩০৫ | ২ |
| প্রাসাদান্তঃশ্রীমূর্ত্তিপ্রবেশনং। | ৩০৫ | ৮ |
| পিণ্ডিকান্যাসাদি। | ৩০৭ | ৬ |
| শ্রীমূর্ত্তিস্থাপনং। | ৩০৯ | ৩ |
| শ্রীমূর্ত্তিস্থাপনানন্তরকৃত্যানি। | ৩১০ | ৯ |
| মন্ত্রৈঃ অঙ্গালম্ভনং। | ৩১২ | ২ |
| জপবিধিবিশেষঃ। | ৩১৪ | ৩ |
| অথ মহাপূজা। | ৩১৮ | ৭ |
| তত্র ভগবৎসান্নিধ্যলক্ষণানি। | ৩২৪ | ৪ |
| আচার্য্যাদিসম্মাননং। | ৩২৭ | ৫ |
| শ্রীমূর্ত্তিস্থিরতাপাদনং। | ৩৩১ | ১ |
| দিনান্তরোৎসবঃ। | ৩৩৩ | ১ |
| কৃত্যবিশেষেণ ফলবিশেষঃ। | ৩৩৪ | ৩ |
| চতুর্থীকর্ম্ম। | ৩৩৬ | ৬ |
| অবভৃতস্নানং। | ৩৩৯ | ৭ |
| হোমসমাধানং। | ৩৪৪ | ৩ |

| বিষয়াঃ। | পৃষ্ঠায়াং। | পঙ্‌ক্তৌ। |
|---|---|---|
| যজমানাভিষেকঃ। | ৩৪৫ | ১ |
| পুনরাচার্য্যাদিসম্মাননং। | ৩৪৬ | ৪ |
| ধ্বজারোপণং। | ৩৪৭ | ৮ |
| চল শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠামাহাত্ম্যং। | ৩৭৩ | ৬ |
| চল শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাবিধিঃ। | ৩৭৪ | ৩ |
| তন্মণ্ডপাদিনির্ম্মাণবিধিঃ। | ৩৭৪ | ১ |
| মণ্ডলবিধিঃ। | ৩৭৬ | ৭ |
| ব্রাহ্মণবরণাদিবিধিঃ। | ৩৭৭ | ২ |
| বাস্তুদেবপূজাবিধিঃ। | ৩৭৯ | ২ |
| স্নপনবিধিঃ। | ৩৮০ | ৪ |
| বস্ত্রাদ্যর্পণবিধিঃ। | ৩৮৪ | ১ |
| স্তুতিবলিদানাদি। | ৩৮৫ | ১ |
| অধিবাসনবিধিঃ। | ৩৮৬ | ৭ |
| স্থাপনবিধিঃ। | ৩৮৮ | ৭ |
| আচার্য্যাদি-সম্মাননং। | ৩৯৩ | ৭ |
| প্রতিষ্ঠাফলং। | ৩৯৪ | ৬ |
| একাধ্বরপ্রতিষ্ঠাবিধিঃ। | ৩৯৫ | ৩ |
| অথ বৈগুণ্যে পুনঃসংস্কারঃ। | ৪০০ | ৫ |
| ঊনবিংশবিলাসঃ সমাপ্তিঃ। | ৪১১ | ৯ |
| বিংশবিলাসারম্ভঃ। | ৪১৩ | ১ |
| শ্রীভগবন্মন্দিরনির্ম্মাণং। | ৪১৩ | ৫ |
| শ্রীভগবন্মন্দিরনির্ম্মাণমাহাত্ম্যং। | ৪১৪ | ৩ |
| মন্দিরনির্ম্মাণকালঃ। | ৪১৮ | ৮ |
| প্রাসাদস্থানং। | ৪২২ | ৪ |
| স্থানশোধনানি। | ৪২৩ | ২ |
| ভূমিপরিগ্রহঃ। | ৪২৯ | ৬ |
| দিক্‌সাধনং (দিক্‌প্রকল্পণং)। | ৪৩১ | ৭ |

| বিষয়াঃ। | পৃষ্ঠায়াং। | পঙ্ক্তৌ। |
|---|---|---|
| শল্যোদ্ধারণং। | ৪৩৩ | ৪ |
| বাস্তমণ্ডলং। | ৪৩৪ | ৬ |
| বাস্তপূজা। | ৪৪৫ | ৩ |
| প্রাসাদমূলারম্ভঃ। | ৪৪৫ | ৮ |
| শিলালক্ষণং। | ৪৫১ | ১১ |
| ইষ্টকালক্ষণং। | ৪৫৩ | ৬ |
| পীঠবন্ধনং। | ৪৫৭ | ৪ |
| প্রাসাদাদিলক্ষণানি। | ৪৫৮ | ৫ |
| মণ্ডপলক্ষণবিশেষঃ। | ৪৭৭ | ১৪ |
| দ্বারনির্ণয়ঃ। | ৪৮০ | ১০ |
| প্রাকারাদিনির্ণয়ঃ। | ৪৮২ | ১১ |
| বৃক্ষরোপণনির্ণয়ঃ। | ৪৮৪ | ৩ |
| অথ জীর্ণোদ্ধারঃ। | ৪৮৫ | ৮ |
| অথ তুলসীবিবাহঃ প্রতিষ্ঠাবিধিশ্চ। | ৪৮৭ | ১০ |
| উপসংহারঃ। | ৪৯১ | ১১ |
| ঐকান্তিককৃত্যং। | ৪৯২ | ৯ |
| গ্রন্থসমাপ্তিঃ। | ৪৯৬ | ৮ |


॥ ০ ॥ সূচীপত্রসম্পূর্ণঃ ॥ ০ ॥

# দ্বাদশবিলাসঃ।

## দ্বিতীয়বিভাগঃ।

নমোভগবতে তস্মৈ যস্য প্রিয়তমা তিথিঃ।
একাদশী দ্বাদশী চ সর্ব্বাভীষ্টপ্রদা নৃণাং ॥ ১ ॥
অথ পক্ষকৃত্যানি ॥
ইত্থঞ্চ নিত্যং কুর্ব্বাণঃ কৃষ্ণপূজামহোৎসবং।
হরের্দ্দিনে বিশেষেণ কুর্য্যাত্তং পক্ষয়োর্দ্বয়োঃ ॥ ২ ॥
তত্র ব্রতস্য নিত্যত্বাদবশ্যং তৎ সমাচরেৎ।

---

শ্রীচৈতন্যপ্রভুং বন্দে যদাশ্রয়রসাপ্লুতঃ। বাঞ্ছাতীতং ফলত্যেব মনোরথমহীরুহঃ। পূর্ব্বং নিত্যকৃত্যলিখনেন নিত্যপূজাবিধিং লিখিত্বা সমাপ্যাধুনা পক্ষপূজাবিধিং লিখন্ প্রারীপ্সিতসুসিদ্ধয়ে লেখ্যপ্রকরণানুসারেণ দেবং প্রণমতি নম ইতি। যস্য ভগবতঃ প্রিয়-তমা পরমবল্লভা একাদশী দ্বাদশী চ তিথিরেব নৃণাং সর্ব্বাভীষ্টং প্রকর্ষেণ দদাতীত্যর্থঃ ॥ ১ ॥

ইত্থং পূর্ব্বলিখিতপ্রকারেণ। কৃষ্ণপূজৈব মহোৎসবস্তং। হরের্দ্দিনমেকাদশী দ্বাদশী-চেত্যুপবাসদিনং লক্ষ্যতে তস্মিন্। তং কৃষ্ণপূজামহোৎসবং ॥ ২ ॥

তত্র হরিদিনে তদ্ব্রতং। তৎফলং সমাসেনো[illegible] সর্ব্বোত্ত ॥ ৩ ॥

---

যাঁহার পরম বল্লভা একাদশী ও দ্বাদশী তিথি মনুষ্যগণকে সর্ব্ব-প্রকার অভীষ্ট প্রদান করেন, সেই ভগবান্‌কে নমস্কার ॥ ১ ॥

অথ পক্ষকৃত্য সকল ॥

পূর্ব্বলিখিত প্রকারে নিত্য শ্রীকৃষ্ণের পূজা মহোৎসব করিয়া, উভয় পক্ষীয় একাদশী ও দ্বাদশীতে বিশেষ রূপে ঐ পূজা মহোৎসব করিবে ॥ ২

হরিবাসরে ব্রতের নিত্যত্বপ্রযুক্ত অবশ্য ঐ ব্রতের আচরণ করিবে,

সর্ব্বপাপাপহং সর্ব্বার্থদং শ্রীকৃষ্ণতোষণং ॥ ৩ ॥
অথ শ্রীমদেকাদশীব্রতস্য নিত্যত্বং ॥
তচ্চ কৃষ্ণপ্রীণনত্বাদ্বিধিপ্রাপ্তত্বতস্তথা।
ভোজনস্য নিষেধাচ্চাকরণে প্রত্যবায়তঃ ॥ ৪ ॥
তত্র শ্রীভগবৎপ্রীতিহেতুত্বং ॥
মৎস্য ভবিষ্যপুরাণয়োঃ ॥
একাদশ্যাং নিরাহারো যো ভুঙ্ক্তে দ্বাদশীদিনে।
শুক্লে বা যদি বা কৃষ্ণে তদ্ব্রতং বৈষ্ণবং মহৎ।

তত্র চ শ্রীভগবত্তোষণত্বেন বিধিপ্রাপ্তত্বেন ভোজননিষেধেন অকরণে প্রত্যবায়োৎপত্ত্যা চেতি চতুর্দ্ধা নিত্যত্বং লিখতি তচ্চেতি। যদ্যপি অকরণে প্রত্যবায়তএব মুখ্যং নিত্যত্বং তথাপি শ্রীবিষ্ণুপুরাণানাং শ্রীভগবৎপ্রীণনত্বেনৈব পরমং মুখ্যং তল্লিখিতং। তথা সামান্যতোবিহিতনিষেধাতিক্রমেণ সর্ব্বত্র দোষশ্রবণাৎ বিধিনিষেধপ্রাপ্ততয়া চ নিত্যত্বং সিদ্ধমেব। তচ্চ শ্রীহেমাদ্রি প্রভৃতিভির্বিবৃত্য লিখিতমেবাস্তীত্যত্র তদ্বিস্তারণেনালং। এবং সর্ব্বত্রান্যত্রাপ্যুহ্যং ॥ ৪ ॥

তত্র শ্রীবৈষ্ণবানাং মুখ্যতমনিত্যত্বমাদৌ লিখতি একাদশ্যামিতি। বৈষ্ণবং বিষ্ণুপ্রিয়-

উহা আচরিত হইলে সমস্ত পাপ নাশ, সর্ব্বপ্রকার অভীষ্ট দান এবং শ্রীকৃষ্ণের সন্তোষ সাধন করেন ॥ ৩ ॥

অথ শ্রীমদেকাদশীব্রতের নিত্যত্ব ॥

শ্রীভগবত্তোষণত্ব, বিধিপ্রাপ্তত্ব, ভোজননিষেধ এবং অকরণে প্রত্যবায়োৎপত্তি এই চারি কারণে একাদশী ব্রতের নিত্যত্ব ॥ ৪ ॥

তন্মধ্যে শ্রীএকাদশীর শ্রীভগবৎপ্রীতি হেতুত্ব যথা—

মৎস্য ও ভবিষ্যপুরাণে ॥

যে ব্যক্তি একাদশীতে নিরাহার থাকিয়া শুক্ল বা কৃষ্ণ পক্ষের দ্বাদশী দিবসে ভোজন করেন, তাঁহার ঐ ব্রতে বিষ্ণুর অতিশয় প্রীতি হয় ॥

আগ্নেয়ে ॥
একাদশ্যাং ন ভুঞ্জীত ব্রতমেতদ্ধি বৈষ্ণবং ॥ ৫ ॥
বৃহন্নারদীয়ে ॥
একাদশীমাহাত্ম্যারম্ভে ॥
ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চৈব যোষিতাং।
মোক্ষদং কুর্ব্বতাং ভক্ত্যা বিষ্ণোঃ প্রিয়তরং দ্বিজাঃ ॥ ৬ ॥
একাদশীব্রতং নাম সর্ব্বকামফলপ্রদং।
কর্ত্তব্যং সর্ব্বদা বিপ্রৈর্বিষ্ণুপ্রীণনকারণং ॥ ৭ ॥
অথ বিধিপ্রাপ্তত্বং।
তত্র কণ্বঃ ॥
একাদশ্যামুপবসেন্ন কদাচিদতিক্রমেৎ।
আগ্নেয়ে ॥

---

তমমিত্যর্থঃ ॥ ৫ ॥
কুর্ব্বতামেকাদশীব্রতমিতি জ্ঞেয়ং ॥ ৬ ॥
বিপ্রৈরিতি তেষাং মুখ্যত্বাৎ ॥ ৭ ॥

---

অগ্নিপুরাণে ॥

একাদশীতে ভোজন করিবে না, এই ব্রতই বিষ্ণুর প্রিয়তম ॥ ৫ ॥

বৃহন্নারদীয়পুরাণে একাদশীর মাহাত্ম্যারম্ভে ॥

হে দ্বিজ সকল! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এবং স্ত্রীগণ বিষ্ণুর প্রিয়তম একাদশীর ব্রত করিলে ঐ ব্রত তাঁহাদিগকে মুক্তি প্রদান করেন ॥ ৬ ॥

একাদশী ব্রত সর্ব্বপ্রকার অভীষ্ট প্রদান করেন, একারণ ব্রাহ্মণগণ বিষ্ণুর প্রীতি জনক ঐ ব্রতের অনুষ্ঠান করিবেন ॥ ৭ ॥

শ্রীএকাদশীর বিধিপ্রাপ্ত

তদ্বিষয়ে কণ্ব কহিয়াছেন, যথা

একাদশীতে উপবাস করিবে, কখন তাহা লঙ্ঘন করিবে না ॥

অগ্নিপুরাণে ॥

উপোষ্যৈকাদশীং রাজন্ যাবদায়ুঃ প্রবৃত্তিভিঃ ॥ ৮ ॥
অতএব বিষ্ণুরহস্যে ॥
দ্বাদশী ন প্রযোক্তব্যা যাবদায়ুঃ প্রবৃত্তিভিঃ ॥ ৯ ॥
অথ ভোজননিষেধঃ ॥
শ্রীনারদীয়ে পাদ্মোত্তরখণ্ডে ॥
রটন্তীহ পুরাণানি ভূয়োভূয়োবরাননে।
ন ভোক্তব্যং ন ভোক্তব্যং সংপ্রাপ্তে হরিবাসরে।
কিঞ্চ ॥
আগমাঃ শতশোরাজন্নিতিহাসা রটন্তি হি।
ন ভোক্তব্যমিত্যাদি ॥
ঋষয়ঃ সত্যশঃ সর্ব্বে নারদাদ্যাশ্চ চুক্রুশুঃ।
নেত্যাদি ॥

যাবদায়ুঃ প্রবৃত্তিভিরিতি যাবজ্জীবমিত্যর্থঃ ॥ ৮ ॥

এতেন ন কদাচিদতিক্রমেদিত্যনেন নিত্যত্বং সাধিতমেব তদেব ত্যাগনিষেধেনৈব সাধয়তি। দ্বাদশীতি ॥ ৯ ॥

হে রাজন্! যাবজ্জীবন একাদশীতে উপবাস করিবে ॥ ৮ ॥

অতএব বিষ্ণুরহস্যে ॥

যাবজ্জীবন দ্বাদশী পরিত্যাগ করিবে না ॥ ৯ ॥

অথ শ্রীএকাদশীতে ভোজন নিষেধ ॥

শ্রীনারদপুরাণে ও পাদ্মোত্তরখণ্ডে ॥

হে বরাননে! পুরাণ সকল বারম্বার বলিতেছেন, একাদশীর উপবাস উপস্থিত হইলে ভোজন করিবে না, ভোজন করিবে না ॥

আরও ॥

হে রাজন্! শত শত আগম ও ইতিহাস সকল বলিতেছেন, একাদশী উপস্থিত হইলে ভোজন করিবে না, ভোজন করিবে না ॥

বিষ্ণুস্মৃতৌ ॥

একাদশ্যাং ন ভুঞ্জীত কদাচিদপি মানবঃ ।

শৃঙ্গিঋষিপ্রোক্তে চ ॥

একাদশ্যাং ন ভুঞ্জীত নারী দৃষ্টে রজস্যপি ॥ ১০ ॥

বৃহন্নারদীয়ে তত্রৈব ॥

উপবাসফলং প্রেপ্সুর্জহ্যাদ্ভক্তচতুষ্টয়ং ।

পূর্ব্বাপরদিনে রাত্রৌ নাহর্নক্তঞ্চ মধ্যমে ।

অন্যত্র চ ॥

---

রটন্তি ঘোষয়ন্তি। বরাননে হে মোহিনীতি শ্রীরুক্মাঙ্গবাক্যং। পাদ্মোত্তরখণ্ডে চ। শ্রীদুর্গাং প্রতি শ্রীশিবস্য ॥ ১০ ॥

উপবাসস্য ফলং শ্রীভগবত্তোষণাদি তৎপ্রাপ্তুমিচ্ছুঃ। পূর্ব্বস্মিন্ সংযমদিনে অপরস্মিংশ্চ পারণদিনে রাত্রৌ জহ্যাদিতি ভোজনদ্বয়ং। তথা মধ্যমে উপবাসদিনে দিবানক্তঞ্চেতি ভোজনদ্বয়মেবং ভোজনচতুষ্টয়ং পরিত্যজেৎ। ভক্তেতি পাঠেঽপি স এবার্থঃ। যচ্চোক্তং জহ্যাদ্ভক্তদ্বয়ং নিত্যে কাম্যে ভক্তচতুষ্টয়মিতি। তচ্চ বৈষ্ণবেতরেষু কামিষু গৃহিষু নিত্যকাম্য-

---

বিষ্ণুস্মৃতিতে ॥

মনুষ্য কখনও একাদশীতে ভোজন করিবে না ॥

শৃঙ্গিঋষির বাক্যেও ॥

স্ত্রীলোক রজস্বলা হইয়াও একাদশীতে ভোজন করিবে না ॥ ১০ ॥

বৃহন্নারদীয় পুরাণের সেই স্থানেই ॥

যিনি উপবাসের ফল ইচ্ছা করিবেন, তিনি পূর্ব্ব দিনের ও পর দিনের রাত্রির দুই ভোজন এবং মধ্য দিনের দিবা ও রাত্রির দুই ভোজন, এই ভোজনচতুষ্টয় বর্জন করিবেন. অর্থাৎ দশমীর রাত্রির ভোজন, দ্বাদশীরাত্রির ভোজন এবং মধ্যদিনে একাদশীর দিবা ও রাত্রির দুই ভোজন বর্জন করিবেন ॥

অন্য স্থানেও কহিয়াছেন ॥

সায়মাদ্যন্তয়োরহ্নোঃ সায়ং প্রাতশ্চ মধ্যমে।
উপবাসফলং প্রেপ্সুর্জহ্যাদ্ভুক্তচতুষ্টয়ং ॥ ১১ ॥
অথাকরণে প্রত্যবায়াঃ শ্রীনারদীয়ে ॥
যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যাসমানি চ।
অন্নমাশ্রিত্য তিষ্ঠন্তি সংপ্রাপ্তে হরিবাসরে।
তানি পাপান্যবাপ্নোতি ভুঞ্জানো হরিবাসরে।
কিঞ্চ ॥
সোঽশ্নাতি পার্থিবং পাপং যোঽশ্নাতি মধুভিদ্দিনে ॥ ১২ ॥
স্কান্দে ॥

ভেদাভিপ্রায়েণৈব। বৈষ্ণবেষু চ সর্ব্বথা নিত্যমেব ফলশ্রবণাদিকঞ্চ দর্শপৌর্ণমাসাদিবন্নিত্যত্বেঽপি ন বিরুদ্ধ্যত ইতি দিক্ ॥ ১১ ॥
পার্থিবং পৃথিব্যাং বর্ত্তমানং সর্ব্বমিত্যর্থঃ ॥ ১২ ॥

উপবাস ফলাকাঙ্ক্ষী মনুষ্য পূর্ব্ব দিন ও পর দিনের সায়ং এবং মধ্য দিনের সায়ং ও প্রাতের এই ভোজনচতুষ্টয় পরিত্যাগ করিবেন॥ ১১

অথ শ্রীএকাদশীব্রত অকরণে প্রত্যবায় সকল।

যথা—শ্রীনারদপুরাণে ॥

ব্রহ্মহত্যা প্রভৃতি যে কোন পাপ আছে, তৎসমুদায় হরিবাসর উপস্থিত হইলে অন্ন আশ্রয় করিয়া অবস্থিত থাকে, অতএব যে ব্যক্তি হরিবাসরে ভোজন করে, তাহার ঐ সমুদায় পাপ গ্রহণ করা হয় ॥

আরও ॥

যে ব্যক্তি হরিবাসরে ভোজন করে, পৃথিবীর সমুদায় পাপ তাহার ভোজন করা হয় ॥ ১২ ॥

স্কন্দপুরাণে ॥

মাতৃহা পিতৃহা চৈব ভ্রাতৃহা গুরুহা তথা ।
একাদশ্যান্তু যো ভুঙ্ক্তে বিষ্ণুলোকাচ্চ্যুতোভবেৎ ॥ ১৩ ॥
কিঞ্চ ॥
তত্রৈবোমামহেশ্বরসম্বাদে ॥
অগ্নিবর্ণায়সং তীক্ষ্ণং ক্ষিপন্তি যমকিঙ্করাঃ ।
মুখে তেষাং মহাদেবি যে ভুঞ্জন্তি হরের্দিনে ।
ব্রহ্মবৈবর্ত্তে ॥
স কেবলমঘং ভুঙ্ক্তে যো ভুঙ্ক্তে হরিবাসরে ।
দিনেঽত্র সর্ব্বপাপানি ভবন্ত্যন্নস্থিতানি তু ।
তানি মোহেন যোঽশ্নাতি ন স পাপৈর্বিমুচ্যতে ।

যো ভুঙ্ক্তে স মাতৃহাদির্ভবতি তত্তদ্বধপাপং প্রাপ্নোতীত্যর্থঃ । বিষ্ণুলোকাৎ বৈকুণ্ঠাৎ চ্যুতো ভবতি ন কদাচিদপি গচ্ছতীত্যর্থঃ । যদ্বা । বিষ্ণুলোকাৎ বৈষ্ণবাৎ চ্যুতো ভবতি তৎসঙ্গং ন প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ১৩ ॥

হরের্দিনে হরিবাসরে ॥ ১৪ ॥

যে মনুষ্য একাদশীতে ভোজন করে সে মাতৃহত্যা, পিতৃহত্যা, ভ্রাতৃহত্যা ও গুরুহত্যা প্রভৃতি পাপে পাতকী হইয়া বিষ্ণুলোক হইতে ভ্রষ্ট হয় অর্থাৎ সে কখনই বৈকুণ্ঠলোক প্রাপ্ত হইতে পারে না ॥ ১৩ ॥

আরও ॥

ঐ স্কন্দপুরাণেই উমা মহেশ্বর সম্বাদে ॥

হে মহাদেবি ! যাহারা হরিবাসরে ভোজন করে, যমকিঙ্করগণ অগ্নিবর্ণ তীক্ষ্ণ লৌহাস্ত্র তাহাদের মুখে নিক্ষেপ করে ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ॥

যে হরিবাসরে ভোজন করে, তাহার কেবল পাপ ভোজন করা হয় । এই হরিবাসরে সমুদায় পাপ অন্নকে আশ্রয় করিয়া থাকে, অতএব যিনি ভ্রম বশতঃ ঐ পাপান্ন সকল ভোজন করেন,তাঁহার পাপ-

কিঞ্চ ॥

পিতরং কো ন বন্দেত মাতরং কো ন পূজয়েৎ।
কোহি দূষয়তে বেদং কো ভুঙ্‌ক্তে হরিবাসরে ॥ ১৪

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

ব্রহ্মচারী গৃহস্থো বা বানপ্রস্থোহথ বা যতিঃ।
একাদশ্যাং হি ভুঞ্জানো ভুঙ্‌ক্তে গোমাংসমেব হি।
ব্রহ্মঘ্নস্য সুরাপস্য স্তেয়িনো গুরুতল্পিনঃ।
নিষ্কৃতির্ধর্ম্মশাস্ত্রোক্তা নৈকাদশ্যন্নভোজিনঃ ॥ ১৫ ॥
এক এব নরঃ পাপী নরকে নৃপ গচ্ছতি।
একাদশ্যন্নভোজী যঃ পিতৃভিঃ সহ মজ্জতি ॥ ১৬ ॥

নিষ্কৃতিঃ প্রায়শ্চিত্তমস্তি ॥ ১৫ ॥
নরকে মজ্জতি ॥ ১৬ ॥

রাশি হইতে পরিত্রাণ নাই ॥

আরও ॥

কোন্ ব্যক্তি পিতাকে প্রণাম না করে, কোন্ ব্যক্তি মাতার পূজা না করে, কে বেদকে দোষ দেয় এবং কেই বা হরিবাসরে ভোজন করিয়া থাকে? ১৪ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ এবং যতি, যে কোন ব্যক্তি একাদশীতে ভোজন করেন, তাঁহাদিগের সেই ভোজন নিশ্চয় গোমাংস তুল্য হয় ॥

ব্রহ্মহত্যাকারী, মদ্যপায়ী, স্বর্ণস্তেয়ী ও গুরুপত্নীগামী এই সকল পাপাত্মার ধর্ম্মশাস্ত্রে প্রায়শ্চিত্তের ব্যবস্থা আছে, কিন্তু একাদশীতে অন্নভোজির প্রায়শ্চিত্তের ব্যবস্থা নাই ॥ ১৫ ॥

হে রাজন্! যে ব্যক্তি পাপ করে সেই মাত্র নরকে যায়, কিন্তু যে একাদশীতে অন্ন ভোজন করে, সে ব্যক্তি পিতৃগণের সহিত নরকে নিমগ্ন হয় ॥ ১৬ ॥

পাদ্মোত্তরখণ্ডে ॥

ভুঙ্ক্ষ্ব ভুঙ্ক্ষ্বেতি যো ব্রূয়াৎ সংপ্রাপ্তে হরিবাসরে।
গোব্রাহ্মণং স্ত্রিয়ম্বাপি জহীহি বদতি ক্বচিৎ।
মদ্যং পিবেতি যো ব্রূয়াৎ তেষামেব অধোগতিঃ।
পুরোডাশোঽপি বামোরু সংপ্রাপ্তে হরিবাসরে।
অভক্ষ্যঃ সর্ব্বদা প্রোক্তঃ কিং পুনশ্চান্নসংক্রিয়া ॥ ১৭ ॥

সনৎকুমারসংহিতায়াং ॥

একাদশ্যাং মুনিশ্রেষ্ঠ শ্রাদ্ধে ভুঙ্ক্তে নরো যদি।
প্রতিগ্রাসং স ভুঙ্ক্তে তু কিল্বিষং মূত্রবিণ্ময়ং।

গৌতমীয়তন্ত্রে ॥

বৈষ্ণবো যদি ভুঞ্জীত একাদশ্যাং প্রমাদতঃ।

---

অভক্ষ্যঃ অভক্ষ্যভক্ষণে যৎপাপং তদিত্যর্থঃ। অন্নস্য সংক্রিয়া পাকঃ ॥ ১৭ ॥

---

পদ্মপুরাণের উত্তরখণ্ডে ॥

যে ব্যক্তি হরিবাসরে ভোজন কর ভোজন কর এই কথা বলে, যে ব্যক্তি কখনও যদি গো, ব্রাহ্মণ ও স্ত্রীহত্যা কর এই [illegible] এবং যে ব্যক্তি মদ্য পান কর এই কথা বলে, [illegible] ব্যক্তিরই অধোগতি হয়। হে সুন্দরি! হরিবাসর উপস্থিত হইলে যখন যজ্ঞীয় হবির্বিশেষও অভক্ষ্য বলিয়া কথিত হইয়াছে, তখন অন্ন পানের কথা কি? তাহা ত কোন মতেই ভোজন করিতে পারে না ॥ ১৭ ॥

সনৎকুমারসংহিতায় ॥

হে মুনিশ্রেষ্ঠ! মনুষ্য যদি একাদশীতে এবং শ্রাদ্ধে ভোজন করে, তাহা হইলে তাহার প্রতিগ্রাসে মূত্র ও বিষ্ঠাময় পাপ ভোজন করা হয় ॥

গৌতমীয়তন্ত্রে ॥

বৈষ্ণব যদি ভ্রম বশতঃ একাদশীতে ভোজন করেন, তাহা হইলে

বিষ্ণ্বর্চ্চনং বৃথা তস্য নরকং ঘোরমাপ্নুয়াৎ ॥
বিষ্ণুরহস্যে ॥
সমাদায় বিধানেন দ্বাদশীব্রতমুত্তমং।
তস্য ভঙ্গং নরঃ কৃত্বা রৌরবং নরকং ব্রজেৎ।
তত্রৈব বিধবাবিষয়কো দোষবিশেষঃ ॥
কাত্যায়নস্মৃতৌ ॥
বিধবা যা ভবেন্নারী ভুঞ্জীতৈকাদশীদিনে।
তস্যাস্তু সুকৃতং নশ্যেদ্‌ভ্রূণহত্যা দিনে দিনে ॥
নারদীয়ে ॥
একাদশীং বিনা রণ্ডা যতিশ্চ সুমহাতপাঃ।
পচ্যতে হ্যন্ধতামিস্রে যাবদাভূতসংপ্লবং।
অথ পক্ষদ্বয়েঽপি নিত্যত্বং ॥
তত্র দেবলঃ ॥

তাঁহার বিষ্ণুপূজা বিফল হয় এবং তিনি ঘোরতর নরক প্রাপ্ত হয়েন ॥

বিষ্ণুরহস্যে ॥

... বিধানানুসারে উত্তম দ্বাদশী ব্রত গ্রহণ করিয়া যদি তাহার ভঙ্গ ... হইলে সে রৌরব নরকে গমন করিবে ॥

সেই স্থানেই বিধবাবিষয়ক দোষ বিশেষ বলিয়াছেন ॥

কাত্যায়ন স্মৃতিতে ॥

যে স্ত্রী বিধবা হয়, সে যদি একাদশী দিবসে ভোজন করে, তাহা হইলে তাহার সমস্ত পুণ্য নষ্ট হয় এবং সে প্রতি দিন ভ্রূণহত্যা পাপে লিপ্ত হইতে থাকে ॥

নারদপুরাণে ॥

একাদশী ব্যতিরেকে বিধবা ও মহাতপস্বী যতি, যে পর্য্যন্ত মহাপ্রলয় না হইয়াছে,ততকাল ইহাঁরা অন্ধতামিস্র নরকে পচিতে থাকেন॥

অথ শুক্ল ও কৃষ্ণ দুই পক্ষেই একাদশীর নিত্যত্ব ॥

ন শঙ্খেন পিবেত্তোয়ং ন খাদেৎ কূর্ম্মশূকরৌ।
একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি।
বিষ্ণুরহস্য স্কান্দ কৌর্ম্ম নারদীয়েষু।
যথা শুক্লা তথা কৃষ্ণা বিশেষো নাস্তি কশ্চন ॥
বিষ্ণুরহস্যে ব্রহ্মোক্তৌ ॥
শুক্লা বা যদি বা কৃষ্ণা বিষ্ণুপূজনতৎপরঃ।
একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি।
সর্ব্বপাপপ্রণাশায় বিষ্ণুসন্তোষণায় চ।
উপোষ্যা দ্বাদশী পুণ্যা সর্ব্বৈরুভয়পক্ষয়োঃ।
বারাহে ॥

---

অধুনা কৃষ্ণপক্ষে সংক্রান্ত্যাদাবপ্যুপবাসবিধানেন নিত্যত্বমেব দ্রঢয়তি ন শঙ্খেনেত্যাদিনা শ্রাদ্ধমাচরেদিত্যন্তেন ॥ ১৮ ॥

---

তদ্বিষয়ে দেবল বলিয়াছেন ॥

শঙ্খের দ্বারা জলপান করিবে না, কচ্ছপ ও শূকর ভক্ষণ করিবে না এবং উভয় পক্ষীয় একাদশীতেই ভোজন করিবে না ॥

বিষ্ণুরহস্য, স্কন্দপুরাণ, কূর্ম্মপুরাণ ও নারদপুরাণে ॥

যেরূপ শুক্লা, তদ্রূপই কৃষ্ণা, এই দুইয়ে কিঞ্চিন্মাত্রও বিশেষ নাই ॥

বিষ্ণুরহস্যে ব্রহ্মার বাক্যে ॥

বিষ্ণুপূজাপরায়ণ ব্যক্তি শুক্লাই হউক বা কৃষ্ণাই হউক, উভয় পক্ষের কোন একাদশীতেই ভোজন করিবেন না। সমস্ত পাপ নাশ ও বিষ্ণুর সন্তোষ নিমিত্ত সকলেরই উভয় পক্ষীয় পুণ্য স্বরূপ দ্বাদশীতে উপবাস করা কর্ত্তব্য ॥

বরাহপুরাণে ॥

একাদশ্যামুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি।
দ্বাদশ্যাং যোঽর্চ্চয়েদ্বিষ্ণুং স মুক্তিফলভাগ্ ভবেৎ॥ ১৮॥
বিষ্ণুরহস্য সৌরপুরাণয়োঃ॥
যথা সুপূজিতো গৌরঃ কৃষ্ণো বা বেদবিদ্দ্বিজঃ।
সন্তারয়তি দাতারং দ্বাদশ্যৌ চ তথা স্মৃতে।
বিষ্ণুরহস্যে স্কান্দে চ॥
তৈলং শুক্লেতরাণাঞ্চ তিলানাং সদৃশং তথা।
কৃষ্ণায়াশ্চ সিতায়াশ্চ গোঃ ক্ষীরং সদৃশং যথা।
দ্বাদশ্যোঃ সদৃশং তদ্বৎ পুণ্যং স্যাৎ কৃষ্ণশুক্লয়োঃ॥
কিঞ্চ॥
চন্দ্রসূর্য্যগ্রহৌ পুণ্যৌ যথৈব মুনিভিঃ স্মৃতৌ।

দ্বাদশ্যৌ শুক্লা কৃষ্ণা চ॥ ১৯॥

যিনি উভয় পক্ষের একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতে বিষ্ণুর অর্চ্চনা করেন, তিনি মুক্তিফলভাগী হয়েন॥ ২৮॥

বিষ্ণুরহস্য ও সৌরপুরাণে॥

যেমন বেদজ্ঞ গৌরবর্ণ ও কৃষ্ণবর্ণ ব্রাহ্মণ অত্যাদরে পূজিত হইলে দাতাকে উদ্ধার করেন, তাহার ন্যায় শুক্লা ও কৃষ্ণা দ্বাদশীও উদ্ধার করিয়া থাকেন॥

বিষ্ণুরহস্য ও স্কন্দপুরাণেও॥

যেমন শুক্লতিল ও কৃষ্ণতিল সকলের তৈল তুল্য এবং যেমন শুক্লা ও কৃষ্ণা গাভীর দুগ্ধ তুল্য, তদ্রূপ শুক্লপক্ষীয় ও কৃষ্ণপক্ষীয় দ্বাদশীর পুণ্য তুল্য হয়॥

আরও॥

যেমন চন্দ্রগ্রহণকে ও সূর্য্যগ্রহণকে তুল্য বলিয়া ঋষিগণ কীর্ত্তন

তথা সিতাসিতে পুণ্যে দ্বাদশ্যৌ বিষ্ণুতুষ্টিদে।
যথা গোতিলবিপ্রাণাং কৃষ্ণত্বং নৈব দূষণং।
একাদশী তথা রাজন্নুপোষ্যা পক্ষয়োর্দ্বয়োঃ।
যথা বিষ্ণুঃ শিবশ্চৈব সংপূজ্যৌ মুনিভিঃ স্মৃতৌ।
তথা পূজ্যতমে প্রোক্তে দ্বাদশ্যৌ কৃষ্ণশুক্লকে।
নারদস্মৃতৌ॥
নিত্যং শক্তিসমাযুক্তৈর্নরৈর্বিষ্ণুপরায়ণৈঃ।
পক্ষে পক্ষে তু কর্ত্তব্যমেকাদশ্যামুপোষণং।
বিষ্ণুধর্ম্মোত্তরে চ॥
সপুত্রশ্চ সভার্য্যশ্চ স্বজনৈর্ভক্তিসংযুতঃ।
একাদশ্যামুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি॥ ১৯॥

করিয়াছেন, তদ্রূপ বিষ্ণুর তুষ্টিদায়িনী শুক্লা ও কৃষ্ণা দ্বাদশীকে পুণ্য স্বরূপ জানিতে হইবে॥

অপর হে রাজন্! যেমন গো, তিল ও ব্রাহ্মণ, ইহাঁদিগের কৃষ্ণবর্ণ হইলে দোষ হয় না, তদ্রূপ উভয় পক্ষের একাদশীই উপবাসের যোগ্য, আর যেমন মুনিগণ বিষ্ণু ও শিবকে সম্যক্প্রকারে পূজনীয় বলিয়া কীর্ত্তন করিয়াছেন, তেমনি শুক্লা ও কৃষ্ণা একাদশীকেও পূজ্যতম বলিয়া উল্লেখ করিয়াছেন॥

নারদস্মৃতিতে॥

শক্তিসম্পন্ন বিষ্ণুপরায়ণ মনুষ্য নিত্য প্রতি পক্ষের একাদশীতে উপবাস করিবেন॥

বিষ্ণুধর্ম্মোত্তরেও॥

ভক্তিমান্ মনুষ্য পুত্র, ভার্য্যা ও স্বজনের সহিত উভয় পক্ষের একাদশীতেই উপবাস করিবেন॥ ১৯॥

কূর্ম্মপুরাণে বিষ্ণুধর্ম্মোত্তরে চ ॥

স ব্রহ্মহা সুরাপশ্চ কৃতঘ্নো গুরুতল্পগঃ।

বিবেচয়তি যো মোহাদেকাদশ্যৌ সিতাসিতে।

কালিকাপুরাণে ॥

সর্ব্বেষামিহ পাপানামাশ্রয়ঃ স তু কীর্ত্তিতঃ।

বিবেচয়তি যো মোহাদেকাদশ্যৌ সিতাসিতে।

ভবিষ্যে ॥

এবং জ্ঞাত্বা সদোপোষ্যে দ্বাদশ্যৌ কৃষ্ণশুক্লকে।

তয়োর্ভেদং ন কুর্ব্বীত ভেদেন নরকং ব্রজেৎ।

গারুড়ে ॥

শুক্লা বা যদি বা কৃষ্ণা বিশেষোনাস্তি কশ্চন।

---

এবং দ্বয়োঃ সাম্যং লিখিত্বাধুনা শুক্লকৃষ্ণভেদে প্রত্যবায়ং লিখতি স ব্রহ্মহেতি পঞ্চভিঃ ॥ ২০ ॥

---

কূর্ম্মপুরাণে ও বিষ্ণুধর্ম্মোত্তরেও ॥

যে মনুষ্য ভ্রম বশতঃ শুক্লপক্ষীয় ও কৃষ্ণপক্ষীয় একাদশীর বিচার করে, সে ব্রহ্মহা, মদ্যপায়ী ও গুরুতল্পগামী হয় ॥

কালিকাপুরাণে ॥

যে ব্যক্তি ভ্রম বশতঃ শুক্লা ও কৃষ্ণা একাদশীর বিচার করে, সে ইহ লোকে সমুদায় পাপের আশ্রয় বলিয়া কীর্ত্তিত হয় ॥

ভবিষ্যপুরাণে ॥

এই প্রকার জানিয়া সর্ব্বদা শুক্লা ও কৃষ্ণা দ্বাদশীর উপবাস করিবে, ঐ দুইয়ের ভেদ করিবে না, ভেদ করিলে নরকে যাইতে হইবে ॥

গরুড়পুরাণে ॥

শুক্লাই হউক বা কৃষ্ণাই হউক এই দুইয়ের কোন ভেদ নাই। যে বিশেষ করে তাহাকে পিতৃহা বলা যায় ॥

বিশেষং কুরুতে যস্তু পিতৃহা স প্রকীর্ত্তিতঃ।
সনৎকুমারপ্রোক্তে ॥
একাদশ্যোর্দ্বয়োর্যস্তু বিশেষং কুরুতে নরঃ।
তস্যোদ্ধারং ন পশ্যামি যাবদাহূতসংপ্লবং ॥ ২০ ॥
বিষ্ণুরহস্যে ॥
য ইচ্ছেদ্বিষ্ণুনা বাসং পুত্রসম্পাদমাত্মনঃ।
একাদশীমুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি ॥ ২১ ॥
তত্ত্বসাগরে ॥
যথা শুক্লা তথা কৃষ্ণা যথা কৃষ্ণা তথেতরা।

নমু একাদশীষু কৃষ্ণাসু রবিসংক্রমণে তথা। চন্দ্রসূর্য্যোপরাগে চ ন কুর্য্যাৎ পুত্রবান্ গৃহীত্যাদিবচনৈঃ। পুত্রবতাং গৃহিণাং কৃষ্ণৈকাদশ্যুপবাসো নিষিধ্যতে তত্র লিখতি য ইচ্ছেদিতি। অতস্তদ্বচনানি ধনপুত্রাদিকামেন ব্রতং কিঞ্চিৎ কুর্ব্বতো গৃহিণং প্রতি তন্নিমিত্তোপবাসনিষেধপরাণি নতু নিত্যৈকাদশ্যুপবাসনিষেধকানি ইত্যেতদগ্রে ব্যক্তং ভাবি ॥ ২১ ॥

বিশেষতো বৈষ্ণবৈস্তু কথঞ্চিদপি ভেদো নৈব কার্য্য ইতি লিখতি যথেতি। অতঃ

সনৎকুমার বলিয়াছেন ॥

যে মনুষ্য দুই একাদশীর ভেদ করে, মহাপ্রলয় পর্য্যন্ত তাহার উদ্ধার দেখা যায় না ॥ ২০ ॥

বিষ্ণুরহস্যে ॥

যে ব্যক্তি বিষ্ণুর সহিত বাস এবং আপনার পুত্র সম্পদ্ ইচ্ছা করেন, তিনি উভয় পক্ষের একাদশীতে উপবাস করিবেন ॥ ২১ ॥

তত্ত্বসাগরে ॥

যেমন শুক্লা তেমনি কৃষ্ণা এবং যেমন কৃষ্ণা তেমনি শুক্লা, যে মনুষ্য এই প্রকার উভয় একাদশীকে তুল্যরূপে জ্ঞান করেন, তিনিই

তুল্যে তে মনুতে যস্তু স বৈ বৈষ্ণব উচ্যতে ॥ ২২ ॥
অথ সংক্রান্ত্যাদাবপি নিত্যত্বং।
কাত্যায়নস্মৃতৌ ॥
সংক্রান্তৌ রবিবারে বা যদা চৈকাদশী ভবেৎ।
উপোষ্যা সা মহাপুণ্যা সর্ব্বপাপহরা তিথিঃ ॥ ২৩ ॥
কিঞ্চ ॥
ব্যতিপাতো বৈধৃতির্ব্বা একাদশ্যাং যদা ভবেৎ।
উপোষ্যা সা তু বিজ্ঞেয়া পুত্রসম্পদ্বিবর্দ্ধিনী ॥
সনৎকুমারতন্ত্রে ॥

---

শুক্লামেব সদা গৃহীতি বচনং সকামবৈষ্ণবগৃহস্থবিষয়কমেবেতি জ্ঞেয়ং। এতচ্চাগ্রে বিস্তরেণ ব্যক্তং ভাবি ॥ ২২ ॥

সংক্রান্ত্যাদৌ চ যদ্যেকাদশী ভবেৎ তদাপি উপোষ্যৈব ॥ ২৩ ॥

পুত্রসম্পদ্বিবর্দ্ধিনীতি সর্ব্বসম্পৎকরীতি পুত্রপৌত্রাদিবর্দ্ধিনীতি চেত্যনেন কৃষ্ণপক্ষে তু সংক্রান্ত্যাং গ্রহণে চ উপোষণং ন কুর্ব্বীত গৃহী রাজন্ সুতবন্ধুধনক্ষয়াদিত্যাদিবচনতঃ প্রাপ্তঃ পুত্রাদিমতাং গৃহিণাং তত্র তত্রানুপবাসঃ পরিহৃতঃ ॥ ২৪ ॥

---

বৈষ্ণব বলিয়া কথিত হয়েন ॥ ২২ ॥

অথ সংক্রান্তি প্রভৃতিতেও একাদশীর নিত্যত্ব ॥

কাত্যায়ন স্মৃতিতে ॥

সংক্রান্তিতে বা রবিবারে যদি একাদশী হয়, তাহা হইলে ঐ তিথিই উপবাসযোগ্যা, তাহা পুণ্য স্বরূপা ও তাহা সকল পাপ হরণ করে ॥ ২৩ ॥

আরও ॥

যে কালে একাদশীতে ও ব্যতিপাত বা বৈধৃতি যোগ উপস্থিত হয়, তাহাই উপবাসযোগ্য জানিতে হইবে, উহাতে পুত্র সম্পৎ বৃদ্ধি পায় ॥

সনৎকুমারতন্ত্রে ॥

ভানুবারেণ সংযুক্তা তথা সংক্রান্তিসংযুতা।
একাদশী সদোপোষ্যা সর্ব্বসম্পৎকরী তিথিঃ॥
নারদশ্চ॥
ভানুবারসমোপেতা তথা সংক্রান্তিসংযুতা।
একাদশী সদোপোষ্যা পুত্রপৌত্রবিবর্দ্ধিনী॥ ২৪॥
অতএবোক্তং জৈমিনিনা॥
আদিত্যেঽহনি সংক্রান্তৌ গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
পারণঞ্চোপবাসঞ্চ ন কুর্য্যাৎ পুত্রবান্ গৃহী।
তন্নিমিত্তোপবাসস্থ নিষেধোঽয়মুদাহৃতঃ।
নানুসঙ্গগতো গ্রাহ্যো যতো নিত্যমুপোষণং॥ ২৫॥
অতএব সম্বর্ত্তেনাপ্যুক্তং॥

তর্হি তন্নিষেধঃ কিম্বিষয়কোঽস্ত তত্র লিখতি আদিত্যেঽহনীতি দ্বাভ্যাং। অয়মাদিত্যাহাদাবুপবাসাদিনিষেধঃ তন্নিমিত্তস্য আদিত্যবারাদিনিমিত্তস্যোপবাসাদেঃ প্রতিষেধঃ উদাহৃতঃ নত্বেকাদশ্যামাদিত্যবারাদিসম্বন্ধনিবন্ধনোপবাসপ্রতিষেধঃ যত একাদশ্যামুপোষণং নিত্যমেব অতঃ কাম্যস্য রবিবারাদ্যুপবাসস্থ নিষেধোঽয়ং নচৈকাদশ্যুপবাসনিষেধো ভবতীত্যর্থঃ॥ ২৫॥

রবিবার বা সংক্রান্তি সংযুক্তা একাদশীতে সর্ব্বদা উপবাস করিবে, ঐ একাদশী পুত্র পৌত্র বৃদ্ধি করেন॥ ২৪॥

অতএব জৈমিনী বলিয়াছেন॥

রবিবারে, সংক্রান্তিতে এবং চন্দ্র সূর্য্যের গ্রহণে পুত্রবান্ গৃহী পারণ ও উপবাস করিবে না। এই বচনে রবিবারাদি নিমিত্ত উপবাসের নিষেধ বলা হইল, কিন্তু একাদশীতে আদিত্য বারাদি সম্বন্ধনিবন্ধন উপবাসের নিষেধ নহে, যেহেতু একাদশীতে উপবাস নিত্য, অতএব কাম্য উপবাসের প্রতি রবিবারাদি নিষেধ, একাদশীর প্রতি নিষেধ নহে॥ ২৫॥

অতএব সম্বর্ত্তও বলিয়াছেন॥

অমাবস্যা দ্বাদশী চ সংক্রান্তিশ্চ বিশেষতঃ।
এতাঃ প্রশস্তাস্তিথয়ো ভানুবারস্তথৈব চ।
অত্র স্নানং জপো হোমো দেবতানাঞ্চ পূজনং।
উপবাসস্তথা দানমেকৈকং পাবনং মহৎ।
অতএব দেবলঃ॥
শনের্ব্বারে রবের্ব্বারে সংক্রান্ত্যাং গ্রহণেঽপি চ।
ত্যাজ্যা নৈকাদশী রাজন্ সর্ব্বদৈবেতি নিশ্চয়ঃ॥ ২৬॥
অথ সূতকাদাবপি নিত্যত্বং॥
বিষ্ণুরহস্যে॥
পরমাপদমাপন্নো হর্ষে বা সমুপস্থিতে।
সূতকে মৃতকেচৈব ন ত্যাজ্যং দ্বাদশীব্রতং॥ ২৭॥

বিশেষতঃ সংক্রান্ত্যাদাবুপবাসঃ পরমপ্রশস্ত এবেতি লিখতি অমেতি দ্বাভ্যাং॥ ২৬॥
পরমাপদমাপন্নো যদি স্যাৎ তথাপি দ্বাদশীব্রতং ত্যাজ্যং ন ভবতি। আপন্নৈরিতি বা পাঠঃ॥ ২৭॥

অমাবস্যা, দ্বাদশী, বিশেষতঃ সংক্রান্তি, এই সমস্ত প্রশস্ত তিথি, তথা রবিবার, ইহাতে স্নান, হোম, জপ, দেবতাদিগের পূজন, উপবাস এবং দান এই সমুদায় এক একটী অতি পবিত্রকারক॥

অতএব দেবল বলিয়াছেন॥

হে রাজন্! শনিবারে, রবিবারে, সংক্রান্তিতে এবং গ্রহণে সর্ব্বদা একাদশী পরিত্যাগ করিবে না, ইহাই নিশ্চয়॥ ২৬॥

অথ সূতকাদিতেও একাদশীর নিত্যত্ব॥

বিষ্ণুরহস্যে॥

পরম আপদগ্রস্ত অথবা হর্ষকাল উপস্থিত হইলে কিম্বা জননাশৌচ বা মরণাশৌচে কখনই দ্বাদশীব্রত পরিত্যাগ করিবে না॥ ২৭॥

বারাহে ॥

সূতকেঽপি নরঃ স্নাত্বা প্রণম্য মনসা হরিং।
একাদশ্যাং ন ভুঞ্জীত ব্রতমেতন্ন লুপ্যতে।

অতএবোক্তং ॥

মৃতকে তু ন ভুঞ্জীত একাদশ্যাং সদা নরঃ।
দ্বাদশ্যান্তু সমশ্নীয়াৎ স্নাত্বা বিষ্ণুং প্রণম্য চ ॥

পাদ্মে ॥

পূর্ব্বসঙ্কল্পিতং যচ্চ ব্রতং সুনিয়তব্রতৈঃ।
তৎ কর্ত্তব্যং নরৈস্তদ্বৎ দানার্চ্চনবিবর্জ্জিতং।
যথা সঙ্কল্পিতং সম্যগ্‌ব্রতং বিষ্ণুপরায়ণৈঃ।
কর্ত্তব্যঞ্চ তথৈবেহ স্নাত্বা সংশয়বর্জ্জিতং ॥ ২৮ ॥

অথোপবাসদিনে শ্রাদ্ধনিষেধঃ ॥

---

প্রণম্য মনসা হরিমিতি বিষ্ণুং প্রণম্য চেত্যনেন সূতকাদৌ ভগবৎপূজা ন কার্য্যেত্যা· য়াতং কিন্তু যস্য বৈষ্ণবস্য নিত্যপূজানিয়মস্তেন তত্রাপি পূজা কর্ত্তব্যেত্যাহ যথেতি। ব্রতং নিয়মঃ। বিষ্ণুপরায়ণৈরিতি তদ্দোষা নিরস্তাঃ ॥ ২৮ ॥

---

বরাহপুরাণে ॥

সূতক অশৌচ উপস্থিত হইলেও মনুষ্য স্নান পূর্ব্বক মনের দ্বারা হরিকে নমস্কার করিয়া একাদশীতে ভোজন বর্জন করিবে, তাহা হইলে এই ব্রত লোপ হইবে না ॥

অতএব কথিত আছে ॥

মনুষ্য মৃতক অশৌচে কখনই একাদশীতে ভোজন করিবে না, দ্বাদশীতে স্নান পূর্ব্বক বিষ্ণুকে প্রণাম করিয়া ভোজন করিবে ॥

পাদ্মপুরাণে ॥

নিত্যব্রতপরায়ণ মনুষ্যগণ অশৌচের পূর্ব্বে যে ব্রত সঙ্কল্প করিয়াছেন, তাহা করিতে পারেন, কিন্তু দান ও পূজা বর্জন করিবেন। বিষ্ণুপরায়ণ ব্যক্তিগণ ইহলোকে যে ব্রতের যেরূপ সঙ্কল্প করিয়াছেন, স্নান করিয়া তাহা তদ্রূপ করিবেন, ইহাতে কোন সংশয় নাই ॥ ২৮ ॥

অথ উপবাস দিনে শ্রাদ্ধ নিষেধ ॥

পাদ্মে পুষ্করখণ্ডে ॥

একাদশ্যাং যদা রাম শ্রাদ্ধং নৈমিত্তিকং ভবেৎ।
তদ্দিনে তু পরিত্যজ্য দ্বাদশ্যাং শ্রাদ্ধমাচরেৎ ॥

তত্রৈবোত্তরখণ্ডে ॥

একাদশ্যান্তু প্রাপ্তায়াং মাতাপিত্রোর্মৃতেঽহনি।
দ্বাদশ্যাং তৎপ্রদাতব্যং নোপবাসদিনে ক্বচিৎ।
গর্হিতান্নং ন চাশ্নন্তি পিতরশ্চ দিবৌকসঃ ॥

স্কান্দে ॥

একাদশী যদা নিত্যা শ্রাদ্ধং নৈমিত্তিকং ভবেৎ।
উপবাসং তদা কুর্য্যাদ্দ্বাদশ্যাং শ্রাদ্ধমাচরেৎ ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

একাদশ্যাং যদা রামেত্যাদিনা উপবাসদিনে শ্রাদ্ধং নিষিদ্ধং। যচ্চ স্কান্দাদৌ। শ্রাদ্ধদিনং সমাসাদ্য উপবাসো যদা ভবেৎ। তদা কৃত্বা তু বৈ শ্রাদ্ধং ভুক্তষেশস্তু যদ্ভবেৎ। তৎ সর্ব্বং দক্ষিণে পাণৌ গৃহীত্বান্নং শিখিধ্বজ। অবজিঘ্রেদনেনাগ ভবেৎ শ্রাদ্ধং শিখিধ্বজ।

পদ্মপুরাণে উত্তরখণ্ডে ॥

হে রাম! যদি একাদশীর উপবাস দিনে নৈমিত্তিক শ্রাদ্ধ উপস্থিত হয়,তাহা হইলে সেই উপবাস দিবস পরিত্যাগ করিয়া দ্বাদশীতে শ্রাদ্ধ করিবে ॥

ঐ পদ্মপুরাণের উত্তরখণ্ডে ॥

মাতা পিতার মৃত্যাহে যদি একাদশী উপস্থিত হয়, তাহা হইলে দ্বাদশীতে শ্রাদ্ধ করিবে, কখন উপবাস দিনে শ্রাদ্ধ করিবে না। যে হেতু দেবগণ ও পিতৃগণ নিন্দিত অন্ন ভোজন করেন না ॥

স্কন্দপুরাণে ॥

যখন নিত্য স্বরূপা একাদশীতে নৈমিত্তিক শ্রাদ্ধ উপস্থিত হয়,তৎকালীন একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতে শ্রাদ্ধ করিবে ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ॥

যে কুর্ব্বন্তি মহীপাল শ্রাদ্ধং ত্বেকাদশীদিনে।
ত্রয়স্তে নরকং যান্তি দাতা ভোক্তা পরেতকঃ ॥ ২৯ ॥
অথাধিকারিণঃ ॥
আগ্নেয়ে ॥
গৃহস্থো ব্রহ্মচারী চ আহিতাগ্নির্যতিস্তথা।
একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি ॥
পাদ্মোত্তরখণ্ডে শিবপার্ব্বতীসম্বাদে ॥

পিতৃণাং তৃপ্তিদং তাত ব্রতভঙ্গো ন বিদ্যত ইত্যাদি। তচ্চ বৈষ্ণবেতরবিষয়ং মন্তব্যং। বৈষ্ণবপিতৃণামপি শ্রীবিষ্ণুদিনে শ্রাদ্ধগ্রহণাযোগাদিতি দিক্ ॥ ২৯ ॥

এবং সর্ব্বৈরেব সদোপবাসঃ কর্ত্তব্যঃ ইত্যধিকারং নির্ণয়ন্ প্রথমং চতুর্ণামপ্যাশ্রমিণাং তত্রাধিকারং দর্শয়তি গৃহস্থ ইতি। পূর্ব্বঞ্চ ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চৈব যোষিতামিত্যনেন যথাগ্রে চ কুর্য্যান্নরো বা নারী বা ইত্যনেন চতুর্বর্ণানামন্ত্যজানাং যোষিতাঞ্চাধিকারো দর্শিতঃ। তত্র চ বিশেষতঃ। বিধবা যা ভবেন্নারীত্যাদিনা বিধবায়াঃ তথা সপুত্রশ্চ সভার্য্যশ্চেত্যাদিনা সধবায়া অপি তত্রাধিকারো লিখিতঃ। তচ্চোক্তং মনুনা। নাস্তি স্ত্রীণাং পৃথক্ যজ্ঞো ন ব্রতং নাপ্যুপোষণমিতি। বিষ্ণুনাপি। পত্যৌ জীবতি যা নারী উপবাসব্রতঞ্চরেৎ। আয়ুঃ সা হরতে ভর্ত্তুর্নরকঞ্চৈব গচ্ছতীতি। তচ্চ ভর্ত্রাদ্যননুমতোপবাসকর্ত্তৃ স্ত্রীবিষয়ং জ্ঞেয়ং। অতএবোক্তং শঙ্খলিখিতাভ্যাং। কামং ভর্ত্তুরনুজ্ঞয়া ব্রতোপবাসাদীনারভেদিতি। অথবা বৈষ্ণবেতরস্ত্রীবিষয়ং তদিতি মন্তব্যং। সপুত্রশ্চ সভার্য্যশ্চ স্বজনৈ-

হে রাজন্! যাহারা একাদশী দিবসে শ্রাদ্ধ করে, তাহাদের দাতা, ভোক্তা ও প্রেত এই তিন জনই নরকে যায় ॥ ২৯ ॥

অথ একাদশীর অধিকারী ॥

অগ্নিপুরাণে ॥

গৃহস্থ, ব্রহ্মচারী, সাগ্নিক ও যতি এই চতুরাশ্রমী মনুষ্য উভয় পক্ষের একাদশীতে ভোজন করিবেন না ॥

পদ্মপুরাণের উত্তরখণ্ডে ॥

শ্রীশিব পার্ব্বতীসম্বাদে ॥

বর্ণানামাশ্রমাণাঞ্চ স্ত্রীণাঞ্চ বরবর্ণিনি।
একাদশ্যুপবাসস্তু কর্ত্তব্যো নাত্র সংশয়ঃ ॥ ৩০ ॥
কাত্যায়নস্মৃতৌ ॥
অষ্টবর্ষাধিকো মর্ত্ত্যো হ্যপূর্ণাশীতিবৎসরঃ।
একাদশ্যামুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি ॥ ৩১ ॥
নারদীয়ে ॥
অষ্টবর্ষাধিকো মর্ত্ত্যো হ্যশীতির্নৈব পূর্য্যতে।
যো ভুঙ্‌ক্তে মামকে রাষ্ট্রে বিষ্ণোরহনি পাপকৃৎ।
স মে বধ্যশ্চ নির্ব্বাস্যো দেশতঃ কালতশ্চ মে।
এতস্মাৎ কারণাদ্বিপ্র একাদশ্যামুপোষণং।

ভক্তিসংযুতঃ। একাদশ্যামুপবসেদিত্যাদিবচনাৎ শ্রীরুক্মাঙ্গদাদিব্যবহারশ্রবণাচ্চেতি দিক্ ॥৩০
তত্র চ বয়োমর্য্যাদাং লিখতি অষ্টেতি ত্রিভিঃ। অপূর্ণেত্যত্রাকারালোপোঽবিবক্ষিতত্বাৎ। এবমগ্রেঽপি ॥ ৩১ ॥
অষ্টেত্যাদি নারদীয়সার্দ্ধপদ্যং শ্রীরুক্মাঙ্গদপটহোদ্ঘোষণং ॥ ৩২ ॥

হে সুন্দরি! বর্ণ সমুদায়, আশ্রম সমুদায় এবং স্ত্রী সকল একাদশীর উপবাস করিবে, ইহাতে সংশয় নাই ॥ ৩০ ॥

কাত্যায়নস্মৃতিতে ॥

মনুষ্য অষ্টম বর্ষের অধিক, অপূর্ণ অশীতি বৎসর পর্য্যন্ত উভয় পক্ষের একাদশীতেই উপবাস করিবে ॥ ৩১ ॥

নারদপুরাণে ॥

রাজা রুক্মাঙ্গদ ঢক্কাবাদ্য দ্বারা এই বলিয়া ঘোষণা দেন যে, অষ্টবর্ষের অধিক এবং অশীতি বৎসর পূর্ণ হয় নাই, এমন যে মনুষ্য আমার রাজ্যে হরিবাসরে ভোজন করিবে, সেই পাপী আমার বধ্য, আমি কাল বশতঃ তাহাকে দেশ হইতে নির্ব্বাসিত করিব। হে বিপ্র! এই কারণে নর হউক বা নারীই হউক, উভয় পক্ষের একাদশীতে

কুর্য্যান্নরো বা নারী বা পক্ষয়োরুভয়োরপি ॥ ৩২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

বৈষ্ণবোবাঽথ শৈবো বা কুর্য্যাদেকাদশীব্রতং।

সৌরপুরাণে ॥

বৈষ্ণবোবাঽথ শৈবো বা সৌরোপ্যেতৎ সমাচরেৎ।

অতএবোক্তং স্কান্দে শ্রীশিবেন ॥

ন শৈবো ন চ সৌরো বা নাশ্রমী তীর্থসেবকঃ।

যো ভুঙ্‌ক্তে বাসরে বিষ্ণোঃ শ্বপচাদধিকো হি সঃ।

বিপ্রিয়ং তেন মে গৌরি কৃতং দুষ্টেন পাপিনা।

মদ্ভক্তিবলমাশ্রিত্য যে ন ভুঙ্‌ক্তে হরের্দ্দিনে ॥ ৩৩ ॥

অথাসক্তৌ প্রতিনিধিঃ ॥

---

অধুনা শৈবসৌরাদীনামপ্যধিকারং লিখতি বৈষ্ণবো বেতি সার্দ্ধদ্বয়েন। বৈষ্ণব ইত্যস্য দৃষ্টান্তার্থমুপাদানং ॥ ৩৩ ॥

---

উপবাস করিবে ॥ ৩২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

বৈষ্ণবই হউন বা শৈবই হউন, একাদশীতে উপবাস করিবেন ॥

সৌরপুরাণে ॥

বৈষ্ণব অথবা শৈব কিম্বা সৌরই হউন, তাঁহারা এই ব্রত আচরণ করিবেন ॥

অতএব স্কন্দপুরাণে শ্রীশিব বলিয়াছেন ॥

যে ব্যক্তি হরিবাসরে ভোজন করে, সে শৈব নয়, সে সৌর নয়, সে আশ্রমী নয় এবং সে তীর্থসেবী নয়। হে গৌরি! যে আমার ভক্তিবলকে আশ্রয় করিয়া হরিবাসরে ভোজন করে, সেই দুষ্ট পাপী আমার বিপ্রিয় আচরণ করিয়াছে ॥ ৩৩ ॥

অথ একাদশীর ব্রতকরণে অশক্ত হইলে প্রতিনিধি ॥

বায়ুপুরাণে ॥
উপবাসেত্বশক্তস্থ আহিতাগ্নেরথাপি বা।
পুত্রান্ বা কারয়েদন্যান্ ব্রাহ্মণান্ বাপি কারয়েৎ ॥ ৩৪ ॥
অথবা বিপ্রমুখ্যেভ্যো দানং দদ্যাৎ স্বশক্তিতঃ।
উপবাসন্তু কুর্ব্বাণঃ পুণ্যং শতগুণং লভেৎ।
যমুদ্দিশ্য কৃতং সোহপি সম্পূর্ণং ফলমশ্নুতে।
নারী স্বপতিমুদ্দিশ্য একাদশ্যামুপোষিতা।
পুণ্যং শতগুণং প্রাহুর্মুনয়ঃ পারদর্শিনঃ।
উপবাসফলং তস্যাঃ পতিঃ প্রাপ্নোত্যসংশয়ঃ ॥
বারাহে ॥

আহিতাগ্নেঃ যজ্ঞাদৌ দীক্ষিতস্য ॥ ৩৪ ॥
উপবাসং পিত্রাদ্যর্থং কুর্ব্বন্নপি স্বার্থোপবাসাৎ শতগুণং পুণ্যং প্রাপ্নোতি ॥ ৩৫ ॥

বায়ুপুরাণে যথা ॥

যজ্ঞাদিতে দীক্ষিত সাগ্নিক ব্রাহ্মণ উপবাসে অশক্ত হইলে পুত্রদিগকে কিম্বা অন্য ব্রাহ্মণগণকে উপবাস করাইবে ॥

অথবা অশক্ত্যনুসারে বেদজ্ঞ ব্রাহ্মণকে দান করিবেন। যিনি পিত্রাদির উদ্দেশে উপবাস করেন, তিনি আপনার নিমিত্ত উপবাস হইতে শতগুণ পুণ্য লাভ করেন এবং যাঁহাকে উদ্দেশ করিয়া ব্রত করা হয়, তিনিও ব্রতের সম্পূর্ণ ফল প্রাপ্ত হয়েন ॥

যে স্ত্রী আপনার পতিকে উদ্দেশ করিয়া একাদশীতে উপবাস করে, পারদর্শী মুনিগণ তাহার শতগুণ পুণ্য কীর্ত্তন করিয়াছেন। সেই স্ত্রীর পতি উপবাসের ফল প্রাপ্ত হয়েন, সংশয় নাই ॥

বরাহপুরাণে ॥

অসামর্থ্যে শরীরস্য ব্রতে বা সমুপস্থিতে।
কারয়েদ্ধর্ম্মপত্নীঞ্চ পুত্ত্রং বা বিনয়ান্বিতং।
ভগিনীং ভ্রাতরং বাপি ব্রতমস্য ন লুপ্যতে॥
কাত্যায়নস্মৃতৌ॥
পিতৃমাতৃপতিভ্রাতৃগুর্ব্বর্থে তু বিশেষতঃ।
উপবাসং প্রকুর্ব্বাণঃ পুণ্যং শতগুণং লভেৎ।
দক্ষিণাত্র ন দাতব্যা শুশ্রূষা বিহিতা চ যা।
গৃহস্থঃ ক্ষত্ত্রিয়ার্থে য একাদশ্যামুপোষিতঃ।
পুরোধাঃ সপ্রিয়ৈঃ সার্দ্ধং ফলং প্রাপ্নোতি নিশ্চিতং।
পিতামহাদীনুদ্দিশ্য একাদশ্যামুপোষণং।
কৃতং যৈস্তু ফলং বিপ্রাঃ সমগ্রং তে সমাযযুঃ।
কর্ত্তা দশগুণং পুণ্যং প্রাপ্নোত্যত্র ন সংশয়ঃ।

শরীরের অসামর্থ্যে ব্রত উপস্থিত হইলে ধর্ম্মপত্নী বা বিনয়াম্বিত পুত্ত্রকে কিম্বা ভগিনী ও ভ্রাতাকে ব্রত করাইবে, তাহা হইলে ব্রতের হানি হইবে না॥

কাত্যায়ন স্মৃতিতে॥

বিশেষ করিয়া পিতা, মাতা, পতি, ভ্রাতা ও গুরুর নিমিত্ত উপবাস করিলে শতগুণ পুণ্য লাভ হয়, শুশ্রূষা স্থানীয়ত্ব বিধায় ঐ উপবাস জন্য পুত্ত্রাদিকে দক্ষিণা প্রদান করিবে না॥

যে গৃহস্থ পুরোহিত, ক্ষত্ত্রিয়ের নিমিত্ত উপবাস করেন, তিনি প্রিয়বর্গের সহিত নিশ্চিত অর্দ্ধ ফল প্রাপ্ত হয়েন॥

হে বিপ্রগণ! যাঁহারা পিতামহ প্রভৃতিকে উদ্দেশ করিয়া একাদশীর উপবাস করেন, তাঁহারা সমগ্র ফল প্রাপ্ত হয়েন॥

যাঁহাকে উদ্দেশ করিয়া একাদশীর ব্রত করা হয়, তিনি ব্রতের সম্পূর্ণ ফল প্রাপ্ত হন এবং উপবাসকর্ত্তা তদপেক্ষা দশগুণ ফল লাভ

যমুদ্দিশ্য কৃতং সোঽপি সম্পূর্ণং ফলমাপ্নুয়াৎ ॥ ৩৫ ॥

মার্কণ্ডেয়পুরাণে ॥

একভক্তেন নক্তেন বালবৃদ্ধাতুরঃ ক্ষিপেৎ।

পয়োমূলফলৈর্বাপি ন নির্দ্বাদশিকো ভবেৎ ॥

বৌধায়নস্মৃতৌ ॥

উপবাসেত্বশক্তানামশীতেরূর্দ্ধজীবিনাং।

একভক্তাদিকং কার্য্যমাহ বৌধায়নো মুনিঃ ॥ ৩৬ ॥

কিঞ্চ ॥

ব্যাধিভিঃ পরিভূতানাং পিত্তাধিকশরীরিণাং।

---

পত্ন্যাদ্যভাবে চোপবাসাশক্তৈঃ কিং কার্য্যং তল্লিখতি একভক্তেনেত্যাদিনা কদাচনেত্যন্তেন। বালোবৃদ্ধশ্চাতুরশ্চ ক্ষিপেৎ দিনং নয়েৎ। ন নির্দ্বাদশিকঃ একাদশীব্রতরহিতো ন ভবেৎ। দ্বাদশীতি একাদশ্যাঃ দ্বাদশ্যামপ্যুপবাসসাম্যাৎ দ্বাদশীশব্দেনৈকাদশী লক্ষ্যতে। অতএব দ্বাদশী দশমীবিদ্ধেত্যাদি বাচো যুক্তিঃ। এবমেকাদশীশব্দেনাপি কুত্রাপি দ্বাদশী জ্ঞেয়া ॥ ৩৬ ॥

ত্রিংশদ্বর্ষাধিকানামিতি যষ্টিবেবোত্তমং বয়ঃ ইত্যুক্ত্যা তাবদুত্তমবয়সস্ত্রিংশদ্বর্ষৈরধিকানাং নবতিবর্ষবয়সামিত্যর্থঃ। যদ্বা বনং পঞ্চাশতো ব্রজেদিতি বচনতো গৃহস্থস্ত গৃহে পঞ্চাশদ্বর্ষাণি

---

করেন, ইহাতে সংশয় নাই ॥ ৩৫ ॥

মার্কণ্ডেয়পুরাণে ॥

যাহার পত্নী প্রভৃতি প্রতিনিধি নাই, এমত বাল বৃদ্ধ ও আতুর ব্যক্তি রাত্রিতে একবার মাত্র ভোজন, অথবা দুগ্ধ, মূল ও ফল ভোজন করিয়া দিন যাপন করিবেন, বিনা ব্রতে দ্বাদশী ক্ষেপণ করিবেন না ॥

বৌধায়নস্মৃতিতে ॥

বৌধায়ন মুনি বলিয়াছেন, মনুষ্য অশীতি বৎসরের ঊর্দ্ধ পরমায়ুঃ বিশিষ্ট হইলে একবার মাত্র ভোজনরূপ ব্রত আচরণ করিবে ॥ ৩৬ ॥

আরও ॥

যাঁহারা ব্যাধিসমূহে অভিভূত, যাঁহাদের পিত্তাধিক শরীর এবং

ত্রিংশদ্বর্ষাধিকানাঞ্চ নক্তাদিপরিকল্পনং ॥ ৩৭ ॥
কূর্ম্মপুরাণে ॥
একভক্তেন নক্তেন বালবৃদ্ধাতুরঃ ক্ষিপেৎ।
নাতিক্রমেদ্দ্বাদশীঞ্চ উপবাসব্রতেন চ ॥
ভবিষ্যপুরাণে ॥
দ্বাদশীকল্পে ॥
একাদশ্যাং প্রভুং বিষ্ণুং সমভ্যর্চ্চ্য কদাচন।
উপোষিতেন নক্তেন তথৈবাযাচিতেন চ ॥ ৩৮ ॥
একভক্তেন বা তাত ন নির্দ্দ্বাদশিকো ভবেৎ।

স্থিতির্বিহিতা। ততোঽপি তত্র ত্রিংশদ্বর্ষাণ্যধিকানি যেষামিতি অশীতিবর্ষবয়সামিত্যর্থঃ। তচ্চ অশীতির্নহি পূর্যাতে ইত্যাদিনা উক্তমেব। পাঠান্তরেঽপি পূর্ব্ববদেবার্থঃ ॥ ৩৭ ॥
উপবাসেন ব্রতেন। যদ্বা উপবাসে যদ্ব্রতং কথঞ্চিন্নিয়মস্তেন। কদাচন অসামর্থ্যাদ্যবস্থায়াং ॥ ৩৮ ॥

যাঁহাদের ত্রিংশদ্বর্ষের অধিক বয়স অর্থাৎ মানবের উত্তম সংজ্ঞক ষষ্টি-বর্ষের বা গৃহাশ্রমবাসোপযুক্ত পঞ্চাশংবর্ষ বয়সের অধিক ত্রিংশৎ-বর্ষ যাঁহাদের বয়স হইয়াছে অর্থাৎ যাঁহাদের অশীতিবর্ষ কিম্বা নবতি বৎসর বয়স তাঁহারা নক্তাদিতে (রাত্র্যাদিতে) ভোজনের কল্পনা করিবেন ॥ ৩৭ ॥

কূর্ম্মপুরাণে ॥

যাহারা বাল, বৃদ্ধ ও আতুর, তাহারা রাত্রিতে একবার মাত্র ভোজন দ্বারা যাপন করিবেন, উপবাসরূপ ব্রতে দ্বাদশী অতিক্রম করিবেন না ॥

ভবিষ্যপুরাণে ॥

দ্বাদশীকল্পে ॥

ব্যাধি দ্বারা কখন যদি অসামর্থ্যাদি দশা উপস্থিত হয়, তাহা হইলে একাদশীতে প্রভু বিষ্ণুকে অর্চ্চনা করিয়া উপবাস অথবা নক্ত-ব্রত বা অযাচিত ব্রত দ্বারা ॥ ৩৮ ॥

কিম্বা একভক্ত অর্থাৎ একবার মাত্র ভোজন দ্বারা দিন যাপন

তদেকনিয়মী নিত্যং ন সীদতি কদাচন ॥
অথ বিশেষতো নক্তাদিকং ॥
বায়বে ॥
নক্তং হবিষ্যান্নমনোদনম্বা ফলং তিলাঃ ক্ষীরমথাম্বুচাজ্যং।
যৎ পঞ্চগব্যং যদি বাপি বায়ুঃ প্রশস্তমত্রোত্তরমুত্তরঞ্চ ॥
ভবিষ্যে ॥
উপবাসাৎ পরং ভৈক্ষ্যং ভৈক্ষ্যাৎ পরমযাচিতং।
অযাচিতাৎ পরং নক্তং তস্মান্নক্তেন বর্ত্তয়েৎ ॥ ৩৯ ॥
কিঞ্চ ॥
সর্ব্বভূতভয়ং ব্যাধিঃ প্রমাদো গুরুশাসনং।

তস্যাং দ্বাদশ্যামেবৈকস্যাং নিয়মবান্ ॥ ৩৯ ॥

করিবে, দ্বাদশী লঙ্ঘন করিবে না, অতএব হে বৎস! এইরূপ নিয়মের একটী নিয়ম দ্বাদশীতে অবলম্বন করিলে কখন ক্লেশ পাইবে না। ॥

অথ বিশেষতঃ নক্তাদি ব্রত ॥

বায়ুপুরাণে ॥

রাত্রিতে হবিষ্যান্ন অথবা অন্ন ভিন্ন দ্রব্য কিম্বা ফল অথবা তিল কিম্বা ক্ষীর বা জল অথবা ঘৃত কিম্বা পঞ্চগব্য অথবা বায়ু এই সকলের মধ্যে উত্তর উত্তর প্রশস্ত ॥

ভবিষ্যপুরাণে ॥

উপবাস অপেক্ষা ভিক্ষান্ন শ্রেষ্ঠ, ভিক্ষান্ন অপেক্ষা অযাচিত ভাল এবং অযাচিত হইতে নক্তব্রত উত্তম, অতএব অসামর্থ্য হইলে নক্তব্রত দ্বারাই সর্ব্বদা জীবন ধারণ করিবে ॥ ৩৯ ॥

আরও ॥

ব্যাঘ্রাদি দুষ্ট জন্তুর ভয়, ব্যাধি, ভ্রম এবং গুরু আজ্ঞা, শাস্ত্রের

অব্রতঘ্নানি পঠ্যন্তে সকৃদেতানি শাস্ত্রতঃ।
মহাভারতে উদ্যমপর্ব্বণি ॥
অষ্টৈতান্যব্রতঘ্নানি আপোমূলং ফলং পয়ঃ।
হবির্ব্রাহ্মণকাম্যা চ গুরোর্বচনমৌষধং ॥ ৪০ ॥
তত্রাপবাদঃ ॥
কাশ্যপপঞ্চরাত্রে ॥
মদুত্থানে মৎশয়নে মৎপার্শ্বপরিবর্ত্তনে।
অত্র যো দীক্ষিতঃ কশ্চিৎ বৈষ্ণবো ভক্তিতৎপরঃ।
অন্নং বা যদি ভুঞ্জীত ফলমূলমথাপি বা।
অপরাধমহং তস্য ন ক্ষমামি কদাচন।
ক্ষিপামি নরকে ঘোরে যাবদাভূতসংপ্লবং ॥ ৪১ ॥

সর্ব্বভূতেভ্যো ব্যাঘ্রাদি দুষ্টজন্তুভ্যো ভয়ং ॥ ৪০ ॥

নক্তাদিকেষপবাদং লিখতি মদুত্থানে ইত্যাদিনা। অন্নাদিভোজনরূপমপরাধং। যদ্বা পূর্ব্বকৃতমাধুনিকমেতঞ্চ সর্ব্বমিতি ॥ ৪১ ॥

শাসন হেতু এই সমুদায় একবার মাত্র হইলে ব্রত নষ্ট হয় না ॥

মহাভারতে উদ্যমপর্ব্বে ॥

জল, মূল, ফল, দুগ্ধ, ঘৃত, ব্রাহ্মণ কামনা, গুরুবাক্য এবং ঔষধ এই আটটী ব্রত নষ্ট করে না ॥ ৪০ ॥

এস্থলে বিশেষ বিধি ॥

কাশ্যপপঞ্চরাত্রে ॥

ইহ লোকে যে কোন দীক্ষিত ভক্তিপরায়ণ বৈষ্ণব আমার উত্থানে আমার শয়নে এবং আমার পার্শ্বপরিবর্ত্তনে যদি অন্ন অথবা ফল ব মূল ভোজন করেন, আমি কখন তাঁহার অপরাধ ক্ষমা করি না, মহাপ্রলয় পর্য্যন্ত তাহাকে ঘোর নরকে নিক্ষেপ করিয়া রাখি ॥ ৪১ ॥

অন্যত্র চ ॥

মচ্ছয়নে মদুত্থানে মৎপার্শ্বপরিবর্ত্তনে।
ফলমূলজলাহারী হৃদি শল্যং মমার্পয়েৎ ॥ ৪২ ॥
ইত্থং সুসিদ্ধে নিত্যত্বেঽপ্যগ্নিহোত্রাদিবৎ ফলং।
চিত্রং স্যাদিতি মাহাত্ম্যমেকাদশ্যা বিলিখ্যতে ॥ ৪৩ ॥
অথৈকাদশীমাহাত্ম্যং তত্ত্বসাগরে ॥
মাতেব সর্ব্ববালানামৌষধং রোগিণামিব।

এবং বৈষ্ণবৈর্বর্জ্জনীয়মিতি লিখিতং অধুনা চ সামান্যতঃ সর্ব্বৈরেব প্রযত্নতোঽবশ্যং বর্জ্জ্যমিতি লিখতি মৎশয়ন ইতি। ফলং মূলং জলং বাপি আহারং যঃ করোতীত্যর্থঃ। মম হৃদি শল্যমর্পয়েদিতি মহাপরাধী স্যাদিত্যর্থঃ ॥ ৪২ ॥

এবং পক্ষদ্বয়াদাবুপবাসস্য নিত্যত্বং সাধয়িত্বা তথাধিকারনির্ণয়েনাপি সর্ব্বেষামেব কার্য্যত্বেন তদেব দ্রঢ়য়িত্বা তথা অশক্তাদীনামপ্যেকভক্তাদিনা ব্রতপালনতশ্চ তদেব নিতরাং দৃঢ়ীকৃতং। এবং ফলানপেক্ষকরূপং নিত্যত্বং দর্শয়িত্বাঽধুনা মহাফলান্যপি দর্শয়ন্ লিখতি ইত্থমিতি। ননু ফলেন নিত্যত্বং বিরুদ্ধ্যতে তত্রাহ অগ্নিহোত্রাদিবদিতি। আদিশব্দেন দর্শপৌর্ণমাসাদি। তত্র যথা নিত্যত্বং ফলঞ্চ সংযোগপৃথক্ত্বেন শ্রূয়তে তদ্বদত্রাপীত্যর্থঃ। তত্র চ যুক্তির্মীমাংসাদি প্রসিদ্ধা শ্রীকৃষ্ণদেবাচার্য্যাদিভিঃ স্পষ্টং দর্শিতাস্তীতি। কিমত্র তদ্বিস্তারেণেতি। চিত্রং ঐহিকামুষ্মিকভেদেন বহুবিধং অদ্ভুতমিতি বা ॥ ৪৩ ॥

অন্যস্থানেও ॥

আমার শয়নে, আমার উত্থানে এবং আমার পার্শ্বপরিবর্ত্তনে যে মনুষ্য ফল, মূল ও জল আহার করে, সে আমার হৃদয়ে শল্য অর্পণ করে ॥ ৪২ ॥

এইরূপে একাদশীর নিত্যত্ব সিদ্ধ হইলেও অগ্নিহোত্রাদির ন্যায় ইহার আশ্চর্য্য ফল হয়, অতএব একাদশীর মাহাত্ম্য লিখিতেছি ॥৪৩॥

অথ একাদশীমাহাত্ম্য তত্ত্বসাগরে ॥

বালকদিগের মাতার ন্যায় এবং রোগিদিগের ঔষধের ন্যায় সকল

রক্ষার্থং সর্ব্বলোকানাং নির্ম্মিতৈকাদশীতিথিঃ॥
নানাদুঃখসমাকীর্ণে সংসারে নরজন্মনি।
একাদশ্যুপবাসী যঃ স ধন্যঃ স চ বুদ্ধিমান্
একাদশীং পরিত্যজ্য যোঽন্যব্রতমুপাসতে।
স করস্থং মহারত্নং ত্যক্ত্বা লোষ্ট্রং হি যাচতে॥
একামেকাদশীঞ্চাপি সমুপোষ্য জনার্দ্দনং।
তোয়েনাপি সমভ্যর্চ্চ্য সংসারান্মুক্তিমাপ্নুয়াৎ॥
প্রসঙ্গাদথবা দম্ভাল্লোভাদ্বা ত্রিদশাধিপঃ।
একাদশ্যাং মনঃ কৃত্বা সর্ব্বদুঃখাদ্বিমুচ্যতে॥
শমায়াস্য মহারোগাদ্দুঃখিনাং সর্ব্বদেহিনাং।
একাদশ্যুপবাসোঽয়ং নির্ম্মিতং পরমৌষধং॥ ৪৪॥

অস্য মহারোগস্য শমায় উপশান্তয়ে পরমৌষধং॥ ৪৪॥

লোকের রক্ষার নিমিত্ত একাদশী তিথির নির্ম্মাণ হইয়াছে॥

নানাদুঃখপরিপূর্ণ সংসার মধ্যে মনুষ্যজন্মে যে ব্যক্তি একাদশীর উপবাসপরায়ণ হয়, সেই ধন্য এবং সেই বুদ্ধিমান্, যে ব্যক্তি একাদশী পরিত্যাগ করিয়া অন্য ব্রতের উপাসনা করে, তাহার করস্থ মণি পরিত্যাগ করিয়া লোষ্ট্র যাচ্ঞা করা হয়॥

একমাত্র একাদশীর উপবাস করিয়া জল দ্বারাও জনার্দ্দনের অভ্যর্চ্চনা করিলে সংসার হইতে মুক্তি লাভ করে॥

হে দেবরাজ! প্রসঙ্গাধীন অথবা দম্ভ হেতু কিম্বা লোভ বশতঃ একাদশীর প্রতি মনোযোগ করিলে সমস্ত দুঃখ হইতে বিমুক্ত হয়॥

যে সমস্ত দেহী মহারোগে দুঃখিত, তাহাদিগের ঐ মহারোগের উপশম নিমিত্ত পরম ঔষধ স্বরূপ একাদশীর উপবাস নির্ম্মিত হইয়াছে॥ ৪৪॥

সংসারসর্পদষ্টানাং নরাণাং পাপকর্ম্মণাং।
একাদশ্যুপবাসেন সদ্য এব সুখং ভবেৎ ॥
নারদীয়ে বসিষ্ঠোক্তৌ ॥
একাদশীসমুত্থেন বহ্নিনা পাতকেন্ধনং।
ভস্মতাং যাতি রাজেন্দ্র অপি জন্মশতোদ্ভবং ॥
নেদৃশং পাবনং কিঞ্চিন্নরাণাং ভূপ বিদ্যতে।
যাদৃশং পদ্মনাভস্য দিনং পাতকহানিদং ॥
তাবৎ পাপানি দেহেঽস্মিন্ তিষ্ঠন্তি মনুজাধিপ।
যাবন্নোপবসেজ্জন্তুঃ পদ্মনাভদিনং শুভং ॥ ৪৫ ॥
অশ্বমেধসহস্রাণি বাজপেয়শতানি চ।
একাদশ্যুপবাসস্য কলাং নার্হন্তি ষোড়শীং ॥

জন্তুরিতি সর্ব্বেষামপ্যধিকারঃ সূচিতঃ ॥ ৪৫ ॥
হরের্দিনাৎ দিনেন তুল্যা ন ভবতি ॥ ৪৬ ॥

সংসার সর্পদষ্ট, পাপকর্ম্মা মানবগণের একাদশীর উপবাস দ্বারা সদ্যই সুখানুভব হয় ॥

নারদপুরাণে বসিষ্ঠের বাক্যে ॥

হে রাজেন্দ্র! শতজন্মোদ্ভব পাপরূপ কাষ্ঠ একাদশীসমুৎপন্ন অগ্নি দ্বারা ভস্মীভূত হইয়া যায় ॥

হে ভূমিপ! যেমন পদ্মনাভের দিবস পাপ সকলের বিনাশকারী হয়, তদ্রূপ মনুষ্যদিগের পবিত্রকারী অন্য কিছু নাই ॥

হে নরাধিপ! যে পর্য্যন্ত মনুষ্য পদ্মনাভের পবিত্র দিনে উপবাস না করে, তাবৎ তাহার দেহে পাপ সকল অবস্থিত থাকে ॥ ৪৫ ॥

সহস্র সহস্র অশ্বমেধ ও শত শত বাজপেয় প্রভৃতি যজ্ঞ সকল একাদশী উপবাসের ষোড়শ কলার এক কলারও যোগ্য হইতে পারে না ॥

একাদশেন্দ্রিয়ৈঃ পাপং যৎকৃতং ভবতি প্রভো।
একাদশ্যুপবাসেন তৎসর্ব্বং বিলয়ং ব্রজেৎ।
একাদশী সমং কিঞ্চিৎ পাপত্রাণং ন বিদ্যতে।
স্বর্গমোক্ষপ্রদা হ্যেষা রাজ্যপুত্রপ্রদায়িনী।
সুকলত্রপ্রদা হ্যেষা শরীরারোগ্যদায়িনী।
ন গঙ্গা ন গয়া ভূপ ন কাশী ন চ পুষ্করং।
ন চাপি কৌরবং ক্ষেত্রং ন রেবা ন চ বেদিকা।
যমুনা চন্দ্রভাগা চ তুল্যা ভূপ হরের্দিনাৎ॥ ৪৬॥
ব্যাজেনাপি কৃতা রাজন্ ন দর্শয়তি পাতকং।
অনায়াসেন রাজেন্দ্র প্রাপ্যতে বৈষ্ণবং পদং॥ ৪৭॥
চিন্তামণি সমা হ্যেষা অথবাপি নিধিঃ স্মৃতা।

ন দর্শয়তি নাশয়তীতার্থঃ॥ ৪৭॥
বেদেষপি যে বেদা উপনিষদাদয়স্তৎ সমেত্যর্থঃ। ক্বচিৎ সর্ব্ববেদেতি পাঠঃ॥ ৪৮॥

হে প্রভো! একাদশ ইন্দ্রিয় দ্বারা যে সকল পাপ কৃত হয়, তৎসমুদায় একাদশীর উপবাস দ্বারা বিনষ্ট হইয়া যায়॥

একাদশীর তুল্য পাপত্রাণকারী আর কিছুই নাই, একাদশীই স্বর্গ, মোক্ষ, রাজ্য ও পুত্র প্রদান করিয়া থাকেন॥

হে রাজন্! এই একাদশী সুন্দরী স্ত্রী এবং শরীরের আরোগ্য প্রদান করেন। অপর গঙ্গা, গয়া, কাশী, পুষ্কর, কুরুক্ষেত্র, রেবা, বেদিকা, যমুনা ও চন্দ্রভাগা, প্রভৃতি কেহই হরিবাসরের তুল্য হন॥ ৪৬॥

হে রাজেন্দ্র! ছল পূর্ব্বক একাদশীর ব্রত করিলেও পাপ বিনাশ ও অনায়াসে বৈকুণ্ঠ লোক প্রাপ্তি হয়॥ ৪৭॥

এই একাদশী চিন্তামণির সমান অথবা নিধি তুল্য কিম্বা কল্পতরু

কল্পপাদপপ্রেক্ষা বা সর্ব্ববেদোপমাথ বা ॥ ৪৮ ॥

তত্রৈবান্যত্র ॥

সংপ্রাপ্য বাসরং বিষ্ণোর্যোনরঃ সংযতেন্দ্রিয়ঃ।
উপবাস পরোভূত্বা পূজয়েন্মধুসূদনং।
দহন্তি পূর্ব্বপাপানি কিন্তপোভিঃ কিমধ্বরৈঃ।
একাদশীং প্রপন্না যে নরা নরবরোত্তম।
তেঽদ্বন্দ্ববাহবো ভূত্বা নাগারিকৃতকেতনাঃ ॥ ৪৯ ॥
স্রগ্বিনঃ পীতবস্ত্রা হি প্রযান্তি হরিমন্দিরং।
এষ প্রভাবো হি ময়া দ্বাদশ্যাঃ পরিকীর্ত্তিতঃ।
পাপেন্ধনস্য ঘোরস্য পাবকাখ্যো মহীপতে ॥

কিঞ্চ ॥

যদ্যোগৈর্মৎপদং সাংখ্যৈঃ প্রাপ্যতে বা ন বা দ্বিজ।

অদ্বন্দ্ববাহবঃ চতুর্ভুজাঃ ॥ ৪৯ ॥
বিপ্র হে ব্রাহ্মণ অবিবক্ষিতত্বাদসন্ধিঃ ॥ ৫০ ॥

সদৃশ অথবা সর্ব্ববেদের উপমা স্বরূপ বলিয়া কীর্ত্তিত হইয়াছেন ॥ ৪৮ ॥

ঐ নারদপুরাণের অন্য স্থলে ॥

যে জিতেন্দ্রিয় পুরুষ হরিবাসর প্রাপ্ত হইয়া উপবাস পরায়ণ হওত মধুসূদনের পূজা করেন, তাঁহার তপস্যা ও যজ্ঞ সকলের প্রয়োজন কি? তাঁহার পূর্ব্ব পাপ সমুদায় দগ্ধ হইয়া যায় ॥

হে রাজেন্দ্র! যে মানবগণ একাদশীর আশ্রয় গ্রহণ করেন, তাঁহারা চতুর্ভুজ হইয়া গরুড়ের পৃষ্ঠে অবস্থিত থাকেন ॥ ৪৯ ॥

এবং মালাধারণ ও পীতবস্ত্র পরিধান পূর্ব্বক বিষ্ণুমন্দিরে গমন করেন। হে রাজন্! আমি ঘোরপাপকাষ্ঠের পাবকস্বরূপ দ্বাদশীর এই প্রভাব কীর্ত্তন করিলাম ॥

আরও ॥

হে দ্বিজ! যোগ বা সাংখ্য দ্বারা আমার যে পদ প্রাপ্ত হয় কি না,

অনায়াসেন তৎ প্রাপ্যং পদং হরিদিনানুগৈঃ।
অন্নাভাবে যদা বিপ্র একাদশ্যামুপোষিতঃ।
উপবাসফলং তেন সমগ্রং সমবাপ্যতে ॥ ৫০ ॥
রাজবন্ধাদ্যদা বিপ্র একাদশ্যামুপোষিতঃ।
উপবাসফলং তস্য সম্যগ্ ভবতি নিশ্চিতং ॥ ৫১ ॥
ব্রহ্মবৈবর্ত্তে ॥
যথা দাবাগ্নিরুদিতঃ শুষ্কমার্দ্রঞ্চ গহ্বরে।
দহত্যেব সমস্তানি কলুষাণি হরের্দিনং ॥ ৫২ ॥
পাপেন্ধনস্য ঘোরস্য শুষ্কস্যার্দ্রস্য ভার্গব।
নান্যদ্বিনাশায় মতং বিনৈকাদশ্যুপোষণং।
কিঞ্চ ॥

তস্যাপি ভবতি। সম্যক্ সম্পূর্ণং ॥ ৫১ ॥
শুষ্কং পাপং চিরকালকৃতং। আর্দ্রঞ্চ সংপ্রতিকৃতং। মহাকল্পপ্রায়শ্চিত্ততয়া তয়োর্ভেদঃ ॥ ৫২ ॥

হরিবাসর পরায়ণ মানবগণ অনায়াসে সেই পদ প্রাপ্ত হয়েন ॥

ব্রহ্মন্! যদি কোন ব্যক্তি অন্নাভাবে একাদশীতে উপবাস করে, তাহা হইলে তাহার একাদশী উপবাসের সমগ্র ফল লাভ হয় ॥ ৫০ ॥

হে ব্রহ্মন্! যে মনুষ্য রাজবন্ধনগ্রস্ত হইয়া একাদশীর উপবাস করে, নিশ্চয় তাহারও সমগ্র উপবাসের ফল হয় ॥ ৫১ ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

যেমন দাবাগ্নি উত্থিত হইয়া গহ্বর মধ্যে শুষ্ক ও আর্দ্র কাষ্ঠ সমস্তই দগ্ধ করে, তাহার ন্যায় হরিবাসর পাপ মাত্রই বিনষ্ট করেন ॥৫২॥

হে শৌনক! ঘোরতর শুষ্ক ও আর্দ্র পাপ কাষ্ঠের বিনাশ নিমিত্ত একাদশী উপবাস ব্যতিরেকে অন্য সম্মত হয় না ॥

আরও ॥

সর্ব্বপ্রায়শ্চিত্তমিদং সংসারোত্তারকারকং।
একাদশীব্রতং বিপ্র কুর্ব্বন্ মুক্তিমবাপ্নুয়াৎ॥
নরো দিনৈর্যদ্দশভিশ্চতুর্ভিশ্চ করোত্যঘং।
উপোষ্য পঞ্চদশমং দিনং বিষ্ণোর্হির্মুচ্যতে॥ ৫৩॥
ইতি সর্ব্বপুরাণেষু মুনীনাং নিশ্চিতং মতং।
উপোষ্যৈকাদশীং পাপান্মুচ্যতে নাত্র সংশয়ঃ।
কলাবুচ্ছিন্নমার্গাণাং নৃশংসাপাতিতাত্মনাং।
একাদশীং বিনা বিপ্র ন সংসারাদ্বিমোক্ষণং॥
কিঞ্চ॥
এতৎসারমিদং তত্ত্বমিদং সত্যমিদং ব্রতং।

পঞ্চদশমং একাদশীলক্ষণং॥ ৫৩॥

হে ব্রহ্মন্! এই একাদশীব্রত সর্ব্ব প্রকার পাপের প্রায়শ্চিত্ত স্বরূপ ও সংসার নিস্তারক, ইহা করিলে মুক্তি প্রাপ্তি হয়॥

মনুষ্য চতুর্দ্দশ তিথিতে যে সকল পাপ করে, বিষ্ণুর পঞ্চদশ দিবসে উপবাস করিলে সেই সমুদায় পাপ হইতে পরিত্রাণ পায়॥ ৫৩॥

সকল পুরাণে মুনিদিগের এই মত যে, একাদশীতে উপবাস করিলে পাপ হইতে মুক্ত হইবে, ইহাতে সংশয় নাই॥

হে ব্রহ্মন্! কলিতে উচ্ছিন্নমার্গ এবং নিষ্ঠুরত্ব দ্বারা মলিনচিত্ত মনুষ্যদিগের একাদশী ব্যতিরেকে সংসার হইতে পরিত্রাণ নাই॥

একাদশীতে যে উপবাস, ইহাই সার, ইহাই তত্ত্ব, ইহাই সত্য, ইহাই ব্রত এবং ইহাই সম্যক্ প্রায়শ্চিত্ত স্বরূপ॥

আরও॥

মনুষ্যদিগের গোবিন্দ স্মরণ এবং একাদশীতে উপবাস, ইহাই

প্রায়শ্চিত্তমিদং সম্যগ্‌যদেকাদশ্যুপোষণং ॥

কিঞ্চ ॥

গোবিন্দস্মরণং নৃণামেকাদশ্যামুপোষণং ।
প্রায়শ্চিত্তমিদং নূনং সংসারোত্তারকারকং ॥

তত্রৈবান্তে ॥

স্নেহেন ভক্ত্যা বৈরেণ প্রসঙ্গেন যথা তথা ।
নিহন্তি সর্ব্বং কলুষমেকাদশ্যাং স্তুতো হরিঃ ॥

কিঞ্চ ॥

এবং সমস্তসুখধর্ম্মগুণাশ্রয়ঞ্চ
একাদশীব্রতমিদং কলিকেতুরুক্তং ।
শাস্ত্রেষু শৌনক জগৎপতিষু প্রিয়ঞ্চ
শ্রদ্ধাপরঃ প্রকুরুতে লভতে স মুক্তিং ॥

তত্রৈব সর্ব্বান্তে ॥

কলিকেতুঃ কলিকালে সর্ব্বধর্ম্মাদিশ্রেষ্ঠমিত্যর্থঃ । হেতুরিতি পাঠে সমস্তসুখাদি-

প্রায়শ্চিত্ত ও ইহাই সংসারের পারকারক ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ঐ প্রসঙ্গের অন্তে ॥

স্নেহ বশতঃ বা ভক্তিসহকারে অথবা বৈরতানিবন্ধন কিম্বা প্রসঙ্গাধীন যে কোন রূপেই হউক, একাদশীতে হরিকে স্তব করিলে তিনি সমস্ত পাপ বিনষ্ট করেন ॥

আরও ॥

হে শৌনক ! এই প্রকার সমস্ত সুখ, ধর্ম্ম ও গুণের আশ্রয় স্বরূপ এই একাদশীর ব্রত, যাহা শাস্ত্র সকলে কলিকালের সর্ব্বধর্ম্মাদির শ্রেষ্ঠ বলিয়া কথিত হইয়াছে, যে ব্যক্তি শ্রদ্ধান্বিত হইয়া জগৎপতি সকলের প্রিয় ঐ ব্রত আচরণ করেন, তাঁহার মুক্তি লাভ হয় ॥

ঐ স্থানেই সর্ব্বশেষে ॥

এতৎ শৃণোতি কুরুতেঽনুমতিং দদাতি
শ্রদ্ধাঞ্চ কারয়তি যশ্চ তথা নরাণাং।
একাদশীব্রতকৃতে কলুষৈর্বিমুক্তঃ
প্রাপ্নোতি দিব্যভুবনং গরুড়ধ্বজস্য ॥ ৫৪ ॥
পাদ্মে বৈশাখমাহাত্ম্যে।
দেবহূতবিকুণ্ডলসম্বাদে ॥
উপোষ্যৈকাদশীমেকাং প্রসঙ্গেনাপি মানবঃ।
ন যাতি যাতনাং যামীমিতি নো যমতঃ শ্রুতং।
একাদশেন্দ্রিয়ৈঃ পাপং যৎ কৃতং বৈশ্য মানবৈঃ।
একাদশ্যুপবাসেন তৎ সর্ব্বং বিলয়ং ব্রজেৎ।
একাদশীসমং কিঞ্চিৎ পুণ্যং লোকে ন বিদ্যতে।

কারণং। শাস্ত্রেষূক্তঃ। শাস্ত্রান্বিত ইতি পাঠে শাস্ত্রবেত্তেত্যর্থঃ শাস্ত্রবিৎ ফলমশ্নুত ইত্যুক্তেঃ ॥ ৫৪ ॥

প্রসঙ্গেন কেষামপি সঙ্গত্যা। যদ্বা। রাজরোধাদানুষঙ্গেণাপি। ব্যাজেন শাঠ্যে·

যিনি এই একাদশীব্রতের কথা শ্রবণ করেন, যিনি একাদশীর ব্রতকরণে অনুমতি প্রদান করেন এবং যিনি একাদশীর ব্রত নিমিত্ত মনুষ্যগণের শ্রদ্ধা উৎপাদন করেন, তিনি সমস্ত পাপ হইতে বিমুক্ত হইয়া গরুড়ধ্বজের উৎকৃষ্ট ভুবন বৈকুণ্ঠলোক প্রাপ্ত হয়েন ॥ ৫৪ ॥

পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে।
দেবহূত বিকুণ্ডলসম্বাদে ॥

আমরা যমের নিকট শ্রবণ করিয়াছি, মনুষ্য যদি কাহারও সঙ্গবশতঃ একটীমাত্র একাদশীর উপবাস করেন, তাহা হইলে তিনি যমযাতনা প্রাপ্ত হইবেন না ॥

হে বৈশ্য! মানবগণ একাদশ ইন্দ্রিয় দ্বারা যে পাপ করে, একাদশীর উপবাসে তৎসমুদায় বিনাশ প্রাপ্ত হয় ॥

ব্যাজেনাপি কৃতা যৈস্তে বশং যান্তি ন ভাস্করেঃ ॥ ৫৫ ॥

এবমন্যত্রাপি নেদৃশমিত্যাদীনি সপ্তপদ্যানি পূর্ব্ববদত্র প্রবর্ত্তন্তে ॥ ৫৬ ॥

কিঞ্চ ॥

বালত্বে যৌবনে বাপি বৃদ্ধত্বে বা বিশাম্বর ।
উপোষ্যৈকাদশীং নূনং নৈব প্রাপ্নোতি দুর্গতিং ॥

তত্রৈব বৈশাখমাহাত্ম্যে ।

শ্রীযমব্রাহ্মণসম্বাদে ॥

একাদশ্যাঞ্চ বিধিবদুপবাসপরায়ণাঃ ।

---

নাপি । ভাস্করেঃ যমস্য ॥ ৫৫ ॥

পূর্ব্ববদিতি যথা নারদীয়ে তথাত্র মাঘমাহাত্ম্যেঽপি সন্তি ॥ ৫৬ ॥

বিধিবদিতি অগ্রে লেখ্যেন পাপবর্জ্জনাদিবিধিনেত্যর্থঃ । স্বর্গশব্দেনাত্রোর্দ্ধলোকো লক্ষ্যতে । তেন চ শ্রীবৈকুণ্ঠপদং । যদ্বা বৈকুণ্ঠলোকগমনেঽপি ক্রমগত্যা স্বর্গসুখভোগাৎ

---

সংসার মধ্যে একাদশীর তুল্য আর অন্য কোন পুণ্য নাই, যাহারা শঠতাসহকারে ঐ ব্রত করে, তাহারাও যমালয়ে গমন করে না ॥ ৫৫ ॥

এই প্রকার অন্য স্থলেও “নেদৃশং” ইত্যাদি সাতটী পদ্য পূর্ব্বের ন্যায় এস্থানে পরিবর্ত্তিত হয় অর্থাৎ যেমন নারদপুরাণে বচন সকল আছে, তদ্রূপ পদ্মপুরাণের মাঘমাহাত্ম্যেও বচন সকল বিদ্যমান আছে ॥ ৫৬ ॥

আরও ॥

হে বৈশ্যশ্রেষ্ঠ ! বালত্বেই হউক বা যৌবনেই হউক অথবা বার্দ্ধক্যেই হউক, একাদশীর উপবাস করিলে নিশ্চয় দুর্গতি প্রাপ্ত হইবে না ॥

ঐ পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যেও
শ্রীযম ও ব্রাহ্মণসম্বাদে ॥

যে সকল মনুষ্য শুক্ল ও কৃষ্ণপক্ষের একাদশীতে যথাবিধি উপবাস-

শুক্লে সিতেতরে পক্ষে তে নরাঃ স্বর্গভাগিনঃ ॥ ৫৭ ॥
মাতৃবৎ সর্ব্ববালানামিতি পূর্ব্ববৎ ॥
কিঞ্চ ॥
একাদশীসমং কিঞ্চিৎ পাপত্রাণং ন বিদ্যতে।
তামুপোষ্য বিধানেন পুরুষাঃ স্বর্গগামিনঃ ॥ ৫৮ ॥
একাদশেন্দ্রিয়ৈঃ পাপং যৎ কৃতং ভবতি দ্বিজ।
নরো নির্দ্ধূয় তত্তূর্ণং ব্রতী স্বর্গতিমান্ ভবেৎ ॥
অশ্বমেধেত্যাদিপূর্ব্ববৎ।
কিঞ্চ ॥
একতঃ ক্রতবঃ সর্ব্বে সর্ব্বতীর্থতপাংসি চ।

স্বর্গেত্যুক্তমিতি দিক্ ॥ ৫৭ ॥
পূর্ব্ববদিতি যথা তত্ত্বসাগরে তথা বৈশাখমাহাত্ম্যেঽপি ইত্যর্থঃ। তত্র চ মাতেবেতি অত্রস্তু মাতৃবদিতি পদমেকমুদাহৃতং ॥ ৫৮ ॥
তয়োঃ পূর্ব্বঃ বৈষ্ণবব্রতজো ধর্ম্মঃ। অচ্যুতাচ্যুতেতি ভাষিণামিতি দৃষ্টান্তত্বেনোক্তং ॥৫৯

পরায়ণ হয়, তাহারা সকলেই স্বর্গ প্রাপ্ত হইবে ॥ ৫৭ ॥

তত্ত্বসাগরে যেমন "মাতৃবৎ সর্ব্ববালানাং" ইত্যাদি বচন সকল আছে, তদ্রূপ পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যেও ঐ বচন সকল আছে॥

আরও ॥

একাদশীর তুল্য পাপত্রাণকারী অন্য কোন ব্রত নাই, বিধানানুসারে ঐ একাদশীর উপবাস করিলে পুরুষ সকল স্বর্গগামী হয় ॥ ৫৮ ॥

হে ব্রহ্মন্! একাদশ ইন্দ্রিয় দ্বারা যে পাপ কৃত হয়, একাদশীব্রতপরায়ণ মনুষ্য তৎসমুদায় বিনষ্ট করিয়া স্বর্গে গতি লাভ করে ॥

অশ্বমেধেত্যাদি পূর্ব্বের ন্যায় বচন সকল আছে॥

একদিকে সমস্ত যজ্ঞ, সমস্ত তীর্থ, সর্ব্ব প্রকার তপস্যা ও মহাদান

মহাদানানি দত্তানি ব্রতং বৈষ্ণবমেকতঃ।
বৈষ্ণবব্রতজো ধর্ম্মো ধর্ম্মো যজ্ঞাদিসম্ভবঃ।
একত্র তুলিতো ধাত্রা তৎ পূর্ব্বো হ্যভবদ্গুরুঃ।
হরিবাসরভক্তানামচ্যুতাচ্যুতভাষিণাং ॥ ৫৯ ॥
নাহং শাস্তা বিশেষেণ তেভ্যো বিপ্র বিভেম্যহং।
যেষাং পুত্রশ্চ পৌত্রশ্চ একাদশ্যামুপোষিতঃ।
স মহাত্মা স্বপুরুষান্ শতমুদ্ধরতে বলাৎ ॥ ৬০ ॥
উপোষণং ততঃ কুর্য্যাৎ পক্ষয়োরুভয়োরপি।
একাদশ্যাং স পুরুষো ভুক্তিমুক্ত্যেকভাজনং ॥
তত্রৈব কার্ত্তিকমাহাত্ম্যে।
শ্রীযমধূম্রকেতুসম্বাদে ॥

অহং যমোঽপি ॥ ৬০ ॥

সকল এবং অন্যদিকে বৈষ্ণবব্রত। বিধাতা হরিবাসর-ভক্তদিগের এবং অচ্যুত অচ্যুত ইত্যাদি নামোচ্চারি ব্যক্তিগণের বৈষ্ণবব্রতজনিত ধর্ম্ম ও যজ্ঞাদি সম্ভব ধর্ম্ম এই দুইকে একত্র তুল্য করিলে তন্মধ্যে পূর্ব্ব বৈষ্ণবব্রতজনিত ধর্ম্মই গুরুতর হইল ॥ ৫৯ ॥

হে ব্রহ্মন্। যাহাদিগের পুত্র ও পৌত্র একাদশীর ব্রত করে, আমি শাসনকর্ত্তা যম হইয়াও বিশেষরূপে তাহাদিগের নিকট ভীত হই। যিনি একাদশীর ব্রতপরায়ণ সেই মহাত্মা বলপূর্ব্বক আপনার শত পুরুষ উদ্ধার করেন ॥ ৬০ ॥

অতএব যে পুরুষ উভয়পক্ষেরই একাদশীতে উপবাস করেন, তিনি ভোগৈশ্বর্য্য ও মুক্তির পাত্র হন ॥

ঐ পদ্মপুরাণেরই কার্ত্তিকমাহাত্ম্যে।

যম ও ধূম্রকেতুসম্বাদে ॥

একাদশ্যাস্তু প্রাপ্তায়াং সমুপোষ্যেহ মানবাঃ।
সর্ব্বপাপৈর্বিনির্ম্মুক্তা যান্তি বিষ্ণোঃ পরং পদং॥
ধর্ম্মদা হ্যর্থদা চৈব কামদা মোক্ষদা কিল।
সর্ব্বকামদুঘা নৃণাং দ্বাদশী বরবর্ণিনি॥
একাদশীব্রতং সৌম্য যদ্যেকং সম্যগর্জ্জিতং।
কিং দানৈঃ কিং তপস্তীর্থৈঃ সর্ব্বদং বিধিনা কৃতং॥
তত্রৈবোত্তরখণ্ডে।
শিবপার্ব্বতীসম্বাদে॥
একাদশীং পরিত্যজ্য যো হ্যন্যদ্ব্রতমাচরেৎ।
স করস্থং মহারত্নং হিত্বা ভৈক্ষ্যন্তু যাচতে॥ ৬১॥

দানাদিভিঃ কিং তেনৈব সর্ব্বসিদ্ধেঃ। কৃতঃ বিধিনা যথাবিধি সর্ব্বদং কর্ম্মকৃতং। যদ্বা। বিধিনা বিধাত্রা তৎ সর্ব্বদং কৃতং। অথবা বিধিনা কৃতং সর্ব্বদং ভবতি কিং বিশেষ্যোক্ত্যা সর্ব্বেষামেব সর্ব্বং কামং পরিপূরয়তীত্যাহ সর্ব্বেতি। তেন বৈকুণ্ঠলোকপ্রাপ্ত্যাদিকমভিপ্রেতং॥ ৬১॥

একাদশী উপস্থিত হইলে ইহ লোকে মনুষ্যগণ তাহাতে উপবাস করিয়া সকল পাপ হইতে মুক্তি লাভ করত বিষ্ণুর পরম পদে গমন করেন॥

হে সুন্দরি! মনুষ্যদিগের সম্বন্ধে দ্বাদশী নিশ্চয় ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ ও সর্ব্বপ্রকার অভীষ্ট প্রদান করেন॥

হে সৌম্য! যদি একটী মাত্র একাদশীর ব্রত উপার্জন করিতে পারে, তাহা হইলে দান ও তপস্যা দ্বারা কি হইবে, বিধাতা ঐ ব্রতকে সর্ব্বপ্রদরূপে নির্ম্মাণ করিয়াছেন॥

ঐ পদ্মপুরাণের উত্তরখণ্ডে॥
শিব ও পার্ব্বতীসম্বাদে॥

যে মনুষ্য একাদশী পরিত্যাগ করিয়া অন্য ব্রত আচরণ করে, তাহার করস্থ মহারত্ন ত্যাগ করিয়া ভিক্ষান্ন যাচ্ঞা করা হয়॥ ৬১॥

স্কান্দে উমামহেশ্বরসম্বাদে ॥

বিনাপি ঋক্ষসংযোগাদেকৈবৈকাদশী নৃণাং ।
বিনিহন্তীহ চৈনাংসি কুনৃপো বিষয়ং যথা ॥ ৬২ ॥
ন দানং ন তপঃ স্নানং ন চান্যৎ সুকৃতং ক্বচিৎ ।
মুক্তয়ে হ্যভবৎ সুভ্রু মুক্তৈকং হরিবাসরং ॥ ৬৩ ॥
সকৃচ্চোপোষণেনাস্যাং নশ্যন্তি পাপরাশয়ঃ ।
একতঃ পৃথিবীদানমেকতো হরিবাসরঃ ।
ন সমং কবিভিঃ প্রোক্তং বাসরো হ্যধিকঃ স্মৃতঃ ॥

তত্রৈবামৃতসারোদ্ধারে শ্রীযমস্য দূতানুশাসনে ॥

অগম্যাগমনে পাপং মিত্রদ্রোহে চ পাতকং ।

ঋক্ষাণি পুষ্যাদীনি তৎসংযোগাদ্বিনাপি । তেষাং যোগমাহাত্ম্যবিশেষোঽগ্রে লেখ্যঃ ॥৬২
সুভ্রু হে পার্ব্বতি ॥ ৬৩ ॥

স্কন্দপুরাণে উমামহেশ্বরসম্বাদে ॥

পুষ্যাদি নক্ষত্রের সংযোগ ব্যতিরেকেও একাদশী মনুষ্যদিগের কুৎসিৎ রাজার বিষয় পরিত্যাগের ন্যায় সমুদায় পাপ বিনষ্ট করেন ॥ ৬২ ॥

হে সুন্দরি ! হরিবাসর পরিত্যাগ করিয়া দান, তপস্যা, স্নান বা অন্য কোন পুণ্য মুক্তির নিমিত্ত হয় না ॥ ৬৩ ॥

একবার মাত্র একাদশীতে উপবাস করিলে পাপরাশি বিনষ্ট হয় । একদিকে পৃথিবীদান ও অন্যদিকে হরিবাসর এই দুইকে একত্র তুলনা করিলে সমান হয় নাই, একারণ পণ্ডিতগণ হরিবাসরকে অধিক বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥

অমৃতসারোদ্ধারের সেই স্থানেই শ্রীযমের
দূতানুশাসন বিষয়ে ॥

অগম্যাগমনে এবং মিত্রদ্রোহে যে পাপ হয়, ইত্যাদি পাপ তথা

ইত্যাদি পাতকং যচ্চ যত্নৈরন্যদুপার্জ্জিতং।
পাষণ্ডালাপজনিতং পতিতানাঞ্চ সঙ্গমাৎ।
তন্ময়া মার্জ্জিতং সর্ব্বমেকাদশ্যুপবাসিনাং ॥ ৬৪ ॥
প্রতিগ্রহোত্থং যৎ পাপং দশাভ্রংশোদ্ভবঞ্চ যৎ।
তন্ময়া মার্জ্জিতং দূতা একাদশ্যুপবাসিনাং ॥ ৬৫ ॥
অতএব তত্র ॥
একাদশ্যুপবাসী যো নরো ভবতি ভূতলে।
মুক্তং ময়া শতানন্দ তেষাং ত্রিপুরুষং কুলং ॥
একাদশ্যামভুঞ্জানা যুক্তাঃ পাপশতৈরপি।
ভবদ্ভিঃ পরিহর্ত্তব্যা হিতা মে যদি সর্ব্বদা ॥

আদিশব্দেন স্বর্ণস্তেয়াদি। অন্যৎ পরমপি অভক্ষ্যভক্ষণাদিকং ॥ ৬৪ ॥
দশা অবস্থা ব্রহ্মচর্য্যাদি তদ্ভ্রংশেনোদ্ভবো যস্য তৎ ॥ ৬৫ ॥

পাষণ্ডগণের সহিত আলাপজনিত ও পতিত ব্যক্তিদিগের সঙ্গ নিমিত্ত যে কোন পাপ যত্নসহকারে উপার্জ্জিত হয়, আমি একাদশীতে উপবাসকারিদিগের সম্বন্ধে তৎসমুদায় পাপ মার্জনা করি ॥ ৬৪ ॥

হে দূতগণ! প্রতিগ্রহোৎপন্ন এবং ব্রহ্মচর্য্যাদি ভ্রংশজনিত যে পাপ হয়, আমি একাদশী উপবাসকারিদিগের তৎসমুদায় পাপ মার্জনা করি ॥ ৬৫ ॥

অতএব ঐ স্থানেই ॥

হে শতানন্দ! পৃথিবীতে যে মনুষ্য একাদশীর উপবাস করে, আমি তাহার ত্রিপুরুষ কুলকে মুক্ত করি ॥

হে দূতগণ! তোমরা যদি সর্ব্বদা আমার হিতকারী হও, তাহা হইলে যে সকল মনুষ্য শত শত পাপযুক্ত হইয়াও একাদশীতে ভোজন না করে, তাহাদিগকে পরিত্যাগ করিবে ॥

কিঞ্চ ॥

বরং চাণ্ডালজাতীয় একাদশ্যুপবাসকৃৎ।
নতু বিপ্রশ্চতুর্ব্বেদী যো ভুঙ্‌ক্তে হরিবাসরে ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

কল্পবৃক্ষসমাখ্যাতা দ্বাদশী বাঞ্ছিতার্থদা।
সুগতের্দায়িনী পুংসাং স্মৃতা চ কৃতকীর্ত্তনা ॥ ৬৬ ॥
নাশ্বমেধসহস্রৈশ্চ তীর্থকোট্যবগাহনৈঃ।
যৎফলং প্রাপ্যতে বৎস দ্বাদশীবাসরে কৃতে ॥ ৬৭ ॥
পূজামাপ্নোতি সর্ব্বত্র ন রোগেভ্যোভয়ং ভবেৎ।
নোপসর্গভয়ং তস্য দুষ্টজীবসমুদ্ভবং।

বাঞ্ছিতা কর্ত্তুমিষ্টা ॥ ৬৬ ॥
দ্বাদশীবাসরে কৃতে সতি যৎ ফলং প্রাপ্যতে অশ্বমেধাদিভিস্তন্ন প্রাপ্যতে ॥ ৬৭ ॥
উপসর্গা অরিষ্টানি তেভ্যোভয়ং। সর্ব্বদা হরেঃ স্মরণং ভবতি। হরেঃ কথায়াং রুচি

আরও ॥

একাদশীতে উপবাসকারী চণ্ডালজাতি মনুষ্যও ভাল তথাপি যে হরিবাসরে ভোজন করে, এমত চতুর্ব্বেদী ব্রাহ্মণও কিছু নয় ॥

ঐ অমৃতসারোদ্ধারেই শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

বাঞ্ছিত অর্থ প্রদান করেন বলিয়া দ্বাদশী কল্পবৃক্ষনামে বিখ্যাতা হইয়াছেন, অতএব ইহাঁকে স্মরণ ও কীর্ত্তন করিলে ইনি পুরুষদিগকে উত্তম গতি প্রদান করিয়া থাকেন ॥ ৬৬ ॥

বৎস! দ্বাদশীতে উপবাস করিলে যে ফল প্রাপ্ত হওয়া যায়, সহস্র সহস্র অশ্বমেধ বা কোটি কোটি তীর্থে অবগাহন করিলে তাহা প্রাপ্ত হওয়া যায় না ॥ ৬৭ ॥

যে মনুষ্য একাদশীর ব্রত করেন, তিনি সর্ব্বত্র পূজা প্রাপ্ত হন, তাঁহার রোগভয়, দুষ্ট প্রাণিজনিত উপসর্গভয়, দাহ, গ্লানি ও পীড়া

ন দাহো ন ক্লমোনার্ত্তিঃ স্মরণং সর্ব্বদা হরেঃ।
সন্ততের্ন বিয়োগশ্চ দ্বাদশীকারিণাং হরেঃ।
কথারুচির্ভবেন্নিত্যং ন ভয়ং বিদ্যতে ক্বচিৎ।
রণে রাজকুলে চৈব সর্ব্বত্র বিজয়ী ভবেৎ।
ধর্ম্মোপরি মতির্নিত্যং কৃষ্ণে ভক্তিঃ সুনির্ম্মলা।
পাতকৈর্নৈব লিপ্যেত দ্বাদশী ভক্তিতো নরঃ।
ইদং গুহ্যং সমাখ্যাতং দৃষ্ট্বা শাস্ত্রসমুচ্চয়ং।
সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য কলৌ কার্য্যং হরের্দিনং॥ ৬৮॥
ন ভবেন্মানসী পীড়া রোগাশ্চাত্যন্তদুঃখদাঃ।
মাহাত্ম্যং পঠতঃ পুংসো দ্বাদশীসম্ভবং কলৌ॥
ন তৎ পুণ্যং কুরুক্ষেত্রে প্রয়াগে চ সতাং কলৌ।

---

রিত্যন্বয়ঃ। ভক্তিঃ শ্রদ্ধাদিরূপা প্রেমলক্ষণা বা। এবং দ্বাদশীভক্তিতঃ দ্বাদশ্যাঃ সেবয়া। যদ্বা। দ্বাদশ্যাং [illegible]মাত্রেণাপি পাতকৈঃ কথঞ্চিৎ ক্রিয়মাণৈরপি ন লিপ্যতে॥ ৬৮॥

অস্তু তাবদ্দ্বাদশীব্রতাদিনিষ্পাদনং তন্মাহাত্ম্যপঠনাদপি সর্ব্বদুঃখশান্তিঃ পরমপুণ্যপ্রাপ্তিশ্চেত্যাহ ন ভবেদিতি দ্বাভ্যাং। অমূর্ত্তোঽব্যক্তঃ মূর্ত্তিমান্ স্থিতঃ ব্যক্তোঽভূৎ॥ ৬৯॥

---

কিছুমাত্র হয় না এবং তাঁহার সর্ব্বদা হরিস্মরণ হইয়া থাকে। অপর দ্বাদশীব্রতকারিদিগের পুত্র কন্যার বিয়োগ হয় না, নিত্য হরিকথায় রুচি হয়, কখন ভয় থাকে না, রণে অথবা রাজকুলে সর্ব্বত্রই বিজয়ী হয়, সর্ব্বদা ধর্ম্মে মতি এবং কৃষ্ণে সুনির্ম্মলা ভক্তি হয়। অপিচ দ্বাদশীর সেবা দ্বারা মনুষ্য পাপে লিপ্ত হয় না, সমস্ত শাস্ত্র অবলোকন করিয়া এই প্রকার গোপনীয় আখ্যান কীর্ত্তন করিলাম যে, কলিযুগে মনুষ্য সমুদায় ধর্ম্ম পরিত্যাগ করিয়া কেবল একাদশীব্রত করিবেন॥৬৮

কলিযুগে যে পুরুষ দ্বাদশীর মাহাত্ম্য পাঠ করেন, তাঁহার মানসী-পীড়া বা অত্যন্ত দুঃখপ্রদ রোগ সকল থাকে না॥

কলিযুগে দ্বাদশীমাহাত্ম্যপাঠকারি সাধু মনুষ্যদিগের যে ফল হয়,

মাহাত্ম্যং পঠতাং পুংসাং যৎফলং দ্বাদশীভবং ॥
ভবিষ্যে ॥
একাদশী মহাপুণ্যা সর্ব্বপাপবিনাশিনী।
ভক্তেশ্চ দীপনী বিষ্ণোঃ পরমার্থগতিপ্রদা।
যামুপোষ্য নরো ভক্ত্যা ন সংসারে ভবিষ্যতি ॥
একাদশ্যাং নিরাহারো যো ভুঙ্‌ক্তে দ্বাদশীদিনে।
ন স দুর্গতিমাপ্নোতি নরকাণি ন পশ্যতি।
কৃত্বা পাপসহস্রাণি একাদশ্যামুপোষিতঃ।
দ্বাদশ্যামর্চ্চয়েদ্বিষ্ণুং ন স দুর্গতিমাপ্নুয়াৎ ॥
এষা তিথিঃ পরা পুণ্যা বিষ্ণোরীশস্য তুষ্টিদা।
তস্যামেব জগন্নাথো অমূর্ত্তো মূর্ত্তিমান্ স্থিতঃ।
তেন সা সর্ব্বপাপঘ্নী সর্ব্বদুঃখবিনাশিনী ॥

---

তৎসদৃশ পুণ্য কুরুক্ষেত্র বা প্রয়াগে লাভ হয় না ॥

ভবিষ্যপুরাণে ॥

একাদশী মহাপুণ্য স্বরূপা এবং সমস্ত পাপনাশিনী, ভক্তির উদ্দীপনী এবং বিষ্ণুর পরমার্থ গতিপ্রদায়িনী, মনুষ্য ভক্তিপূর্ব্বক ইহাঁর উপবাস করিলে সংসার হইতে মুক্ত হইবে ॥

যিনি একাদশীতে নিরাহার থাকিয়া দ্বাদশী দিবসে ভোজন করেন, তিনি কখন দুর্গতি প্রাপ্ত হয়েন না, যে ব্যক্তি একাদশীতে উপবাসী থাকিয়া দ্বাদশীতে বিষ্ণুর পূজা করেন, তিনি কখন দুর্গতি প্রাপ্ত হয়েন না ॥

এই একাদশী তিথি পরম পুণ্যস্বরূপা এবং পরমেশ্বর বিষ্ণুর অতিশয় তুষ্টিপ্রদায়িনী, উহাতেই অব্যক্ত জগন্নাথ ব্যক্তরূপে অবস্থিত আছেন। এই কারণ ঐ একাদশী মনুষ্যদিগের সমস্ত পাপ ও সর্ব্ব-

যা সা বিষ্ণুময়ী শক্তিরনন্তা ব্যাপ্য যা স্থিতা।
সা তেন তিথিরূপেণ দ্রষ্টব্যৈকাদশী সতী ॥ ৬৯ ॥
সনৎকুমারপ্রোক্তে ॥
কৃত্বা পাপসহস্রাণি ব্রহ্মহত্যা শতানি বৈ।
একামেকাদশীং ভক্ত্যা সমুপোষ্য শুচির্ভবেৎ ॥
একাদশীব্রতাদন্যদযদ্ব্রতং ক্রিয়তে নরৈঃ।
তৎফলং তদ্বিজানীয়াদ্দুঃখোদ্ভূতমিবাঙ্কুরং ॥
সৌরধর্ম্মে ॥
একতশ্চাগ্নিহোত্রাদি দ্বাদশীমেকতঃ প্রভুঃ।
তুলয়া তোলয়েত্তত্র দ্বাদশী চ বিশিষ্যতে ॥

তস্য অন্যব্রতস্য ফলং তৎ। একাদশীব্রতমেব বিশেষেণ জানীয়াৎ। কথমিব দুঃখেন অন্যব্রতপ্রয়াসেনোদ্ভূতমঙ্কুরং পুণ্যবীজোদ্ভেদমিব জানীয়াৎ। যদ্বা। তস্য ফলং তৎ বিজানীয়াৎ। কিমিত্যপেক্ষায়ামাহ। দুঃখস্যোদ্ভূতমঙ্কুরমিব। একাদশীব্রতত্যাগেনান্যব্রত-

প্রকার দুঃখ বিমোচন করেন ॥

যে সেই বিষ্ণুময়ী শক্তি অনন্ত স্বরূপা, যিনি ব্যাপ্যরূপে অবস্থিত আছেন, সেই হেতু তাঁহাকে একাদশী তিথিরূপে অবলোকন করিবে ॥ ৬৯ ॥

সনৎকুমারের বাক্যে ॥

মনুষ্য সহস্র সহস্র পাপ ও শত শত ব্রহ্মহত্যা করিয়াও যদি ভক্তিপূর্ব্বক একটীমাত্র একাদশীর উপবাস করে, তাহা হইলে সে পবিত্র হইবে ॥

মানবগণ একাদশীব্রত পরিত্যাগ করিয়া অন্য যে কোন ব্রত করে, সেই ব্রতের ভবিষ্যৎ দুঃখোৎপন্ন অঙ্কুরের ন্যায় ফল জানিতে হইবে ॥

সৌরধর্ম্মে ॥

ভগবান্ একদিকে অগ্নিহোত্রাদি যজ্ঞ এবং অন্যদিকে দ্বাদশী রাখিয়া তুলা করিয়াছিলেন, তাহাতে দ্বাদশীই বিশেষ হইয়াছিল ॥

দেবীরহস্য স্কন্দপুরাণয়োঃ ॥

পাপং পঞ্চবিধং প্রোক্তং পাতকঞ্চাতিপাতকং।
উপপাতকসংজ্ঞঞ্চ মহাপাতকমেব চ।
প্রকীর্ণকঞ্চ তৎ সর্ব্বমেকাদশ্যামুপোষণাৎ।
বিলয়ং যাতি তোয়স্থং যথাচৈবামভাজনং ॥

দেবীরহস্যে ॥

গায়ত্রীহ যথা সর্ব্বপাপপঞ্জরভেদিনী।
একাদশী তথা সর্ব্বপাপপঞ্জরভেদিনী ॥

বায়ব্যে স্কান্দে চ ॥

অভোজ্যভোজনাজ্জাতমগম্যাগমনাচ্চ যৎ।
অযাজ্যযাজনাদ্যচ্চ অভক্ষ্যাণাঞ্চ ভক্ষণাৎ।
অস্পৃশ্যস্পর্শনাদ্যচ্চ পরেষাং নিন্দয়া চ যৎ।
আত্মসম্ভাবনাদ্যচ্চ পরদার্য্যকৃতঞ্চ যৎ।
বিহিতাকরণাদ্যচ্চ পরবিত্তাপহারতঃ।

---

করণাদ্দুঃখমেবোপার্জ্জিতমিত্যর্থঃ। পাতকং পাতিত্যকারকং। অতিপাতকং স্নুষাগমনাদি।

---

দেবীরহস্যে ও স্কন্দপুরাণে ॥

পাতক, অতিপাতক, উপপাতক, মহাপাতক এবং প্রকীর্ণক, এই পঞ্চ প্রকার পাপ কথিত হইয়াছে, তৎসমুদায় একাদশীতে উপবাস হেতু জলস্থ মৃণ্ময় আমপাত্রের ন্যায় বিনাশ প্রাপ্ত হয় ॥

দেবীরহস্যে ॥

ইহলোকে গায়ত্রী যেমন সর্ব্ব প্রকার পাপপঞ্জর ভেদ করেন, তাহার ন্যায় একাদশীও সমস্ত পাপপঞ্জর ভেদ করিয়া থাকেন ॥

বায়ুপুরাণে ও স্কন্দপুরাণে ॥

অভোজ্যভোজন, অগম্যাগমন, অযাজ্যযাজন, অভক্ষ্যভক্ষণ, অস্পৃশ্যস্পর্শন, পরনিন্দা, আত্মপ্রসংশা, পারদারিক, বিহিতের অক-

কামান্ধেন কৃতং যচ্চ পাতকং চোপপাতকং।
তৎ সর্ব্বং বিলয়ং যাতি একাদশ্যামুপোষণাৎ ॥
বিষ্ণুরহস্যে শ্রীব্রহ্মোক্তৌ ॥
মনসাপি চিকীর্ষন্তি দ্বাদশীং যে নরোত্তমাঃ।
তেঽপি ঘোরং ন পশ্যন্তি সংসারদুঃখসাগরং ॥
বিষ্ণুপুরাণে ॥
ওঁকারঃ সর্ব্ববেদানাং যথা চাদ্যঃ প্রপূজিতঃ।
তথা সর্ব্বব্রতানাঞ্চ দ্বাদশীব্রতমুত্তমং ॥
দ্বারকামাহাত্ম্যে।
শ্রীকৃষ্ণং প্রতি শ্রীচন্দ্রশর্ম্মোক্তৌ ॥
ত্বংপাদাম্বুজভক্তানাং ন দুঃখং পাপিনামপি।

উপপাতকং গোবধাদি। মহাপাতকং ব্রহ্মহত্যাদি। প্রকীর্ণং বহুবিধক্ষুদ্রপাপং বা ॥ ৭০ ॥

রণ, পরবিত্তের অপহরণ এই সকল দ্বারা জনিত এবং কামান্ধ হইয়া কৃত যে সকল পাতক বা উপপাতক তৎসমুদায় একাদশীর উপবাসে বিনষ্ট হয় ॥

বিষ্ণুরহস্যে শ্রীব্রহ্মার বাক্যে ॥

যে সকল নরোত্তম মনের দ্বারাও যদি দ্বাদশীর ব্রত করিতে ইচ্ছা করেন, তাহা হইলে তাঁহারাও আর ঘোরতর সংসাররূপ দুঃখসাগর অবলোকন করিবেন না ॥

বিষ্ণুপুরাণে ॥

যেমন ওঙ্কার সকল বেদের আদি বলিয়া পূজিত, তাহার ন্যায় সকল ব্রতের মধ্যে দ্বাদশী ব্রত উত্তম ॥

দ্বারকামাহাত্ম্যে শ্রীকৃষ্ণের প্রতি শ্রীচন্দ্রশর্ম্মার বাক্য ॥

হে ভগবন্! যখন তোমার চরণারবিন্দের ভক্ত পাপিদিগেরও

কিং পুনঃ পাপহীনানাং দ্বাদশীসেবিনাং নৃণাং ॥
তত্রৈব শ্রীবলিং প্রতি শ্রীপ্রহ্লাদোক্তৌ ॥
নোষ্ণত্বং দ্বিজরাজে হি শীতত্বং ন হুতাশনে।
বৈষ্ণবানামপাপত্বমেকাদশ্যুপবাসিনাং ॥ ৭০ ॥
বৈষ্ণবতন্ত্রে ॥
একাদশী মহাপুণ্যা বিষ্ণোরীশস্য বল্লভা।
তস্যামুপোষিতো যস্তু দ্বাদশ্যাং পূজয়েদ্ধরিং।
তস্য পাপানি নশ্যন্তি বিষ্ণৌ ভক্তিশ্চ জায়তে ॥
বৃহন্নারদীয়ে একাদশীমাহাত্ম্যারম্ভে ॥
মহাপাতকযুক্তো বা যুক্তো বা সর্ব্বপাতকৈঃ।
একাদশ্যাং নিরাহারঃ স্থিত্বা যাতি পরং পদং ॥

অধুনা বিশেষতো ভগবদ্বল্লভত্বেন ভগবদ্ভক্তিতল্লোকাদিপ্রাপ্তিমহাফলং বৈষ্ণবতন্ত্রাদি·

দুঃখ হয় না, তখন পাপহীন দ্বাদশীব্রতপরায়ণ মানবদিগের কথা কি ?॥

ঐ গ্রন্থে শ্রীবলির প্রতি শ্রীপ্রহ্লাদের বাক্যে ॥

যেমন চন্দ্রে উষ্ণত্ব নাই, যেমন অগ্নিতে শীতলত্ব নাই, তাহার ন্যায় একাদশ্যুপবাসি বৈষ্ণবদিগের পাপ থাকে না ॥ ৭০ ॥

বৈষ্ণবতন্ত্রে ॥

যে ব্যক্তি মহাপুণ্যস্বরূপা পরমেশ্বর বিষ্ণুর বল্লভা একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতে হরিপূজা করেন, তাঁহার সমুদায় পাপ নষ্ট হয় এবং বিষ্ণুতে ভক্তি জন্মায় ॥

বৃহন্নারদীয়পুরাণে একাদশীর মাহাত্ম্যের আরম্ভে ॥

মহাপাপে যুক্ত হউক বা সকল পাপেই লিপ্ত হউক, একাদশীতে নিরাহার থাকিলে পরমপদ প্রাপ্ত হইবে ॥

বায়ুপুরাণে ॥

একাদশীব্রতং যস্তু ভক্তিমান্ কুরুতে নরঃ।

স সর্ব্বপাপবিনির্মুক্তঃ স বিষ্ণোর্যাতি মন্দিরং ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

একাদশ্যুপবাসং যঃ শ্রদ্ধয়া কুরুতে নরঃ।

স সর্ব্বপাতকৈঃ সদ্যস্ত্বচেবাহির্বিমুচ্যতে।

ন পশ্যত্যাময়ং নাপি নরকান্তরযাতনাং।

স নমস্যঃ প্রপূজ্যশ্চ বাসুদেবপ্রিয়ো হি সঃ ॥

গারুড়ে ॥

একাদশীব্রতং ভক্ত্যা যঃ করোতি নরঃ সদা।

স বিষ্ণুলোকং ব্রজতি যাতি বিষ্ণোঃ স্বরূপতাং ॥

আগ্নেয়ে ॥

---

বচনৈরন্তে দর্শয়তি একাদশীত্যাদিনা স্বরূপতামিত্যন্তেন ॥ ৭১ ॥

---

বায়ুপুরাণে ॥

যে ভক্তিমান্ মনুষ্য একাদশীর ব্রত করেন, তিনি সমস্ত পাপ বিনির্ম্মুক্ত হইয়া বিষ্ণুমন্দিরে গমন করিবেন ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যে মনুষ্য শ্রদ্ধাসহকারে একাদশীর উপবাস করেন, তিনি সদ্যঃ কঞ্চুক মুক্ত সর্পের ন্যায় সমুদায় পাপ হইতে বিনির্ম্মুক্ত হয়েন এবং তিনি রোগ বা নরক গত যাতনা অবলোকন করেন না এবং তিনি নমস্য, পূজ্য ও বাসুদেবের প্রিয় হয়েন ॥

গরুড়পুরাণে ॥

যে মনুষ্য ভক্তিসহকারে সর্ব্বদা একাদশীর ব্রত করেন, তাঁহার বিষ্ণুলোকে গতি হয় এবং বিষ্ণুর স্বারূপ্য প্রাপ্ত হয়েন ॥

অগ্নিপুরাণে ॥

একাদশ্যুপবাসং যঃ সদা তু কুরুতে নরঃ ।
স যাতি পরমং স্থানং যত্র দেবোহরিঃ স্থিতঃ ॥
শিবপুরাণে ॥
যঃ করোতি নরোভক্ত্যা একদশ্যামুপোষণং ।
স যাতি বিষ্ণুসালোক্যং প্রাপ্য বিষ্ণোঃ স্বরূপতাং ॥ ৭১ ॥
ঈদৃঙ্মাহাত্ম্যরত্নানি শাস্ত্রাম্ভোধৌ স্ফুরন্ত্যপি ।
কঃ সংগ্রহীতুং শক্তঃ স্যাদত্র কৃষ্ণকৃপাং বিনা ॥ ৭২ ॥
অথোপবাসদিননির্ণয়ঃ ॥
একাদশী চ সম্পূর্ণা বিদ্ধেতি দ্বিবিধা স্মৃতা ।

---

ইদানীং মাহাত্ম্যলিখনমুপসংহরন্ পরমোপাদেয়ানামপি তন্মাহাত্ম্যবচনানাং সর্ব্বেষাং লিখনাসম্ভবং ব্যঞ্জয়তি ঈদৃগিতি । স্ফুরন্তি । প্রসিদ্ধতয়া প্রকাশমানান্যপি। অতো নিজাযোগ্যত্বেন তদানন্ত্যেন চ তানি সর্ব্বাণ্যত্র সংগৃহ্য লিখিতুং ন শক্যন্ত ইত্যর্থঃ ॥ ৭২ ॥

বিদ্ধৈকাদশী চ অগ্রে লেখ্যেন বেধাতিবেধমহাবেধযোগা ইতি ভেদচতুষ্টয়েন সন্দিগ্ধা সংযুক্তাদিভেদত্রয়েণ চ কিম্বা স্বতঃ সাম্যন্যূনতাধিক্যৈর্দ্বাদশ্যাশ্চ সাম্যন্যূনতাধিক্যৈর্নবভেদতো নানাবিধা ভবতি। তত্র পূর্ব্ববিদ্ধোত্তরবিদ্ধয়োর্মধ্যে পূর্ব্বয়া দশম্যা বিদ্ধা ত্যাজ্যা নোপোষ্যেত্যর্থঃ। অত্র চ ত্যাজ্যেতি সামান্যনির্দ্দেশেন সর্ব্বৈরেব পরিত্যাজ্যেতি বোদ্ধব্যং

---

যে মনুষ্য সর্ব্বদা একাদশীতে উপবাস করেন, যে স্থানে দেবোত্তম হরি অবস্থিত, তিনি সেই স্থানে গমন করিবেন ॥

শিবপুরাণে ॥

যে মনুষ্য ভক্তিসহকারে একাদশীতে উপবাস করেন, তিনি বিষ্ণুর স্বারূপ্য প্রাপ্ত হইয়া বিষ্ণুসালোক্যে গমন করিবেন ॥ ৭১ ॥

শাস্ত্রসমুদ্র মধ্যে একাদশীর এই সকল মাহাত্ম্যরত্ন প্রকাশ পাইতেছে, শ্রীকৃষ্ণের কৃপা ব্যতিরেকে এই স্থলে কে তাহা সংগ্রহ করিতে সমর্থ হইবে ? ॥ ৭২ ॥

অথ উপবাসদিননির্ণয় ॥

একাদশী সম্পূর্ণা ও বিদ্ধা ভেদে দুই প্রকার হয়। বিদ্ধারও পূর্ব্ব-

বিদ্ধা চ বিবিধা তত্র ত্যাজ্যা বিদ্ধা তু পূর্ব্বজা ॥ ৭৩ ॥

তথাচ পৈঠীনসিঃ ॥

নাগবিদ্ধা চ যা ষষ্ঠী শিববিদ্ধা চ সপ্তমী।
দশম্যেকাদশী বিদ্ধা তত্র নোপবসেদ্বুধঃ ॥

সারদাপুরাণে ॥

একাদশী তথা ষষ্ঠী পৌর্ণমাসী চতুর্দ্দশী।
তৃতীয়া চ চতুর্থী চ অমাবস্যাষ্টমী তথা।
উপোষ্যোঃ পরসংযুক্তা নোপোষ্যাঃ পূর্ব্বসংযুতাঃ ॥ ৭৪ ॥

সৌরধর্ম্মোত্তরে চ ॥

একাদশীমুপবসেদ্দ্বাদশীমথবা পুনঃ।

ততশ্চ শুদ্ধৈব দ্বাদশী রাজন্নুপোষ্যা মোক্ষকাঙ্ক্ষিভিঃ। সকামৈর্গৃহিভিঃ পূর্ব্বা বিদ্ধাপীতি বিনিশ্চয়ঃ ইতি পুরাণসমুচ্চয়াদিবচনার্থোনিরস্তঃ। তদযুক্তিশ্চাগ্রে দর্শয়িতব্যেতি দিক্ ॥৭৩॥

নাগঃ পঞ্চমী তেন বিদ্ধা শিবঃ ষষ্ঠী তেন বিদ্ধা ॥ ৭৪ ॥

বিমিশ্রাং একাদশীং দ্বাদশীং চান্যোন্যমিলিতাং একাদশীযুক্তাং দ্বাদশীমিত্যর্থঃ ॥ ৭৫ ॥

বিদ্ধা পরবিদ্ধা প্রভৃতি বহু প্রকার ভেদ আছে, তন্মধ্যে পূর্ব্ববিদ্ধা পরিত্যাগ করিবে ॥ ৭৩ ॥

অতএব পৈঠীনসি বলিয়াছেন ॥

পণ্ডিত ব্যক্তি পঞ্চমী বিদ্ধা ষষ্ঠী, ষষ্ঠী বিদ্ধা সপ্তমী এবং দশমী-বিদ্ধা একাদশী, এই সকলে উপবাস করিবেন না ॥

সারদাপুরাণে ॥

একাদশী, ষষ্ঠী, পৌর্ণমাসী, চতুর্দ্দশী, তৃতীয়া, চতুর্থী, অমাবস্যা এবং অষ্টমী, এই সকল পরসংযুক্ত হইলে উপবাসযোগ্য, পূর্ব্বসংযুক্ত হইলে উপবাসযোগ্য হয় না ॥ ৭৪ ॥

সৌরধর্ম্মোত্তরেও ॥

একাদশী বা দ্বাদশীতে উপবাস করিবে অথবা একাদশীযুক্ত দ্বাদ-

বিমিশ্রাং বাপি কুর্ব্বীত ন দশম্যা যুতাং ক্বচিৎ ॥ ৭৫ ॥

অথ সামান্যতো বিদ্ধোপবাসদোষঃ।

তত্র ব্রহ্মবৈবর্ত্তে॥

ভূতবিদ্ধাত্বমাবস্যা দশম্যেকাদশীযুতা।

দিশা বিদ্ধা তু সা স্বর্গং হন্তি পুণ্যং পুরা কৃতং ॥ ৭৬ ॥

নারদঃ ॥

দশম্যনুগতা যত্র তিথিরেকাদশী ভবেৎ।

তত্রাপত্যবিনাশঞ্চ পরেত্য নরকং ব্রজেৎ ॥ ৭৭ ॥

নোপোষ্যা দশমী বিদ্ধা সদৈবৈকাদশীতিথিঃ।

সমুপোষ্য নরোজহ্যাৎ পুণ্যং বর্ষশতোদ্ভবং ॥

ভূতেন চতুর্দ্দশ্যা বিদ্ধা। একাদশ্যা যুতা দশমী চ ভবেৎ। সা একাদশী তু দিশয়া দশম্যা বিদ্ধা স্বর্গং পুণ্যঞ্চ হন্তি ॥ ৭৬ ॥

অপত্যানাং বিনাশং ব্রজেৎ প্রাপ্নোতি বিনাশ ইতি বা পাঠঃ ॥ ৭৭ ॥

ভার্য্যয়া সহ গান্ধারীসহিতস্ত তব। তস্যাস্তব যদর্থং পুত্রবিয়োগোঽভূৎ তস্যেদং

শীতে উপবাস করিবে, কিন্তু দশমীযুক্ত একাদশীতে কখন উপবাস করিবে না ॥ ৭৫ ॥

অথ সামান্যতঃ বিদ্ধার উপবাসে দোষ।

তদ্বিষয়ে ব্রহ্মবৈবর্ত্তে ॥

চতুর্দ্দশী বিদ্ধা অমাবস্যা, একাদশীযুক্ত দশমী এবং দশমী বিদ্ধা একাদশী, এই সকল স্বর্গ ও পূর্ব্বকৃত পুণ্য বিনষ্ট করে ॥ ৭৬ ॥

নারদ ॥

যে ব্রতে দশমীর অনুগামিনী একাদশী তিথি হয়, সেই ব্রতে সন্তান বিনাশ এবং মৃত্যুর পর নরকে গমন হয় ॥ ৭৭ ॥

কখন দশমী বিদ্ধা একাদশীতে উপবাস করিবে না, যদি কোন মনুষ্য উপবাস করে, তাহা হইলে তাহার একশত বৎসরের পুণ্য বিনষ্ট হয় ॥

কিঞ্চ ॥

দশম্যা চৈব বিদ্ধায়ামেকাদশ্যামুপোষিতঃ।
তস্যায়ুঃ ক্ষীয়তে নিত্যং নারদোঽহং ব্রবীমি বঃ।
সত্যং সত্যং বিনশ্যেত সন্ততিস্তু ন চান্যথা ॥

কিঞ্চ ॥

মুহূর্ত্তেনাপি সংযুক্তা দশম্যৈকাদশী তু যা।
তামুপোষ্য নরো মোহাৎ সুখাদ্ধর্ম্মাচ্চ হীয়তে ॥

বশিষ্ঠশ্চ ॥

দশম্যৈকাদশী যত্র তত্র নোপবসেদ্বুধঃ।
অপত্যানি বিনশ্যন্তি স্বর্গলোকং ন গচ্ছতি ॥

ব্রাহ্মে ব্রতখণ্ডে ॥

---

আরও ॥

আমি নারদ তোমাদিগকে পুনঃ পুনঃ সত্য করিয়া বলিতেছি, যে ব্যক্তি দশমী বিদ্ধা একাদশীতে উপবাস করিবে, নিত্য তাহার আয়ুঃ-ক্ষয় এবং পুত্র কন্যা বিনষ্ট হইবে, ইহার অন্যথা নাই ॥

আরও ॥

যে একাদশী মুহূর্ত্তমাত্র দশমীর সহিত সংযুক্ত হয়, মনুষ্য ভ্রমবশতঃ যদি তাহাতে উপবাস করেন, তাহা হইতে তাহার সুখ ও ধর্ম্ম বিনষ্ট হইবে ॥

বশিষ্ঠ ॥

যে দিবস দশমীর সহিত একাদশী সংযুক্ত, পণ্ডিত ব্যক্তি সে দিবসে উপবাস করিবেন না, করিলে সন্তান বিনষ্ট হইবে এবং স্বর্গলোকে গমন করিতে পারিবেন না ॥

ব্রহ্মপুরাণে ব্রতখণ্ডে ॥

উপোষ্যৈকাদশীং মোহাদ্দশমীশেষসংযুতাং।
ন নরঃ সুখমাধত্তে ইহলোকে পরত্র চ॥
ধৃতরাষ্ট্রেণ মৈত্রেয়ঃ পৃষ্টঃ প্রাহ নরাধিপং।
তদর্থং তে বিয়োগোঽভূৎ পুত্রাণাং ভার্য্যয়া সহ।
পূর্ব্বং ত্বয়া সভার্য্যেণ দশমীশেষসংযুতা।
কৃতা চৈকাদশী রাজন্ তস্মেদং কারণং মতং॥ ৭৮॥
কিঞ্চ তত্রৈব॥
ন চাহং স্বৈরিণী ভার্য্যা ন চাহমপতিব্রতা।
ন চেহকলুষং যেন কিং পাপং ত্বন্যজন্মনি।
রামপত্ন্যা বচঃ শ্রুত্বা বাল্মীকির্মুনিপুঙ্গবঃ।

করণমিত্যন্বয়ঃ। তদেবাহ পূর্ব্বমিতি॥ ৭৮॥
ন চাহমিত্যাদি বচঃ। দশমীযুক্তামেকাদশীং॥ ৭৯॥

মনুষ্য যদি দশমীর শেষসংযুক্ত একাদশীতে উপবাস করে, তাহা হইলে সে ইহলোক বা পরলোক কোন লোকেই সুখ লাভ করিতে পারিবে না॥

ধৃতরাষ্ট্র মৈত্রেয় মুনিকে আপনার পুত্রমরণের বিষয় জিজ্ঞাসা করিলে, মৈত্রেয় ধৃতরাষ্ট্রকে কহিলেন, রাজন্! ভার্য্যার সহিত তোমার যে জন্য পুত্র সকলের বিয়োগ হইয়াছে, তাহার কারণ এই যে, তুমি ভার্য্যার সহিত পূর্ব্বে দশমীশেষসংযুক্তা একাদশীতে উপবাস করিয়াছিলে॥ ৭৮॥

আরও ঐ ব্রহ্মপুরাণেই॥

হে মহারাজ! এক দিবস বাল্মীকি মুনিকে সীতা জিজ্ঞাসা করিয়াছিলেন, মুনে! আমি স্বৈরিণী ভার্য্যা নহি, আমি অপতিব্রতা নহি, এ জন্মে আমার কোন পাপ নাই, আমি অন্য জন্মে কি পাপ করিয়াছিলাম? রামপত্নীর এই বাক্য শ্রবণ করিয়া মুনিশ্রেষ্ঠ বাল্মীকি বহুক্ষণ

চিরং ধ্যাত্বা মহারাজ মামুবাচেদৃশং বচঃ ॥ ৭৯ ॥
দশম্যৈকাদশীং পূর্ব্বং সমুপোষ্য জনার্দ্দনঃ।
অভ্যর্চ্চিতস্ত্বয়া দেবি তস্যেদং কর্ম্মণঃ ফলং ॥ ৮০ ॥
কিঞ্চ ॥
বসিষ্ঠঃ সমুবাচেদং পৃষ্টো মান্ধাতৃভার্য্যয়া।
দশম্যৈকাদশী দেবি পুরা চোপোষিতা ত্বয়া ॥ ৮১ ॥
তেন তে কর্ম্মণা চেহ স্বভর্তৃসুতবান্ধবৈঃ।
বিয়োগঃ সমনুপ্রাপ্তঃ সত্যং বিদ্ধি পতিব্রতে ॥
যানি যানীহ পাপানি ত্রৈলোক্যে সম্ভবন্তি বৈ।
তেষাং স্থানং দশম্যা বৈ সহিতৈকাদশী মতা।
সপ্তজন্মকৃতং পুণ্যং নশ্যেত নাত্র সংশয়ঃ ॥

দেবি হে শ্রীসীতে ॥ ৮০ ॥
তামিতি পাঠে মান্ধাতৃভার্য্যাং প্রত্যুবাচ। দেবি হে রাজ্ঞি মান্ধাতৃভার্য্যে ॥ ৮১ ॥

যাবৎ চিন্তা করিয়া তাঁহাকে এই কথা কহিলেন ॥ ৭৯ ॥

দেবি! তুমি পূর্ব্বে যে দশমী সংযুক্তা একাদশীতে উপবাস করিয়া জনার্দ্দনের পূজা করিয়াছিলে, সেই কর্ম্মেরই এই ফল ॥ ৮০ ॥

আরও ॥

মান্ধাতৃভার্য্যা বসিষ্ঠকে জিজ্ঞাসা করিলে, বসিষ্ঠ এই বলিয়াছিলেন, দেবি! তুমি পূর্ব্বে দশমী সংযুক্তা একাদশীতে উপবাস করিয়াছিলে ॥ ৮১ ॥

হে পতিব্রতে! সেই কর্ম্ম দ্বারা তোমার এ জন্মে পতি, পুত্র ও বান্ধবগণের সহিত বিয়োগ উপস্থিত হইয়াছে, সত্য জানিবে ॥

এই ত্রৈলোক্যে যত যত পাপ সম্ভব হয়, দশমীর সহিত একাদশী সেই সকল পাপের স্থান বলিয়া সম্মত। দশমীসংযুক্ত একাদশীর উপবাস করিলে সপ্তজন্মকৃত পুণ্য বিনষ্ট হয়, এ বিষয়ে সংশয় নাই ॥

কৌর্ম্মনারদীয় বিষ্ণুরহস্যেষু ॥

দশমীশেষসংযুক্তাং যঃ করোতি বিমূঢ়ধীঃ।
একাদশীফলং তস্য ন স্যাদ্দ্বাদশবার্ষিকং ॥
যৈঃ কৃতা দশমীবিদ্ধা বিদ্যামোহেন মানবৈঃ।
তে গতা নরকং ঘোরং যুগানামেকসপ্ততিং ॥

কিঞ্চ ॥

দশমীবেধসংযুক্তামুপোষ্যৈকাদশীং কিল।
সম্বৎসরকৃতেনেহ নরো ধর্ম্মেণ মুচ্যতে ॥ ৮২ ॥

ভবিষ্যে ॥

পূর্ণা বিদ্ধাং পলার্দ্ধেন নন্দাং পূর্ণামপি ত্যজেৎ।
যদীচ্ছেদাত্মসন্তানং চতুর্ষু নিয়মেষ্বপি ॥ ৮৩ ॥

---

মুচ্যতে পরিত্যজ্যতে ॥ ৮২ ॥

পলার্দ্ধেনাপি পূর্ণয়া দশম্যা বিদ্ধাং নন্দামেকাদশীং সুপূর্ণামপি চতুর্ষু নিয়মেষু বক্ষ্যমাণোপোষিতাদিষু ত্যজেৎ ॥ ৮৩ ॥

---

কূর্ম্মপুরাণ, নারদীয়পুরাণ ও বিষ্ণুরহস্যে ॥

যে বিমূঢ়বুদ্ধি দশমীশেষসংযুক্ত একাদশীতে উপবাস করে, তাহার দ্বাদশ বৎসরের একাদশীর ফল বিনষ্ট হয় ॥

যে সকল মনুষ্য বিদ্যামদে মত্ত হইয়া দশমীবিদ্ধা একাদশীতে উপবাস করে, তাঁহাদের একসপ্ততি যুগ ঘোরতর নরকে বাস হয় ॥

আরও ॥

দশমীবেধসংযুক্ত একাদশীতে ব্রত করিলে মনুষ্যের সম্বৎসরকৃত ধর্ম্ম বিনষ্ট হয় ॥ ৮২ ॥

ভবিষ্যপুরাণে ॥

যদি কোন ব্যক্তি আপনার সন্তান ইচ্ছা করে, তাহা হইলে বক্ষ্যমাণ নিয়মচতুষ্টয়েতেও পলার্দ্ধ দশমীবিদ্ধা সম্পূর্ণা একাদশীও ত্যাগ করিবে ॥ ৮৩ ॥

নোপোষিতঞ্চ নক্তঞ্চ নৈকভক্তমযাচিতং।
নন্দায়াং পূর্ব্ববিদ্ধায়াং কুর্য্যাদৈশ্বর্য্যমোহিতঃ ॥ ৮৪ ॥
ব্রহ্মবৈবর্ত্তে ॥
গঙ্গোদকস্য সম্পূর্ণং যথা ত্যাজ্যং ঘটং ভবেৎ।
সুরাবিন্দুসমাযুক্তং তৎসর্ব্বং মদ্যতাং ব্রজেৎ ॥ ৮৫ ॥
হালাহলং বিষং রৌদ্রং কঃ পিবেন্মূঢ়ধীর্নরঃ।
দশমীশেষসংযুক্তাং ক উপোষ্যতি সদ্‌ব্রতী ॥ ৮৬ ॥
এবং জ্ঞাত্বা মুনিশ্রেষ্ঠ দশমীশেষসংযুতা।

একভক্তেন নক্তেনেত্যাদিনা কদাচিদশক্তাদীনামেকাদশীব্রতপালনার্থমেকভক্তাদিকং বিহিতমস্তি তদপি বিদ্ধায়াং বর্জ্জনীয়মিত্যাহ নোপোষিতমিতি। উপবাসং যথা তথেত্যর্থঃ ॥ ৮৪ ॥

ত্যাজ্যত্বে হেতুঃ সুরেত্যাদি ॥ ৮৫ ॥

এবং পরলোকে দুঃখহেতুত্বমুক্তং ইহলোকেঽপ্যাহ হালেতি। দশম্যাঃ শেষেণ যুক্তামেকাদশীমিতি শেষঃ ॥ ৮৬ ॥

যে ব্যক্তি একাদশী ব্রত করণে অসমর্থ, তিনিও যেন ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া পূর্ব্ব বিদ্ধা একাদশীর রাত্রিতে এক ভক্ত এবং অযাচিত-ব্রত দ্বারা উপবাস রক্ষা না করেন ॥ ৮৪ ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ॥

যেমন গঙ্গোদকের সম্পূর্ণ ঘটে সুরাবিন্দু সংযুক্ত হইলে তৎ সমুদায় মদ্যত্ব প্রাপ্ত হইয়া ত্যাজ্য হয় তদ্রূপ দশমী লেশ সংযুক্ত একাদশী অপবিত্র হইয়া থাকে ॥ ৮৫ ॥

কোন্ মূঢ়বুদ্ধি ব্যক্তি ভয়াবহ হলাহল বিষ পান করে এবং কোন্ সদ্‌ব্রতীই বা দশমীশেষসংযুক্ত একাদশীতে উপবাস করিয়া থাকে ॥৮৬॥

হে মুনিশ্রেষ্ঠ! বাসুদেবপ্রার্থি মুনিগণ এই সমুদায় অবগত হই-

বর্জ্জিতা মুনিভিঃ সর্ব্বৈর্বাসুদেবপরায়ণৈঃ ॥
গারুড়ে ॥
বিদ্ধামেকাদশীং বিপ্রাস্ত্যজন্ত্যেতাং মনীষিণঃ।
তস্যামুপোষিতো যাতি দারিদ্র্যং দুঃখমেব চ ॥
নারদীয়ে ॥
লববেধেঽপি বিপ্রেন্দ্র দশম্যেকাদশীং ত্যজেৎ।
সুরায়া বিন্দুনা স্পৃষ্টং গঙ্গাম্ভঃকলসং যথা।
শ্বদৃতৌ পঞ্চগব্যঞ্চ দশম্যা দূষিতং ত্যজেৎ ॥ ৮৭ ॥
স্কান্দে।
দ্বাপরান্তে তু গান্ধারী কুরুবংশবিবর্দ্ধিনী।
করিষ্যতি চ সেনানি মূঢ়ভাবাচ্ছিখিধ্বজ।

শুনোদৃতৌ চর্ম্মণি পঞ্চগব্যমিব ॥ ৮৭ ॥

য়াই দশমীশেষসংযুক্ত একাদশীকে উপবাস বিষয়ে পরিত্যাগ করিয়াছেন ॥

গরুড়পুরাণে ॥

হে ব্রাহ্মণগণ! পণ্ডিত সকল এই বিদ্ধা একদশীকে পরিত্যাগ করিয়া থাকেন, যে হেতু ইহাতে উপবাস করিলে দুঃখ ও দারিদ্র্য প্রাপ্তি হয় ॥

নারদপুরাণে ॥

হে বিপ্রেন্দ্র! যে রূপ সুরাবিন্দু স্পর্শে গঙ্গাজল পূর্ণ কলস বিনষ্ট হয়, তদ্রূপ দশমী লেশ সংযুক্ত একাদশীকেও পরিত্যাগ করিবে, যেমন কুক্কুরচর্ম্মসংস্থিত পঞ্চগব্য দূষিত, দশমী যুক্ত একাদশীও তদ্রূপ ॥ ৮৭ ॥

স্কন্দপুরাণে ॥

হে শিখিধ্বজ! হে কার্ত্তিকেয়! দ্বাপরযুগের অন্তে কুরুবংশ-

তেন পুত্রশতং তস্যা নাশমেষ্যত্যসংশয়ং।
কলা কাষ্ঠাপি যা চৈব দৃশ্যতে দশমী বিভো।
একাদশ্যাস্তু সেনানি কর্ত্তব্যা ন কথঞ্চন॥
কিঞ্চ॥
দশম্যেকাদশী যত্র তত্র সন্নিহিতোঽসুরঃ।
দ্বাদশ্যেকাদশী যত্র তত্র সন্নিহিতোহরিঃ॥ ৮৮॥
কিঞ্চ তত্রৈবোমামহেশ্বরসম্বাদে॥
স্বর্গাপেক্ষা মহাদেবি তেন ত্যক্তা ন সংশয়ঃ।
বাঞ্ছিতং নারকং সৌখ্যং বিদ্ধং কৃত্বা হরের্দিনং।
নিহতাঃ পিতরস্তেন দেবতানাং বধঃ কৃতঃ।
দত্তং রাজ্যন্তু দৈত্যানাং কৃত্বা বিদ্ধং হরের্দিনং।

তত্রাসুরসন্নিহিতে ইতি দৈত্যানাং তদুপবাসফলপ্রাপ্তেঃ॥ ৮৮॥
কারয়ন্তীতি বক্তব্যে কারাপয়ন্তীত্যার্ষং॥ ৮৯॥

বর্দ্ধিনী গান্ধারী মোহ বশতঃ দশমী বিদ্ধা একাদশীতে উপবাস করিবেন এবং সেই হেতুই তাঁহার এক শত সন্তান বিনষ্ট হইবে॥

হে কার্ত্তিকেয়! যে একাদশীতে কলা বা কাষ্ঠাপরিমিত দশমী বিদ্ধা দেখিবে, কখনও তাহাতে উপবাস করিবে না॥

আরও॥

যে দিনে দশমীযুক্ত একাদশী হয়, সে দিবস অসুরগণ তথায় অবস্থিত থাকে অর্থাৎ ঐ দিনে উপবাসের ফল অসুর সকলেই হরণ করিয়া লয় এবং যে দিনে একাদশীযুক্ত দ্বাদশী হয়, সে দিবস হরি তথায় সন্নিহিত থাকেন অর্থাৎ ঐ দিনে উপবাস করিলে যে ফল হয় তাহা সম্পূর্ণ প্রদান করেন॥ ৮৮॥

আরও ঐ স্কন্দপুরাণেই উমা মহেশ্বর সম্বাদে॥

হে মহাদেবি! যে ব্যক্তি বিদ্ধা একাদশীতে উপবাস করে সে নিশ্চয় স্বর্গসুখ পরিত্যাগ করিয়া নরক সুখে অভিলাষী হয়॥

বিদ্ধা একাদশীতে উপবাস করিলে পিতৃলোককে নিহত ও দেব

পিতৃভিঃ সহিতং বৈরং কৃতং তৈস্তু সুরৈঃ সহ।
কারাপয়ন্তি বিদ্ধং যে কুর্ব্বন্তি হরিবাসরং ॥ ৮৯ ॥
কিঞ্চ তত্রৈব ॥
যে শংসন্তি দিনং বিষ্ণোর্দশমীবেধদূষিতং।
জ্ঞেয়াস্তে পাপপুরুষাঃ শুক্রমায়াবিমোহিতাঃ।
উপোষণদিনে বিদ্ধে জাগরঃ পূজনং হরেঃ।
বৃথা দানাদিকং সর্ব্বং কৃতঘ্নেষু কৃতং যথা।
উপোষণদিনে বিদ্ধে প্রারব্ধে জাগরে সতি।
বিহায় স্থানং তদ্বিষ্ণুঃ শাপং দত্ত্বাপগচ্ছতি ॥ ৯০ ॥

শংসন্তি কর্ত্তুমুপদিশন্তি। ননু কথং তে পাপপুরুষাঃ বিদ্ধাপ্যবিদ্ধা বিজ্ঞেয়েত্যাদি-শাস্ত্রবিধানাৎ তত্রাহ শুক্রেতি। তদগ্রে ব্যক্তং ভাবি ॥ ৯০ ॥

গণকে বধ এবং অসুর সকলকে রাজ্য প্রদান করা হয় ॥

যে ব্যক্তি দশমীবিদ্ধা একাদশীতে উপবাস করে বা করায় সে পিতৃলোকের সহিত বৈরতা ও দেবগণের সহিত শত্রুতা করিয়া থাকে ॥ ৮৯ ॥

আরও ঐ স্কন্দপুরাণে ॥

যে ব্যক্তি দশমীবেধদূষিত হরিবাসরে উপবাস করিতে উপদেশ প্রদান করে, সেই পাপপুরুষ নিশ্চয় শুক্রমায়ায় বিমোহিত হইয়াছে জানিতে হইবে ॥

যে রূপ কৃতঘ্ন ব্যক্তির কার্য্য সকল বিফল হয়, তদ্রূপ দশমী বিদ্ধা একাদশীতে জাগরণ, হরিপূজন ও দানাদি সমুদায় কার্য্য বিফল হইয়া থাকে ॥

দশমীবিদ্ধা একাদশীতে জাগরণ আরম্ভ করিলে ভগবান্ হরি ঐ জাগরণকারিকে শাপ দিয়া তথা হইতে প্রস্থান করেন ॥ ৯০ ॥

কিঞ্চ ॥

একাদশীং যদা বিদ্ধাং কুরুতে চারুলোচনে।
দশমীবেধজং পাপং নশ্যতে কৃষ্ণদর্শনাৎ।
নচাস্তি সংশয়ঃ কশ্চিৎ পুনর্ন কুরুতে যদি।
কারাপয়ন্তি যেত্বজ্ঞাঃ কূটযুক্তাস্তু হৈতুকাঃ ॥ ৯১ ॥
প্রেতযোনিং প্রপশ্যন্তি পিতৃভিঃ সহিতা নরাঃ।
দ্বাদশী দশমী বিদ্ধা ধনসন্তাননাশিনী।
ধ্বংসিনী সর্ব্বপুণ্যানাং কৃষ্ণভক্তিপ্রণাশিনী।
তত্রৈব শ্রীমার্কণ্ডেয়ভগীরথসম্বাদে ॥
ন স ভাগবতোজ্ঞেয়ো যঃ করোতি হরের্দিনং।
দশমীবেধসংযুক্তং পাপমূলং সদৈব হি।

কৃষ্ণদর্শনান্নশ্যতীতি পাপস্য মহত্তয়া প্রায়শ্চিত্তমপি দুর্ঘটং মহদুক্তং। পুনর্ন কুরুতে যদীত্যনেন পুনর্যদি বিদ্ধাং কুরুতে তদা পুনঃ পাপোৎপত্তেরনিষ্টমিবেতি বিদ্ধাকরণপাপস্য মহাভয়ানকত্বমুক্তং। কূটং শাঠ্যং তদ্যুক্তাঃ হৈতুকাঃ শুষ্কতর্কপরাঃ ॥ ৯১ ॥

নিষ্কলা শুদ্ধা দ্বাদশ্যেব মতা মুনিভিরুপবাসার্থমনুজ্ঞাতেত্যর্থঃ ॥ ৯২ ॥

হে চারুলোচনে! যদি বিদ্ধা একাদশীতে ব্রত করে, তবে দশমী-বেধ জনিত পাপ কৃষ্ণ দর্শনে বিনষ্ট হইবে, ইহাতে কোন সংশয় নাই কিন্তু পুনরায় যদি ঐ প্রকার বিদ্ধাতে ব্রত করে, তাহা হইলে পাপ গুরুতর হইবে, পরন্তু যাহারা শঠতাযুক্ত ও শুষ্ক তর্কপরায়ণ তাহা-রাই বিদ্ধাব্রতে ব্যবস্থা দিয়া থাকে ॥ ৯১ ॥

অতএব ঐ সকল মনুষ্য পিতৃগণের সহিত প্রেতযোনি দর্শন করিবে। দশমীবিদ্ধা দ্বাদশী ধন, সন্তান, সর্ব্বপ্রকার পুণ্য এবং কৃষ্ণভক্তি বিনাশ করে ॥

ঐ স্থলেই মার্কণ্ডেয় ও ভগীরথ সম্বাদে ॥

যে ব্যক্তি দশমীবেধসংযুক্ত একদশীর ব্রত করে, তাহাকে কখন ভগবদ্ভক্ত বলিয়া জানিবে না, ঐ দশমীবেধসংযুক্ত একাদশী সর্ব্বদাই পাপের মূল বলিয়া জানিতে হইবে ॥

পুরাণমন্যথা কৃত্বা করোত্যেকাদশীদিনং।
দশমীশেষসংযুক্তং স নরঃ পশুসন্ততিঃ।
ব্রহ্মঘ্নস্য চ যৎ পাপং স্ত্রীবালগুরুঘাতিনঃ।
দশমীশেষসংযুক্তং যঃ করোতি তদাপ্নুয়াৎ।
বৃষলীসেবনাৎ পাপং শ্বপচীগমনে চ যৎ।
তৎ পাপং জায়তে বিদ্ধং যঃ করোতি হরের্দিনং।
দশমীশেষসংযুক্তং নিষিদ্ধং বিষ্ণুনা পুরা।
তস্মাদ্ভাগবতৈর্ভূপ শোধয়িত্বা হরের্দিনং।
উপোষিতব্যং যত্নেন পূর্ব্বসঙ্গতিবর্জ্জিতং।
পৃথিব্যাং যানি পাপানি স্থূলসূক্ষ্মাণি ভূপতে।
তেষাং ফলমবাপ্নোতি সশল্যৈকাদশী ব্রতে।
কুরুতে বৈষ্ণবোভূত্বা সশল্যৈকাদশীব্রতং।

যে মনুষ্য পুরাণ অন্যথা করিয়া দশমীবেধসংযুক্ত একাদশীর ব্রত করে, তাহাকে পশুর সন্তান বলিয়া জানিতে হইবে ॥

ব্রহ্মহত্যাকারির যে পাপ হয় এবং স্ত্রী, বাল ও গুরু হত্যাকারির যে পাপ হয়, দশমীশেষসংযুক্ত একাদশী ব্রতকারী সেই পাপ প্রাপ্ত হইয়া থাকে ॥

বৃষলী গমনে যে পাপ হয়, শ্বপচী গমনে যে পাপ হয়, বিদ্ধা একাদশীব্রতকারির সেই পাপ জন্মিয়া থাকে ॥

হে রাজন্! পূর্ব্বকালে ভগবান্ বিষ্ণু দশমীশেষসংযুক্ত একাদশীব্রত নিষেধ করিয়াছেন, এজন্য ভগবদ্ভক্তগণ যত্ন পূর্ব্বক দশমীসংযুক্ত বর্জ্জনপুরঃসর হরিবাসর শোধন করিয়া উপবাস করিবেন ॥

হে ভূপতে! পৃথিবীতে স্থূল সূক্ষ্ম যত পাপ আছে, বিদ্ধা একাদশী ব্রতে সেই সমুদায় পাপের ফল লাভ হয় ॥

যিনি বৈষ্ণব হইয়া জ্ঞান পূর্ব্বকই হউক বা অজ্ঞান পূর্ব্বকই হউক

জ্ঞানতোঽজ্ঞানতোবাপি ন স বিষ্ণুপ্রিয়োভবেৎ।

কিঞ্চ তত্রৈবান্যত্র ॥

বিদ্ধামেকাদশীং মোহাদ্দশমীশেষসংযুতাং।

কুর্ব্বন্ন সুখমাধত্তে ইহলোকে পরত্র চ।

তস্মাদেকাদশীযুক্তা দশম্যা নরসত্তম।

ন কর্ত্তব্যা প্রযত্নেন নিষ্ফলা দ্বাদশী স্মৃতা ॥ ৯২ ॥

যথা চৈকাদশী রাজন্ দ্বাদশী চ তথা নৃণাং।

সমানা তৎফলা প্রোক্তা ব্রতেঽস্মিন্ চক্রপাণিনঃ ॥ ৯৩ ॥

দ্বারকামাহাত্ম্যে ॥

চন্দ্রশর্ম্মাণং প্রতি তৎ পিতৃণামুক্তৌ ॥

বর্জ্জনীয়ঞ্চ প্রযত্নেন বেধো দশমিসম্ভবঃ।

সমানা বিষ্ণুদৈবত্যেন। ততঃ তৎফলাঃ সমানফলাঃ। তত্র হেতুঃ ব্রত ইতি। চক্রপাণেরেব ব্রতদ্বয়মেতৎ অতস্তত্র সাম্যং। যুক্তমেবেত্যর্থঃ ॥ ৯৩ ॥

দশমীতি হ্রস্বত্বমার্ষং ॥ ৯৪ ॥

বিদ্ধা একাদশীতে ব্রত করেন, নিশ্চয় তিনি বিষ্ণুর প্রিয় হইবেন না ॥

আরও ঐ গ্রন্থের অন্য স্থানে ॥

যিনি ভ্রমক্রমে দশমীসংযুক্ত বিদ্ধা একাদশীতে ব্রত করেন, তাঁহার ইহলোক বা পরলোক কোন লোকেই সুখ লাভ হয় না। অতএব হে নরশ্রেষ্ঠ! দশমীযুক্ত একাদশীতে ব্রত করিবে না, মুনিগণ বিশুদ্ধ একাদশীব্রতেরই উপবাসে ব্যবস্থা করিয়াছেন ॥ ৯২ ॥

হে রাজন্! চক্রপাণি হরির এই ব্রতে মনুষ্য সকলের সম্বন্ধে যেমন একাদশী তদ্রূপই দ্বাদশী জানিতে হইবে ॥ ৯৩ ॥

দ্বারকামাহাত্ম্যে ॥

চন্দ্রশর্ম্মার প্রতি তদীয় পিতৃগণের বাক্যে ॥

হে পুত্র! যত্নসহকারে বেধযুক্ত একাদশী বর্জন করিবে, নতুবা

নোচেৎ পুত্র ন সন্দেহঃ প্রেতযোনিমবাপ্স্যসি ॥ ৯৪ ॥
হত্যা গচ্ছতি কাশ্যান্তু গয়ায়াং পৈতৃকং ঋণং।
দশমীবেধজং পাপং ন কাশ্যাং ন গয়াশিরে।
ত্রৈলোক্যসম্ভবং পাপং তেষাং ভবতি ভূতলে।
সশল্যং যে প্রকুর্ব্বন্তি বাসরং কৃষ্ণসংজ্ঞকং।
প্রেতত্বং দুঃসহং পুত্র দুঃসহা যমযাতনাঃ।
তত্রৈব তং প্রতি শ্রীভগবদুক্তৌ ॥
পুণ্যং সুসঞ্চিতং যাতি কল্পকোটিশতার্জ্জিতং।
সশল্যং যে প্রকুর্ব্বন্তি মুক্তিদং মম বাসরং।
অতএব তত্রৈব ভগবন্তং প্রতি তৎপ্রার্থনে ॥
দশমীবেধজং পাপং ত্বদ্দিনে মম পূর্ব্বজৈঃ।

---

প্রেতযোনি প্রাপ্ত হইবে সংশয় নাই ॥ ৯৪ ॥

হত্যাজনিত পাপ কাশীতে বিনষ্ট হয়, গয়ায় পিতৃঋণ হইতে মুক্ত হয়, কিন্তু দশমীবেধজনিত পাপ না কাশীতেই যায়, না গয়াক্ষেত্রেই বিনষ্ট হয় ॥

হে পুত্র! যে ব্যক্তি সশল্য অর্থাৎ দশমীবেধসংযুক্ত কৃষ্ণ-সংজ্ঞক বাসরে (একাদশীতে) উপবাস করে, তাহার দুঃসহ প্রেতত্ব এবং দুঃসহা যমযাতনা প্রাপ্তি হয় ॥

ঐ স্থলেই তাঁহার প্রতি শ্রীভগবানের বাক্যে ॥

ভগবান্ কহিলেন, যে ব্যক্তি মুক্তিপ্রদ আমার দিবসকে দশমীবেধ-সংযুক্ত করিয়া উপবাস করে, তাহার শতকোটি কল্পার্জিত সুসঞ্চিত পুণ্য বিনষ্ট হয় ॥

অতএব ঐ স্থানেই শ্রীভগবানের প্রতি তাহার প্রার্থনা বিষয়ে ॥

হে জনার্দ্দন! আমার পূর্ব্বপুরুষগণ তোমার দিনে অর্থাৎ একা-

যৎকৃতং নাশমায়াতু ত্বৎ প্রসাদাজ্জনার্দ্দন।
সবিদ্ধং ত্বদ্দিনে কৃষ্ণ যৎ কৃতং জাগরং বিভো।
তৎপাপং বিলয়ং যাতু লবণন্তু যথাম্ভসি॥ ৯৫॥
সবিদ্ধং বাসরং যস্মাৎ কৃতং মম পিতামহৈঃ।
প্রেতত্বং তেন সংপ্রাপ্তং মহাদুঃখপ্রদায়কং॥ ৯৬॥
পাদ্মে শ্রীভগবদ্ব্রহ্মসম্বাদে॥
শুক্রেণ মোহিতা বিপ্রা দৈত্যানাং কারণেন তু।
পুষ্ট্যর্থং দশমীবিদ্ধং কুর্ব্বন্তি মম বাসরং॥ ৯৭॥

জাগরমিতি নপুংসকত্বমার্ষং॥ ৯৫॥

বিদ্ধং বেধঃ তেন সহ বর্ত্তমানং। তৎ চাখ্যায়িকা তত্রৈব। চন্দ্রশর্ম্মা বিপ্রঃ শ্রীরুদ্রৈকভক্তঃ শ্রীভগবদ্বিমুখঃ কদাচিৎ স্বপ্নে দৃষ্টৈর্বিদ্ধাব্রতেন প্রেতত্বং গতৈস্তৎপিতৃগণৈঃ শ্রীভগবদ্ভক্ত্যর্থমুপদিষ্টো দ্বারকাং গত্বা ভগবন্তমারাধ্য সংপ্রার্থ্য সপিতৃকো বিমুক্তিং প্রাপেতি॥৯৬॥

হিরণ্যাক্ষবধপ্রসঙ্গে দৈত্যানাং বধং দুষ্করং দৃষ্ট্বা ব্রহ্মণা তৎকারণং পৃষ্টঃ শ্রীভগবানাহ শুক্রেণেত্যাদি। কারণমেবাহ পুষ্ট্যর্থমিতি মদীয়ং বাসরমেকাদশীদিনং॥ ৯৭॥

দশীতে যে দশমীবেধ জনিত পাপ করিয়াছেন, তাহা আপনার প্রসাদে নাশ প্রাপ্ত হউক॥

হে কৃষ্ণ! হে বিভো! তোমার দিনে সবিদ্ধ জাগর করায় যে পাপ হইয়াছে, জলে নিক্ষিপ্ত লবণের ন্যায় তৎ সমুদায় বিলয় প্রাপ্ত হউক॥ ৯৫॥

আমার পিতামহগণ যে হেতু সবিদ্ধ হরিবাসর করিয়াছিলেন, সেই কারণে তাঁহাদের মহা দুঃখপ্রদ প্রেতত্ব প্রাপ্তি হইয়াছে॥ ৯৫॥

পদ্মপুরাণে শ্রীমদ্ভগবৎ ব্রহ্মসম্বাদে॥

হিরণ্যাক্ষ বধপ্রসঙ্গে দৈত্যাদিগের বধ দুষ্কর দেখিয়া ব্রহ্মা কারণ জিজ্ঞাসা করিলে ভগবান্ কহিলেন, হে ব্রহ্মন্! বিপ্রগণ শুক্র মায়ায় বিমোহিত হইয়া এবং দৈত্য সকলের বধের কারণ ও পুষ্টি জন্য দশমী বিদ্ধ আমার বাসর অর্থাৎ একাদশীর ব্রত করিয়া থাকেন॥৯৭॥

বাসরং দশমীবিদ্ধং দৈত্যানাং পুষ্টিবর্দ্ধনং।
মদীয়ং নাস্তি সন্দেহঃ সত্যং সত্যং পিতামহ।
যাবদ্দশম্যা সংযুক্তং করিষ্যন্তি দিনং মম।
তৎপুণ্যং দৈত্যজাতীনাং সুরৈর্দত্তং পিতামহ।
তেন পুণ্যেন সংপুষ্টো হিরণ্যাক্ষঃ পিতামহ।
নির্জ্জিত্য বাসরং সংখ্যে হৃতং রাজ্যং দিবৌকসাং ॥ ৯৮ ॥
শুক্রেণ মোহিতাঃ সর্ব্বে দৈত্যানাং বিজয়ায় বৈ।
অতো বিদ্ধং প্রকুর্ব্বন্তি বাসরং মম মানুসাঃ।
মার্কণ্ড গচ্ছ ভদ্রন্তে ভূর্লোকস্ত মমাজ্ঞয়া।
দশমীবেধবিষয়ে মায়াং শুক্রস্য নাশয়ঃ ॥ ৯৯ ॥

অতএব তেন রাজ্যাদিহৃতং ॥ ৯৮ ॥

তত্রাধুনোপায়ঃ কঃ তত্রাহ মার্কণ্ডেতি। মায়াং শুক্রস্য নাশয়েতি বিদ্ধোপবাসবচনানি শুক্রমায়াকৃতান্যেবেত্যুপদিশ্য তত্রোপবাসং নিষেধয়েত্যর্থঃ ॥ ৯৯ ॥

হে পিতামহ! আমার বাসর অর্থাৎ একাদশী দশমীবিদ্ধ হইলে তাহা দৈত্য সকলের পুষ্টি বর্দ্ধন করে, আমি বারম্বার সত্য বলিতেছি, ইহাতে কোন সন্দেহ নাই ॥

হে পিতামহ! যত দিন দশমীসংযুক্ত আমার দিন অর্থাৎ একাদশীতে, উপবাস করিবে, দেবগণ তাহার পুণ্য অসুরদিগকে প্রদান করিয়াছেন। এই কারণে সেই পুণ্য দ্বারা হিরণ্যাক্ষ পরিপুষ্ট হইয়া যুদ্ধে ইন্দ্রকে জয় করত দেবতাদিগের রাজ্য হরণ করিয়াছিল ॥ ৯৮ ॥

মানবগণ শুক্র কর্ত্তৃক মুগ্ধ হইয়া অসুরদিগের জয়ের নিমিত্ত দশমীবিদ্ধ আমার বাসরে ব্রত করিতেছে। অতএব হে মার্কণ্ডেয়! তোমার কল্যাণ হউক, তুমি আমার আজ্ঞানুসারে পৃথিবীতে গমন করিয়া দশমী বেধ বিষয়ে শুক্রের মায়া বিনষ্ট কর ॥ ৯৯ ॥

শ্রীবিষ্ণোর্বচনং শ্রুত্বা মার্কণ্ডো মুনিসত্তম।
সংপ্রাপ্তো নৈমিষারণ্যং যত্র যজ্ঞপুমান্ হরিঃ।
মার্কণ্ডবচনং শ্রুত্বা ঋষয়ো নৈমিষালয়াঃ।
শুক্রমায়াবিনির্মুক্তা বিস্ময়ং পরমং গতাঃ॥ ১০০॥
ইন্দ্রদ্যুম্নায় কথিতং মহাভাগবতায় বৈ।
গত্বাশ্রমেষু সর্ব্বেষু কথিতং বনবাসিনাং॥ ১০১॥
হিত্বা শুক্রস্য বাক্যানি মার্কণ্ডবচনাজ্জনৈঃ।
ত্যক্তা দশমীসংযুক্তা বিপ্রাদ্যৈঃ পুণ্যকাঙ্ক্ষিভিঃ।
পূর্ণাবেধকুঠারেণ নরা দ্বাদশীপাদপং।
ছেদয়ন্তি চ যে পাপাঃ কল্পান্তং নারকা হি তে॥ ১০২॥

পরমং বিস্ময়ং গতা ইতি শাস্ত্রেষ্বপি তাদৃশমায়াসম্ভবাৎ॥ ১০০॥
বনবাসিনাং বনবাসিনঃ প্রতি কথিতং মার্কণ্ডেয়েন॥ ১০১॥
পূর্ণয়া দশম্যা বেধ এব কুঠারস্তেন ছেদয়ন্তি তত্র ব্রতদ্বারা॥ ১০২॥

মুনিসত্তম মার্কণ্ডেয় শ্রীবিষ্ণুর এই বাক্য শ্রবণ করিয়া যে স্থানে যজ্ঞপুরুষ হরি বিরাজমান, সেই নৈমিষারণ্যে গমন করিলেন। মার্কণ্ডেয়ের বাক্য শ্রবণ করিয়া নৈমিষারণ্যবাসি মুনিগণ পরম বিস্ময়াপন্ন হওত শুক্রমায়া হইতে বিনির্মুক্ত হইলেন॥ ১০০॥

অনন্তর মার্কণ্ডেয় পরম ভাগবত ইন্দ্রদ্যুম্নকে কহিয়া বনাশ্রমিদিগের আশ্রম সকলে গমন করত তাঁহাদিগের প্রতি ঐ প্রকার কহিলেন॥১০১

পরে মার্কণ্ডেয়ের বচনাধীন পুণ্যাকাঙ্ক্ষী বিপ্রাদি জনসমূহ শুক্রের বাক্য সকল উল্লঙ্ঘন করত দশমীসংযুক্ত একাদশী পরিত্যাগ করিলেন॥

যে সকল পাপপরায়ণ মানব পূর্ণা দশমীবেধরূপ কুঠার দ্বারা দ্বাদশীস্বরূপ বৃক্ষকে ছেদন করে, তাহাদের কল্পকাল পর্য্যন্ত নরকে বাস হয়॥ ১০২॥

ভবিষ্যে মার্কণ্ডেয়পুরাণে চ ॥

পূর্ণা বিদ্ধামুপাস্তে কো নন্দাং বেদবলাদপি।
কো বেদবচনাত্তাত গোসবে গাং নিহন্তি বৈ ॥ ১০৩ ॥
দশমীশেষসংযুক্তমাশ্রয়েৎ কো ব্রতং ব্রতী।
তস্মাদেকাদশী ত্যাজ্যা দশমীপলমিশ্রিতা।
উপোষ্যা দ্বাদশী শুদ্ধা ত্রয়োদশ্যাস্তু পারণং ॥

কৌর্ম্মে ব্রহ্মবৈবর্ত্তে চ ॥

শ্রীব্যাসসূতসম্বাদে ॥

সুপুণ্যৈকাদশী সূত যদি শল্যবিবর্জ্জিতা।

বেদলাদপীতি বেদেষু তাদৃশানি বচনানি ন সন্ত্যেব। সংস্বপি তদ্বলাৎ ক উপাস্তে অপি তু ন কোঽপি। কথঞ্চিৎ পূর্ব্ববৃত্তানামপি বচনানাং পরবচনৈর্বাধিতত্বাৎ। তত্র দৃষ্টান্তঃ। গোমেধে পূর্ব্বং বৃত্তমপি গোবধং কঃ কুর্য্যাৎ অধুনা কলিকালে তন্নিষেধাৎ। এবং শুক্রমায়াদিনা কথঞ্চিৎ পূর্ব্বং বৃত্তানামপি বিদ্ধোপবাসবচনানামধুনা শ্রীভগবদাজ্ঞয়া মার্কণ্ডেয়বচনেন নিষিদ্ধত্বাৎ পুনর্বিদ্ধোপবাসং কঃ কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১০৩ ॥

যদি শল্যবিবর্জ্জিতৈকাদশী সমুপোষিতা তদা সুপুণ্যা পরমমঙ্গলকারিণীত্যর্থঃ। সা চেৎ

ভবিষ্য ও মার্কণ্ডেয়পুরাণেও ॥

হে পুত্র! বেদে ব্যবস্থা থাকিলেও কোন্ ব্যক্তি পূর্ণা বিদ্ধা একাদশীতে উপবাস করে! কোন্ ব্যক্তিই বা বেদবচনাধীন গোমেধ যজ্ঞে গোবধ করিয়া থাকে! ॥ ১০৩ ॥

কোন্ ব্রতী ব্যক্তি দশমীশেষসংযুক্ত ব্রতকে আশ্রয় করে! অতএব দশমীপলমিশ্রিত একাদশী পরিত্যাগ করিয়া শুদ্ধা দ্বাদশীতে উপবাস করত ত্রয়োদশীতে পারণ করিবে ॥

কূর্ম্ম ও ব্রহ্মবৈবর্ত্তপুরাণেও ॥

শ্রীব্যাস সূতসম্বাদে ॥

হে সূত! যদি শল্যরহিত একাদশী সুন্দররূপে উপোষিতা হয়েন,

কর্ত্তুর্নিরয়পাতায় সশল্যা সমুপোষিতা।
শল্যং বেধ ইতি প্রোক্তং পুরাণার্থবিচক্ষণৈঃ ॥ ১০৪ ॥
কিঞ্চ তত্রৈব।
শ্রীসূতশৌনকসম্বাদে ॥
যে তু মিথ্যাভিধানেন মোহয়ন্তি নরা ভুবি।
বিমূঢ়াঃ পাপিনস্তেষাং রৌরবং শরণং চিরং।
অধ্যাপয়ন্ত্যবিজ্ঞেয়ং পণ্ডিতম্মন্যবুদ্ধয়ঃ।
কারয়ন্ত্যবুধা লোকে দ্বাদশীং দশমীযুতাং।
যে কারয়ন্তি কুর্ব্বন্তি দ্বাদশীং দশমীযুতাং।
শুদ্ধয়ে তম্মুখং বীক্ষ্য সূর্য্যদর্শনমাচরেৎ।

সশল্যা সমুপোষিতা তদা কর্ত্তুস্তৎকর্ত্তুর্নিরয়ে পতনায় ভবতি সৈব ॥ ১০৪ ॥
অধুনা বিদ্ধোপবাসোপদেশকান্নিন্দতি যে ত্বিতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। অবিজ্ঞেয়ং স্বয়ং

তাহা হইলে তাহা পরম মঙ্গলস্বরূপ হয়েন, আর যদি শল্যসংযুক্তা একাদশী উপোষিতা হয়েন, তাহা হইলে তিনি উপবাসকর্ত্তার নরকপাতের নিমিত্ত হয়েন। পুরাণবেত্তাসকল শল্যকে বেধ বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ১০৪ ॥

আরও ঐ স্থানেই।
শ্রীসূতশৌনকসম্বাদে ॥

যে সকল পাপপরায়ণ বিমূঢ় ব্যক্তি পৃথিবীতে মিথ্যা ব্যবস্থা দ্বারা নর সকলকে বিমোহিত করে, তাহাদের চিরকাল রৌরবনরকে বাস হয় ॥

যাহারা পণ্ডিতম্মন্যবুদ্ধি হইয়া অবিজ্ঞেয় অধ্যাপন করেন, যে সকল মূর্খ লোকমধ্যে দশমীযুক্ত দ্বাদশী ব্রত করায়, যাহারা ঐ প্রকার দশমীসংযুক্ত দ্বাদশী ব্রত করে বা করায়, তাহার মুখ দেখিলে শুদ্ধির নিমিত্ত সূর্য্য দর্শন করিবে অথবা "নমো নারায়ণায়" এই মন্ত্র

নমোনারায়ণায়েতি জপেদ্বা দ্বাদশাক্ষরং।
বরাকাঃ কিমু জানন্তি প্রাণিনঃ কার্য্যনিশ্চয়ং ॥ ১০৫ ॥
ধিগ্ ধিগ্ মূঢ়ধিয়ঃ পাপান্ ধর্ম্মবিপ্লবকারিণঃ।
হিংসিতো ভগবাংস্তেন দ্বাদশী দশমীযুতা।
কৃতা যেন দ্বিজশ্রেষ্ঠ সম্যগুক্তং ময়া তব।
সংস্থিতো ভগবান্ কৃষ্ণো দ্বাদশীরূপধৃক্ যতঃ।
তস্মাদসংশয়ং ত্যাজ্যা দ্বাদশী দশমীযুতা ॥ ১০৬ ॥
কিঞ্চ ॥
দ্বয়োর্ব্বিবদতোঃ শ্রুত্বা দ্বাদশীং সমুপোষয়েৎ।
পারণন্তু ত্রয়োদশ্যামেষ শাস্ত্রবিনির্ণয়ঃ ॥ ১০৭ ॥

জ্ঞাতুমশক্যমপ্যন্যানধ্যাপয়ন্তীতি ॥ ১০৫ ॥

বিদ্ধাকরণে চ মহাদোষবিশেষং পুনরাহ হিংসিত ইতি দ্বাভ্যাং ॥ ১০৬ ॥

কুতর্কবলতোবিবাদেনানিশ্চয়েঽপি জাতে বিদ্ধাং পরিত্যজ্য শুদ্ধা দ্বাদশ্যেবোপোষ্যেতি সনিশ্চয়মাহ দ্বয়োরিতি ॥ ১০৭ ॥

কিম্বা দ্বাদশাক্ষর মন্ত্র জপ করিবে, ক্ষুদ্র ব্যক্তিগণ কি প্রাণি সকলের কার্য্য নিশ্চয় জানিতে পারে ॥ ১০৫ ॥

ধর্ম্মবিনাশকারি পাপপরায়ণ মূঢ় ব্যক্তিদিগকে ধিক্ থাকুক। হে দ্বিজশ্রেষ্ঠ! যে ব্যক্তি দশমীসংযুক্ত দ্বাদশীতে উপবাস করে, আমি সম্যক্ রূপে তোমাকে কহিলাম, সে ব্যক্তি ভগবান্‌কে হিংসা করিয়াছে। যে হেতু ভগবান্ কৃষ্ণ দ্বাদশী রূপ ধারণ করিয়াছেন, এই কারণে দশমীসংযুক্ত দ্বাদশী পরিত্যাগ করিবে, ইহাতে কোন সংশয় নাই ॥ ১০৬ ॥

আরও ॥

যে স্থলে বাদিদ্বয়ের পরস্পর বিবাদ হইতেছে কিন্তু কুতর্ক বলে অনিশ্চয় হইলেও তাহা শ্রবণ করিয়া বিদ্ধা পরিত্যাগ পূর্ব্বক বিশুদ্ধ দ্বাদশীতে উপবাস করত ত্রয়োদশীতে পারণ করিবে, ইহাই শাস্ত্রের নিশ্চয় ॥ ১০৭ ॥

দ্বাদশী দশমীযুক্তা যত্র শাস্ত্রে প্রতিষ্ঠিতা।
ন তৎ শাস্ত্রমহং মন্যে যদি ব্রহ্মা স্বয়ং বদেৎ ॥ ১০৮ ॥

অতএব নারদীয়ে ॥

বহুবাক্যবিরোধেন সন্দেহো জায়তে যদা।
উপোষ্যা দ্বাদশী তত্র ত্রয়োদশ্যান্তু পারণং।

শ্রীমার্কণ্ডেয়েন চেন্দ্রদ্যুম্নং প্রতি
শ্রীভগবদাজ্ঞায়াঃ প্রতিপালনে।

বিবাদেষু চ সর্ব্বেষু দ্বাদশ্যাং সমুপোষণং।
পারণং হি ত্রয়োদশ্যামাজ্ঞেয়ং মামকী মুনে।
হেতুবাদো ন কর্ত্তব্যো হেতুনা পততে নরঃ।

অতএব পিতামহঃ ॥

---

নহু শাস্ত্রদৃষ্টেরবিবাদঃ তত্রাহ দ্বাদশীতি। অহং বেদব্যাসঃ ॥ ১০৮ ॥

বিদ্ধাবর্জ্জনমেব তিথিক্ষয়দিনোপবাসদোষদর্শনাদিনা সাধয়তি একাদশীত্যাদিনা।

---

যে শাস্ত্রে দশমীসংযুক্ত দ্বাদশী প্রতিষ্ঠিত হইয়াছে, তাহা যদি স্বয়ং ব্রহ্মাও বলিয়া থাকেন, তথাপি আমি ( বেদব্যাস ) তাহাকে শাস্ত্র বলিয়া মান্য করি না ॥ ১০৮ ॥

অতএব নারদপুরাণে ॥

যে স্থানে বহু বাক্য বিরোধে সন্দেহ জন্মে, সে স্থানে দ্বাদশীতে উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণ করিবে ॥

শ্রীমার্কণ্ডেয় কর্ত্তৃক ইন্দ্রদ্যুম্নের প্রতি
শ্রীভগবদাজ্ঞা প্রতিপালনে ॥

হে মুনে! যত যত বিবাদ উপস্থিত হয় তৎ সমুদায় আমার এই আজ্ঞা যে, দ্বাদশীতে উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণ করিবে, হেতুবাদ করিবে না, হেতুবাদ করিলে মনুষ্য নরকে পতিত হইবে ॥

অতএব পিতামহ বলিয়াছেন ॥

একাদশী দিনক্ষয়ে উপবাসং করোতি যঃ ।
তস্য পুত্রা বিনশ্যন্তি মঘায়াং পিণ্ডতো যথা ॥ ১০৯ ॥
দিনক্ষয়ে তু সংপ্রাপ্তে নোপোষ্যা দশমীযুতা ।
যদীচ্ছেৎ পুত্রপৌত্রাণাং বৃদ্ধিং সম্পদমাত্মনঃ ॥ ১১০ ॥
ব্যাসঃ ॥
একাদশীদিনে ক্ষীণে উপবাসী ভবেদ্গৃহী ।
অন্নাভাবে নিরুদ্ধো বা সঙ্কল্পাদ্বা বিশেষতঃ ।
ধর্ম্মহানিশ্চ ভবতি সন্ততির্নশ্যতি ধ্রুবং ।
তস্যায়ুঃ ক্ষীয়তে নিত্যং সম্বৎসরমিতি শ্রুতিঃ ।

একাদশীদিনস্য ক্ষয়ো দশম্যাঃ শেষানুবৃত্তাবেব স্যাৎ। অতস্তদ্দিনং বিদ্ধমেব তস্মিন্ য উপবাসং করোতি ॥ ১০৯ ॥

দশমীযুতেতি দ্বাদশীক্ষয়ব্যাবৃত্ত্যর্থং ॥ ১১০ ॥

ক্ষয়ে তিথিক্ষয়ে। দিনত্রয়ে ত্র্যহ ইত্যর্থঃ। এবং ত্রয়োদশীবিয়োগসংযোগাভ্যাং

একাদশী দিনক্ষয়ে অর্থাৎ দশমী, একাদশী ও দ্বাদশী এই ত্র্যহস্পর্শে যে ব্যক্তি উপবাস করে, মঘায় পিণ্ড দানের ন্যায় তাহার পুত্র বিনষ্ট হয় ॥ ১০৯ ॥

যদি আপনার পুত্রপৌত্রদিগের বৃদ্ধি ও আপনার সম্পদের ইচ্ছা থাকে, তাহা হইলে কখন দিনক্ষয় অর্থাৎ ত্র্যহস্পর্শ উপস্থিতে দশমী সংযুক্ত একাদশীর উপবাস করিবে না ॥ ১১০ ॥

ব্যাস বাক্য যথা ॥

গৃহস্থ ব্যক্তি যদি অন্নাভাবে নিরুদ্ধ হইয়া অথবা কামনা বিশেষ বশতঃ একাদশীর দিনক্ষয়ে অর্থাৎ দশমী, একদশী ও দ্বাদশী এই ত্র্যহস্পর্শে উপবাস করে, তাহা হইলে তাহার ধর্ম্মহানি হইবে, নিশ্চয় সন্তান মরিবে এবং নিত্য সম্বৎসর পরিমিত আয়ুঃক্ষয় পাইবে এইরূপ শ্রুত হইয়াছি ॥

অতএব গোভিলঃ ॥

একাদশ্যাং যদা ব্রহ্মন্ দিনক্ষয়তিথির্ভবেৎ।
তদা হ্যেকাদশীং ত্যক্ত্বা দ্বাদশীং সমুপোষয়েৎ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণং।

শ্রীনারদীয়ে ॥

ক্ষয়ে বাপ্যথবা বৃদ্ধৌ সংপ্রাপ্তে বা দিনত্রয়ে।
উপোষ্যা দ্বাদশী শুদ্ধা ত্রয়োদশ্যান্তু পারণং ॥ ১১১ ॥

কিঞ্চ ॥

দশম্যৈকাদশী বিদ্ধা পরতোদ্বাদশী ন চেৎ।
দ্বাদশী তু তদোপোষ্যা ত্রয়োদশ্যান্তু পারণং।

কৌর্ম্মে ॥

দিনক্ষয়ে তু সম্প্রাপ্তে উপোষ্যা দ্বাদশী ভবেৎ।
দশমীশেষসংযুক্তাং ন কুর্ব্বীত কদাচন।

ভেদঃ ॥ ১১১ ॥

অতএব গোভিল বলিয়াছেন ॥

হে ব্রহ্মন্! যখন একাদশীতে দিনক্ষয় (ত্র্যহস্পর্শ) তিথি হয়, তখন একাদশী পরিত্যাগ করিয়া দ্বাদশীতে উপবাস এবং ত্রয়োদশীতে পারণ করিবে। তাহা হইলে ঐ পারণ একশত যজ্ঞের ফলপ্রদ হইবে ॥ ১১১ ॥

আরও ॥

অপর দশমীবিদ্ধা একাদশীর পর যদি দ্বাদশী না থাকে, তাহা হইলে শুদ্ধা দ্বাদশীতে উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণ করিবে ॥

কূর্ম্মপুরাণে ॥

দিনক্ষয় (ত্র্যহস্পর্শ) উপস্থিত হইলে দ্বাদশীতে উপবাস করিবে,

কিঞ্চ ॥

তিথিবৃদ্ধৌ তথা হ্রাসে সংপ্রাপ্তে বা দিনক্ষয়ে।
সন্দিগ্ধেষু চ বাক্যেষু দ্বাদশীং সমুপোষয়েৎ ॥

ব্রাহ্মে ॥

তিথিচ্ছেদে তু সংপ্রাপ্তে দ্বাদশীং সমুপক্রমেৎ।
পারয়েত ত্রয়োদশ্যাং যদীচ্ছেচ্ছ্রেয় আত্মনঃ ॥ ১১২ ॥
জপে হোমে তথা দানে ব্রাহ্মণানাঞ্চ তর্পণে।
পারণে চাপি রাজেন্দ্র প্রশস্তা চ ত্রয়োদশী ॥

স্কান্দে চ ॥

একাদশ্যান্তু বিদ্ধায়াং নোপবাসার্চ্চনাদিকং।
দ্বাদশ্যামেব তৎ কুর্য্যাৎ ত্রয়োদশ্যান্তু পারণং।

---

তিথিচ্ছেদে তিথিক্ষয়ে ॥ ১১২ ॥

যচ্চোক্তং বিষ্ণুরহস্যাদৌ। পারণন্তু ন কর্ত্তব্যমুপোষ্যৈকাদশীমিহ। ত্রয়োদশ্যাং নরৈর্নিত্যং ধর্ম্মবৃদ্ধিমভীপ্সুভিরিত্যাদি। তত্রাহ জপ ইতি। এবং ত্রয়োদশীপারণনিষেধ-

---

কখন দশমীশেষসংযুক্তা একাদশীতে উপবাস করিবে না ॥

আরও ॥

একাদশী তিথির বৃদ্ধি বা ক্ষয় কিম্বা ত্র্যহস্পর্শ উপস্থিত হইলে অথবা বাক্য সকলের সন্দেহ ঘটিলে দ্বাদশীতে উপবাস করিবে ॥

ব্রহ্মপুরাণে ॥

যদি কোন ব্যক্তি আপনার কল্যাণ ইচ্ছা করেন, তাহা হইলে তিনি দ্বাদশীতে উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণ করিবেন ॥ ১১২ ॥

হে রাজেন্দ্র! জপ, হোম, দান, ব্রাহ্মণাদিগের তৃপ্তি এবং পারণ এই সকলে ত্রয়োদশীই প্রশস্তা ॥

স্কন্দপুরাণে ॥

একাদশী বিদ্ধা হইলে তাহাতে উপবাস অথবা অর্চ্চনাদি করিবে না, তৎসমুদায় দ্বাদশীতে করিয়া ত্রয়োদশীতে পারণ করিবে, তাহা হইলে

শতযজ্ঞাধিকং পুণ্যং মুক্তিরেব মহাফলং ॥
কিঞ্চ ॥
ঊর্দ্ধং হরিদিনং ন স্যাদ্দ্বাদশীং গ্রাহয়েত্ততঃ।
দ্বাদশ্যামুপবাসোহত্র ত্রয়োদশ্যান্তু পারণং।
এবং কুর্ব্বন্ নরো ভক্ত্যা বিষ্ণুসাযুজ্যমাপ্নুয়াৎ।
অন্যথা কুরুতে যস্তু স যাতি নরকং ধ্রুবং ॥ ১১৩ ॥
একাদশী ঋষীণাস্যৈ দ্বাদশী চক্রপাণিনঃ ॥ ১১৪ ॥
অতএব মার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্নসম্বাদে ॥
একাদশী ঋষীণাস্তু দ্বাদশী চক্রপাণিনঃ।

বচনানি ত্রয়োদশ্যাং দ্বাদশীসদ্ভাবে দ্বাদশ্যতিক্রমেণ ত্রয়োদশ্যাং পারণবিষয়াণি জ্ঞাতব্যানি। এতচ্চাগ্রে বিবৃতং ভাবি ॥ ১১৩ ॥

যদ্যপ্যেকাদশ্যপি ভগবত এব তিথিঃ তথাপি ঋষীণাং সম্বন্ধেনৈব দ্বাদশী চ সাক্ষাচ্চক্রপাণেরেবেতি দ্বাদশ্যামাহাত্ম্যবিশেষার্থমুক্তং ॥ ১১৪ ॥

মার্কণ্ডেয়েন পূর্ব্বমেকাদশ্যুপবাসো দ্বাদশ্যাঞ্চ পারণমিত্যুক্ত্বাহনন্তরঞ্চ বেধসংশয়াদৌ সতি দ্বাদশ্যুপবাসস্ত্রয়োদশ্যাং পারণমিত্যুক্তং তত্র সর্ব্বত্র সুপ্রসিদ্ধৈকাদশীব্রতপরিত্যাগেন কথঞ্চিদ্দোষঃ স্যাদিত্যাশঙ্কয়া মহারাজেন্দ্রদ্যুম্নেন পৃষ্টে সতি দ্বাদশ্যুপবাসেনৈব সর্ব্বদোষক্ষয়ো

একশত যজ্ঞের অধিক পুণ্য এবং মহাফল মুক্তি লাভ করিতে পারিবে ॥

আরও ॥

ঊর্দ্ধ অর্থাৎ দশমীসংযুক্ত একাদশী হরিদিন বলিয়া গণ্য হয় না, এজন্য দ্বাদশীকে গ্রহণ করাইবে। এস্থলে দ্বাদশীতে উপবাস ও ত্রয়োদশীতে পারণ জানিতে হইবে ॥

মনুষ্য ভক্তি পূর্ব্বক এই প্রকার ব্রত করিলে বিষ্ণুসাযুজ্য মুক্তি প্রাপ্ত হয়, ইহার অন্যথা করিলে নিশ্চয় নরকে যাইবে ॥ ১১৩ ॥

ঋষিদিগের একাদশী তিথি এবং চক্রপাণি বিষ্ণুর দ্বাদশী তিথি ॥ ১১৪

অতএব মার্কণ্ডেয় ও ইন্দ্রদ্যুম্নসম্বাদে ॥

মার্কণ্ডেয় কহিলেন, হে রাজন্! যখন ঋষিদিগের একাদশী তিথি

তৎ কথং দ্বাদশী ভূপ নোপোষ্যা ক্রিয়তে জনৈঃ ॥ ১১৫ ॥
এষা নিঃশ্রেয়সী ভূপ ফলভোগবিবর্দ্ধিনী ।
মোক্ষাত্মিকা পুরা প্রোক্তা দ্বাদশী প্রবরাতিথিঃ ॥ ১১৬ ॥
একাদশী শরীরন্তু পুরুষো দ্বাদশী স্মৃতা ।
দ্বাদশ্যামুপবাসেন সিদ্ধা ভূপ সহস্রশঃ ।
চক্রবর্ত্তিত্বমতুলং সংপ্রাপ্তা অচলাং শ্রিয়ং ।
চতুর্দ্দশৈতে সঞ্জাতা বলিনশ্চক্রবর্ত্তিনঃ ।
বিষ্ণ্বংশাস্তে মহাবীরা দুষ্টদৈত্যনিবর্হণাঃ ।
উপোষ্য দ্বাদশীং শুদ্ধাং যাবজ্জীবং ব্রতান্বিতাঃ ।

মহাফলঞ্চেতি দ্বাদশীমাহাত্ম্যং শ্রীমার্কণ্ডেয়েনোক্তং লিখতি একাদশাত্যাদিনা পাপনাশিনী-ত্যন্তেন ॥ ১১৫ ॥

ফলং মোক্ষাদিভোগশ্চ বিষয়সুখাদিস্তয়োর্বর্দ্ধিনী। পাঠান্তরে ফলং স্বর্গাদিসুখং তস্য ভোগেন রহিতা মোক্ষাত্মকত্বাৎ ॥ ১১৬ ॥

অপরাং একাদশীং ॥ ১১৭ ॥

ও চক্রপাণির দ্বাদশী তিথি হইল, তখন কেন নর সকল দ্বাদশীতে উপবাস করিবে না॥ ১১৫ ॥

অর্থাৎ হে রাজন্! এই একাদশী নিঃশ্রেয়সী ( কল্যাণরূপা ) ইনি মোক্ষ এবং বিষয়সুখাদি ভোগ বৃদ্ধি করেন, একারণ পূর্ব্বে তিথিশ্রেষ্ঠা দ্বাদশীকে মোক্ষাত্মিকা বলিয়া উল্লেখ করা হইয়াছে ॥ ১১৬ ॥

হে রাজন্! একাদশীকে শরীর ও দ্বাদশীকে পুরুষ বলিয়া স্মরণ করিয়াছেন, দ্বাদশীতে উপবাস করিয়া সহস্র সহস্র লোক সিদ্ধ হইয়াছে এবং অতুল চক্রবর্ত্তিত্ব ও অচলা সম্পদ্ লাভ করিয়াছে। অপর বিষ্ণুর অংশস্বরূপ বক্ষ্যমাণ এই চতুর্দ্দশ জন বলবান্, চক্রবর্ত্তী, মহাবীর এবং দুষ্ট দৈত্যদিগের নিহন্তা হইয়াছিলেন। ইহাঁরা যাবজ্জীবন ব্রত ধারণ পূর্ব্বক শুদ্ধা দ্বাদশীতে উপবাস করিয়া চক্রবর্ত্তিত্ব ( সর্ব্বভূমির

চক্রবর্ত্তিত্বমাপন্না ভুক্ত্বা ভোগান্ সুখানি বৈ।
কুবলাশ্বো বিশ্বগন্ধির্হরিশ্চন্দ্রো নলঃ পৃথুঃ।
মরুত্তো ভরতশ্চৈব কার্ত্তবীর্য্যশ্চ হৈহয়ঃ।
মান্ধাতা সগরো রামঃ ককুৎস্থো নহুষস্তথা।
উপোষ্য দ্বাদশীং পুণ্যামপরাঞ্চ বিবর্জ্জ্য তু।
ভুক্ত্বা স্বর্গসুখান্যেতে চক্রবর্ত্তিত্বমাগতাঃ॥ ১১৭ ॥
জনকানাং মহীপাল দ্বাদশ্যাং সমুপোষণে।
সপ্তত্যা সন্ততির্যুক্তা সংসিদ্ধিং পরমাং গতা।
পুরুকুৎসো মহীপালো দ্বাদশ্যাং সমুপোষণে।
সিদ্ধিং গতঃ পরিত্যজ্য কর্ম্মবন্ধং দুরাসদং॥ ১১৮ ॥
মান্ধাতা যৌবনাশ্বশ্চ দ্বাদশ্যাং সমুপোষণে।

দুরাসদাং অন্যৈর্দুর্ল্লভাং সিদ্ধিং পাঠান্তরে দুষ্পরিহরং কর্ম্মবন্ধং॥ ১১৮ ॥

আধিপত্য) লাভ করত ভোগসুখ সকল উপভোগ করিয়াছিলেন॥

চতুর্দ্দশ জনের নাম যথা—কুবলাশ্ব, বিশ্বগন্ধি, হরিশ্চন্দ্র, নল, পৃথু, মরুত্ত, ভরত, কার্ত্তবীর্য্য, হৈহয়, মান্ধাতা, সগর, রাম, ককুৎস্থ এবং নহুষ। ইহাঁরা একাদশী পরিত্যাগ করিয়া পুণ্যরূপা দ্বাদশীতে উপবাস করত স্বর্গসুখ ভোগ পূর্ব্বক চক্রবর্ত্তি নৃপত্ব প্রাপ্ত হইয়াছেন॥১১৭

হে মহীপাল! দ্বাদশীতে উপবাস করিয়া জনককুলের সপ্ততি (৭০) সন্ততি পরম সিদ্ধি প্রাপ্ত হইয়াছিলেন। পুরুকুৎস রাজা দ্বাদশীতে উপবাস করিয়া দুষ্পরিহর কর্ম্মবন্ধ পরিত্যাগ করত সিদ্ধি লাভ করিয়াছিলেন॥ ১১৮ ॥

অপর, যুবনাশ্বের পুত্র মান্ধাতা দ্বাদশীতে উপবাস করত সংগ্রামে মৃত্যুগ্রস্ত হইয়া পরমপদ প্রাপ্ত হইয়াছিলেন॥

শাকুন্তলোমহীপালো দৌষ্মন্তিরপরাজিতঃ ॥
দ্বাদশ্যামুপবাসেন গতস্তদ্বৈষ্ণবং পদং ॥
বৈণ্যঃ পুরূরবা ভূপ পালয়িত্বা ধরাতলং ।
ধরণীধরমভ্যর্চ্চ্য দ্বাদশীষু সদা পুনঃ ।
গতস্তদ্বৈষ্ণবং লোকং দাহপ্রলয়বর্জ্জিতং ।
এতেরাজর্ষয়ো ভূপ দ্বাদশ্যাং সমুপোষণৈঃ ।
সিদ্ধিং পরমিকাং প্রাপ্তা যে দ্বিজাস্তান্ শৃণুষ্ব মে ।
যাবক্রীতশ্চ বৈদর্ভোমাণ্ডব্যঃ কৌশিকোমুনিঃ ।
ভরদ্বাজস্তথা কণ্বঃ কুম্ভযোনিস্তথা মুনিঃ ।
অষ্টাশীতি সহস্রাণি মুনীনামূর্দ্ধরেতসাং ।
প্রযান্তি স্যন্দনস্যাগ্রে তিমিরারের্জনাধিপ ।
তে সর্ব্বে পরমাং সিদ্ধিং দ্বাদশ্যাং সমুপোষণে ।

শাকুন্তল মহীপাল এবং অপরাজিত দৌষ্মন্তি ইহাঁরা দ্বাদশীতে উপবাস করিয়া বৈষ্ণবপদ প্রাপ্ত হইয়াছিলেন ॥

হে ভূপ ! বৈণ্য ও পুরুরবা ইহাঁরা ধরাতল পালন করিয়া সর্ব্বদা দ্বাদশী সকলে ধরণীধর অনন্তের পূজা করত পুনর্ব্বার দাহ প্রলয়-বর্জিত বৈষ্ণব লোকে গমন করিয়া ছিলেন । হে রাজন্ ! এই সকল রাজর্ষি দ্বাদশীতে উপবাস করিয়া তদ্দ্বারা পরম সিদ্ধি লাভ করিয়াছেন ॥

তৎপরে যে সকল ব্রাহ্মণেরা দ্বাদশীর উপবাস করিয়া পরম গতি লাভ করিয়াছেন, আমার নিকট তাঁহাদিগের নাম শ্রবণ কর । যথা— যাবক্রীত, বৈদর্ভ্য, কৌশিকমুনি, ভরদ্বাজ, কণ্ব, অগস্ত্য এবং অষ্টাশীতি-সহস্র ঊর্দ্ধরেতা মুনি, ইহাঁরা তিমিরনাশন সূর্য্যের বিমানাগ্রে গমন করিয়াছেন । হে ভূপ ! ঐ সকল ঋষি দ্বাদশীতে উপবাস করিয়া আমার সহিত পরম সিদ্ধি লাভ করিয়াছেন, ইহাতে তোমার সংশয়

ময়া সহ গতা ভূপ কথন্তে সংশয়োভবেৎ।
দ্বাদশীবাসরং রাজন্ হরিগুহ্যং প্রকীর্ত্তিতং।
নিরাপবাধং লোকেঽস্মিন্ শুদ্ধং বৈষ্ণববল্লভং।
তস্মাদ্ভূপ ন সন্দেহঃ কর্ত্তব্যোদ্বাদশীং প্রতি।
বিশেষফলদা প্রোক্তা দ্বাদশী পাপনাশিনী॥ ১১৯॥
অথ সম্পূর্ণালক্ষণেন বিদ্ধালক্ষণং।
স্কান্দে।
প্রতিপৎ প্রভৃতয়ঃ সর্ব্বা উদয়াদোদয়াদ্রবেঃ।

নিঃশেষেণ আ সম্যক্ অপগতা বাধা যস্মিন্। পাঠান্তরে নির্গতং আ অপরাধোদ্ভবং ফলং যস্মাৎ তৎ॥ ১১৯॥

এবং সর্ব্বথা বিদ্ধা পরিত্যাজ্যেতি নিশ্চিতং। তত্রাপেক্ষিতং বিদ্ধালক্ষণং সম্পূর্ণা লক্ষণভিন্নত্বেন লিখতি প্রতিপদিতি ত্রিভিঃ। রবেরুদয়াৎ একমুদয়মারভ্য আ উদয়াৎ অন্যোদয়াবধি যদি স্যুস্তদা সম্পূর্ণা ইত্যর্থঃ। হরিবাসরং একাদশী তদ্বর্জ্জিতাঃ। স চ নৈতাদৃশঃ কিন্তু উদয়াৎ পূর্ব্বং মুহূর্ত্তদ্বয়ং যদ্যসৌ ভবতি তদৈব সম্পূর্ণঃ স্যাদিত্যর্থঃ॥ ১২০॥

কেন হইবে?॥

হে রাজন্! তোমার নিকট এই হরির গোপনীয় দ্বাদশীবাসর কীর্ত্তন করিলাম, সংসার মধ্যে এই দ্বাদশীবাসর বাধা রহিত, শুদ্ধ এবং বিষ্ণুর প্রিয়তম॥

অতএব হে ভূপ! দ্বাদশীর প্রতি সন্দেহ করিও না, পাপনাশিনী দ্বাদশী বিশেষ ফলপ্রদা বলিয়া কথিত হইয়াছে॥ ১১৯॥

অথ সম্পূর্ণা লক্ষণে বিদ্ধালক্ষণ॥

স্কন্দপুরাণে॥

প্রতিপৎ প্রভৃতি তিথি সকল সূর্য্যের এক উদয়কে আরম্ভ করিয়া অন্য উদয় পর্য্যন্ত যদি ষষ্টিদণ্ড ভোগ করে তাহা হইলে সেই সকল তিথিকে সম্পূর্ণা বলা যায়, কিন্তু একাদশীর সম্বন্ধে তাহা নহে অর্থাৎ একাদশী যদি সূর্য্যোদয়ের পূর্ব্বে দুই মুহূর্ত্ত থাকে তাহা হইলে

সম্পূর্ণা ইতি বিখ্যাতা হরিবাসরবর্জ্জিতা ॥ ১২০ ॥
গারুড়ে শিবরহস্যে চ ॥
উদয়াৎ প্রাক্ যদা বিপ্র মুহূর্ত্তদ্বয়সংযুতা ।
সম্পূর্ণৈকাদশী নাম তত্রৈবোপবসেদ্‌গৃহী ॥ ১২১ ॥
ভবিষ্যে চ ।
আদিত্যোদয়বেলায়াঃ প্রাঙ্মুহূর্ত্তদ্বয়ান্বিতা ।
একাদশী তু সম্পূর্ণা বিদ্ধান্যা পরিকীর্ত্তিতেতি ॥ ১২২ ॥
অতএব পরিত্যাজ্যা সময়ে চারুণোদয়ে ।

---

তদেব শ্রীগরুড়পুরাণাদিবচনৈর্দর্শয়তি উদয়াদিতি দ্বাভ্যাং । গৃহীতি বিদ্ধায়াং কেচিদুপবাসং ব্যবস্থাপয়ন্তি তৎপরিহারার্থমুক্তং ॥ ১২১ ॥
অন্যা উক্তলক্ষণসম্পূর্ণেতরা বিদ্ধোক্তা ॥ ১২২ ॥
অতঃ পূর্ব্ববিদ্ধাত্যাগাদেব হেতোঃ । তত্র চ উদয়াৎ প্রাক্ মুহূর্ত্তদ্বয়ান্তদশমীপ্রাপ্ত্যা বেধপ্রসঙ্গাদ্ধেতোরেব । অরুণস্যোদয়ো যস্মিন্ তস্মিন্ সময়ে দশম্যাবিদ্ধৈকাদশী পরিত্যাজ্যা সর্ব্বৈরেব । তত্র চ বৈষ্ণবেন বিশেষতঃ পরিত্যাজ্যেতি বৈষ্ণবেন ন কর্ত্তব্যং তদ্দিনৈকাদশীব্রতমিতি । ভবিষ্যপুরাণাদিবিশেষোক্তের্বৈষ্ণবেতরাণাং শৈবসৌরাদীনাং কেষাঞ্চিৎ

---

ঐ একাদশী সম্পূর্ণা বলা যায় ॥ ১২০ ॥

গরুড়পুরাণে এবং শিবরহস্যেও ॥

হে বিপ্র ! সূর্য্যোদয়ের পূর্ব্বে যদি একাদশী থাকে, তাহা হইলে ঐ একাদশীর নাম সম্পূর্ণা, গৃহস্থব্যক্তি ঐ একাদশীতেই উপবাস করিবেন ॥ ১২১ ॥

ভবিষ্যপুরাণেও ॥

আদিত্যোদয়ের পূর্ব্ব যদি একাদশী দুই মুহূর্ত্ত থাকে, তাহা হইলে ঐ একাদশীকে সম্পূর্ণা বলা যায়, তদ্ভিন্ন অর্থাৎ সূর্য্যোদয়ের পূর্ব্বে দুই মুহূর্ত্তের ন্যূন একাদশী হইলে তাহা দশমী বিদ্ধা বলিয়া কীর্ত্তিত হয় ॥ ১২২ ॥

অতএব অরুণোদয় সময়ে দশমী বিদ্ধা একাদশী পরিত্যাগ করিবে

দশম্যৈকাদশী বিদ্ধা বৈষ্ণবেন বিশেষতঃ ॥ ১২৩ ॥

অথ অরুণোদয়বিদ্ধাপরিত্যাগঃ।

তত্র কণ্বঃ ॥

অরুণোদয়বেলায়াং দশমীসংযুতা যদি।
অত্রোপোষ্যা দ্বাদশী স্যাৎ ত্রয়োদশ্যান্তু পারণং।

স্কান্দে।

অরুণোদয়বেলায়াং দশমী যদি সঙ্গতা।
রবিচক্রার্দ্ধমাত্রাপি দ্বাদশীমুপবাসয়েৎ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণং ॥ ১২৪ ॥

অতএব গারুড়ে ॥

---

কথঞ্চিৎ বিদ্ধোপবাসব্যবস্থাপনাভিপ্রায়েণ। তচ্চাগ্রে ব্যক্তং ভাবি ॥ ১২৩ ॥

রবিচক্রার্দ্ধমাত্রাপীতি সারথেররুণস্যোদয়াৎ প্রাগেব রথচক্রোদয়ঃ। তত্রার্দ্ধচক্রোদয়মাত্রপ্রাপ্তত্বেন অত্যল্পাপীত্যর্থঃ। যথোক্তং ভবিষ্যে অরুণোদয়েতু দশমীগন্ধমাত্রং ভবেদ্যদীতি ॥ ১২৪ ॥

---

কিন্তু বৈষ্ণব ব্যক্তি বিশেষ করিয়া দশমীবিদ্ধা একাদশী পরিত্যাগ করিবেন অর্থাৎ তাহা একাদশী বলিয়া গণ্য নহে ॥ ১২৩ ॥

অথ অরুণোদয়বিদ্ধা পরিত্যাগ ॥

তদ্বিষয়ে কণ্বমুনির বাক্য যথা ॥

অরুণোদয় বেলায় যদি দশমীসংযুক্ত একাদশী হয়, তাহা হইলে এস্থানে দ্বাদশীতে উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণ করিবে ॥

স্কন্দপুরাণে ॥

অরুণোদয়কালে যদি রবিচক্রার্দ্ধ মাত্রও অর্থাৎ সূর্য্যরথচক্রের কিঞ্চিন্মাত্র উদয়ে দশমী মিলিতা একাদশী হয়, তাহা হইলে দ্বাদশীতে উপবাস করিবে, এস্থানে ত্রয়োদশীতে পারণ হইবে, এই পারণ শত যজ্ঞের পুণ্যস্বরূপ ॥ ১২৪ ॥

অতএব গরুড়পুরাণে ॥

উদয়াৎ প্রাক্ ত্রিঘটিকা ব্যাপিন্যেকাদশী যদা।
সন্দিগ্ধৈকাদশী নাম বর্জ্জয়েদ্ধর্ম্মকাঙ্ক্ষয়া।
উদয়াৎ প্রাক্ মুহূর্ত্তেন ব্যাপিন্যেকাদশী যদা।
সংযুক্তৈকাদশী নাম বর্জ্জয়েদ্ধর্ম্মবৃদ্ধয়ে।
আদিত্যোদয়বেলায়ামারভ্য ষষ্টিনাড়িকাং।
সম্পূর্ণৈকাদশী নাম ত্যাজ্যা ধর্ম্মফলেপ্সুভিঃ ॥ ১২৫ ॥
এষাং সর্ব্বেষামন্তে ॥

ত্রিঘটিকেত্যনেন দশম্যা ঘটিকৈকা অরুণোদয়ে প্রবিষ্টেতি জ্ঞেয়ং। এতচ্চ সংজ্ঞাবিশেষার্থমুক্তং। এবমগ্রেঽপি। তাঞ্চ ধর্ম্মকাঙ্ক্ষয়া বর্জ্জয়েদিতি অন্যথা ধর্ম্মহানিঃ স্যাদিত্যর্থঃ। এবমগ্রেঽপ্যূহ্যং ॥ ১২৫ ॥

এষাং গারুড়োক্তানাং ত্রিশ্লোকানাং। পুত্রাণাং পৌত্রাণাঞ্চ সমৃদ্ধয়ে। যদ্বা পুত্রাশ্চ পৌত্রাশ্চ সমৃদ্ধয়শ্চ ধনাদিসম্পত্তয়স্তদর্থং ॥ ১২৬ ॥

সূর্য্যোদয়ের পূর্ব্বে তিনদণ্ড ব্যাপিনী † যদি একাদশী হয়, তাহা হইলে তাহার নাম সন্দিগ্ধা একাদশী, ধর্ম্মের আকাঙ্ক্ষা থাকিলে ঐ প্রকার সন্দিগ্ধা একাদশী পরিত্যাগ করিবে ॥

সূর্য্যোদয়ের পূর্ব্বে যদি একমুহূর্ত্তকাল একাদশী ব্যাপিয়া থাকে, তাহা হইলে তাহার নাম সংযুক্তা একাদশী, ধর্ম্মবৃদ্ধির নিমিত্ত উহা পরিত্যাগ করিবে ॥

সূর্য্যোদয়কে আরম্ভ করিয়া ষষ্টিদণ্ড পর্য্যন্ত যে একাদশী থাকে, তাহার নাম সম্পূর্ণা, ধর্ম্মফলাকাঙ্ক্ষিগণ উহা পরিত্যাগ করিবেন ॥২৫॥

গরুড়পুরাণোক্ত এই তিন শ্লোকের শেষে ॥

† তাৎপর্য্য। ত্রিঘটিকা বলার কারণ এই অরুণোদয়কালে দশমীর এক ঘটিকার প্রবেশ হইয়াছে, জানিতে হইবে, ইহা নাম বিশেষ উল্লেখের জন্য কেবল বলা হইল, ইহা পরে বিস্তার হইবে। ধর্ম্মের আকাঙ্ক্ষা রহিলে সন্দিগ্ধা একাদশী পরিত্যাগ করিবে, অন্যথা ধর্ম্মের হানি হইবে।

পুত্রপৌত্রসমৃদ্ধ্যর্থং দ্বাদশ্যামুপবাসয়েৎ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণং ॥ ১২৬ ॥
কিঞ্চ ॥
ব্রহ্মবৈবর্ত্তে সূতশৌনকসম্বাদে ॥
অরুণোদয়বেলায়াং যা স্তোকাপি তিথির্ভবেৎ।
পূর্ণৈবেত্যবগন্তব্যা প্রভূতা নোদয়ং বিনা ॥ ১২৭ ॥
তত্র চেদ্দশমীবেধোঽতিবেধো বাপি জায়তে।
মহাবেধোঽথবা যোগো রক্ষসাং তৎফলং ভবেৎ ॥ ১২৮ ॥
তত্র প্রশ্নঃ ॥
কীদৃশস্তু ভবেদ্বেধো যোগো বিপ্রেন্দ্র কীদৃশঃ।

তিথিরেকাদশী। অরুণোদয়ং বিনা ন প্রভূতা ন সম্পূর্ণা। একমরুণোদয়মারভ্যান্যা- রুণোদয়ং যাবদ্ব্যাপিন্যেব সতী সম্পূর্ণা স্যাদিত্যর্থঃ ॥ ১২৭ ॥

তত্র অরুণোদয়ে ॥ ১২৮ ॥

পুত্রপৌত্রের সমৃদ্ধির নিমিত্ত দ্বাদশীতে উপবাস করিবে। এস্থানে ত্রয়োদশীতে পারণ, ঐ পারণ শত যজ্ঞের পুণ্য স্বরূপ ॥ ১২৬ ॥

আরও ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে সূতশৌনকসম্বাদে ॥

অরুণোদয় বেলায় যে একাদশী অল্পমাত্রও থাকে, তাহাকে পূর্ণা জানিতে হইবে, অরুণোদয় ব্যতিরেকে সম্পূর্ণা হয় না অর্থাৎ এক অরুণোদয়কে আরম্ভ করিয়া অন্য অরুণোদয় পর্য্যন্ত ব্যাপিনী হইলে অরুণোদয়কালে যদি দশমীর সহিত বেধ, অতিবেধ, মহাবেধ অথবা যোগ উপস্থিত হয়, তাহা হইলে ঐ একাদশীর ফল রাক্ষসদিগের গ্রহ- ণীয় হইবে ॥ ১২৮ ॥

এই বিষয়ে প্রশ্ন ॥

হে বিপ্রেন্দ্র! বেধ কি প্রকার ও যোগই বা কিরূপ হয়, যোগ

যোগবেধৌ সমাচক্ষ্ব যাভ্যাং দুষ্টমুপোষণং।
চতস্রো ঘটিকাঃ প্রাতররুণোদয়নিশ্চয়ঃ।
চতুষ্টয়বিভাগোঽত্র বেধাদীনাং কিলোদিতঃ॥
তত্রোত্তরং॥
অরুণোদয়বেধঃ স্যাৎ সার্দ্ধন্তু ঘটিকাত্রয়ং।
অতিবেধো দ্বিঘটিকঃ প্রভাসন্দর্শনাদ্রবেঃ।
মহাবেধোঽপি তত্রৈব দৃশ্যতেঽর্কো ন দৃশ্যতে।
তুরীয়স্তত্র বিহিতো যোগঃ সূর্য্যোদয়ে বুধৈঃ॥
ব্যাখ্যাতঞ্চেদং মাধবীয়ে॥
বেধাতিবেধমহাবেধযোগাশ্চত্বার উপবাসস্য দূষকাঃ।
তত্র রবেঃ সন্দর্শনাৎ পূর্ব্বং সার্দ্ধং ঘটিকাত্রয়মেকাদশ্যা বাপ্তং।

এবং বেধ এই দুই আজ্ঞা করুন, যাহাদিগের দ্বারা উপবাস সকল দূষিত হইয়া থাকে॥

প্রাতঃকালে অরুণোদয় চারি ঘটিকা নিশ্চয় আছে, এই অরুণোদয়ে বেধাদির চারি প্রকার বিভাগ কথিত হইয়াছে?॥

প্রশ্নের উত্তর॥

অরুণোদয় বেধ সার্দ্ধঘটিকাত্রয় অর্থাৎ সারেতিনদণ্ড অরুণোদয় বেধ, রবির প্রভা সন্দর্শন দ্বিঘটিকাকাল অতিবেধ, সূর্য্য দেখা যাইতেছে বা না যাইতেছে, এমত বেধকে মহাবেধ এবং সূর্য্যোদয়ে বিহিত যে বেধ তাহা যোগ, পণ্ডিতগণ এই চারি প্রকার বেধের ভেদ করিয়াছেন॥

মাধবীয় গ্রন্থে এইরূপ ব্যাখ্যা হইয়াছে॥

বেধ, অতিবেধ, মহাবেধ ও যোগ এই চারি প্রকার বেধ উপবাসের দূষক। ঐ চার বেধের মধ্যে সূর্য্যদর্শনের পূর্ব্ব সারে তিন দণ্ড একাদশী ব্যাপিয়া থাকিলে আর পূর্ব্বদণ্ডের অর্দ্ধ দণ্ড দশমী

তত্র প্রাচীনে ঘটিকার্দ্ধে দশমীসদ্ভাবে বেধঃ যদা ঘটিকাদ্বয়-মুপরিতনমেকাদশী ব্যাপ্তং পূর্ব্বন্তু ঘটিকাদ্বয়ং দশমী ব্যাপ্তং তদানীমতিবেধ ইতি। পরন্তু সুগমং॥

তত্র দোষান্তত্রৈব॥

রাক্ষসানাং ফলং যোগে মহাবেধে তু বাস্কলেঃ।
জম্ভাসুরস্যাতিবেধে মোহিনী বেধশিল্পিনী।

গোভিলোক্তৌ॥

অরুণোদয়বেলায়াং দশমী যদি সঙ্গতা।
সংযুক্তৈকাদশীং তাস্তু মোহিন্যৈ দত্তবান্ বিভুঃ।

পাদ্মোত্তরখণ্ডে॥

অরুণোদয়বেলায়াং দশমীমিশ্রিতা ভবেৎ।

হইলে অরুণোদয় বেধ। আর সূর্য্যোদয়ের পূর্ব্বঘটিকাদ্বয় একাদশী ব্যাপ্ত এবং তৎপূর্ব্ব ঘটিকাদ্বয় দশমী ব্যাপ্ত হইলে তাহাকে অতিবেধ বলে। অন্য দুইটীর অর্থ সহজ॥

এই বিষয়ে দোষ যথা—সেই ব্রহ্মবৈবর্ত্তপুরাণেই॥

যোগ বিষয়ে একাদশী দুষ্ট হইলে তাহার ফল রাক্ষসদিগের, মহাবেধের ফল বাস্কলি নামক দৈত্যের, অতিবেধের ফল জম্ভাসুরের এবং বেধের ফল মোহিনীর হয়॥

গোভিলের বাক্যে॥

অরুণোদয় বেলায় যদি দশমীসংযুক্ত হয়, তাহা হইলে ঐ একাদশীর নাম সংযুক্ত একাদশী, ব্রহ্মা ঐ ব্রতের ফল মোহিনীকে প্রদান করিয়াছেন॥

পদ্মপুরাণের উত্তরখণ্ডে॥

অরুণোদয় বেলায় একাদশী দশমীমিশ্রিত হইলে, তাহাকে পরি-

তাং ত্যক্ত্বা দ্বাদশীং শুদ্ধামুপোষ্যেদবিচারয়ন্।

ভবিষ্যে ॥

অরুণোদয়ে তু দশমী গন্ধমাত্রং ভবেদযদি।
দ্রষ্টব্যং তৎ প্রযত্নেন বর্জ্জনীয়ং নরাধিপ ॥ ১২৯ ॥

কিঞ্চ ॥

দশমীশেষসংযুক্তো যদি স্যাদরুণোদয়ঃ।
বৈষ্ণবেন ন কর্ত্তব্যং তদ্দিনৈকাদশীব্রতং ॥ ১৩০ ॥

গারুড়ে ॥

দশমীশেষসংযুক্তো যদি স্যাদরুণোদয়ঃ।
নৈবোপোষ্যং বৈষ্ণবৈস্তু তত্র চৈকাদশীব্রতে ॥ ১৩১ ॥

---

দ্রষ্টব্যং গণকাদিদ্বারা বিচার্য্য জ্ঞাতব্যং ॥ ১২৯ ॥

তদ্দিনে যদেকাদশীব্রতং তৎ ॥ ১৩০ ॥

তত্র তস্মিন্ দিনে একাদশীব্রতে নিমিত্তে নৈবোপোষ্যং। ব্রত ইত্যত্র দিন ইতি বা পাঠঃ ॥ ১৩১ ॥

---

ত্যাগ করিয়া শুদ্ধা দ্বাদশীতে উপবাস করিবে, ইহাতে কোন বিচার করিবে না ॥

ভবিষ্যপুরাণে ॥

হে রাজন্! অরুণোদয় কালে যদি দশমীর গন্ধমাত্রে থাকে দেখিয়া অর্থাৎ গণকাদি দ্বারা বিচার পূর্ব্বক অবগত হইয়া তাহা যত্নসহকারে বর্জন করিবে ॥ ১২৯ ॥

আরও ॥

যদি অরুণোদয় কালে দশমীশেষসংযুক্ত হয়, তাহা হইলে বৈষ্ণব ব্যক্তি সেই দিবস একাদশীব্রত করিবেন না ॥ ১৩০ ॥

গরুড়পুরাণে ॥

যদি অরুণোদয়ে দশমীশেষসংযুক্ত হয়, বৈষ্ণবগণ সেই দিবস একাদশীব্রতবিষয়ক উপবাস করিবেন না ॥ ১৩১ ॥

অত্র বৈষ্ণবলক্ষণং ॥

গৃহীত বিষ্ণুদীক্ষাকো বিষ্ণুসেবাপরোনরঃ।
বৈষ্ণবশ্চাত্র সংগ্রাহ্যঃ স্কান্দাদ্যুক্তানুসারতঃ ॥ ১৩২ ॥

তথাচ স্কান্দে ॥

পরমাপদমাপন্নো হর্ষে বা সমুপস্থিতে।
নৈকাদশীং ত্যজেদ্যস্তু যস্য দীক্ষাস্তি বৈষ্ণবী।
সমাত্মা সর্ব্বজীবেষু নিজাচারাদবিপ্লুতঃ।
বিষ্ণ্বর্পিতাখিলাচারঃ স হি বৈষ্ণব উচ্যতে ॥ ১৩৩ ॥

পাদ্মে চ ॥

---

নন্বু স চ বৈষ্ণবঃ কীদৃশঃ পূর্ব্বং ভগবদ্ভক্তিলক্ষণে যো লিখিতঃ উতান্যোবেত্যপেক্ষায়াং লিখতি গৃহীতেতি। অত্র ব্রতবিধৌ স এব গ্রাহ্যঃ। নতু পূর্ব্বলিখিতো ভক্তিনিষ্ঠা প্রাপ্তঃ তস্য ব্রতাদ্যনধিকারাৎ। এবং দ্বাদশ্যাদৌ ক্ষৌদ্রকাংস্যাদি বর্জ্জনাদিষ্বপি তথৈব জ্ঞেয়ং॥১৩২

সর্ব্বজীবেষু সমাত্মা সমবুদ্ধিঃ হিংসানিন্দাদিরাহিত্যাৎ স্বাত্মবদ্ধিতকারিত্বাচ্চ। নিজাচারো বৈষ্ণবধর্ম্মস্তস্মাদবিপ্লুতঃ অপরিভ্রষ্টঃ। বিষ্ণৌ অর্পিতোঽখিল আচারঃ স্বধর্ম্মাদির্যেন সঃ ॥ ১৩৩ ॥

---

এই স্থানে বৈষ্ণবলক্ষণ যথা ॥

স্কন্দপুরাণাদির বাক্যানুসারে যে মনুষ্য বিষ্ণুদীক্ষা গ্রহণ পূর্ব্বক বিষ্ণুসেবায় তৎপর, তিনিই বৈষ্ণব, একাদশীর ব্রতে তিনিই যোগ্য পাত্র ॥ ১৩২ ॥

এই বিষয় স্কন্দপুরাণে যথা ॥

পরম আপদ্গ্রস্ত অথবা আনন্দে নিমগ্ন হইয়া যিনি একদশী পরিত্যাগ করেন না এবং যিনি বৈষ্ণবমতে দীক্ষা গ্রহণ করিয়াছেন, তথা যিনি সর্ব্বজীবে সমচিত্ত, স্বীয় আচারবিশিষ্ট ও বিষ্ণুতে নিখিল আচার সমর্পণ করিয়াছেন, তিনিই বৈষ্ণব বলিয়া কথিত হয়েন ॥ ১৩৩ ॥

পদ্মপুরাণেও ॥

সদীক্ষাবিধিসন্ন্যাসং সযন্ত্রং দ্বাদশাক্ষরং।
অষ্টাক্ষরমথান্যস্মা যে মন্ত্রং সমুপাসতে।
জ্ঞেয়াস্তে বৈষ্ণবা লোকে বিষ্ণ্বর্চ্চনরতাস্তথা ॥ ১৬৪ ॥

অথারুণোদয়লক্ষণং ॥

স্কান্দে ॥

উদয়াৎ প্রাক্ চতস্রশ্চ ঘটিকা অরুণোদয়ঃ।
তত্র স্নানং প্রশস্তং স্যাৎ স বৈ পুণ্যতমঃ স্মৃতঃ।

ব্রহ্মবৈবর্ত্তে ॥

চতস্রোঘটিকাঃ প্রাতররুণোদয় উচ্যতে।

---

দীক্ষাবিধ্যাদিকং পূর্ব্বং লিখিতমেবাস্তি। দীক্ষাবিধি সহিতং ন্যাসেন সহিতং যন্ত্রেণ সহিতঞ্চ। এতচ্চ পূজাঙ্গমেবেত্যুক্তং। অন্যঞ্চ শ্রীগোপালদেবাদিমন্ত্রং। তথেতি সমুচ্চয়ে। তথাপি দীক্ষাদিং বিনা পূজাসম্পত্ত্যভাবাদ্দীক্ষাগ্যস্তীত্যেব জ্ঞেয়ং। যদ্বা তথা তেন দীক্ষা-গ্রহণাদিপ্রকারেণ। বিষ্ণ্বর্চ্চনরতা ইতি তেষামেব বিশেষণং। সদেতি চ ক্বচিৎ পাঠঃ ॥১৩৪॥
প্রাতরুষসি যাশ্চতস্রো ঘটিকাস্তা অরুণোদয়ঃ। গঙ্গাস্তঃ সদৃশঃ পরম পাবন ইত্যর্থঃ॥১৩৫

---

যে সকল ব্যক্তি দীক্ষাবিধি, ন্যাস ও যন্ত্রের সহিত দ্বাদশাক্ষর অথবা অষ্টাক্ষর মন্ত্রের উপাসনা করেন এবং বিষ্ণুপূজায় তৎপর হয়েন, সংসার মধ্যে তাহাদিগকে বৈষ্ণব বলিয়া জানিবে ॥ ১৩৪ ॥

অথ অরুণোদয়লক্ষণ ॥

স্কন্দপুরাণে ॥

সূর্য্যোদয়ের পূর্ব্ব চারিদণ্ড কাল অরুণোদয়, ঐ কালে স্নান প্রশস্ত, উহা পুণ্যতম বলিয়া স্মৃত হইয়াছে ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

উষাকালে চারিঘটিকা অরুণোদয় বলিয়া কথিত হয়, এই অরুণো-

যতীনাং স্নানকালোঽয়ং গঙ্গাম্ভঃ সদৃশঃ স্মৃতঃ ॥ ১৩৫ ॥
ত্রিযামাং রজনীং প্রাহুস্ত্যক্ত্বাদ্যন্তচতুষ্টয়ং।
নাড়ীনাং তে উভে সন্ধ্যে দিবসাদ্যন্তসংজ্ঞিতে ॥ ১৩৬ ॥
অথারুণোদয়বিদ্ধোপবাসদোষাঃ ॥
তত্র কৌৎসঃ ॥
অরুণোদয়বেলায়াং বিদ্ধা কাচিদুপোষিতা।
তস্যাঃ পুত্ত্রশতং নষ্টং তস্মাত্তাং পরিবর্জ্জয়েৎ ॥ ১৩৭ ॥
পাদ্মে শ্রীভগবদ্ব্রহ্মসম্বাদে ॥

রাত্রিশেষে চতুর্ঘটিকাব্যাপ্যারুণোদয় ইত্যত্র হেতুমাহ ত্রিযামামিতি। নাড়ীনাং আদ্যন্তয়োশ্চতুষ্টয়ং রাত্রেরাদৌ নাড়ীচতুষ্টয় অন্তে চ নাড়ীচতুষ্টয়ং ত্যক্ত্বা। এবমেকযামত্যাগেন ত্রিযামামাহুর্ম্মুনয়ঃ। যতঃ তন্নাড়ীনামাদ্যন্তচতুষ্টয়ঞ্চ বিদসস্যাদ্যন্তসংজ্ঞিতে তে প্রসিদ্ধে উভে সন্ধ্যে প্রাহুঃ ॥ ১৩৬ ॥

কাচিৎ একা। যোপোষিতা তস্যাঃ ॥ ১৩৭ ॥

দয় যতিদিগের স্নান কাল, ইহা গঙ্গাজলের ন্যায় পবিত্র ॥ ১৩৫ ॥

রাত্রিশেষে চারি ঘটিকা ব্যাপী অরুণোদয় এই বিষয়ে হেতু বলিতেছেন। পণ্ডিতগণ প্রদোষকালের চারিদণ্ড এবং উষাকালের চারিদণ্ড পরিত্যাগ করিয়া তিন প্রহরকে রাত্রি বলিয়াছেন। ঐ চারি চারি দণ্ড সন্ধ্যাকাল, উহা দিবসের আদি ও অন্ত বলিয়া কথিত হইয়াছে ॥১৩৬॥

অথ অরুণোদয় বিদ্ধার উপবাসে দোষ সকল যথা ॥

তদ্বিষয়ে কৌৎসের বাক্য ॥

কোন স্ত্রী অরুণোদয় বিদ্ধা একাদশীতে উপবাস করায় তাহার একশত পুত্র বিনষ্ট হইয়াছিল, এই কারণে অরুণোদয় বিদ্ধায় উপবাস করিবে না ॥ ১৩৭ ॥

পদ্মপুরাণে শ্রীভগবদ্ব্রহ্মসম্বাদে ॥

অরুণোদয়কালে তু বেধং দৃষ্ট্বা চতুর্বিধং।
মদ্দিনং যে প্রকুর্ব্বন্তি যাবদাহূতনারকাঃ ॥ ১৩৮ ॥
কৃতে তু মর্দ্দনে তত্র সন্তানস্যাপি সংক্ষয়ঃ।
সপ্তজন্মসু নশ্যন্তি ধর্ম্মাণি চ ধনানি চ ॥
ভবিষ্যে চ ॥
অরুণোদয়কালে তু দশমী যদি দৃশ্যতে।
ন তত্রৈকাদশী কার্য্যা ধর্ম্মকামার্থনাশিনী ॥ ১৩৯ ॥
কিঞ্চ ॥
অরুণোদয়কালেতু দশমী যদি দৃশ্যতে।
পাপমূলং তদা জ্ঞেয়মেকাদশ্যুপবাসিনামিতি ॥ ১৪০ ॥
বিদ্ধোপবাসদোষা যে সমান্যাল্লিখিতাঃ পুরা।

দৃষ্ট্বা জ্ঞাত্বাপি চাতুর্ব্বিধ্যঞ্চ বেধাতিবেধাদিভেদেন প্রাগুল্লিখিতমেব ॥ ১৩৮ ॥ ১৩৯ ॥
তদা একাদশ্যুপবাসিনামুপবাসঃ পাপস্য মূলং জ্ঞেয়মিত্যর্থঃ ॥ ১৪০ ॥
সামান্যাৎ অরুণোদয়বেধাদিবিশেষরাহিত্যেন সামান্যতঃ পূর্ব্বং লিখিতাঃ। অরুণোদয়-

অরুণোদয়কালে চারি প্রকার বেধ অর্থাৎ বেধ, অতিবেধ, মহাবেধ ও যোগ জ্ঞাত হইয়া যাহারা আমার দিন বলিয়া উপবাস করে, তাহারা মহাপ্রলয় পর্য্যন্ত নরকবাসী হইবে ॥ ১৩৮ ॥

ঐ প্রকার বেধসংযুক্ত আমার দিনে উপবাস করিলে সন্তানের ক্ষয় হয় এবং সাত জন্ম ধর্ম্ম ও ধন সকলের হানি হয় ॥

ভবিষ্যপুরাণে ॥

অরুণোদয়কালে যদি দশমী দৃষ্ট হয়, তাহা হইলে তাহাতে একাদশী করিবে না, করিলে ধর্ম্ম, অর্থ ও কাম বিনষ্ট হইবে ॥ ১৩৯ ॥

আরও ॥

অরুণোদয়কালে যদি দশমী দৃষ্ট হয়, তাহা হইলে তাহাতে একাদশ্যুপবাসিদিগের উপবাস পাপের মূল হয় ॥ ১৪০ ॥

জ্ঞেয়াস্তেঽত্রাপি বিদ্ধায়া লক্ষণস্যানুসারতঃ ॥ ১৪১ ॥
এবং জ্ঞেয়ানি বাক্যানি বিদ্ধাব্রতপরাণি তু।
অবৈষ্ণবাশ্রয়াণ্যেব শুক্রমায়াকৃতানি বা ॥ ১৪২ ॥
ইত্থঞ্চ জন্মাষ্টম্যাদি ব্রতান্যপি ন বৈষ্ণবৈঃ।

বিদ্ধোপবাসেঽপি। কুতঃ। বিদ্ধায়া লক্ষণস্য পূর্ব্বলিখিতস্যানুসারাৎ। উদয়াৎ প্রাক্ মুহূর্ত্তদ্বয়ব্যাপিনী সতী সম্পূর্ণা অন্যথা বিদ্ধেতি বিদ্ধালক্ষণেঽরুণোদয়বেধস্যৈব সুসিদ্ধেঃ ॥১৪১
ইত্থং সর্ব্বদা বিদ্ধোপবাসো নিষিদ্ধঃ তত্র চ যত্তুক্তমৃষ্যশৃঙ্গেণ। একাদশী ন লভ্যেত সকলা দ্বাদশী ভবেৎ। উপোষ্যা দশমীবিদ্ধা ঋষিরুদ্দালকোঽব্রবীৎ। কিঞ্চ। অবিদ্ধানি নিষিদ্ধৈশ্চেন্ন লভ্যন্তে দিনানি তু। মুহূর্ত্তৈঃ পঞ্চভির্বিদ্ধা গ্রাহ্যৈবৈকাদশীতিথিঃ। তদর্দ্ধ-বিদ্ধান্যন্যানি দিনান্যুপবসেদ্বুধঃ। অপিচ। পারণাহে ন লভ্যেত দ্বাদশীকলয়াপি চেৎ তদানীং দশমীবিদ্ধা উপোষ্যৈকাদশীতিথিরিতি। পাদ্মে চ। বিদ্ধাপ্যেকাদশী গ্রাহ্যা পরতো দ্বাদশী ন চেৎ। দ্বাদশ দ্বাদশীর্হন্তি ত্রয়োদশ্যান্তু পারণং। বিদ্ধাপ্যবিদ্ধা বিজ্ঞেয়া পরতো দ্বাদশী ন চেদিতি। ঈদৃশান্যন্যানি চ যানি বচনানি বর্ত্তন্তে তেষাং বিষয়ং ব্যবস্থাপ্য লিখতি এবমিতি। লিখিতপ্রকারেণ। অবৈষ্ণবাঃ বৈষ্ণবেতরাঃ শৈবসৌরাদয়ঃ কামিনো গৃহস্থাশ্চেতি বিষয়কাণি। তেষামপি বিদ্ধোপবাসে বহুলদোষশ্রবণাদপরিতোষেণ পক্ষান্তরং লিখতি শুক্রেতি ॥ ১৪২ ॥
প্রসঙ্গাদ্বৈষ্ণবব্রতেষু সর্ব্বেষপি সবেধদিনানীত্থং পরিত্যাজ্যানীত্যাদিশন্ লিখতি ইত্থঞ্চেতি। নৈবোপোষ্যং বৈষ্ণবৈরিত্যাদি লিখতি প্রকারেণ। আদিশব্দেন রামনবমী

সামান্যাকারে যে সকল বিদ্ধোপবাসাদি দোষ লিখিত হইয়াছে, পূর্ব্বলিখিত লক্ষণানুসারে এস্থানে সেই সমুদায় দোষ জানিতে হইবে ॥ ১৪১ ॥
বিদ্ধা উপবাস করার প্রতি যে সকল বচন আছে, সেই সকল বচন অবৈষ্ণববিষয়ক অথবা শুক্রমায়ায় কল্পিত জানিতে হইবে ॥ ১৪২ ॥
প্রসঙ্গাধীন বৈষ্ণবব্রতমাত্রে বিদ্ধা দিন পরিত্যাগ করিবে, এই বিষয়

বিদ্ধেষ্বহঃস্থ কার্য্যাণি তাদৃগ্‌দোষগণাশ্রয়াৎ ॥ ১৪৩ ॥

অথার্দ্ধরাত্রবিদ্ধাসমাধানং ॥

অর্দ্ধরাত্রাচ্চ পরতো বর্ত্তেত দশমী যদি।
তদাপ্যেকাদশীং বিদ্ধাং মন্যন্তে যচ্চ কেচন ॥

তথাচ কৌর্ম্মে ॥

অর্দ্ধরাত্রমতিক্রম্য দশমী যদি দৃশ্যতে।
তদা হ্যেকাদশীং ত্যক্ত্বা দ্বাদশীং সমুপোষয়েদিতি।
অভিজ্ঞাস্তচ্চ মন্যন্তে পক্ষবর্দ্ধিন্যুপাশ্রিতং।

নৃসিংহচতুর্দ্দশ্যাদি তাদৃশাং বিদ্ধৈকাদশীব্রতোক্তসদৃশানাং দোষাণাং গণস্যাশ্রয়াৎ ॥ ১৪৩ ॥ এবমরুণোদয়বেধে সতি ন কেনাপ্যুপবাসঃ কার্য্য ইতি নিশ্চিতং। তত্র চ কেচিদর্দ্ধরাত্রাৎ পরতঃ কেচিচ্চাত্বারিংশৎঘটিকাভ্যশ্চ পরতোঽপি দশম্যানুবৃত্তৌ বেধমিচ্ছন্তীতি তন্মতমুত্থাপ্য নিরাকরোতি। অর্দ্ধরাত্রাচ্চেতি ষড়্ভিঃ। যন্মন্যন্তে তৎ পক্ষবর্দ্ধিনী নাম মহাদ্বাদশী তদ্বিষয়কমভিজ্ঞা মন্যন্তে ইতি উত্তরেণান্বয়ঃ। তৎ অর্দ্ধরাত্রাৎ পরতো বেধবচনং বিদ্ধত্বং বা। অন্যৎ চত্বারিংশৎঘটিকোপরি বেধবিষয়কঞ্চ মহতাং শ্রীব্যাসাদীনাং

কহিতেছেন। বৈষ্ণবগণ এই প্রকার জন্মাষ্টমী প্রভৃতির ব্রত সকলও বিদ্ধ দিনে করিবেন না, করিলে লিখিত দোষ সকল উপস্থিত হইবে ॥ ১৪৩ ॥

অথ অর্দ্ধরাত্রিবিদ্ধা সমাধান ॥

অর্দ্ধরাত্রির পর যদি দশমী থাকে, তাহাতেও কেহ কেহ একাদশীকে বিদ্ধা করিয়া মানেন ॥

এই বিষয় কূর্ম্মপুরাণে যথা ॥

অর্দ্ধরাত্রির পর যদি দশমী দেখা যায়, তাহা হইলে একাদশী পরিত্যাগ করিয়া দ্বাদশীতে উপবাস করিবে ॥

অভিজ্ঞ সকল এই অর্দ্ধরাত্র বেধকে পক্ষবর্দ্ধিনীবিষয়ক বলিয়া জ্ঞান করিয়াছেন, অতএব অর্দ্ধরাত্র বেধ তথা চত্বারিংশ ঘটিকোপরি

অতস্তচ্চ তথান্যচ্চ মহতাং নৈব সম্মতং ॥ ১৪৪ ॥
তথা ব্রহ্মবৈবর্ত্তে ব্যাসোক্তৌ তত্রৈব ॥
"অর্দ্ধরাত্রেঽপি কেষাঞ্চিদ্দশম্যা বেধ ইষ্যতে।
অরুণোদয়বেলায়াং নাবকাশো বিচারণে ॥ ১৪৫ ॥
"কপালবেধ" ইত্যাহুরাচার্য্যা যং হরিপ্রিয়াঃ।

নৈব সম্মতং ভবতি ॥ ১৪৪ ॥

অরুণোদয় বেলায়াস্তু বেধবিচারণোপরি অবকাশোঽপি নাস্তীত্যনেনারুণোদয় বেধ এব নিশ্চিতঃ নত্বর্দ্ধরাত্রোপরিবেধঃ স্থাপিত ইতি কৈমুতিকন্যায়বিচারাদিতি দিক্ ॥ ১৪৫ ॥ নত্বর্দ্ধরাত্রোপরি বেধো হি "কপালবেধত্বেন" প্রসিদ্ধো বৈষ্ণবানাং সম্মতঃ অতঃ সোঽপি বর্জ্জনীয় এব তত্রাহ কপালেতি। যং অর্দ্ধরাত্রাৎ পরতো বেধং আচার্য্যাঃ কপালবেধ ইতি বদন্তি। হরিপ্রিয়া ইতি হরিপ্রিয়তয়া বেধশ্রবণমাত্রেণ দোষাশঙ্কয়াহুর্নতু বিচারণেত্যর্থঃ। যদ্বা হরিপ্রিয়া ইতি তত্রত্যানাং শৌনকাদীনাং সম্বোধনং। তেন চাখিলবিচারনৈপুণ্যং সমর্থয়তি "যে" ইতি পাঠে কেচিদাহুঃ। তচ্চ যে হরিপ্রিয়া আচার্য্যাস্তেষাং "মম চ বেদব্যাসস্য"

বেধে ব্যাস প্রভৃতি ঋষিগণের সম্মতি নাই ॥

তাৎপর্য্য। যে দিন পক্ষবর্দ্ধনী হইবে, তাহার পূর্ব্ব পূর্ব্ব দিবস অর্থাৎ দশমীর দিনে দশমী অর্দ্ধরাত্রির পর পর্য্যন্ত থাকিবে, ক্রমশ বৃদ্ধি পাইতে পাইতে পূর্ণিমা বা অমাবস্যায় মাটিয়া যাইবে, এমত স্থলে একাদশী পরিত্যাগ করিয়া দ্বাদশীতে ব্রত করিবে, এই ব্রতবিষয়ক অর্দ্ধরাত্র বেধ জানিতে হইবে ॥ ১৪৪ ॥

তথা ব্রহ্মবৈবর্ত্তে ব্যাসবাক্যে উক্ত প্রকরণেই ॥

কোন কোন পণ্ডিতের মতে অর্দ্ধরাত্রেও দশমী বেধ দৃষ্ট হয়, অরুণোদয় বেলায় দশমী বেধবিষয়ের অবকাশ নাই ॥ ১৪৫ ॥

কতকগুলি বৈষ্ণবাচার্য্য অর্দ্ধরাত্রের পর যে দশমী বেধ, তাহাকে কপালবেধ বলিয়া থাকেন, কিন্তু তাহা আমার মত নহে, যেহেতু রাত্রি

ন তন্মম মতং যস্মাৎ ত্রিযামা রাত্রিরুচ্যতে ॥ ১৪৬ ॥

পাদ্মে চ ॥

অর্দ্ধরাত্রং স্পৃশেৎ পূর্ণা পক্ষবৃদ্ধির্যদগ্রতঃ।

সম্মতং ন ভবতীত্যর্থঃ। তত্র হেতুর্যস্মাদিতি। এবং ত্রিযামায়া রাত্রের্মধ্যে একাদশ্যাঃ প্রবেশ এব নাস্তি। যতো দশম্যা এব সা রাত্রিঃ। অতস্তত্র যতো দশম্যা বেধঃ স্যাৎ অতো অরুণোদয়ে একাদশীসম্ভাবেন তৎসম্পূর্ণতা প্রতিপাদনাৎ তত্রৈব দশম্যনুবৃত্তৌ বেধঃ কল্পত ইত্যর্থঃ। অন্যথা অতিব্যাপ্ত্যার্দ্ধরাত্রাৎ পূর্ব্বঃ ততোঽপি পূর্ব্বমিত্যেবং রাত্রিপ্রথমভাগেঽপি নিয়মাভাবাৎ বেধঃ স্যাৎ ততশ্চানবস্থাপ্রসঙ্গদোষ এব স্যাদিতি দিক্ ॥ ১৪৬ ॥

ননু তর্হি অর্দ্ধরাত্রমতিক্রম্যেত্যাদি কূর্ম্মপুরাণবচনং। অর্দ্ধরাত্রাৎ পরং যাম্যাৎ কলাকাষ্ঠাদিসংযুতা। মোহিনীসাধিকারা চ ব্রহ্মণা নির্ম্মিতা পুরা। নিশীথাৎ পরতো যাম্যাৎ একাদশ্যামুপোষিতা। স পতেন্নরকে ঘোরে যাবদাহূতসংপ্লবমিত্যাদি স্মৃত্যর্থসারবচনঞ্চ যৎ তস্য কো বিষয়ঃ তত্রাহ অর্দ্ধরাত্রমিতি। যদাগ্রতঃ পক্ষবৃদ্ধির্ভবতি তদা পূর্ণা দশমীচেদর্দ্ধরাত্রং স্পৃশেৎ তদা সা কপালবেধনী নামৈকাদশী স্যাৎ তদা চ শুদ্ধাং ভদ্রাং দ্বাদশীমেবোপবসেদিত্যর্থঃ। অতশ্চ। পূর্ণৈকচত্বারিংশচ্চ ঘটিকা দৃশ্যতে যদি। তদা ব্যালমুখী জ্ঞেয়া বর্জ্জিতা মৎপরায়ণৈঃ। দ্বিচত্বারিংশদ্ঘটিকা দশমী দৃশ্যতে যদি। মহাব্যালেতি বিখ্যাতা ন কার্য্যা মুক্তিকাঙ্ক্ষিভিঃ। ত্রিচত্বারিংশদ্ঘটিকা ভয়া সা হ্যভিধীয়তে। পূর্ণা চতুশ্চত্বারিংশৎ কথিতা সা মহাভয়েত্যাদীনি। শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে। দ্বিপঞ্চশচ্চ ঘটিকা দশমী দৃশ্যতে যদি। ছায়াভিধাতু সা জ্ঞেয়া নন্দা যা বৃদ্ধিগামিনী। ত্রিপঞ্চাশদ্যদা পূর্ণা গ্রস্তা সৈব তু গীয়তে। চতুঃপঞ্চাশকো জ্ঞেয়োঽপ্যতিবেধস্ততোঽধিকঃ। মহাবেধঃ ষড়ধিকস্তথোক্তঃ পূর্ব্বসূরিভিঃ। প্রলয়ঃ সপ্তপঞ্চাশৎ মহান্ প্রোক্তস্ততোঽপরঃ। নবাধিকা মহাঘোরা সম্পূর্ণা ষষ্টিরাক্ষসী। ছায়াদি নববেধেষু যঃ কুর্য্যাৎ সমুপোষণং। মৃতে স নরকং যাতি যাবদাহূত-

ত্রিযামা নামে অভিহিত হইয়াছে ॥ ১৪৬ ॥

পদ্মপুরাণেও ॥

একাদশীর অগ্রে পক্ষবৃদ্ধি অর্থাৎ পূর্ণিমা বা অমাবস্যা ঘাটিয়া যায়, সেই কালে যদি পূর্ণা দশমী অর্দ্ধরাত্রিকে স্পর্শ করে, তাহা হইলে সেই একাদশী কপালবেধনী বলিয়া কথিত হয়, তখন একাদশী পরি-

কপালবেধনী সা চ শুদ্ধাং ভদ্রামুপোষয়েৎ ॥ ১৪৭ ॥

অথ বেধবিহীনাপি সম্পূর্ণৈকাদশীতিথিঃ।

সংপ্লবং। ইত্যাদীনি চ বচনানি স্বত এব নিরস্তানি। অর্দ্ধরাত্রবেধপক্ষস্যাপি নিরসনাৎ বিশেষতশ্চ প্রাচীনৈর্মহদ্ভিরভিজ্ঞৈরসংগৃহীতত্বাৎ তান্যমূলান্যেব জ্ঞেয়ানি ॥ ১৪৭ ॥

এবমনেকদোষহেতুত্বাদ্বিদ্ধোপবাসঃ পরিত্যাজিতঃ। অধুনা কদাচিৎ শুদ্ধাপি পরিত্যাজ্যেতি লিখতি অথেতি। দশমীবেধেন বিহীনা পরিত্যক্তা কুতঃ পূর্ণা সম্পূর্ণা অরুণোদয়াদেব প্রবৃত্তেত্যর্থঃ। সাপ্যেকাদশী পরিত্যাজ্যা। তত্র হেতুঃ অগ্রত ইতি কদাচিৎ একাদশ্যা দ্বাদশীদিনে কদাচিৎ দ্বাদশ্যাশ্চ ত্রয়োদশীদিনে কদাচিৎ পক্ষান্ততিথেশ্চ প্রতিপদ্দিনে বৃদ্ধিগামিত্বাৎ। বৃদ্ধিগামিত্বাভাবেন চ ত্রয়োদশ্যাং সম্পূর্ণায়ামপি সত্যাং তথা দ্বাদশ্যা-

ত্যাগ করিয়া শুদ্ধা দ্বাদশীতে উপবাস করিবে ॥ ১৪৭ ॥

সম্পূর্ণা একাদশীতিথি বেধহীনা হইলেও যদি তাহা পর দিবস বৃদ্ধিগামিনী হয়, তবে বৈষ্ণবগণ সে একাদশীকে নিশ্চয় পরিত্যাগ করিবেন ॥

তাৎপর্য্য। এই প্রকারে অনেক দোষের হেতুপ্রযুক্ত বিদ্ধোপবাস পরিত্যাগ করাইয়া শুদ্ধাও পরিত্যাগ করাইবেন, এই বিষয়ে লিখিতেছেন। অথ শব্দে দশমীবেধহীনা একাদশীও পরিত্যাগ করিবে, যে একাদশী অরুণোদয় হইতে প্রবৃত্তা, তাহার নাম সম্পূর্ণা, তাহাও পরিত্যাগ করিবে। তাহাতে হেতু এই "অগ্রত" এই শব্দের প্রয়োগহেতু কখন একাদশীর দ্বাদশী দিনে, কখন দ্বাদশীর ত্রয়োদশী দিনে ও কখন পক্ষান্ত তিথির প্রতিপদ্দিনে বৃদ্ধিগামিত্ব হইলে সংপূর্ণা একাদশী ত্যাগ করিয়া পর দিন উপবাস করিবে এবং বৃদ্ধিগামিত্বের অভাব হইলে তথা ত্রয়োদশী সংপূর্ণা হইলে আর দ্বাদশীও সংপূর্ণা হইলে এবং পক্ষান্তের বৃদ্ধি না হইলে সংপূর্ণা একাদশীতেই উপবাস। দ্বাদশীতেও পরে যে লক্ষণ লিখিব, সেই হরিবাসর ত্যাগ দ্বারা পারণের ব্যবস্থা। ঐ একাদশী উন্মীলনী প্রভৃতিতে উপস্থিত হয়, একারণ এস্থানে বিশেষরূপে লিখিলাম না, বৈষ্ণব এই পদ প্রয়োগ হেতু কোন কোন অবৈ-

অগ্রতো বৃদ্ধিগামিত্বাৎ পরিত্যাজ্যৈব বৈষ্ণবৈঃ ॥ ১৪৮ ॥

অথ শুদ্ধাবিশেষপরিত্যাগঃ ॥

গারুড়ে ॥

সম্পূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা।

---

মপি সম্পূর্ণায়াং সত্যাং পক্ষান্তস্যাপি বৃদ্ধ্যভাবে চ সতি সম্পূর্ণায়ামেকাদশ্যামেবোপবাসঃ। দ্বাদশ্যাঞ্চ লেখ্যলক্ষণহরিবাসরত্যাগেন পারণমিতি ব্যবস্থা। সা চৈকাদশী নোন্মীলন্যাদিষু কাস্বপি ভবতীতি বিশেষতো নো লিখিতা। বৈষ্ণবৈরিত্যনেন কেচিদবৈষ্ণবাশ্চ ন পরিত্যজেয়ুরিত্যগ্রে ব্যবস্থায়াং লেখ্যং ॥ ১৪৮ ॥

সম্পূর্ণা অরুণোদয়মারভ্য পরদিনে সূর্য্যোদয়ং যাবদ্ব্যাপ্তেত্যর্থঃ। পুনরপি তৎপরদিনে প্রভাতে সা একাদশী ভবতি বর্দ্ধত ইত্যর্থঃ। বৈষ্ণবী দ্বাদশী। গৃহস্থোঽপীত্যপি শব্দঃ।

---

ষ্ণবেও পরিত্যাগ করিবে না, অগ্রে এই ব্যবস্থা লিখিত হইতেছে॥ ১৪৮

অথ শুদ্ধাবিশেষ পরিত্যাগ ॥

গরুড়পুরাণে ॥

যে দিবস অরুণোদয় হইতে সম্পূর্ণা একাদশী পুনরায় প্রভাতকালে বৃদ্ধি পায় অর্থাৎ দ্বাদশীতে থাকে, আর যদি বৈষ্ণবী (দ্বাদশী) ত্রয়োদশীর দিবস একদণ্ডও দেখা যায়, তাহা হইলে গৃহস্থ ব্যক্তি পর দিবস অর্থাৎ দ্বাদশীতে উপবাস করিবে, পূর্ব্বা একাদশীতে উপবাস করিবে না ॥

তাৎপর্য্য। অরুণোদয় আরম্ভ করিয়া প্রবৃত্তা সম্পূর্ণা একাদশী পর দিনে সূর্য্যোদয় পর্য্যন্ত ব্যাপিয়া থাকে, পুনর্ব্বারও তাহার পরদিনে প্রভাতে একাদশী বৃদ্ধি পায়। বৈষ্ণবী শব্দে দ্বাদশী। গৃহস্থ এই পদে অপি শব্দের প্রয়োগ করা হইয়াছে। "একাদশী প্রবৃদ্ধা চেৎ শুক্লে কৃষ্ণে বিশেষতঃ। তত্রোত্তরাং যতিঃ কুর্য্যাৎ পূর্ব্বামুপবসেদ্গৃহী।" ইহার অর্থ শুক্লপক্ষে হউক বা কৃষ্ণপক্ষেই হউক, একাদশী যদি বৃদ্ধি

বৈষ্ণবী চ ত্রয়োদশ্যাং ঘটিকৈকাপি দৃশ্যতে।
গৃহস্থোঽপি পরাং কুর্য্যাৎ পূর্ব্বাং নোপবসেত্তদা॥ ১৪৯॥
কিঞ্চ॥
উন্মীলনীভেদমাহ॥
শ্রীনারদঃ।
সম্পূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা।
অত্রোপোষ্যা দ্বিতীয়া তু পুত্রপৌত্রবিবর্দ্ধিনী॥
অতএব পাদ্মে॥
দ্বাদশীমিশ্রিতা গ্রাহ্যা সর্ব্বত্রৈকাদশীতিথিঃ।

একাদশী প্রবৃদ্ধা চেচ্ছুক্লে কৃষ্ণে বিশেষতঃ। তত্রোত্তরাং যতিঃ কুর্য্যাৎ পূর্ব্বামুপবসেদ্গৃহী· ত্যাদিবচনপ্রাপ্তো যতেরেব পরদিনোপবাসো ন গৃহস্থস্যেতি পক্ষনিরাসার্থঃ॥ ১৪৯॥
এবং ত্রয়োদশ্যাং দ্বাদশ্যা নিষ্ক্রমে সতি শুদ্ধৈকাদশীত্যাগো লিখিতঃ। প্রায়োঽয়মবৈ· ষ্ণবানামপি সম্মতঃ। অধুনা দ্বাদশ্যনিষ্ক্রমেঽপি মহাদ্বাদশ্যপেক্ষয়া বৈষ্ণবানাং সম্মতং শুদ্ধা· পরিত্যাগং লিখতি শ্রীনারদাদ্যুক্তৈঃ সম্পূর্ণেত্যাদিভিঃ। প্রভাতে দ্বাদশীদিনে সৈবৈকাদশী পুনর্ভবতি বৃদ্ধিগামিত্বাৎ। এবঞ্চ দ্বাদশী পরতো বর্দ্ধতাং ন বেত্যপেক্ষা নাস্তি অত-

পায়, তাহা হইলে যতি ব্যক্তি পরদিবস আর গৃহস্থ পূর্ব্বদিবস ব্রত করিবে। এই পক্ষ নিরাসের নিমিত্ত গরুড়পুরাণের বচনে গৃহস্থ শব্দে অপি শব্দের প্রয়োগ করিয়াছেন॥ ১৪৯॥

উন্মীলনীভেদ যথা—শ্রীনারদের বাক্য॥

অরুণোদয় হইতে প্রবৃত্তা সংপূর্ণা একাদশী পুনরায় যদি প্রভাত কালে থাকে, তাহা হইলে তাহাতে পর দিবস অর্থাৎ দ্বাদশীতে ব্রত করিবে, এই ব্রতে পুত্র পৌত্র বৃদ্ধি পায়॥

অতএব পদ্মপুরাণে॥

ত্রয়োদশী দিবস দ্বাদশী থাকুক বা না থাকুক, সকল ব্রতে দ্বাদশী

দ্বাদশী চ ত্রয়োদশ্যাং বিদ্যতে যদি বা ন বা ॥ ১৫০ ॥

কিঞ্চ ॥

সর্ব্বত্রৈকাদশী কার্য্যা দ্বাদশীমিশ্রিতা নরৈঃ।
প্রাতর্ভবতু বা মা বা যতোনিত্যমুপোষণং ॥ ১৫১ ॥

স্কান্দে ॥

সংপূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা।

এবোক্তং স্কান্দাদৌ পরতো দ্বাদশী ন চেদিত্যাদি। অত্র অস্মিন্ কালে দ্বিতীয়ৈবৈকাদশী উপোষ্যা সম্পূর্ণপ্রথমদিনপরিত্যাগেন নিক্রমণদিনমেবোপোষ্যমিত্যর্থঃ। এবঞ্চ সম্পূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা। তত্রোপোষ্যা দ্বিতীয়াতু পরতো দ্বাদশী যদীত্যাদিবচনৈঃ। ত্রয়োদশ্যাং দ্বাদশী সদ্ভাবে সত্যেব সম্পূর্ণৈকাদশী পরিত্যাজ্যা অন্যথা তু নেতি ব্যবস্থাপিত পক্ষোনিরস্তঃ। নমু একাদশী প্রবৃদ্ধাচেদিতি বচনানুসারেণ যতিপরোয়মিতি ব্যবস্থাপয়িতব্যং তত্রাহ পুত্রেতি। এবং পুত্রপৌত্রবিবর্দ্ধনীত্যনেন তথাগ্রে লেখ্যেন গৃহিভিঃ পুত্রবদ্ভিশ্চেত্যাদিনা চ একাদশী প্রবৃদ্ধাচেদিত্যাদিবচনপ্রাপ্তো গৃহিণাং দ্বিতীয়ৈকাদশ্যুপবাস নিষেধোঽপি পরিহৃত ইতি দিক্ ॥ ১৫০ ॥

প্রাতস্ত্রয়োদশ্যাং দ্বাদশী ভবতু বা মা ভবতু নিত্যমুপোষণমিতি উক্তপ্রকারেণোক্তলক্ষণস্যোন্মীলনীব্রতস্য নিত্যত্বাদিত্যর্থঃ ॥ ১৫১ ॥

এবং দ্বাদশীবৃদ্ধিক্ষয়য়োরনপেক্ষয়া শুদ্ধা ত্যাগং লিখিত্বা ইদানীং দ্বাদশীক্ষয়মপেক্ষ্যৈব উন্মীলনীং লিখন্ শুদ্ধা পরিত্যাগমেব লিখতি সম্পূর্ণেত্যাদি স্কান্দাদিবচনৈঃ পরতস্ত্রয়ো-

মিশ্রিতা একাদশী তিথিরই গ্রহণ হয় ॥ ১৫০ ॥

আরও ॥

মনুষ্যগণ সকল ব্রতেই দ্বাদশী মিশ্রিত একাদশী তিথিরই গ্রহণ করিবেন, ত্রয়োদশীর প্রাতঃকালে দ্বাদশী থাকুক বা না থাকুক, উন্মীলনী ব্রতের নিত্যত্ব বিধান আছে ॥ ১৫১ ॥

স্কন্দপুরাণে ॥

যেস্থলে সম্পূর্ণা একাদশী পুনরায় প্রাতঃকালে থাকে, তাহাতে

তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণং ॥
কিঞ্চ ॥
একাদশী কলা যত্র পরতো দ্বাদশী নচেৎ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণং ॥
কৌর্ম্মে ॥
একাদশীকলাহপ্যেকা পরতো দ্বাদশী নচেৎ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণং ॥
ভবিষ্যে ॥
একাদশী কলাপ্যেকা পরতো ন চ বর্দ্ধতে।
গৃহিভিঃ পুত্রবদ্ভিশ্চ সৈবোপোষ্যা সদা তিথিঃ।

দশ্যাং ন বর্দ্ধতে দ্বাদশী। ফলবিশেষং দর্শয়তি একাদশীতি পঞ্চভিঃ॥ ১৫২ ॥

পর দিবস ব্রত করিলে একশত যজ্ঞের ফল হয় এবং ঐ ব্রতে ত্রয়োদশীতে পারণ করিবে ॥

আরও ॥

যে দিবস কলামাত্র একাদশী থাকে কিন্তু তাহার পর দিবস দ্বাদশী নাই। এমত স্থলে দ্বাদশীতে উপবাস ও ত্রয়োদশীতে পারণ বিহিত, এই পারণ একশত যজ্ঞের পুণ্যস্বরূপ ॥

কূর্ম্মপুরাণে ॥

দ্বাদশীর দিবসে যদি এক কলা একাদশী থাকে, আর ত্রয়োদশীতে যদি দ্বাদশী না থাকে, তাহা হইলে ঐ উন্মীলনী দ্বাদশীর ব্রতে একশত যজ্ঞের ফল হয় এবং ঐ ব্রতে ত্রয়োদশীতে পারণ করিবে ॥

ভবিষ্যপুরাণে ॥

দ্বাদশীর দিবসে যদি এক কলা একাদশী থাকে, আর দ্বাদশী যদি ত্রয়োদশীতে বৃদ্ধি না পায়, তাহা হইলে পুত্রবান্ গৃহস্থেরা সর্ব্বদা ঐ

কিঞ্চ পাদ্মে ॥

একাদশীকলাযুক্তা যেন দ্বাদশ্যুপোষিতা ।
কিন্ত্বস্য বহুভির্যজ্ঞৈরশ্বমেধাদিভির্নৃপ ।
একাদশী দ্বাদশী চ তত্র সন্নিহিতো হরিঃ ॥
উপোষ্য রজনীমেকাং ব্রহ্মহত্যাং ব্যপোহতি ॥

বিষ্ণুরহস্যে ॥

একাদশীকলা প্রাপ্তা যেন দ্বাদশ্যুপোষিতা ॥
তুল্যা ক্রতুশতেন স্যাৎ ত্রয়োদশ্যান্তু পারণং ।

বৌধায়নস্মৃতৌ ॥

একাদশীকলাযুক্তা উপোষ্যা দ্বাদশী নরৈঃ ।
ত্রয়োদশ্যান্তু যো ভুঙ্‌ক্তে তস্য বিষ্ণুঃ প্রসীদতি ॥ ১৫২ ॥

---

দ্বাদশী তিথিতেই উপবাস করিবেন ॥

আরও পদ্মপুরাণে ॥

এককলা একাদশীযুক্তা দ্বাদশীতে যে ব্যক্তি উপবাস করিয়াছে, অশ্বমেধ প্রভৃতি বহু বহু যজ্ঞে তাহার কি হইবে, একাদশী ও দ্বাদশী এই দুইয়েতেই হরি বিরাজমান, এক রাত্রি উপবাস করিলে ব্রহ্মহত্যা বিনষ্ট হয় ॥

একাদশীর কলা প্রাপ্ত দ্বাদশীতে যে ব্যক্তি উপবাস করে, তাহার ঐ ব্রত এক শত যজ্ঞের তুল্য হয় এবং ঐ ব্রতে ত্রয়োদশীতে পারণ বিহিত ॥

বৌধায়ন স্মৃতিতে ॥

মনুষ্যগণ! একাদশীকলাযুক্ত দ্বাদশীতে উপবাস করিবেন। ত্রয়োদশীর দিবস যিনি ভোজন করেন, তাঁহার প্রতি বিষ্ণু প্রসন্ন হয়েন ॥ ১৫২ ॥

ইত্যুন্মীলনী ॥

স্কান্দে ॥

একাদশী ভবেৎ পূর্ণা পরতো দ্বাদশী যদা।

তদা হ্যেকাদশীং ত্যক্ত্বা দ্বাদশ্যাং সমুপোষয়েৎ ॥ ১৫৩ ॥

কালিকাপুরাণে ॥

একাদশী তু সম্পূর্ণা পরতো দ্বাদশী ভবেৎ।

---

এবং শুদ্ধা পরিত্যাগে উন্মীলনী মহাদ্বাদশীবিষয়ং দর্শয়িত্বাধুনা বঞ্জুলী মহাদ্বাদশীবিষয়ং লিখতি একাদশীতি সার্দ্ধপঞ্চভিঃ। পূর্ণা যদা একাদশী ভবেদিতি প্রায়স্তস্যাঃ সম্পূর্ণত্বেনৈব দ্বাদশ্যা অপি সংপূর্ণায়াঃ সত্যা বৃদ্ধিসম্ভবাৎ নত্বত্র দ্বাদশীবৃদ্ধিমাত্রাপেক্ষা বঞ্জুল্যামেকাদশী-সংপূর্ণতাপেক্ষণাৎ। যদ্বা পূর্ণেতি অরুণোদয়াৎ প্রবৃত্তত্বেন শুদ্ধাপরিত্যাগো দর্শিত ইতি দিক্ ॥ ১৫৩ ॥

তিথের্বৃদ্ধিঃ প্রশস্যতে তত্র ব্রতাদিকং মহাফলমিত্যর্থঃ। বঞ্জুলীমাহাত্ম্যবিশেষশ্চাগ্রে মুখ্যপ্রসঙ্গে লেখ্যঃ। অত্র চ শুদ্ধা পরিত্যাগপ্রকরণস্যৈব মুখ্যত্বাদুন্মীলন্যাদি নিরূপণ-

---

॥ ইতি উন্মীলনী ব্রতপ্রকরণ ॥

এই প্রকারে শুদ্ধা একাদশী পরিত্যাগে উন্মীলনী মহাদ্বাদশীর বিষয় দেখাইয়া এক্ষণে বঞ্জুলী মহাদ্বাদশীর বিষয় লিখিতেছেন ॥

অথ বঞ্জুলীদ্বাদশীব্রতবিধি ॥

স্কন্দপুরাণে ॥

যে স্থানে অরুণোদয়প্রবৃত্তা সম্পূর্ণা একাদশী হয়, আর দ্বাদশীও সম্পূর্ণা হইয়া ত্রয়োদশীর দিবস কিছু থাকে, তাহা হইলে শুদ্ধা একা-দশী পরিত্যাগ করিয়া দ্বাদশীতে উপবাস করিবে ॥ ১৫৩ ॥

কালিকাপুরাণে ॥

যে স্থানে একাদশী সম্পূর্ণা আর পর দিবস দ্বাদশী বৃদ্ধি পায়, সে স্থানে দ্বাদশীতে উপবাস করিবে, এই ব্রতে তিথির যে বৃদ্ধি তাহা

উপোষ্যা দ্বাদশী তত্র তিথিবৃদ্ধিঃ প্রশস্যতে ॥ ১৫৪ ॥
ভবিষ্যে ॥
উপোষ্যা দ্বাদশীশুদ্ধা দ্বাদশ্যামেব পারণং ।
নির্গতায়াং ত্রয়োদশ্যাং কলা চ বিকলাপি বা ।
বিকলায়ান্তু দ্বাদশ্যাং পারণং যঃ করোতি হি ।

---

প্রকরণমথোক্তশীলনীত্যাদিরূপেণ স্পষ্টতয়া মুখ্যত্বেন ন লিখিতমিতি দিক্ ॥ ১৫৩ ॥

যচ্চোক্তং পূর্ণাপ্যেকাদশী ত্যাজ্যা পরতো বর্দ্ধতে যদি। দ্বাদশ্যাং পারণালাভে পূর্বৈব পরিগৃহ্যতে। ইত্যনেন একাদশীবৎ দ্বাদশীবৃদ্ধৌ পূর্বৈকাদশীত্যাগ ইতি। অতএব স্কান্দে। শুদ্ধা যদা সমা হীনা সমা ক্ষীণাধিকোত্তরা। একাদশীমুপবসেন্নতু শুদ্ধান্তু বৈষ্ণবীং। অস্যার্থঃ। শুদ্ধা একাদশী সমা হীনা বা উত্তরা দ্বাদশী সমাহক্ষীণাধিকা বা তদা একাদশীমেবোপবসেৎ নতু শুদ্ধাং বৈষ্ণবীং দ্বাদশীমিতি। তৎপরিহারার্থং ভবিষ্যপুরাণাদিবচনং লিখতি উপো-ষ্যেতি। শুদ্ধেত্যনেন একাদশীসংযোগাভাবাদেকাদশীবৃদ্ধির্নাপেক্ষিতা। অতএবোক্তং ব্রাহ্মে। একলিপ্ত্যা সমাযুক্তা যদি বৃদ্ধিপরা তিথিঃ। অথ বৈকাদশী নাস্তি দশম্যা বাথ-সঙ্গতা। দ্বাদশী তু কলাকাষ্ঠা যদি স্যাদপরেহহনি। দ্বাদশ দ্বাদশীর্হন্তি পূর্ব্বস্যাং পারণং কৃতমিতি। অস্যার্থঃ। তিথিবৃদ্ধিপরত্বেন একাদশী পরদিনে একলিপ্ত্যা সমাযুক্তা কিঞ্চি-ন্মাত্রাপ্যস্তীত্যর্থঃ অথবা নাস্তি দ্বাদশী চ কিঞ্চিন্মাত্রা ত্রয়োদশ্যামস্তি তদা শুদ্ধদ্বাদশ্যা-মেবোপবাসঃ ন ত্বেকাদশ্যাং। দশম্যা সঙ্গতেত্যত্র দৃষ্টান্তত্বেনোদাহৃতং। একাদশীমুপোষ্য সম্পূর্ণদ্বাদশ্যাঞ্চ তদা পারণং কৃতং সৎ দ্বাদশ দ্বাদশীপুণ্যং হন্তি ইতি। ন গর্ব্ভে বিশতে নর ইতি ন গর্ব্ভে বিশতে জন্তুরিত্যাদিনা উন্মীল্যামাহাত্ম্যবিশেষ উক্তঃ। নতু তত্র মুমুক্ষো-

---

প্রশস্ত ॥ ১৫৪ ॥

ভবিষ্যপুরাণে ॥

শুদ্ধা দ্বাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতেই পারণ করিবে, ত্রয়ো-দশীতে ঐ দ্বাদশীর এককলা থাকুক বা না থাকুক, বিকলা দ্বাদশীতে অর্থাৎ ত্রয়োদশীর দিবস যে দ্বাদশীর কলা নাই, সেই দ্বাদশীতেই

তামুপোষ্য মহীপাল ন গর্ব্ভে বিশতে নরঃ ॥
ভাগবতাদি তন্ত্রে চ ॥
সম্পূর্ণৈকাদশী ত্যাজ্যা পরতো দ্বাদশী যদি।
উপোষ্যা দ্বাদশী শুদ্ধা দ্বাদশ্যামেব পারণং।
ন গর্ব্ভে বিশতে জন্তুরিত্যাহ ভগবান্ হরিঃ ॥ ১৫৫ ॥
ইতি বঞ্জুলী ॥
নারদীয়ে ॥
একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
ত্রিস্পৃশা নাম সা প্রোক্তা ব্রহ্মহত্যাং ব্যপোহতি ॥

রেবাধিকারো দর্শিত ইতি। তাসামষ্টমহাদ্বাদশীনাং সর্ব্বেষামেব নিত্যত্বাদিতি দিক্। পূর্ণাপ্যেকাদশী ত্যাজ্যা ইত্যাদিবচনানাঞ্চ বিষয়ব্যবস্থাগ্রে লেখ্যা ॥ ১৫৫ ॥

অধুনা ত্রিস্পৃশা দ্বাদশীং লিখতি একাদশীত্যাদিনা পারণমিত্যন্তেন ॥ ১৫৬ ॥

পারণ বিহিত, হে মহীপাল! মনুষ্য যদি ঐ দ্বাদশীর উপবাস করেন, তাহা হইলে তাঁহাকে আর গর্ব্ভে প্রবেশ করিতে হয় না ॥

ভাগবতাদি তন্ত্রেও বলিয়াছেন ॥

পর দিবস যদি দ্বাদশী থাকে, তাহা হইলে সম্পূর্ণা একাদশী পরিত্যাগ পূর্ব্বক শুদ্ধা দ্বাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতেই পারণ করিবে। ভগবান্ হরি এইরূপ কহিয়াছেন, উক্ত দ্বাদশীতে উপবাসকারী প্রাণী আর মাতৃগর্ব্ভে প্রবেশ করিবে না ॥ ১৫৫ ॥

ইতি বঞ্জুলীপ্রকরণ ॥

অথ ত্রিস্পৃশাপ্রকরণ ॥

নারদপুরাণে ॥

একাদশী, দ্বাদশী ও রাত্রিশেষে ত্রয়োদশী হইলে তাহাকে ত্রিস্পৃশা বলে, এই ত্রিস্পৃশায় ব্রত করিলে ব্রহ্মহত্যা পাপ বিনষ্ট হয় ॥

কৌর্ম্মে ॥

একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
ত্রিভির্ম্মিশ্রা তিথিঃ প্রোক্তা সর্ব্বপাপহরা স্মৃতা ॥
উপবাসঃ কৃতস্তস্যাং সদা পাতকনাশনঃ।
একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণং ॥ ১৫৬ ॥

কিঞ্চ ॥

ত্রিস্পৃশৈকাদশী যত্র তত্র সন্নিহিতো হরিঃ।
তামেবোপবসেৎ কামী অকামো বিষ্ণুতৎপরঃ।

ততশ্চ যদুক্তং একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী। উপবাসং ন কুর্ব্বীত পুত্রপৌত্রসমন্বিত ইতি তৎপরিহরতি। ত্রিস্পৃশেতি। কামী ধনপুত্রাদিকামযুক্তঃ। অকামো বৈষ্ণবঃ তত্র হেতুঃ বিষ্ণুতৎপর ইতি। যদ্বা অকামশ্চ মুমুক্ষুঃ বিষ্ণুতৎপরশ্চ বৈষ্ণবঃ। এবং সর্ব্বেষামেব তত্রোপবাসো বিহিতঃ। এতদেব ব্রহ্মহত্যাং ব্যপোহতীত্যাদিনা সর্ব্বদুঃখদোষমূলপাপনিরসনোক্ত্যা তথা তত্র ক্রতুশতং পুণ্যমিত্যাদিনা সর্ব্বসুখমঙ্গলহেতুপুণ্যোৎপাদনোক্ত্যা চ প্রতিপাদিতমিতি দিক্ ॥ ১৫৭ ॥

কূর্ম্মপুরাণে ॥

একাদশী, দ্বাদশী ও রাত্রিশেষে ত্রয়োদশী এই তিনে মিশ্রিতা যে তিথি, তাহার নাম ত্রিস্পৃশা, ইহা সর্ব্বপাপহরা বলিয়া কথিত হইয়াছে। ইহাতে উপবাস করিলে সর্ব্বদা পাতক বিনষ্ট হয় ॥

একাদশী, দ্বাদশী ও রাত্রিশেষে ত্রয়োদশী হইলে, তাহাতে একশত যজ্ঞের পুণ্য হয়, এই ব্রতে ত্রয়োদশীতে পারণ বিহিত ॥ ১৫৬ ॥

আরও ॥

যে স্থানে ত্রিস্পৃশা একাদশী, সেই স্থানে বিষ্ণু অবস্থিতি করেন, ধনপুত্রকামী, মুমুক্ষু এবং বৈষ্ণব, সকল ব্যক্তিই ইহাতে উপবাস করিবেন ॥

স্কান্দে ॥

একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
উপোষ্যা চ প্রযত্নেন মহাপুণ্যবিবর্দ্ধিনী ॥

কিঞ্চ ॥

একাদশীকলাযুক্তা দ্বাদশী ক্ষীয়তে যদা।
উপোষ্যা চ মহাপুণ্যা সর্ব্বপাপহরা তিথিঃ ॥

সুমন্তস্মৃতৌ ॥

একাদশীকলাযুক্তা দ্বাদশী লুপ্যতে যদা।
একাদশী তদোপোষ্যা দ্বিতীয়া মোক্ষকাঙ্ক্ষিভিঃ ॥

ভবিষ্যে ॥

একাদশীকলাপ্যেকা দ্বাদশী সকলং দিনং।
ত্রয়োদশী উষঃকালে বৈষ্ণবন্তু দিনত্রয়ং।

---

স্কন্দপুরাণে ॥

একাদশী, দ্বাদশী ও রাত্রিশেষে ত্রয়োদশী, ইহাতে যত্নসহকারে উপবাস করিলে সুমহৎ পুণ্য বৃদ্ধি হইবে ॥

আরও ॥

একাদশী কলাযুক্তা দ্বাদশী যদি ক্ষয় প্রাপ্ত হয়, তাহা হইলে ঐ তিথি উপবাসযোগ্য, ইহাতে সমুদায় পাপ বিনষ্ট হয় ॥

আরও সুমন্ত স্মৃতিতে ॥

যখন একাদশী কলাযুক্তা দ্বাদশীর ক্ষয় হয়, তখন একাদশীতে উপবাস করিবে, আর যাঁহারা মোক্ষ ইচ্ছা করিবেন, তাঁহারা দ্বিতীয়া অর্থাৎ দ্বাদশীতে উপবাস করিবেন ॥

ভবিষ্যপুরাণে ॥

যে দিবস এককলা একাদশী, তৎপরে সমস্ত দিন দ্বাদশী এবং উষাকালে ত্রয়োদশী হয়, তাহা হইলে এই দিনত্রয়কে বৈষ্ণব অর্থাৎ

সর্ব্বপাপহরং প্রাপ্তং তদুপোষ্যমিতি স্মৃতিঃ।
পাদ্মে চ ॥
দ্বাদশীসংযুতা যত্র ভবত্যেকাদশী কলা।
দিনক্ষয়েঽপি যা পুণ্যা ন দশম্যা কদাচন।
ত্রিস্পৃশৈকাদশী যত্র তত্র সন্নিহিতোহরিঃ।
পুণ্যং ক্রতুশতস্যোক্তং ত্রয়োদশ্যান্তু পারণং ॥
দ্বারকামাহাত্ম্যে ॥
পুরা চৈকাদশী স্বল্পা অন্তে চৈব ত্রয়োদশী।
সম্পূর্ণা দ্বাদশী মধ্যে ত্রিস্পৃশা সা হরিপ্রিয়া।
ত্রিস্পৃশাং দ্বাদশীং প্রাপ্য কুরুতে পূর্ব্ববাসরং।

বিষ্ণুসম্বন্ধীয় বলা যায়, ইহাতে উপবাস করিলে সমস্ত পাপ বিনষ্ট হইয়া থাকে, এই স্মৃতি আছে ॥

পদ্মপুরাণে ॥

যে দিবস দ্বাদশীসংযুক্ত এক কলা একাদশী অথবা ত্র্যহস্পর্শই হয় তাহাতে যে পুণ্য জন্মায়, তাহা দশমীর সহিত সংযুক্ত হইলে হইবে না, অপর যে স্থানে ত্রিস্পৃশা একাদশী, সেই স্থানে হরি সন্নিহিত, এই ব্রতে একশত যজ্ঞের পুণ্য লাভ হয় এবং ইহাতে ত্রয়োদশীতে পারণ বিহিত ॥

দ্বারকামাহাত্ম্যে ॥

প্রথমে অল্প একাদশী আর শেষে যদি ত্রয়োদশী হয় এবং মধ্যে সম্পূর্ণ দ্বাদশী থাকে, তাহা হইলে তাহাকে ত্রিস্পৃশা বলা যায়, এই ত্রিস্পৃশা হরির অতিশয় প্রিয়া ॥

যদি কোন ব্যক্তি ত্রিস্পৃশা প্রাপ্ত হইয়া পূর্ব্ব দিবস অর্থাৎ একাদশীতে উপবাস করে, তাহা হইলে তাহার নিজের সুদৃঢ় মঙ্গল সকল

তেনাত্মনস্তু কল্যাণং দগ্ধং পাপাগ্নিনা দৃঢ়ং ॥ ১৫৭ ॥
ইতি ত্রিস্পৃশা ॥
ব্রহ্মবৈবর্ত্তে ব্যাসোক্তৌ ॥
তিথিঃ সশল্যা পরিবর্জ্জনীয়া ধর্ম্মার্থকামৈস্তু বুধৈর্মনুষ্যৈঃ।
বিহীনশল্যাপি বিবর্জ্জনীয়া যদ্যগ্রতোবৃদ্ধিমুপৈতি পক্ষঃ॥১৫৮
অন্যত্র চ ॥
দর্শশ্চ পৌর্ণমাসী চ সম্পূর্ণা বর্দ্ধতে যদি ।
দ্বিতীয়েঽহ্নি নৃপশ্রেষ্ঠ সা ভবেৎ পক্ষবর্দ্ধনী ॥ ১৫৯ ॥

---

পক্ষবর্দ্ধনীং লিখতি তিথিরিতি দ্বাভ্যাং। পক্ষ ইতি পক্ষান্তোঽমাবাস্যা পূর্ণিমা-বেত্যর্থঃ ॥ ১৫৮ ॥
তদেব স্পষ্টয়তি। সম্পূর্ণা সতী দ্বিতীয়েঽহ্নি প্রতিপদ্দিনে যদি বর্দ্ধতে ॥ ১৫৯ ॥

---

পাপাগ্নিতে দগ্ধ হইয়া যায় ॥ ১৫৭ ॥

॥ * ॥ ইতি ত্রিস্পৃশা প্রকরণ ॥ * ॥

অথ পক্ষবর্দ্ধনী ॥

ব্রহ্মবৈবর্ত্তে ব্যাসবাক্যে যথা ॥

ধর্ম্মার্থকামী পণ্ডিত মনুষ্য সামান্য অর্থাৎ বেধ যুক্ত একাদশী পরিত্যাগ করিবেন, আর যদি অগ্রে অমাবস্যা বা পূর্ণিমা ষষ্টি দণ্ড পর্য্যন্ত বৃদ্ধি প্রাপ্ত হয় তাহা হইলে বেধহীন সম্পূর্ণা একাদশীও পরিত্যাগ করিবেন ॥ ১৫৮ ॥

অন্যত্রও ॥

হে নৃপশ্রেষ্ঠ ! অমাবস্যা বা পূর্ণিমা সম্পূর্ণা হইয়া যদি প্রতিপৎ দিবসে বৃদ্ধি প্রাপ্ত হয় তাহা হইলে পূর্ব্ব দ্বাদশীকে পক্ষবর্দ্ধনী বলে ॥ ১৫৯ ॥

এবং মহত্যোদ্বাদশ্যশ্চতস্রোদর্শিতাঃ ক্রমাৎ।
উন্মীলনী বঞ্জুলী চ ত্রিস্পৃশা পক্ষবর্দ্ধনী ॥ ১৬০ ॥
অপরাশ্চ চতস্রস্তা জ্ঞেয়া নক্ষত্রযোগতঃ।
জয়া চ বিজয়া চৈব জয়ন্তী পাপনাশিনী ॥ ১৬১ ॥
তত্র তত্র বিশেষশ্চ যোঽন্যঃ কৃষ্ণার্চ্চনাদিকঃ।
লেখ্যঃ সোঽগ্রে বিশেষেণ তত্তন্মুখ্যনিরূপণে ॥ ১৬২ ॥
অথ পূর্ব্বোপবাসাদি সমাধানং।

এতে চ মহাদ্বাদশীভেদা ইতি স্পষ্টতয়া লিখতি এবমিতি লিখিত শুদ্ধৈকাদশীত্যাগ-প্রকারেণ ॥ ১৬০ ॥

নন্বষ্টৌ মহাদ্বাদশ্যঃ প্রসিদ্ধাঃ তত্র লিখতি অপরাশ্চেতি। তা মহাদ্বাদশ্যঃ ॥ ১৬১ ॥

নন্থ তত্র কেন নক্ষত্রেণ কতমা স্যাৎ কেন বা পূজাদিবিশেষেণ তাসাং মহত্বং তত্র লিখতি তত্রেতি। উন্মীলন্যাদৌ জয়াদৌ চ বিশেষেণ অসাধারণতয়া। তাসাং মুখ্যং নিরূপণং অগ্রতো লেখ্যং তস্মিন্ ॥ ১৬২ ॥

এবং শুদ্ধা ত্যাগে। বৈষ্ণবানাং ব্রতনিশ্চয়বচনানি সংগৃহ্যাধুনা তদ্বিরোধীন্যন্যান্যপি বচনানি ব্যবস্থাপয়ন্ লিখতি এবমিতি। লিখতি বৈষ্ণবব্রতনিশ্চয়প্রকরণে। দ্বাদশ্যা অবৃদ্ধৌ ত্রয়োদশীদিনে বৃদ্ধ্যভাবে সতি পূর্ব্বা একাদশী এবোপোষ্যেতি যদ্বচঃ। পূর্ণা-পোকাদশী ত্যাজ্যেত্যাদি বচনং তথেতি সমুচ্চয়ে। ত্রিস্পৃশৈকাদশী ত্যাজ্যেত্যর্থে একা-দশী দ্বাদশীচেত্যাদিকং যদ্বচঃ। তথা কৃষ্ণৈকাদশ্যাপি ত্যাজ্যেত্যর্থে চ যথা শুক্লা তথা

এই প্রকারে উন্মীলনী, বঞ্জুলী, ত্রিস্পৃশা ও পক্ষবর্দ্ধনী এই চারিটী মহাদ্বাদশী ক্রমশঃ দেখান হইল ॥ ১৬০ ॥

এতদ্ভিন্ন নক্ষত্র যোগে জয়া, বিজয়া, জয়ন্তী ও পাপনাশিনী এই চারিটী মহাদ্বদশীর ভেদ হয় জানিতে হইবে ॥ ১৬১ ॥

যেখানে ২ এই চারি দ্বাদশীর মুখ্য রূপে ব্যবস্থা লিখিত হইবে, সেই সেই স্থানে অন্য কৃষ্ণার্চ্চন প্রভৃতিও লেখা যাইবে ॥ ১৬২ ॥

অথ পূর্ব্বোপবাসাদি সমাধান ॥

এবং দ্বাদশ্যবৃদ্ধৌ চ পূর্ব্বোপোষ্যেতি যদ্বচঃ।
তথা ত্যাজ্যা ত্রিস্পৃশা চ কৃষ্ণাপ্যেকাদশীতি যৎ।
তথাচ স্কান্দে॥
পূর্ণা একাদশী ত্যাজ্যা বর্দ্ধতে দ্বিতয়ং যদি।
দ্বাদশ্যাং পারণালাভে পূর্ব্বৈব পরিগৃহ্যতে।
একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
ত্রিস্পৃশং তদহোরাত্রং নোপোষ্যং তৎ সুতার্থিভিঃ॥ ১৬৩॥

কৃষ্ণেত্যাদি যদ্বচঃ এতৎ সর্ব্বং বৈষ্ণবেতরান্ অবৈষ্ণবান্ গৃহস্থান্ প্রতি মন্তব্যমিত্যুত্তরশ্লোকেনান্বয়ঃ তত্তদ্বচনমেব লিখতি পূর্ণেত্যাদিনা সদা গৃহীত্যন্তেন। দ্বিতীয়ং একাদশী দ্বাদশী চ। পাঠান্তরে পরতঃ অগ্রে যদি বর্দ্ধতে একাদশ্যেব। দ্বাদশ্যাং পারণস্য ব্রতসমাপ্তিকালস্যালাভে চ সতি। অভাবে ইতি কচিৎ পাঠঃ। এবঞ্চ দ্বাদশীবৃদ্ধিরপেক্ষিতৈব। পূর্ব্বা এব একাদশী প্রথমদিনং। পূর্ণেতি পাঠেঽপি স এবার্থঃ। অতএবোক্তং ভৃগুণাপি। সম্পূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা। তত্রোপোষ্যা দ্বিতীয়া তু পরতোদ্বাদশী যদীতি। এতাদৃশান্যন্যানি বচনানি সন্তি তানি চ বৈষ্ণবানামনুপাদেয়ত্বাৎ ন সংগৃহীতানি। এবমগ্রেঽপি জ্ঞেয়ং। এবং দ্বাদশ্যবৃদ্ধৌ পূর্ব্বদিনোপবাসবচনং লিখিতং অধুনা পুত্রার্থিনাং গৃহস্থানাং ত্রিস্পৃশানুপবাসবচনং লিখতি একাদশীতি॥ ১৬৩॥

এই প্রকারে দ্বাদশীর অবৃদ্ধিতে পূর্ব্বা একাদশীতে উপবাস করিবে, এই যে বচন, তথা ত্রিস্পৃশা এবং কৃষ্ণা একাদশীকে পরিত্যাগ করিবে, এই যে সকল বচন আছে, তাহার সমাধান যথা—

তথাচ স্কন্দপুরাণে॥

যদি একাদশী বা দ্বাদশী বৃদ্ধি প্রাপ্ত হয়, তাহা হইলে পূর্ণা একাদশী পরিত্যাগ করিবে, আর যদি দ্বাদশীতে পারণের অলাভ হয় তাহা হইলে পূর্ণা ( একাদশীই ) গ্রহণ করিবে॥

একাদশী, দ্বাদশী এবং রাত্রিশেষে ত্রয়োদশী হইলে তাহাকে ত্রিস্পৃশা বলে, সেই ত্রিস্পৃশাতে দিবারাত্র পুত্রধনার্থী মানবগণ কখন উপবাস করিবেন না॥ ১৬৩॥

অতো বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

একাদশী যদা বৃদ্ধা দ্বাদশী চ ক্ষয়ং গতা ।

ক্ষীণা সা দ্বাদশী জ্ঞেয়া নক্তং তত্র বিধীয়তে ॥

স্কান্দে চ ॥

একাদশী কলা যত্র দ্বাদশী চ ক্ষয়ং গতা ।

তত্র নক্তং প্রকুর্ব্বীত নোপবাসং গৃহাশ্রমী ॥ ১৬৪ ॥

ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসম্বাদে ॥

যথা শুক্লা তথা কৃষ্ণা দ্বাদশী মে সদা প্রিয়া ।

---

সুতার্থিনাং ত্রিস্পৃশানুপবাসমেব তত্র নক্তবিধানতঃ সাধয়তি একাদশীতি দ্বাভ্যাং। নক্তং নক্তভোজনং তচ্চ কিঞ্চিৎ ফলাদিনৈব। ব্রতস্য নিত্যত্বাৎ। এতচ্চাগ্রে ব্যক্তং ভাবি ॥ ১৬৪ ॥

অধুনা গৃহস্থানাং কৃষ্ণৈকাদশীত্যাগবচনানি লিখতি যথেত্যাদিনা। শুক্লা গৃহস্থৈঃ কর্ত্তব্যেতি তথা কৃষ্ণায়াং জ্যেষ্ঠপুত্রো বিনশ্যতীত্যাদিনা কামিনঃ পুত্রবতো গৃহস্থস্য কৃষ্ণৈ-

---

অতএব বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যে দিবস একাদশী বৃদ্ধি পায়, আর দ্বাদশীর ক্ষয় হয়, তাহাকে ক্ষীণা দ্বাদশী বলিয়া জানিতে হইবে, এই ত্রিস্পৃশায় সুতার্থি মানবগণ ব্রতের নিত্যত্বপ্রযুক্ত নক্তভোজন বিধান করিবেন অর্থাৎ রাত্রে কিঞ্চিৎ ফল মূলাদি ভোজন করিবেন ॥

স্কন্দপুরাণেও ॥

যে দিবস এককলা একাদশী থাকে এবং দ্বাদশীর ক্ষয় হয়, তাহাতে গৃহাশ্রমী ব্যক্তি নক্তভোজন করিবেন অর্থাৎ রাত্রে কিঞ্চিৎ ফল মূলাদি ভোজন করিবেন, উপবাস করিবেন না ॥ ১৬৪ ॥

ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণযুধিষ্ঠির সম্বাদে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, হে রাজন্! যেমন শুক্লা তেমনি কৃষ্ণা, দ্বাদশী সর্ব্বদাই আমার প্রিয়, তাহা হইলেও গৃহস্থ সকলের শুক্লা একাদশীর

শুক্লা গৃহস্থৈঃ কর্ত্তব্যা ভোগসন্তানবর্দ্ধিনী ॥
কিঞ্চ ॥
সংক্রান্ত্যাদ্যুপবাসেন পারণেন যুধিষ্ঠির।
একাদশ্যাঞ্চ কৃষ্ণায়াং জ্যেষ্ঠঃ পুত্রো বিনশ্যতি ॥
কিঞ্চ ॥
শয়নী বোধনী মধ্যে যা কৃষ্ণৈকাদশী ভবেৎ।
সৈবোপোষ্যা গৃহস্থেন নান্যা কৃষ্ণা কদাচন ॥
অতএব গোভিলঃ ॥

কাদশ্যুপবাসো নিষিদ্ধঃ। তত্র চ চাতুর্মাস্যাঃ কৃষ্ণৈকাদশ্যস্তেনাপি কর্ত্তব্যাঃ ইত্যাহ শয়নীতি। শয়নীবোধন্যোরেকাদশ্যোর্মধ্যে। শুক্লামেব সদা গৃহীত্যনেন চ নৈবোপবাসো নিষিধ্যতে ব্রতস্য নিত্যত্বাৎ কিন্তু তত্র পূজাদিনিয়মবিশেষ এব নিষিধ্যতে। তচ্চ শ্রীকৃষ্ণদেবাচার্য্যবোপদেবাচার্য্যাদিভিরেব সবিস্তরং ব্যাখ্যাতমস্তীত্যতস্তথাত্র বৈষ্ণবকৃত্যলিখনেঽনপেক্ষ্যত্বাচ্চ কিন্তদ্বিস্তারণেন ॥ ১৬৫ ॥

ব্রতই কর্ত্তব্য, তাহাতে তাহাদের ভোগসম্পত্তি বৃদ্ধি হইবে ॥

আরও ॥

হে যুধিষ্ঠির! সংক্রান্ত্যাদির উপবাস দ্বারা যদি পারণ না হয়, আর কৃষ্ণা একাদশীতে যদি উপবাস করে, তাহা হইলে জ্যেষ্ঠ পুত্র বিনষ্ট হয় ॥

আরও ॥

শয়নী ও বোধনী অর্থাৎ শয়ন একাদশী ও উত্থান একাদশী এই দুইয়ের মধ্যে যে সকল কৃষ্ণা একাদশী হইবে, গৃহস্থ ব্যক্তি সেই সকল একাদশীর উপবাস করিবেন, তদ্ভিন্ন কদাচ অন্য কৃষ্ণা একাদশীর উপবাস করিবেন না ॥

অতএব গোভিল বলিয়াছেন ॥

একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি।
বনস্থযতিধর্ম্মোঽয়ং শুক্লামেব সদা গৃহীতি ॥ ১৬৫ ॥
এতৎসর্ব্বং তথান্যচ্চ বচনং বৈষ্ণবেতরান্।
গৃহস্থান্ পুত্ত্রবিত্তাদি তৎপরান্ প্রতি মন্যতাং ॥ ১৬৬ ॥
অতএবোক্তং মার্কণ্ডেয়পুরাণে ॥
সম্পূর্ণৈকাদশী যত্র পরতঃ পুনরেব সা।

এতল্লিখিতং সর্ব্বং বচনং। তথেতি সমুচ্চয়ে। তাদৃশং বা অন্যৎ মহাদ্বাদশ্যষ্টকং কাম্যমিত্যাদি পরঞ্চ যদ্বচনং। পুত্ত্রবিত্তাদি তৎপরা নিত্যবৈষ্ণবলক্ষণং। পূর্ব্বং শুক্লমায়াকল্পিতত্বেন বিদ্ধোপবাসবচনানং সমাধানং কৃতং। ইদানীঞ্চ বৈষ্ণবাবৈষ্ণবভেদব্যবস্থয়া কদাচিচ্ছুদ্ধা ত্যাগেন পরদিনোপবাসাদি বিরোধিবচনানাং কৃতমিতি বিশেষঃ। তত্র চ যদ্যপি বিদ্ধোপবাসত্যাগে বৈষ্ণবেন ন কর্ত্তব্যং তদ্দিনৈকাদশীব্রতমিত্যাদাবিবাত্র পরদিনোপবাসাদিবচনেষু সর্ব্বেষু বিশেষতো বৈষ্ণবশব্দো ব্যক্তং নাস্তি। তথাপি দ্বাদশ্যা মাহাত্ম্যবিশেষাৎ তথা উন্মীলন্যাদিষু ফলবিশেষশ্রবণাৎ তথা ক্বচিচ্চ তত্র সন্নিহিতো হরিরিতি ক্বচিচ্চ বিষ্ণুতৎপর ইত্যাদিশব্দবৃক্তেঃ। তথা শ্রীবিষ্ণুপ্রীণনত্বেন মহাদ্বাদশ্যষ্টকস্য বৈষ্ণবেষু নিত্যত্বাচ্চ বৈষ্ণবাবৈষ্ণবভেদেনৈব ব্যবস্থা সাধীয়সীতি মহতাং সম্মতমিতি দিক্। অতএবাগ্রে লেখ্যং বৈষ্ণবসম্মতেতি ॥ ১৬৬ ॥

এবং পূর্ব্বোপবাসাদিকমবৈষ্ণববিষয়কং পরদিনোপবাসঞ্চ বৈষ্ণববিষয়কমিতি ব্যবস্থাপ্য লিখিতং তদেব শ্রীমার্কণ্ডেয়াদ্যুক্তব্যবস্থয়া সাধয়তি সংপূর্ণেতি চতুর্ভিঃ। কামী পুত্ত্রাদি-

উভয়পক্ষের একাদশীতেই ভোজন করিবে না, বানপ্রস্থ ও যতিদিগের এই ধর্ম্ম, কিন্তু গৃহস্থ ব্যক্তি সর্ব্বদা শুক্লা একাদশীতে উপবাস করিবেন ॥ ১৬৫ ॥

এই যে সকল বচন বলিলাম, এতদ্ভিন্ন অষ্ট মহাদ্বাদশী কাম্য ব্রত, ইত্যাদি অন্য যে সকল বচন আছে, তৎসমুদায় বচন অবৈষ্ণব পুত্ত্র ধনাদিকামি গৃহস্থের পক্ষে জানিতে হইবে ॥ ১৬৬ ॥

অতএব মার্কণ্ডেয়পুরাণে উক্ত হইয়াছে ॥

যে দিবস সংপূর্ণা একাদশী, তাহার পর দিবস অর্থাৎ দ্বাদশী দিনে

পূর্ব্বামুপবসেৎ কামী নিষ্কামাস্তূত্তরাং বসেৎ ॥ ১৬৭ ॥

ত্রিকাণ্ডমণ্ডলেন চ ॥

সম্পূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা।

উত্তরান্তু যতিঃ কুর্য্যাৎ পূর্ব্বামুপবসেদ্গৃহী ॥ ১৬৮ ॥

স্কান্দে ॥

নিষ্কামস্তু গৃহী কুর্য্যাদুত্তরৈকাদশীং সদা।

প্রাতর্ভবতু বা মা বা দ্বাদশী চ দ্বিজোত্তম ॥ ১৬৯ ॥

---

কামবান্। নিষ্কামশব্দেন গৃহস্থোঽপি গ্রাহ্যঃ। তস্যাপি নিষ্কামতাসম্ভবাৎ। অতএব স্কান্দাদৌ নিষ্কামস্তু সদা গৃহীত্যাদি। অত্র চ কামিত্বেনাবৈষ্ণবত্বং নিষ্কামত্বেন চ বৈষ্ণবত্বং সুসিদ্ধমেব ॥ ১৬৭ ॥

যতিরিব যতিঃ নিষ্কাম ইত্যর্থঃ। গৃহী সকাম ইত্যর্থঃ লিখিতন্যায়াৎ। তত্র চ প্রায়ো যতেরেব নিষ্কামতয়া গৃহিণশ্চ সকামতয়া যতিগৃহিশব্দপ্রয়োগ ইতি দিক্ ॥ ১৬৮ ॥

প্রাতস্ত্রয়োদশীদিনে দ্বাদশী ভবতু মা বা ন ভবতু। তথা উত্তরামেবৈকাদশীং নিষ্কামো গৃহস্থঃ সদা কুর্য্যাৎ নতু পূর্ব্বামিত্যর্থঃ ॥ ১৬৯ ॥

---

যদি পুনরায় থাকে, তাহা হইলে পুত্ত্রাদি কামী গৃহস্থ পূর্ব্বা অর্থাৎ দ্বাদশী অসংযুক্তা একাদশীতে, আর নিষ্কাম বৈষ্ণব উত্তরা অর্থাৎ একাদশীসংযুক্ত দ্বাদশীতে উপবাস করিবেন ॥

ত্রিকাণ্ডমণ্ডল গ্রন্থেও ॥

যে দিবস সম্পূর্ণা একাদশী পুনরায় প্রভাতে অর্থাৎ দ্বাদশীর প্রভাতে যদি কিছু থাকে, তাহা হইলে যতি ব্যক্তি পর দিবস অর্থাৎ দ্বাদশীতে, আর গৃহস্থ ব্যক্তি পূর্ব্বা একাদশীতে উপবাস করিবেন॥১৬৮

স্কন্দপুরাণে ॥

হে দ্বিজোত্তম! ত্রয়োদশীর প্রাতে দ্বাদশী থাকুক বা না থাকুক, যে গৃহস্থ নিষ্কাম, তিনি সর্ব্বদা উত্তরা একাদশীতে অর্থাৎ একাদশীযুক্ত দ্বাদশীতে উপবাস করিবেন ॥ ১৬৯ ॥

বিষ্ণুরহস্যে ব্যাসেনাপি ॥
শুদ্ধৈব দ্বাদশী রাজন্ উপোষ্যা মোক্ষকাঙ্ক্ষিভিঃ।
পারণন্তু ত্রয়োদশ্যাং পূজয়িত্বা জনার্দ্দনমিতি ॥ ১৭০ ॥
তাদৃশোঽপি গৃহস্থোঽত্র পরং পুত্রাদিকামুকঃ।
উপবাসস্য নিত্যত্বাৎ কিঞ্চিদ্ভক্ষ্যং প্রকল্পয়েৎ ॥ ১৭১ ॥
তদুক্তং ॥
উপবাসনিষেধে তু কিঞ্চিদ্ভক্ষ্যং প্রকল্পয়েৎ।

---

মোক্ষঃ জন্মমরণাদি সংসারবন্ধতোমুক্তিঃ। যদ্বা মোক্ষয়তীতি মোক্ষঃ শ্রীবিষ্ণুঃ। যদ্বা অকার বিশ্লেষেণ অমোক্ষং ভগবৎপ্রেম তদাকাঙ্ক্ষাবদ্ভিঃ জনার্দ্দনং পূজয়িত্বেতি বৈষ্ণব-তিথের্দ্বাদশ্যা অভাবে তস্যাং পারণে কৃতস্য ভগবৎপূজাবিশেষস্য ত্রয়োদশ্যামপি বিধানাজ্জ্ঞয়া সন্দেহোনিরস্তঃ ॥ ১৭০ ॥

ননু নক্তং অত্র বিধীয়ত ইত্যাদিনা পুত্রবতঃ কামিনোগৃহস্থস্য নক্তং বিহিতং তস্যাপি কথং তৎ সঙ্গচ্ছতাং ন ভোক্তব্যং ন ভোক্তব্যমিত্যাদিনাধিকারনির্ণয়ে সর্ব্বেষামেব ভোজন-নিষেধাৎ। সত্যং। তেনাপি কথঞ্চিদবশ্যং ব্রতং পরিপালনীয়মেবেতি লিখতি। তাদৃশঃ অবৈষ্ণবোঽপি অতএব পরং কেবলং পুত্রাদিকামুকঃ। ত্রিস্পৃশা দিনে কিঞ্চিৎ পয়োমূল ফলাদিকং বা ভক্ষ্যং প্রকল্পয়েৎ আহারং কুর্য্যাৎ তচ্চ পূর্ব্বং লিখিতমেব ॥ ১৭১ ॥

অতঃ কিঞ্চিৎ ভক্ষ্য প্রকল্পনাদ্ধেতোরুপবাসো ন দুষ্যতি উপবাসফলঞ্চ লভেতেতি ॥১৭২॥

---

বিষ্ণুরহস্যে ব্যাসও বলিয়াছেন ॥

হে রাজন্! যাঁহারা জন্ম মরণ রূপ সংসার হইতে মুক্তি পাইবার অভিলাষ করেন তিনি দ্বাদশীতে উপবাস পূর্ব্বক জনার্দ্দনের পূজা করত ত্রয়োদশীতে পারণ করিবেন ॥ ১৭০ ॥

যে সকল অবৈষ্ণব গৃহস্থ কেবল পুত্রাদি কামুক একাদশীর নিত্যত্ব প্রযুক্ত ত্রিস্পৃশায় কিঞ্চিৎ পয়োমূল ফলাদি আহার করিবে ॥ ১৭১ ॥

এই বিষয় উক্ত হইয়াছে ॥

যাহাতে উপবাস নিষেধ আছে তাহাতে কিঞ্চিন্মাত্র ভক্ষ্য কল্পনা

নো দুষ্যত্যুপবাসোঽত্র উপবাসফলং লভেদিতি ॥ ১৭২ ॥
ইত্থং শাস্ত্রবিচারেণ শিষ্টাচারানুসারতঃ।
একাদশীব্যবস্থেয়ং কৃতা বৈষ্ণবসম্মতা ॥ ১৭৩ ॥
বিদ্বাংসোঽপ্যত্র মূঢ়াঃ স্যুর্বিনা কৃষ্ণপ্রসাদতঃ।
অতঃ সদাসৌ নির্দ্ধার্য্যা পৃষ্ট্বা ভাগবতোত্তমান্ ॥ ১৭৪ ॥
তথাচ মার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্ন সম্বাদে ॥
দ্বাদশ্যা নির্ণয়ে ভূপ মূঢ়মত্র জগত্ত্রয়ং।

এবং বৈষ্ণবাবৈষ্ণবভেদেন ব্যবস্থাং লিখিত্বা নির্ণয়প্রকরণমুপসংহরন্ লিখতি ইত্থমিতি। শাস্ত্রবিচারেণ যঃ শিষ্টানামাচারস্তদনুসারেণ। যদ্বা ন কেবলং শাস্ত্রবিচারেণ। কিন্তু শিষ্টাচারানুসারতশ্চ। বৈষ্ণবানাং সম্মতেত্যনেন বৈষ্ণবেতরাণাং কামিনাং গৃহিণাং বিদ্ধায়ামপ্যুপবাসস্তথা একাদশী দ্বাদশ্যোর্বৃদ্ধৌব সম্পূর্ণৈকাদশীত্যাগঃ তথা ত্রিস্পৃশায়াং চাতুর্ম্মাস্যবর্ত্তিব্যতিরিক্ত কৃষ্ণৈকাদশ্যাঞ্চানুপবাসো ব্যবস্থাপিতঃ। তচ্চ সংক্ষেপেণাদৌ লিখিতমেব বৈষ্ণবানামনুপাদেয়ত্বাচ্চাত্র বিস্তরেণ নালেখীতি ॥ ১৭৩ ॥

অত্র একাদশীব্যবস্থায়াং বিদ্বাংসঃ শাস্ত্রবিদোঽপি বিমূঢ়াঃ স্যুঃ শুক্রমায়াদিনা। তচ্চ ভগবদনুগ্রহাভাবাদেবেতি লিখতি বিনেতি। অসৌ ব্যবস্থা একাদশী বা ॥ ১৭৪ ॥

পুরা প্রাচীনা অপি নরাঃ কিমুতার্ব্বাচীনা ইত্যর্থঃ। নরাসুরা ইতি পাঠে ইতি নররূপা

করিবে তাহা হইলে উপবাস দূষিত হয় না অথচ উপবাসের ফল লাভ হয় ॥ ১৭২ ॥

এইরূপ শাস্ত্রবিচার এবং শিষ্টাচারের অনুসারে বৈষ্ণবদিগের সম্মত এই একাদশীর ব্যবস্থা লিখিত হইল ॥ ১৭৩ ॥

শ্রীকৃষ্ণের অনুগ্রহ ব্যতিরেকে বিদ্বান্ ব্যক্তিও একাদশীর ব্যবস্থায় বিমূঢ় হইয়া পড়েন অতএব ভাগবতোত্তম বৈষ্ণবদিগকে জিজ্ঞাসা করিয়া সর্ব্বদা একাদশীর নির্দ্ধারণ করিবেন ॥ ১৭৪ ॥

অতএব মার্কণ্ডেয় ও ইন্দ্রদ্যুম্ন সম্বাদে ॥

হে রাজন্! এই দ্বাদশীর নির্ণয় বিষয়ে ত্রিভুবন বিমোহিত, হে

অত্র মূঢ়া মহীপাল প্রায়শো যে নরাঃ পুরা ॥ ১৭৫ ॥
অতএব সৌরধর্ম্মোত্তরে ॥
মহাপুণ্যতমা জ্ঞেয়া দ্বাদশীফলতোঽধিকা।
শোধয়িত্বা সদা কার্য্যা সম্যগ্‌দৈবজ্ঞসত্তমৈঃ ॥ ১৭৬ ॥
অথ সন্দেহনিরসনবিধিঃ।
বিষ্ণুরহস্যে শ্রীব্রহ্মোক্তৌ ॥
অর্চ্চয়ন্তি সদা বিষ্ণুং মনোবাক্‌কায়কর্ম্মভিঃ।

অসুরা দৈত্যপ্রকৃতয়োমানুষা ইত্যর্থঃ ॥ ১৭৫ ॥

দৈবজ্ঞসত্তমৈর্গণকশ্রেষ্ঠৈর্দ্বারভূতৈঃ সম্যক্ শোধয়িত্বা ॥ ১৭৬ ॥

তত্র চ গণকানাং ব্যবস্থাপকানাঞ্চ শাস্ত্রবিদাং বহূনাং বিবাদেন সন্দেহে সতি শ্রীভগবদ্ভক্তিপরাণাং বচনেনৈব ব্যবহর্ত্তব্যং নত্বন্যেষামিতি লিখতি অর্চ্চয়ন্তীত্যাদিনা যাবৎ সমাপ্তি। অর্চ্চয়ন্তি সেবন্তে। মনোবাক্‌কায়ানাং কর্ম্মভিশ্চেষ্টাভিঃ। স্মরণকীর্ত্তনপরিচর্য্যা-

মহীপাল! এক্ষণকার কথা দূরে থাকুক, প্রায় প্রাচীন ব্যক্তিরাও বিমোহিত হইয়াছেন ॥ ১৭৫ ॥

অতএব সৌরধর্ম্মোত্তরে ॥

এই দ্বাদশী মহাপুণ্যতম এবং ফলেও অধিক, অতএব সর্ব্বদা বিচক্ষণ দৈবজ্ঞ দ্বারা শোধন করিয়া একাদশীর ব্রত করিবে ॥ ১৭৬ ॥

অথ সন্দেহনিরসন ॥

বহুতর গণক, বহুতর ব্যবস্থাপক ও বহু বহু শাস্ত্রবেত্তাদিগের পরস্পর বিবাদ দ্বারা সন্দেহ উপস্থিত হইলে শ্রীভগবদ্ভক্তিপরায়ণদিগের বচন দ্বারা ব্যবহার করিবে, অন্য ব্যক্তিদিগের বাক্য শ্রবণ করিবে না ॥

এই বিষয় বিষ্ণুরহস্যে ব্রহ্মার বাক্যে যথা ॥

যে সকল মনুষ্য মন, বাক্য, কথা ও কর্ম্ম দ্বারা সর্ব্বদা বিষ্ণুর অর্চ্চনা করেন, তাঁহাদিগেরই বচন শ্রবণ করিবে, যে হেতু ঐ সকল

তেষাং হি বচনং কার্য্যং তে হি বিষ্ণুসমা মতাঃ ॥ ১৭৭ ॥

কৌর্ম্মে শ্রীভগবদুক্তৌ ॥

সংপৃষ্টা বৈষ্ণবান্ বিপ্রান্ বিষ্ণুশাস্ত্রবিশারদান্।
চীর্ণব্রতান্ সদাচারাংস্তদুক্তং যত্নতশ্চরেৎ ॥ ১৭৮ ॥

পাদ্মে বৈষ্ণবতন্ত্রে ॥

ইতিহাসপুরাণজ্ঞাঃ স্মৃতিসিদ্ধান্তবেদিনঃ।
বাসুদেবপ্রিয়া যে চ তদুক্তং বৈদিকং ভবেৎ ॥ ১৭৯ ॥

অথ তত্র বর্জ্জ্যং বিষ্ণুরহস্যে ॥

কৌর্ম্মে চ ॥

যেষাং ন কারণং বেদা ন বিপ্রা ন জনার্দ্দনঃ।

---

দিভিরিত্যর্থঃ ॥ ১৭৭ ॥

সংপৃচ্ছ্যেতি বক্তব্যে সংপৃষ্টেত্যার্ষং। চীর্ণব্রতান্ সমাপিত স্বনিয়মান্ ॥ ১৭৮ ॥

বৈদিকং বেদোক্তমিব ॥ ১৭৯ ॥

বেদাদয়ো ন কারণং প্রমাণং। তন্ত্রাণি আগমশাস্ত্রাণি ॥ ১৮০ ॥

---

ব্যক্তি বিষ্ণুতুল্য বলিয়া সম্মত ॥ ১৭৭ ॥

কূর্ম্মপুরাণে শ্রীভগবদুক্তি যথা ॥

বৈষ্ণব শাস্ত্র বিশারদ যে সকল বৈষ্ণব ব্রাহ্মণ আপনাদিগের নিয়ম সমাপন করিয়াছেন এবং সদাচারপরায়ণ তাঁহাদিগকে জিজ্ঞাসা করিলে তাঁহারা যাহা বলিবেন যত্নপূর্ব্বক তাহাই আচরণ করিবে ॥ ১৭৮ ॥

পদ্মপুরাণে বৈষ্ণবতন্ত্রে ॥

যাহারা ইতিহাস ও পুরাণজ্ঞ, স্মৃতি শাস্ত্রের সিদ্ধান্তবেত্তা এবং বাসুদেবের, ভক্ত তাঁহাদের যে বাক্য তাহা বেদ তুল্য হয় ॥ ২৭৯ ॥

অথ "তত্র বর্জ্যং" অর্থাৎ যে সকল ব্যক্তির মত পরিত্যাগ করিবে তাহার প্রমাণ যথা ॥

বিষ্ণুরহস্যে ও কূর্ম্মপুরাণে ॥

যাহাদের বেদ, ব্রাহ্মণ ও জনার্দ্দন প্রমাণ স্বরূপ না হয়েন সেই

তন্ত্রাণি ধর্ম্মশাস্ত্রাণি তেষাং বাক্যং বিবর্জ্জয়েৎ ॥ ১৮০ ॥

বৈষ্ণবতন্ত্রে ॥

যেষাং গুরৌ ন জপ্যে বা বিষ্ণৌ চ পরমাত্মনি।
নাস্তি ভক্তিঃ সদা তেষাং বচনং পরিবর্জ্জয়েৎ ॥ ১৮১ ॥

স্কান্দে ॥

যেষাং বিশ্বেশ্বরে বিষ্ণৌ শিবে ভক্তির্ন বিদ্যতে।
ন তেষাং বচনং গ্রাহ্যং ধর্ম্মনির্ণয়সিদ্ধয়ে ॥ ১৮২ ॥

কিঞ্চ ॥

পঞ্চরাত্রপুরাণানি সেতিহাসানি মানবাঃ।
যে বিনিন্দন্তি তেষাং বৈ বচনং পরিবর্জ্জয়েৎ ॥ ১৮৩ ॥

---

জপ্যে মন্ত্রে ॥ ১৮১ ॥

শিবে পরমমঙ্গলস্বরূপে। যদ্বা শিবে চ শ্রীরুদ্রে ॥ ১৮২ ॥

ইতিহাসা মহাভারতাদয়স্তৎসহিতানি ॥ ১৮৩ ॥

---

সকল তন্ত্র ও সেই সকল ধর্ম্মশাস্ত্রের বাক্য গ্রহণ করিবে না ॥ ১৮০ ॥

বৈষ্ণবতন্ত্রে ॥

যে সকল ব্যক্তির গুরুতে, মন্ত্রেতে এবং পরমাত্মা বিষ্ণুতে ভক্তি নাই, সর্ব্বদা তাহাদের বাক্য ত্যাগ করিবে ॥ ১৮১ ॥

স্কন্দপুরাণে ॥

যাহাদিগের বিশ্বেশ্বর বিষ্ণুতে এবং শিবে ভক্তি নাই, ধর্ম্মনির্ণয় সিদ্ধি বিষয়ে তাহাদের বচন গ্রহণ করিবে না ॥ ১৮২ ॥

আরও ॥

যে সকল মানব পঞ্চরাত্র, পুরাণ ও ইতিহাস সকলকে নিন্দা করে, তাহাদের বাক্য ত্যাগ করিবে ॥ ১৮৩ ॥

অতএব যাজ্ঞবল্ক্যঃ ॥

পুরাণং পঞ্চরাত্রঞ্চ বেদাঃ পাশুপতাস্তথা।

অতিপ্রমাণান্যেতানি ন হন্তব্যানি হেতুভিঃ ॥ ১৮৪ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে একাদশীনির্ণয়ো নাম দ্বাদশো বিলাসঃ ॥ * ॥ ১২ ॥ * ॥

হেতুভিঃ কুতর্কবিজৃম্ভিতহেতুবাদৈর্ন হন্তব্যানি ন খণ্ডয়িতব্যানি ॥ ১৮৪ ॥

॥ * ॥ ইতি দ্বাদশো বিলাসঃ ॥ * ॥

অতএব যাজ্ঞবল্ক্য বলিয়াছেন ॥

পুরাণ, পঞ্চরাত্র, বেদ এবং পাশুপত শাস্ত্র সকল অতি প্রমাণ-স্বরূপ, কুতর্ক বিজৃম্ভিত বাক্য দ্বারা কখন তাহা খণ্ডন করিবে না ॥১৮৪

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে ভগবদ্ভক্তবিলাসে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নানুবাদিতে একাদশীনির্ণয় নাম দ্বাদশবিলাস সমাপ্ত ॥ * ॥

# ত্রয়োদশবিলাসঃ।

বন্দে চৈতন্যদেবং তং কৃষ্ণং নিত্যনবোৎসবং।
যস্য প্রসাদাৎ সিধ্যন্তি দীনস্যাপি মহোৎসবাঃ ॥ ১ ॥
অথোপবাসপূর্ব্বদিনকৃত্যং ॥
প্রাতঃস্নানাদিকং কৃত্বা সুবেশো ধৌতবস্ত্রকঃ।
ব্রতং সঙ্কল্প্য কুর্ব্বীত বৈষ্ণবৈশ্চ মহোৎসবং ॥

---

যস্য শক্ত্যংশলাভেন ব্রহ্মাদেরপি শক্তয়ঃ। তাস্তা বিভান্তি তং বন্দে সর্ব্বশক্তিপ্রদং বিভুং। এবমেকাদশীব্রতং নির্ণীয়াধুনা দশম্যাদিকৃত্য মহোৎসবপ্রকরণং লিখন্ তল্লিখনাদিমহোৎসবসিদ্ধয়ে ভগবন্তং প্রণমতি বন্দে ইতি। নিত্যং নবনবোৎসবো ভক্তানাং যস্মাত্তং। যদ্বা প্রতিক্ষণনূতনোৎসবরূপং ॥ ১ ॥

প্রাতঃ সময়ে স্নানং আদিশব্দেন সন্ধ্যোপাসনাদি নিত্যকৃত্যঞ্চ সর্ব্বং সম্পাদ্য। সুবেশ ইতি বৈষ্ণবানাং দশম্যাং ক্ষৌরকর্ম্মাদিবিধানাৎ। ক্ষৌরকর্ম্মাবসরশ্চ রত্নমালায়াং। ভুক্তা·

---

যাঁহা হইতে ভক্তগণের নিত্য নব নব উৎসব হয়, যাঁহার অনুগ্রহ হেতু দীনব্যক্তিরও মহোৎসব সকল সিদ্ধি পায়, সেই কৃষ্ণচৈতন্য·দেবকে নমস্কার করি ॥ ১ ॥

অথ উপবাসের পূর্ব্বদিনকৃত্য অর্থাৎ দশম্যাদি কৃত্য ॥

প্রাতঃস্নানাদি পুরঃসর সুন্দরবেশ ও ধৌতবস্ত্র পরিধান তথা ভক্তগণের সহিত মহোৎসব বিধান করত ব্রতের সঙ্কল্প করিবে * ॥

---

* তাৎপর্য্য। বচনে আদিশব্দ প্রয়োগহেতু সন্ধ্যোপাসনাদি নিত্যকৃত্য সমুদায় সম্পাদন করিয়া। সুবেশ এই পদে বৈষ্ণবদিগের দশমীতে ক্ষৌরকর্ম্ম বিধানহেতু। ধৌতবস্ত্র শব্দে জল দ্বারা প্রক্ষালিত বস্ত্র। মহোৎসব শব্দে প্রাতঃকালে সম্মার্জ্জনাদি দ্বারা শ্রীভগ·

সঙ্কল্পমন্ত্রঃ ॥

দশমীদিনমারভ্য করিষ্যেঽহং ব্রতং তব।
ত্রিদিনং দেবদেবেশ নির্ব্বিঘ্নং কুরু কেশব ॥

তত্র চাস্পৃশ্যস্পর্শেঽপি ন স্নানং ॥

বিষ্ণুস্মৃতৌ ॥

উৎসবে বাসুদেবস্য স্নায়াদ্যোঽশুচিশঙ্কয়া।
তাদৃশং কশ্মলং দৃষ্ট্বা সবাসা জলমাবিশেদিতি ॥ ২ ॥

ভ্যক্তনিরাসনৈশ্চ সমরগ্রামান্তরপ্রস্থিতৈঃ স্নাতৈর্নো নবমেঽহনীতি বিবুধাঃ ক্ষৌরং হি কার্য্যং জগুঃ। দীক্ষাবন্ধবিমোক্ষমৃত্যুসময়োদ্বাহেষু ভূপাজ্ঞয়া বিপ্রাণামখিলেষু তেষু কথিতং ক্ষৌরং শুভং সূরিভিরিতি। যচ্চ স্মৃতৌ। উষ্ণোদকং তথাভ্যঙ্গং শয্যাবপনমৈথুনং। বর্জ্জয়েত্তানি যত্নেন দশম্যাদি দিনত্রয় ইতি তচ্চাবৈষ্ণববিষয়কমিতি জ্ঞেয়ং। তথা ধৌতং বস্ত্রং যস্য যেন বেতি চ বস্ত্রাদিপ্রক্ষালনাৎ। বৈষ্ণবৈঃ কৃত্বা সহেতি বা। মহোৎসবনির্বর্ত্তনপ্রকারশ্চ পূর্ব্বলিখিতেনাগ্রে লেখ্যেন চ তথা সর্ব্বঃ সদাচারেণাপি প্রসিদ্ধ এব। যদ্বিশেষতঃ শ্রীভগবন্মন্দিরং সংমার্জ্জনাদিনা সংস্কৃত্য ধ্বজপতাকাদিভিরলঙ্কৃত্য চ ভগবন্তং সিংহাসনোত্তমে সুখমুপবেশ্য মহাপূজাং বিধায় ভক্ত্যা বৈষ্ণবানাহূয় সংমান্য নৃত্যগীতাদিকং বিনিষ্পাদয়েদিতি ॥২

সঙ্কল্পমন্ত্র ॥

হে দেবদেবেশ! আমি দশমী দিনকে আরম্ভ করিয়া তিন দিবস তোমার ব্রত করিব, হে কেশব! আমার ব্রতের বিঘ্ন বিনষ্ট করুন ॥

ভগবৎ উৎসবে অস্পৃশ্য স্পর্শ হইলেও স্নান করিবে না ॥

বিষ্ণুস্মৃতিতে যথা—

যে ব্যক্তি বাসুদেবের উৎসবে অশুচি আশঙ্কা করিয়া স্নান করে, তাদৃশ পাপি ব্যক্তিকে দেখিয়া বস্ত্রের সহিত জলে প্রবেশ করিবে ॥২॥

বন্মন্দির সংস্কার করিয়া ধ্বজা পতাকাদি দ্বারা অলঙ্কৃত করত শ্রীভগবানকে সিংহাসনের উপরে সুখে উপবেশন করাইয়া মহতী পূজা করিবে এবং বৈষ্ণবগণকে আহ্বান করিয়া তাঁহাদের সম্মান করত নৃত্য গীতাদি দ্বারা মহোৎসব বিধান করিবে ॥

স্তুত্বাঽথ বহুধা কৃষ্ণং ঘোষয়েন্নিয়মান্বিতং।
শ্রীরুক্মাঙ্গদমত্তেভপটহোদ্ঘোষিতং বচঃ॥
তথাহি নারদীয়ে॥
প্রাতর্হরিদিনং লোকাস্তিষ্ঠধ্বং চৈকভোজনাঃ।
অক্ষার লবণাঃ সর্ব্বে হবিষ্যান্ননিষেবিণঃ।
অবনীতল্পশয়নাঃ প্রিয়াসঙ্গবিবর্জ্জিতাঃ।
স্মরধ্বং দেবমীশানং পুরাণং পুরুষোত্তমং।
সকৃদ্ভোজনসংসক্তা দ্বাদশ্যাঞ্চ ভবিষ্যথ।
কিঞ্চ॥
বরং স্বমাতৃগমনং বরং গোমাংসভক্ষণং।
বরং হত্যা সুরাপানং নৈকাদশ্যান্তু ভোজনং॥ ৩॥

অথ মহোৎসবানন্তরং বহুধা বিচিত্র গদ্যপদ্যাদি পাঠেন স্তুত্বা শ্রীরুক্মাঙ্গদস্য মত্তেভস্তস্মিন্ পটহো বাদ্যভাণ্ডবিশেষস্তেন। যদ্বা শ্রীরুক্মাঙ্গদেন প্রযোজকেন নিজমত্তেভপটহেন কৃত্বা উদ্ঘোষিতং উচ্চৈঃ শব্দিতং যদ্বচঃ বাক্যং তৎ ঘোষয়েৎ শ্রাবয়েৎ। নিয়মৈর্দশম্যাদিকৃত্যৈরগ্রে লেখ্যৈরন্বিতমিতি নিয়মাংশ্চ ঘোষয়েদিত্যর্থঃ॥ ৩॥

শ্রীকৃষ্ণকে বহু প্রকারে স্তব করিয়া রাজা রুক্মাঙ্গদ হস্তির উপরে পটহ বাদ্য দ্বারা যে সকল বাক্যের ঘোষণা দিয়াছিলেন দশমীর নিয়মের সহিত সেই সকল ঘোষণা প্রদান করিবে॥

নারদপুরাণে নিয়ম সহ ঘোষণা যথা॥

অহে মনুষ্য সকল! অদ্য হরিদিনের প্রাতঃকাল, ইহাতে এক ভোজন করিয়া অবস্থিত হও, কেহ ক্ষার লবণ ভক্ষণ করিও না, সকলে হবিষ্যান্ন সেবা কর, ভূমিতলে শয়ন কর, প্রিয়ার সহিত সঙ্গ করিও না, পুরাতন পুরুষোত্তম দেবদেব হরিকে স্মরণ কর এবং দ্বাদশী দিবসে একবার মাত্র ভোজন করিও॥

আরও॥

বরং মাতৃগমন, বরং গোমাংস ভক্ষণ, বরং হত্যা কিম্বা সুরাপান ঘটে ঘটুক, কিন্তু যেন একাদশীতে ভোজন না করা হয়॥ ৩॥

অথ ক্ষারাঃ ॥

তিলমুদ্গাদৃতে শস্যং শস্য গোধূম কোদ্রবাঃ।
চণকং দেবধান্যঞ্চ এষ ক্ষারগণঃ স্মৃতঃ ॥

অথ হবিষ্যাণি ॥

হৈমন্তিকং সিতাস্বিন্নং ধান্যং মুদ্গা যবাস্তিলাঃ।
কলায় কঙ্কু নীবারা বাস্তূকং হিলমোচিকা।
ষষ্টিকা কালশাকঞ্চ মূলকং কেমুকেতরৎ।
কন্দং সৈন্ধবসামুদ্রে গব্যে চ দধিসর্পিষী।
পয়োঽনুদ্ধৃতসারঞ্চ পনসাম্রে হরীতকী।

শস্যং শমীধান্যং সপ্তধান্যেতরং মাষাদি। গোধূমাদিকং শস্যং ॥
হৈমন্তিকং হেমন্তকালভবং ধান্যং কথম্ভূতং সিতঞ্চ তৎ অস্বিন্নঞ্চ। ষষ্টিকা ধান্যবিশেষঃ

অথ ক্ষার ॥

তিল ও মুদ্গ ভিন্ন শমীধান্য, গোধূম, কোদ্রব (কোঁদোধান), চণক এবং দেবধান্য (দেধান) এই সকল ক্ষার বলিয়া স্মৃত হইয়াছে ॥

অথ হবিষ্য ॥

হেমন্তকালোৎপন্ন, যাহা স্বিন্ন অর্থাৎ সিদ্ধ করা নয় এমত শুক্লবর্ণ ধান্য, মুদ্গ, যব, তিল, কলায় (মটর) কঙ্কু (কাওন) নীবার (উড়ীধান) বাস্তূক (বেতুয়াশাক) হিলমোচিকা (হেলাঞ্চাশাক) ষষ্টিকা (ধান্য বিশেষ অথবা শাক বিশেষ) কালশাক (কালকাশিন্দাশাক) কেমুক অর্থাৎ কেঁয়ু ভিন্ন, মূলক, কন্দ (মূলবিশেষ) সৈন্ধবলবণ, সামুদ্রিক লবণ, গব্যের মধ্যে দধি, ঘৃত, যাহার লবনী উদ্ধৃত করা হয় নাই এমত দুগ্ধ, পনস, আম্র, হরিতকী, পিপ্পলী, জীরক, নাগরঙ্গ

পিপ্পলী জীরকঞ্চৈব নাগরঙ্গঞ্চ তিন্তিড়ী।
কদলী লবলী ধাত্রী ফলান্যগুড়মৈক্ষবং।
অতৈলপক্বং মুনয়ো হবিষ্যাণি প্রচক্ষতে ॥ ৪ ॥

অথান্যেঽপি নিয়মাঃ স্কান্দে ॥

কাংস্যং মাংসং মসূরঞ্চ ক্ষৌদ্রঞ্চানৃতভাষণং।
পুনর্ভোজনমায়াসং দশম্যাং পরিবর্জ্জয়েৎ ॥

কৌর্ম্মে ॥

কাংস্যং মাংসং মসূরঞ্চ চণকং কোরদূষকান্।
শাকং মধু পরান্নঞ্চ ত্যজেদুপবসন্ স্ত্রিয়ং।

শাকবিশেষো বা। ঐক্ষবং ইক্ষুবিকারঃ তচ্চ গুড়বর্জ্জিতং। অতৈলপক্বমিতি তচ্চ শাকাদিকং তৈলেন পক্বং সদ্ধবিষ্যং ন ভবতীত্যর্থঃ ॥ ৪ ॥

আয়াসমিত্যত্র অত্যাশমিতি কচিৎ পাঠঃ সঙ্গত ইব। পূর্ব্বং স্নানে দশম্যামবশ্যং তৈলং গ্রাহ্যমিতি লিখিতং দশম্যাং তৈলমস্পৃষ্ট্বা যঃ স্নায়াদবিচক্ষণ ইতি বচনেন প্রাপ্তং তচ্চ

(নারঙ্গা লেবু) তিন্তিড়ী, কদলী, লবলী, (ফলবিশেষ) ধাত্রী প্রভৃতি ফল, গুড় ভিন্ন ইক্ষুর বিকার এবং অতৈলপক্ব অর্থাৎ যাহা তৈল দ্বারা পাক করা হয় নাই (ঘৃতপক্ব) মুনিগণ এই সকলকে হবিষ্য বলিয়াছেন ॥ ৪ ॥

অথ অন্য নিয়ম সকল যথা ॥

স্কন্দপুরাণে ॥

কাংস্যপাত্রে ভোজন, মাংস, মসূর ও মধুভোজন, মিথ্যাভাষণ, পুনর্ভোজন এবং আয়াস (পরিশ্রম) দশমীতে সর্ব্বতোভাবে বর্জন করিবে ॥

কূর্ম্মপুরাণে ॥

কাংস্য, মাংস, মসূর, চণক, কোরদূষক (কোঁদাখ্যাতি ধান্যবিশেষ) শাক, মধু এবং স্ত্রী উপবাসকারী পরিত্যাগ করিবেন ॥

কিঞ্চ ॥

কাংস্যং মাংসং মসূরঞ্চ পুনর্ভোজনমৈথুনং।
দ্যূতমত্যম্বুপানঞ্চ দশম্যাং সপ্ত বর্জ্জয়েৎ ॥

মাৎস্যে ॥

কাংস্যং মাংসং সুরাং ক্ষৌদ্রং তৈলং বিতথভাষণং।
ব্যায়ামঞ্চ প্রবাসঞ্চ দিবাস্বাপঞ্চ মৈথুনং।
শিলাপিষ্টং মসূরঞ্চ দ্বাদশৈতানি সন্ত্যজেৎ ॥ ৫ ॥

স্মৃত্যন্তরে ॥

দশম্যামেকভক্তন্তু কুর্ব্বীত নিয়তেন্দ্রিয়ঃ।
আচম্য দন্তকাষ্ঠন্তু খাদয়েত্তদনন্তরং।

---

দশমীনিয়মেষু বর্জ্যমিতি ন বিরুদ্ধং সকামনিষ্কামতয়া পরিহার্য্যং। চত্বারি তস্য নশ্যন্তি আয়ুঃ প্রজ্ঞা যশো বলমিতি তত্রৈবোক্তেঃ এবমন্যত্রাপি বিরোধঃ পরিহরণীয়ঃ ॥ ৫ ॥

ন ভুক্তং কর্ম্ম যেন নরকদুঃখাদ্যভোগাৎ। সোঽপি সম্যক্ যাতি। দ্বাদশীব্রতার্থোদ্যম-মাত্রেণৈব সর্ব্বদুষ্কর্ম্মক্ষয়াৎ। এবং দশম্যাং ভোজনানন্তরং কাষ্ঠেন দন্তধাবনবিধানা-

---

আরও ॥

কাংস্যপাত্র, মাংস, মসূর, মধু, মিথ্যাবাক্য, পুনর্ভোজন, মৈথুন, দ্যূত ও অতিশয় জলপান, দশমীতে এই সাত বর্জ্জন করিবে ॥

মৎস্যপুরাণে ॥

কাস্য, মাংস, সুরা, মধু, তৈল, মিথ্যাবাক্য, ব্যায়াম ( শ্রমসাধন ব্যাপার ), প্রবাস, দিবাশয়ন, মৈথুন, শিলাপিষ্ট ( প্রস্তর দ্বারা পেশন করা ) ও মসূর, এই দ্বাদশ ত্যাগ করিবে ॥ ৫ ॥

অন্য স্মৃতিতে ॥

ইন্দ্রিয় দমন পূর্ব্বক দশমীদিনে একবার মাত্র ভোজন, তৎপর আচমন তাহার পর দন্তধাবন করিবে ॥

তন্মাহাত্ম্যঞ্চোক্তং ব্রহ্মবৈবর্ত্তে ॥

দশম্যাং দন্তকাষ্ঠেন জিহ্বাং লেখয়তে যদা।
দ্বাদশীনিয়মার্থায় নিরাশঃ স্যাদ্যমস্তদা।
নির্ম্মার্জ্জয়তি তৎপাপং পটস্থং দীনমানসঃ।
অভুক্তকর্ম্মা সংযাতি পাতকী বৈষ্ণবং পদং ॥ ৬ ॥

অথৈকভক্তলক্ষণং ॥

দিনার্দ্ধসময়েঽতীতে ভুজ্যতে নিয়মেন যৎ।
একভক্তমিতি প্রোক্তং কর্ত্তব্যং তৎপ্রযত্নত ইতি।
ততো রাত্রিং নয়েত্তাঞ্চ ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ।

---

দেকাদশ্যাং পর্ণাদিনা দন্তধাবনং নিরস্তং অন্যথা পূর্ব্বদিনান্তে তদ্ধাবনপ্রয়াসানুপপত্তেঃ। কেবলং দ্বাদশগণ্ডুষৈরেব মুখশোধনং তস্যাং কার্য্যমিতি চাদৌ লিখিতমেব ॥ ৬ ॥

ব্রহ্মচারীতি স্ত্রীসঙ্গাদিবর্জ্জয়ন্নিত্যর্থঃ। যদ্যপি নিয়মেষু মৈথুনবর্জ্জনং লিখিতমেব তথাপি স্বভাবতঃ স্ত্রীদর্শনাদিরূপং ব্রহ্মচারিত্বমত্র গ্রাহ্যং। তচ্চাগ্রে ব্যক্তং ভাবি। অতএব জিতং

---

ইহার মাহাত্ম্য কথিত হইয়াছে যথা—

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ॥

যখন কোন ব্যক্তি দ্বাদশী নিয়মের নিমিত্ত দন্তকাষ্ঠ দ্বারা জিহ্বা-লেখন করে, তখন যম নিরাশ হইয়া দীনচিত্তে তাহার পটস্থ পাপ মার্জ্জন করিয়া দেন, পরন্তু ঐ পাপী কর্ম্মফল ভোগ না করিয়া বৈষ্ণবপদ বৈকুণ্ঠে গমন করে ॥ ৬ ॥

অথ একভক্তলক্ষণ ॥

দিনার্দ্ধ সময় অতীত হইলে নিয়মপূর্ব্বক যাহা ভোজন করা যায়, তাহাকেই একভক্ত বলে, যত্নপূর্ব্বক ঐ একভক্ত ব্রত করিবে এবং ব্রহ্মচারী, জিতেন্দ্রিয় ও ভূমিশায়ী হইয়া সুখে শয়ন করত ভক্তিসহ-

ভগবন্তং স্মরন্ ভক্ত্যা ভূমিশায়ী সুখং স্বপন্ ॥ ৭ ॥

অথোপবাসদিনকৃত্যং ॥

প্রাতঃস্নাত্বার্চ্চয়িত্বা চ ভগবন্তং যথাবিধি।

তাম্রপাত্রং সমাদায় ব্রতসঙ্কল্পমাচরেৎ ॥ ৮ ॥

তথাচোক্তং দেবলেন ॥

গৃহীত্বোড়ুম্বরং পাত্রং বারিপূর্ণমুদঙ্মুখঃ।

উপবাসন্তু গৃহ্ণীয়াদযদ্বা সঙ্কল্পয়েদ্বুধঃ ॥

তত্র সঙ্কল্পমন্ত্রঃ ॥

একাদশ্যাং নিরাহারঃ স্থিত্বাহমপরেঽহনি।

---

বশীকৃতমিন্দ্রিয়ং যেন তথাভূতঃ সন্ ॥ ৭ ॥

যথাবিধীতি পূর্ব্বলিখিতঃ স্নানার্চ্চনাদিবিধিক্রমৈঃ ॥ ৮ ॥

উড়ুম্বরং তাম্রময়ং পাত্রং। উপবাসং গৃহ্ণীয়াৎ সঙ্কল্পয়েদিতি উড়ুম্বরপাত্রাদ্যভাবে সঙ্কল্পমাত্রমপি কুর্য্যাদিত্যর্থঃ। শরণং মে ভবাচ্যুতে অত্র গতির্ভব মমাচ্যুতেতি দেবলেন পঠিতং স্থিত্বেত্যত্র চ ভুক্ত্বেতি। বিষ্ণুনা চ স্থিত্বাহমপরেহহমিতি। তোয়ং পিবেৎ। অথবা

---

কারে বিষ্ণুকে স্মরণ করিতে করিতে রাত্রি যাপন করিবে ॥ ৭ ॥

অথ উপবাসদিনকৃত্য ॥

প্রাতঃকালে যথাবিধি স্নান ও ভগবানের পূজা পূর্ব্বক তাম্রপাত্র গ্রহণ করিয়া ব্রতের সঙ্কল্প করিবে ॥

এই বিষয়ে দেবল বলিয়াছেন যথা ॥

পণ্ডিত ব্যক্তি জলপূর্ণ তাম্রপাত্র গ্রহণ করিয়া উত্তরমুখে উপবেশন করত উপবাস গ্রহণ অর্থাৎ সঙ্কল্প করিবে অথবা তাম্রপাত্রের অভাবে কেবল সঙ্কল্পমাত্র করিবে ॥

সঙ্কল্পমন্ত্র যথা ॥

আমি একাদশীতে নিরাহার থাকিয়া পর দিবস ভোজন করিব,

ভোক্ষ্যামি পুরণ্ডরীকাক্ষ শরণং মে ভবাচ্যুতেতি।
উচ্চারয়ন্নিমং মন্ত্রং শ্রীকৃষ্ণচরণাব্জয়োঃ।
পুষ্পাঞ্জলিং সমর্প্যাথ মন্ত্রপূতং জলং পিবেৎ॥
তদুক্তং মার্কণ্ডেয়েন॥
অষ্টাক্ষরেণ মন্ত্রেণ ত্রিজপ্তেনাভিমন্ত্রিতং।
উপবাসফলং প্রেপ্সুঃ পিবেত্তোয়ং সমাহিতঃ।
দেবার্চ্চনং ততঃ কৃত্বা পুষ্পাঞ্জলিমথাপি বা।
সঙ্কল্পমন্ত্রমুচ্চার্য্য দেবায় বিনিবেদয়েৎ॥ ৯॥
দশম্যাং [illegible] ত্রোপর্য্যনুবৃত্তৌ পুরঃসরান্।
একা [illegible] শ্চিতুর্যামান্ হিত্বা সঙ্কল্পমাচরেৎ॥
তথাচোক্তং॥

দেবার্চ্চনং কৃত্বা তদনন্তরং দেবায় পুষ্পাঞ্জলিং বিনিবেদয়েৎ সমর্পয়েদিতি জলপানপুষ্পাঞ্জল্যর্পণয়োর্বিকল্প উক্তঃ। কুর্য্যাদিতি পাঠে তু দেবার্চ্চনপুষ্পাঞ্জল্যর্পণয়োর্বিকল্পো জ্ঞেয়ঃ॥ ৯॥
অর্দ্ধরাত্রোপরি চ দশম্যনুবৃত্তৌ সত্যাং একাদশ্যাঃ পুরঃসরান্ আদ্যান্ চতুরো যামান্

হে পুণ্ডরীকাক্ষ! হে অচ্যুত! আপনি আমার আশ্রয় হউন॥

এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক শ্রীকৃষ্ণের চরণযুগলে পুষ্পাঞ্জলি সমর্পণ করিয়া পরে মন্ত্রপূত জল পান করিবে॥

এই বিষয় মার্কণ্ডেয় বলিয়াছেন॥

উপবাস ফলাকাঙ্ক্ষী পুরুষ সমাহিত হইয়া তিনবার অষ্টাক্ষর মন্ত্র দ্বারা অভিমন্ত্রিত জল পান করিবে॥

তৎপরে ভগবানের পূজা এবং সঙ্কল্প মন্ত্র উচ্চারণ করিয়া দেবকে নিবেদন করিবে॥ ৯॥

অর্দ্ধ রাত্রির পর যদি দশমী থাকে, তাহা হইলে একাদশীর পূর্ব্ব প্রহরচতুষ্টয় বর্জ্জন করিয়া সঙ্কল্প আচরণ করিবে॥

এই বিষয় কথিত হইয়াছে॥

দশম্যাঃ সঙ্গদোষেণ অর্দ্ধরাত্রাৎ পরেণ তু।
বর্জ্জয়েচ্চতুরো যামান্ সঙ্কল্পার্চ্চনয়োস্তদা ॥ ১০ ॥
নারদীয়ে চ ॥
পূর্ব্বায়াঃ সঙ্গদোষৈণৈকাদশ্যাং স্নানপূজনে।
বর্জ্জয়ন্তি নরাঃ পূর্ব্বান্ যামাংশ্চ চতুরো দ্বিজ।
তদূর্দ্ধং স্নানপূজাদি কর্ত্তব্যং তদুপোষিতৈঃ ॥ ১১ ॥
ন দিবা শুদ্ধিমাপ্নোতি তদা রাত্রৌ বিধীয়তে।
দিনকার্য্যমশেষঞ্চ কর্ত্তব্যং শর্ব্বরীমুখে ইতি ॥ ১২ ॥
ততশ্চ ভগবদ্ভক্ত্যা পরিচর্য্যাদিরূপয়া।

হিত্বা ব্রতসঙ্কল্পং কুর্য্যাৎ। ইত্থমপি অর্দ্ধরাত্রবেধঃ পরিহৃতঃ ॥ ১০ ॥

পূর্ব্বায়াঃ দশম্যাঃ ॥ ১১ ॥

নমু দিনকৃত্যং কথং রাত্রৌ কর্ত্তব্যং তত্রাহ ন দিবেতি। দিনকার্য্যং যদি দিবা দিনমধ্যে শুদ্ধিং নাপ্নোতি। তচ্চ শর্ব্বরীমুখে প্রদোষ এবাশেষং কর্ত্তব্যং ॥ ১২ ॥

পরিচর্য্যাদিরূপয়েতি ব্রতাদৌ পূজাবিশেষপ্রাধান্যাৎ ॥ ১৩ ॥

অর্দ্ধরাত্রের পর দশমীর সঙ্গহেতু একাদশীর চারি প্রহর বর্জ্জন করিয়া ব্রতের সঙ্কল্প করিবে ॥ ১০ ॥

নারদীয়পুরাণে ॥

হে দ্বিজ! পূর্ব্বার অর্থাৎ দশমীর সঙ্গদোষপ্রযুক্ত একাদশীতে স্নান ও পূজন বিষয়ে মানবগণ একাদশীর পূর্ব্ব প্রহরচতুষ্টয় বর্জ্জন করিয়া থাকেন, অতএব উপবাসপরায়ণ ব্যক্তিরা ঐ প্রহরচতুষ্টয়ের পর স্নান এবং পূজাদি করিবেন ॥ ১১ ॥

দিনকার্য্য যদি দিবায় সিদ্ধি প্রাপ্ত না হয়, তাহা হইলে সমুদায় দিনকার্য্য প্রদোষকালে করিবে ॥ ১২ ॥

অতএব উপবাসপরায়ণ পণ্ডিত ব্যক্তি পরিচর্য্যাদিরূপ ভগবদ্ভক্তি

দিনং রাত্রিঞ্চ গময়েদুপবাসপরোবুধঃ ॥

তদুক্তং স্কান্দে ॥

সংপূজ্য দেবদেবেশং ভক্ত্যা পরময়া যুতঃ।
অহোরাত্রং ক্ষিপেদ্ধীমানুপবাসফলাপ্তয়ে ॥ ১৩ ॥

অথোপবাসলক্ষণং ॥

গৃহ্যপরিশিষ্ট কাত্যায়নস্মৃতি বিষ্ণুধর্ম্মব্রহ্মবৈবর্ত্তাদিষু।

উপাবৃত্তস্য পাপেভ্যো যস্তু বাসোগুণৈঃ সহ।
উপবাসঃ স বিজ্ঞেয়ঃ সর্ব্বভোগবিবর্জ্জিতঃ ॥ ১৪ ॥

ভোগাশ্চোক্তাঃ শাতাতপেন ॥

---

পাপেভ্য উপাবৃত্তস্য জনস্য গুণৈঃ সহ যো বাসঃ স উপবাসো বিজ্ঞেয়ঃ। কিঞ্চ। সর্ব্বভোগৈর্ব্বিবর্জ্জিতঃ ॥ ১৪ ॥

ভোগানেব দর্শয়তি গন্ধেতি দ্বয়েন। অঞ্জনং নর্ত্তকাদি লোচনয়োঃ। উপবাসেন সহ দুষ্যন্তি অতস্তত্র বর্জ্জয়েদিতি ভাবঃ। যচ্চ কাশীখণ্ডে। উপবাসেঽপি নোদুষ্যোদ্দন্তধাবন-

---

দ্বারা দিবারাত্র যাপন করিবেন ॥

এই বিষয় স্কন্দপুরাণে উক্ত হইয়াছে যথা ॥

বুদ্ধিমান্ মনুষ্য উপবাসের ফল প্রাপ্তি নিমিত্ত দেবদেবেশ্বর হরিকে পূজা করিয়া অহোরাত্র যাপন করিবেন ॥ ১৩ ॥

অথ উপবাস লক্ষণ ॥

গৃহ্যপরিশিষ্ট, কাত্যায়নস্মৃতি, বিষ্ণুধর্ম্ম এবং
ব্রহ্মবৈবর্ত্ত পুরাণাদিতে যথা ॥

সকল পাপ হইতে নিবৃত্ত হইয়া গুণের সহিত যে মনুষ্যের বাস হয়, তাহাকে উপবাস বলে, এই উপবাসে সমস্ত ভোগ বিবর্জ্জিত জানিতে হইবে ॥ ১৪ ॥

শাতাতপ কর্ত্তৃক উপবাসের ভোগ সকল কথিত হইয়াছে যথা ॥

গন্ধালঙ্কারবাসাংসি পুষ্পমাল্যানুলেপনং।
উপবাসেন দুষ্যন্তি দন্তধাবনমঞ্জনং ॥
শ্রীব্যাসেন চ ॥
পুষ্পালঙ্কারবস্ত্রাণি গন্ধধূপানুলেপনং।
উপবাসে চ দুষ্যন্তি দন্তধাবনমঞ্জনং ॥ ১৫
পাপানি চোক্তানি সুমন্তুনা।
বিহিতস্যাননুষ্ঠানমিন্দ্রিয়াণামনিগ্রহঃ।
নিষিদ্ধসেবনং নিত্যং বর্জ্জনীয়ং প্রযত্নতঃ।
শাতাতপেনাপি ॥
অসত্যভাষণং দ্যূতং দিবাস্বাপঞ্চ মৈথুনং।

মঞ্জনমিত্যাদি তচ্চ প্রায়ো বেষঃ যোষিতামেব নেত্রাঞ্জনাচারেণ তৎসাহচর্য্যাৎ তত্রোক্তং দন্তধাবনাদি সর্ব্বং তদ্বিষয়কমেব জ্ঞেয়মিতি পূর্ব্বং লিখিতমেবাস্তি ॥ ১৫ ॥
পাপেভ্য উপাবৃত্ত ইত্যুক্তং তান্যেব দর্শয়তি বিহিতস্যেতি চতুর্ভিঃ। নৈবেতি পাঠেঽপি

গন্ধ, অলঙ্কার, বস্ত্র, পুষ্পমাল্য, অনুলেপন তথা দন্তধাবন ও অঞ্জন, উপবাসে এই সমুদায় দোষাবহ হয় ॥

শ্রীব্যাসও বলিয়াছেন ॥

পুষ্প, অলঙ্কার, বস্ত্র, গন্ধ, ধূপ, অনুলেপন, দন্তধাবন ও অঞ্জন উপবাসে এই সমুদায় দোষ যুক্ত হয় ॥ ১৫ ॥

সুমন্তু উপবাস বিষয়ে পাপ সকল বলিয়াছেন যথা ॥

বিহিতের অননুষ্ঠান অর্থাৎ শাস্ত্রে যাহা কর্ত্তব্য বলিয়া উপদেশ করিয়াছেন তাহা না করণ, ইন্দ্রিয়দমন না করা এবং শাস্ত্রে যাহা নিষেধ করিয়াছেন তাহার সেবন, এই সকল নিত্য যত্নসহকারে বর্জ্জন করিবে ॥

শাতাতপও বলিয়াছেন ॥

অসত্য ভাষণ, দ্যূতক্রীড়া, দিবাশয়ন ও মৈথুন, উপবাসপরায়ণ

একাদশ্যাং ন কুর্ব্বীত উপবাসপরো নরঃ ॥

কিঞ্চ ॥

বিষ্ণুধর্ম্মেষু ॥

পাষণ্ডিভিরসংস্পর্শমসম্ভাষণমেব চ।

বিষ্ণোরারাধনপরৈরেতৎ কার্য্যমুপোষিতৈঃ ॥

শ্রীবিষ্ণুপুরাণে ॥

তস্মাৎ পাষণ্ডিভিঃ পাপৈরালাপস্পর্শনে ত্যজেৎ।

বিশেষতঃ ক্রিয়াকালে যজ্ঞাদৌ চাপি দীক্ষিতঃ ॥

তৎ প্রায়শ্চিত্তং তত্রৈবোক্তং ॥

তস্যাবলোকনাৎ সূর্য্যং পশ্যেত মতিমান্নরঃ ॥

বিষ্ণুধর্ম্মে চ ॥

সংস্পর্শে চ বুধঃ স্নাত্বা শুচিরাদিত্যদর্শনাৎ।

কাৰ্য্যমেবেত্যর্থ এব অত্র দর্শনমপি ন কার্য্যমিতি জ্ঞেয়ং। অগ্রে তৎ প্রায়শ্চি

মনুষ্য একাদশীতে এই সমুদায় বর্জ্জন করিবেন ॥

আরও বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

বিষ্ণুর আরাধনায় তৎপর মানব উপবাস করিয়া পাষণ্ডির সহিত সংস্পর্শ এবং তাহার সহিত সম্ভাষণ করিবেন না ॥

শ্রীবিষ্ণুপুরাণে ॥

অতএব পাপযুক্ত পাষণ্ডিদিগের সহিত আলাপ ও সংস্পর্শ ত্যাগ করিবে। বিশেষতঃ দীক্ষিত ব্যক্তি ক্রিয়া কালে বা যজ্ঞাদিতে তাহাদের সহিত আলাপ বা তাহাদিগকে স্পর্শ করিবেন না ॥

ঐ সকল কার্য্য ঘটিলে তাহার প্রায়শ্চিত্ত
ঐ বিষ্ণুপুরাণেই কথিত হইয়াছে ॥

পাষণ্ডিকে দেখিয়া বুদ্ধিমান্ মনুষ্য সূর্য্যদর্শন করিবেন ॥

বিষ্ণুধর্ম্মেও।

পাষণ্ডির সহিত সংস্পর্শ হইলে পণ্ডিত ব্যক্তি স্নান পূর্ব্বক শুচি হইয়া

সম্ভাষ্য তান্ শুচিষদং চিন্তয়েদচ্যুতং বুধঃ ॥ ১৬॥
গুণাশ্চোক্তাঃ ভবিষ্যে ॥
ক্ষমা সত্যং দয়া মৌনং শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ।
দেবপূজাগ্নিহবনং সন্তোষস্তেয়বর্জ্জনং।
সর্ব্বব্রতেষ্বয়ং ধর্ম্মঃ সামান্যো দশধা স্থিতঃ ॥ ১৭ ॥
পাদ্মে চ ॥
শ্রীযমধূম্রকেতুসম্বাদে ॥
দশম্যাং সংযমং কৃত্বা ব্রতাহে নিয়তেন্দ্রিয়ঃ।
ক্রোধহিংসাবিহীনশ্চ কৃষ্ণকীর্ত্ত্যা দিনং নয়েৎ ॥ ১৮ ॥

---

ত্তোক্তেঃ। শুচিষু শুদ্ধজলেষু। শুচিনিমিত্তেষু বা নিষীদতি শুচিষৎ তং॥ ১৬॥

গুণৈঃ সহেতুক্তং তানেব দর্শয়তি ক্ষমেতি চতুর্ভিঃ ॥ ১৭ ॥

এবং সামান্যতো গুণান্ লিখিত্বাধুনা একাদশীব্রতে গুণবিশেষং লিখতি দশম্যামিতি সার্দ্ধদ্বয়েন। যদ্যপ্যত্রোক্তং নিয়তেন্দ্রিয়ত্বাদিকমপি সামান্যমেব তথাপি তস্য কর্ত্তৃবিশেষণত্বাদ্গৌণত্বেন কৃষ্ণস্য কীর্ত্ত্যা কীর্ত্তনেন দিনং নয়েদিত্যস্য বিধেরেব মুখ্যত্বেতি দিক্ ॥১৮॥

---

আদিত্য দর্শন করিবেন, আর তাহাদের সহিত আলাপ করিলে পরম-পাবন অচ্যুতকে চিন্তা করিবেন ॥ ১৬ ॥

উক্ত বিষয়ে গুণ সকল কথিত হইয়াছে

ভবিষ্য পুরাণে যথা ॥

সর্ব্বপ্রকার ব্রতে সামান্যাকারে এই দশ প্রকার ধর্ম্ম অবস্থিত আছে, যথা—ক্ষমা, সত্য, দয়া, মৌন, শৌচ, ইন্দ্রিয়দমন, দেবপূজা, হোম, সন্তোষ এবং স্তেয় বর্জ্জন ॥ ১৭ ॥

পদ্মপুরাণে শ্রীযমধূম্রকেতু সম্বাদে ॥

জিতেন্দ্রিয় এবং ক্রোধ হিংসা বিবর্জ্জিত পুরুষ দশমীর দিবস সংযম করিয়া একাদশীর ব্রত দিবসে কৃষ্ণকীর্ত্তন দ্বারা দিনযাপন করিবেন ॥ ১৮ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

তজ্জপ্যং তজ্জপধ্যানং তৎকথাশ্রবণাদিকং।
তদর্চ্চনঞ্চ তন্নামকীর্ত্তনশ্রবণাদয়ঃ।
উপবাসকৃতা হ্যেতে গুণাঃ প্রোক্তা মনীষিভিঃ ॥ ১৯ ॥

তন্মাহাত্ম্যং চোক্তং বিষ্ণুধর্ম্মেষু ॥

উপবাসী হরিং যস্তু ভক্ত্যা ধ্যায়তি মানবঃ।
তজ্জপ্যজাপী তৎকর্ম্মরতস্তদ্গতমানসঃ।
নিষ্কামো দৈত্যবদ্ব্রহ্মপদমাপ্নোত্যসংশয়ং ॥ ২০ ॥

পুনরত্যন্তবিশেষং লিখতি তজ্জপ্যমিতি। তচ্ছব্দেন সর্ব্বত্র ভগবতঃ পরামর্ষঃ। জপ্যং মন্ত্রঃ। জপো মন্ত্রস্য নাম্নো বা ধ্যানঞ্চ ভগবত ইতি বিবেচনীয়ং। কথায়াঃ শ্রবণং। আদিশব্দেন তস্যাঃ কথনাদি চ। নাম্নঃ কীর্ত্তনং শ্রবণঞ্চ। আদিশব্দেন বন্দনাদয়োঽন্যে ভক্তিপ্রকারাঃ ॥ ১৯ ॥

নিষ্কামশ্চেৎ। যদ্বা সকামোঽপি নিষ্কামঃ সন্নিত্যর্থঃ। দৈত্যঃ শ্রীপ্রহ্লাদঃ তদ্বৎ। ব্রহ্মময়ং পদং শ্রীবৈকুণ্ঠলোকং প্রাপ্নোতি ॥ ২০ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

ভগবানের মন্ত্র বা নামের জপ, ভগবানের ধ্যান এবং ভগবৎকথা-শ্রবণাদি, পণ্ডিতগণ উপবাসকৃত এই সকল গুণকীর্ত্তন করিয়াছেন ॥১৯॥

ইহার মাহাত্ম্য সকল বিষ্ণুধর্ম্মে
কথিত হইয়াছে যথা ॥

যে মনুষ্য উপবাস করিয়া ভক্তিসহকারে হরিকে ধ্যান, বিষ্ণুমন্ত্র জপ, বিষ্ণুকর্ম্মরত এবং তদ্গতচিত্ত হইয়া যদি নিষ্কাম হয়, তাহা হইলে দৈত্যশ্রেষ্ঠ প্রহ্লাদের ন্যায় শ্রীবৈকুণ্ঠলোক প্রাপ্ত হইবে, ইহাতে সংশয় নাই ॥ ২০ ॥

অথোপবাসদিনেঽন্যেপি নিয়মাঃ ॥

তত্র কাত্যায়নঃ ॥

ব্রহ্মচর্য্যসমাযুক্ত উপবাসং চরেন্নরঃ ॥

দেবলশ্চ ॥

ব্রহ্মচর্য্যমহিংসা চ সত্যমামিষবর্জ্জনং।

ব্রতেষ্বেতানি চত্বারি চরিতব্যানি নিত্যশঃ ॥ ২১ ॥

কিঞ্চ ॥

অসকৃজ্জলপানাচ্চ সকৃৎ তাম্বূলভক্ষণাৎ।

উপবাসঃ প্রদুষ্যেত দিবাস্বাপাচ্চ মৈথুনাৎ ॥

কিঞ্চ ॥

---

আমিষবর্জ্জনঞ্চ সংযমদিনে পারণায়াঞ্চ জ্ঞেয়ং। যদ্বা অষ্টৈতান্যব্রতঘ্নানীত্যাদিবচনেন উপবাসে ঔষধস্যাদোষাৎ প্রাপ্তস্য ঔষধরূপস্যামিষস্য বর্জ্জনং তত্রৈব জ্ঞেয়ং। তথা চোক্তং ব্যাসেন। বর্জ্জয়েৎ পারণে মাংসং ব্রতাহেঽপ্যৌষধং সদেতি ঔষধরূপমপ্যামিষমুপবাসদিনে বর্জ্জয়েদিত্যর্থঃ ॥ ২১ ॥

এবং গুণানেব দর্শয়িত্বাবশ্যং পরিত্যাগায় দোষান্ লিখতি অসকৃদিতি। যদ্যপি দিবা

---

অথ উপবাসদিনে অন্যান্য নিয়মও যথা ॥

তদ্বিষয়ে কাত্যায়নের বাক্য ॥

মনুষ্য ব্রহ্মচর্য্য সমন্বিত হইয়া উপবাস আচরণ করিবে ॥

দেবল বলিয়াছেন ॥

সর্ব্বদা ব্রতবিষয়ে ব্রহ্মচর্য্য, অহিংসা, সত্যভাষণ এবং আমিষ বর্জ্জন এই চারি প্রকার নিয়ম আচরণ করিবে ॥ ২১ ॥

আরও ॥

বারম্বার জলপান, একবারমাত্র তাম্বূলভোজন, দিবাশয়ন এবং মৈথুন এই সকল হইতে উপবাস দূষিত হয় ॥

আরও ॥

দন্তধাবনতাম্বূলদিবা স্বাপাক্ষমৈথুনাৎ।
অসকৃজ্জলপানাচ্চ নোপবাসফলং লভেৎ ॥ ২২ ॥
ব্রহ্মচর্য্যবিঘাতানি চ তেনৈবোক্তানি ॥
স্ত্রীণান্তু প্রেক্ষণাৎ স্পর্শাত্তাভিঃ সঙ্কথনাদপি।
বিপদ্যতে ব্রহ্মচর্য্যং ন দারেষ্বৃতুসঙ্গমাদিতি ॥ ২৩ ॥
ততো নিত্যার্চ্চনং কৃত্বা হরির্ঘস্রোৎসবার্থিকাং।
কৃত্বা সায়ং মহাপূজাং কুর্য্যাজ্জাগরণং নিশি ॥ ২৪ ॥
অথ তত্র পূজাদিকং ॥
ব্রাহ্ম্যে ॥

স্বাপাদিবর্জ্জনং পূর্ব্বং লিখিতমেব তথাপ্যবশ্যবর্জ্জ্যত্বেনাত্র নিয়মেষু পুনর্লিখিতমিত্যদোষঃ ॥২২
দারেষু নিজভার্য্যাসু চ প্রেক্ষণাদিনা ব্রহ্মচর্য্যং ন বিপদ্যতে কিন্তু ঋতুসঙ্গমাৎ ব্যবায়াদেবেত্যর্থঃ। স্বদারেষ্বিতি চ ক্বচিৎ পাঠঃ ॥ ২৩ ॥
হরের্ঘস্রো দিনমেকাদশী তত্রোৎসবহেতুকাং অতএব মহতীং পূজাং ॥ ২৪ ॥

দন্তধাবন, তাম্বূলভোজন, দিবাশয়ন, অক্ষক্রীড়া মৈথুন, এবং বারম্বার জলপান এই সমুদায় করিলে উপবাসের ফল লাভ হয় না ॥ ২২ ॥

ব্রহ্মচর্য্যের বিঘাতক সকল দেবল বলিয়াছেন যথা—

স্ত্রীলোকের সহিত দর্শন, স্পর্শন ও তাহাদের সহিত কথোপকথন এই সকল দ্বারা ব্রহ্মচর্য্য দূষিত হয়, কিন্তু স্বীয় ভার্য্যাতে ঋতুকালীন সঙ্গমে দোষ হয় না ॥ ২৩ ॥

অতএব ভগবানের নিত্যপূজা করিয়া একাদশীর মহোৎসব নিমিত্ত সন্ধ্যাকালে মহতী পূজা পূর্ব্বক রাত্রিতে জাগরণ করিবে ॥ ২৪ ॥

অথ একাদশীতে পূজা প্রভৃতি ॥

ব্রহ্মপুরাণে ॥

দেবস্যোপরি কুর্ব্বীত শ্রদ্ধয়া সুসমাহিতঃ।
নানাপুষ্পৈর্মুনিশ্রেষ্ঠ বিশিষ্টং পুষ্পমণ্ডপং ॥
কিঞ্চ তত্রৈব ॥
একাদশ্যামুভৌ পক্ষৌ নিরাহারঃ সমাহিতঃ।
স্নাত্বা সম্যগ্বিধানেন ধৌতবাসা জিতেন্দ্রিয়ঃ।
সম্পূজ্য বিধিবদ্বিষ্ণুং শ্রদ্ধয়াতিসমাহিতঃ।
পুষ্পৈর্গন্ধৈস্তথা ধূপৈর্দীপৈর্নৈবেদ্যকৈঃ পরৈঃ।
উপহারৈর্বহুবিধৈর্জপহোমপ্রদক্ষিণৈঃ।
স্তোত্রৈর্নানাবিধৈর্নৃত্যগীতবাদ্যৈর্মনোরমৈঃ।
দণ্ডবৎ প্রণিপাতৈশ্চ জয়শব্দৈস্তথোত্তমৈঃ।
এবং সম্পূজ্য বিধিবদ্রাত্রৌ কুর্য্যাৎ প্রজাগরং ॥ ২৫ ॥
কথাং বা গীতিকাস্বাপি কুর্য্যাদ্বিষ্ণুপরায়ণঃ।

পরৈরন্যৈশ্চ বহুবিধৈরুপহারৈঃ ফলতাম্বূলাদিভিঃ ॥ ২৫ ॥
প্রজাগরপ্রকারমেবাহ কথাম্বা ইতি। রাত্রিং নয়েদিতি শেষঃ ॥ ২৬ ॥

হে মুনিশ্রেষ্ঠ! শ্রদ্ধাসমন্বিত হইয়া একাদশীর রাত্রে দেবদেব হরির উপরিভাগে নানাপুষ্প দ্বারা উৎকৃষ্ট পুষ্পমণ্ডপ নির্ম্মাণ করিবে ॥

আরও ঐ স্থানেই ॥

উভয়পক্ষীয় একাদশীতেই যত্নপূর্ব্বক আহার বর্জন করিবে। যথাবিধি স্নান করিয়া ধৌতবস্ত্র পরিধান ও ইন্দ্রিয় দমন করিবে। অতিশয় শ্রদ্ধাসহকারে বিষ্ণুর পূজা করিয়া গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, উৎকৃষ্ট নৈবেদ্য, বহুবিধ উপহার, জপ, হোম, প্রদক্ষিণ, নানাবিধ স্তব, মনোরম নৃত্য, গীত, বাদ্য, দণ্ডবৎ প্রণিপাত এবং উত্তম জয় শব্দ দ্বারা এই প্রকার পূজা করিয়া রাত্রিতে জাগরণ করিবে ॥ ২৫ ॥

অথবা বিষ্ণুপরায়ণ ব্যক্তি, ভগবৎকথা কীর্ত্তন করিবেন, তাহা

যাতি বিষ্ণোঃ পরং স্থানং নরো নাস্ত্যত্র সংশয়ঃ।

ভবিষ্যে চ॥

একাদশ্যাপরোধে তু রাত্রৌ সংপূজয়েদ্ধরিং।

তাঞ্চ রাত্রিং যথাশক্তি পুরাণশ্রবণাদিনা।

নয়েদিতি শেষঃ॥ ২৬॥

অথ জাগরণপ্রকরণং॥

বৈষ্ণবান্ জাগরেঽভ্যর্চ্চ্য তীর্থং শঙ্খোদকান্বিতং।

তেভ্যো দত্ত্বা স্বয়ং প্রাশ্য বিদ্বান্ স্তোত্রাদিকং পঠেৎ॥ ২৭॥

পুরাণাদি ততঃ শ্রুত্বা গীতনৃত্যাদিকং স্বয়ং।

কুর্য্যাৎ পশ্যেচ্চ পারক্যং বারয়েন্ন হসেন্ন চ॥ ২৮॥

তীর্থং শ্রীচরণোদকং॥ ২৭॥

পারক্যং পরেণ ক্রিয়মাণং। ন চ হসেৎ উপহসেৎ॥ ২৮॥

হইলে তাঁহার বিষ্ণুলোকে স্থান লাভ হইবে, ইহাতে সংশয় নাই॥

ভবিষ্যপুরাণেও॥

একাদশীর উপরোধে রাত্রিতে হরির পূজা করিবেন এবং ঐ রাত্রি যথাশক্তি পুরাণ শ্রবণাদি দ্বারা যাপন করিবেন॥ ২৬॥

অথ জাগরণ প্রকরণ॥

বিদ্বান্ মনুষ্য জাগরণ সময়ে বৈষ্ণবদিগকে অভ্যর্চ্চনা করিয়া শঙ্খে চরণোদক গ্রহণ পূর্ব্বক তাঁহাদিগকে প্রদান করিবেন এবং স্বয়ং কিঞ্চিৎ পান করিয়া স্তোত্রাদি পাঠ করিবেন॥ ২৭॥

তাহার পর পুরাণাদি শ্রবণ করিয়া স্বয়ং গীত ও নৃত্যাদি করিবেন অথবা অন্য ব্যক্তিরা করিতেছে, তাহা দর্শন করিবেন, কিন্তু নিবারণ বা উপহাস করিবেন না॥ ২৮॥

অথ জাগরণে গীতাদিনিবারণাদিনিষেধঃ ॥

পাদ্মে ॥

নিবারয়তি যো গীতং নৃত্যং জাগরণে হরেঃ।
ষষ্টিং যুগসহস্রাণি পচ্যতে রৌরবাদিষু।
নৃত্যমানস্য মর্ত্ত্যস্য উপহাসং করোতি যঃ।
জাগরে যাতি নিরয়ং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ২৯ ॥

অথ জাগরণদর্শনাবশ্যকতা স্কান্দে ॥

যমেন সূচিতং তস্য নরকং যাতনাকুলং।
মুখং ন তস্য দ্রষ্টব্যং যেন দৃষ্টো ন জাগরঃ ॥ ৩০ ॥

---

নিবারয়তীত্যাদি শ্লোকদ্বয়েন নিবারণোপহাসে দোষোদর্শিতঃ ॥ ২৯ ॥

অধুনা পশ্যেদিতি যদুক্তং তন্নিত্যত্বং তদকরণপ্রত্যবায়দর্শনেন লিখতি যমেনেতি ত্রিভিঃ। সূচিতং পাপাতিশয়াদতিরুষা ভ্রূভঙ্গ্যাদি সঙ্কেতেন প্রতিপাদিতং ॥ ৩০ ॥

---

অথ জাগরণে গীতাদি নিবারণ নিষেধ ॥

পদ্মপুরাণে যথা ॥

যে ব্যক্তি হরির জাগরণে গীত অথবা নৃত্য নিবারণ করে, তাহাকে ষষ্টিযুগসহস্র রৌরবাদি নরকে পচিতে হইবে, যে মনুষ্য জাগরণে নৃত্যমান মানবকে অবলোকন করিয়া উপহাস করে, চতুর্দ্দশ ইন্দ্রের যত দিন অধিকার তাবৎকাল তাহাকে নরকে থাকিতে হইবে ॥ ২৯ ॥

অথ জাগরণ দর্শনের আবশ্যকতা ॥

স্কন্দপুরাণে ॥

যে মনুষ্য হরির জাগরণ দর্শন করিল না, যম তাহার যাতনাময় নরক সূচনা করিয়া রাখিয়াছেন, কদাচ তাহার মুখাবলোকন করিবে না ॥ ৩০ ॥

কিঞ্চ ॥

উদ্ধৃতং নেত্রযুগ্মন্তু দত্ত্বা তু হৃদয়ে পদং।

কৃতং যে নৈব পশ্যন্তি প্রাণিনো হরিজাগরং ॥

কিঞ্চ ॥

যেষাং চক্ষুর্ভবং তেজঃ প্রদগ্ধং কলিবহ্নিনা।

ন তে পশ্যন্তি কৃষ্ণস্য জাগরং ন জনার্দ্দনং।

কিঞ্চ ॥

কলিকল্মষজাতেন পরমেণাবৃতে ধ্রুবং।

চক্ষুষী পাপিনী নৃণাং যে ন পশ্যন্তি জাগরং ॥ ৩১ ॥

অথ জাগরণবিধিঃ ॥

স্কান্দে শ্রীব্রহ্মানারদসম্বাদে ॥

---

উদ্ধৃতং উৎপাটিতং যাম্যৈঃ। অতীতপ্রত্যয়োহতিনিশ্চয়াৎ। যদ্বা নূনং কেনাপ্যুদ্ধৃতমেব। তত্র হেতুঃ। কৃতমিতি। জাতং সমূহঃ। পরমেণ উদ্রিক্তেন ॥ ৩১ ॥

---

আরও ॥

মনুষ্যগণ হরির জাগরণ করিতেছেন, যাহারা তাহা দর্শন করে না, যমদূতেরা তাহাদিগের হৃদয়ে পাদ নিক্ষেপ পূর্ব্বক চক্ষুর্দ্বয় উৎপাটন করিয়া দেয় ॥

আরও ॥

যাহাদের নেত্রজনিত তেজঃ কলিবহ্নি দ্বারা দগ্ধ হইয়াছে, তাহারাই শ্রীকৃষ্ণের জাগরণ অথবা জনার্দ্দনকে দর্শন করে না ॥

আরও ॥

যাহারা জাগরণ দর্শন করে না নিশ্চয় উর্জ্জিত কলিকল্মষ সমূহ দ্বারা তাহাদের নেত্রদ্বয় পাপযুক্ত হইয়াছে ॥ ৩১ ॥

অথ জাগরণ বিধি ॥

স্কন্দপুরাণে ব্রহ্মানারদ সম্বাদে ॥

শৃণু নারদ বক্ষ্যামি জাগরস্য তু লক্ষণং।
যেন বিজ্ঞাতমাত্রেণ দুর্ল্লভো ন জনার্দ্দনঃ ॥ ৩২ ॥
গীতং বাদ্যঞ্চ নৃত্যঞ্চ পুরাণপঠনন্তথা।
ধূপং দীপঞ্চ নৈবেদ্যং পুষ্পগন্ধানুলেপনং।
ফলমর্ঘ্যঞ্চ শ্রদ্ধা চ দানমিন্দ্রিয়নিগ্রহঃ।
সত্যান্বিতং বিনিদ্রঞ্চ মুদাযুক্তং ক্রিয়ান্বিতং।
সাশ্চর্য্যঞ্চৈব সোৎসাহং পাপালস্যাদিবর্জ্জিতং।
প্রদক্ষিণাভিঃ সংযুক্তং নমস্কারপুরঃসরং।
নীরাজনসমাযুক্তমনির্ব্বিণ্ণেন চেতসা।
যামে যামে মহাভাগ কুর্য্যাদারাত্রিকং হরেঃ।

বিজ্ঞাতমাত্রেণাপি ॥ ৩২ ॥

শ্রদ্ধা বিশ্বাসো ভক্তির্বা। বিনিদ্রমিতি কদাচিদপি কিঞ্চিন্নিদ্রয়া বিরহিতমিত্যর্থঃ। যদ্বা ঘূর্ণাবর্জ্জিতং। ক্রিয়াপরিচর্য্যাদি তদন্বিতং। আশ্চর্য্যাণি অভিনয়াদীনি তৎ সহিতং উৎসাহো মানসোল্লাসস্তৎ সহিতং। আদিশব্দেন দ্যূতাদি গ্রাম্যবার্ত্তাদি বা। নীরাজনেন সমাযুক্তমিত্যুক্তং তত্রৈব বিশেষমাহ অনির্ব্বিণ্ণেন নির্ব্বেদরহিতেন চেতসা। যামে যামে চতুঃপ্রহরেষু হরেরারাত্রিকং নীরাজনং কুর্য্যাদিতি। ষড়্বিংশগুণসংযুক্তমিতি পাঠে

হে নারদ! আমি জাগরণের লক্ষণ বলি শ্রবণ কর, যাহা জানিবামাত্র জনার্দ্দন দুর্ল্লভ হয়েন না অর্থাৎ অনায়াসে তাঁহাকে লাভ করিতে পারে ॥ ৩২ ॥

হে মহাভাগ! হরির জাগরণে একাগ্রচিত্তে প্রতি প্রহরে গীত, বাদ্য, নৃত্য, পুরাণপাঠ, ধূপ, দীপ, নৈবেদ্য, পুষ্প, গন্ধানুলেপন, ফল, অর্ঘ্য, শ্রদ্ধা, দান, ইন্দ্রিয় নিগ্রহ, সত্য যুক্ত, বিনিদ্র, আনন্দযুক্ত, ক্রিয়াসমন্বিত, আশ্চর্য্যান্বিত, উৎসাহ যুক্ত, পাপ ও আলস্যাদি বর্জ্জন। প্রদক্ষিণ, নমস্কার, নীরাজন এবং হরির আরাত্রিক করিবে, এই ষড়্বিংশতিগুণযুক্ত

এতৈর্গুণৈঃ সমাযুক্তং কুর্য্যাজ্জাগরণং হরেঃ ॥ ৩৩ ॥

কিঞ্চ ॥

য এবং কুরুতে ভক্ত্যা বিত্তশাঠ্যবিবর্জ্জিতঃ ।
জাগরং বাসরে বিষ্ণোর্লীয়তে পরমাত্মনি ।
ধনবান্ বিত্তশাঠ্যেন যঃ করোতি প্রজাগরং ।
তেনাত্মা হারিতো নূনং কিন্তবেন দুরাত্মনা ॥ ৩৪ ॥

তত্রৈব শ্রীমদুমামহেশ্বরসম্বাদে ॥

সশাস্ত্রং জাগরং যচ্চ নৃত্যগান্ধর্ব্বসংযুতং ।

---

পাপেন বর্জ্জিতং আলস্যাদিনা চ বর্জ্জিতমিতি দ্বয়ং এবং ষড়্বিংশতিগুণাঃ ॥ ৩৩ ॥

তত্র চ বিত্তশাঠ্যং ন বৈ কার্য্যমিত্যভিপ্রায়েণ বিত্তাশাঠ্যশাঠ্যাভ্যাং ক্রমেণ মহাফল-লাভার্থনাশনে দর্শয়তি য এবমিতি দ্বাভ্যাং। লীয়তে নিতামত্যন্তসঙ্গমং লভতে। আত্মা এব হারিতো বঞ্চিতঃ ॥ ৩৪ ॥

জাগরং জাগরণং নিদ্রারাহিত্যং। এতদেব পূর্ব্বং বিনিদ্রমিত্যুক্তং। অতএবাগ্রে

---

হইয়া হরির জাগরণে তৎপর হইবে ॥ ৩৩ ॥

আরও ॥

যে ব্যক্তি ধনব্যয় আশঙ্কা পরিত্যাগ করিয়া ভক্তিসহকারে এই প্রকারে বিষ্ণুর দিবসে জাগরণ করেন, সর্ব্বদা তাঁহার বিষ্ণুর সহিত অবস্থিতি হয় ॥

আর যে ধনবান্ পুরুষ বিত্তশাঠ্য দ্বারা হরির জাগরণ করে অর্থাৎ ব্যয়পরাঙ্মুখ হইয়া সংক্ষেপে করে, সেই দুরাত্মা শঠ, নিশ্চয় আত্ম-বঞ্চিত ॥ ৩৪ ॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীউমা মহেশ্বরসম্বাদে ॥

হরিবাসরে রাত্রে যথাশাস্ত্র জাগরণ, গীতসংযুক্ত নৃত্য, তালসংযুক্ত

সবাদ্যং তালসংযুক্তং সদীপং সাধুভির্যুতং।
উপচারৈশ্চ সংযুক্তং যথোক্তৈর্ভক্তিভাবিতৈঃ।
মনসস্তুষ্টিজননং সমুদং লোকরঞ্জনং।
গুণৈর্দ্বাদশভির্যুক্তং জাগরং মাধবপ্রিয়ং।
কর্ত্তব্যং তৎপ্রযত্নেন পক্ষয়োঃ শুক্লকৃষ্ণয়োঃ॥
কিঞ্চ॥
পরাপবাদযুক্তন্তু মনঃপ্রশমবর্জ্জিতং।
শাস্ত্রহীনমগান্ধর্ব্বং তথা দীপবিবর্জ্জিতং।
শক্ত্যোপচাররহিতমুদাসীনং সনিদ্রকং।
কলিযুক্তং বিশেষেণ জাগরং নবধাধমং॥ ৩৫॥
কিঞ্চ তত্রৈব॥

---

জাগরমিতি পুনঃ প্রয়োগঃ। অয়মেকোগুণঃ। এবং দ্বাদশভিগু´ণৈর্যুক্তং। অত্র গান্ধর্ব্বং গীতং সমুদং সোৎসাহং। লোকানাং রঞ্জনমনুরাগবর্দ্ধনং॥ ৩৫॥

---

বাদ্য, দীপ এবং বৈষ্ণবসমন্বিত, বৈষ্ণবদিগের কথিত উপচার সংযুক্ত, মনের সন্তোষজনক, উৎসাহসমন্বিত এবং লোকরঞ্জন অর্থাৎ লোক সকলের অনুরাগবর্দ্ধন, মাধবের এই দ্বাদশগুণযুক্ত প্রিয়তম জাগরণ যত্নসহকারে করিবে, ইহাতে শুক্লপক্ষের বা কৃষ্ণপক্ষের ভেদ নাই॥

আরও॥

পরনিন্দা, মনের শান্তিশূন্য, শাস্ত্রহীন, নৃত্যহীন, দীপরহিত, আপনার শক্তিমত উপচার না করা, উদাসীন অর্থাৎ আগ্রহশূন্য, নিদ্রাসমন্বিত এবং বিশেষ করিয়া কলহযুক্ত এই নবগুণবিশিষ্ট জাগরণ অধম বলিয়া পরিকীর্ত্তিত হইয়াছে॥ ৩৫॥

আরও ঐ স্কন্দপুরাণের ঐ স্থানেই॥

অভাবে বাচকস্যাথ গীতং নৃত্যঞ্চ কারয়েৎ ।
বাচকে সতি দেবেশি পুরাণং প্রথমং পঠেৎ ॥ ৩৬ ॥

অথ জাগরণনিত্যত্বং ॥

স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে ॥

সংপ্রাপ্তে বাসরে বিষ্ণোর্যে ন কুর্ব্বন্তি জাগরং ।
অতীতানাগতান্ বাপি পাতয়িষ্যন্তি পূর্ব্বজান্ ।
অকুর্ব্বাণাঃ প্রপৎস্যন্তি পুত্রধর্ম্মবসুক্ষয়ং ।
জায়তে নরকে বাসঃ পিতৃভিঃ সহ কালশঃ ॥ ৩৭ ॥
ন পুরশ্চরণাৎ পাপং ব্রতৈর্দানৈঃ সমাধিভিঃ ।
বিলয়ং যাতি বিপ্রেন্দ্র বিনা দ্বাদশীজাগরং ॥ ৩৮ ॥

তত্রৈব কঞ্চিদ্বিশেষমাহ অভাবে ইতি ॥ ৩৬ ॥

অকুর্ব্বাণা জাগরণাকারকাঃ প্রপৎস্যন্তি কালশঃ চিরকালমিত্যর্থঃ ॥ ৩৭ ॥

দ্বাদশ্যাং জাগরণং বিনা পুরশ্চরণাদিভিরপি পাপং ন ক্ষীয়ত ইতি পাপক্ষপণেঽপি জাগরণস্যাবশ্যাপেক্ষত্বান্নিত্যত্বমেব সিদ্ধং ॥ ৩৮ ॥

যদি বাচকের অভাব হয়, তাহা হইলে গীত এবং নৃত্য করাইবেন, হে দেবেশি ! আর যদি বাচক লাভ হয়, তবে প্রথমে পুরাণ পাঠ করাইবেন ॥ ৩৬ ॥

অথ জাগরণের নিত্যতা ॥

স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে ॥

বিষ্ণুর দিবস উপস্থিত হইলে যে সকল ব্যক্তি জাগরণ করে না, সেই জাগরণপরাঙ্মুখ ব্যক্তিগণ আপনার অতীত ও অনাগত পূর্ব্বপুরুষ সকলকে নরকে নিপাতিত করায় এবং আপনিও পুত্র ধর্ম্ম ধনক্ষয় পূর্ব্বক পিতৃগণের সহিত চিরকাল নরকে বাস করে ॥ ৩৭ ॥

হে বিপ্রেন্দ্র ! দ্বাদশীর জাগরণ ব্যতিরেকে পুরশ্চরণ, ব্রত, দান ও সমাধি দ্বারা পাপ বিনষ্ট হয় না ॥ ৩৮ ॥

তত্রৈবোমামহেশ্বরসম্বাদে ॥

সংপ্রাপ্তে বাসরে বিষ্ণোর্যে ন কুর্ব্বন্তি জাগরং।
ভ্রশ্যতে সুকৃতং তেষাং বৈষ্ণবানাঞ্চ নিন্দয়া ॥ ৩৯ ॥

মতির্ন জায়তে যস্য দ্বাদশ্যাং জাগরং প্রতি।
ন হি তস্যাধিকারোঽস্তি পূজনে কেশবস্য হি ॥ ৪০ ॥

অতএবোক্তং ব্রহ্মণা ॥

তত্রৈব ॥

হৃদয়ে বর্ত্ততে যস্য সদা যোগেশ্বরোহরিঃ।
মতিরুৎপদ্যতে তস্য দ্বাদশীজাগরোপরীতি ॥ ৪১ ॥

---

বৈষ্ণবানাং নিন্দয়েতি দৃষ্টান্তো জ্ঞেয়ঃ ॥ ৩৯ ॥

অস্তু তাবজ্জাগরাভাবদোষঃ জাগরণচিকীর্ষারাহিত্যেনাপি পরমানর্থ ইত্যাহ মতির্নেতি ॥ ৪০ ॥

অতো ভগবদনুগ্রহেণৈব জাগরণং সম্পাদ্যত ইত্যাহ হৃদয়ে ইতি ॥ ৪১ ॥

---

ঐ স্কন্দপুরাণেই উমামহেশ্বর সম্বাদে ॥

বিষ্ণুর দিবস উপস্থিত হইলে যাহারা জাগরণ না করে, বৈষ্ণবদিগের নিন্দায় যেমন পুণ্য বিনষ্ট হয় তাহার ন্যায়, তাহার পুণ্য সকল ক্ষয় হইয়া যায় ॥ ৩৯ ॥

দ্বাদশীর জাগরণের প্রতি যাহার মতি না হয়, নিশ্চয় বলিতেছি, কেশবপূজনে তাহার অধিকার নাই ॥ ৪০ ॥

অতএব ব্রহ্মা বলিয়াছেন ॥

ঐ স্কন্দপুরাণেই ॥

যাহার হৃদয়ে যোগেশ্বর হরি সর্ব্বদা বর্ত্তমান থাকেন, দ্বাদশীর জাগরণের প্রতি তাহারই মতি উৎপন্না হয় ॥ ৪১ ॥

সামান্যেন পুরালেখি গীতবাদ্যাদিনিত্যতা।
অধুনা লিখ্যতে সোঽয়ং জাগরে চ বিশেষতঃ ॥ ৪২ ॥
অথ জাগরে গীতাদিনিত্যত্বং ॥
স্কান্দে ॥
উমামহেশ্বর সম্বাদে ॥
মূকবত্তিষ্ঠতে যো বৈ গানং পাঠঞ্চ নাচরেৎ।
সপ্তজন্মসু মূকত্বং জায়তে জাগরে হরেঃ।
যো ন নৃত্যতি মূঢ়াত্মা পুরতোজাগরে হরেঃ।
পঙ্গুত্বং জায়তে তস্য সপ্তজন্মসু পার্ব্বতি ॥ ৪৩ ॥
পাদ্মে পক্ষবর্দ্ধনীব্রতপ্রসঙ্গে ॥

প্রসঙ্গাজ্জাগরণে গীতনৃত্যাদেরপি নিত্যত্বং লিখন্ পূর্ব্বং নিত্যপূজায়াং তন্নিত্যত্বলিখনাদধুনা পুনর্লিখনাদপি পৌনরুক্ত্যদোষমাশঙ্ক্য তন্নিরসনায় লিখতি সামান্যেনেতি এবং জাগরণে অবশ্যমেব গীতনৃত্যাদিকং কার্য্যমিত্যভিপ্রেতং। আদিশব্দেন স্তুত্যাদি ॥ ৪২ ॥

পাঠং স্তোত্রাদীনাং জাগরণে নাচরেৎ ॥ ৪৩ ॥

পূর্ব্বে নিত্য পূজা প্রকরণে গীত বাদ্যাদির নিত্যতা সামান্যাকারে লিখিত হইয়াছে এক্ষণে জাগরণ বিষয়ে পুনর্ব্বার বিশেষ করিয়া লিখিত হইতেছে ॥ ৪২ ॥

অথ একাদশীর জাগরণে গীত নৃত্যাদির নিত্যতা ॥

স্কন্দপুরাণে উমামহেশ্বর সম্বাদে ॥

যে ব্যক্তি হরির জাগরণে গান বা পাঠ না করিয়া মূকের ন্যায় অবস্থিতি করে সাতজন্ম তাহার মূকত্ব প্রাপ্তি হয় ॥

হে পার্ব্বতি! যে মূঢ়বুদ্ধি হরির জাগরণে অগ্রে নৃত্য না করে, তাহার সাতজন্ম পঙ্গুত্ব লাভ হয় ॥ ৪৩ ॥

পদ্মপুরাণে পক্ষবর্দ্ধনীব্রতপ্রসঙ্গে ॥

স্তবন্তি ন প্রশংসন্তি যে জনা জাগরং হরেঃ।
নোৎসবোভবতে তেষাং গৃহে জন্মানি সপ্ত চ ॥ ৪৪ ॥
স্তবন্তি যে প্রশংসন্তি জাগরং চক্রপাণিনঃ।
নিত্যোৎসবোভবত্তেষাং জন্মানি দশপঞ্চ চ ॥ ৪৫ ॥
অথ জাগরণমাহাত্ম্যং ॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
শ্রীপ্রহ্লাদসংহিতায়াঞ্চ ॥
ন গয়াপিণ্ডদানেন ন তীর্থৈর্বহুভির্মখৈঃ।
পূর্ব্বজা মুক্তিমায়ান্তি বিনা দ্বাদশিজাগরং।
সর্ব্বাবস্থোঽপি যঃ কুর্য্যাদ্দ্বাদশ্যাং জাগরং হরেঃ।
যামৈকৈকেন দহতে পাপং জন্ম সহস্রজং।

ন স্তবন্তি ন শ্লাঘন্তে ন প্রশংসন্তি ন চানুমোদন্তে ॥ ৪৪ ॥
তান্ শোচন্নিব স্তবনাদিফলমাহ স্তুবন্তীতি ॥ ৪৫ ॥
গোশতমিতি গোশতপ্রদানজমিত্যর্থঃ। এবমগ্রেঽপি জ্ঞেয়ং ॥ ৪৬ ॥

যে মনুষ্য হরির জাগরণকে স্তব বা প্রশংসা না করে, সাত জন্ম তাহার গৃহে উৎসব হয় না ॥ ৪৪ ॥

যে সকল ব্যক্তি চক্রপাণির জাগরণকে স্তব এবং প্রশংসা করে, পঞ্চদশ জন্ম নিত্য তাহাদের গৃহে উৎসব হয় ॥ ৪৫ ॥

অথ জাগরণমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে ব্রহ্মনারদ সম্বাদে এবং শ্রীপ্রহ্লাদসংহিতাতেও ॥

অথবা দ্বাদশীর জাগরণ ব্যতিরেকে যদি কোন ব্যক্তি গয়ায় পিণ্ড-দান বা তীর্থে অবগাহন কিম্বা বহুবিধ যজ্ঞ করে, তথাপি তাহার পিতৃগণ মুক্তি লাভ করিতে পারেন না ॥

যে ব্যক্তি, সকল অবস্থাতেই হরির দ্বাদশীতে জাগরণ করে, এক

যঃ কুর্য্যাদ্দীপদানন্তু রাত্রৌ জাগরণে হরেঃ।
নিমেষে নিমেষে বিপ্র লভতে গোশতং ফলং ॥ ৪৬ ॥
যঃ কুর্য্যাজ্জাগরে পূজাং দ্বাদশ্যাং কুসুমৈর্হরেঃ।
পুষ্পে পুষ্পেঽশ্বমেধস্য ফলমাপ্নোতি মানবঃ।
যোদহেচ্চাগুরুং বিষ্ণোঃ পূজাং কৃত্বা তু জাগরে।
নিমেষার্দ্ধেন লভতে তিলপাত্রশতং ফলং।
নিমেষঞ্চ দহেদ্ধূপং সঘৃতং গুগ্‌গুলুং হরেঃ।
লভতে জাগরে বিপ্র পুণ্যং মাসসমুদ্ভবং ॥ ৪৭ ॥
যোদদ্যাজ্জাগরে বিষ্ণোর্হবিষ্যান্ন সমুদ্ভবং।

মাসসমুদ্ভবমিতি। অন্যত্র সঘৃত গুগ্‌গুলুধূপদাহতোমাসেনৈকেন যৎপুণ্যং স্যাৎ তদেক-স্মিন্নেব জাগরে সকৃৎকৃতেন তেন ভবতীত্যর্থঃ। মাঘেতি পাঠে মাঘস্নানাদিজং ॥ ৪৭ ॥
গোযুতং গবাযুতং ॥ ৪৮ ॥

এক প্রহরে তাহার সহস্র জন্মের পাপ দগ্ধ হয় ॥

হে বিপ্র! যে ব্যক্তি হরির জাগরণে রাত্রে প্রদীপ দান করে, সেই প্রদীপ যতকাল জ্বলে তাহার প্রত্যেক নিমেষে একশত গোদানের ফল হয় ॥ ৪৬ ॥

অনেক অনেক পুষ্প দ্বারা পূজা করিলে, তাহার প্রতিপুষ্পে অশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয় ॥

যে মানব হরির জগরণে বিষ্ণুকে পূজা করিয়া অগুরুকাষ্ঠের ধূপ দেয়, নিমেষার্দ্ধ কালে তাহার একশত তিলপাত্র দানের ফল লাভ হয় ॥

হে বিপ্র! একমাস যাবৎ সঘৃত গুগ্‌গুলুর ধূপ প্রদান করিলে যে পুণ্য লাভ হয়, হরির জাগরণে নিমেষ কাল ঐ ধূপ দিলে তৎসমুদায় পুণ্য প্রপ্তি হয় ॥ ৪৭ ॥

যে মনুষ্য হরির জাগরণে হবিষ্যান্নসমুৎপন্ন নৈবেদ্য দান করে,

নৈবেদ্যং লভতে পুণ্যং শালিশৈলসমুদ্ভবং।
পক্কান্নানি চ যো দদ্যাৎ ফলাদি বিবিধানি চ।
জাগরে পদ্মনাভস্য লভতে গোযুতং ফলং।
সকর্পূরঞ্চ তাম্বূলং যো দদাতি হি জাগরে।
পদ্মনাভপ্রসাদেন শ্বেতদ্বীপে বসেচ্চিরং।
জাগরে পদ্মনাভস্য যঃ কুর্য্যাৎ পুষ্পমণ্ডপং।
স পুষ্পকবিমানৈস্তু ক্রীড়তে ব্রহ্মসদ্মনি।
জাগরে পদ্মনাভস্য সকর্পূরং তথাগুরুং।
দহতো দহতে পাপং জন্মলক্ষসমুদ্ভবং।
স্নানং দদাতি কৃষ্ণস্য দধিক্ষীরঘৃতাদিভিঃ।
রাত্রৌ জাগরণে বিপ্র মুক্তিভাগী ভবেদ্ধি সঃ॥ ৪৮॥
দিব্যাম্বরাণি যো দদ্যাজ্জাগরে সমুপস্থিতে।

তন্তবোঽম্বরাণাং তৎ সংখ্যাভিঃ সমানি মন্বন্তরাণি॥ ৪৯॥

তাহার একশত শালি তণ্ডুলের পর্ব্বত দানের পুণ্য লাভ হয়॥

যে ব্যক্তি পদ্মনাভের জাগরণে পক্কান্ন ও বিবিধ ফল দান করে, তাহার দশসহস্র গোদানের ফল প্রাপ্তি হয়॥

যে মনুষ্য জাগরণে সকর্পূর তাম্বুল নিবেদন করে, পদ্মনাভের প্রসন্নতায় তাহার চিরকাল শ্বেতদ্বীপে বাস হয়॥

যে ব্যক্তি পদ্মনাভের জাগরণে পুষ্পমণ্ডপ নির্ম্মাণ করেন, তিনি পুষ্পবিমানে আরোহণ করিয়া ব্রহ্মলোকে আনন্দানুভব করেন॥

যে ব্যক্তি পদ্মনাভের জাগরণে সকর্পূর অগুরু দাহ করেন, তাঁহার লক্ষজন্মসমুৎপন্ন পাপ দগ্ধ হইয়া যায়॥

যে ব্যক্তি জাগরণের রাত্রিতে দধি, ক্ষীর, ঘৃতাদি দ্বারা বিষ্ণুর স্নান করান, হে বিপ্র! নিশ্চয় তিনি মুক্তি ভাগী হইবেন॥ ৪৮॥

যে ব্যক্তি উপস্থিত জাগরণে বিষ্ণুকে বস্ত্র দান করে, সেই বস্ত্রের

মন্বন্তরাণি বসতে তন্তু সংখ্যাসমানি বৈ ॥ ৪৯ ॥
দদ্যাদাভরণং বিষ্ণোর্হৈমজং রত্নসম্ভবং।
সপ্তকল্পানি বসতে সোৎসঙ্গে মৎপ্রিয়ো হি সঃ ॥ ৫০ ॥
শ্রীচন্দনং সকর্পূরং সাগুরুন্তু সকেশরং।
যুক্তং মৃগমদেনাপি যচ্ছতে হরিজাগরে।
একৈকং মুনিশার্দ্দূল অশ্বমেধাধিকং ফলং।
কলৌ ভবেন্ন সন্দেহো বাসুদেবপ্রসাদতঃ।
ঘৃতেন দীপকং বিষ্ণোর্গব্যেন চ বিশেষতঃ।
জ্বালয়েজ্জাগরে রাত্রৌ নিমেষে গোঽযুতং ফলং।
জাগরে বাসুদেবস্য কর্পূরেণ চ দীপকং।
যো জ্বালয়তি কোটীনাং কপিলানাং লভেৎ ফলং।

রত্নসম্ভবঞ্চ। যদ্বা রত্নখচিতমিত্যর্থঃ উৎসঙ্গে ক্রোড়ে। বিষ্ণোর্মম বাসরে সতি। বিসর্গলোপে সন্ধিরার্ষঃ। পাঠান্তরেঽপি স এবার্থঃ ॥ ৫০ ॥

যত সূত্র থাকে, তত সংখ্যককাল তাহার বিষ্ণুলোকে বাস হয় ॥ ৪৯ ॥

যে মনুষ্য বিষ্ণুবাসরে বিষ্ণুকে রত্নখচিত স্বর্ণের অলঙ্কার দান করে, সে সাতকল্প আমার ক্রোড়ে বাস করে এবং সে আমার প্রিয় হয় ॥৫০॥

যে ব্যক্তি কলিকালে হরির জাগরে হরিকে কর্পূর, অগুরু ও মৃগমদযুক্ত শ্রীচন্দন দান করে, হে মুনিশ্রেষ্ঠ! হরির প্রসন্নতা হেতু তাহার এক একটীতে অশ্বমেধ অপেক্ষাও অধিক ফল লাভ হয় ॥

বিষ্ণুর জাগরণের রাত্রিতে বিশেষ করিয়া যে ব্যক্তি গব্যঘৃত দ্বারা দীপ প্রদান করে, তাহার একনিমেষকালে অযুত গোদানের ফল লাভ হয় ॥

যে ব্যক্তি জাগরণে কর্পূর দ্বারা বাসুদেবের অগ্রে দীপ প্রজ্বলিত করে, তাহার কোটি কপিলা দানের ফল প্রাপ্তি হয় ॥

আরাত্রিকং হরের্যস্তু সকর্পূরস্তু জাগরে।
কুরুতে মোক্ষমাপ্নোতি কুলাযুতসমন্বিতঃ।
বিনাপি যো হি কর্পূরং কুর্য্যাদারাত্রিকং হরেঃ।
নিঃস্বোঽপি জাগরে বিষ্ণোর্দাতা ভূরিফলং লভেৎ।
বারিজং বারিণা পূর্ণং শিরসি স্নাপয়েদ্ধরিং।
বিভর্ত্তি শিরসা সোঽয়ং গঙ্গাস্নানকৃতং ফলং।
কৃত্বা পূজাং হরের্যস্তু জাগরে পুরতঃ শুচিঃ।
পঠেন্নাম সহস্রঞ্চ গীতাং নাগবিমোক্ষণং।
মাঙ্গল্যং স্নপনং পুণ্যং স্তবরাজমনুস্মৃতিং।
বৈদিকানি চ জপ্যানি ভক্ত্যা রাত্রৌ মুহুর্মুহুঃ॥ ৫১॥
ভবেৎ প্রত্যক্ষরং পুণ্যং কপিলাগোশতোদ্ভবং।

বারিজং শঙ্খং পূর্ণং কৃত্বেতি শেষঃ শিরসা বিভর্ত্তীতি ফলস্য স্থৈর্য্যমভিপ্রেতং। মাঙ্গল্যেন স্নপয়তীতি তথা তৎ এতচ্চ লিঙ্গব্যত্যয়াদিনা সর্ব্বেষামেব বিশেষণং জ্ঞেয়ং তথা পুণ্যমিতি চ। জাগর ইত্যার্দ্ধপদামুক্তন্যায়েন ব্যাখ্যেয়ং কচিচ্চ ন তিষ্ঠেদেব॥ ৫১॥
চতুরাশ্রমধর্ম্মসম্পত্তের্জায়তে যৎফলং তদিত্যর্থঃ॥ ৫২॥

যে ব্যক্তি হরির জাগরণে কর্পূরের দ্বারা হরির আরাত্রিক করে, সে দশসহস্র কুলের সহিত মোক্ষ প্রাপ্ত হয়, আর নির্দ্ধন ব্যক্তিও যদি জাগরণে কর্পূর ভিন্ন বিষ্ণুর আরাত্রিক করে, তাহাতেও তাহার ভূরি ফল লাভ হয়॥

যে ব্যক্তি জলপূর্ণ শঙ্খ দ্বারা হরিকে স্নান করায়, সে ব্যক্তি আপনার মস্তকে গঙ্গাস্নানের ফল ধারণ করে॥

শুচি পূর্ব্বক বিষ্ণুর জাগরে বিষ্ণুকে পূজা করিয়া সহস্র নাম, গীতা ও গজেন্দ্রমোক্ষণ পাঠ করিবে এবং রাত্রিতে ভক্তি পূর্ব্বক পবিত্র মাঙ্গল্য স্নানীয় স্তবরাজ, অনুস্মৃতি এবং মুহুর্মুহুঃ বৈদিক মন্ত্র সকল জপ করিবে॥ ৫১॥

যে ব্যক্তি হরির জাগরণে যজ্ঞমূর্ত্তি হরির অগ্রে পাঠ করে, তাহার

জাগরে যজ্ঞরূপস্য পুরতঃ পঠনং হরেঃ ।
যঃ পুনঃ কুরুতে গীতং সনৃত্যং বাদ্যসংযুতং ।
ন তৎ ক্রতুশতৈঃ পুণ্যং ব্রতদানশতৈরপি ।
যঃ পুনঃ কুরুতে গীতং বিলজ্জো নৃত্যতে যদি ।
লভতে নিমিষার্দ্ধেন চতুরাশ্রমজং ফলং ॥ ৫২ ॥
জাগরে পদ্মনাভস্য কুর্য্যাৎ পুস্তকবাচনং ।
শ্লোকসংখ্যাং বসেৎ স্বর্গে যুগানি হরিসন্নিধৌ ॥ ৫৩ ॥
কুর্য্যাদ্বন্দনমালাং যো রম্ভাস্তম্ভৈঃ সুশোভনৈঃ ।
চূতবৃক্ষোদ্ভবৈঃ পত্রৈর্জাগরে চক্রপাণিনঃ ।
যুগানি পত্রসংখ্যানাং স্বর্গে তস্যোৎসবো ভবেৎ ।
পূজ্যতে বাসবাদ্যৈশ্চ ক্রীড়তে চাপ্সরোবৃতঃ ।

শ্লোকসংখ্যাং প্রতি যানি যুগানি স্যুস্তানি যাবন্তঃ শ্লোকাস্তাবন্তি যুগানীত্যর্থঃ । এবমগ্রেঽপ্যূহ্যং ॥ ৫৩ ॥

প্রতি অক্ষরে একশত কপিলা দানের পুণ্য হয় ॥

যে ব্যক্তি পুনর্ব্বার বাদ্যের সহিত নৃত্য ও গীত করে, তাহার যে পুণ্য হয়, শত শত যজ্ঞ ও শত শত ব্রত দান দ্বারা তাহা লাভ হয় না ॥

যদি কোন ব্যক্তি বিলজ্জ হইয়া গীত ও নৃত্য করে, তাহার কথা আর কি বলিব, নিমেষার্দ্ধকালের মধ্যে তাহার চতুরাশ্রম ধর্ম্মজনিত পুণ্য লাভ হইয়া থাকে ॥ ৫২ ॥

যে ব্যক্তি পদ্মনাভের জাগরণে পুস্তক পাঠ করেন, তাঁহার প্রত্যেক শ্লোকে যুগসংখ্যায় স্বর্গে হরিসন্নিধানে বাস হয় ॥ ৫৩ ॥

যে ব্যক্তি চক্রপাণির জাগরে মনোহর কদলীবৃক্ষে আম্রপল্লব দ্বারা বন্দনমালা প্রদান করেন, পত্রসংখ্যায় তাঁহার এক এক যুগ স্বর্গে মহোৎসব হয় এবং তিনি ইন্দ্রাদির পূজনীয় হইয়া অপ্সরোগণে পরিবৃত হওত ক্রীড়াকৌতুকে কালযাপন করেন ॥

নৃত্যমানস্ত মর্ত্যস্ত যে কেচিন্নিরয়ং গতাঃ।
বিমুক্তা ধর্ম্মরাজেন মুক্তিং যান্তি হরেঃ পদং ॥ ৫৪ ॥
গীতধ্বনিষু সন্তুষ্টো জাগরে তু রমাপতিঃ।
বাসবস্তাধিকং সৌখ্যং দদ্যান্মন্বন্তরং শতং।
নৃত্যেন মর্ত্যে সৌখ্যন্তু স্বর্গে নৃত্যেন জাগরে।
রসাতলে তথা সৌখ্যং মুক্তির্নৃত্যাদবাপ্যতে ॥ ৫৫ ॥
প্রেক্ষণীয়প্রদানেন যৎপুণ্যং কথিতং বুধৈঃ।
ন তৎ কোটিমখৈঃ পুণ্যং যোগৈঃ সাংখ্যৈরবাপ্যতে ॥ ৫৬ ॥
দীপমালাং হরেরগ্রে যঃ করোতি প্রজাগরে।

যে কেচিদ্বান্ধবাদয়ঃ ॥ ৫৪ ॥
জাগরে যন্নৃত্যং তেন। মর্ত্যে মনুষ্যলোকে পৃথিব্যামিত্যর্থঃ ॥ ৫৫ ॥
প্রেক্ষণীয়মৈন্দ্রজালিকং নর্ত্তকাদিসম্প্রদায়বিশেষো বা তস্য প্রদানেন। যোগৈরষ্টাঙ্গৈঃ সাংখ্যৈরাত্মজ্ঞানৈঃ ॥ ৫৬ ॥

যে ব্যক্তি হরির জাগরণে নৃত্য করেন, তাঁহার যে সকল পিতৃলোক নরকে গমন করিয়াছে, তাহারা যমরাজ কর্ত্তৃক বিমুক্ত হইয়া হরির পরম পদ বৈকুণ্ঠধামে গমন করে ॥ ৫৪ ॥

জাগরে গীতধ্বনি দ্বারা রমাপতি পরিতুষ্ট হইয়া শতমন্বন্তর ইন্দ্র অপেক্ষাও অধিক সুখ প্রদান করেন ॥

নৃত্য দ্বারা পৃথিবীতে, স্বর্গে ও পাতালে সুখ হয় এবং নৃত্য দ্বারা মুক্তিও লাভ হইয়া থাকে ॥ ৫৫ ॥

হরির জাগরণে ঐন্দ্রজালিক প্রদান করায়, পণ্ডিতগণ যে পুণ্য কীর্ত্তন করিয়াছেন, কোটি কোটি যজ্ঞ, কোটি কোটি যোগ এবং কোটি কোটি সাংখ্য শাস্ত্র দ্বারা সেই পুণ্য লাভ হয় না ॥ ৫৬ ॥

যে ব্যক্তি হরিবাসরে জাগরণে হরির অগ্রে দীপমালা নির্ম্মাণ করেন,

বিমানকোটিসংযুক্তঃ কল্পান্তং বসতে দিবি।
চরিতং রামচন্দ্রস্য যঃ শৃণোতি হরের্দিনে।
রাত্রৌ বাল্মীকিনা প্রোক্তং তৎ সমো ন হি বৈষ্ণবঃ।
যঃ পুনঃ পঠতে রাত্রৌ মহাভারতসম্ভবাং।
কথাং জাগরণে বিষ্ণোঃ কুলকোটিং নয়েদ্দিবং।
ঔত্তানপাদেশ্চরিতং ধ্রুবস্য চ মহাত্মনঃ।
কৃষ্ণস্য বালচরিতং জাগরে পঠতে হি যঃ।
যুগকোটিসহস্রস্য ক্ষয়ঃ পাপস্য জায়তে।
তস্মাজ্জাগরণং কার্য্যং পক্ষয়োঃ শুক্লকৃষ্ণয়োঃ॥ ৫৭॥
শ্রীমদ্ভাগবতং ভক্ত্যা পঠতে বিষ্ণুসন্নিধৌ।
জাগরে তৎ পদং যাতি কুলবৃন্দসমন্বিতঃ॥ ৫৮॥

যুগকোটি সহস্রস্যেতি যুগকোটিসহস্রৈর্ভোগ্যস্য তেষু জাতস্য বা পাপস্য॥ ৫৭॥
জাগরে পঠতি॥ ৫৮॥

তিনি কোটি বিমানসংযুক্ত হইয়া কল্পকাল পর্য্যন্ত স্বর্গে বাস করেন॥

যে মনুষ্য হরির দিবসে রজনীযোগে বাল্মীকিপ্রোক্ত রামচন্দ্রের চরিত্র শ্রবণ করেন, তাঁহার তুল্য আর বৈষ্ণব নাই॥

যে ব্যক্তি জাগরণের রাত্রিতে মহাভারতসম্ভবা কথা পাঠ করেন, অধিক কি বলিব, তিনি কোটি কুলকে স্বর্গে লইয়া যান॥

যে ব্যক্তি জাগরে উত্তানপাদপুত্র মহাত্মা ধ্রুবের চরিত্র এবং শ্রীকৃষ্ণের বালচরিত্র পাঠ করেন, তাঁহার যুগকোটি সহস্রকালজনিত পাপের ক্ষয় হয়, অতএব শুক্ল কৃষ্ণ উভয় পক্ষের একাদশীতেই জাগরণ করিবে॥ ৫৭॥

যে মনুষ্য একাদশীর জাগরণে ভক্তি পূর্ব্বক বিষ্ণুর নিকট শ্রীমদ্ভাগবত পাঠ করেন তিনি আপনার কুলবৃন্দ সমন্বিত হইয়া বৈকুণ্ঠলোকে গমন করেন॥ ৫৮॥

অষ্টাদশ পুরাণানি পুরাণপুরুষস্য চ।
দয়িতানি সদা বিষ্ণোর্বিশেষেণ তু জাগরে।
যো গীতাং পঠতে রাত্রৌ বিষ্ণোর্নামসহস্রকং।
বেদোক্তানাং পুরাণানাং জাগরী পুণ্যমাপ্নুয়াৎ ॥ ৫৯ ॥
ধেনুদানন্তু যঃ কুর্য্যাৎ জাগরে চক্রপাণিনঃ।
লভতে নাত্র সন্দেহঃ সপ্তদ্বীপাবনীফলং।
জাগরে পদ্মনাভস্য যঃ কুর্য্যাচ্ছুভমণ্ডপং।
মণ্ডলে ধ্রুবলোকস্য যাবত্তিষ্ঠতি পদ্মভূঃ ॥ ৬০ ॥
সর্ব্বেষামেব পুণ্যানাং মহৎ পুণ্যং মহীতলে।
দ্বাদশ্যাং জাগরে বিপ্র প্রসিদ্ধং ভুবনত্রয়ে।

পুরাণানাং সর্ব্বেষাং পঠনাদ্যৎ পুণ্যং তদাপ্নুয়াদিত্যর্থঃ ॥ ৫৯ ॥
যাবৎ পদ্মভূর্ব্রহ্মা তিষ্ঠতি তাবৎ ধ্রুবলোকস্য মণ্ডলে উপরি তিষ্ঠতীত্যর্থঃ ॥ ৬০ ॥

পুরাতন পুরুষ বিষ্ণুর সর্ব্বকালেই অষ্টাদশ পুরাণ প্রিয়, বিশেষ জাগরণে অতিশয় প্রিয় হইয়া থাকে ॥

যে ব্যক্তি রাত্রিতে জাগরণে গীতা বা বিষ্ণুর সহস্রনাম পাঠ করেন, তিনি বেদোক্ত পুরাণ সকলের পাঠে যে পুণ্য হয়, জাগরণকারি ব্যক্তি তাহা প্রাপ্ত হয়েন ॥ ৫৯ ॥

যে মনুষ্য চক্রপাণির জাগরণে ধেনু দান করেন, তাঁহার সপ্তদ্বীপা পৃথিবী দানের ফল লাভ হয়, ইহাতে সন্দেহ নাই ॥

পদ্মনাভের জাগরণে যে ব্যক্তি মঙ্গল মণ্ডপ নির্ম্মাণ করেন, যে পর্য্যন্ত ব্রহ্মা থাকিবেন, তাবৎ তাঁহার ধ্রুব লোকের উপরি অবস্থিতি হইবে ॥ ৬০ ॥

হে বিপ্র! পৃথিবীতলে যত পুণ্য আছে দ্বাদশীর জাগরণ জনিত পুণ্য সর্ব্বাপেক্ষা মহৎ, ইহা ত্রিভুবনে প্রসিদ্ধ আছে ॥

জাগরং যে চিকীর্ষন্তি কর্ম্মণা মনসা গিরা।
ন তেষাং পুনরাবৃত্তির্বিষ্ণুলোকাৎ কথঞ্চন।
জাগরে নৃত্যমানন্তু দৃষ্ট্বা বৈ দ্বাদশীদিনে।
রাত্রৌ মার্জ্জয়তে শৌরিঃ পাপং তস্য যুগার্জ্জিতং।
প্রোৎসাহয়িত্বা লোকান্ যঃ কুরুতে জাগরং নিশি।
প্রাপ্নোতি চক্রবর্ত্তিত্বং ভরতেন যথা পুরা॥ ৬১॥
শ্বপচেন যথা বিষ্ণুং তোষয়িত্বা তু জাগরে।
প্রাপ্তা মুক্তিঃ পুরা বিপ্র গান্ধর্ব্বাৎ শ্রূয়তে ধ্রুবং।
রাজ্যং প্রাপ্তং দিলীপেন নর্ত্তনাদ্বাসরে হরেঃ।
নহুষেণ চ সংপ্রাপ্তমর্ঘ্যদানেন জাগরে।
ফলদানাৎ সৃঞ্জয়েন প্রাপ্তং রাজ্যমকণ্টকং।

প্রোৎসাহয়িত্বা মাহাত্ম্যশ্রাবণাদিনা প্রকর্ষেণ উৎসাহং জনয়িত্বা যবভাবোঽত্র আর্ষঃ॥ ৬১॥

যে সকল ব্যক্তি কর্ম্ম, মন ও বাক্য দ্বারা জাগরণ করেন, তাঁহাদের কখন বিষ্ণুলোক হইতে পুনরাবৃত্তি হয় না॥

যে মনুষ্য দ্বাদশীর জাগরণে নৃত্য করেন, যম তাহাকে দেখিয়া তাঁহার যুগজনিত পাপ মার্জন করিয়া দেন॥

যে ব্যক্তি লোকসকলের উৎসাহ জন্মাইয়া রাত্রিতে জাগরণ করেন, পূর্ব্বকালে ভরত যেমন চক্রবর্ত্তি নৃপত্বপদ লাভ করিয়াছিলেন, তাঁহার ন্যায় তিনি সকল ভূমির আধিপত্য প্রাপ্ত হইবেন॥ ৬১॥

হে বিপ্র! পূর্ব্বকালে এক শপচ রাত্রিতে জাগরণে সঙ্গীত দ্বারা বিষ্ণুকে সন্তোষ করিয়া নিশ্চয় মুক্তি প্রাপ্ত হইয়াছিল শ্রুত আছে॥

দিলীপ হরিবাসরে নৃত্য দ্বারা রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন, রাত্রিতে অর্ঘ্যদান দ্বারা নহুষ রাজ্য লাভ করিয়াছিলেন। বঞ্জুলী দ্বাদশীর

বঞ্জুলীবাসরে রাত্রৌ কৃত্বা জাগরণং হরেঃ।
বস্ত্রদানাদ্দিনে বিষ্ণোর্নাভাগেন তু জাগরৈঃ।
রাজ্যং প্রাপ্তং মুনিশ্রেষ্ঠ প্রসাদান্মাধবস্য হি।
শৈলুষী নর্ত্তনাৎ সিদ্ধা বিখ্যাতা মেনকা দিবি।
ত্রিস্পৃশা জাগরে বিপ্র সত্যং তে কথিতং ময়া ॥ ৬২ ॥
তুলসীজাগরাৎ প্রাপ্তং জাগরে চক্রপাণিনঃ।
অলর্কেণ ক্ষিতীশত্বং যশঃকীর্ত্তিসমন্বিতং।
ষষ্টির্বর্ষসহস্রাণি ষষ্টিবর্ষশতানি চ।
অলর্কোনাম রাজাসৌ বুভুজে মেদিনীং পুরা ॥ ৬৩ ॥
শাণ্ডিলী মার্জ্জনাৎ সিদ্ধা একাদশ্যন্তু মণ্ডলাৎ।

শৈলুষী নর্ত্তকী বেশ্যেত্যর্থঃ। বিপ্রেত্যত্র ব্যাসেতি ক্বচিৎ পাঠে স্কন্দপুরাণ প্রহ্লাদ-সংহিতোক্তয়োরৈক্যাৎ প্রহ্লাদসংহিতায়াং প্রহ্লাদব্যাসসম্বাদোঽনুসন্ধেয়ঃ ॥ ৬২ ॥

চক্রপাণের্জাগরে মধ্যে তুলস্যাং তুলসীবনান্তিকে যো জাগরস্তস্মাৎ। পাঠান্তরং সুগমং যুবেতি পাঠে যুবৈব সন্ ॥ ৬৩ ॥

মণ্ডলাৎ সর্ব্বতোভদ্রাদিমণ্ডলবিধানাৎ। মণ্ডপ ইতি পাঠে দেবালয়ে তত্রাপি বাস্তু-

রাত্রিতে জাগরণে ফলদান হেতু সৃঞ্জয় অকণ্টক রাজ্য প্রাপ্ত হয়েন ॥

হে মুনিশ্রেষ্ঠ! নাভাগ বিষ্ণুর বঞ্জুলী দিবসে রাত্রিতে জাগরণ করিয়া বস্ত্র দান করায় বিষ্ণুর প্রসন্নতা হেতু রাজ্যলাভ করেন ॥

হে বিপ্র! আমি সত্য বলিতেছি, মেনকা নর্ত্তকী, স্বর্গে ত্রিস্পৃশা দ্বাদশীর রাত্রিতে জাগরণ পূর্ব্বক নৃত্য করায় সিদ্ধি প্রাপ্ত হইয়াছিল ॥ ৬২ ॥

পূর্ব্বকালে অলর্ক, তুলসীকাননসমীপে চক্রপাণির জাগরণ করায় যশঃ ও কীর্ত্তির সহিত নৃপতিত্ব প্রাপ্ত হয়েন, তৎপরে ঐ অলর্ক রাজা হইয়া ষষ্টিবৎসর সহস্র ও ষষ্টিবৎসর শত পৃথিবী ভোগ করিয়াছিলেন ॥ ৬৩ ॥

শাণ্ডিলী শুক্ল ও কৃষ্ণপক্ষীয় একাদশীর রাত্রিতে বিষ্ণুর অগ্রে

পুরতো বাসুদেবস্য পক্ষয়োঃ শুক্লকৃষ্ণয়োঃ ॥ ৬৪ ॥
উন্মীলনীদিনে প্রাপ্তং পরদীপপ্রবোধনাৎ।
ইন্দ্রদ্যুম্নেন সংপ্রাপ্তং রাজ্যং জাগরণং হরেঃ ॥ ৬৫ ॥
দোলাদিনে চ সংপ্রাপ্তে বীণাবাদ্যাৎ পুরূরবাঃ।
চক্রবর্ত্তিত্বমায়াতো দুষ্প্রাপং যৎ সুরৈরপি।
সম্মানিতাঃ ককুৎস্থেন রাত্রৌ জাগরকারিণঃ।
স্বশক্ত্যা চৈব দানেন প্রাপ্তং রাজ্যং সুদুর্ল্লভং ॥ ৬৬ ॥
শ্বপাকী চ মৃগী নাম গানং কৃত্বা হরের্দ্দিনে।
গান্ধর্ব্বলোকনারীণাং জাতা রাজ্ঞী প্রজাগরাৎ।
বেণুবাদ্যাদৃচীকস্তু বিজয়াবাসরে নিশি।

দেবস্য পুরতঃ ॥ ৬৪ ॥

হরের্জাগরণে পরদীপস্য প্রবোধনাৎ ॥ ৬৫ ॥

স্বশক্ত্যা দানেন সম্মানিতাঃ। আয়াতঃ প্রাপ্তঃ। আয়ান্তে ইতি পাঠে দেহান্তে চ দেবদুর্ল্লভং পদং প্রাপ্তবানিত্যর্থঃ ॥ ৬৬ ॥

জাগরে বিষ্ণোঃ পুরতো বেণুবাদ্যাৎ। মঙ্গলাচরণাদিতি পাঠে জয়তি জননিবাস ইত্যাদি

মার্জ্জন ও সর্ব্বতোভদ্র প্রভৃতি মণ্ডলবিধান হেতু সিদ্ধি লাভ করিয়াছিলেন ॥ ৬৪ ॥

উন্মীলনী দ্বাদশীর দিন উপস্থিত হইলে তাহার জাগরণে ইন্দ্রদ্যুম্ন পরের প্রদীপ প্রবোধন করেন, এ নিমিত্ত তাঁহার রাজ্য লাভ হয় ॥৬৫॥

দোলাদিন সম্প্রাপ্ত হইলে পুরূরবা বীণাবাদ্য করিয়াছিলেন, তাহাতে তাঁহার দেবদুর্ল্লভ চক্রবর্ত্তিত্ব প্রাপ্তি হয় ॥

ককুৎস্থ হরিবাসরের রাত্রিজাগরণকারি ব্যক্তিদিগকে স্বীয় শক্তি অনুসারে দান দ্বারা সম্মান করায় তাঁহার সুদুর্ল্লভ রাজ্য লাভ হয় ॥ ৬৬ ॥

মৃগীনাম্নী শ্বপাকী হরিদিনে গান করিয়া রাত্রিজাগরণ করায় তিনি গন্ধর্ব্বলোকের নারীগণ মধ্যে রাজ্ঞীপদ লাভ করেন ॥

জাগরে পুরতো বিষ্ণোঃ পুনা রাজা ভবিষ্যতি।
যে কেচিদ্গায়কা বিপ্র বাদকা নর্ত্তকা নরাঃ।
নর্ত্তকী সহিতা যান্তি কৃত্বা জাগরণং দিবং।
বিযোনিমাগতৈঃ সর্ব্বৈঃ কৃত্বা জাগরণং হরেঃ।
সংপ্রাপ্তং পৃথিবীশত্বং সকামৈর্মুনিসত্তম।
নিষ্কামৈর্মুক্তিরাপ্তা চ শ্বপচাদ্যৈস্তু জাগরাৎ।
বিবক্ষা নাস্তি বর্ণানাং হরের্জাগরকারিণাং।
ন কলৌ পাবনং ধ্যানং ন কলৌ জাহ্নবীজলং।
ন কলৌ পাবনং জপ্যং মুক্ত্বৈকং জাগরং হরেঃ।
আশ্রমে বর্ত্তমানানাং ন ফলং হি দ্বিজন্মনাং।
সংযষ্টৈরপি যজ্ঞৈস্তু বিনা দ্বাদশীজাগরাৎ ॥ ৬৭ ॥

পঠনাদিত্যর্থঃ। বেণুবাদ্যস্বরূপবিশেষণং বা। বিবক্ষা নাস্তীতি তেষাং সাংখ্যং বক্তুং ন শক্যত ইত্যর্থঃ। যদ্বা বিবক্ষা বিচারঃ। বিশেষ ইতি পাঠেঽধিকার্য্যপেক্ষা নাস্তীত্যর্থঃ। সংযষ্টৈঃ সম্যগিষ্টৈঃ ॥ ৬৭ ॥

বিজয়া দ্বাদশীর রাত্রে ঋচীক বিষ্ণুর অগ্রে বীণাবাদ্য করিয়াছিলেন, একারণ তিনি পুনরায় রাজা হইবেন ॥

হে বিপ্র! যে কোন মনুষ্য জাগরণ করিয়া গীত বাদ্য ও নৃত্য করে, নর্ত্তকীর সহিত তাহাদের স্বর্গে গতি লাভ হয় ॥

হে মুনিসত্তম! বিযোনিগত মানব সমুদায় সকামে হরির জাগরণ করিয়া পৃথিবীর ঈশ্বরত্ব প্রাপ্ত হইয়াছে। নিষ্কামচিত্তে শ্বপচ প্রভৃতি বিষ্ণুর জাগরণ করিয়া মুক্তি লাভ করিয়াছে, ইহাতে জাগরণকারির জাতি বিবক্ষা নাই অর্থাৎ সকল বর্ণেই জাগরণ করিতে পারে ॥

কলিযুগে ধ্যান পবিত্র নয়, জাহ্নবীজল পবিত্র নয়, জপ পবিত্র নয়, বিষ্ণুর বাসরে কেবল এক জাগরণমাত্র পবিত্র। ব্রাহ্মণ সকল আশ্রমে বর্ত্তমান থাকিয়া বিবিধ যজ্ঞ দ্বারা যাগ করিলেও দ্বাদশীর জাগরণ ব্যতিরেকে তাঁহাদের কোন ফল লাভ হয় না ॥ ৬৭ ॥

লক্ষ্মীঃ পরাঙ্মুখী তেষাং বাসবাদ্যা দিবৌকসঃ।
পিতরঃ কব্যপাল্যাদ্যা মনুষ্যাঃ শনকাদয়ঃ।
একোঽপি হি কুলোৎপন্নঃ কিঞ্চাতৈর্ব্বহুভিঃ সুতৈঃ।
দ্বাদশীজাগরাৎ সর্ব্বাংস্তারয়িষ্যতি পূর্ব্বজান্॥ ৬৮॥
বিশল্যবাসরে বিষ্ণোর্যঃ করোতি সুজাগরং।
স বৈ ভাগবতো লোকে গীয়তে ব্রহ্মবাদিভিঃ।
যস্য প্রসন্নো ভগবান্ শীলেনোৎপদ্যতে সুতঃ।
একোঽপি তারয়েৎ সর্ব্বান্ নরকস্থান্ পিতামহান্।

তেষাং জাগরণহীনানাং একোঽপি কুলে উৎপন্নঃ সন্ সর্ব্বাংস্তারয়িষ্যতি অতঃ কিং বহুভিরিত্যন্বয়ঃ॥ ৬৮॥

তারয়েৎ জাগরণতঃ। ভগবতঃ জাগরণাদিকর্ত্তা তৎসমঃ প্রকরণবলাদেবমগ্রেঽপি

যাহারা বিষ্ণুর রাত্রিতে জাগরণ করে না, তাহাদের প্রতি লক্ষ্মী পরাঙ্মুখী এবং ইন্দ্রাদি দেবগণ, শ্রাদ্ধপাল্য পিতৃলোক, মনুষ্য সকল ও সনকাদি ঋষিগণ এ সমস্তই পরাঙ্মুখ হয়েন॥

যাহারা কখন একাদশীর জাগরণ করে নাই, এমত কুলে বহু সন্তানের প্রয়োজন নাই, একমাত্র পুত্র দ্বাদশীর জাগরণ করিয়া সমুদায় পূর্ব্বপুরুষদিগকে উদ্ধার করিবে। ৬৮॥

যে ব্যক্তি বিশল্য অর্থাৎ দশমীবেধরহিত বিষ্ণুর বাসরে উত্তমরূপে জাগরণ করেন, বেদজ্ঞগণ তাঁহাকে পরম ভাগবত বলিয়া গান করিয়া থাকেন॥

যাঁহার প্রতি ভগবান্ প্রসন্ন, তাঁহার শীলতাগুণবিশিষ্ট সন্তান উৎপন্ন হয়, সেই একটীমাত্র পুত্র নরকগত সমস্ত পিতৃগণকে উদ্ধার করিতে পারে॥

ভগবদ্ভক্তের সহিত উপমা ধারণ করিতে না সূর্য্যোপাসক সৌর, না

ন সৌরো ন চ শৈবো বা ন ব্রাহ্মো নৈব শাক্তিকঃ।
ন চান্যদেবতাভক্তো ভবেদ্ভাগবতোপমঃ ॥ ৬৯ ॥
গৃহেঽপি বর্ত্ততে যস্য নিত্যং যস্য চ চেতসি।
দ্বাদশীচরিতং পুণ্যং চতুর্ব্বর্গফলপ্রদং ॥ ৭০ ॥
উপোষিতৈর্হরিদিনৈঃ সম্বৎসরশতং ফলং।
তৎফলং নিত্যমাপ্নোতি পঠন্ জাগরণং হরেঃ।
মাহাত্ম্যং যঃ পঠেদ্ভক্ত্যা ময়োক্তং জাগরোদ্ভবং।
দ্বাদশীসম্ভবং পুত্র কুলানামুদ্ধরেচ্ছতং ॥ ৭১ ॥
চরিতং বাললীলায়া মথুরায়াঞ্চ যঃ পঠেৎ।

জ্ঞেয়ং ॥ ৬৯ ॥

ইদানীং জাগরণমাহাত্ম্যপাঠাদিফলমাহ গৃহেঽপীত্যাদিনা। চেতসি চ বর্ত্ততে। দ্বাদশী-চরিতং জাগরণমাহাত্ম্যাদিকং তস্য চতুর্ব্বর্গফলপ্রদং পুণ্যং স্যাৎ। তত্র চতুর্ব্বর্গো ধর্ম্মার্থ-কামমোক্ষাঃ ফলঞ্চ ভক্তিঃ ॥ ৭০ ॥

জাগরণং জাগরণমাহাত্ম্যং ॥ ৭১ ॥

দৃষ্টান্তত্বেন প্রসঙ্গেন বা তত্রান্যপাঠস্যাপি ফলমাহ চরিতমিতি। দেবকীসূনোর্মথুরায়াং

শিবোপাসক শৈব, না ব্রহ্মোপাসক ব্রাহ্ম্য, না শক্তি উপাসক শাক্ত, না অন্য দেবভক্ত, কেহই সমর্থ হয় না ॥ ৬৯ ॥

যে ব্যক্তির গৃহে অথবা চিত্তমধ্যে দ্বাদশীজাগরণাদির মাহাত্ম্য অবস্থিতি করে, তাহার চতুর্ব্বর্গ ফলপ্রদ পুণ্য হয় ॥ ৭০ ॥

জাগরণমাহাত্ম্য পাঠের ফল ॥

একশত বৎসর একাদশীর উপবাস করিলে যে ফল হয়, হরিবাসরে জাগরণমাহাত্ম্যপাঠকারি পুরুষ নিত্য সেই ফল প্রাপ্ত হয়েন ॥

ব্রহ্মা কহিলেন, বৎস নারদ! আমি যে সকল দ্বাদশীসম্ভব জাগরণমাহাত্ম্য কীর্ত্তন করিলাম, যে ব্যক্তি ইহা পাঠ করিবেন, তাঁহার একশত কুল উদ্ধার হইবে ॥ ৭১ ॥

দেবকীনন্দন মথুরায় যে বাললীলা করিয়াছেন, কলিযুগে দ্বাদশীর

দ্বাদশ্যাং দেবকীসূনো রাত্রৌ জাগরণে কলৌ ।
অযুতানাং বসেৎ কোটিং পিতৃভিঃ পারিবারিতঃ ॥ ৭২ ॥
বঞ্জুলীসম্ভবং যো বৈ মাহাত্ম্যং জাগরে হরেঃ ।
কীর্ত্তয়িষ্যতি নিত্যস্থা তস্য পুণ্যং বদাম্যহং ।
দশভির্বাসরৈর্বিষ্ণোর্দশভির্গুণিতৈর্মুনে ।
কৃতৈর্ভবতি যৎ পুণ্যং নিত্যমাপ্নোতি তৎ ফলং ।
জন্মকোটিং মখৈর্যষ্টৈর্ন মুক্তির্জায়তে নৃণাং ।
দ্বাদশীজাগরেণৈব মুক্তিং গচ্ছতি মানবঃ ॥ ৭৩ ॥
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা লভতে বৈষ্ণবং পদং ।
সর্ব্বে তুষ্টাঃ সমাস্তস্য সৌম্যাস্তস্য সদা গ্রহাঃ ।

যা বালবল্লীলা তস্যা সম্বন্ধি চরিতং কলৌ দ্বাদশ্যাং রাত্রৌ জাগরণে যঃ পঠেৎ সঃ অযুতানাং বর্ষাণাং কোটিং বসেদ্বৈকুণ্ঠলোক ইতি শেষঃ ॥ ৭২ ॥

জন্মকোটিং ব্যাপ্য যষ্টৈঃ কৃতৈর্মখৈঃ ॥ ৭৩ ॥

সমাঃ তুষ্টতাং বিহায় মিত্রতাং যান্তীত্যর্থঃ । পাঠান্তরে শান্তা ভবন্তীত্যর্থঃ ॥ ৭৪ ॥

রাত্রিতে জাগরণে যে ব্যক্তি তাহা পাঠে করেন তিনি পিতৃগণে পরিবেষ্টিত হইয়া অযুতকোটি বৎসর বৈকুণ্ঠে বাস করিবেন ॥ ৭২ ॥

যে ব্যক্তি হরির জাগরণে বঞ্জুলীব্রত মাহাত্ম্য নিত্য পাঠ করিবেন, আমি তাহার পুণ্য বলিতেছি ॥

হে মুনে ! বিষ্ণুর দশ বাসর দশ দিয়া গুণিত করিয়া অর্থাৎ একশত একাদশীর ব্রত করিলে যে পুণ্য হয়; নিত্য তাহার সেই ফল লাভ হইবে ॥

কোটিজন্ম যজ্ঞ করিলে মনুষ্যদিগের মুক্তি লাভ হয় না, কেবল দ্বাদশীর জাগরণ মাত্র করিলে মনুষ্য মুক্তি প্রাপ্ত হয় ॥ ৭৩ ॥

যে পুরুষ বিষ্ণুর জাগরে দ্বাদশীমাহাত্ম্য পাঠ করেন, তিনি সমুদায় পাপ হইতে বিশুদ্ধ হইয়া বৈকুণ্ঠধাম লাভ করেন এবং তাঁহার যে

যঃ পঠেজ্জাগরে বিষ্ণোর্মাহাত্ম্যং দ্বাদশীষু চ ॥ ৭৪ ॥
তত্রৈব শ্রীমদুমামহেশ্বরসম্বাদে ॥
দষ্টাঃ কলিভুজঙ্গেন স্বপন্তি মধুহাদিনে।
কুর্ব্বন্তি জাগরং নৈব মায়াপাশবিমোহিতাঃ ॥ ৭৫ ॥
প্রাপ্তাপ্যেকাদশী যেষাং কলৌ জাগরণং বিনা।
তে বিনষ্টা ন সন্দেহো যস্মাজ্জীবনমধ্রুবং ॥ ৭৬ ॥
অশ্বমেধ সহস্রস্য বাজপেয়াযুতস্য চ।
পুণ্যং কোটিগুণং গৌরি বিষ্ণোর্জাগরণে কৃতে।
পিতৃপক্ষে মাতৃপক্ষে ভার্য্যাপক্ষে চ ভামিনি।

মধুহেত্যাকারান্তত্বমার্ষং ॥ ৭৫ ॥
জাগরণং বিনা গতেতি শেষঃ ॥ ৭৬ ॥

সকল গ্রহ দুষ্ট আছে, সেই সমুদায় গ্রহ দুষ্টতা পরিত্যাগ করিয়া মিত্র তুল্য হইয়া থাকে ॥ ৭৪ ॥

ঐ গ্রন্থেই শ্রীউমামহেশ্বর সম্বাদে ॥
জাগরণ অকরণ জন্য দোষ ॥

কলিযুগে যে সকল মানব মধুহা বিষ্ণুর দিনে জাগরণ না করিয়া শয়ন করিয়া থাকে,তাহারা শত শত মায়াপাশে আবদ্ধ এবং কলিভুজঙ্গ তাহাদিগকে দংশন করিয়াছে ॥ ৭৫ ॥

কলিযুগে যে সকল ব্যক্তির জাগরণ ব্যতিরেকে একাদশী গত হইয়াছে, তাহারা বিনষ্ট এবং তাহাদের জীবন বিফল, ইহাতে কোন সন্দেহ নাই ॥ ৭৬ ॥

হে গৌরি! বিষ্ণুর জাগরণ করিলে সহস্র অশ্বমেধ ও দশসহস্র বাজপেয় যজ্ঞের পুণ্য অপেক্ষা কোটিগুণ পুণ্য লাভ হয় ॥

হে ভামিনি! হরির জাগরণ কৃত হইলে তাহা পিতৃপক্ষের, মাতৃ-

কুলমুদ্ধরতে চৈতৎ কৃতে জাগরণে হরেঃ।
অবিদ্ধবাসরে বিষ্ণোর্যে কুর্ব্বন্তি প্রজাগরং।
তেষাং মধ্যে প্রকৃষ্টঃ সন্ নৃত্যং প্রকুরুতে হরিঃ।
যাবদ্দিনানি কুরুতে জাগরং কেশবাগ্রতঃ।
যুগাযুতানি তাবন্তি বসতে বিষ্ণুবেশ্মনি।
যাবদ্দিনানি বসতে বিনা জাগরণং হরেঃ।
নৃত্যন্ত্যাদ্ধৃতশস্ত্রাশ্চ তদ্গৃহে যমকিঙ্করাঃ।
জাগরে বাসুদেবস্য পুরাণং পঠতীহ যঃ।
প্রাপ্নোত্যভিমতান্ কামান্ প্রেতত্বং নৈব জায়তে।
যঃ পুনঃ কুরুতে গীতং নৃত্যং জাগরণে হরেঃ।
ব্রাহ্ম্যং পদং মদীয়ঞ্চ সত্যং বৈ তস্য বৈষ্ণবং।
যঃ প্রবোধয়তে লোকান্ বিষ্ণুজাগরণে ততঃ।

পক্ষের ও ভার্য্যাপক্ষের কুল উদ্ধার করেন অর্থাৎ ঐ জাগরণ, তাহার পিতৃ, মাতৃ ও শ্বশুর কুলকে উদ্ধার করেন ॥

যাঁহারা দশমীবেধ রহিত বিষ্ণুর দিবসে জাগরণ করেন, ভগবান্ হরি অতিশয় প্রীত হইয়া তাঁহাদিগের মধ্যে নৃত্য করিতে থাকেন ॥

মনুষ্য যত দিন কেশবের অগ্রে জাগরণ করিবেন, দিন সংখ্যায় তত যুগ তাঁহাদের বিষ্ণুমন্দিরে বাস হয় ॥

বিষ্ণুর জাগরণ ব্যতিরেকে যে মনুষ্য যত দিন বাস করিবেন, যম-কিঙ্করগণ শস্ত্র উদ্ধৃত করিয়া তত দিন তাহার গৃহে নৃত্য করে ॥

যে ব্যক্তি বিষ্ণুর জাগরণে পুরাণ পাঠ করেন, তাঁহার অভিমত কামনা লাভ হয় এবং তিনি প্রেতত্ব প্রাপ্ত হয়েন না ॥

যে ব্যক্তি হরির জাগরণে গীত অথবা নৃত্য করেন,তাঁহার ব্রহ্মপদ, আমার পদ ( শিবলোক ) এবং বিষ্ণুপদ ( বৈকুণ্ঠ ) লাভ হয়, ইহা সত্য বলিলাম ॥

বসেচ্চিরন্তু বৈকুণ্ঠে পিতৃভিঃ সহ বৈষ্ণবঃ।
মতিং প্রযচ্ছতে যস্তু হরের্জাগরণং প্রতি।
ষষ্টির্বর্ষসহস্রাণি শ্বেতদ্বীপে বসেন্নরঃ।
যৎকিঞ্চিৎ ক্রিয়তে পাপং কোটিজন্মানি মানবৈঃ।
কৃষ্ণস্য জাগরে সর্ব্বং রাত্রৌ দহতি পার্ব্বতি ॥ ৭৭ ॥
শালগ্রামশিলাগ্রে তু যে কুর্ব্বন্তি হি জাগরং।
যামে যামে ফলং প্রোক্তং কোট্যৈন্দবসমুদ্ভবং ॥ ৭৮ ॥
কামার্থসম্পদঃ পুত্রাঃ কীর্ত্তির্লোকশ্চ শাশ্বতঃ।
যজ্ঞাযুতৈর্ন লভ্যেত দ্বাদশীজাগরং বিনা।
যাবৎ পদানি কুরুতে কেশবায়তনং প্রতি।
অশ্বমেধসমানি স্যুর্জাগরার্থং প্রগচ্ছতঃ।

দহতে পার্ব্বতীতি পাঠেঽপি দহতে স্বয়মেব নশ্যতীত্যর্থঃ ॥ ৭৭ ॥
ঐন্দবং চান্দ্রায়ণং ॥ ৭৮ ॥
সন্নপি সাধুরপি ॥ ৭৯ ॥

যিনি বিষ্ণুর জাগরণে লোক সকলকে চেতন করিয়া রাখেন, সেই বৈষ্ণব চিরকাল পিতৃলোকের সহিত বৈকুণ্ঠে বাস করেন ॥

যে মনুষ্য বিষ্ণুর জাগরণ করিতে লোক সকলকে বুদ্ধি প্রদান করেন, তাঁহার যষ্টিসহস্র বৎসর শ্বেতদ্বীপে বাস হয় ॥

হে পার্ব্বতি! মনুষ্যগণ কোটি জন্ম যে কিছু পাপ করিয়াছে, রাত্রিতে কৃষ্ণের জাগরণে তৎসমুদায় দগ্ধ হইয়া যায় ॥ ৭৭ ॥

যে সকল পুরুষ শালগ্রামশিলার অগ্রে জাগরণ করেন, প্রতি প্রহরে তাহাদের কোটি চান্দ্রায়ণের ফল হয় ॥ ৭৮ ॥

দ্বাদশীর জাগরণ ব্যতিরেকে অযুত অযুত যজ্ঞ দ্বারা কাম, অর্থ, সম্পৎ, পুত্র, কীর্ত্তি ও চিরস্থায়িনী পারলৌকিকী গতি লাভ হয় না ॥

যে ব্যক্তি একাদশীর জাগরণ নিমিত্ত বিষ্ণুমন্দিরের প্রতি গমন করে, তাহার প্রতিপদে অশ্বমেধ যজ্ঞ তুল্য ফল লাভ হয় ॥

পাদয়োঃ পতিতং যাবদ্ধরণ্যাং পাংশু গচ্ছতঃ ।
তাবদ্বর্ষসহস্রাণি জাগরী বসতে দিবি ।
তস্মাদ্গৃহাৎ প্রগন্তব্যং জাগরে মাধবালয়ং ।
কলৌ মলবিনাশায় দ্বাদশী দ্বাদশীষু চ ॥
কিং ব্রতৈর্বহুভিশ্চীর্ণৈস্তীর্থবাসেন তস্য কিং ।
দ্বাদশীবাসরে প্রাপ্তে ন কুর্য্যাৎ জাগরং যদি ।
প্রবাসে ন ত্যজেদ্যস্তু পথি খিন্নোঽপি পার্ব্বতি ।
জাগরং বাসুদেবস্য স হি মেঽতিপ্রিয়ো নরঃ ।
যঃ পুনঃ সুস্থচিত্তোঽপি স্বস্থানে বসতেঽপি সন্ ।
ন হরের্জাগরং কুর্য্যাৎ তেন কার্য্যং ন মে ক্বচিৎ ।
মদ্ভক্তো ন হরেঃ কুর্য্যাজ্জাগরং পাপমোহিতঃ ।

জাগরণকারী পুরুষ জাগরণ নিমিত্ত গমন করিলে পৃথিবীতে তাহার পদে যত ধূলা পতিত হয়, তাহার তত সহস্র বৎসর স্বর্গবাস হয়, অতএব কলিমল বিনাশের নিমিত্ত প্রতি দ্বাদশীর জাগরণে গৃহ হইতে মাধবমন্দিরে গমন করা কর্ত্তব্য ॥

যে ব্যক্তি দ্বাদশীর জাগরণ উপস্থিত হইলে তাহাতে জাগরণ না করে, তাহার বহু ব্রত, বহু প্রায়শ্চিত্ত ও বহু বহু তীর্থসেবায় কি হইবে ? ॥

হে পার্ব্বতি ! যে ব্যক্তি প্রবাসে ও পথে খিন্ন হইয়াও জাগরণ পরিত্যাগ করে না, সেই মনুষ্য বাসুদেবের এবং আমার অতিশয় প্রিয় হয় ॥

হে দেবি ! তাহার কথা আর কি বলিব, যে ব্যক্তি সুস্থচিত্ত হইয়াও এবং স্বস্থানে বাস করিয়াও হরির জাগরণ না করে, সে যদি সাধুপুরুষও হয় তথাপি তাহার সহিত আমার কোন কার্য্য নাই ॥

হে সুন্দরি ! আমার ভক্ত যদি হরির জাগরণ না করে, তাহা হইলে সে পাপে বিমোহিত এবং আমার যে পূজা করিয়াছে, তাহা

ব্যর্থং মৎপূজনং তস্য মৎপূজ্যং যো ন পূজয়েৎ ॥ ৭৯ ॥
সবাহ্যাভ্যন্তরং দেহং বেষ্টিতং পাপকোটিভিঃ।
মুচ্যতে বাসরে বিষ্ণোর্জাগরে নৃত্যতাং নিশি ॥ ৮০ ॥
প্রাপ্তে কলিযুগে ঘোরে নরাস্তে ত্রিদশৈঃ সমাঃ।
বিশল্যে বাসরে বিষ্ণোর্যে কুর্ব্বন্তি হি জাগরং।
কূর্পরং যমদূতানাং দত্তং তেন যমস্য চ।
কৃত্বা জাগরণং বিষ্ণোরবিদ্ধ দ্বাদশীব্রতং।
দ্বাদশ্যাং জাগরে বিষ্ণোর্যৈঃ কৃতং পুষ্পমণ্ডপং।
প্রতিপুষ্পফলং তেষাং বাজিমেধসমং প্রিয়ে।
দ্বাদশ্যাং কৃষ্ণভবনং কদলীস্তম্ভশোভিতং।

বাহ্যানি অঙ্গানি আভ্যন্তরাণি তৈঃ সহিতং। মুচ্যতে পাপকোটিভ্যস্তাভ্যঃ ॥ ৮০ ॥ কূর্পরং দত্তং কূর্পরেণ প্রহৃত্য বিষ্ণুলোকং প্রযাতীত্যর্থঃ। ধ্বস্তং নষ্টং তিমিরমজ্ঞানং

তাহার বিফল, যেহেতু সে আমার পূজ্যতম হরির পূজা করিল না ॥৭৫

অপিচ, বাহ্যাভ্যন্তর সহ দেহ যদি কোটি কোটি পাপে বেষ্টিত হয়, রাত্রিতে বিষ্ণুর জাগরণে নৃত্যকারি পুরুষের সেই দেহ তৎসমুদায় পাপ হইতে নির্ম্মুক্ত হইবে ॥ ৮০ ॥

এই উপস্থিত ঘোর কলিযুগে যে সকল ব্যক্তি দশমীবেধরহিত হরিবাসরে জাগরণ করে, সেই সকল নর দেবতা তুল্য ॥

যে পুরুষ বিষ্ণুর দশমীবেধরহিত দ্বাদশীব্রতের জাগরণ করিয়াছেন, তিনি যম ও যমদূত সকলকে কূর্পর প্রদান করিয়াছেন অর্থাৎ তাহাদিগকে কফোণি প্রহার করিয়া বিষ্ণুলোকে গমন করেন ॥

হে প্রিয়ে! যে সকল পুরুষ বিষ্ণুর দ্বাদশীর জাগরণে পুষ্পমণ্ডপ নির্ম্মাণ করে, তাহার প্রতি পুষ্পে তাহাদিগের অশ্বমেধ তুল্য ফল হয় ॥

যে কুর্ব্বন্তি হরিস্তেষাং স্বকীয়ং যচ্ছতে পদং।
দীপদানং প্রকুর্ব্বন্তি জাগরে কেশবস্য হি।
তে ধ্বস্ততিমিরা গৌরি যান্তি বিষ্ণোঃ পরং পদং॥ ৮১॥
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ স্ত্রিয়ঃ শূদ্রাশ্চ জাগরে।
হীনবর্ণা অন্ত্যজাশ্চ রাক্ষসা দৈত্যদানবাঃ।
প্রাপ্তাস্তে পরমং স্থানং শ্রীবিষ্ণোর্জাগরে কৃতে॥ ৮২॥
অপ্রেরিতঃ স্বয়ং ভক্ত্যা গীতনৃত্যং করোতি যঃ।
জাগরে পদ্মনাভস্য স কিং নাকৃত মানবঃ॥ ৮৩॥
যো নৃত্যতি প্রহৃষ্টাত্মা কৃত্বা বৈ করতাড়নং।

যেষাং তে॥ ৮১॥
জাগরে ভবন্তি জাগরং কুর্ব্বন্তীত্যর্থঃ। হীনবর্ণাঃ সঙ্করজাতয়ঃ॥ ৮২॥
স কিং নাকৃত অপি তু সর্ব্বমেব কৃত্যমকরোদিত্যর্থঃ॥ ৮৩॥

যে ব্যক্তি দ্বাদশীতে কদলীস্তম্ভ দ্বারা কৃষ্ণমন্দির শোভিত করেন, ভগবান্ হরি তাঁহাদিগকে স্বীয়পদ প্রদান করেন॥

হে গৌরি! যে ব্যক্তি জাগরণে কেশবের প্রতি দীপ দান করে, তাহারা সংসারতিমির হইতে নির্ম্মুক্ত হইয়া বিষ্ণুর পরমপদে গমন করে॥ ৮১॥

ব্রাহ্মণ, বৈশ্য, স্ত্রী, শূদ্র, হীনবর্ণ অন্ত্যজ, রাক্ষস, দৈত্য এবং দানব, ইহারা সকল বিষ্ণুর জাগরণ করিয়া পরম পদ বৈকুণ্ঠ প্রাপ্ত হইয়াছে॥ ৮২॥

কাহারও প্রেরিত না হইয়া পদ্মনাভের জাগরণে স্বয়ং যদি কোন মনুষ্য ভক্তি পূর্ব্বক নৃত্য করে, সে মনুষ্যের কোন কার্য্য করিতে অবশিষ্ট নাই, সে সকল কার্য্যই করিয়াছে॥ ৮৩॥

হে দেবি! রাত্রিতে বিষ্ণুর জাগরণে যে ব্যক্তি বিষ্ণুর অগ্রে

গীতং কুর্ব্বন্ মুখেনাপি দর্শয়ন্ কৌতুকান্ বহূন্।
পুরতোবাসুদেবস্য রাত্রৌ জাগরণে স্থিতঃ।
পঠন্ কৃষ্ণচরিত্রাণি রঞ্জয়ন্ দেবি বৈষ্ণবান্।
মুখেন কুরুতে বাদ্যং সংপ্রহৃষ্টতনুরুহঃ।
দর্শয়ন্ বিবিধান্ নৃত্যান্ স্বেচ্ছালাপাংশ্চ কুর্ব্বতি।
ভাবৈরেতৈর্নরো যস্তু কুরুতে জাগরং হরেঃ।
নিমিষে নিমিষে পুণ্যং তীর্থকোটিসমং স্মৃতং।
অবিঘ্নমনসা যস্তু ধূপং নীরাজনং হরেঃ।
কুরুতে জাগরে রাত্রৌ সপ্তদ্বীপাধিপোভবেৎ॥ ৮৪॥
কিঞ্চ॥
অভাবে কৃষ্ণধিষ্ণ্যস্য গত্বা মন্মন্দিরং শিবে।
কার্য্যং জাগরণং রাত্রৌ বিদ্ধি মাং মাধবপ্রিয়ং।

কুর্ব্বতি করোতি। অবিঘ্নেন অনুদ্বিগ্নেন মনসা॥ ৮৪॥
অধুনা বর্ত্মাদৌ মুখ্যাভাবে জাগরণ স্থানমাহ অভাব ইতি সপ্তভিঃ। অরণ্যে যদি

আহ্লাদ সহকারে করতালি দিয়া নৃত্য করেন, স্বমুখে গীত গায়েন, বিবিধ প্রকার কৌতুক দেখান, কৃষ্ণচরিত্র পাঠ করিয়া বৈষ্ণবদিগকে রঞ্জিত করেন, লোমাঞ্চিত কলেবর হইয়া মুখে বাদ্য করেন, নানা প্রকার নৃত্য কৌশল দেখান্ এবং স্বেচ্ছাচারে আলাপ করেন, হে সুন্দরি! এই সকল ভাব দ্বারা যে ব্যক্তি হরির জাগরণ করেন, তাঁহার এক এক নিমিষে কোটি কোটি তীর্থ সমান পুণ্য হয়॥

যে পুরুষ নিরুদ্বেগ চিত্ত হইয়া রাত্রিতে হরির জাগরণে ধূপ নীরাজন (ধূপ আরতি) করেন, তিনি সপ্ত দ্বীপের অধিপতি হয়েন॥ ৮৪॥

আরও॥

হে শিবে! যদি বিষ্ণু মন্দির লাভ না হয়, তাহা হইলে রাত্রিতে আমার মন্দিরে (শিবালয়ে) গমনপূর্ব্বক জাগরণ করা কর্ত্তব্য, সুন্দরি! আমাকে মাধবপ্রিয় বলিয়া জানিও॥

অভাবে মম ধিষ্ণ্যস্য গত্বা তু রবিমন্দিরং।
কার্য্যং জাগরণং রাত্রৌ যথা বিষ্ণুস্তথা রবিঃ।
তদভাবে বিনা গ্রামমরণ্যেকাদশী যদি।
তদাকাশে সুরেশানি বিষ্ণোস্ত্রীণি পদানি বৈ।
দৃষ্ট্বা দেবি প্রকর্ত্তব্যং জাগরং চক্রপাণিনঃ॥ ৮৫॥
অথবা প্রতিমা বিষ্ণোঃ শালগ্রামশিলাঽথবা।
তিষ্ঠতে যদি দেবেশি কার্য্যস্তত্র প্রজাগরঃ॥ ৮৬॥
মেঘসংছাদিতে ব্যোম্নি বিষ্ণোস্ত্রীণি পদানি চ।
অদৃষ্ট্বা বোধিমূলে তু কার্য্যং জাগরণং হরেঃ।
ধাত্রীমূলেঽথ বা গৌরি তুলসীবনসমীপতঃ।

একাদশী স্যাৎ সন্ধিরার্ষঃ॥ ৮৫॥
প্রতিমা চলা॥ ৮৬॥
বোধিরশ্বত্থবৃক্ষং॥ ৮৭॥

আমার আলয়ের অভাব হইলে অর্থাৎ শিবালয় প্রাপ্ত না হইলে সূর্য্য মন্দিরে গমন করিয়া রাত্রিতে জাগরণ করিবে, কেননা, যে স্থানে বিষ্ণু সেই স্থানেই রবি॥

হে সুরেশানি! তাহার অভাব হইলে এবং গ্রাম ব্যতিরেকে অরণ্যে যদি একাদশী তিথি উপস্থিত হয়, তাহা হইলে, হে দেবি! আকাশে যে বিষ্ণুর তিন পদ অবস্থিত আছে, তাহার প্রতি দৃষ্টিপাত করিয়া চক্রপাণির জাগরণ করা কর্ত্তব্য॥ ৮৫॥

অথবা বিষ্ণুর চলপ্রতিমা কিম্বা শালগ্রাম শিলা যদি অবস্থিত থাকেন, হে দেবেশি! তবে সেই স্থানে জাগরণ করা বিহিত॥ ৮৬॥

মেঘ দ্বারা আকাশ আচ্ছন্ন হওয়ায় বিষ্ণুর পদ ত্রয় দেখিতে না পাইলে অশ্বত্থ মূলে গিয়া হরির জাগরণ করিবে॥

হে গৌরি! অথবা ধাত্রীমূলে কিম্বা তুলসীবনের সমীপে, তীর্থে

যত্র বা তত্র বা কার্য্যং তীর্থে বা নিম্নগাজলে।
সর্ব্বাভাবে মহাদেবি বৈষ্ণবস্য চ সন্নিধৌ।
কর্ত্তব্যং জাগরং বিষ্ণোর্মানসীং ভক্তিমাস্থিতৈঃ।
বিনা জাগরণং গৌরি বিষ্ণোর্দিনফলং ন হি।
নাস্মাকং ভবতি প্রীতির্ব্রহ্মাদীনাং দিবৌকসাং।
যজ্ঞানামপি সর্ব্বেষাং মহাযজ্ঞঃ স কথ্যতে।
বাসরে বাসুদেবস্য যতোজাগরসংজ্ঞকঃ।
তস্মাজ্জাগরণং কার্য্যং ত্যক্ত্বা কার্য্যান্তরাণ্যপি ॥ ৮৭ ॥
পাদ্মে দেবহূতবিকুণ্ডলসম্বাদে ॥
রাত্রৌ জাগরণং কৃত্বা সমুপাস্য জনার্দ্দনং।
দশ বৈ পৈতৃকে পক্ষে মাতৃকে দশ পূর্ব্বজাঃ।
প্রিয়ায়া দশ যে বৈশ্য তানুদ্ধরতি নিশ্চিতং।

বা নদীর জলে, যেখানে সেখানে হউক জাগরণ করিবে ॥

হে মহাদেবি! যদি এই সকলের অভাব হয়, তাহা হইলে বিষ্ণুর প্রতি মানসিক ভক্তি অবলম্বন করিয়া জাগরণ করা বিধেয় ॥

হে গৌরি! বিনা জাগরণে বিষ্ণুর দিনে ফল হয় না এবং তাহার প্রতি আমাদের অথবা ব্রহ্মাদি দেবতা সকলের প্রীত হয় না ॥

বাসুদেবের রাত্রিতে যে জাগরণ তাহা সকল যজ্ঞের মধ্যে মহাযজ্ঞ বলিয়া কথিত অতএব শত শত কার্য্য পরিত্যাগ করিয়া জাগরণ করিবে ॥ ৮৭ ॥

পদ্মপুরাণে দেবহূতবিকুণ্ডলসম্বাদে ॥

হে বৈশ্য! রাত্রিতে জাগরণ করিয়া জনার্দ্দনের উপাসনা করিলে পিতৃবংশের পূর্ব্ব দশ পুরুষ, মাতৃবংশের পূর্ব্ব দশ পুরুষ এবং ভার্য্যার পূর্ব্ব দশ পুরুষ, এই সকলকে নিশ্চয় উদ্ধার করেন ॥

শ্রীমার্কণ্ডেয়পুরাণে ॥
ধ্যানধ্যেয়বিহীনস্য সংজ্ঞাতীতস্য ভূপতে।
কর্ম্মভ্রষ্টস্য কথিতোমোক্ষস্তু হরিজাগরে ॥
প্রহ্লাদসংহিতায়াং প্রহ্লাদোক্তৌ ॥
যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যাদিকানি চ।
কৃষ্ণজাগরণে তানি বিলয়ং যান্তি খণ্ডশঃ।
একতঃ ক্রতবঃ সর্ব্বে সমাপ্তবরদক্ষিণাঃ।
একতোদেবদেবস্য জাগরঃ কৃষ্ণবল্লভঃ।
ন সমং কবয়ঃ প্রাহুরধিকঃ কৃষ্ণজাগরঃ।
তত্র ব্রহ্মা চ রুদ্রশ্চ শক্রাদ্যা দেবতাগণাঃ।
নিত্যমেব সমায়ান্তি জাগরে কৃষ্ণবল্লভে।
ঋষয়োনারদাদ্যাস্তু ব্যাসাদ্যা মুনয়স্তথা।

শ্রীমার্কণ্ডেয়পুরাণে ॥

হে রাজন্! যাহারা ধ্যান, ধ্যেয় বিহীন, জ্ঞান রহিত ও কর্ম্ম ভ্রষ্ট হরিবাসর জাগরণে তাহাদেরও মোক্ষ কথিত হইয়াছে ॥

প্রহ্লাদসংহিতায় প্রহ্লাদের বাক্য ॥

ব্রহ্মহত্যা প্রভৃতি যে কোন পাপ উপস্থিত হয়, কৃষ্ণজাগরণে তৎসমুদায় খণ্ড খণ্ড হইয়া বিনষ্ট হইয়া যায় ॥

একদিকে উৎকৃষ্ট দক্ষিণা দ্বারা পরিসমাপ্তি প্রাপ্ত যজ্ঞ সকল আর অন্য দিকে দেবদেব শ্রীকৃষ্ণের প্রিয়তম জাগরণ এই দুইয়ের তুলা করায়, পণ্ডিতগণ বলিয়াছেন যজ্ঞ সকল সমান হইল না, কৃষ্ণজাগরই অধিক হইয়া পড়িল ॥

যে স্থানে একাদশীর কৃষ্ণবল্লভ জাগরণ হয়, সেই স্থানে ব্রহ্মা, রুদ্র ও ইন্দ্র প্রভৃতি দেবতাগণ নিত্য আগমন করিয়া থাকেন ॥

যে স্থানে হরিবাসরের জাগরণ হইতেছে, তথায় নারদাদি ঋষি,

অহঞ্চ তত্র গচ্ছামি কৃষ্ণপূজারতঃ সদা।
তত্র কাশী পুষ্করঞ্চ প্রয়াগো নৈমিষং গয়া।
শালগ্রামমহাক্ষেত্রমর্ব্বুদারণ্যমেব চ।
সুপুণ্যা মথুরা তত্র সর্ব্বতীর্থানি চৈব হি।
যজ্ঞা দেবাশ্চ চত্বারোব্রজন্তি হরিজাগরং।
গঙ্গা সরস্বতী রেবা যমুনা বৈ শতদ্রুকা।
চন্দ্রভাগা বিতস্তা চ নদ্যঃ সর্ব্বাস্তু তত্র বৈ।
সরাংসি চ হ্রদাঃ সর্ব্বে সমুদ্রাঃ সর্ব্ব এব হি।
একাদশ্যাং দ্বিজশ্রেষ্ঠ গচ্ছন্তে কৃষ্ণজাগরং।
স্পৃহণীয়া হি দেবানাং যে নরাঃ কৃষ্ণজাগরে।
নৃত্যন্তি গীতং কুর্ব্বন্তি বীণাবাদ্যপ্রহর্ষিতা ইতি ॥ ৮৮ ॥
জন্মাষ্টমীপ্রবোধন্যাদিকেঽন্যচ্চ মহোৎসবে।

অহং প্রহ্লাদঃ ॥ ৮৮ ॥
এবমেকাদশীজাগরণমাহাত্ম্যং লিখিতং তর্হি কিং জন্মাষ্টম্যাদিজাগরণ মহিমা নাস্তি

ব্যাস প্রভৃতি মুনি এবং সর্ব্বদা কৃষ্ণপূজারতপ্রযুক্ত আমি ( প্রহ্লাদ ) গমন করিয়া থাকি ॥

যে স্থানে বিষ্ণুর জাগরণ হইতেছে, সেই স্থানে কাশী, পুষ্কর, প্রয়াগ, নৈমিষ, গয়া, শালগ্রাম মহাক্ষেত্র, অর্ব্বুদ অর্ব্বুদ অরণ্য, তথা শোভন পুণ্যস্বরূপা মথুরা এবং সমস্ত তীর্থ অবস্থিত ॥

অপর যে স্থানে হরির জাগরণ হইতেছে, সেই স্থানে যজ্ঞ সমুদায় ও চারিবেদ গমন করেন ॥

হে দ্বিজশ্রেষ্ঠ ! গঙ্গা, সরস্বতী, রেবা, যমুনা, শতদ্রু, চন্দ্রভাগা, বিতস্তা ও অন্যান্য নদী, সরোবর, হ্রদ ও সমুদ্র সকল একাদশীতে কৃষ্ণের জাগরণে গমন করেন ॥

যে সকল মনুষ্য বীণাবাদ্যে প্রহর্ষিত হইয়া নৃত্য ও গীত করেন, তাঁহারা দেবগণের স্পৃহণীয় হয়েন ॥ ৮৮ ॥

অপিচ জন্মাষ্টমী ও প্রবোধনী প্রভৃতি অন্যান্য যে সকল মহোৎসব

মাহাত্ম্যং জাগরস্যাগ্রে লেখ্যং তত্তৎপ্রসঙ্গতঃ ॥ ৮৯ ॥
ততঃ প্রভাতে ভগবদাত্রিক্রীড়ারসাত্মিকাং।
কৌশিকীং প্রমুদা গায়েচ্ছ্রীকৃষ্ণপরিতোষণীং ॥
তথাচ স্কান্দে ॥
প্রভাতে কৌশিকীং যস্তু প্রগায়েজ্জাগরে হরেঃ।
স সমুদ্ধরতে সর্ব্বান্ শ্বপচান্ ব্রাহ্মণো যথেতি ॥ ৯০ ॥
অথ পারণদিনকৃত্যং ॥
মঙ্গলারাত্রিকং কৃত্বাভ্যর্চ্চ্য প্রস্থাপ্য বৈষ্ণবান্।

তত্র লিখতি জন্মেতি। আদিশব্দেন শ্রীরামনবম্যাদি ॥ ৮৯ ॥

কৌশিকী শৃঙ্গাররসপ্রধানগীতবৃত্তিবিশেষস্তাং অতএব ভগবতো রাত্রৌ যা ক্রীড়া রাসাদিস্তদ্রসাত্মিকাং। যথা শ্রীগীতগোবিন্দে। রজনিজনিতগুরুজাগরেত্যাদি। অতএব শ্রীকৃষ্ণস্য পরমরসিকশিরোমণেঃ পরিতোষণীং ॥ ৯০ ॥

অভ্যর্চ্চ্য মহাপ্রসাদাদিনা সংমান্য। প্রস্থাপ্য চ স্বস্বগৃহং। তৎ উপবাসাদিকং। কেচিচ্চ

আছে, তত্তৎপ্রসঙ্গে অগ্রে সেই সকলের জাগরণের মাহাত্ম্য লিখিত হইবে ॥ ৮৯ ॥

অনন্তর জাগরণের অবসানে প্রভাতকালে ভগবানের রাত্রিতে যে সকল শৃঙ্গাররস প্রধান রাসাদি ক্রীড়া তদ্রসবিশিষ্ট গীত অর্থাৎ গীত-গোবিন্দে বর্ণিত "রজনিজনিত গুরু জাগর রাগ" ইত্যাদি পদ সকল শ্রীকৃষ্ণের পরিতোষণার্থ গান করিবে ॥

এই বিষয় স্কন্দপুরাণে যথা—

যে ব্যক্তি হরির জাগরের প্রভাতে উত্তমরূপে শৃঙ্গাররস ঘটিত গীত গায়, ব্রাহ্মণ যেমন শ্বপচদিগকে উদ্ধার করেন, তাহার ন্যায় সে সকলকে উদ্ধার করে ॥ ৯০ ॥

অথ পারণদিনকৃত্য ॥

হরিবাসরে জাগরণের প্রভাতকালে মঙ্গল আরাত্রিক করিয়া

প্রাতঃ পূজাঞ্চ নিষ্পাদ্য কৃষ্ণে তৎসর্ব্বমর্পয়েৎ ॥ ৯১ ॥

তদুক্তং কাত্যায়নেন ॥

প্রাতঃ স্নাত্বা হরিং পূজ্য উপবাসং সমর্পয়েৎ।
পারণন্তু ততঃ কুর্য্যাৎ ব্রতসিদ্ধৌ হরিং স্মরন্ ॥

তত্র সমর্পণমন্ত্রঃ ॥

অজ্ঞানতিমিরান্ধস্য ব্রতেনানেন কেশব।
প্রসীদ সুমুখো নাথ জ্ঞানদৃষ্টিপ্রদো ভবেতি ॥

তত্র স্নানোপচারন্তু প্রাতর্নৈব সমাচরেৎ।
প্রামাণিকানাং কেষাঞ্চিদ্বৈষ্ণবানামিদং মতং ॥ ৯২ ॥

পারণানন্তরমেব সমর্পণমিচ্ছন্তি ॥ ৯১ ॥

তত্র দ্বাদশ্যাং। ভগবৎপূজায়াং প্রামাণিকানাং শ্রীকৃষ্ণদেবাচার্য্যাদীনামিত্যনেন তেষাং মতং পালনীয়মিত্যভিপ্রেতং। কেষাঞ্চিদিত্যনেন সর্ব্বেষামিতি সূচিতং শ্রীবৈষ্ণবাদীনাং তাদৃশাচারাদর্শনাৎ ॥ ৯২ ॥

বৈষ্ণবদিগকে মহাপ্রসাদ দান দ্বারা সম্মান পূর্ব্বক বিদায় দিবেন, তৎপরে প্রাতঃ পূজা সমাপন করিয়া উপবাসাদি শ্রীকৃষ্ণে সমর্পণ করিবেন ॥ ৯১ ॥

এই বিষয় কাত্যায়ন বলিয়াছেন ॥

প্রাতঃকালে স্নান পূর্ব্বক হরিপূজা করিয়া উপবাস সমর্পণ করিবেন, তাহার পর ব্রতসিদ্ধির নিমিত্ত হরিকে স্মরণ করিয়া পারণ করিবেন ॥

তন্মধ্যে ব্রতসমর্পণ মন্ত্র যথা—

হে কেশব! আমি অজ্ঞানতিমিরে অন্ধ হইয়াছি, এই ব্রত দ্বারা আপনি সুমুখ হউন, হে নাথ! আপনি জ্ঞানদৃষ্টি প্রদান করুন ॥

এই দ্বাদশীতে প্রাতঃকালে স্নানাদি উপচার প্রদান করিবে না, প্রামাণিক কৃষ্ণাচার্য্য প্রভৃতি শ্রীবৈষ্ণবগণের নৃসিংহপরিচর্য্যা গ্রন্থে এইরূপ মত প্রকাশিত আছে ॥ ৯২ ॥

অথ তত্র শ্রীভগবতঃ প্রাতরস্নপনং॥

পাদ্মে ব্রতখণ্ডে॥

জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ সুকৃতং সমুপার্জ্জিতং।
নশ্যতি দ্বাদশীদিনে হরের্নির্ম্মাল্যলঙ্ঘনাৎ॥ ৯৩॥

ত্রৈলোক্যমোহনপঞ্চরাত্রে চ॥

স্নানং ন হরয়ে দদ্যাদ্দ্বাদশ্যাং বৈষ্ণবো দিবা।
পক্ষপূজাফলং সর্ব্বং বাস্কলায়োপগচ্ছতীতি॥ ৯৪॥

ততো দিবানিষিদ্ধত্বাদ্রজন্যাং স্নাপয়েৎ প্রভুং।

---

তস্মত্তমেব প্রমাণয়তি। জন্মেতি। নির্ম্মাল্যস্য লঙ্ঘনাৎ অতিক্রমাৎ উত্তারণাদিত্যর্থঃ। ন চ পদ্ভ্যাং যল্লঙ্ঘনং তস্মাদিত্যর্থঃ। তস্য সর্ব্বদা সর্ব্বদেবসম্বন্ধিনোঽপি নিষিদ্ধত্বেন দ্বাদশী হরিপদয়োর্বৈয়র্থ্যাপত্তেঃ অতএব দ্বাদশ্যাং বর্জ্জনীয় মধ্যে স্নানাদৌ নির্ম্মাল্যলঙ্ঘন-মপ্যুক্তং। তচ্চাগ্রে নিয়মেষু লেখ্যং লিখিতঞ্চ পূর্ব্বং পক্ষকৃত্য বিধৌ সময়েষু মধ্যে দ্বাদশ্যাং নিষিদ্ধেষু তত্র বিষ্ণোর্দিবা ন স্নানমিতি॥ ৯৩॥

এতদেব পঞ্চরাত্রবচনেন সাধয়তি স্নানমিতি॥ ৯৪॥

পবিত্রারোপণদমনকারোপণদ্বাদশ্যোরুৎসবে তু রাত্রাবপি ন স্নাপয়েৎ। এতদপি কেষাঞ্চি-

---

অথ দ্বাদশীতে প্রাতঃকালে ভগবানে স্নপন নিষিদ্ধ॥

পাদ্মে ব্রতখণ্ডে॥

জন্ম প্রভৃতি যে কিছু পুণ্য উপার্জ্জন করিয়াছে, দ্বাদশীর দিনে হরির নির্ম্মাল্য লঙ্ঘন অর্থাৎ উত্তারণ না করিলে তৎসমুদায় বিনষ্ট হয়॥ ৯৩॥

ত্রৈলোক্যমোহন পঞ্চরাত্রেও॥

বৈষ্ণব ব্যক্তি দ্বাদশীর দিবায় হরিকে স্নান করাইবেন না, করাইলে একপক্ষের সমুদায় পূজা বাস্কলদানবের প্রতি উপস্থিত হয়॥ ৯৪॥

অতএব দিবায় নিষিদ্ধ প্রযুক্ত দ্বাদশীর রাত্রিতে প্রভুকে স্নান

পবিত্রাদমনদ্বাদশ্যুৎসবে তু ন নিশ্যপি ॥ ৯৫ ॥
নিত্যকৃত্যং সমাপ্যাথ শক্ত্যা বিপ্রাংশ্চ ভোজয়েৎ।
কুর্ব্বীত দ্বাদশীমধ্যে তুলসীং প্রাশ্য পারণং ॥ ৯৬ ॥
তথাচ স্কান্দে ॥
কৃত্বা চৈবোপবাসন্তু যোঽশ্নাতি দ্বাদশীদিনে।
নৈবেদ্যং তুলসীমিশ্রং পাপকোটিবিনাশনং ॥ ৯৭ ॥
অথ পারণে দ্বাদশ্যপেক্ষণং ॥
যত উক্তং পাদ্মে ॥
মহাহানিকরী হ্যেষা দ্বাদশীলঙ্ঘিতা নৃণাং।

দেব প্রামাণিকানাং মতং ॥ ৯৫ ॥

নিত্যকৃত্যং বৈশ্বদেবাদিকং জপাদিকঞ্চ। তুলসীং প্রাশ্যেতি তুলসীপ্রাশনপূর্ব্বং ভোজনং কুর্য্যাদিত্যর্থঃ। যদ্যপি নৈবেদ্যশেষং তুলসীবিমিশ্রমিত্যাদিনা সদা তুলসীযুক্তমেব ভোজনং বিহিতমস্তি তথাপি পারণে বিশেষতোঽবশ্যমেবেতি জ্ঞেয়ং ॥ ৯৬ ॥

তদেব স্কন্দপুরাণোক্ত্যাভিব্যঞ্জয়তি কৃত্বেতি ॥ ৯৭ ॥

লঙ্ঘিতা পারণায়ামতিক্রান্তা। অস্নাতা সরস্বতীবেতি গঙ্গাদ্যাহন্যা নদীরুদীর্য্য পরে

করাইবে, কিন্তু পবিত্রারোপণ ও দমনকারোপণের দ্বাদশীর উৎসবে রাত্রিতে স্নান করাইবে না। ॥ ৯৫ ॥

নিত্যকৃত্য সমাপন করিয়া স্বীয় শক্তি অনুসারে ব্রাহ্মণদিগকে ভোজন করাইবেন, তৎপরে অগ্রে তুলসী ভোজন করিয়া দ্বাদশীতে পারণ করিবেন ॥ ৯৬ ॥

তথাচ স্কান্দে ॥

যে ব্যক্তি উপবাস করিয়া দ্বাদশী দিনে তুলসীমিশ্র নৈবেদ্য ভোজন করেন, তাঁহার কোটি পাপ বিনষ্ট হয় ॥ ৯৭ ॥

অথ পারণে দ্বাদশীর অপেক্ষা ॥

যে হেতু পদ্মপুরাণে কথিত হইয়াছে ॥

দ্বাদশী যদি পারণকাল অতিক্রান্তা হয়েন, তাহা হইলে স্নান না

করোতি ধর্ম্মহরণমস্নাতেব সরস্বতী ॥ ৯৮ ॥

স্কান্দে ॥

পারণাহনি সংপ্রাপ্তে দ্বাদশীং যো ব্যতিক্রমেৎ।
ত্রয়োদশ্যান্তু ভুঞ্জানঃ শতজন্মানি নারকী।

তত্রৈব শ্রীমার্কণ্ডেয় ভগীরথসম্বাদে ॥

যো হি ভাগবতো ভূত্বা দ্বাদশীং ন হি সাধয়েৎ।
কৃতস্য পূর্ব্বপুণ্যস্য দত্তস্তেন বিভাবসুঃ ॥

কৌর্ম্মে ॥

একাদশ্যামুপোষ্যৈব দ্বাদশ্যাং পারণং স্মৃতং ॥
ত্রয়োদশ্যাং ন তৎ কুর্য্যাৎ দ্বাদশ দ্বাদশীক্ষয়াৎ।

---

পারে স্নানং কার্য্যং সরস্বত্যাস্তু প্রথমং স্নাত্বৈব পরং পারং গন্তব্যমিতি বিধেঃ স্নানমকৃত্বোল্লঙ্ঘিতা সরস্বতী যথা ধর্ম্মহরণং করোতি তদ্বদিত্যর্থঃ ॥ ৯৮ ॥

দ্বাদশদ্বাদশীক্ষয়াদিতি দ্বাদশদ্বাদশীষু কৃতং পুণ্যং ক্ষীয়ত ইতি হেতোরিত্যর্থঃ ॥ ৯৯ ॥

---

করিয়া সরস্বতী পার হইলে নদী যেমন ধর্ম্ম হানি করেন, তাহার ন্যায় ঐ দ্বাদশী মনুষ্য সকলের মহাহানি করিয়া থাকেন ॥ ৯৮ ॥

স্কন্দপুরাণে ॥

পারণ দিন উপস্থিত হইলে যে ব্যক্তি দ্বাদশী লঙ্ঘন করিয়া ত্রয়োদশীতে ভোজন করেন, তিনি শতজন্ম নরক ভোগ করিবেন ॥

ঐ স্থানেই মার্কণ্ডেয় ও ভগীরথসম্বাদে ॥

যে ব্যক্তি ভাগবত হইয়া দ্বাদশী সাধন না করেন, তিনি আপনার কৃত পূর্ব্ব পুণ্য সমুদায় অগ্নিকে অর্পণ করিয়াছেন ॥

কূর্ম্মপুরাণে ॥

একাদশীতে উপবাস করিয়াই দ্বাদশীতে পারণ কথিত হইয়াছে, কখন ত্রয়োদশীতে পারণ করিবে না, করিলে দ্বাদশ দ্বাদশীর পুণ্য নষ্ট হয় ॥

কিঞ্চ ॥

কলাদ্বয়ং ত্রয়ং বাপি দ্বাদশীং নত্বতিক্রমেৎ।
অতিক্রান্তা দ্বাদশী তু হন্তি পুণ্যং পুরাকৃতং।

ভবিষ্যে ॥

যো দ্বাদশীমতিক্রম্য পারণং কুরুতে নরঃ।
দ্বাদশাব্দকৃতং তস্য তৎক্ষণাদেব নশ্যতি।

দেবীরহস্যে ॥

দ্বাদশীং সমতিক্রম্য পারণং যঃ করোতি হি।
স্নানদানাদিকং সর্ব্বং নিষ্ফলং তস্য জায়তে ॥ ৯৯ ॥
অল্পা চেদ্দ্বাদশী কুর্য্যান্নিত্যকর্ম্মারুণোদয়ে।
অত্যল্পা চেন্নিশীথোর্দ্ধমামধ্যাহ্নিকমেব তৎ।

অরুণোদয়ে নিত্যকর্ম্ম কুর্য্যাৎ। আমধ্যাহ্নিকং মধ্যাহ্নকৃত্যপর্য্যন্তং তন্নিত্যকর্ম্ম নিশীথা-

আরও ॥

দুই কলাই হউক বা তিন কলাই হউক দ্বাদশী অতিক্রম করিবে না, করিলে দ্বাদশী পূর্ব্ব পুণ্য বিনষ্ট করেন ॥

ভবিষ্যপুরাণে ॥

যে মনুষ্য দ্বাদশী অতিক্রম করিয়া ত্রয়োদশীতে পারণ করেন, তৎক্ষণাৎ অর্থাৎ পারণের সমকালীনই তাহার দ্বাদশ বৎসরের কৃত পুণ্য বিনষ্ট হয় ॥

দেবীরহস্যে ॥

দ্বাদশীকে অতিক্রম করিয়া যে ব্যক্তি ত্রয়োদশীতে পারণ করেন, তাঁহার স্নান দান প্রভৃতি সমুদায় বিফল হইয়া যায় ॥ ৯৯ ॥

পারণের দিনে দ্বাদশী যদি অল্প থাকে তাহা হইলে অরুণোদয় কালে নিত্য কর্ম্ম সমাপন করিবে, তদপেক্ষাও যদি দ্বাদশী ন্যূন থাকে, তবে নিশীথকালের পর আমধ্যাহ্নিক অর্থাৎ মধ্যাহ্নকাল পর্য্যন্ত

অথ দ্বাদশ্যল্পত্বে কৃত্যসমাধানং ॥

ভবিষ্যে ॥

স্বল্পায়ামথ ভূপাল দ্বাদশ্যামরুণোদয়ে ।
স্নানার্চ্চনক্রিয়াঃ কার্য্যা দানহোমাদিসংযুতাঃ ।

পাদ্মে ॥

যদা ভবতি স্বল্পা হি দ্বাদশী পারণেদিনে ।
উষঃ কালে দ্বয়ং কুর্য্যাৎ প্রাতর্মাধ্যাহ্নিকং তথা ।

নারদীয়ে ॥

অল্পায়ামথ বিপ্রেন্দ্র দ্বাদশ্যামরুণোদয়ে ।
স্নানার্চ্চনক্রিয়াঃ কার্য্যা দানহোমাদিসংযুতাঃ ॥ ১০০ ॥

দেবলোক্তৌ ॥

---

দুর্দ্ধমর্দ্ধরাত্রোপর্য্যেব কুর্য্যাৎ । আমধ্যাহ্নিকমিত্যেতৎ পূর্ব্বমপি দ্রষ্টব্যং ॥ ১০০ ॥

---

যে সমুদায় কার্য্য করিতে হইবে তৎ সমুদায় সমাধা করিবে ॥

অথ দ্বাদশীর অল্পত্বে কৃত্য সমাধান ॥

ভবিষ্যপুরাণে ॥

হে ভূপাল ! দ্বাদশীর অল্পতা হইলে অরুণোদয় কালে স্নান, অর্চ্চন, দান ও হোমাদি ক্রিয়া সকল নির্ব্বাহ করিবে ॥

পাদ্মপুরণে ॥

পারণ দিনে যখন দ্বাদশীর অল্পতা হইবে, তখন উষাকালে প্রাতঃকালিক ও মাধ্যাহ্নিক দুই কার্য্যই সম্পন্ন করিবে ॥

নারদপুরাণে ॥

হে বিপ্রেন্দ্র ! দ্বাদশীর অল্পতা হইলে অরুণোদয় কালে স্নান, দান, হোম প্রভৃতি সমুদায় কার্য্য করিবে ॥ ১০০ ॥

দেবল বলিয়াছেন ॥

অতএবোক্তং শারদাপুরাণে ॥

দিনকর্ম্ম দিনে সর্ব্বং কর্ত্তব্যং যদি তদ্দিনে।

নৈব সিদ্ধিমবাপ্নোতি তদা রাত্রৌ বিধীয়ত ইতি।

অথ সঙ্কটে পারণসমাধানং ॥

স্কান্দে ॥

কলার্দ্ধাং দ্বাদশীং দৃষ্ট্বা নিশীথাদূর্দ্ধমেব হি।

আমধ্যাহ্লাঃ ক্রিয়াঃ সর্ব্বাঃ কর্ত্তব্যাঃ শম্ভুশাসনাৎ ॥ ১০১ ॥

অশক্ত্যা সঙ্কটে প্রাপ্তে পারণং বারিণা চরেৎ।

অরুণোদয়ে নিত্যকর্ম্মাচরণে ভবিষ্যপুরাণাদিবচনানি প্রমাণত্বেন লিখিত্বা অত্যাল্পায়াং নিশীথাদূর্দ্ধমেব তৎকরণে স্কন্দপুরাণাদিবচনানি প্রমাণয়তি কলার্দ্ধমিতি আমধ্যাহ্নাঃ মধ্যাহ্না-বধি যাঃ ক্রিয়াঃ কৃত্যানি তাঃ সর্ব্বাঃ ॥ ১০১ ॥

তৎ বারিণা পারণং অশিতং ভুক্তমিতি ন বিদুর্মুনয়ঃ ইতি পশ্চাদ্ভোজনেঽপি দ্বির্ভো-

অতএব শারদাপুরাণে উক্ত হইয়াছে ॥

দিবসের কর্ত্তব্য কর্ম্ম সকল যদি সেই দিনেই করা কর্ত্তব্য হয়, তবে তৎসমুদায় কার্য্য দ্বাদশীর অল্পতা হেতু সমাধা হইবে না বলিয়া রাত্রিতে নির্ব্বাহ করা বিধেয় ॥

অথ সঙ্কটে পারণ সমাধান ॥

স্কন্দপুরাণে ॥

অর্দ্ধকলা দ্বাদশী দেখিয়া মধ্যাহ্ন পর্য্যন্ত যে সমুদায় কার্য্য করিতে হয়, মহাদেবের বাক্যাধীন নিশীথ কালের পরে সেই সকল কার্য্য সমাধা করিবে ॥ ১০১ ॥

উল্লিখিত কালের মধ্যে যদি ঐ সকল কার্য্য করিতে অসমর্থ হয়, তাহা হইলে সঙ্কট উপস্থিত হইল, এমত স্থলে কার্য্য করণের পূর্ব্বে কেবল জল দ্বারা পারণ করিবে, পণ্ডিতগণ ঐ পারণকে অশিত এবং

তদ্ধি নৈবাশিতং নৈবানশিতঞ্চ বিদুর্বুধাঃ ॥

অতএব তন্ত্রে ॥

কলাদ্বয়ং ত্রয়ং বাপি দ্বাদশী যদি দৃশ্যতে।
স্নানার্চ্চনাদিকং কর্ম্ম তদা রাত্রৌ বিধীয়তে ॥

কালিকা শারদাপুরাণয়োঃ ॥

স্বল্পৈব দ্বাদশী যত্র স্নানদানাদিকাঃ ক্রিয়াঃ।
রজন্যামেব কর্ত্তব্যা দানহোমাদিসংযুতাঃ।
সঙ্কটে বিষমে প্রাপ্তে দ্বাদশ্যাং পারয়েৎ কথং।
অদ্ভিস্তু পারণং কুর্য্যাৎ পুনর্ভুক্তং ন দোষকৃৎ ॥

কাত্যায়নোক্তৌ চ ॥

জনদোষপরিহারঃ। অনশিতঞ্চ ন বিদুরিত্যনেন দ্বাদশীলঙ্ঘনদোষপরিহারঃ ॥ ১০২ ॥

অনশিত বলিয়া জানেন অর্থাৎ দ্বাদশীর পারণের প্রতি ভোজন এবং নিত্য কর্ম্মকরণের পক্ষে অভোজন হয়, যে হেতু ব্রতরক্ষার্থ কিঞ্চিৎ জলপান করিয়া নিত্যকর্ম্ম করিলে দোষ হয় না ॥

অতএব সেই স্থানে ॥

যখন দ্বাদশী দুই কলা বা তিন কলা দেখা যায়, তখন রাত্রিতে স্নানার্চ্চন প্রভৃতি কার্য্য সকল বিধান করিবে ॥

কালিকাপুরাণে ও শারদাপুরাণে ॥

যেখানে দ্বাদশীর অল্পতা আছে, সেখানে স্নান, দান ও হোমাদি সংযুক্ত ক্রিয়া সকল রাত্রিতে নির্ব্বাহ করিবে ॥

বিষম সঙ্কট উপস্থিত হইলে কি প্রকারে দ্বাদশীতে পারণ করিবে, এই প্রশ্নে এস্থলে কেবল জলের দ্বারা পারণ করিবে, তাহাতে পুনর্ভুক্ত দোষ হয় না ॥

কাত্যায়নের উক্তিতেও ॥

মন্ত্রং জপিত্বা হরয়ে নিবেদ্যোপোষণং ব্রতী।
অদ্ভিস্তু পারণং কুর্য্যাৎ সঙ্কটে বিষমে সতি ॥
কিঞ্চ ॥
সন্ধ্যাদিকং ভবেন্নিত্যং পারণন্তু নিমিত্ততঃ।
অদ্ভিস্ত পারয়িত্বা তু কুর্য্যাৎ সন্ধ্যাদিকং পুনঃ ইতি ॥ ১০২ ॥
দ্বাদশী পূর্ব্বপাদীয়স্তত্র চেদ্ধরিবাসরঃ।
দ্বাদশ্যাধিক্যতস্তিষ্ঠেৎ পারণং তত্র নাচরেৎ ॥ ১০৩ ॥
অথ হরিবাসরকালে পারণনিষেধঃ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
দ্বাদশ্যাঃ প্রথমঃ পাদো হরিবাসরসংজ্ঞকঃ।

দ্বাদশ্যাঃ পূর্ব্বপাদসম্বন্ধী হরিবাসরঃ। তত্র পারণদিনে দ্বাদশ্যা আধিক্যতঃ বাহুল্যাৎ পঞ্চচত্বারিংশদ্দণ্টিকোপরি বৃত্তিশ্চেদ্যদি তিষ্ঠেৎ তত্র হরিবাসরে পারণং নাচরেৎ ॥ ১০৩ ॥

বিষম সঙ্কট উপস্থিত হইলে ব্রতী ব্যক্তি মন্ত্র জপ পূর্ব্বক হরিকে উপবাস নিবেদন করিয়া জলের দ্বারা পারণ করিবে ॥

আরও ॥

সন্ধ্যাদি নিত্য বিধি, পারণ নিমিত্ত জল দ্বারা পারণ করিয়া পুনরায় সন্ধ্যা করিবে ॥ ১০২ ॥

দ্বাদশীর প্রথম পাদের নাম হরিবাসর, তাহাকে অতিক্রম করিয়া অর্থাৎ দ্বাদশীর দিবসে পঞ্চচত্বারিংশৎ দণ্ডের উর্দ্ধ যত দণ্ড পল দ্বাদশী থাকিবে, আদিতে সেই দণ্ড পল পরিত্যাগ করিয়া পারণ করিবে, কিন্তু হ্রাস বৃদ্ধি সময়ে ঐরূপ দ্বাদশীর চতুর্থ ভাগ করিয়া আদি ভাগ ত্যাগ করিবে ॥ ১০৩ ॥

অথ হরিবাসরকালে পারণ নিষেধ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

দ্বাদশীর প্রথম পাদের নাম হরিবাসর, বিষ্ণুপরায়ণ ব্যক্তি তাহা

তমতিক্রম্য কুর্ব্বীত পারণং বিষ্ণুতৎপরঃ ॥

ক্বচিচ্চ ॥

দ্বাদশ্যেকাদশীযোগে বিখ্যাতো হরিবাসরঃ।

একাদশ্যন্ত্যপাদশ্চ দ্বাদশ্যাঃ পূর্ব্ব এব হি।

হরিবাসর ইত্যাহুর্ভোজনং ন সমাচরেৎ ॥

অথান্যেঽপি দ্বাদশীনিয়মাঃ ॥

স্কান্দে ॥

ক্ষৌদ্রং মাংসং সুরাং তৈলং ব্যায়ামং ক্রোধমৈথুনে।
পরান্নং কাংস্যতাম্বূলে লোভং নির্ম্মাল্যলঙ্ঘনং।
দ্বাদশ্যাং দ্বাদশৈতানি বৈষ্ণবঃ পরিবর্জ্জয়েৎ ॥
ব্রহ্মাণ্ডপুরাণে ॥
কাংস্যং মাংসং সুরা ক্ষৌদ্রং লোভং বিতথভাষণং ॥
ব্যায়ামঞ্চ প্রবাসঞ্চ দিবাস্বপ্নমথাঞ্জনং।

---

এবং দ্বাদশ্যাং পূজাদিনিয়মং লিখিত্বাস্তানপি নিয়মান্ লিখতি ক্ষৌদ্রমিতি ষড়্‌ভিঃ॥১০৪

---

অতিক্রম করিয়া পারণ করিবেন ॥

কোন গ্রন্থে ॥

দ্বাদশী একাদশীযোগে হরিবাসর বলিয়া বিখ্যাত হইয়াছে, একাদশীর অন্ত্যপাদ এবং দ্বাদশীর প্রথম পাদকে পণ্ডিতগণ হরিবাসর বলিয়া কীর্ত্তন করিয়াছেন, ইহাতে ভোজন করিবে না। ॥

অথ দ্বাদশীর অন্য নিয়ম সকল ॥

স্কন্দপুরাণে ॥

মধু, মাংস, সুরা, তৈল, ব্যায়াম (মল্লক্রীড়া), ক্রোধ, মৈথুন, পরান্ন, কাংস্য, তাম্বূল, লোভ ও নির্ম্মাল্য লঙ্ঘন, বৈষ্ণব ব্যক্তি দ্বাদশীতে এই বারটী বর্জ্জন করিবেন ॥

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

কাংস্য, মাংস, সুরা, মিথ্যাবাক্য, ব্যায়াম, প্রবাস, দিবাস্বপ্ন, অঞ্জন,

শিলাপিষ্টং মসূরঞ্চ দ্বাদশৈতানি বৈষ্ণবঃ।
দ্বাদশ্যাং বর্জ্জয়েন্নিত্যং সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ১০৪ ॥
বৃহস্পতিরপি ॥
কাংস্যং মাংসং সুরা দ্যূতং ব্যায়ামং ক্রোধমৈথুনং।
হিংসামসত্যং লৌল্যঞ্চ তৈলং নির্ম্মাল্যলঙ্ঘনং।
দ্বাদশ্যাং দ্বাদশৈতানি বৈষ্ণবঃ পরিবর্জ্জয়েৎ ॥
ক্বচিচ্চ ॥
কাংস্যং মাংসং মসূরঞ্চ চণকং কোরদূষকং।
রত্যৌষধপরান্নঞ্চ দ্বাদশ্যামষ্টবর্জ্জয়েৎ ॥ ১০৫ ॥
অথোন্মীলন্যাদ্যষ্টমহাদ্বাদশীনাং বিশেষতো নিরূপণং ॥
ব্রহ্মবৈবর্ত্তে শ্রীসূতশৌনকসম্বাদে ॥
উন্মীলনী বঞ্জুলী চ ত্রিস্পৃশা পক্ষবর্দ্ধনী।

অসত্যমনৃতভাষণং ॥ ১০৫ ॥
উন্মীলনী তথা তথা বঞ্জুলীত্যত্র বঞ্জলীতি ক্বচিৎ পাঠঃ ॥ ১০৬ ॥

শিলাপিষ্ট ও মসূর বৈষ্ণব ব্যক্তি দ্বাদশীতে এই বারটী বর্জ্জন করিলে সমুদায় পাপ হইতে নির্ম্মুক্ত হইবেন ॥ ১০৪ ॥

বৃহস্পতিও কহিয়াছেন ॥

কাংস্য, মাংস, সুরা, দ্যূত, ব্যায়াম, ক্রোধ, মৈথুন, হিংসা, মিথ্যা, লালসা, তৈল ও নির্ম্মাল্য লঙ্ঘন, বৈষ্ণব ব্যক্তি দ্বাদশীতে এই বারটী বর্জ্জন করিবেন ॥

কোন স্থানে ॥

কাংস্য, মাংস, মসূর, চণক, কোরদূষক, রতি, ঔষধ ও পরান্ন, দ্বাদশীতে এই আট বর্জ্জন করিবে ॥ ১০৫ ॥

অথ উন্মীলনী প্রভৃতি অষ্ট মহাদ্বাদশীর বিশেষ নিরূপণ ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে শ্রীসূত শৌনকসম্বাদে ॥

উন্মীলনী, বঞ্জুলী, ত্রিস্পৃশা, পক্ষবর্দ্ধনী, জয়া, বিজয়া, জয়ন্তী

জয়া চ বিজয়া চৈব জয়ন্তী পাপনাশিনী ॥ ১০৬ ॥
দ্বাদশ্যোহষ্টৌ মহাপুণ্যাঃ সর্ব্বপাপহরা দ্বিজ।
তিথিযোগেন জায়ন্তে চতস্রশ্চাপরাস্তথা।
নক্ষত্রযোগাচ্চ বলাৎ পাপং প্রশময়ন্তি তাঃ ॥
একাদশী তু সম্পূর্ণা বর্দ্ধতে পুনরেব সা।
দ্বাদশী চ ন বর্দ্ধেত কথিতোন্মীলনীতি সা।
দ্বাদশ্যেব বিবর্দ্ধেত নচৈবৈকাদশী যদা।
বঞ্জুলী তু ভৃগুশ্রেষ্ঠ কথিতা পাপনাশিনী ॥ ১০৭ ॥
অরুণোদয় আদ্যা স্যাদ্দ্বাদশী সকলং দিনং।

পুনঃ পরদিনমিত্যর্থঃ। বঞ্জুল্যা এব বিশেষণং পাপনাশিনীতি ॥ ১০৭ ॥
অরুণোদয়ে সূর্য্যোদয়ে। আদ্যা একাদশী। পাঠান্তরেঽপি সৈব অরুণোদয়ং ব্যাপ্য ॥১০৮

এবং পাপনাশিনী ॥ ১০৬ ॥

হে দ্বিজ! এই অষ্ট দ্বাদশী মহাপুণ্যস্বরূপা, ইহারা সমস্ত পাপ বিনষ্ট করে, এই অষ্ট দ্বাদশীর মধ্যে তিথিযোগে চারিটী দ্বাদশী, আর নক্ষত্রযোগে চারিটী দ্বাদশী হয়, ইহারা বল পূর্ব্বক পাপ বিনাশ করিয়া থাকে ॥

উন্মীলনী যথা ॥

একাদশী যদি সম্পূর্ণা হইয়া পর দিনে অর্থাৎ দ্বাদশীদিনে বৃদ্ধি প্রাপ্ত হয় কিন্তু দ্বাদশীর বৃদ্ধি হয় না, তাহা হইলে ঐ দ্বাদশীকে উন্মীলনী বলা যায় ॥

বঞ্জুলী যথা ॥

হে ভৃগুশ্রেষ্ঠ! যদি একাদশীর বৃদ্ধি না হইয়া দ্বাদশীর বৃদ্ধি হয়, তাহা হইলে ঐ দ্বাদশীকে বঞ্জুলী বলে, ঐ বঞ্জুলী পাপ সমুদায় বিনাশ করিয়া থাকে ॥ ১০৭ ॥

ত্রিস্পৃশা যথা ॥

যদি সূর্য্যোদয়ে একাদশী আর সমস্ত দিবারাত্র দ্বাদশী থাকে এবং

অন্তে ত্রয়োদশী প্রাতস্ত্রিস্পৃশা সা হরেঃ প্রিয়া ॥ ১০৮ ॥
কুহূরাকে যদা বৃদ্ধিং প্রযাতে পক্ষবর্দ্ধনী।
বিহায়ৈকাদশীং তত্র দ্বাদশীং সমুপোষয়েৎ।
পুষ্য শ্রবণ পুষ্যাদ্য রোহিণী সংযুতাস্তু তাঃ।
উপোষিতাঃ সমফলা দ্বাদশ্যোহষ্টৌ পৃথক্ পৃথক্ ॥ ১০৯ ॥
ব্রহ্মঘ্নমপি সা পূর্ব্বা বিশোধয়তি ভার্গব।
বঞ্জুলীতি দ্বিতীয়া সা হত্যাযুতবিনাশিনী।
মহাপাপানি চত্বারি শোধয়েৎ ত্রিস্পৃশা কৃতা।

পুষ্যাদ্যং পুনর্ব্বসুনক্ষত্রং সমফলা ইতি সর্ব্বাসাং নিত্যত্বাৎ ॥ ১০৯ ॥

পূর্ব্বা উন্মীলনী তথা পরা জয়ন্তীচেত্যর্থঃ। পুনর্জয়ন্ত্যা বিশেষং দর্শয়তি জয়ন্তীতি। পাঠান্তরে জয়াদিত্রয়ং প্রেতমোক্ষং কুরুতে। তথা পরেত্যস্য পরেণান্বয়ঃ পরা সর্ব্বশ্রেষ্ঠা

অন্তে প্রভাত সময়ে ত্রয়োদশী হয়, তাহা হইলে ঐ দ্বাদশীকে ত্রিস্পৃশা বলে, উহা হরির অতিশয় প্রিয়তমা ॥ ১০৮ ॥

পক্ষবর্দ্ধনী যথা ॥

যদি অমাবস্যা অথবা পূর্ণিমা বৃদ্ধি প্রাপ্ত হয় অর্থাৎ ঘাটিয়া যায়, তাহা হইলে তৎপূর্ব্ববর্ত্তি দ্বাদশীকে পক্ষবর্দ্ধনী বলে, একাদশী পরিত্যাগ করিয়া ঐ দ্বাদশীতে উপবাস করিবে ॥

অপর পুষ্যা, শ্রবণা, পুনর্ব্বসু ও রোহিণী এই চারি নক্ষত্রযুক্ত দ্বাদশীতে উপবাস করিবে। অষ্ট প্রকার দ্বাদশীর মধ্যে সকল দ্বাদশীরই ফল তুল্য ॥ ১০৯ ॥

হে ভৃগুশ্রেষ্ঠ শৌনক! পূর্ব্বা উন্মলনী ব্রহ্মঘ্ন ব্যক্তিকে পবিত্র করেন। দ্বিতীয়া বঞ্জুলী অযুত হত্যা বিনাশ করেন। তৃতীয়া ত্রিস্পৃশা মহাপাপ সংশোধন করিয়া থাকেন। চতুর্থী পক্ষবর্দ্ধনী অশেষ কলুষ সকল ছেদন করিয়া দেন ॥

কুরুতেঽশেষকলুষবিচ্ছেদং পক্ষবর্দ্ধনী।
জয়া জয়ন্তী বিজয়া প্রেতমোক্ষং তথা পরা।
জয়ন্তী নরকচ্ছেদমপি দুষ্কৃতকারিণাং।
অষ্টমী তু ভৃগুশ্রেষ্ঠ যথার্থা পাপনাশিনী ॥ ১১০ ॥
কিঞ্চ ॥
অথেতি মহতা পুণ্য প্রসারেণ হরের্দিনং।
শুক্লপক্ষে ভৃগুশ্রেষ্ঠ বিশেষব্রতসংযুতং।
তদায়াতমপি ত্যক্তং যদি পুণ্যং বহিঃশ্রুতৈঃ।
তদেতদমৃতং প্রাপ্তং করাদ্বিগলিতং ক্ষণাৎ ॥
একাদশীস্বরূপেণ ধর্ম্মঃ সাক্ষাজ্জনার্দ্দনঃ।

যত ইত্যর্থঃ। অষ্টমী পাপনাশিনী ॥ ১১০ ॥
হরের্দিনং উন্মীলন্যাদি বহিঃশ্রুতৈঃ অশ্রুতশাস্ত্রৈরিত্যর্থঃ। অক্ষরেতি পাঠে অক্ষরো

জয়া, জয়ন্তী, বিজয়া এই তিন দ্বাদশী প্রেতমোক্ষ করেন, কিন্তু সর্ব্বপ্রধানা জয়ন্তী দুষ্কৃতকারির নরকও ছেদন করিয়া দেন ॥

হে ভৃগুশ্রেষ্ঠ! অষ্টমী পাপনাশিনী ইনি যথার্থই পাপ বিনষ্ট করিয়া থাকেন ॥ ১১০ ॥

আরও ॥

হে ভৃগুশ্রেষ্ঠ! উন্মীলনী প্রভৃতি অষ্ট মহাদ্বাদশী অতিশয় পুণ্য বৃদ্ধিকারিণী, বিশেষ শুক্লপক্ষে ব্রতসংযুক্ত হইলে আরও পুণ্য বৃদ্ধি করিয়া থাকেন ॥

যে সকল ব্যক্তি শাস্ত্র শ্রবণ করে নাই, তাহাদের কর্ত্তৃক এই উপস্থিত পুণ্য বাসর পরিত্যক্ত হইলে ক্ষণকাল মধ্যে তাহাদের যেন প্রাপ্ত অমৃত হস্ত হইতে বিগলিত হইয়া যায় ॥

একাদশী রূপে সাক্ষাৎ জনার্দ্দন ধর্ম্ম স্বরূপ, বঞ্জুলী ও উন্মীলনী

তচ্ছরীরসমং প্রাহুর্ব্বঞ্জুল্যুন্মীলনীব্রতং
বিহায় বঞ্জুলীং পাপাঃ কারয়ন্ত্যবরাং তিথিং।
হিংসিতস্তৈরসৌ কৃষ্ণাঙ্কর ইত্যবধারয়।
যে কারয়ন্ত্যবিদ্বাংসঃ শাস্ত্রমুল্লঙ্ঘ্য হৈতুকাঃ।
প্রাণিনস্তৎকৃতং পাপং তেষাং গচ্ছত্যসংশয়ং।
তেষাং নিরভিমানৈস্তু ভূত্বা শাস্ত্রানুগামিভিঃ।
যথাবদুপদেষ্টব্যং ন ভাব্যং কলুষাশয়ৈঃ॥ ১১১॥
ব্রাহ্মে বশিষ্ঠমান্ধাতৃসম্বাদে॥
জয়া চ বিজয়া চৈব জয়ন্তী পাপনাশিনী।
সর্ব্বাপাপহরা হ্যেতাঃ কর্ত্তব্যাঃ ফলকাঙ্ক্ষিভিঃ॥ ১১২॥

---

জনার্দ্দন এব। তত্তস্মাৎ। অঙ্কুর ইতি বা পাঠঃ ততঃ পদাবির্ভাবস্থানং তুল্যমিত্যর্থঃ। তেষাং গচ্ছতি তান্ প্রাপ্নোতি। ভাষ্যমিতি পাঠে মলিনাশয়ৈর্ভূত্বা ন বক্তব্যমিত্যর্থঃ॥১১১
ফলং তত্রোক্তং যত্তৎকাঙ্ক্ষিভিঃ॥ ১১২॥

---

তাঁহার শরীরসদৃশ বলিয়া বর্ণিত হইয়াছে. পাপপরায়ণ মানবগণ যদি বঞ্জুলী পরিত্যাগ করিয়া অন্য তিথিতে উপবাস করে, তাহা হইলে তাহাদের কৃষ্ণাঙ্কর অর্থাৎ কৃষ্ণরূপি জনার্দ্দনকে বিনাশ করা হয়, ইহা অবধারণ কর॥

যে সকল তার্কিক পণ্ডিত শাস্ত্র উল্লঙ্ঘন পূর্ব্বক প্রাণিদিগকে বঞ্জুলী পরিত্যাগ করাইয়া অন্য তিথিতে উপবাস করান্, সেই সকল প্রাণিদিগের কৃত পাপ, ঐ ব্যবস্থাদায়ক পণ্ডিতগণের প্রতি উপস্থিত হইবে, ইহাতে সংশয় নাই। অতএব পণ্ডিতগণ অভিমান পরিত্যাগ পূর্ব্বক শাস্ত্রের অনুগামী হইয়া যথার্থ উপদেশ করিবেন, মলিন আশয়ে কখন উপদেশ করিবেন না॥ ১১১॥

ব্রহ্মপুরাণে বশিষ্ঠ ও মান্ধাতার সম্বাদে॥

জয়া, বিজয়া, জয়ন্তী ও পাপনাশিনী ইহাঁরা সমুদায় পাপ নাশ করিয়া থাকেন, অতএব ফলাকাঙ্ক্ষি পুরুষ এই সকলে ব্রত করিবেন॥ ১১২॥

অথাষ্টমহাদ্বাদশীনিত্যত্বং ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

দ্বাদশ্যোঽষ্টৌ সমাখ্যাতা যাঃ পুরাণবিচক্ষণৈঃ।
তাসামেকাপি চ হতা হন্তি পুণ্যং পুরাকৃতং ॥ ১১৩ ॥

পাদ্মে ॥

মার্কণ্ডেয়পুরাণে চ শ্রীভগবদুক্তৌ ॥

ন করিষ্যন্তি যে লোকে দ্বাদশ্যোঽষ্টৌ মমাজ্ঞয়া।
তেষাং যমপুরে বাসো যাবদাভূতসংপ্লবং ॥ ১১৪ ॥

স্কান্দে চ ব্রহ্মনারদসম্বাদে ॥

জাগরণপ্রসঙ্গে ॥

উন্মীলনী পরিত্যক্তা বঞ্জুলী পক্ষবর্দ্ধনী।

---

তাসাং মধ্যে হতা অতিক্রান্তা। পাঠান্তরেঽপি স এবার্থঃ ॥ ১১৩ ॥
যা অষ্টৌ দ্বাদশ্যস্তা যে ন করিষ্যন্তি ॥ ১১৪ ॥
স্কান্দোক্তোন্মীলন্যাদীনাং সাহচর্য্যাৎ জয়াদীনামপি চতসৃণাং নিত্যত্বং সিদ্ধমেব। কিম্বা

---

অথ অষ্টমহাদ্বাদশীর নিত্যত্ব ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ॥

পুরাণশাস্ত্রে পণ্ডিতগণ যে অষ্টমহাদ্বাদশীর বর্ণন করিয়াছেন, তাহার মধ্যে যদি একটীও পরিত্যাগ করেন, তাহা হইলে ঐ পরিত্যক্তা দ্বাদশী তাহার পূর্ব্ব পুণ্য বিনষ্ট করেন ॥ ১১৩ ॥

পদ্মপুরাণে এবং মার্কণ্ডেয়পুরাণেও
শ্রীভগবানের বাক্য ॥

ভগবান্ কহিলেন, সংসার মধ্যে যাহারা অষ্টমহাদ্বাদশীর ব্রত করে না, আমার আজ্ঞায় মহাপ্রলয় পর্য্যন্ত তাহাদের যমলোকে বাস হইবে ॥ ১১৪ ॥

স্কন্দপুরাণে ব্রহ্ম নারদসম্বাদে ॥

জাগরণপ্রসঙ্গে ॥

উন্মীলনী, বঞ্জুলী ও পক্ষবর্দ্ধনী পরিত্যাগ করিলে যে পর্য্যন্ত চতু-

নরকে বসতে তাবদ্যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ।
ত্রিস্পৃশা বিষ্ণুদয়িতা যে ন কুর্ব্বন্তি ভূতলে।
তাবদ্যমপুরে বাসো যাবন্নদ্যঃ সসাগরাঃ। ইতি॥
অথ ঋক্ষপ্রযুক্তানাং ব্রতকর্ত্তব্যতা যথা॥
জয়াদীনাং চতসৃণাং তথা ব্যক্তং নিরূপ্যতে।
ভান্যর্কোদয়মারভ্য প্রবৃত্তান্যধিকানি চেৎ।
সমা ন্যূনানি বা সন্তু ততোঽমীষাং ব্রতোচিতী।
কিম্বা সূর্য্যোদয়াৎ পূর্ব্বং প্রবৃত্তান্যধিকানি চেৎ।
সমানি বা তদাপ্যেষা ব্রতাচরণযোগ্যতা॥

তাস্বষ্টসু মধ্যে উন্মীলন্যাদীনামেব চতসৃণাং প্রাধান্যাভিপ্রায়েণ তত্র তাসামেব নিত্যত্বং

র্দ্দশ ইন্দ্রের অধিকার তাবৎ নরকে বাস হয়॥

যে ব্যক্তি বিষ্ণুর প্রিয়তমা ত্রিস্পৃশার ব্রত না করে, পৃথিবীতলে যে পর্য্যন্ত নদী ও সমুদ্র থাকিবে, তাবৎ তাহার নরকে বাস হয়॥

অনন্তর নক্ষত্রযোগে জয়া প্রভৃতি চারিটী দ্বাদশীর যেরূপ ব্রত কর্ত্তব্যতা, তাহাই স্পষ্টরূপে লিখিত হইতেছে॥

যদি শুক্লপক্ষের দ্বাদশীতে পুনর্ব্বসু, শ্রবণা, রোহিণী ও পুষ্যা এই চারি নক্ষত্র সূর্য্যোদয়কে আরম্ভ করিয়া প্রবৃত্তা হওত ষষ্টিদণ্ড দিন পরিমাণে অধিক, সম অথবা ন্যূন হয়, তাহা হইলে ঐ চারি নক্ষত্রের যোগে দ্বাদশীতে ব্রত হইবে॥

তাৎপর্য্য। দিবা রাত্রের পরিমাণ ষষ্টিদণ্ড, নক্ষত্র যদি শুক্লাদ্বাদশী-দিনে সূর্য্যোদয় হইতে প্রবৃত্ত হইয়া ষাটিয়া ত্রয়োদশীতে বৃদ্ধি পায় বা ষষ্টিদণ্ডে সমানভাবে থাকে অথবা ষষ্টিদণ্ড হইতে ন্যূন হয়, তাহা হইলে ঐ শুক্লাদ্বাদশীতে ব্রত হইবে॥

কিম্বা সূর্য্যোদয়ের পূর্ব্বে অরুণোদয়ে অথবা তাহারও পূর্ব্বে ঐ চারি নক্ষত্র প্রবৃত্ত হইয়া ষষ্টিদণ্ড দিনমান অপেক্ষায় ষষ্টিদণ্ড ভোগ করিয়া ত্রয়োদশীতে বৃদ্ধি পায় অথবা কেবল ষষ্টিদণ্ডই ভোগ করে, তবে ঐ দিবস ব্রত হইবে, কিন্তু ষষ্টিদণ্ডের ন্যূন হইলে ব্রত হইবে না॥

তাৎপর্য্য। যদি পূর্ব্বোক্ত লক্ষণানুসারে একাদশী শুদ্ধা হয়, আর দ্বাদশীর দিবসে যদি এই চারি নক্ষত্র সূর্য্যোদয়ের পূর্ব্বে অরুণোদয়ে অথবা তাহারও পূর্ব্বে প্রবৃত্ত হইয়া দ্বাদশীর সমস্ত দিবারাত্র ভোগ করিয়া ত্রয়োদশীর দিনে কিছু বাড়িয়া যায় কিম্বা দ্বাদশীর দিবসে ষষ্টি-দণ্ডমাত্রই ভোগ করে, তাহা হইলে শুদ্ধা একাদশী পরিত্যাগ করিয়া দ্বাদশীতে ব্রত করিবে, কিন্তু সূর্য্যোদয়ের পূর্ব্ব প্রবৃত্তা নক্ষত্র ষষ্টিদণ্ডের ন্যূন হইলে দ্বাদশীতে ব্রত হইবে না, নিশ্চয় জানিতে হইবে, নৃসিংহ-পরিচর্য্যায় কৃষ্ণদেবাচার্য্য এই মত প্রকাশ করিয়াছেন, হরিভক্তিবিলাস-কার গোস্বামিপাদ ঐ নৃসিংহপরিচর্য্যার মত অবলম্বন করিয়া একাদশী প্রভৃতি ব্রত সকলের ব্যবস্থা লিখিয়াছেন *॥

* "ভাস্বর্কোদয়মারভ্য" এই প্রথম বচনের অর্থ সকল স্মরণ রাখিবেন, যদি কোন-কালে শুক্লাদ্বাদশীতে ঐ চারি নক্ষত্রের যোগ হয় এবং সেই সকল নক্ষত্র যদি সূর্য্যোদয়কে আরম্ভ করিয়া ষাটিয়া ত্রয়োদশীর দিনে কিছু থাকে বা ষষ্টিদণ্ড ভোগ করে অথবা ষষ্টিদণ্ড হইতে ন্যূন হয়, তবে সেই দ্বাদশীতে উপবাস করা বিধেয়, আর "কিম্বা সূর্য্যোদয়াৎ পূর্ব্বং" এই দ্বিতীয় বচনে সূর্য্যোদয়ের পূর্ব্বে অরুণোদয়কালে বা তাহার পূর্ব্বে নক্ষত্র প্রবৃত্ত হইয়া ষষ্টিদণ্ড ভোগ করিয়া ত্রয়োদশীতে বৃদ্ধি পায় বা ষষ্টিদণ্ডমাত্রই ভোগ করে, তবে তাহাতেই ব্রত করিবে, কিন্তু সূর্য্যোদয়ের পূর্ব্ব প্রবৃত্ত নক্ষত্র ষষ্টিদণ্ডের ন্যূন হইলে উপ-বাসের যোগ্য হইবে না। জয়া, বিজয়া, জয়ন্তী ও পাপনাশিনী এই চারি মহাদ্বাদশীপ্রায় প্রাপ্ত হওয়া যায় না, কোন কালে সম্ভব হয়, এতএব মহানুভাবগণ এই ব্যবস্থার প্রতি দৃষ্টিপাত করিবেন, ইহার অন্যথা আচরণ করিবেন না, করিলে ব্রতহানি দোষে লিপ্ত হইবেন॥

শ্রবণাব্যতিরিক্তেষু নক্ষত্রেষু খলু ত্রিষু।
সূর্য্যাস্তগমনপর্য্যন্তং কার্য্যং দ্বাদশ্যপেক্ষণং।
শ্রবণেত্বস্তগমনতঃ প্রাগ্‌দ্বাদশ্যাং সমাপ্ততাং।
গতায়ামপি তত্রৈব ব্রতস্যোচিততা ভবেৎ॥ ১১৫ ॥
অথ পারণকালনির্ণয়ঃ॥
বৃদ্ধৌ ভতিথ্যোরধিকা তিথিশ্চেৎ পারণন্ততঃ।

---

যুক্তমিতি দিক্॥ ১১৫ ॥

---

শ্রবণা ব্যতিরিক্ত পুনর্ব্বসু, রোহিণী ও পুষ্যা এই তিন নক্ষত্রযোগে মহাদ্বাদশীর ব্রতে সূর্য্যের অস্তকাল পর্য্যন্ত দ্বাদশী থাকা আবশ্যক, সূর্য্যাস্তের ন্যূনে দ্বাদশী সমাপ্ত হইলে পূর্ব্বোক্ত পরিমাণে নক্ষত্রযোগে দ্বাদশীতে ব্রত হইবে না॥

আর পূর্ব্বোক্ত লক্ষণে শ্রবণাযোগে দ্বাদশী সূর্য্যাস্তের পূর্ব্বে সমাপ্ত হইলে সেই দ্বাদশীতে ব্রত করিবে॥

তাৎপর্য্য। শ্রবণানক্ষত্রযোগে মহাদ্বাদশীর ব্রতে দ্বাদশী যদি দেড়প্রহর থাকে, তাহা হইলে ঐ দ্বাদশীতে ব্রত হইবে। এস্থানে দেড়প্রহর এইরূপে জানিতে হইবে, যখন দিন বৃদ্ধি পাইয়া ১০ই আষাঢ়ে ৩৩। ৪০ তেত্রিশ দণ্ড চল্লিশ পল হয়, আর যখন দিন হ্রাস হইয়া ১০ই পৌষে ২৬। ২০ ছাব্বিশ দণ্ড কুড়ি পল হয়, তখন ঐ দিনের চতুর্থভাগ করিয়া যত দণ্ড পল হইবে, তাহাতে একপ্রহর হইবে, ঐ প্রহরের দেড়প্রহরকাল দ্বাদশী থাকিলে পূর্ব্বোক্ত প্রকারে শ্রবণাযোগে বিজয়া মহাদ্বাদশীর ব্রত হইবে, কিন্তু দ্বাদশী দেড়প্রহরের ন্যূন হইলে তাহাতে ব্রত হইবে না॥ ১১৫ ॥

অথ জয়াদি মহাদ্বাদশীর পারণকাল নির্ণয়॥

উপবাসদিনে যদি নক্ষত্র ও তিথি বৃদ্ধি পাইয়া পারণদিনে থাকে,

ভান্তে স্যাচ্চেত্তিথির্ন্যূনা তিথিমধ্যে তু পারণং।
দ্বাদশ্যননুবৃত্তৌ তু বৃদ্ধৌ ব্রহ্মাচ্যুতর্ক্ষয়োঃ ॥
তন্মধ্যে পারণং বৃদ্ধৌ শেষয়োস্তদতিক্রমে।
শ্রীদ্বাদশী চতুষ্কস্য মহতোহসৌ বিনির্ণয়ঃ।
নৃসিংহপরিচর্য্যাদিগ্রন্থদৃষ্ট্যা নিরূপিতঃ ॥
অথোন্মীলন্যাদীনাং বিশেষতোমাহাত্ম্যং।
তাসু পূজাবিধিবিশেষশ্চ।
তত্রাদৌ উন্মীলনীব্রতং ॥
পাদ্মে শ্রীসূত উবাচ।
রাজ্যং প্রকুর্ব্বতঃ পূর্ব্বমম্বরীষস্য বেশ্মনি।
গৌতমস্তপসা শ্রেষ্ঠঃ সমায়াতোমহামুনিঃ।

তাহা হইলে তিথির আধিক্যে নক্ষত্রের অন্তে তিথির মধ্যে পারণ করিবে, আর যদি নক্ষত্রের আধিক্য হয়, তবে তিথির মধ্যে পারণ করিবে। অপর পারণ দিনে যদি দ্বাদশী না থাকে এবং রোহিণী ও শ্রবণা নক্ষত্র বৃদ্ধি পায় তবে নক্ষত্রের মধ্যে পারণ করিবে, আর যদি পুনর্ব্বসু ও পুষ্যার বৃদ্ধি হয়, তাহা হইলে ইহাদের অন্তে পারণ হইবে॥

গ্রন্থকর্ত্তা কহিলেন, জয়া প্রভৃতি চারিটী মহাদ্বাদশীর নির্ণয় আমি নৃসিংহপরিচর্য্যাদি গ্রন্থের প্রতি দৃষ্টিপাত করিয়া নিরূপণ করিলাম ॥

অথ উন্মীলনী প্রভৃতির বিশেষ মাহাত্ম্য
এবং ঐ সকলে পূজার বিশেষ বিধি ॥

পদ্মপুরাণে শ্রীসূত কহিলেন ॥

পূর্ব্বকালে মহারাজ অম্বরীষ রাজ্য করিতেছিলেন, এমত সময়ে মহামুনি গৌতম, যিনি তপস্যা দ্বারা শ্রেষ্ঠ, তিনি ঐ অম্বরীষের গৃহে আসিয়া উপস্থিত হইলেন, রাজা মুনিসত্তমকে সমাগত দেখিয়া আপ-

দৃষ্ট্বা তমাগতং রাজা সমুত্তস্থৌ নিজাসনাৎ।
দত্ত্বার্ঘ্যং পরয়া ভক্ত্যা প্রোবাচাসনসংস্থিতং ॥
শ্রীঅম্বরীষ উবাচ ॥
স্বাগতং মুনিশার্দ্দূল প্রসাদং কর্ত্তুমর্হসি।
ধন্যানামপি ধন্যোঽহং যত্ত্বং মদ্গৃহমাগতঃ।
তপসঃ কুশলং তেঽদ্য ভক্তিঃ শ্রীকেশবোপরি।
নিশ্চলা মুনিশার্দ্দূল হৃদয়ান্নাপসর্পতি ॥
শ্রীগৌতম উবাচ ॥
তপসঃ কুশলং রাজন্ ভক্তিঃ কৃষ্ণে সুনিশ্চলা।
কুশলং তব রাজেন্দ্র ব্রহ্মণান্ পাসি সর্ব্বদা ॥ ১১৬ ॥
ভক্তিং ভাগবতীং নিত্যং কিং করোষি নরাধিপ।

তে তব অদ্য ইদানীং তপসঃ কুশলং কিমিতি প্রশ্নঃ তথা ভক্তিশ্চেতি চ ॥ ১১৬ ॥
ভক্তিমেব প্রপঞ্চয়তি শালগ্রামেত্যাদিনা প্রবত্নতঃ ইত্যন্তেন। বিশ্বং মূর্ত্তিং। কিমিত্যগ্রে

নার রাজসিংহাসন হইতে গাত্রোত্থান পূর্ব্বক পরম ভক্তি সহকারে অর্ঘ্য প্রদান করিয়া আসনস্থিত গৌতম ঋষিকে কহিলেন ॥

শ্রীঅম্বরীষ কহিলেন ॥

হে মুনিশ্রেষ্ঠ! আপনার সুখে ত আগমন হইয়াছে? আমার প্রতি অনুগ্রহ করিতে যোগ্য হউন, প্রভো! আপনি যখন আমার গৃহে সমাগত হইলেন, তখন আমি ধন্যসকলের মধ্যে ধন্য হইলাম ॥

হে মুনিশার্দ্দূল! এক্ষণ আপনার তপস্যার কুশল ত? কেশবের প্রতি নিশ্চলা ভক্তি ত হৃদয় হইতে অপগত হয় নাই? ॥

গৌতম কহিলেন, হে রাজন্! আমার তপস্যার কুশল এবং শ্রীকৃষ্ণের প্রতি নিশ্চলা ভক্তি আছে, হে রাজেন্দ্র! আপনি সর্ব্বদা ব্রাহ্মণদের প্রতিপালন করিয়া থাকেন, আপনার ত কুশল? ॥ ১১৬ ॥

হে নরাধিপ! আপনি ত সর্ব্বদা ভগবানের প্রতি ভক্তি করিয়া

শালগ্রামময়ং বিশ্বং কিং ত্বং পশ্যসি প্রত্যহং ।
কিং ত্বং বন্দয়সে নিত্যং শালগ্রামশিলাজলং ।
গৃহীত্বা স্নানতোয়ন্তু কিং ত্বং পিবসি প্রত্যহং ॥ ১১৭ ॥
দত্ত্বা বৈ বৈষ্ণবানান্তু প্রোক্ষণং কুরুষে গৃহে ।
তদ্বিলেপনশেষেণ অঙ্গানি পরিমার্জ্জসি ।
শালগ্রামশিলামালাং দত্ত্বা মূর্দ্ধনি প্রত্যহং ।
কিন্ধারয়সি ভূপাল কণ্ঠে নিত্যং সুভক্তিতঃ ।
ধূপশেষন্তু কৃষ্ণস্য ভক্ত্যা ভজসি ভূমিপ ।
কৃত্বা চারাত্রিকং বিষ্ণোর্ভক্ত্যা বন্দয়সে নৃপ ॥ ১১৮ ॥
শঙ্খোদকং হরের্মূর্দ্ধ্নি ভ্রাময়িত্বা সুভক্তিতঃ ।

সর্ব্বত্রৈবানুবর্ত্তনীয়ং প্রশ্নপ্রকরণবলাৎ ॥ ১১৭ ॥
দত্ত্বা বৈষ্ণবেভ্য ইতি শেষঃ ॥ ১১৮ ॥
বৈষ্ণবানিতি পাঠে তান্ প্রতি শেষং নির্ম্মাল্যং কিং যচ্ছসি ॥ ১১৯ ॥

থাকেন ? প্রত্যহ বিশ্বসংসারকে কি শালগ্রামময় রূপে অবলোকন করেন ? শালগ্রাম শিলার জলকে কি নিত্য বন্দনা করেন ? এবং শালগ্রাম শিলার স্নানবারি অর্থাৎ চরণামৃত ত নিত্য পান করিয়া থাকেন ? ॥ ১১৭ ॥

আপনি কি বৈষ্ণবদিগকে চরণামৃত প্রদান করিয়া গৃহে প্রোক্ষণ করেন ? ভগবানের অঙ্গবিলেপন শেষ দ্বারা কি অঙ্গ সকল মার্জনা করেন ? ॥

হে ভূপাল ! প্রত্যহ ভক্তিপূর্ব্বক শালগ্রামশিলার মালা মস্তকে প্রদান করিয়া নিত্য কি কণ্ঠে ধারণ করেন ? হে ভূমিপ ! ভক্তিসহকারে শ্রীকৃষ্ণের ধূপ শেষের কি আঘ্রাণ গ্রহণ করেন ? হে নৃপ ! বিষ্ণুর আরাত্রিক করিয়া ভক্তিপূর্ব্বক কি বন্দনা করেন ? ॥ ১১৮ ॥

হরির মস্তকে সজল শঙ্খ ভ্রমণ করাইয়া সুন্দর ভক্তিসহকারে কি

বিভর্ষি শিরসা নিত্যং শেষং যচ্ছসি বৈষ্ণবান্ ॥ ১১৯ ॥
নৈবেদ্যং দেবদেবস্য সর্ব্বোপস্করসংযুতং।
বিষ্বক্সেনায় দত্ত্বা ত্বং ভুঞ্জসে বৈষ্ণবৈঃ সহ।
নিত্যং নামসহস্রেণ ভক্ত্যা স্তৌষি জনার্দ্দনং।
দীপার্ঘ্যদানং দেবস্য কুরুষে গীতনর্ত্তনং।
দূর্ব্বাঙ্কুরৈঃ পূজয়িত্বা পূজান্তে মধুসূদনং।
অক্ষতৈর্নৃপশার্দ্দূল কিমর্চ্চয়সি কেশবং।
পক্ষে পক্ষে নৃপশ্রেষ্ঠ বিধিবদ্দ্বাদশীব্রতং।
দশমীবেধরহিতং কুরুষে জাগরান্বিতং ॥ ১২০ ॥
তুলসীপত্রনিকরৈর্নিত্যং পূজয়সে হরিং।

উপস্করা ব্যঞ্জনাদীনি ॥ ১২০ ॥
তুলসীপত্রসম্ভবাঞ্চ মালাং ॥ ১২১ ॥

নিত্য মস্তকে ধারণ করেন? এবং সেই জল শেষ কি বৈষ্ণবদিগকে প্রদান করেন? ॥ ১১৯ ॥

হে রাজন্! আপনি ত দেবদেব বিষ্ণুর সর্ব্ব উপকরণসমন্বিত নৈবেদ্য বিষ্বক্সেনকে সমর্পণ করিয়া বৈষ্ণবদিগের সহিত ভোজন করেন? ॥

নিত্য ভক্তিসমন্বিত হইয়া সহস্রনামস্তোত্র দ্বারা জনার্দ্দনকে কি স্তব করেন? দীপ ও অর্ঘ্য প্রদান করিয়া দেবদেবের গুণ কি কীর্ত্তন করেন? ॥

হে নৃপশার্দ্দূল! দূর্ব্বাঙ্কুর দ্বারা মধুসূদনের পূজা করিয়া পূজার অন্তে কি কেশবকে অক্ষত (আতপতণ্ডুল) দ্বারা অর্চ্চন করেন? ॥

হে নৃপশ্রেষ্ঠ! পক্ষে পক্ষে দশমীবেধরহিত জাগরণসমন্বিত যথাবিধি দ্বাদশীর ব্রত করেন ॥ ১২০ ॥

নিত্য তুলসীপত্র সমূহ দ্বারা হরিকে পূজা করেন, আপনি গোপী-

পুণ্ড্রং বিভর্ষি দেহে ত্বং গোপীচন্দনসম্ভবং।
বিভর্ষি কণ্ঠে ত্বং নিত্যং ধাত্রীফলসমুদ্ভবাং।
মালাং মখাযুতসমাং তুলসীপত্রসম্ভবাং ॥ ১২১ ॥
শালগ্রামশিলাযুক্তং দ্বারকায়াঃ সমুদ্ভবং।
নিত্যং পূজয়সে ভূপ ভুক্তিমুক্তিফলপ্রদং।
পুরাণং ত্বং ভাগবতং পঠসে পুরতো হরেঃ।
চরিতং দৈত্যরাজস্য প্রহ্লাদস্য চ ভূপতে।
বাসরং বাসুদেবস্য সবেধং কুর্ব্বতো নরান্।
নিবারয়সি ভূপাল শাস্ত্রদৃষ্ট্যা প্রযত্নতঃ।
সবেধং বাসরং বিষ্ণোর্যস্মিন্ রাষ্ট্রে প্রবর্ত্ততে।
লিপ্যতে তেন পাপেন রাজা ভবতি নারকী।

দ্বারকায়াঃ সমুদ্ভবং দ্বারকাসম্বন্ধি চক্রাঙ্কং ॥ ১২২ ॥

চন্দন দ্বারা দেহে পুণ্ড্র ধারণ করেন? আপনি নিত্য কি আমলকীফল-সম্ভূত মালা কণ্ঠে ধারণ করেন? এবং দশসহস্র যজ্ঞতুল্য তুলসী-পত্রসম্ভব মালা কি কণ্ঠে ধারণ করেন? ॥ ১২১ ॥

হে রাজন্! শালগ্রামশিলাযুক্ত দ্বারকাসমুৎপন্ন শিলা যাহা ভুক্তি মুক্তি ফল প্রদান করিয়া থাকেন, আপনি কি নিত্য তাঁহার পূজা করেন? হরির অগ্রে কি ভাগবতপুরাণ পাঠ করেন? ॥

হে ভূপ! আপনি কি হরির অগ্রে দৈত্যরাজ প্রহ্লাদের চরিত্র পাঠ করিয়া থাকেন? ॥

হে রাজন্! যে সকল ব্যক্তি দশমীবেধযুক্ত একাদশীর ব্রত করিতে উপস্থিত হয়, আপনি কি শাস্ত্রের প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক যত্ন-সহকারে তাহাদিগকে নিবারণ করেন? ॥

যে রাজ্যে দশমীবেধযুক্ত হরিবাসর প্রবৃত্ত হয়, সে রাজ্যের রাজাও

বেধং চতুর্ব্বিধং ত্যক্ত্বা সমুপোষ্য হরের্দ্দিনং ॥
কুলকোটিং সমুদ্ধৃত্য নরকাদ্ব্রজতে দিবং ॥
অম্বরীষ উবাচ ॥
ত্বয়া যদুক্তং বিপ্রেন্দ্র তৎসর্ব্বং প্রকরোম্যহং।
পশ্যাম্যহং বিষ্ণুময়ং জগদেতচ্চরাচরং।
বিষ্ণুরূপী ত্বমায়াতো মদ্গৃহং মুনিসত্তম।
ব্রতং কথয় মে বিপ্র বৈষ্ণবং সর্ব্বকামদং।
যৎ কৃত্বা ন পুনঃ কৃত্যং ভবতে ঋষিসত্তম।
পুনর্গতির্যথা বিপ্র বিষ্ণুলোকান্তবেন্ন হি ॥
শ্রীগৌতম উবাচ ॥
শৃণু ভূপাল বক্ষ্যামি ব্রতং যদ্বৈষ্ণবং মহৎ।

সেই পাপে লিপ্ত হইয়া নরকে গতি লাভ করেন ॥

যে ব্যক্তি চারি প্রকার দশমীবেধ পরিত্যাগ পূর্ব্বক হরিদিনে উপবাস করেন, তিনি আপনার কোটিকুলকে নরক হইতে উদ্ধার করিয়া স্বর্গে গমন করেন ॥

অম্বরীষ কহিলেন, হে বিপ্রেন্দ্র! আপনি যাহা যাহা জিজ্ঞাসা করিলেন, আমি তৎসমুদায় করিয়া থাকি এবং এই চরাচর জগৎকে বিষ্ণুরূপে অবলোকন করি ॥

হে মুনিসত্তম! আপনি বিষ্ণুরূপী আমার গৃহে আগমন করিয়াছেন, হে বিপ্র! সর্ব্বকামপ্রদ বৈষ্ণবব্রত আমার প্রতি বলিতে আজ্ঞা হউক ॥

হে ঋষিসত্তম! যে বৈষ্ণবব্রত করিলে আর পুনরায় কর্ম্ম করিতে হয় না এবং বিষ্ণুলোক হইতে পুনরাগতি ঘটে না, তাহা আমাকে উপদেশ করুন? ॥

গৌতম কহিলেন, হে ভূপাল! আমি মহৎ বৈষ্ণবব্রত বলি শ্রবণ

দ্বাদশীসম্ভবং পুণ্যং ময়া খ্যাতং ন কস্যচিৎ ॥ ১২২ ॥
বৈষ্ণবোঽসি মহারাজ ভক্ত্যা ভাগবতাং নৃণাং ।
বৈষ্ণবং যন্মহাগুহ্যং তদ্ব্রতং ত্বং নিশাময় ।
উন্মীলনী নাম পুরা মম ভক্ত্যা তু বিষ্ণুনা ।
কথিতা সুপ্রসন্নেন তাং তে ভূপ বদাম্যহং ।
সম্পূর্ণৈকাদশী প্রাতর্দ্বিতীয়েঽহ্নি প্রবর্দ্ধতে ।
উন্মীলনীতি সা প্রোক্তা পাপপঙ্কৌঘনাশিনী ॥ ১২৩ ॥
ত্রৈলোক্যে যানি তীর্থানি পুণ্যান্যায়তনানি চ ।
কোট্যংশেনৈব তুল্যানি মখা বেদাস্তপাংসি চ ॥ ১২৪ ॥

ভাগবত্তানামিতি বক্তব্যে ভাগবতামিত্যার্ষঃ ॥ ১২৩ ॥

কোটীনামংশানামেকেনৈবাংশেন তীর্থাদীনি তুল্যানীত্যর্থঃ। যদ্বা কোট্যংশে বিষয়েঽপি নৈব তুল্যানি ॥ ১২৪ ॥

কর, দ্বাদশীসম্ভব পুণ্য কাহাকেও উপদেশ করি নাই ॥ ১২২ ॥

হে মহারাজ! আপনি বৈষ্ণব, ভগবদ্ভক্তদিগের যে মহাগুহ্য বৈষ্ণবব্রত, তাহা কীর্ত্তন করি, ভক্তিপূর্ব্বক শ্রবণ করুন ॥

হে ভূপ! পূর্ব্বকালে ভগবান্ বিষ্ণু আমার ভক্তিতে প্রসন্ন হইয়া আমাকে উন্মীলনী ব্রত আজ্ঞা করিয়াছেন, তাহাই আপনাকে বলিতেছি ॥

যে সম্পূর্ণা একাদশী দ্বাদশীর প্রাতে বৃদ্ধি প্রাপ্ত হয়, তাহাকে উন্মীলনী বলে, এই উন্মীলনী সমুদায় পাপপঙ্ক বিনাশ করিয়া থাকেন ॥ ১২৩ ॥

ত্রৈলোক্যে যত তীর্থ, যত পুণ্যাশ্রম, যত যজ্ঞ এবং যত তপস্যা আছে, তৎসমুদায় উন্মীলনীব্রতের কোট্যংশের একাংশেরও তুল্য হয় না ॥ ১২৪ ॥

উন্মীলনীসমং কিঞ্চিন্ন দৃষ্টং ন শ্রুতং ময়া।
প্রয়াগো ন কুরুক্ষেত্রং ন কাশী ন চ পুষ্করং।
ন রেবা ব্রহ্মতনয়া কালিন্দী মথুরা ন হি।
পিণ্ডারকং প্রভাসঞ্চ ন ক্ষেত্রং হাটকেশ্বরং।
শৈলো হিমাচলো নৈব ন মেরুর্গন্ধমাদনঃ।
শৈলো নৈবেহ মলয়ো ন বিন্ধ্যো নৈব নৈষধঃ।
গোদাবরী চ কাবেরী চন্দ্রভাগা ন দেবিকা।
ন তাপি ন পয়োষ্ণী চ ন সীপ্রা নৈব চন্দনা।
চর্ম্মণ্বতী চ সরযূশ্চন্দ্রভাগা ন গণ্ডকী।
গোমতী চ বিপাশা চ শোণশ্চৈব মহানদঃ।
কিমত্র বহুনোক্তেন ভূয়ো ভূয়ো নরাধিপ।
নোন্মীলনীসমং কিঞ্চিন্ন দেবঃ কেশবাৎ পরঃ।
উন্মীলনীমনুপ্রাপ্য যৈঃ কৃতং কেশবার্চ্চনং।

তদেব প্রপঞ্চয়তি উন্মীলনীতি ষড়্‌ভিঃ। প্রয়াগমিত্যাদীনাং নপুংসকত্বমার্ষং। এবং

উন্মীলনীর তুল্য না কিছু দেখিয়াছি, না কিছু শুনিয়াছি। প্রয়াগ, কুরুক্ষেত্র, কাশী, পুষ্কর, রেবা, সরস্বতী, যমুনা, মথুরা, পিণ্ডারক, প্রভাস, হাটকেশ্বর ( শিব ) ক্ষেত্র, হিমালয় পর্ব্বত, সুমেরু পর্ব্বত, গন্ধমাদন পর্ব্বত, মলয়গিরি, বিন্ধ্যাচল, নৈষধপর্ব্বত, গোদাবরী, কাবেরী, চন্দ্রভাগা, দেবিকা, তাপী, পয়োষ্ণী, সীপ্রা, চন্দনা, চর্ম্মণ্বতী, সরযূ, চন্দ্রভাগা, গণ্ডকী, বিপাসা এবং মহানদ শোণ এ সকল তুল্য হয় না॥

হে রাজন্! এস্থলে বারম্বার আর অধিক কি বলিব, উন্মীলনীর তুল্য কিছু নাই এবং কেশবের তুল্য আর দেবতা নাই॥

যে সকল ব্যক্তি উন্মীলনী প্রাপ্ত হইয়া কেশবের অর্চ্চনা করেন,

পাপচক্রসমূহস্য দত্তস্তেন দবানলঃ ॥ ১২৫ ॥
যস্মিন্ মাসে মহীপাল তিথিরুন্মীলনী ভবেৎ।
তন্মাস নাম্না গোবিন্দঃ পূজনীয়োযথাবিধি ॥ ১২৬ ॥
জাতরূপময়ঃ কার্য্যো মাসনাম্না তু মাধবঃ।
স্বশক্ত্যা বিশ্বরূপঞ্চ শ্রদ্ধাভক্তিসমন্বিতৈঃ।
পবিত্রোদকসংযুক্তং পঞ্চরত্নসমন্বিতং।
গন্ধপুষ্পাক্ষতৈর্যুক্তং কুম্ভং স্রগ্দামভূষিতং।
পাত্রমৌড়ুম্বরং কার্য্যং গোধূমৈশ্চাপি পূরিতং।
তণ্ডুলৈর্বা মহীপাল স্থাপনীয়ং ঘটোপরি।

সর্ব্বত্রৈবোহ্যং। ব্রহ্মতনয়া সরস্বতী ॥ ১২৫ ॥

এবং মাহাত্ম্যমুক্ত্বা তত্র পূজাবিধিবিশেষমাহ যস্মিন্নিত্যাদিনা কথমেকৈরিত্যন্তেন। তন্মাসনাম্নেতি মার্গাদি দ্বাদশমাসেষু ক্রমেণ কেশবাদ্যা দামোদরান্তাঃ কেশবাদিন্যাসাদৌ লিখিতা দ্বাদশ দেবতাঃ। অতস্তন্মাসদেবতানাম্নেত্যর্থঃ। অতশ্চ তত্তদায়ুধাদিকমপি তথৈব কর্ত্তব্যমিত্যূহ্যং। এবমগ্রেঽপি ॥ ১২৬ ॥

স্বশক্ত্যা নিজশক্ত্যনুসারেণ। বিশ্বরূপং সমগ্রসৌন্দর্য্যং যথা স্যাৎ। যদ্বা তদীয়াখিলায়ুধাদ্যুপাঙ্গঞ্চেত্যর্থঃ। কুম্ভং স্থাপয়েদিতি শেষঃ। স্নাপয়িত্বা পঞ্চামৃতাদিনা। ঘটোপরি স্থাপনীয় ইতি ঘটোপরি যত্তাম্রপাত্রং তদুপরীত্যর্থঃ তত্রাপি ঘটোপরি স্বস্যাব্যভিচারাৎ। স্থাপনঞ্চ এহ্যেহি ত্বং জগন্নাথ বৈকুণ্ঠ পুরুষোত্তম। পরিবারগণোপেত লক্ষ্যা সহ জগৎপতে।

তিনি দাবানলকে পাপচক্র সমূহ সমর্পণ করিয়াছেন ॥ ১২৫ ॥

হে মহীপাল! যে মাসে উন্মীলনী তিথি উপস্থিত হয়, সেই মাসের নাম দ্বারা যথাবিধ কেশবের অর্চ্চনা করা কর্ত্তব্য ॥ ১২৬ ॥

যে মাসে বিষ্ণুর যে নাম সেই নামে স্বর্ণ দ্বারা মাধবের মূর্ত্তি নির্ম্মাণ করিবে। আপনার শক্তি অনুসারে শ্রদ্ধাভক্তিসমন্বিত হইয়া পবিত্র জলযুক্ত, পঞ্চরত্নসমন্বিত, গন্ধ, পুষ্প ও অক্ষতযুক্ত, মালাভূষিত কলস, অথবা তাম্রপাত্র নির্ম্মাণ করিয়া তাহাকে গোধূম বা তণ্ডুল

স্নাপয়িত্বা তু গোবিন্দং কুঙ্কুমাগুরুচন্দনৈঃ।
কৃত্বা বিলেপনং বিষ্ণুঃ স্থাপনীয়োঘটোপরি ॥ ১২৭ ॥
প্রদদ্যাদ্বস্ত্রযুগ্মন্তু সোপবীতঞ্চ সোত্তরং।
উপানহৌ চ রাজর্ষে আতপত্রং শিরোপরি।
ভাজনং জলপাত্রঞ্চ সপ্তধান্যং তিলৈঃ সহ।
রূপ্যং চৈব চ কার্পাসং পায়সং মুদ্রিকাং হরেঃ।
ধেনুং বা নিষ্ক্রয়ং বাপি দদ্যান্মাধবতুষ্টয়ে।
শয্যাং সোপস্কারাং দত্ত্বা মাধবায় তু ভক্তিতঃ।
ধূপদীপন্তু নৈবেদ্যং ফলং পত্রং নিবেদয়েৎ।
পূজনীয়ো মহাভক্ত্যা মন্ত্রেরেভিস্তু বৈষ্ণবৈঃ।
তুলসীপত্রসংযুক্তৈঃ পুষ্পৈঃ কালোদ্ভবৈর্হরিঃ ॥ ১২৮ ॥

ইত্যাবাহনেন তথা মনোজ্যোতিরিতি প্রতিষ্ঠাদিনা চ জ্ঞেয়ং। গন্ধপুষ্পাদিসমর্পণঞ্চ তন্নামমন্ত্রেণৈব ॥ ১২৭ ॥

সোত্তরং উত্তরীয়সহিতং ॥ ১২৮ ॥

দ্বারা পূর্ণ করিয়া তাহার উপরি বিশ্বরূপ ভগবানের মূর্ত্তি স্থাপন করিবে ॥ ১২৭ ॥

হে রাজর্ষে! উপবীত ও উত্তরীয়ের সহিত দুই খানি বস্ত্র, পাদুকাদ্বয় এবং মস্তকের উপর ছত্র প্রদান করিবে, জলপাত্র, তিলের সহিত সপ্তধান্য, রূপ্য, কার্পাস, পায়স, মুদ্রিকা, নিষ্ক্রয় এবং ধেনু মাধবের তুষ্টি নিমিত্ত অর্পণ করিবে ॥

ভক্তিপূর্ব্বক মাধবকে উপস্করের সহিত শয্যা দান করিয়া ধূপ, দীপ, নৈবেদ্য, ফল ও পত্র নিবেদন করিবে। বৈষ্ণবগণ এই সকল মন্ত্র উল্লেখ পূর্ব্বক তুলসীপত্রসংযুক্ত কালোপপন্ন পুষ্প দ্বারা হরিকে পূজা করিবেন ॥ ১২৮ ॥

মাসনাম্না তু পাদৌ হি জানুনী বিশ্বরূপিণে।
গুহ্যন্তু কামপতয়ে কটীঞ্চ পীতবাসসে।
ব্রহ্মমূর্ত্তিভৃতে নাভিং উদরং বিশ্বযোনয়ে।
হৃদয়ং জ্ঞানগম্যায় কণ্ঠং বৈকুণ্ঠমূর্ত্তয়ে।
উরুগায় ললাটন্তু বাহূ ক্ষেত্রান্তকারিণে।
উত্তমাঙ্গং সুরেশায় সর্ব্বাঙ্গং সর্ব্বমূর্ত্তয়ে ॥ ১২৯ ॥
স্বনাম্না চায়ুধাদীনি পূজনীয়ানি ভক্তিতঃ।
অর্ঘ্যদানং প্রকর্ত্তব্যং নারিকেলাদিভিঃ ফলৈঃ ॥ ১৩০ ॥
শঙ্খোপরি ফলং কৃত্বা গন্ধপুষ্পফলান্বিতং।
সূত্রেণ বেষ্টনং কৃত্বা দদ্যাদর্ঘ্যং বিধানতঃ

অবয়বপূজামাহ। মাসেতি ত্রিভিঃ। মাসনাম্না স্বনাম্নেত্যর্থঃ। অত্র সর্ব্বত্রৈব নমঃ শব্দঃ প্রযোজ্যঃ এতএব মন্ত্রাঃ। পাদৌ পূজয়েদিতি শেষঃ। এবমগ্রেঽপি সর্ব্বত্র ॥ ১২৯ ॥

স্বনাম্না সুদর্শনায় নম ইত্যাদিনা রূপেণ ॥ ১৩০ ॥

বিধানত ইতি সজলকুঙ্কুমশঙ্খোপরি একসূত্রবেষ্টিতং গন্ধাদিসহিতং ফলং কৃতার্ঘ্যং

মন্ত্র যথা—যে মাসে বিষ্ণুর যে নাম সেই নামোল্লেখ করিয়া চরণদ্বয়, বিশ্বরূপ এই নামে জানুদ্বয়, কামপতি নামে গুহ্যদেশ, পীতবাসা নামোল্লেখ করিয়া কটি, ব্রহ্মমূর্ত্তিধারি নামে নাভি, বিশ্বযোনি নামে উদর, জ্ঞানগম্য নামে হৃদয়, বৈকুণ্ঠমূর্ত্তি নামে কণ্ঠ, উরুগায় নামে ললাট, ক্ষত্রিয়নাশন নামে বাহুদ্বয়, সুরেশ নামে উত্তমাঙ্গ ও সর্ব্বমূর্ত্তিনামে সর্ব্বাঙ্গের পূজা করিবে ॥ ১২৯ ॥

যে অস্ত্রের যে নাম সেই নাম উল্লেখ করিয়া অর্থাৎ "সুদর্শনায় নম" ইত্যাদি মন্ত্র দ্বারা ভক্তিপূর্ব্বক অস্ত্রাদির পূজা করিবে এবং নারিকেল প্রভৃতি ফল দ্বারা অর্ঘ্য প্রদান করা কর্ত্তব্য ॥ ১৩০ ॥

যথাবিধানে অর্থাৎ সজলকুঙ্কুম শঙ্খের উপরি গন্ধ, পুষ্প, আতপ

দেবদেব মহাদেব মহাপুরুষ পূর্ব্বজ।
সুব্রহ্মণ্য নমস্তেঽস্তু পুণ্যকীর্ত্তিবিবর্দ্ধন।
শোকমোহমহাপাপান্মামুদ্ধর ভবার্ণবাৎ।
সুকৃতং ন কৃতং কিঞ্চিজ্জন্মান্তরশতৈরপি।
তথাপি মাং জগন্নাথ সমুদ্ধরভবার্ণবাৎ।
ব্রতেনানেন দেবেশ যে চান্যে মম পূর্ব্বজাঃ।
বিযোনিষু গতাশ্চান্যে পাপান্মৃত্যুবশঙ্গতাঃ।
যে ভবিষ্যন্তি যেঽতীতাঃ প্রেতলোকাৎ সমুদ্ধর।
আর্ত্তস্য মম দীনস্য ভক্তিরব্যভিচারিণী।
দত্তমর্ঘ্যং ময়া তুভ্যং ভক্ত্যা গৃহ্ণ গদাধর।

দদ্যাদিতি বিধানং জ্ঞেয়ং। তত্র মন্ত্রঃ দেবদেবেত্যাদি। ব্রতকৃত্যং ব্রতোপস্করং শ্রীমূর্ত্ত্যা

তণ্ডুল ও ফল স্থাপন পূর্ব্বক একটী সূত্র দ্বারা বেস্টন করিয়া অর্ঘ্য দান করিবে॥

অর্ঘ্যমন্ত্র যথা॥

হে দেবদেব! হে মহাদেব! হে মহাপুরুষ! হে পূর্ব্বজ! হে সুব্রহ্মণ্য! হে পুণ্যকীর্ত্তিবিবর্দ্ধন! আপনাতে নমস্কার থাকুক, শোক, মোহ ও মহাপাপ স্বরূপ ভবসাগর হইতে আমাকে উদ্ধার করুন॥

হে দেবেশ! আমার যে কোন পূর্ব্বপুরুষ বিযোনিগত হইয়াছেন এবং যাঁহারা পাপ বশতঃ মৃত্যুর বশীভূত হইয়াছেন। অপর যাঁহারা হইবেন ও যাঁহারা অতীত হইয়াছেন, তাঁহাদিগকে প্রেতলোক হইতে উদ্ধার করুন। আর আমি পীড়িত ও অতিদীন আমার সম্বন্ধে আপনার অব্যভিচারিণী ভক্তি হউক॥

হে গদাধর! আমি আপনাকে ভক্তিপূর্ব্বক অর্ঘ্য প্রদান করিলাম, গ্রহণ করুন॥

দত্ত্বার্ঘ্যং ধূপদীপাদ্যৈর্নৈবেদ্যৈর্হবিরুদ্ভবৈঃ ।
স্তোত্রৈর্নীরাজনৈর্গীতৈর্নৃত্যৈঃ সন্তোষয়েদ্ধরিং ।
বস্ত্রদানৈশ্চ গোদানৈর্ভোজনৈস্তোষয়েৎ গুরুং ।
অকুর্ব্বন্ বিত্তশাঠ্যন্তু ব্রতং কুর্য্যাত্তু বৈষ্ণবঃ ।
তুষ্ট্যর্থং পদ্মনাভস্য কার্য্যং জাগরণন্তথা ।
নিশান্তে ব্রতকৃত্যন্তু গুরবে তন্নিবেদয়েৎ ।
গুরৌ নিবেদিতে ভূপ পরিপূর্ণং ভবেদ্ব্রতং ।
কৃত্বা দিনকৃতং কর্ম্ম ভোজনং ব্রাহ্মণৈঃ সহ ।
কর্ত্তব্যং নৃপশার্দ্দূল দিনং নেয়ং কথানকৈঃ ॥ ১৩১ ॥
অনেন বিধানা যস্তু কুর্য্যাদুন্মীলনীব্রতং ।

দিকং । দিনকৃত্যং । কথানকৈঃ ভগবদ্বার্ত্তাদিভিঃ ॥ ১৩১ ॥
এবং ব্রতস্য পুনঃ ফলবিশেষমাহ অনেনেতি দ্বাভ্যাং ॥ ১৩২ ॥

এইরূপে অর্ঘ্যদানানন্তর ধূপ দীপ প্রভৃতি তথা ঘৃতপক্ব নৈবেদ্য, স্তোত্র, নীরাজন, গীত ও নৃত্য দ্বারা হরিকে সন্তোষ করিবে ॥

তদনন্তর বস্ত্র, গাভী ও ভোজনাদি দ্বারা গুরুর সন্তোষ সাধন করিবে ॥

বৈষ্ণব ব্যক্তি বিত্তশাঠ্য পরিত্যাগ করিয়া ব্রত করিবেন, পদ্মনাভের তুষ্টির নিমিত্ত জাগরণ করিবেন। রাত্রির শেষে ব্রতকৃত্য অর্থাৎ ব্রতের উপকরণ শ্রীমূর্ত্তি প্রভৃতি গুরুকে সমর্পণ করিবেন। হে রাজন্! গুরুকে নিবেদন করিলে ব্রতের পরিপূর্ণতা হয় ॥

হে নৃপশ্রেষ্ঠ! তৎপরে আহ্নিক ক্রিয়া সমাপন পূর্ব্বক ব্রাহ্মণদিগের সহিত ভোজন করিবে। তাহার পর ভগবৎকথা দ্বারা দিনযাপন করিবে ॥ ১৩১ ॥

এইরূপ বিধানক্রমে যে ব্যক্তি উন্মীলনীব্রত করেন, তিনি কোটি-

কল্পকোটিসহস্রাণি বসতে বিষ্ণুসন্নিধৌ ॥ ১৩২ ॥

কিঞ্চ ॥

উন্মীলনীব্রতং কুর্য্যাদেবং যঃ স ধনী ভবেৎ।
দীর্ঘায়ুঃ পুত্রবান্ বিদ্বান্ ন কর্ত্তা নিরয়ং ব্রজেৎ।

ব্রহ্মবৈবর্ত্তে। সূতশৌনকসম্বাদে ॥

তাবৎ প্রাপানি দেহেষু দুঃসহা যমযাতনাঃ।
প্রাণিনাং কুরুতে তাবদযাবন্নোন্মীলনীব্রতং।
যদত্র দীয়তে দানং হূয়তে বাত্র যদ্ধরিঃ।
সর্ব্বং তদক্ষয়ং প্রাহুরুন্মীলন্যাং মহর্ষয়ঃ ॥ ১৩৩ ॥

॥ ❋ ॥ ইত্যুন্মীলনীব্রতং ॥ ❋ ॥

যাবদুন্মীলনীব্রতং ন কুরুতে জনঃ তাবদেব প্রাণিনাং দেহেষু পাপানি তাবচ্চ যমযাতনা দুঃসহা ভবন্তীত্যন্বয়ঃ। নকারাভাব পাঠেঽপি উন্মীলনীব্রতাচরণং যাবদেব পাপাদয়স্তিষ্ঠন্তি তাবদেব তস্মিন্ সতি চ ন তিষ্ঠন্তীতি তথৈবার্থঃ ॥ ১৩৩ ॥

কল্পসহস্র বিষ্ণুর নিকটে অবস্থিতি করিবেন ॥ ১৩২ ॥

আরও ॥

যে ব্যক্তি এই প্রকারে উন্মীলনীব্রত করে, সে ধনী হয়, তাহার পরমায়ুঃ বৃদ্ধি পায় এবং পুত্রবান্ ও বিদ্বান্ হয়, আর যে এই প্রকারে ব্রত না করে, তাহার নরকে গতি হয় ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে সূত শৌনকসম্বাদে ॥

যে পর্য্যন্ত উন্মীলনীব্রত না করা হয়, সেই পর্য্যন্ত পাপ সকল প্রাণিদিগের শরীরে দুঃসহ যমযাতনা প্রদান করিয়া থাকে ॥

এই উন্মীলনীব্রতে যাহা দান করা যায় এবং যে সকল হবনীয় দ্রব্য হোম করা যায়, মহর্ষিগণ কহিয়াছেন, সেই সমুদায় অক্ষয় হয় ॥১৩৩॥

॥ ❋ ॥ ইতি উন্মীলনীব্রত ॥ ❋ ॥

অথ বঞ্জুলীব্রতং ॥

পাদ্মে এব শ্রীগৌতমাম্বরীষসম্বাদে ॥

সম্পূর্ণৈকাদশী যত্র দ্বাদশী চ যদা ভবেৎ।

ত্রয়োদশ্যাং মুহূর্ত্তার্দ্ধং বঞ্জুলী সা হরিপ্রিয়া।

শুক্লপক্ষে তথা কৃষ্ণে যদা ভবতি বঞ্জুলী।

একাদশীদিনে ভুক্ত্বা দ্বাদশ্যাং কারয়েদ্ব্রতং।

পারণং দ্বাদশীমধ্যে ত্রয়োদশ্যাং ন কারয়েৎ।

এবং কৃতে মহীপাল যজ্ঞাযুতফলং লভেৎ।

দ্বাদশ্যান্তু নিরাহারঃ পারণাচাপরেঽহনি।

ধর্ম্মার্থকামমোক্ষার্থং করিষ্যে বঞ্জুলীব্রতং ॥

ইতি নিয়মমন্ত্রঃ ॥ ১৩৪ ॥

স্নাত্বা নদ্যাং নদে বাথ তড়াগে বা হ্রদেঽপি বা।

---

দ্বাদশী চ সম্পূর্ণা সতী ত্রয়োদশ্যাং মুহূর্ত্তার্দ্ধং কিঞ্চিদ্ভবতীত্যর্থঃ ॥ ১৩৪ ॥

---

অথ বঞ্জুলীব্রত ॥

যে স্থলে সম্পূর্ণা একাদশী তাহার পর দিবস দ্বাদশী সম্পূর্ণা হইয়া ত্রয়োদশী দিনে কিঞ্চিৎ থাকে, তাহাকে বঞ্জুলী বলে, এই বঞ্জুলী হরির অতিশয় প্রিয়তমা ॥

শুক্ল পক্ষে হউক বা কৃষ্ণপক্ষে হউক, যখন বঞ্জুলী হইবে, তখন একাদশীতে ভোজন করিয়া দ্বাদশীতে ব্রত করিবে, কিন্তু বঞ্জুলীব্রতে দ্বাদশী মধ্যে পারণ করিবে ত্রয়োদশীতে পারণ করিবে না, হে মহীপাল! এই প্রকারে ব্রত করিলে অযুত যজ্ঞের ফল লাভ হয় ॥

বঞ্জুলীব্রতের নিয়ম মন্ত্র ॥

আমি ধর্ম্মার্থকামমোক্ষের নিমিত্ত দ্বাদশীতে নিরাহার থাকিয়া ত্রয়োদশীতে পারণ করত বঞ্জুলীর ব্রত করিব ॥ ১৩৪ ॥

অনন্তর নদী, নদ, তড়াগ অথবা হ্রদ কিম্বা গৃহে স্নান করিয়া নিত্য

কৃত্বা স্নানং গৃহে বাপি নিত্যকর্ম্ম চ কারয়েৎ।
মাষকেণ সুবর্ণেন কৃত্বা নারায়ণীং তনুং।
রত্নগর্ভঘটে কৃত্বা তাম্রপাত্রোপরি স্থিতং।
আতপত্রন্তু মায়ূরং বৈণবম্বা স্বশক্তিতঃ।
উপানহৌ প্রকর্ত্তব্যং কাংস্যপাত্রং ঘৃতান্বিতং।
গোধূমৈঃ পূরয়েৎ পাত্রং স্নাপ্য দেবং ন্যসেত্ততঃ।
বস্ত্রযুগ্মেন সংছাদ্য কার্য্যঞ্চৈব বিলেপনং।
অর্চ্চয়েদুদকুম্ভস্থং পুষ্পমাল্যাভিবেষ্টিতং।
ততঃ পূজা প্রকর্ত্তব্যা সুগন্ধৈঃ কুসুমৈঃ শুভৈঃ।
নারায়ণায় পাদৌ তু জানুনী কেশবায় চ।
উরুভ্যাং মাধবায়েতি গুহ্যং কামাধিপায় চ।
গোবিন্দায় কটিং পূজ্যং নাভিং মাধবমূর্ত্তয়ে।

তনুং শ্রীমূর্ত্তিং। ঘটস্থাপনাদিকমত্রাপি পূর্ব্ববৎ জ্ঞেয়ং। বিশেষশ্চাগ্রঃ স্বয়মেব বক্ষ্যতে।

কর্ম্ম আচরণ করিবে॥

একমাষক পরিমাণ স্বর্ণ দ্বারা নারায়ণমূর্ত্তি নির্ম্মাণ করিয়া রত্নগর্ভ ঘটে তাম্রপাত্রের উপরি স্থাপন করিয়া স্বীয় শক্ত্যনুসারে তাহার উপরি ময়ূরপুচ্ছ নির্ম্মিত ছত্র, বংশ নির্ম্মিত পাদুকা এবং ঘৃতান্বিত কাংস্যপাত্র রাখিবে। ঐ পাত্রকে গোধূম দ্বারা পূর্ণ করিয়া দেবকে স্নান করাইয়া তাহার উপরে স্থাপন করিবে॥

তৎপরে দেবকে বস্ত্রযুগ্ম দ্বারা আচ্ছাদন করিয়া বিলেপন অর্পণ করিবে, তদনন্তর জলকুম্ভস্থিত দেবকে পুষ্পমালা দ্বারা অভিবেষ্টিত করিয়া সুশোভন সুগন্ধ কুসুম দ্বারা পূজা করিবে॥

পদদ্বয়ে "নারায়ণায় নমঃ" জানুদ্বয়ে "কেশবায় নমঃ" উরুদ্বয়ে "মাধবায় নমঃ"। গুহ্যদেশে "কামাধিপায় নমঃ" কটিদেশে "গোবিন্দায় নমঃ"। নাভিদেশে "মাধবমূর্ত্তয়ে নমঃ" উদরে "বিশ্বরূপায় নমঃ"

উদরং বিশ্বরূপায় বক্ষঃ কৌস্তুভধারিণে।
বৈকুণ্ঠায় নমঃ কণ্ঠং চক্ষুষী জ্যোতিরূপিণে।
সহস্রশীর্ষায় শিরঃ সর্ব্বাঙ্গং বিশ্বরূপিণে।
আয়ুধানি স্বনাম্নৈব এবং দেবার্চ্চনে বিধিঃ।
শুভেন নারিকেলেন দদ্যাদর্ঘ্যং বিধানতঃ।
শঙ্খে কৃত্বা তু পানীয়ং সাক্ষতং কুসুমান্বিতং ॥
নারায়ণ জগন্নাথ পীতাম্বর জনার্দ্দন।
মামুদ্ধর মহাবিষ্ণো নরকাব্ধেঃ সনাতন।
সপ্তকল্পগতং পাপং যৎকৃতং মম পূর্ব্বজৈঃ।
অনেনার্ঘ্যপ্রদানেন সকলং তৎ প্রণশ্যতু।
মুক্তিং প্রযান্তু পিতরো ময়া সহ জগৎপতে।
ময়া তবার্ঘ্যদানেন যে চান্যে পিতরোগতাঃ।
বসন্তু ত্বৎসমীপেঽদ্য দেবদেব জনার্দ্দন।
ব্রতং সম্পূর্ণতাং যাতু বঞ্জুলীসম্ভবং মম।

নারায়ণেত্যাদ্যর্ঘ্যমন্ত্রঃ ॥ ১৩৫ ॥

বক্ষঃস্থলে “কৌস্তুভধারিণে নমঃ”। কণ্ঠে “বৈকুণ্ঠায় নমঃ”। চক্ষুঃ দ্বয়ে “জ্যোতীরূপিণে নমঃ”। শিরোদেশে “সহস্রশীর্ষায় নমঃ”। “সর্ব্বাঙ্গে বিশ্বরূপিণে নমঃ” এবং অস্ত্র সকলকে স্ব স্ব নাম উল্লেখ করিয়া পূজা করিবে। দেবার্চ্চনের এই বিধি ॥

অনন্তর যথা বিধানে শঙ্খের মধ্যে জল, অক্ষত ও পুষ্প স্থাপন করিয়া তদুপরি নারিকেল প্রদান করত অর্ঘ্য প্রদান করিবে ॥

অর্ঘ্যমন্ত্র যথা ॥

হে নারায়ণ! হে জগন্নাথ! হে পীতাম্বর! হে জনার্দ্দন! হে মহাবিষ্ণো! হে সনাতন! আমাকে নরকসাগর হইতে উদ্ধার কর এবং আমার পূর্ব্ব পুরুষগণ সপ্তকল্পে যে সকল পাপ করিয়াছেন তৎ সমুদায় বিনষ্ট হউক। হে জগৎপতে! আমার সহিত পিতৃগণ মুক্তি প্রাপ্ত হউন। হে দেবদেব! হে জনার্দ্দন! আমি আপনাকে অর্ঘ্য

দশমীসংযুতং দেব যংকৃতং দ্বাদশীব্রতং।
অজ্ঞানাদথবা জ্ঞানাৎ পরিপূর্ণং তদস্তু মে।
অনেন বিধিনা সম্যগ্দত্ত্বার্ঘ্যং মধুসূদনে।
বসেৎ কল্পসহস্রন্তু বিষ্ণোর্লোকে মহেশ্বরি।
অগ্নিষ্টোমসহস্রেভ্যঃ অশ্বমেধো বিশিষ্যতে।
অশ্বমেধসহস্রেভ্যো বাজপেয়ো বিশিষ্যতে।
বাজপেয়সহস্রেভ্যঃ পুণ্ডরীকো বিশিষ্যতে।
পুণ্ডরীকসহস্রেভ্যঃ সৌত্রামণির্বিশিষ্যতে॥
সৌত্রামণিসহস্রেভ্যো রাজসূয়ো বিশিষ্যতে।
রাজসূয়সহস্রেভ্যো বঞ্জুলী চাধিকা নৃপ।
বঞ্জুলীতি কৃতোচ্চারৈঃ কলিকালে তু মানবৈঃ।

দান করিতেছি, এতদ্দ্বারা আমার যে সকল পিতৃলোক গত হইয়াছেন, তাঁহারা আজ আপনার সমীপে বাস করুন। এবং আমার এই বঞ্জুলী-সম্ভব ব্রত সম্পূর্ণতা প্রাপ্ত হউক॥

অপর হে দেব! অজ্ঞান বশত হউক বা জ্ঞান বশতই হউক, আমি যে দশমীসংযুক্ত দ্বাদশী ব্রত করিয়াছি, তাহা আমার পরিপূর্ণ হউক॥

হে মহেশ্বরি! এই বিধি অনুসারে সম্যক্ প্রকারে মধুসূদনকে অর্ঘ্য প্রদান করিলে সহস্র কল্প কাল বিষ্ণুলোকে বাস হয়॥

সহস্র অগ্নিষ্টোম যজ্ঞ হইতে এক অশ্বমেধ যজ্ঞ প্রশস্ত, সহস্র অশ্বমেধ হইতে এক বাজপেয় শ্রেষ্ঠ। সহস্র বাজপেয় হইতে এক পুণ্ডরীক বিশেষ, সহস্র পুণ্ডরীক হইতে এক সৌত্রামণি বিশেষ, সৌত্রামণি সহস্র হইতে এক রাজসূয় বিশেষ এবং রাজসূয় সহস্র হইতে এক বঞ্জুলী ব্রত অধিক। হে নৃপ! কলিকালে মনুষ্যগণ একমাত্র বঞ্জুলী

জন্মাযুতসহস্রেষু কৃতঃ পাপস্য সংক্ষয়ঃ ॥ ১৩৫ ॥
দত্ত্বা পূজার্ঘ্যদানন্তু ধূপনৈবেদ্যদীপকং।
কৃত্বা নীরাজনং বিষ্ণোর্গুরুং সম্পূজয়েত্ততঃ।
দদ্যাদ্বস্ত্রাণি গাং ভূমিং ধান্যং চৈব সদক্ষিণং।
কুর্য্যাদ্বিত্তানুসারেণ সম্পূর্ণার্থং ব্রতস্য হি।
সন্তুষ্টেতু গুরৌ বিষ্ণুঃ প্রীতোভবতি নান্যথা।
গুরুং সম্পূজয়েত্তস্মাত্তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ।
রাত্রৌ তু জাগরঃ কার্য্যঃ শ্রোতব্যা বৈষ্ণবী কথা।
গীতা নামসহস্রন্তু পুরাণং শুকভাষিতং।
পঠনীয়ং প্রযত্নেন হরেঃ সন্তোষকারণং।
প্রত্যেকং গোসহস্রস্য পঠতাং শৃণ্বতাং ফলং।
গীতং নৃত্যন্তু বাদিত্রং কারয়েৎ পুরতোহরেঃ।

এই শব্দ উচ্চারণ করিলে তাহার অযুত সহস্র জন্মের কৃত পাপ বিনষ্ট হয় ॥ ১৩৫ ॥

সে যাহা হউক বিষ্ণুকে পূজা, অর্ঘ্য দান, ধূপ, দীপ ও নৈবেদ্য প্রদান পূর্ব্বক নীরাজন করিয়া গুরুর পূজা করিবে। ব্রতের পরিপূর্ণতা নিমিত্ত গুরুকে দক্ষিণার সহিত বস্ত্র, গাভী, ভূমি ও ধান্য অর্পণ করিবে ॥

গুরু সন্তুষ্ট হইলে বিষ্ণু প্রীত হয়েন ইহার অন্যথা নাই, অতএব চক্রপাণির সন্তোষ নিমিত্ত গুরুকে সম্যক্ রূপে পূজা করিবে। রাত্রিতে জাগরণ করিয়া বিষ্ণুসম্বন্ধীয়া কথা শ্রবণ করিবে এবং বিষ্ণুর সন্তোষের নিমিত্ত গীতা, সহস্র নাম ও শুকভাষিত পুরাণ যত্নসহকারে পাঠ করিবে, উল্লিখিত গীতা প্রভৃতি পাঠ বা শ্রবণ করিলে এক একটীতে সহস্র গোদানের ফল হয়, তৎপরে হরির অগ্রে গীত, নৃত্য ও বাদ্য করিবে ॥

দাতব্যং গুরবে সর্ব্বং প্রভাতে দেবতাদিকং।
ক্ষমাপয়িত্বা দেবেশং গুরুঞ্চৈব বিশেষতঃ।
কৃত্বা নৈমিত্তিকং সর্ব্বং ভোক্তব্যং বন্ধুভিঃ সহ।
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
জাগরণপ্রসঙ্গে ॥
অগম্যাগমনে পাপমভক্ষ্যস্যাপি ভক্ষণে।
পাপং বিলয়মায়াতি কীর্ত্তিতে বঞ্জুলীদিনে।
যৎ পাপং ভূমিহরণে দেবস্বহরণে তথা।
মানকূটং তুলাকূটং স্বর্ণস্তেয়াদিকঞ্চ যৎ।
অজ্ঞানাদযৎ কৃতং পাপং জ্ঞাত্বা যৎ পাতকং কৃতং।
পূর্ব্বজন্মার্জ্জিতং পাপমিহ জন্মনি যৎকৃতং।
সর্ব্বং চ লয়মভ্যেতি কৃত্বৈকং বঞ্জুলীদিনং।

কুর্য্যাদেবং ॥ ১৩৬ ॥

তৎপরে প্রভাত হইলে দেবপ্রতিমা প্রভৃতি সমুদায় গুরুদেবকে নিবেদন করিবে। তদনন্তর দেবদেব বিষ্ণুকে ও গুরুকে বিশেষরূপে ক্ষমা করাইয়া নৈমিত্তিক কার্য্য সমাধা করত বন্ধুবর্গের সহিত ভোজন করিবে ॥

স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে
জাগরণপ্রসঙ্গে ॥

বঞ্জুলী এই মাত্র উচ্চারণ করিলে অগম্যাগমনজনিত পাপ ও অভক্ষ্যভক্ষণজনিত পাপ বিনষ্ট হয় ॥

ভূমিহরণ করিলে যে পাপ হয়, দেবস্ব হরণ করিলে যে পাপ হয়, মণিকূট তুলাকূট ও স্বর্ণস্তেয় প্রভৃতি যে কোন পাপ, তথা অজ্ঞান বশতঃ বা জ্ঞান বশতঃ যে পাপ করা হইয়াছে এবং পূর্ব্ব জন্মে বা এই জন্মে যে পাপ করা হইয়াছে বঞ্জুলী ব্রত করিলে তৎসমুদায়

ন ভবেন্মানসী পীড়া রোগাশ্চাত্যন্তদুঃখদাঃ ॥ ১৩৬ ॥
ব্রহ্মবৈবর্ত্তে শ্রীসূতশৌনকসম্বাদে ॥
বঞ্জুলীবাসরে বিপ্র সংপ্রাপ্তে গরুড়ধ্বজঃ ।
স্বস্থানাদ্বসুধামেত্য কুরুতে চ স্থিতিং বিশন্ ॥ ১৩৭ ॥
বঞ্জুলীবিমুখং বিপ্রমালোক্য রবিনন্দনঃ ।
কুরুতে সম্বিদং সাকং চিত্রগুপ্তেন হর্ষিতঃ ।
অয়মেষ্যতি মন্দাত্মা বিষ্ণুব্রতবহিষ্কৃতং ।
বশ্যং মমেতি তৎ পুণ্যং মার্জ্জয়াদ্ধা পুরাকৃতং ॥ ১৩৮ ॥

বিশন্ বঞ্জুলীব্রতকারিণাং মধ্যে প্রবিশন্ স্থিতিং কুরুতে বসতীত্যর্থঃ। আস্থিতমিতি পাঠেঽপি ভাবে ক্তপ্রত্যয়াৎ স এবার্থঃ। পাঠান্তরে তু বিশাং ধনিনাং প্রজানাম্বা ইষ্টং দদাতীত্যর্থঃ। যদ্বা বিশাঞ্চ ধনিনাং ধনসম্বন্ধিবাঞ্ছাং পূরয়তীত্যর্থঃ ॥ ১৩৭ ॥

সম্বিদং মন্ত্রণাং ॥ ১৩৮ ॥

বিনষ্ট হয় এবং মানসী পীড়া ও অত্যন্ত দুঃখপ্রদ রোগাদি কিছুমাত্র হয় না ॥ ১৩৬ ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ।

শ্রীসূত শৌনকসম্বাদে ॥

হে বিপ্র! বঞ্জুলীবাসর উপস্থিত হইলে ভগবান্ গরুড়ধ্বজ স্বস্থান হইতে পৃথিবীতে আগমন করিয়া বঞ্জুলীব্রতকারিদিগের মধ্যে প্রবেশ করত অবস্থিতি করেন ॥ ১৩৭ ॥

যে ব্রাহ্মণ বঞ্জুলীব্রতে পরাঙ্মুখ, তাহাকে দেখিয়া রবিনন্দন যম সহর্ষে চিত্রগুপ্তের সহিত মন্ত্রণা পূর্ব্বক বলিয়া থাকেন, এই মন্দবুদ্ধি বিষ্ণুব্রত হইতে বহিষ্কৃত হইয়াছে, এখন এ আমার বশতাপন্ন হইবে, অতএব ইহার পূর্ব্বকৃত পুণ্য সকল মার্জ্জন অর্থাৎ মুছিয়া দাও ॥ ১৩৮ ॥

শিরোর্ত্তির্নিতরামেষা মাং সদৈব প্রবাধতে ॥
কিঞ্চ ॥
সর্ব্বব্রতানাং চরণং সর্ব্বতীর্থাভিষেচনং।
সর্ব্বদানপ্রদানঞ্চ সমং স্যাদ্বঞ্জুলীব্রতং ॥
তত্রান্নদানং বিপ্রায় বিধায় শ্রদ্ধয়ান্বিতঃ।
প্রাপ্নোতি পুরুষো বিপ্র কলুষঃ কৃষ্ণসন্নিধিং।
লক্ষ্মীং নারায়ণং দেবং সৌবর্ণং তত্র পূজয়েৎ।
যথাশক্ত্যন্নদানঞ্চ দত্ত্বা বৈকুণ্ঠমাপ্নুয়াৎ ॥ ১৪০ ॥
অধমর্ণতয়া কামাল্লোভাদ্দম্ভাদপি দ্বিজ।
হন্তি ত্রিপুরুষং পাপং বঞ্জুলী পুরুষৈঃ কৃতা।

শিরসোঽর্ত্তিঃ পীড়া ॥ ১৩৯ ॥
কলুষঃ পাপরূপোঽপি ॥ ১৪০ ॥
অধমং ধনাভাবেন পরমদোষাবহং ঋণং যস্য তস্য ভাবস্তত্তা তয়া ঋণবশ্যতয়েত্যর্থঃ।

সুতরাং আমার এই শিরঃপীড়া সর্ব্বদাই আমাকে বাধা দিতেছে ॥

আরও ॥

যত যত ব্রত আছে, তৎসমুদায়ের আচরণ করিলে সকল তীর্থে স্নান এবং সর্ব্বপ্রকার দান করিলে যে পুণ্য হয়, এক বঞ্জুলী ব্রত তৎসমুদায়ের তুল্য হইয়া থাকে ॥ ১৩৯ ॥

হে বিপ্র! এই বঞ্জুলী ব্রতে শ্রদ্ধাপূর্ব্বক ব্রাহ্মণকে অন্নদান করিলে পুরুষ যদি পাপরূপও হয় তথাপি সে শ্রীকৃষ্ণের সন্নিধি প্রাপ্ত হয় ॥

বঞ্জুলী ব্রতে সুবর্ণনির্ম্মিত লক্ষ্মী ও নারায়ণদেবকে যথাশক্তি অন্নদান করিলে বৈকুণ্ঠ প্রাপ্তি হয় ॥ ১৪০ ॥

হে দ্বিজ! অধমর্ণতারূপে অর্থাৎ ঋণের বশীভূত হইয়া অথবা কাম, লোভ ও দম্ভ হেতু পুরুষ যদি বঞ্জুলীব্রত করে, তাহা হইলে তাহার ত্রিপুরুষসম্বন্ধীয় পাপ বিনষ্ট হয় ॥

স এষ সর্ব্বশাস্ত্রার্থঃ সর্ব্ববুদ্ধিমতাং মতং।
হিতং সর্ব্বসমীচীনং যদ্বঞ্জুল্যামুপোষণং।
উপবাসং যথাশক্ত্যা দানং ব্রাহ্মণপূজনং।
বিধায় বঞ্জুলীং চৈব পুরুষো যাতি সদ্গতিং ॥ ১৪১ ॥

॥ * ॥ ইতি বঞ্জুলীব্রতং ॥ * ॥

অথ ত্রিস্পৃশাব্রতং ॥
তত্রৈব ॥
শুক্লা বৈশাখমাসে তু সংপ্রাপ্তা মধুসূদনী।
দ্বাদশী ত্রিস্পৃশা নাম পাপকোটিক্ষয়াবহা।
ধন্যাঃ সর্ব্বে মনুষ্যাস্তে বৈশাখে মধুসূদনী।
সংপ্রাপ্তা ত্রিস্পৃশা যৈস্তু বুধবারেণ সংযুতা ॥
দ্বারকামাহাত্ম্যে তত্রৈব ॥

---

অতঃ ত্রিপুরুষসম্বন্ধিপাপং হন্তি। যদ্বা ঋণিত্বেনাপি কৃত্বা। আগমাদিভির্ন মোক্ষো ভবতি ॥ ১৪১ ॥

---

বঞ্জুলীতে যে উপোষণ, তাহাই সকল শাস্ত্রের অর্থ, তাহাই সকল বুদ্ধিমানের মত এবং তাহাই সর্ব্বসমীচীন হিত ॥

উপবাস, যথাশক্তি দান ও ব্রাহ্মণপূজন পুরুষ যদি এই প্রকারে বঞ্জুলী বিধান করেন, তাহা হইলে তিনি সদ্গতি প্রাপ্ত হয়েন॥ ১৪১ ॥

॥ * ॥ ইতি বঞ্জুলীব্রত ॥ * ॥

অথ ত্রিস্পৃশাব্রত ॥

ঐ ব্রহ্মবৈবর্ত্তেই ॥

বৈশাখমাসে মধুসূদনী শুক্লাদ্বাদশী প্রাপ্ত হইলে তাহাকে ত্রিস্পৃশা বলে, ঐ ত্রিস্পৃশা কোটিপাপ বিনষ্ট করিয়া থাকেন ॥

যাঁহারা বৈশাখমাসে বুধবারসংযুক্ত মধুসূদনী ত্রিস্পৃশা প্রাপ্ত হয়েন, সেই সকল মনুষ্যকে ধন্য বলিতে হইবে ॥

দ্বারকামাহাত্ম্যে ঐ ব্রহ্মবৈবর্ত্তেই ॥

আদৌ নন্দা জয়া চান্তে মধ্যে ভদ্রা ভবেদ্যদি।
উপবাসার্চ্চনে গীতে দুর্ল্লভা কৃষ্ণসন্নিধৌ।
একেনৈবোপবাসেন উপবাসাযুতং ফলং।
জাগরে শতসাহস্রং নৃত্যে কোটিগুণং কলৌ।
গৃহেঽপি কুর্ব্বতামেতাং কিং পুনঃ কৃষ্ণসন্নিধৌ॥
পাদ্মে শ্রীসনৎকুমারব্যাসসম্বাদে॥
সর্ব্বপাপপ্রশমনং মহাপাতকনাশনং।
শৃণু কৃত্বাঽবধানং ত্বং ত্রিস্পৃশাখ্যং মহাব্রতং।
কামদং সস্পৃহাণাঞ্চ নিস্পৃহাণান্তু মোক্ষদং।
ত্রিস্পৃশাখ্যং ব্রতং বিষ্ণোঃ শৃণুষ্ব গদতো মম।
প্রত্যক্ষমর্চ্চিতস্তেন কলিকালেঽপি কেশবঃ॥

আদিতে নন্দা (একাদশী) অন্তে জয়া (ত্রয়োদশী) এবং মধ্যে যদি ভদ্রা (দ্বাদশী) হয়, তাহা হইলে শ্রীকৃষ্ণসন্নিধানে উপবাস অর্চ্চন ও গীত এই সকলে ঐ ত্রিস্পৃশা দুর্ল্লভা হয়॥

কলিযুগে একটীমাত্র উপবাসে অযুত উপবাসের ফল হয়, জাগরণে লক্ষগুণ ও নৃত্যে কোটিগুণ ফল হইয়া থাকে, এই ফল গৃহে থাকিয়া করিলেই হয়, আর কৃষ্ণসন্নিধানে থাকিয়া করিলে যে কি ফল হয়, তাহা বলিতে পারি না॥

পদ্মপুরাণে শ্রীসনৎকুমার ব্যাসসম্বাদে॥

হে ব্রহ্মন্! মনোযোগ পূর্ব্বক ত্রিস্পৃশা নামক মহাব্রত শ্রবণ কর, ইহা সকাম ব্যক্তিদিগকে কামনা দান করেন এবং নিষ্কাম ব্যক্তি-গণকে মোক্ষ দিয়া থাকেন॥

বিষ্ণুর ত্রিস্পৃশা নামক ব্রত বলি শ্রবণ কর। হে মহামুনে! যে মনুষ্য নিত্য ত্রিস্পৃশা নাম কীর্ত্তন করেন, তিনি কলিকালেতেও কেশ-বকে প্রত্যক্ষ করিয়া অর্চ্চনা করিয়াছেন॥

ত্রিস্পৃশাকীর্ত্তনং নিত্যং যঃ করোতি মহামুনে।
ন পুরশ্চরণে চীর্ণে সর্ব্বপাপক্ষয়োভবেৎ।
ত্রিস্পৃশা নামমাত্রেণ ভবতে নাত্র সংশয়ঃ।
নাগমৈর্ন পুরাণৈশ্চ সমস্তৈস্তীর্থকোটিভিঃ।
বহুভির্ব্রতসংঘৈশ্চ পূজিতৈস্ত্রিদশৈরপি।
মোক্ষো ভবতি বিপ্রেন্দ্র ত্রিস্পৃশা ন কৃতা যদি।
মোক্ষার্থং দেবদেবেন সৃষ্টা দেবী তিথীশ্বরী।
বিষয়ৈর্বিপ্র যুক্তানাং ধ্যানধারণবর্জ্জিনাং।
কামভোগপ্রসক্তানাং ত্রিস্পৃশা মোক্ষদা সদা॥ ১৪২॥
শঙ্করস্য পুরা প্রোক্তা চতুর্ব্বক্ত্রস্য সাগরে।
ক্ষীরোদে প্রণতানাস্তু মৎসমীপেতু চক্রিণা॥ ১৪৩॥
ত্রিস্পৃশাং যে করিষ্যন্তি বিষয়ৈরপি নির্জ্জিতাঃ

হে বিপ্র বিষয়ৈর্যুক্তানাং॥ ১৪২॥
প্রণতানামন্যেষাঞ্চ প্রোক্তা॥ ১৪৩॥

পুরশ্চরণ করিলে সমস্ত পাপের ক্ষয় হয় না, কেবল ত্রিস্পৃশা নাম কীর্ত্তন মাত্রে সমস্ত পাপ বিনষ্ট হয়, ইহাতে কোন সংশয় নাই॥

হে বিপ্রেন্দ্র! যদি ত্রিস্পৃশাব্রত করা না হইয়া থাকে, তবে সমস্ত আগম সমস্ত পুরাণ, কোটি কোটি তীর্থ, বহু বহু ব্রত এবং সমুদায় দেবতার পূজা করিলেও মোক্ষ লাভ হয় না॥

দেবদেব বিষ্ণু মোক্ষের নিমিত্ত তিথীশ্বরী ত্রিস্পৃশা দেবীর সৃষ্টি করিয়াছেন। হে বিপ্র! যাহারা বিষয়সংযুক্ত, ধ্যান ধারণা বর্জিত ও কামভোগে প্রসক্ত, তাহাদিগকে ত্রিস্পৃশা সর্ব্বদা মোক্ষ দিয়া থাকেন॥ ১৪২॥

পূর্ব্বে এই ত্রিস্পৃশাব্রত শঙ্কর ব্রহ্মাকে কহিয়াছিলেন এবং ক্ষীরসাগরে চক্রপাণি বিষ্ণু অন্যান্য প্রণত ব্যক্তিকে ও আমাকে কহিয়াছিলেন॥ ১৪৩॥

বিষ্ণু কহিলেন, বিষয়ে অভিভূত হইয়াও যে সকল ব্যক্তি ত্রিস্পৃশা

তেষামপি ময়া দত্তং মোক্ষং সাঙ্খ্যবিবর্জ্জিতং।
কুরুষ ত্বং মুনিশ্রেষ্ঠ ত্রিস্পৃশাং মোক্ষদায়িনীং।
বহুভির্মুনিসঙ্ঘৈস্তু ত্যক্ত্বা সাঙ্খ্যং মহামুনে।
কার্ত্তিকে শুক্লপক্ষে তু ত্রিস্পৃশা ভবতে যদা।
সোমেন সোমজেনাপি পাপকোটিবিনাশিনী।
যস্যামুপোষণং কৃত্বা হত্যামুক্তো মহেশ্বরঃ।
হস্তাদ্ব্রহ্মকপালস্তু তৎক্ষণাৎ পতিতং মুনে।
গত্বা ভৃগূপদেশেন ত্রিস্পৃশা সমুপোষণাৎ।
ব্রহ্মহত্যা সহস্রাণি ত্রিস্পৃশা সমুপোষণাৎ।
বিলয়ং যান্তি বিপ্রেন্দ্র পাপেষন্যেষু কা কথা।

কুরুষেত্যাদি সনৎকুমার বাক্যং মুনিসঙ্ঘৈঃ সহ ॥ ১৪৪ ॥

ব্রত করে, আমি তাহাদিগকে সাংখ্যবিবর্জিত মোক্ষ প্রদান করিয়া থাকি ॥

সনৎকুমার কহিলেন, হে মুনিশ্রেষ্ঠ! তুমি মোক্ষদায়িনী ত্রিস্পৃশার ব্রত কর, অনেক মুনি সাংখ্য পরিত্যাগ করিয়া ত্রিস্পৃশার ব্রত করিয়াছেন ॥

হে ব্রহ্মন্! কার্ত্তিক মাসে যদি শুক্ল পক্ষে সোমবার অথবা বুধবার সংযুক্ত হইয়া ত্রিস্পৃশা উপস্থিত হয়, তাহা হইলে ঐ ত্রিস্পৃশা কোটি পাপ বিনাশ করিয়া থাকেন ॥

হে মুনে! যে ত্রিস্পৃশায় উপবাস করিয়া, মহাদেব হত্যা পাপ হইতে মুক্ত হয়েন এবং ভৃগুর উপদেশ দ্বারা ত্রিস্পৃশার উপোষণ হেতু তৎক্ষণাৎ তাঁহার হস্ত হইতে ব্রহ্মার কপাল পতিত হয় ॥

হে বিপ্রেন্দ্র! ত্রিস্পৃশার উপোষণ হেতু যখন সহস্র ২ ব্রহ্মহত্যা বিলয় প্রাপ্ত হয়, তখন অন্য পাপের কথা আর কি বলিব? ॥

ন প্রয়াগে ন কাশ্যান্তু গোমত্যাং কৃষ্ণসন্নিধৌ ।
মোক্ষো ভবতি বিপ্রেন্দ্র ত্রিস্পৃশা সমুপোষণাৎ ।
মরণেন প্রয়াগে তু মুক্তিঃ কাশ্যান্তথৈব চ ।
স্নানমাত্রেণ গোমত্যাং মুক্তির্ভবতি নান্যথা ।
গৃহে চৈব ভবেন্মুক্তিস্ত্রিস্পৃশায়ামুপোষণাৎ ।
বিষয়ে বর্ত্তমানস্য কামভোগান্বিতস্য চ ।
নিবৃত্তবিষয়স্যাপি মুক্তিঃ সাংখ্যেন দুর্ল্লভা ।
তস্মাৎ কুরুষ্ব বিপ্রেন্দ্র ত্রিস্পৃশাং মোক্ষদায়িনীং ।
বেদব্যাস উবাচ ॥
কীদৃশী স্যান্মুনিবর ত্রিস্পৃশা দ্বাদশী বদ ।
বিমুক্তিদা যা মর্ত্ত্যানাং ত্বয়া প্রোক্তা মমাধুনা ।
সনৎকুমার উবাচ ॥
জাহ্নব্যাঃ পুরতো বিপ্র ত্রিস্পৃশা মাধবেন তু ।

হে ব্রহ্মন্ ! প্রয়াগে, কাশীতে, গোমতীতে এবং কৃষ্ণসন্নিধানে মুক্তি হয় না, ত্রিস্পৃশার উপবাস মাত্রে মোক্ষ লাভ হইয়া থাকে ॥

প্রয়াগে ও কাশীতে মৃত্যু হইলে মুক্তি হয় এবং স্নানমাত্রে গোমতীতে মুক্তি হয়, ইহার অন্যথা নাই, কিন্তু ত্রিস্পৃশার উপবাসমাত্রে গৃহে থাকিয়াও মুক্তি লাভ হইয়া থাকে ॥

যাহারা বিষয়ে আসক্ত এবং কামভোগসমন্বিত তথা নিবৃত্তবিষয় হইলেও তাহাদের সাংখ্যশাস্ত্র দ্বারা মুক্তি লাভ হয় না । অতএব হে বিপ্রেন্দ্র ! মোক্ষদায়িনী ত্রিস্পৃশার ব্রত ধারণ কর ॥

ব্যাসদেব কহিলেন, হে মুনিবর ! সম্প্রতি আমাকে আদেশ করিলেন যে, ত্রিস্পৃশা মনুষ্যদিগকে মুক্তি প্রদান করেন, সেই ত্রিস্পৃশা দ্বাদশীর লক্ষণ বলিতে আজ্ঞা হউক ॥

সনৎকুমার কহিলেন, হে বিপ্র ! জাহ্নবীর অগ্রে পশ্চিমবাহিনী

প্রাচী সরস্বতী তীরে কথিতা সুমহাফলা।
কলিকল্মষপাপৌঘৈর্ব্রহ্মহত্যাদিকৈর্যুতাঃ।
কলিকালে হৃষীকেশ স্নানং কুর্ব্বন্তি মজ্জলে।
তেষাং পাপশতৈর্দগ্ধং মদ্দেহং কলুষী কৃতং।
কথং যাস্যতি মে দেব পাতকং গরুড়ধ্বজ।
শ্রীপ্রাচীমাধব উবাচ॥
কথয়ামি ন সন্দেহো মা পুত্রি রোদনং কুরু।
শ্রীস্থলং নাম মে স্থানং প্রাচী দেবী মমাগ্রতঃ।
বহতে ব্রহ্মতনয়া মদ্দৃষ্ট্যগ্রে সুরেশ্বরি।
স্নানং কুরুস্ব নিত্যং ত্বং মন্ত্রপূতা ভবিষ্যতি।
যত্র প্রাচী ব্রহ্মসুতা তত্রাহং নাস্তি সংশয়ঃ।
তীর্থকোটিশতৈর্যুক্তঃ সুরৈঃ সহ বসাম্যহং।

সরস্বতীর তীরে মাধব সুমহাফলা ত্রিস্পৃশার বিষয় কহিয়াছেন॥

জাহ্নবী ভগবান্‌কে কহিলেন, হে হৃষীকেশ! কলিকালে ব্রহ্মহত্যা প্রভৃতি কলিকল্মষ পাপ সমূহে লিপ্ত হইয়া মানবগণ আমার জলে স্নান করিবে, হে দেব! তাহাদের শত শত পাপে আমার এই দেহ পাপলিপ্ত হইয়া দগ্ধ হইতেছে, হে গরুড়ধ্বজ! কি প্রকারে আমার পাতক বিনষ্ট হইবে॥

প্রাচীমাধব কহিলেন, হে পুত্রি! রোদন করিও না আমি বলিতেছি ইহাতে কোন সন্দেহ নাই, হে সুরেশ্বরি! শ্রীস্থল নামে আমার স্থান আছে, তথায় আমার অগ্রে ব্রহ্মপুত্রী প্রাচী সরস্বতী প্রবাহিতা হইতেছেন, তুমি আমার দৃষ্টির অগ্রে নিত্য স্নান কর, তাহা হইলে মন্ত্রপূতা হইবে॥

যে স্থানে ব্রহ্মপুত্রী প্রাচী সরস্বতী, সেই স্থানেই আমি, ইহাতে সংশয় নাই, আমি শত কোটি তীর্থ সংযুক্ত হইয়া দেবগণের সহিত

তত্র নশ্যন্তি পাপানি যত্র প্রাচী সরস্বতী।
বিশেষতো মমাগ্রেতু কলিকালে বিশেষতঃ॥
শ্রীজাহ্নব্যুবাচ॥
নাহং শক্নোমি দেবেশ আগন্তুং নিত্যমেব হি।
কথং নশ্যন্তি পাপানি কথয়স্বেহ মাধব॥
শ্রীপ্রাচীমাধব উবাচ॥
সরস্বত্যধিকা যা চ তীর্থকোটিশতাধিকা।
মখকোট্যধিকা যাপি ব্রতদানাধিকা চ যা।
তপো জপাধিকা নিত্যং চতুর্ব্বর্গফলপ্রদা।
সাংখ্যযোগাধিকা যা চ ত্রিস্পৃশাং কুরু তাং শুভে।
যস্মিন্ মাসে সমায়াতি সিতা চাপ্যসিতাথ বা।

তথায় অবস্থিতি করি। যে স্থানে পশ্চিমবাহিনী সরস্বতী, সেই স্থানে পাপ সকল বিনষ্ট হয়। বিশেষতঃ কলিকালে আমার অগ্রে প্রাচী-সরস্বতীতে স্নান করিলে সমুদায় পাপ ক্ষয় হইয়া যায়॥

শ্রীজাহ্নবী কহিলেন, হে দেবেশ! আমি নিত্য আগমন করিতে সক্ষম হইব না, তবে কি প্রকারে আমার পাপ সকল বিনষ্ট হইবে, হে মাধব! তাহা বলিতে আজ্ঞা হয়॥

প্রাচীমাধব কহিলেন, গঙ্গে! যাহা সরস্বতী অপেক্ষা অধিক, যাহা শতকোটি তীর্থ অপেক্ষা অধিক,যাহা কোটি যজ্ঞ অপেক্ষা অধিক, যাহা তপঃ জপ অপেক্ষা অধিক, যাহা নিত্য চতুর্ব্বর্গ ফল প্রদান করিয়া থাকে এবং যাহা সাংখ্যযোগ অপেক্ষা অধিক, হে শুভে! তুমি সেই ত্রিস্পৃশার ব্রত কর॥

শুক্লপক্ষে হউক বা কৃষ্ণপক্ষেই হউক, যে মাসে ত্রিস্পৃশা উপ-স্থিত হইবে, হে সরিৎশ্রেষ্ঠে! তুমি সেই ত্রিস্পৃশার ব্রত করিও,

কর্ত্তব্যা সা সরিৎশ্রেষ্ঠে তব পাপং হরিষ্যতি ॥ ১৪৪ ॥
শ্রীমন্দাকিন্যুবাচ ॥
কীদৃশী ত্রিস্পৃশা দেব মমাচক্ষ্ব মাধব।
ঈদৃশো মহিমা যস্যাস্ত্বয়া প্রোক্তো মমাধুনা।
দশম্যেকাদশী ভদ্রা দিনৈকস্মিন্ যদা ভবেৎ।
ত্রিস্পৃশা সা ভবেদ্দেব ন বেদ্মি বদ মে প্রভো ॥ ১৪৫ ॥
প্রাচীমাধব উবাচ ॥
আসুরী ত্রিস্পৃশা দেবি যা ত্বয়া পরিকীর্ত্তিতা।
বর্জ্জনীয়া প্রযত্নেন ব্রতহীনো যথা যতিঃ।
অসুরাণাং রাক্ষসানামায়ুর্বলবিবর্দ্ধনী।
বর্জ্জনীয়া প্রযত্নেন যথা নারী রজস্বলা।

ভদ্রা দ্বাদশী ॥ ১৪৫ ॥

তাহা হইলে ঐ ত্রিস্পৃশা তোমার সমুদায় পাপ হরণ করিবেন ॥১৪৪॥

মন্দাকিনী কহিলেন, হে দেব! হে মাধব! সম্প্রতি আপনি যাহার এই প্রকার মহিমা কীর্ত্তন করিলেন, সেই ত্রিস্পৃশা কিরূপ, তাহা আমাকে বলুন। দশমী, একাদশী ও দ্বাদশী যদি একদিনে হয়, তাহা হইলে তাহাকে ত্রিস্পৃশা বলে, ইহা ভিন্ন আর আমি জানি না, হে প্রভো! আপনি আমাকে এ বিষয় আজ্ঞা করুন ॥ ১৪৫ ॥

শ্রীপ্রাচীমাধব কহিলেন, হে দেবি! তুমি যে ত্রিস্পৃশার কথা কহিলে তাহা আসুরী, যেমন ব্রতহীন যতিকে পরিত্যাগ করা উচিত, তদ্রূপ ইহাকে বর্জ্জন করিবে॥

ঐ ত্রিস্পৃশা অসুর ও রাক্ষসদিগের আয়ুঃ ও বল বৃদ্ধি করিয়া থাকে, একারণ যেমন রজস্বলা স্ত্রীকে পরিত্যাগ করিতে হয়, তাহার

যথা রজস্বলাসঙ্গমন্যায্যং বর্জ্জিতং সদা ।
তথা দশমীসংযুক্তং মদ্দিনং বৈষ্ণবৈর্নরৈঃ ।
হত্যাযুতশতং হন্তি মৎপ্রসাদেন লভ্যতে ।
মৎপ্রসাদবিহীনানাং ত্রিস্পৃশা যাতি জাহ্নবি ॥ ১৪৬ ॥
একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী ।
ত্রিস্পৃশা সা তু বিজ্ঞেয়া দশমীসংযুতা ন হি ।
ভুক্তং হালাহলং তেন শ্ববিষ্ঠাভক্ষণং কৃতং ।
দশমীমিশ্রিতং যেন কৃতমেকাদশীব্রতং ।
ইতি জ্ঞাত্বা ন কর্ত্তব্যং মদ্দিনং দশমীযুতং ।
জন্মকোটিকৃতং পুণ্যং সন্তানং যাতি চ ক্ষয়ং ।

মৎপ্রসাদেনৈব ত্রিস্পৃশা লভ্যতে। যাতি ব্যর্থতামিতি শেষঃ ॥ ১৪৬ ॥

ন্যায় ইহাকে পরিত্যাগ করিবে ॥

যেমন রজস্বলার সঙ্গ অন্যায্য ও সর্ব্বদা বর্জ্জনীয়, তদ্রূপ বৈষ্ণব সকল দশমীসংযুক্ত আমার দীন বর্জ্জন করিবেন ॥

হে জাহ্নবি ! আমি যাহার প্রতি প্রসন্ন হই, তাহারই ত্রিস্পৃশা লাভ হয়, ঐ ত্রিস্পৃশা তাহারই শত অযুত হত্যা বিনষ্ট করেন। আর আমি যাহাদের প্রতি প্রসন্ন না হই, তাহাদেরই ত্রিস্পৃশা ব্যর্থ হয় ॥ ১৪৬ ॥

একাদশী, দ্বাদশী ও রাত্রিশেষে ত্রয়োদশী হইলে তাহার নাম ত্রিস্পৃশা, কিন্তু ইহা দশমীসংযুক্ত হইলে হইবে না ॥

যে ব্যক্তি দশমীসংযুক্ত একাদশীর ব্রত করে, সে সর্পবিষ ও কুক্কুরের বিষ্ঠা ভোজন করিয়াছে ॥

হে জাহ্নবি ! ইহা পরিজ্ঞাত হইয়া দশমীসংযুক্ত আমার দিনে ব্রত করিবে না, করিলে কোটিজন্মকৃত পুণ্য এবং পুত্র বিনষ্ট হইবে ॥

পক্ষবৃদ্ধৌ বিশেষেণ সন্দেহে সমুপস্থিতে।
মমাজ্ঞয়া প্রকর্ত্তব্যা দ্বাদশী মম বল্লভা।
মমাজ্ঞয়া প্রকর্ত্তব্যং মদ্দিনং মৎপরায়ণৈঃ।
মদ্দিনং তদ্বিজানীয়াদ্দশমীবেধবর্জ্জিতং॥
শ্রীবেদব্যাস উবাচ॥
বিধানং ব্রূহি মে ব্রহ্মন্ মুনে যেন করোম্যহং॥
শ্রীসনৎকুমার উবাচ॥
দামোদরং হেমময়ং কৃত্বা বিভবসারতঃ।
পাত্রং তাম্রময়ং কার্য্যং তণ্ডুলৈঃ পরিপূরিতং॥ ১৪৭॥
সজলন্তু ঘটং শুদ্ধং পঞ্চরত্নসমন্বিতং।
বেষ্টিতং পুষ্পমালাভিঃ কর্পূরাগুরুবাসিতং।

---

বিভবসারতঃ নিজধনাদ্যনুসারেণ॥ ১৪৭॥

---

পক্ষ বৃদ্ধি হইলে এবং বিশেষরূপে সন্দেহ উপস্থিত হইলে আমার আজ্ঞায় সর্ব্বদা আমার প্রিয়তমা দ্বাদশীর ব্রত করিবে। আমার পরায়ণ ব্যক্তিগণ আমার আজ্ঞায় আমার দিনে ব্রত করিবে, যদি জিজ্ঞাসা কর, আমার দিন কাহাকে বলে, তাহার উত্তর এই, যে একাদশীতে দশমীর বেধ নাই, সেই দিনকেই আমার দিন জানিতে হইবে॥

শ্রীবেদব্যাস কহিলেন, হে ব্রহ্মন্! হে মুনে! আপনি ব্রতের বিধান আজ্ঞা করুন, আমি তদ্দ্বারা ব্রত করিব॥

শ্রীসনৎকুমার কহিলেন, বিভবানুসারে স্বর্ণময় দামোদরের প্রতিমা নির্ম্মাণ করিয়া তণ্ডুলপরিপূরিত তাম্রময় ঘট প্রস্তুত করিবে॥ ১৪৭॥

ঐ ঘটে পবিত্র জল ও পঞ্চরত্ন প্রদান করিবে এবং পুষ্পমালা দ্বারা বেষ্টন করিয়া তাহাতে কর্পূর ও অগুরু দিয়া সৌরভযুক্ত

ন্যসেত্তাত্রগয়ং দেবং স্নাপয়িত্বা বিলেপিতং।
পরিধানং ততঃ কার্য্যং বস্ত্রযুগ্মেন ভক্তিতঃ।
মন্ত্রৈস্তু পূজনং কার্য্যং গুরুণা সমুদীরিতৈঃ।
পুষ্পৈঃ কালোদ্ভবৈঃ শুভ্রৈস্তুলসীদলকোমলৈঃ।
ছত্রন্তু বৈণবং দদ্যাৎ পাদুকাহম্বরসংযুতং।
নৈবেদ্যানি বিচিত্রাণি ফলানি সুবহূন্যপি।
উপবীতং তু দাতব্যং সোত্তরীয়ং নবং দৃঢ়ং।
বৈণবং দাপয়েদ্দণ্ডং সুরূপং সুন্নতং শুভং॥ ১৪৮॥
দামোদরায় পাদৌ তু জানুনী মাধবায় তু।
গুহ্যন্তু কামপতয়ে কটিং বামনমূর্ত্তয়ে।
পদ্মনাভায় নাভিন্তু উদরং বিশ্বমূর্ত্তয়ে।
হৃদয়ং জ্ঞানগম্যায় কণ্ঠং শ্রীকণ্ঠসংজ্ঞকে।
সহস্রবাহবে বাহুং চক্ষুষী যোগনায়কে।

পাত্রং ঘটঞ্চ ন্যসেদিত্যন্বয়ঃ॥ ১৪৮॥

শ্রীকণ্ঠসংজ্ঞকং ইতি শ্রীকণ্ঠায় নম ইতি জ্ঞেয়ং। এবমন্যত্রাপি। উরগায়েতি পাঠে

করিবে। এইরূপে ঘটস্থাপন করিয়া তাহাতে দেবপ্রতিমাকে স্নান করাইয়া এবং তাঁহার অঙ্গে বিলেপন দিয়া স্থাপন করিবে। তৎপরে যুগ্ম বস্ত্র পরিধান করাইয়া ভক্তি পূর্ব্বক গুরুমুখোচ্চারিত মন্ত্র সহকারে ঋতুকালোৎপন্ন শুভ্রবর্ণ পুষ্প ও কোমল তুলসীদল দ্বারা পূজা করিবে। বেণুনির্ম্মিত ছত্র ও বস্ত্রসমন্বিত পাদুকা প্রদান করিবে। তৎপরে নানা প্রকার নৈবেদ্য, বহু বিধফল, নূতন ও দৃঢ় উত্তরীয় এবং শোভন ও সুদীর্ঘ বেণুনির্ম্মিত দণ্ড প্রদান করিবে॥ ১৪৮॥

"দামোদরায়" এই বলিয়া পদদ্বয়কে, "মাধবায়" জানুদ্বয়কে, "কামপতয়ে" গুহ্যকে, "বামন মূর্ত্তয়ে" কটিকে "পদ্মনাভায়" নাভিকে, "বিশ্বমূর্ত্তয়ে" উদরকে, "জ্ঞানগম্যায়" হৃদয়কে, "শ্রীকণ্ঠায়" কণ্ঠকে,

ললাটমুরুগায়েতি সহস্রশিরসে শিরঃ।
স্বনাম্না চায়ুধাদীনি সর্ব্বাঙ্গং চারুরূপিণে।
সংপূজ্য বিধিবদ্ভক্ত্যা অর্ঘ্যং দদ্যাদ্বিধানতঃ॥ ১৪৯॥
শুভ্রেণ নারিকেলেন শঙ্খোপরিস্থিতেন হি।
সূত্রেণ বেষ্টিতেনৈব উভাভ্যাং পাণিসংস্থিতং॥ ১৫০॥
স্মৃতোহরসি পাপানি সত্যং যদি জনার্দ্দনং।
দুঃস্বপ্নং দুর্নিমিত্তঞ্চ মনসোদুর্ব্বিচিন্তিতং।
নারকঞ্চ ভয়ং দেব ভয়ং দুর্গতিসম্ভবং।
ভয়মন্যং মহাদেব ঐহিকং পারলৌকিকং।

উরগশয়নায়েতি জ্ঞেয়ং॥ ১৪৯॥

উভাভ্যাং পাণিভ্যামর্ঘ্যং দদ্যাদিতি পূর্ব্বেণান্বয়ঃ। অর্ঘ্যমেব বিশিনষ্টি পাণ্যোঃ সংস্থিতমিতি॥ ১৫০॥

স্মৃত ইত্যাদ্যর্ঘ্যমন্ত্রঃ॥ ১৫১॥

"সহস্র বাহবে" বাহুকে, "যোগনায়কায়" চক্ষুর্দ্বয়কে, "উরুগায়ায়" ললাটকে এবং "সহস্র শিরসে" শিরকে, তথা স্বস্ব নামে অস্ত্র সকলকে ও "চারুরূপিণে নমঃ" এই বলিয়া সর্ব্বাঙ্গকে পূজা করিয়া ভক্তি পূর্ব্বক যথাবিধি অর্ঘ্য প্রদান করিবে॥ ১৪৯॥

অর্ঘ্য দিবার বিধান এই, শঙ্খের উপরে পবিত্র নারিকেল স্থাপন পূর্ব্বক সূত্র দ্বারা বেষ্টন করত দুই হস্তে ধারণ করিয়া বক্ষ্যমাণ মন্ত্র দ্বারা অর্ঘ্য প্রদান করিবে॥ ১৫০॥

অর্ঘ্যমন্ত্র যথা॥

হে জনার্দ্দন! আপনি সত্য যদি স্মৃত হইয়া পাপ সকলকে হরণ করেন তদ্রূপ আমার দুঃস্বপ্ন, দুর্নিমিত্ত, মনের দুশ্চিন্তিত, নরক ভয়, দুর্গতিসম্ভব ভয়, অন্য ভয়, ঐহিক ভয় ও পারলৌকিক ভয় ইত্যাদি

সর্ব্বং নাশয় মে বিষ্ণো গৃহাণার্ঘ্যং জনার্দ্দন।
মম ভক্তিঃ সদৈবাস্তু দামোদর তবোপরি।
ধূপদীপস্তু নৈবেদ্যং কুর্য্যান্নীরাজনন্ততঃ ॥ ১৫১ ॥
শিরোপরি মুনিশ্রেষ্ঠ ভ্রাময়েজ্জলজং হরেঃ।
কৃত্বা বিধানমেতদ্ধি পূজয়েৎ স্বগুরুং ততঃ।
দদ্যাদ্বস্ত্রাণি শুভ্রাণি গন্ধমাল্যাদিনার্চ্চয়েৎ।
উপানহৌ চ ছত্রঞ্চ মুদ্রিকাঞ্চ কমণ্ডলুং ॥ ১৫২ ॥
ভোজনঞ্চৈব তাম্বূলং সপ্তধান্যং সুদক্ষিণং।
সংপূজ্য দেবদেবেশং কুর্য্যাজ্জাগরণং হরেঃ।
গীতনৃত্যসমাযুক্তং তথা শাস্ত্রসমন্বিতং।

শিরসঃ উপরি। বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ। জলজং শঙ্খং ॥ ১৫২ ॥
ভোজনং ভোজ্যং ॥ ১৫৩ ॥

সমুদায় নাশ করুন, হে বিষ্ণো! হে জনার্দ্দন! এই অর্ঘ্য প্রদান করিতেছি গ্রহণ করুন, হে দামোদর! আপনার প্রতি সর্ব্বদা আমার ভক্তি থাকুক। তদনন্তর ধূপ, দীপ, নৈবেদ্য প্রদান পূর্ব্বক নীরাজন করিবে ॥ ১৫১ ॥

হে মুনিশ্রেষ্ঠ! তাহার পর ভগবানের মস্তকোপরি শঙ্খ ভ্রমণ করাইবে। এইরূপ করিয়া তাহার পর উল্লিখিত বিধানানুসারে গুরুকে পূজা করিবে ॥

পূজার ক্রম এই। শুভ্রবর্ণ বস্ত্র, গন্ধ, মাল্য, পাদুকা, ছত্র, অঙ্গুরীয়ক এবং কমণ্ডলু ॥ ১৫২ ॥

ভোজনীয় দ্রব্য, তাম্বূল, সপ্ত ধান্য এবং উত্তম দক্ষিণা দ্বারা দেবদেবেশ্বরকে পূজা করিয়া গীত নৃত্য ও শাস্ত্র বিধান দ্বারা হরির জাগরণ করিবে ॥

নিশান্তে পুনরীশায় দত্ত্বা চার্ঘ্যং বিধানতঃ।
স্নানাদিকাং ক্রিয়াং কৃত্বা ভুঞ্জীয়াদ্ব্রাহ্মণৈঃ সহ ॥ ১৫৩ ॥

॥ * ॥ ইতি ত্রিস্পৃশাব্রতং ॥ * ॥

অথ পক্ষবর্দ্ধনীব্রতং ॥

পাদ্মে শ্রীব্রহ্মোক্তৌ ॥

অমা বা যদি বা পূর্ণা সম্পূর্ণা জায়তে যদা।
ভূত্বা চ ষষ্টিঘটিকা দৃশ্যতে প্রতিপদ্দিনে।
অশ্বমেধাযুতৈস্তুল্যা সা ভবেৎ পক্ষবর্দ্ধনী।
পূজাবিধিস্তু বিপেন্দ্রাঃ শ্রোতুমর্হথ সাম্প্রতং।
মন্ত্রৈঃ সংপূজিতো বিষ্ণুরর্ঘ্যদানেন তুষ্যতি।
জলপূর্ণং নবং কুম্ভং চন্দনেনৈব চর্চ্চিতং।

ষষ্টিঘটিকা ব্যাপ্য ভূত্বা সম্পূর্ণা যদি দৃশ্যতে। অতএব প্রতিপদ্দিনে চ কিঞ্চিদ্দৃশ্যতে ॥ ১৫৪ ॥

রাত্রির শেষে পুনরায় দেবেশ্বরকে যথা বিধানে অর্ঘ্য প্রদান করিয়া স্নানাদি ক্রিয়া সমাধান করত ব্রাহ্মণদিগের সহিত ভোজন করিবে ॥ ১৫৩ ॥

॥ * ॥ ইতি ত্রিস্পৃশাব্রত ॥ * ॥

অথ পক্ষবর্দ্ধনীব্রত ॥

পদ্মপুরাণে শ্রীব্রহ্মার বাক্য ॥

অমাবস্যা অথবা পূর্ণিমা যদি ষষ্টি দণ্ড ব্যাপিয়া সম্পূর্ণা দেখা যায় অথচ প্রতিপৎ দিনে কিছু থাকে, তাহা হইলে তৎপূর্ব্ববর্ত্তিনী দ্বাদশীকে পক্ষবর্দ্ধনী বলে, ঐ পক্ষবর্দ্ধনী অযুত অশ্বমেধের তুল্য ॥

হে বিপ্রেন্দ্র! সম্প্রতি পূজার বিধি বলি শ্রবণ কর। ভগবান্ বিষ্ণু মন্ত্র দ্বারা পূজিত হইয়া অর্ঘ্যদানে পরিতুষ্ট হয়েন ॥

জলপূর্ণ নূতন কলসকে চন্দন দ্বারা লেপন পূর্ব্বক পঞ্চরত্নসমন্বিত

পঞ্চরত্নসমাযুক্তং পুষ্পমালাবিভূষিতং।
স্থাপ্যং তাম্রময়ং পাত্রং সগোধূমং ঘটোপরি।
সৌবর্ণং কারয়েদ্দেবং মাসসংজ্ঞাবিধানকং।
পঞ্চামৃতেন স্নপনং কর্ত্তব্যং মাধবস্য চ।
বিলেপনন্তু কর্ত্তব্যং কুঙ্কুমাগুরুচন্দনৈঃ।
বস্ত্রযুগ্মন্তু দাতব্যং ছত্রোপানৎ সুসংযুতং।
পূজয়েদ্দেবতামীশং কুম্ভপাত্রোপরি স্থিতং।
পদ্মনাভায় পাদৌ তু জানুনী যোগমূর্ত্তয়ে।
উরুযুগ্মং নৃসিংহায় কটিং জ্ঞানপ্রদায় চ।
উদরং বিশ্বনাথায় হৃদয়ং শ্রীধরায় চ।
কণ্ঠং কৌস্তুভকণ্ঠায় বাহূ ক্ষত্রান্তকায় চ।
ললাটং ব্যোমমূর্ত্তায় শিরো বৈ সর্ব্বরূপিণে।
স্বনাম্না চৈব শস্ত্রাণি সর্ব্বাঙ্গং দিব্যরূপিণে ॥ ১৫৪ ॥

ও পুষ্পমালা দ্বারা ভূষিত করিয়া স্থাপন করিবে। তৎপরে ঐ ঘটের উপরে গোধূমপূরিত তাম্রময় পাত্র স্থাপন করিবে। যে মাসে পক্ষবর্দ্ধনী হইবে, সেই মাসে বিষ্ণুর যে নাম, সেই নামে স্বর্ণ দ্বারা বিষ্ণুর প্রতিমা নির্ম্মাণ করিবে। অনন্তর কুম্ভপাত্রের উপরিস্থিত মাধবমূর্ত্তিকে পঞ্চামৃত দ্বারা স্নান করাইয়া কুঙ্কুম, অগুরু ও চন্দন দ্বারা বিলেপন দিবে এবং যুগ্মবস্ত্র, ছত্র ও পাদুকা প্রদান করিয়া পূজা করিবে। পদদ্বয়ে "পদ্মনাভায়" জানুদ্বয়ে "যোগমূর্ত্তয়ে" উরুযুগ্মে "নৃসিংহায়" কটিদেশে "জ্ঞানপ্রদায়" উদরে "বিশ্বনাথায়" হৃদয়ে "মাধবায়" কণ্ঠে "কৌস্তুভকণ্ঠায়" বাহুদ্বয়ে "ক্ষত্রান্তকায়" ললাটে "ব্যোমমূর্ত্তয়ে" শিরোদেশে "সর্ব্বরূপিণে" এবং শস্ত্র সকলকে স্ব স্ব নাম দ্বারা এবং সর্ব্বাঙ্গে "বিশ্বরূপিণে নমঃ" ॥ ১৫৪ ॥

এবং সংপূজ্য বিধিবৎ ততোঽর্ঘ্যং সংপ্রদাপয়েৎ।
নারিকেলেন শুভ্রেণ দেবদেবস্য চক্রিণঃ ॥
সংসারার্ণবপোতায় পাপকক্ষমহানলঃ।
নরকাগ্নিপ্রশমন জন্মমৃত্যুজরাপহ।
মামুদ্ধর জগন্নাথ পতিতং ভবসাগরে।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং পদ্মনাভ নমোঽস্তু তে।
নৈবেদ্যানি প্রদেয়ানি ঘৃতপক্কানি চক্রিণে।
ফলানি সুমনোজ্ঞানি স্বাদূনি রসবন্তি চ।
সাগুরুঞ্চ সকর্পূরং দদ্যাদ্ধূপন্তু মাধবে।
সঘৃতং গুগ্‌গুলুঞ্চাপি দদ্যাদ্বিত্তানুসারতঃ।
তাম্বূলন্তু সকর্পূরং দদ্যাদ্দেবস্য ভক্তিতঃ।
ঘৃতেন দীপকং দদ্যাত্তিলতৈলেন বা পুনঃ।

অর্ঘ্যমন্ত্রঃ সংসারেত্যাদিঃ ॥ ১৫৫ ॥

এই প্রকার পূজা করিয়া দেবদেব চক্রপাণিকে শুভ্র নারিকেল ফল দ্বারা অর্ঘ্য প্রদান করিবে ॥

অর্ঘ্যমন্ত্র ॥

হে ভগবন্! আপনি পাপরূপ শুষ্কতৃণ বিনাশে মহা অনলস্বরূপ, আপনি নরকাগ্নিপ্রশমনকারী, আপনি জন্ম মৃত্যু জরা বিনষ্ট করেন, অতএব হে জগন্নাথ! আমি ভবসাগরে পতিত হইয়াছি, আমাকে উদ্ধার করুন, হে পদ্মনাভ! আপনাকে নমস্কার, আপনি আমার প্রদত্ত অর্ঘ্য গ্রহণ করুন ॥

চক্রপাণিকে ঘৃতপক্ক নৈবেদ্য এবং রসবিশিষ্ট সুস্বাদু মনোহর ফল সকল নিবেদন করিবে। বিভবানুসারে মাধবকে অগুরু, কর্পূর ও ঘৃতের সহিত গুগ্‌গুলুর ধূপ প্রদান করিবে ॥

অনন্তর ভক্তিপূর্ব্বক দেবদেবকে ঘৃত অথবা তিলতৈল দ্বারা দীপ

কৃত্বা সম্যগ্বিধানেন গুরুপূজান্তু কারয়েৎ।
বস্ত্রাণি চৈব সোষ্ণীষং কঞ্চুকঞ্চ প্রদাপয়েৎ।
দক্ষিণাঞ্চ যথাশক্তি গুরবে সংপ্রদাপয়েৎ।
ভোজনঞ্চৈব তাম্বূলং দত্ত্বার্ঘ্যং সংপ্রতোষয়েৎ।
স্ববৃত্তৈর্বর্ত্তমানৈস্তু যথাশক্ত্যা চ নির্ধনৈঃ।
কার্য্যা সম্যক্ প্রযত্নেন দ্বাদশী পক্ষবর্দ্ধনী।
ততো জাগরণং কুর্য্যাদ্গীতনৃত্যসমন্বিতং॥ ১৫॥

॥ *॥ ইতি পক্ষবর্দ্ধনীব্রতং ॥ *॥

অথ জয়াব্রতং॥

ব্রহ্মপুরাণে শ্রীবসিষ্ঠমান্ধাতৃসম্বাদে॥

দ্বাদশ্যান্তু সিতে পক্ষে ঋক্ষং যদি পুনর্ব্বসুঃ।
নাম্না সা তু জয়াখ্যাতা তিথীনামুত্তমা তিথিঃ।

---

ঘোর ইতি স্বরূপমাত্রনির্দ্দেশঃ। উন্মীলনীব্রতমিব জয়াব্রতং কার্য্যমিতি তত্র যো

---

প্রদান করিয়া পুনর্ব্বার সম্যক্ বিধানানুসারে গুরুপূজা করিবে এবং বস্ত্র উষ্ণীষ ও কঞ্চুক প্রদান করিবে। তাহার পর যথাশক্তি গুরুদেবকে দক্ষিণা দিবে এবং ভোজন, তাম্বূল ও অর্ঘ্য প্রদান করিয়া গুরুদেবকে সন্তোষ করিবে॥

স্ববৃত্তিতে বর্ত্তমান্ নির্ধন ব্যক্তি সম্যক্ যত্নসহকারে পক্ষবর্দ্ধনী দ্বাদশীর ব্রত করিবে এবং গীতনৃত্যসমন্বিত জাগরণ করিবে॥ ১৫৫॥

॥ *॥ ইতি পক্ষবর্দ্ধনীব্রত ॥ *॥

অথ জয়াব্রত॥

ব্রহ্মপুরাণে বসিষ্ঠ মান্ধাতৃসম্বাদে॥

শুক্লপক্ষের দ্বাদশীতে যদি পুনর্ব্বসু নক্ষত্র হয়, তাহা হইলে তাহাকে জয়া বলে, এই জয়া সকল তিথির মধ্যে উত্তমা, মনুষ্য এই জয়াতে

তামুপোষ্য নরো ঘোরে নরকে নৈব মজ্জতি।
অগ্নিষ্টোমাদি যজ্ঞানাং ফলমাপ্নোত্যসংশয়মিতি।
জয়াব্রতমনুষ্ঠেয়ং যথৈবোন্মীলনীব্রতং ॥
তদুক্তং মার্কণ্ডেয়েন ॥
শালগ্রামশিলা বারি তুলসীজলমেব চ।
সঙ্গমেবোদ্ধরেত্তত্র বিজয়াব্রতমাচরেৎ ॥
অথ বিজয়াব্রতং ॥
ব্রহ্মপুরাণে তত্রৈব ॥
যদা তু শুক্লদ্বাদশ্যাং নক্ষত্রং শ্রবণং ভবেৎ।
বিজয়া সা তিথিঃ প্রোক্তা তিথীনামুত্তমা তিথিঃ।

বিধিরুক্তঃ সোঽত্রাপি দ্রষ্টব্য ইত্যর্থঃ। বিজয়াব্রতস্ত নদ্যাদিসঙ্গম এব কার্য্যং ॥ ১৫৬ ॥

উপবাস করিলে ঘোর নরকে নিমগ্ন হইবে না এবং অগ্নিষ্টোমাদি যজ্ঞের ফল লাভ করিবে, ইহাতে সংশয় নাই ॥

যেরূপ উন্মীলনীব্রতের বিধান লিখিত হইয়াছে, তদ্রূপ জয়াব্রতের অনুষ্ঠান করিবে ॥

বৈষ্ণবগণ নদ্যাদির সঙ্গমে বিজয়ার ব্রত করিবেন, নদ্যাদি সঙ্গমের অলাভ হইলে সঙ্গম কল্পনা করিতে হইবে। বিদ্বান্ ব্যক্তি সেই স্থানে জয়ার ব্রত আচরণ করিবেন ॥

সঙ্গমের বিষয় মার্কণ্ডেয় কহিয়াছেন ॥

শালগ্রামশিলার জল এবং তুলসীর জল একত্র সম্মিলন করিয়া সেই সঙ্গম স্থলে বিজয়ার ব্রত আচরণ করিবে ॥

অথ বিজয়া ব্রত ॥

ব্রহ্মপুরাণের সেই স্থানে ॥

যখন শুক্লা দ্বাদশীতে শ্রবণানক্ষত্রের যোগ হয়, তখন ঐ তিথিকে বিজয়া বলা যায়, উহা সকল তিথির মধ্যে উত্তম ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে চ ॥

যদা তু শুক্লদ্বাদশ্যাং নক্ষত্রং শ্রবণং ভবেৎ ।
তদা সা তু মহাপুণ্যা দ্বাদশী বিজয়া স্মৃতা ।
তস্যাং স্নাতঃ সর্ব্বতীর্থে স্নাতোভবতি মানবঃ ।
সংপূজ্য বর্ষপূজায়াঃ সকলং ফলমশ্নুতে ।
একজপ্যাৎ সহস্রস্য জপস্যাপ্নোতি সৎফলং ।
দানং সহস্রগুণিতং তথা বৈ বিপ্রভোজনং ।
হোমস্তত্রোপবাসশ্চ সহস্রগুণিতো ভবেৎ ॥ ১৫৬ ॥

অথ ব্রতবিধিঃ ॥

আদৌ গুরুং নমস্কৃত্য ততঃ সঙ্কল্পমাচরেৎ ।
শরশার্ঙ্গধরং দেবং সৌবর্ণং রচয়েত্তথা ।

সঙ্কল্পমন্ত্রঃ ॥

দ্বাদশ্যাস্তু নিরাহারঃ স্থিত্বাহমপরেঽহনি ।

শরং শার্ঙ্গঞ্চায়ুধং ধারয়তীতি তথা তং ॥ ১৫৭ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরেতেও ॥

যখন শুক্লা দ্বাদশীতে শ্রবণা নক্ষত্র হয়, তখন সেই মহাপুণ্যস্বরূপ দ্বাদশী বিজয়া বলিয়া কথিত হয়। মনুষ্য বিজয়া তিথিতে স্নান করিলে তাহার সকল তীর্থে স্নান করা হয়। ঐ তিথিতে পূজা করিলে এক বৎসরের পূজার ফল লাভ হয়। একবার মাত্র জপ করিলে সহস্র জপের ফল হয় এবং দান, ব্রাহ্মণভোজন, হোম, তপস্যা ও উপবাস করিলে সহস্র গুণ ফল লাভ হয় ॥ ১৫৬ ॥

অথ ব্রতবিধি ॥

প্রথমতঃ গুরুকে নমস্কার করিয়া তাহার পর ব্রতের সঙ্কল্প এবং স্বর্ণ দ্বারা শর ও শার্ঙ্গধর দেবমূর্ত্তি নির্ম্মাণ করিবে ॥

সঙ্কল্পমন্ত্র যথা ॥

হে ত্রিবিক্রম ! হে অনন্ত ! আমি দ্বাদশীতে নিরাহার থাকিয়া

ভোক্ষ্যে ত্রিবিক্রমানন্তশরণং মে ভবাচ্যুত।
সোপবীতস্তু কলসং পূর্ব্ববৎ স্থাপয়েদ্‌ব্রতী।
পাত্রং তদুপরি ন্যস্যেত্তাম্রং বৈণবমেব বা।
তত্রোপবেশ্য সংস্থাপ্য দেবং বিষদচন্দনৈঃ।
আলিপ্য শুভ্রং বসনং দদ্যাচ্ছত্রঞ্চ পাদুকে॥ ১৫৭॥
বাসুদেবায়েতি শিরঃ শ্রীধরায়েতি বৈ মুখং।
কৃষ্ণায়েতি চ কণ্ঠং বৈ বক্ষঃ শ্রীপতয়ে ইতি।
শস্ত্রাস্ত্রধারিণে বাহুং কক্ষে চ ব্যাপকায় বৈ।
গিরীশায়োদরং মেঢ্রং ত্রৈলোক্যজননায় চ।
জঘনং চার্চ্চয়েদ্বিদ্বান্ সর্ব্বাধিপতয়ে ইতি।
সর্ব্বাত্মনে ইতি পদাবেবমঙ্গানি পূজয়েৎ॥ ১৫৮॥

অবয়বপূজামন্ত্রং লিখতি বাসুদেবায়েতি দ্বাভ্যাং। পূর্ব্ববৎ সর্ব্বত্রৈব নমঃ শব্দ-প্রয়োগো জ্ঞেয়ঃ। পূজয়েদিত্যুত্তরেণ শির আদীনাং সর্ব্বেষামন্বয়ঃ॥ ১৫৮॥

পর দিবস ভোজন করিব, হে অচ্যুত! অপনি আমার আশ্রয় হউন॥

ব্রতী ব্যক্তি পূর্ব্বের ন্যায় যজ্ঞসূত্রের সহিত কলস রাখিয়া তাহার উপর তাম্রপাত্র অথবা বেণুপাত্র স্থাপনপূর্ব্বক তাহাতে দেবকে স্থাপন করত শুভ্র চন্দন দ্বারা অঙ্গ বিলেপন করিয়া শুক্ল বসন এবং ছত্র ও পাদুকা অর্পণ করিবেন॥ ১৫৭॥

বিদ্বান্ ব্যক্তি "বাসুদেবায় নমঃ" এই বলিয়া শিরঃ, এইরূপ "শ্রীধরায়" মুখ, "কৃষ্ণায়" কণ্ঠ, "শ্রীপতয়ে" বক্ষঃ, "শস্ত্রাস্ত্রধারিণে" বাহু, "ব্যাপকায়" কক্ষ, "গিরীশায়" উদর, "ত্রৈলোক্য জননায়" নেত্র, "সর্ব্বাধিপতয়ে" জঘন এব "সর্ব্বাত্মনে নমঃ" পদদ্বয়ে পূজা করিবেন॥ ১৫৮॥

অর্ঘ্যমন্ত্র॥

শঙ্খচক্রগদাপদ্ম শারঙ্গ শরভূষিত।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং শার্ঙ্গপাণে নমোঽস্তু তে।
ইত্যর্ঘ্যং পূর্ব্ববৎ কৃত্বা ধূপদীপৌ সমর্প্য চ।
ঘৃতপক্ক প্রধানানি নৈবেদ্যানি নিবেদয়েৎ।
তাম্বূলাদীনি দত্ত্বাথ কৃত্বা জাগরণং নিশি।
প্রাতঃ স্নাত্বার্চ্চয়িত্বেশং পুষ্পাঞ্জলিমথার্পয়েৎ।
নমস্তে অস্তু গোবিন্দ বুধশ্রবণসংজ্ঞক।
অঘোরং চাক্ষয়ং কৃত্বা সর্ব্বসৌখ্যপ্রদো ভব।
ইতি প্রার্থ্য ততঃ সর্ব্বং দত্ত্বা চার্ঘ্যং প্রতোষ্য হি।
ভক্ত্যা বিপ্রান্ ভোজয়িত্বা সুখং পারণমাচরেৎ॥ ১৫৯॥

অর্ঘ্যমন্ত্রঃ শঙ্খেত্যাদি। সর্ব্বং শ্রীমূর্ত্ত্যাদিকং॥ ১৫৯॥

হে শার্ঙ্গপাণে! আপনি শঙ্খ চক্র গদা পদ্ম শার্ঙ্গ ও শর দ্বারা বিভূষিত, আমি অর্ঘ্য প্রদান করিতেছি গ্রহণ করুন, আপনাকে নমস্কার করি॥

পূর্ব্বের ন্যায় এই প্রকার অর্ঘ্য প্রস্তুত করিয়া ধূপ দীপ সমর্পণ পূর্ব্বক ঘৃতপক্ক প্রধান নৈবেদ্য সকল সমর্পণ করিবে॥

তৎপরে তাম্বূলাদি প্রদান, রাত্রি জাগরণ এবং প্রাতঃস্নান ও দেবেশ্বরকে পূজা করিয়া পুষ্পাঞ্জলি অর্পণ করিবে॥

প্রার্থনা মন্ত্র॥

হে গোবিন্দ! হে বুধশ্রবণসংজ্ঞাধারিন্! অঘোর এবং অক্ষয় করিয়া সর্ব্বসৌখ্যপ্রদ হউন॥

এইরূপ প্রার্থনা করণানন্তর শ্রীমূর্ত্ত্যাদি সমুদায় দিয়া অর্ঘ্য দ্বারা গুরুদেবকে সন্তোষ করিবে। তাহার পর ভক্তিসহকারে ব্রাহ্মণ ভোজন করাইয়া স্বয়ং সুখে পারণ করিবে॥ ১৫৯॥

ভাদ্রে মাসি বুধস্যাহ্নি যদি স্যাদ্বিজয়াব্রতং।
তদা সর্ব্বব্রতেভ্যোঽস্য মাহাত্ম্যমতিরিচ্যতে ॥ ১৬০ ॥

অথ জয়ন্তীব্রতং ॥

ব্রহ্মপুরাণে ॥

যদা তু শুক্লদ্বাদশ্যাং প্রাজাপত্যং প্রজায়তে।
জয়ন্তী নাম সা প্রোক্তা সর্ব্বপাপহরা তিথিঃ।
সপ্তজন্মকৃতং পাপং স্বল্পম্বা যদি বা বহু।
তৎ ক্ষয়ং যাতি গোবিন্দং তস্যামভ্যর্চ্চ্য ভক্তিতঃ।

স্কান্দে চ শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

সর্ব্বপাপপ্রশমনং সর্ব্বপুণ্যফলপ্রদং।
দ্বাদশ্যাং রোহিণীযোগে জয়ন্তীনাম সুব্রতং ॥

কালবিশেষে চান্য ব্রতস্য ফলবিশেষং লিখতি ভাদ্র ইতি। তদানীং শ্রীবামনদেব প্রাদুর্ভাবাৎ। এবমগ্রেঽপি ॥ ১৬০ ॥

প্রাজাপত্যং রোহিণীনক্ষত্রং। জয়ন্তীবাসরং তদ্ব্রতং বিনেত্যর্থঃ ॥ ১৬১ ॥

ভাদ্র মাসে বুধবারে যদি বিজয়া ব্রত হয়, তাহা হইলে সকল ব্রত অপেক্ষা এই ব্রতের মাহাত্ম্য অতিরিক্ত হইবে ॥ ১৬০ ॥

অথ জয়ন্তী ব্রত ॥

ব্রহ্মপুরাণে ॥

যদি শুক্লা দ্বাদশীতে রোহিণী নক্ষত্র হয়, তাহা হইলে তাহার নাম জয়ন্তী, এই তিথি সর্ব্বপাপহরা বলিয়া বিখ্যাতা ॥

সপ্তজন্মকৃত পাপ স্বল্প হউক বা অধিকই হউক ভক্তি পূর্ব্বক জয়ন্তীতে গোবিন্দের অর্চ্চনা করিলে তৎসমুদায় পাপ বিনষ্ট হইয়া যায় ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদসম্বাদেও ॥

দ্বাদশীতে রোহিণী যোগে জয়ন্তী নামে শোভন ব্রত হয়, এই ব্রত সমস্ত পাপের প্রশমন ও সমুদায় পুণ্যের ফল প্রদান করেন ॥

কিঞ্চ ॥

জীবতাং যাতি যৎকালো জয়ন্তীবাসরং বিনা।
তৎখণ্ডমায়ুষো ব্যর্থং নরাণামুপজায়তে ॥ ১৬১ ॥

অথ তদ্‌ব্রতবিধিঃ ॥

গুরুং প্রণম্য সংপ্রার্থ্য গৃহ্নীয়ান্নিয়মং কৃতী।
কৃষ্ণৈস্তিলৈশ্চ মধ্যাহ্নে স্নায়াদ্ধাত্রীফলেন চ ॥

সঙ্কল্পমন্ত্রঃ ॥

জয়ন্ত্যান্তু নিরাহারঃ শ্বোভূতে পরমেশ্বর।

---

গুরুং সংপ্রার্থ্য চ। প্রার্থনাপ্রকারশ্চোক্তঃ স্কান্দে নারদং প্রতি শ্রীব্রহ্মণা। আদৌ গুরুগৃহং গত্বা পশ্চান্নিয়মমাচরেৎ। শিরস্তৎপাদয়োঃ কৃত্বা পাদৌ স্পৃষ্ট্বা চ মৌলিনা কৃতাঞ্জলিপুটো ভূত্বা প্রার্থয়েত গুরুং ততঃ। নিয়মং দেহি বিপ্রেন্দ্র দ্বাদশ্যাঞ্চ মম প্রভো ইতি। নিয়মং ব্রতসঙ্কল্পং গৃহ্নীয়াচ্ছ্রদ্ধয়াচরেৎ। তথাচ তত্রৈব গৃহ্নীয়ান্নিয়মং পূর্ব্বং দন্তধাবনপূর্ব্বকং। নিয়মাৎ ফলমাপ্নোতি ন শ্রেয়ো নিয়মং বিনেতি। এতচ্চ পূর্ব্বলিখিতানুসারেণ একাদশ্যামেবেতি বোদ্ধব্যং। অথ দ্বাদশীকৃত্যমাহ কৃষ্ণৈরিত্যাদিনা কৃষ্ণতিলৈর্ধাত্রীফলেন স্নায়াদিতি ধাত্রীফলেন শিরোঽভ্যঙ্গং কৃষ্ণতিলৈশ্চ গাত্রপরিমার্জ্জনং কুর্য্যাদিত্যর্থঃ। তথাচ তত্রৈব। উপোষিতশ্চ মধ্যাহ্নে স্নায়াৎ কৃষ্ণতিলৈস্ততঃ। কৃত্বা মূর্দ্ধ্নি

---

আরও ॥

জয়ন্তীবাসর ব্যতিরেকে যে দিবস গত হয়, সজীব মনুষ্যদিগের সেই আয়ুঃখণ্ড ব্যর্থ হইয়া থাকে ॥ ১৬১ ॥

অথ জয়ন্তীর ব্রতবিধি ॥

কৃতী ব্যক্তি গুরুকে প্রণাম ও প্রার্থনা করিয়া নিয়ম গ্রহণ করিবেন এবং মধ্যাহ্নকালে কৃষ্ণতিল ও আমলকীফলের দ্বারা স্নান করিবেন ॥

সঙ্কল্পমন্ত্র ॥

হে পরমেশ্বর! জয়ন্তীতে নিরাহার থাকিয়া পর দিবস প্রাতঃকালে ভোজন করিব, হে পুণ্ডরীকাক্ষ! আপনার চরণদ্বয় আমার

ভোক্ষ্যামি পুণ্ডরীকাক্ষ শরণঞ্চরণৌ তবেতি ॥ ১৬২ ॥
পূর্ব্ববৎ স্থাপয়েৎ কুম্ভং তস্যোপরি চ ভাজনং।
হৈরণ্যং রাজতং তাম্রং বৈণবং বা তিলৈর্ভৃতং ॥ ১৬৩ ॥
তত্র চ স্নপিতং হৈমং দেবকীস্তনপায়িনং।
মাতৃবক্ত্রেক্ষকং দেবং নিবেশ্যাবাহয়েদ্ব্রতী ॥
আবাহনমন্ত্রঃ ॥

ফলং ধাত্র্যা মহাপুণ্যবিবৃদ্ধয় ইতি ॥ ১৬২ ॥

পূর্ব্ববদিতি জলপূর্ণং নবং কুম্ভং চন্দনেনৈব চর্চ্চিতং। পঞ্চরত্নসমাযুক্তং পুষ্পমালাবিভূষিতমিতি। যথা পক্ষবর্দ্ধনীব্রতপ্রোক্তং তদ্বদিত্যর্থঃ। তথাচ স্কান্দে তত্রৈব। কৃত্বা মাধ্যাহ্নিকং কর্ম্ম স্থাপয়েদব্রণং ঘটং। পঞ্চরত্নসমাযুক্তং পবিত্রোদকপূরিতং। সচন্দনং গন্ধযুক্তং কর্পূরেণ সুবাসিতং। সুধূপবাসিতং শুভ্রপুষ্পমালাভিশোভিতমিতি। তস্য কুম্ভস্যোপরি ভাজনঞ্চ পাত্রং স্থাপয়েৎ। তদেব বিশিনষ্টি হৈরণ্যমিতি। তত্র পূর্ব্ব পূর্ব্বাভাবে উত্তরোত্তরং স্থাপয়েদিতি জ্ঞেয়ং। তথাচ তত্রৈব। তস্যোপরি ন্যসেৎ পাত্রং সৌবর্ণং শ্রদ্ধয়ান্বিতঃ। তদভাবেন বৈরূপ্যং তাম্রং বেণুময়ং মুনে ইতি ॥ ১৬৩ ॥

দেবকীস্তনপায়িনমিতি হেম্না শ্রীদেবক্যাঃ প্রতিমাং কৃত্বা তদঙ্কে স্তনপানপরাং শ্রীভগবন্মূর্ত্তিং শাস্ত্রোক্তলক্ষণাং কৃত্বা তত্র পাত্রে নিবেশ্যাবাহয়েদিত্যর্থঃ। কথম্ভূতং স্নপিতং ক্ষীরাদিনা কারিতস্নানং। তল্লক্ষণং কিঞ্চিদুল্লিখিতমাতুর্দেবক্যা বক্ত্রেক্ষকং মুখমবলোকয়ন্তমিত্যর্থঃ। তথাচ তত্রৈব। তস্যোপরি ন্যসেদ্দেবীং হৈমীং লক্ষণসংযুতাং। দদমানাস্তু

আশ্রয় হউক ॥ ১৬২ ॥

পূর্ব্বের ন্যায় কুম্ভ স্থাপন করিয়া তাহার উপর তিলপূর্ণ স্বর্ণ বা রজত অথবা তাম্র কিম্বা বেণুনির্ম্মিত পাত্র স্থাপন করিবে ॥ ১৬৩ ॥

অনন্তর ব্রতী ব্যক্তি তদুপরি স্বর্ণনির্ম্মিত দেবকীপ্রতিমার ক্রোড়দেশে স্তনপায়িনী এবং মাতৃমুখের প্রতি দৃষ্টিপাতকারিণী শ্রীভগবন্মূর্ত্তিকে স্নান করাইয়া স্থাপন করত আবাহন করিবে ॥

অবাহনমন্ত্র যথা ॥

হে জগন্নাথ! হে বৈকুণ্ঠ! হে পুরুষোত্তম! হে জগৎপতে!

এহি এহি জগন্নাথ বৈকুণ্ঠ পুরুষোত্তম।
পরিবারগণোপেত লক্ষ্ম্যা সহ জগৎপতে ইতি ॥ ১৬৪ ॥
প্রতিষ্ঠাপ্য মনোজ্যোতিরিতি মন্ত্রেণ বৈষ্ণবঃ।
পাদ্যাদীনুপকল্প্যানুলেপনৈরনুলেপয়েৎ ॥ ১৬৫ ॥
বস্ত্রযুগ্মং সিতং দত্ত্বা পুষ্পাদীনি সমর্পয়েৎ।
দীপান্ প্রজ্বালয়েচ্ছক্ত্যা কুর্য্যাৎ কুসুমমণ্ডপং ॥ ১৬৬ ॥

পুত্রস্য স্তন্তং বৈ বিস্মিতাননাং। পিবন্মাতুঃ স্তনং ভদ্রমাননং পাণিনা স্পৃশন্। অবলোকমানঃ প্রেম্ণা বৈ মুখং মাতুর্মুহুর্মুহুরিতি ॥ ১৬৪ ॥

অনুলেপনৈস্তুলসীকাষ্ঠচন্দনমিশ্রিতমলয়কুঙ্কুমকর্পূরাগুরুকস্তূরিকাদিপঙ্কৈঃ। অনুলেপয়েদ্দেবং। তথাচ স্কান্দে তত্রৈব। তুলসীদারুজাতেন চন্দনেন বিলেপনং। কুঙ্কুমেন মহাভাগ কর্পূরাগুরুচর্চ্চিতং। পঙ্ককাশ্মীরগন্ধৈশ্চ মৃগনাভিবিমিশ্রিতমিতি। অত্র চ প্রকল্পয়েদিতি পূর্ব্বশ্লোকস্থক্রিয়য়ান্বয়ঃ ॥ ১৬৫ ॥

পুষ্পাণি মল্লিকা মালতী চম্পকাদীনি। আদিশব্দেন তুলসীমঞ্জরীদলবিল্বপত্রাদীনি। তথা কুষ্মাণ্ডনারিকেলফলাদীনি চ গ্রাহ্যানি। তথাচ তত্রৈব। মল্লিকামালতীপুষ্পৈশ্চম্পকৈঃ কেতকীদলৈঃ। বিল্বপত্রৈরখণ্ডৈশ্চ তুলসীদলকোমলৈঃ। অন্যৈর্নানাবিধৈঃ পুষ্পৈঃ করবীরৈঃ সিতাসিতৈঃ। যূথিকাশতপত্রৈশ্চ তথান্যৈঃ কালসম্ভবৈঃ পূজনীয়ো মহাভাগো মহাভক্ত্যা জনার্দ্দনঃ। কুষ্মাণ্ডৈর্নারিকেলৈশ্চ খর্জ্জূরৈর্দাড়িমৈস্তথা। বীজপূরৈঃ পূগফলৈঃ সুনিষ্পন্নৈঃ সুশোভনৈঃ। দ্রাক্ষাফলৈর্জাতিফলৈরন্তাবৃক্ষসমুদ্ভবৈরিতি ॥ ১৬৬ ॥

আপনি পরিবারগণ ও লক্ষ্মীর সহিত আগমন করুন আগমন করুন ॥ ১৬৪ ॥

তদনন্তর বৈষ্ণব ব্যক্তি দেবমূর্ত্তির প্রতিষ্ঠা করিয়া "মনোজ্যোতিঃ" ইত্যাদি মন্ত্র দ্বারা পাদ্যাদি প্রদান করিয়া পরে তুলসীকাষ্ঠ-চন্দন মিশ্রিত শুভ্র চন্দন, কুঙ্কুম, কর্পূর, অগুরু ও কস্তূরিকাদি পঙ্ক দ্বারা দেবাঙ্গ অনুলেপন করিবেন ॥ ১৬৫ ॥

তৎপরে শুক্লবস্ত্রযুগ্ম প্রদান করিয়া পুষ্পাদি সমর্পণ করিবেন। তদনন্তর শক্তি অনুসারে দীপ সকল প্রজ্বালিত করিয়া পুষ্পমণ্ডপ নির্ম্মাণ করিবেন ॥ ১৬৬ ॥

গীতবাদ্যাদিভিঃ শান্তিপাঠৈঃ স্তোত্রৈশ্চ কীর্ত্তনৈঃ।
আরভেতাশঠঃ পূজাং গুরুং সংপূজ্য ভক্তিতঃ॥ ১৬৭॥
তত্রাদৌ শ্রীদেবকীপূজা॥
অদিতে দেবমাতস্ত্বং সর্ব্বপাপপ্রণাশিনি।
অতস্ত্বাং পূজয়িষ্যামি ভীতো ভবভয়স্য তু॥
পূজিতাসি যথা দেবৈঃ প্রসন্না ত্বং বরাননে॥

স্তোত্রাদীনি চ তত্রৈবোক্তানি। শান্তিপাঠং শাস্ত্রপাঠং গীতাপাঠং তৃতীয়কং। সহস্রনাম চাতুর্থং পঞ্চমং গজমোক্ষণং। বালস্য চরিতং বিষ্ণোঃ পঠনীয়ং পুনঃ পুনরিতি। অশঠঃ ভগবদর্চ্চনগুরুপূজাদৌ বিত্তাদিশাঠ্যহীনঃ সন্। তথাচ তত্রৈব। শ্রাদ্ধে দানে তথা পর্ব্বতীর্থব্রতমখেষু চ। বিত্তশাঠ্যং ন কুর্ব্বীত সর্ব্বধর্ম্মপ্রয়োজনে। ভবিষ্যে চ। বিভবে সতি যো মোহান্ন কুর্য্যাদ্বিধিবিস্তরং। ন তৎফলমবাপ্নোতি দেবদ্রোহী স উচ্যতে। প্রথমং ভক্ত্যা গুরুং সম্যক্ পূজয়িত্বা পশ্চাৎ পূজামারভেৎ। তথা স্কান্দে তত্রৈব। অতিক্রম্য নরো যস্তু গুরুং ধর্ম্মোপদেশকং। বিপ্রেন্দ্র স্বেচ্ছয়া পুণ্যং কুর্ব্বাণো নরকং ব্রজেৎ। অভিবাদ্য গুরুং তস্মাদ্ধর্ম্মকার্য্যাণি কারয়েৎ। ধর্ম্মমর্থঞ্চ কামঞ্চ যদীচ্ছেদাত্মনো হিতং। দদ্যাৎ স্বভক্তিতো ভক্ত্যা গাং মহীং কাঞ্চনং বসু। গুরুং ধান্যঞ্চ বস্ত্রঞ্চ ভূষণং মধুরং বচঃ। ততঃ পূজা বিধাতব্যা দেবক্যাঃ কেশবস্য চেতি॥ ১৬৭॥

অনেন অদিতে ইত্যাদিনাদৌ দেবকীং সংপূজ্য ততঃ কৃষ্ণং পূজয়েৎ। সমাতৃকায় দেবকীসহিতায়। তথাচ তত্রৈব। কৃষ্ণায় প্রথমং দদ্যাৎ দেবকীসহিতায় চ। অর্ঘ্যং মুনিবরশ্রেষ্ঠ সর্ব্বকামফলপ্রদমিতি। অতএব মন্ত্রেঽপি দেবক্যা সহিতো হরে ইতি।

অনন্তর ধনব্যয় আশঙ্কা পরিত্যাগ পূর্ব্বক ভক্তিসহকারে গুরুদেবের পূজা করিয়া গীত, বাদ্য, শান্তিপাঠ ও স্তোত্র কীর্ত্তন প্রভৃতি দ্বারা শ্রীভগবন্মূর্ত্তির পূজা আরম্ভ করিবেন॥ ১৬৭॥

তদ্বিষয়ে প্রথমতঃ দেবকীর পূজা॥

হে অদিতে! হে দেবমাতঃ! আপনি সমস্ত পাপ বিনষ্ট করেন, অতএব আমি ভবভয়ে ভীত হইয়া আপনাকে পূজা করিতেছি। হে বরাননে! আপনি যেমন দেবগণ কর্ত্তৃক পূজিত হইয়া প্রসন্ন হই-

পূজিতা মে তথা ভক্ত্যা প্রসাদং কুরু সুব্রতে।
যথা পুত্রং হরিং লব্ধ্বা প্রাপ্তা তে নির্বৃতিঃ পরা।
তামেব নির্বৃতিং দেবি স্বপুত্রাৎ দর্শয়স্ব মে।
মন্ত্রেণানেন সংপূজ্য দেবকীং কৃষ্ণমর্চ্চয়েৎ॥
ততঃ সমাতৃকায়ার্ঘ্যং তস্মৈ পূর্ব্ববদর্পয়েৎ।
তত্র পূজামন্ত্রঃ॥
অবতারসহস্রাণি করোষি মধুসূদন।
ন তে সংখ্যাবতারাণাং কশ্চিজ্জানাতি বৈ ভুবি।
দেবা ব্রহ্মাদয়ো বাপি স্বরূপং ন বিদুস্তব।
অতস্ত্বাং পূজয়িষ্যামি মাতুরুৎসঙ্গসংস্থিতং।

মন্ত্রবিশেষশ্চ তত্রৈব। শ্রীকৃষ্ণায় দেবকীসহিতায় সগণায় সপরিবারায় লক্ষ্মীসহিতায় অর্ঘ্যং নম ইতি। পূর্ব্ববৎ ইতি নারিকেলেন শুভ্রেণেত্যাদিকং তৎপক্ষবর্দ্ধনীব্রতাদাবপ্যুক্তং তদনুসারতঃ পুষ্পাদিসহিতং শুভ্রনারিকেলশস্যং শঙ্খে নিধায় তেনার্ঘ্যং দদ্যাদিত্যর্থঃ॥ ১৬৮॥

য়াছেন, হে সুব্রতে! তদ্রূপ ভক্তিসহকারে আমা কর্ত্তৃক পূজিত হইয়া প্রসন্ন হউন॥

হে দেবি! আপনি হরিকে পুত্ররূপে লাভ করিয়া যেমন পরম আনন্দ প্রাপ্ত হইয়াছেন, আপনি পুত্রের সহিত আমাকে সেই আনন্দ প্রদর্শন করান॥

এই মন্ত্র দ্বারা দেবকীর পূজা করিয়া শ্রীকৃষ্ণের অর্চ্চনা করিবেন। তাহার পর সমাতৃক শ্রীকৃষ্ণকে অর্ঘ্য প্রদান করিবেন॥

তদ্বিষয়ে পূজা মন্ত্র॥

হে মধুসূদন! আপনি সহস্র সহস্র অবতার করিয়া থাকেন কিন্তু পৃথিবীতে কোন ব্যক্তি আপনার অবতারের সংখ্যা জানে না, হে ভগবন্! ব্রহ্মাদি দেবগণ আপনার স্বরূপ জানিতে পারেন না, আপনি মাতৃক্রোড়ে শয়ন করিয়া রহিয়াছেন অতএব আপনাকে পূজা করিব।

বাঞ্ছিতং কুরু মে দেব দুষ্কৃতং চৈব নাশয়।
কুরুষ্ব মে দয়াং দেব সংসারার্ত্তিভয়াপহেতি ॥
অর্ঘ্যমন্ত্রঃ ॥
জাতঃ কংসবধার্থায় ভূভারোত্তারণায় চ।
দেবতানাং হিতার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ।
কৌরবাণাং বিনাশায় দৈত্যানাং নিধনায় চ।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং দেবক্যা সহিতো হরে ইতি ॥ ১৬৮ ॥
অর্ঘ্যমাহাত্ম্যঞ্চ স্কান্দে তত্রৈব ॥
দত্ত্বা চ সকলামুর্ব্বীং সসাগরনগান্বিতাং।
অর্ঘ্যদানেন তৎ পুণ্যং লভতে মানবোভুবীতি ॥ ১৬৯ ॥
ধূপদীপৌ সমর্প্যাথ নৈবেদ্যং বিবিধং শুভং।

---

সকলাং পৃথ্বীং দত্ত্বা যৎ পুণ্যং লভতে তদর্ঘ্যদানেন লভতে ইত্যর্থঃ ॥ ১৬৯ ॥

বিবিধং ঘৃতপক্বপায়সাদ্যনেকপ্রকারং শুভং পরমোৎকৃষ্টং ফলানি চ কুষ্মাণ্ডাদীনি

---

হে দেব! হে সংসারভয়নাশন! আমার বাঞ্ছা সিদ্ধি করুন, পাপ বিনাশ করুন এবং আমার প্রতি দয়া করুন ॥

অর্ঘ্য মন্ত্র যথা ॥

হে হরে! কংসবংশ ধ্বংসনিমিত্ত, ভূভার অবতরণ জন্য, দেবতাদের কল্যাণার্থ, ধর্ম্মসংস্থাপন হেতু, কৌরবদিগের বিনাশ নিমিত্ত এবং দৈত্য সকলের নিধন জন্য, আমি আপনাকে অর্ঘ্য প্রদান করিতেছি, আপনি দেবকীর সহিত গ্রহণ করুন ॥ ১৬৮ ॥

অর্ঘ্য মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে ব্রহ্ম নারদসম্বাদে ॥

মনুষ্য ধরাতলে সাগর ও পর্ব্বতসমন্বিত সমগ্র পৃথিবী দান করিয়া যে পুণ্য লাভ করে, ভগবান্‌কে অর্ঘ্য দান করিলে সেই পুণ্য প্রাপ্ত হয় ॥ ১৬৯ ॥

অনন্তর ধূপ, দীপ, নানাবিধ পরমোৎকৃষ্ট নৈবেদ্য এবং উত্তম

ফলানি চ বিচিত্রাণি তাম্বূলাদীনি চার্পয়েৎ ॥ ১৭০ ॥
কৃত্বা নীরাজনং গীতং নৃত্যাদ্যুৎসবমাচরন্।
কুর্য্যাজ্জাগরণং কৃষ্ণবাল্যলীলাকথাদিনা ॥ ১৭১ ॥
তন্মাহাত্ম্যং স্কান্দে তত্রৈব।
জাগরে পদ্মনাভস্য পুরাণং পঠতে তু যঃ।
জন্মকোটিকৃতং পাপং দহতে তূলরাশিবদিতি ॥ ১৭২ ॥
প্রাতঃকৃত্বা ক্রিয়াং নিত্যাং তন্মূর্ত্তিং গুরবেঽর্পয়েৎ।
বস্ত্রাদিকং দক্ষিণাঞ্চ দত্ত্বা কুর্ব্বীত পারণং।
কিঞ্চ তত্রৈব।

---

তানি স্কান্দোক্তানি লিখিতান্যেব আদিশব্দেন দর্পণচ্ছত্রচামরাদীনি ॥ ১৭০ ॥

কৃষ্ণস্য বাল্যলীলায়াঃ কথা কথনং তদাদিনা। আদিশব্দেন তচ্ছ্রবণাদি প্রৌঢ়-লীলাকথাদি চ। তথাচ তত্রৈব বালস্যাচরিতং বিষ্ণোরিতি লিখিতমেব। কিঞ্চ জাগ-রণপ্রসঙ্গে। চরিতং দেবকীসূনোর্বাচনীয়ং বিচক্ষণৈরিতি ॥ ১৭১ ॥

দহতে দহতি। তূলরাশিবদিতি যথাগ্নিস্তূলরাশিং সদ্যোদহেৎ তদ্বদিত্যর্থঃ। হরত ইতি পাঠেঽপি তথৈবার্থঃ। যদ্বা বায়ুর্যথা তূলরাশিং হরতীতি ॥ ১৭২ ॥

তাং মূর্ত্তিং পূর্ব্বনির্ম্মিতাং পূজিতাং। শ্রীদেবকীসহিতাং ভগবৎ প্রতিকৃতিং। এবং

---

উত্তম ফল সকল নিবেদন করিয়া তাম্বূলাদি অর্পণ করিবে ॥ ১৭০ ॥

তৎপরে আরাত্রিক করিয়া গীত, নৃত্যাদি উৎসব তথা শ্রীকৃষ্ণের বাল্য লীলাদি কথা দ্বারা জাগরণ করিবে ॥ ১৭১ ॥

অথ জাগরণ মাহাত্ম্য।

স্কন্দপুরাণের ঐ প্রকরণে ॥

যে ব্যক্তি পদ্মনাভের জাগরণে পুরাণ পাঠ করেন, তাঁহার কোটি জন্মের কৃত পাপ তূল রাশির ন্যায় দগ্ধ হয় ॥ ১৭২ ॥

প্রাতঃকালে নিত্যক্রিয়া সমাপন পূর্ব্বক গুরুদেবকে ঐ ভগবন্মূর্ত্তি তথা বস্ত্রাদি ও দক্ষিণা প্রদান করিয়া পারণ করিবে ॥

আরও ঐ স্কন্দপুরাণে ॥

বিধিনানেন সংযুক্তাং জয়ন্তীঞ্চ করোতি যঃ।
নারী বোদ্ধরতে ভক্ত্যা পুরুষানেকবিংশতিং।
সংক্ষেপেণ চ যঃ কুর্য্যাজ্জয়ন্তীং হরিবল্লভাং।
মানসেষ্টফলং প্রাপ্য বিষ্ণুলোকং স গচ্ছতি ॥ ১৭৩ ॥
অথ পাপনাশিনীব্রতং ॥
ব্রহ্মপুরাণে তত্রৈব।
যদা তু শুক্লদ্বাদশ্যাং পুষ্যা ভবতি কর্হিচিৎ।
তদা সা তু মহাপুণ্যা কথিতা পাপনাশিনী।
সগরেণ ককুৎস্থেন ধুন্ধুমারেণ গাধিনা।
তস্যামারাধিতঃ কৃষ্ণোদত্তবানখিলাং ভুবং।
বাচিকান্মানসাৎ পাপাৎ কায়িকাচ্চ বিশেষতঃ ॥

বিসর্জ্জনং কৃতমন্তীতি বোদ্ধব্যং। তচ্চ সর্ব্বত্র সাধারণতয়া প্রাপ্তত্বাৎ ন স্পষ্টং লিখিতং। আদিশব্দেন শক্তৌ কুণ্ডলকঞ্চুকোষ্ণীষমুদ্রিকাদি ॥ ১৭৩ ॥

মাষকেণ সুবর্ণস্যেতি জ্ঞেয়ং। হৈমমিতি বিশেষণাৎ। কৃতং বিনির্ম্মিতং ॥ ১৭৪ ॥

যে পুরুষ বা যে নারী ভক্তিপূর্ব্বক এই বিধি দ্বারা জয়ন্তীর ব্রত করেন তাঁহারা একবিংশতি পুরুষকে উদ্ধার করেন ॥

যে ব্যক্তি সংক্ষেপেতেও হরিবল্লভা জয়ন্তীর ব্রত করেন, তিনি মানসিক ইষ্ট ফল প্রাপ্ত হইয়া বিষ্ণুলোকে গমন করেন ॥ ১৭৩ ॥

অথ পাপনাশিনী ব্রত ॥

ব্রহ্মপুরাণের উক্ত প্রকরণেই ॥

যদি কখন শুক্লা দ্বাদশীতে পুষ্যা নক্ষত্র হয়, তাহা হইলে ঐ তিথি মহা পুণ্য স্বরূপ এবং উহা পাপনাশিনী বলিয়া কথিত হয় ॥

ঐ পাপনাশিনীতে সগর রাজা, ককুৎস্থ, ধুন্ধুমার এবং গাধি ইহাঁরা শ্রীকৃষ্ণের আরাধনা করিয়াছিলেন, তাহাতে ঐ শ্রীকৃষ্ণ উহাঁদিগকে নিখিল ভূমণ্ডল অর্পণ করেন ॥

সপ্তজন্মকৃতাদ্ঘোরান্মুচ্যতে নাত্র সংশয়ঃ ।
ইমামেকামুপোষ্যৈব পুষ্যানক্ষত্রসংযুতাং ।
একাদশী সহস্রস্য ফলমাপ্নোতি মানবঃ ।
স্নানং দানং জপো হোমঃ স্বাধ্যায়ো দেবতার্চ্চনং ।
যদস্যাং ক্রিয়তে কিঞ্চিত্তদনন্তগুণং ভবেৎ ।
তস্মাদেষা প্রযত্নেন কর্ত্তব্যা ফলকাঙ্ক্ষিভিঃ ॥
অথ তদ্ব্রতবিধিঃ ॥
গুরুং প্রণম্য নিয়মং স্বীকুর্য্যাৎ ব্রতহেতুকং ।
কুম্ভমামলকীমূলে পূর্ব্ববৎ স্থাপয়েদ্ব্রতী ॥
সঙ্কল্পমন্ত্রঃ ॥
দ্বাদশ্যাস্তু নিরাহারঃ স্থিত্বাহহমপরেহহনি ।
ভোক্ষ্যামি জামদগ্ন্যেশ শরণং মে ভবাচ্যুত ইতি ।

এই ব্রত আচরণ করিলে বাচিক, মানসিক ও বিশেষতঃ কায়িক সপ্তজন্মকৃত পাপ হইতে মুক্ত হইবে, ইহাতে সংশয় নাই ॥

মনুষ্য এই পুষ্যানক্ষত্রসংযুক্ত দ্বাদশীর উপবাস করিলে সহস্র একাদশীর ফল প্রাপ্ত হয় ॥

এই পাপনাশিনী তিথিতে স্নান, দান, জপ, হোম, বেদপাঠ ও দেবতার্চ্চন প্রভৃতি যাহা কিছু করা হয়, তৎসমুদায়ের অনন্তগুণ ফল হইয়া থাকে। অতএব ফলাকাঙ্ক্ষি ব্যক্তি যত্নসহকারে এই পাপনাশিনীর ব্রত করিবেন ॥

অথ পাপনাশিনী ব্রতের বিধি ॥

ব্রতধারী ব্যক্তি গুরুদেবকে প্রণাম করিয়া ব্রত নিমিত্ত নিয়ম সকল গ্রহণ করিবেন এবং পূর্ব্ব পূর্ব্ব ব্রতের ন্যায় আমলকীবৃক্ষমূলে কলস স্থাপন করিবেন ॥

সঙ্কল্পমন্ত্র ॥

হে অচ্যুত ! হে জামদগ্ন্য ! হে ঈশ ! আমি দ্বাদশীতে নিরাহার

বারিপূর্ণং ততঃ পাত্রং ন্যসেৎ কুম্ভোপরি ব্রতী।
সুন্দরং তাম্ররচিতং বেণুরচিতমেব বা।
মাষকেণ তদর্দ্ধেন তদর্দ্ধেনাথবা কৃতং।
হৈমং পরশুরামঞ্চ স্নপিতং স্থাপয়েত্ততঃ।
দত্ত্বা বস্ত্রযুগচ্ছত্রপাদুকাঃ শ্বেতচন্দনৈঃ।
আলিপ্য তুলসীপুষ্পৈরভ্যর্চ্চ্যাঙ্গানি পূজয়েৎ ॥ ১৭৪ ॥
বিশোকায়েতি চরণৌ জানুনী বিশ্বরূপিণে।
হয়গ্রীবায়েতি চোরূ কটিং দামোদরায় চ।
কন্দর্পায়েতি বৈ গুহ্যং নাভিং বৈ পদ্মমালিনে।
অনন্তায়েতি জঠরং শ্রীকণ্ঠায়েতি বৈ গলং।
বাহূ হৈমাঙ্গদায়েতি বৈকুণ্ঠায়েতি মস্তকং।
জ্যোতীরূপায়েতি নেত্রে নাসাগ্রং শোকনাশিনে।
ললাটং বামনায়েতি রামায়েতি শ্রবৌ যজেৎ।

বিশোকায় নমঃ ইতি চরণৌ যজেৎ পূজয়েদিত্যন্তরেণাম্বয়ঃ। এবং পূর্ব্ববৎ সর্ব্বত্র-

থাকিয়া পর দিবস ভোজন করিব, আপনি আমার আশ্রয় হউন ॥

তৎপরে ব্রতী ব্যক্তি ঐ কুম্ভের উপরে মনোহর তাম্ররচিত অথবা বেণুনির্ম্মিত জলপূর্ণ পাত্র স্থাপন করিবেন। তদনন্তর একমাষা বা অর্দ্ধমাষা কিম্বা অর্দ্ধমাষারও অর্দ্ধ স্বর্ণ দ্বারা পরশুরামের মূর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক তাঁহাকে স্নান করাইয়া তদুপরি স্থাপন করিবে। তৎপরে যুগ্ম-বস্ত্র, ছত্র, পাদুকা প্রদান করিয়া শুভ্র চন্দন দ্বারা আলেপন করত তুলসী ও পুষ্প দ্বারা অঙ্গ সকল অর্চ্চনা করিবে ॥ ১৭৪ ॥

অঙ্গপূজা যথা—“বিশোকায় নমঃ” এই বলিয়া চরণদ্বয়, “বিশ্ব-রূপায় নমঃ” জানুদ্বয়, “হয়গ্রীবায় নমঃ” উরুদ্বয়, “দামোদরায় নমঃ” কটি, “কন্দর্পায় নমঃ” গুহ্য, “পদ্মমালিনে নমঃ” নাভি, “অনন্তায় নমঃ” জঠর, “শ্রীকণ্ঠায় নমঃ” গলদেশ, “হৈমাঙ্গদায় নমঃ” বাহুদ্বয়, “বৈকুণ্ঠায়

সর্ব্বাত্মনে সমস্তাঙ্গং শস্ত্রাণি স্বস্বসংজ্ঞয়া।
প্রদায় পূর্ব্ববচ্চার্ঘ্যং ধূপদীপৌ সমর্প্য চ।
নৈবেদ্যাদি প্রদায়াথ দেবং সংপ্রার্থয়েচ্চ তং॥
অর্ঘ্যমন্ত্রঃ॥
নমস্তে দেবদেবেশ জামদগ্ন্য নমোঽস্তু তে।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তমামল্যা সহিতো হরে॥
প্রার্থনামন্ত্রঃ॥
জামদগ্ন্য নমস্তেঽস্তু ক্ষত্রিয়ান্তকরায় চ।
সর্ব্বাণি যানি পাপানি সপ্তজন্মকৃতান্যপি॥
ক্ষয়ং যান্তু মমৈবাদ্য ত্বৎপ্রসাদাচ্চ ভার্গব।
বাচিকং মানসং পাপং জ্ঞানতোঽজ্ঞানতোঽপি বা।
আয়ুর্যশস্তথারোগ্যং ধনং ধান্যঞ্চ সম্পদঃ।

বোদ্ধেয়ং। অতো যত্রেতি শব্দো নাস্তি তত্র সোঽধ্যাহার্য্য ইতি। যত এতে সর্ব্বে মন্ত্রা ইতি।

নমঃ” মস্তক, “জ্যোতীরূপায় নমঃ” নেত্রদ্বয়, “শোকনাশিনে নমঃ” নাসাগ্র, “বামনায় নমঃ” ললাট, রামায় নমঃ” শ্রবণদ্বয় এবং “সর্ব্বাত্মনে নমঃ” এই বলিয়া সমস্ত অঙ্গপূজা করিবে এবং যে যে অস্ত্র আছে, সেই সেই অস্ত্রের নাম উল্লেখ করিয়া পূজা করিবে॥

পূর্ব্বের ন্যায় অর্ঘ্য ও ধূপ দীপ সমর্পণ পূর্ব্বক নৈবেদ্যাদি প্রদান করিয়া ঐ দেবকে প্রার্থনা করিবে॥

অর্ঘ্যমন্ত্র যথা॥

হে দেবদেবেশ! হে হরে! আমি আপনাকে অর্ঘ্য প্রদান করিতেছি, আপনি আমলকীর সহিত গ্রহণ করুন॥

হে জামদগ্ন্য! হে ক্ষত্রিয়কুলের অন্তকর! আমি সপ্তজন্মে যে সকল পাপ করিয়াছি, হে ভার্গব! আপনার প্রসাদে আমার সেই পাপ ক্ষয় হউক এবং জ্ঞানপূর্ব্বক বা অজ্ঞানপূর্ব্বক যে সকল বাচিক ও মানসিক পাপ করিয়াছি, তৎসমুদায়ও বিনাশ প্রাপ্ত হউক॥

অপর হে দেব! আপনার ভক্তের আয়ুঃ, যশঃ, আরোগ্য, ধন,

সৌভাগ্যং তব ভক্তস্য সন্তানং বিপুলং ভবেৎ
সর্ব্বান্ কামানাপ্নুবানি দিব্যং সৌখ্যং নিরন্তরং।
অন্তেঽপ্যস্তু মমেশান ভক্তিস্ত্বচ্চরণে প্রভো।
জনার্দ্দন হৃষীকেশ লক্ষ্মীনাথ সুরার্চ্চিত।
রাম রাম মহাবাহো কার্ত্তবীর্য্যবিনাশন॥ ১৭৫॥
এতৎ সর্ব্বং ময়া দত্তং জ্ঞানং জ্ঞেয়ং তবাচ্যুত।
মামুদ্ধর জগন্নাথ দয়াং কৃত্বা মমোপরি॥ ১৭৬॥
অথ ধাত্রীপূজা॥
পিতা পিতামহাশ্চান্যে অপুত্রা যে চ গোত্রিণঃ।
বৃক্ষযোনিং গতা যে চ যে চ কীটত্বমাগতাঃ।
রৌরবে নরকে যে চ মহারৌরবসংজ্ঞকে।
বিযোনিং চ গতা যে চ যে চ ব্রহ্মাণ্ডমধ্যগাঃ।

তং শ্রীপরশুরামরূপং॥ ১৭৫॥
জ্ঞানাদিকঞ্চ সর্ব্বং তব তুভ্যং দত্তমর্পিতং॥ ১৭৬॥

ধান্য, সম্পদ্, সৌভাগ্য এবং সন্তান ইত্যাদি সমস্ত, বিপুল রূপে হউক, তথা সকল প্রকার কাম ও নিরন্তর অলৌকিক সুখ লাভ হউক॥

অপিচ, হে জনার্দ্দন! হে হৃষীকেশ! হে লক্ষ্মীনাথ! হে দেবার্চ্চিত! হে রাম! হে মহাবাহো! হে কার্ত্তবীর্য্যবিনাশন! হে ঈশান! হে প্রভো! অন্তে আপনার চরণে আমার ভক্তি হউক॥ ১৭৫॥

হে অচ্যুত! জ্ঞান ও জ্ঞেয় এই সকল আপনাকে অর্পণ করিলাম, হে জগন্নাথ! আপনি আমার উপরে দয়া করিয়া আমাকে উদ্ধার করুন॥ ১৭৬॥

অথ ধাত্রীপূজা॥

আমার যে সকল পিতা, পিতামহ এবং যাহারা অপুত্র, সগোত্র, বৃক্ষযোনিগত, কীটত্ব প্রাপ্ত, তথা রৌরব ও মহারৌরব নরকে অবস্থিত, বিযোনিগত, ব্রহ্মাণ্ড মধ্যস্থিত, পিশাচত্ব ও প্রেতত্ব প্রাপ্ত,

পিশাচত্বং গতা যে চ যে চ প্রেতত্বমাগতাঃ।
তে পিবন্তু ময়া দত্তং ধাত্রীমূলে সদা পয়ঃ।
তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু ধাত্রীমূলনিষেচনাৎ।
ইতি ধাত্রীং চাভিষিচ্য নারানষ্টোত্তরং শতং।
তাঞ্চ প্রদক্ষিণীকৃত্য কুর্য্যাজ্জাগরণং ব্রতী।
প্রাতশ্চ দেবং নীরাজ্য নিত্যং কর্ম্ম সমাপ্য চ।
মূর্ত্ত্যাদি গুরবে দত্ত্বা প্রাগ্বৎ পারণমাচরেৎ।
ফাল্গুনে মাসি যদ্যেষা দ্বাদশী পাপনাশিনী।
ভবেত্তদা ব্রতস্যাস্য মহিমা স্যাদ্বিশেষতঃ ॥ ১৭৭ ॥
ইতি ক্রমেণ লিখিতং বিজয়াদি ব্রতত্রয়ং।
ভবিষ্যোত্তর স্কান্দাভ্যাং শ্রীব্রহ্মাণ্ডপুরাণতঃ ॥ ১৭৮ ॥

প্রাগ্বৎ শক্ত্যা ব্রাহ্মণভোজনাদিনা ॥ ১৭৭ ॥

বিজয়াদিব্রতত্রয়ং তত্তদ্বিধিশ্চ ভবিষ্যোত্তরাদিতোলিখিতমিতি তত্র তত্রোক্তং সংক্ষিপ্যার্থতোলিখিতং নতু তত্তদ্বচনানি সংগৃহীতানি গ্রন্থবিস্তরভয়াদিত্যর্থঃ। অতএব তত্তদ্বিধিলিখনে ভবিষ্যোত্তর ইত্যাদিকং নোল্লিখিতং ক্রমেণেতি। ভবিষ্যোত্তরতোবিজয়াব্রতং স্কন্দপুরাণাজ্জয়ন্তীব্রতং ব্রহ্মাণ্ডপুরাণাচ্চ পাপনাশিনীব্রতমিতি ॥ ১৭৮ ॥

আমি ধাত্রীমূলে জল দিতেছি, তাঁহারা নিরন্তর এই জল পান করুন এবং ধাত্রীমূলসেচন হেতু তাঁহাদের তৃপ্তি লাভ হউক ॥

এই মন্ত্র পাঠ পূর্ব্বক ধাত্রীবৃক্ষকে একশত অষ্টবার সেচন করিয়া তাহাকে প্রদক্ষিণ করত ব্রতী ব্যক্তি জাগরণ করিবেন ॥

তদনন্তর প্রাতঃকালে দেবকে নিরাজন ও নিত্যকর্ম্ম সমাপন পূর্ব্বক দেবমূর্ত্তি প্রভৃতি সমুদায় বস্তু গুরুদেবকে অর্পণ করিয়া পূর্ব্বের ন্যায় পারণ করিবে ॥

যদি ফাল্গুন মাসে এই পাপনাশিনী দ্বাদশী হয়, তাহা হইলে এই ব্রতের বিশেষ মহিমা হইয়া থাকে ॥ ১৭৭ ॥

আমি ভবিষ্যোত্তর, স্কন্ধ ও ব্রহ্মাণ্ড পুরাণের অনুসারে ক্রম পূর্ব্বক বিজয়া, জয়ন্তী ও পাপনাশিনী এই ব্রতত্রয়ের বিধান লিখিলাম॥ ১৭৮॥

অন্যেঽপি দ্বাদশী ভেদা বহবঃ সন্তি বিশ্রুতাঃ।
অগ্রতো লেখনীয়াস্তে তত্তন্নাম প্রসঙ্গতঃ ॥ ১৭৯ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে বিষ্ণুব্রতোৎসবোনাম ত্রয়োদশবিলাসঃ ॥ * ॥

---

অন্যেঽপি মৎস্যাদিদ্বাদশ্যোনির্জ্জলাদ্যাশ্চ ॥

॥ * ॥ ইতি ত্রয়োদশ বিলাসঃ। ॥ * ॥

---

এতদ্ভিন্ন দ্বাদশীর অন্যান্য যে সকল বহু বহু ভেদ শ্রুত হওয়া যায়, অগ্রে তত্তৎ নামপ্রসঙ্গে ঐ সমুদায় লিখিত হইবে ॥ ১৭৮ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদে বিষ্ণুব্রতোৎসব নাম ত্রয়োদশ বিলাস সমাপ্ত ॥ * ॥

# চতুর্দ্দশবিলাসঃ।

অগত্যেকগতিং নত্বা হীনার্থাধিকসাধকং।
চৈতন্যদেবং লিখ্যন্তে মাসপূজামহোৎসবাঃ॥ ১॥

অথ মাসকৃত্যানি॥

আগ্রহায়ণিকো মাসো মাসেষু প্রবরঃ স্মৃতঃ।
মাসানাং মার্গশীর্ষোঽহমিত্যুক্তো মাধবেন যঃ॥ ২॥

এবং শ্রীবৈষ্ণবানাং প্রত্যহ কৃত্যানি প্রতিপক্ষকৃত্যানি চ লিখিত্বা অধুনা প্রতিমাসকৃত্যানি লিখিতুং পরমগুরুশ্রীভগবন্মাহাত্ম্যেনৈব তৎ সিদ্ধ্যতীত্যভিপ্রেত্য তন্নমস্কারপূর্ব্বকমারভতে অগতীতি শ্রীভগবন্মাহাত্ম্যমেব দর্শয়তি অগতীনামেকামনন্যাং গতিং শরণং। ন চ গতিমাত্রং কিন্তু হীনানাং সজ্জন্মকর্ম্মহীনানামতিনীচজনানাং যেঽর্থাঃ প্রয়োজনানি ধর্ম্মাদয়ো বা তেষামধিকং যথাস্যাত্তথা সাধকমিতি। মাসেষু দ্বাদশস্থ যে ভগবৎ পূজাবিশেষরূপা মহোৎসবাস্তে॥ ১॥

তত্রাদৌ মার্গশীর্ষমাসস্য কৃত্যানি লিখন্ তস্য সর্ব্বমাসাদ্যতাং দর্শয়ন্ তন্মাহাত্ম্যং লিখতি আগ্রহায়ণিক ইতি হায়নস্য সম্বৎসরস্য অগ্রবর্ত্তিত্বাদাগ্রহায়ণিক ইতি ব্যুৎপত্ত্যা সর্ব্বমাসাদ্যত্বেন সিদ্ধং তস্য শ্রৈষ্ঠ্যমেব লিখতি। মাসেষ্বিতি। তত্র হেতুঃ মাসানামিতি। যঃ আগ্রহায়ণিকঃ মাধবেন মধুকুলসমুদ্রচন্দ্রেণ শ্রীভগবতা স্বয়মেব বিভূত্যধ্যায়ে উক্তঃ॥ ২॥

যিনি অগতির এক গতি অর্থাৎ আশ্রয় স্বরূপ, যিনি সজ্জন্ম কর্ম্ম হীন অতি নীচ জন সকলের অতিশয় রূপে ধর্ম্মাদির সাধক, সেই চৈতন্যদেবকে নমস্কার করিয়া মাসপূজা মহোৎসব লিখিতেছি॥ ১॥

অথ মাসকৃত্য॥

ভগবান্ মাধব ভগবদ্গীতার ১০ অধ্যায়ে অর্জ্জুনকে কহিয়াছেন, মাস সকলের মধ্যে আমি অগ্রহায়ণ মাস, একারণ সকল মাসের মধ্যে অগ্রহায়ণ মাস শ্রেষ্ঠ॥ ২॥

তত্রাদৌ মার্গশীর্ষকৃত্যং ॥

স্নানদানব্রতার্চ্চাদি ক্রিয়াঃ সনিয়মং কৃতাঃ।
মাঘাদাবিব মার্গেঽস্মিন্ ভগবদ্ভক্তিভূতিদাঃ ॥ ৩ ॥
তুলসীকাননে পূজ্যো মার্গে মাসি বিশেষতঃ।
ভগবান্নৃত্যগীতাদিমহেন সহ বৈষ্ণবৈঃ ॥ ৪ ॥
বিশেষতশ্চ মাসেঽস্মিন্ বস্ত্রং শীতনিবারণং।
চিত্রং ভগবতে দদ্যাজ্জগজ্জাড্যহরং হি তৎ ॥ ৫ ॥

তত্রাদৌ শ্রীভগবদ্বিভূতিত্বেন তৎ প্রিয়তয়া মাঘাদি সাদৃশ্যাৎ মাঘাদিকৃত্যানাং স্নানাদি সৎকর্ম্মণামত্রাপ্যাচরণাৎ ফলবিশেষঃ স্যাদিতি পুরাণোক্তমার্গশীর্ষমাহাত্ম্যানুসারেণ লিখতি স্নানেতি। ব্রতং ভক্ষ্যাদিনিয়মঃ। অর্চ্চা ভগবৎপূজা। আদিশব্দেন ভগবদ্বার্ত্তা বৈষ্ণবসঙ্গমাদি। সনিয়মং সসঙ্কল্পং সনিশ্চয়ং বা যথাস্যাৎ। অন্যথা শৈথিল্যসম্ভবাৎ ভগবদ্ভক্তিং ভূতিঞ্চ সম্পদং। যদ্বা ভগবদ্ভক্তিরূপাং লক্ষ্মীং দদাতীতি তথা তাঃ ॥ ৩ ॥

ইদানীং তত্র কৃত্যবিশেষং দর্শয়তি তুলসীতি দ্বাভ্যাং। বৈষ্ণবৈঃ সহ নৃত্তগীতাদি রূপো যো মহোৎসবস্তেন ভগবান্ পূজ্যঃ ॥ ৪ ॥

চিত্রং বহুপ্রকারকং ॥ ৫ ॥

তন্মধ্যে অগ্রে অগ্রহায়ণ মাসের কৃত্য যথা ॥

স্নান, দান, ব্রত, ভগবৎপূজা তথা সংকল্প সহিত কর্ম্ম সকল মাঘাদি মাসের কৃত্যের ন্যায় এই অগ্রহায়ণ মাসে কৃত হইলে ইহাঁরা ভগবদ্ভক্তির লক্ষ্মী সমর্পণ করেন ॥ ৩ ॥

বিশেষতঃ অগ্রহায়ণ মাসে বৈষ্ণবগণের সহিত মিলিত হইয়া নৃত্য গীত প্রভৃতি উৎসব দ্বারা ভগবানের পূজা করিবে ॥ ৪ ॥

বিশেষ করিয়া এই মাসে শীত নিবারণ নিমিত্ত চিত্র বিচিত্র বহু প্রকার বস্ত্র ভগবান্‌কে নিবেদন করিবে, তাহাই জগতের জাড্য হরণ বলিয়া জানিবে ॥ ৫ ॥

কিঞ্চ। বিষ্ণুধর্ম্মে ॥

মার্গশীর্ষে ত্বেকভক্তং কৃত্বা যোঽভ্যর্চ্চয়েদ্ধরিং।
ভোজয়িত্বা দ্বিজান্মুক্তঃ স্যাদিত্যাহ কলিপ্রিয়ঃ ॥ ৬ ॥
নক্তং ব্রতেন যো মাসং মার্গশীর্ষং হরিপ্রিয়ং।
নয়েদসৌ নরো যাতি বিষ্ণুলোকং সনাতনমিতি।
ক্রমাদ্দশাবতারাণাং মৎস্যাদীনাং সিতাসু চ।
যন্মার্গাদি দ্বাদশীষু ব্রতং দুর্ব্বাসসোদিতং।

মুক্তঃ স্যাৎ শ্রীবৈকুণ্ঠপ্রাপ্ত্যা পুনঃ সংসারবন্ধাভাবাৎ। কলিপ্রিয়ঃ শ্রীনারদঃ ॥ ৬ ॥ অধুনা তত্র কৃত্যং শ্রীবরাহপুরাণোক্তং মৎস্যদ্বাদশীব্রতমুদ্দিশন্ তৎপ্রসঙ্গাৎ সাম্যেন দ্বাদশমাসব্রতানামেব কৃত্যতা সংক্ষেপেণৈকত্র এব লিখতি ক্রমাদিতি দ্বাভ্যাং। শ্রীমৎস্যাদীনাং দশাবতারাণাং ক্রমেণ মার্গশীর্ষাদি দ্বাদশমাসেষু। তথা শ্রীপদ্মনাভস্যাশ্বিনে শ্রীযোগেশ্বরস্য চ কার্ত্তিকে ইত্যেবং মার্গশীর্ষাদিমাসেষু শুক্লদ্বাদশীষু দুর্ব্বাসসা মুনীশ্বরেণ

আরও, বিষ্ণুধর্ম্মে ॥

যিনি অগ্রহায়ণমাসে একাহারী হইয়া শ্রীকৃষ্ণের অর্চ্চনা পূর্ব্বক ব্রাহ্মণভোজন করান, তিনি মুক্ত অর্থাৎ বৈকুণ্ঠ প্রাপ্ত হয়েন, এই কথা নারদ বলিয়াছেন ॥ ৬ ॥

যে মনুষ্য নক্তব্রত দ্বারা অর্থাৎ দিবসে উপবাস পূর্ব্বক রাত্রে একবারমাত্র ভোজন করিয়া হরিপ্রিয় অগ্রহায়ণমাস যাপন করেন, তাঁহার সনাতন বিষ্ণুলোকে গতি হয় ॥

ক্রমে অগ্রহায়ণাদি দ্বাদশমাসের শুক্লপক্ষের দ্বাদশী সকলে মৎস্য প্রভৃতি দশ অবতারের এবং আশ্বিন কার্ত্তিকমাসের পদ্মনাভ ও যোগেশ্বরের যে সকল ব্রত দুর্ব্বাসা মুনি কহিয়াছেন, বরাহপুরাণ হইতে তৎসমুদায় জ্ঞাত হইয়া বৈষ্ণব ব্যক্তি সেই সেই ব্রতের আচরণ করিবেন ॥

গৌতমীয়তন্ত্রে ॥

মার্গশীর্ষে তথা মাসি প্রাতঃস্নাত্বা নরোত্তমঃ।
ক্রমপূজাং সমাসাদ্য জপহোমৌ তথাচরেৎ।
পায়সং গুড়সংমিশ্রং প্রত্যহং বিনিবেদয়েৎ।
এবং মাসার্চ্চনং কৃত্বা ভবেদ্ভাগ্যধরঃ পুমান্।
দেহান্তে মোক্ষমাপ্নোতি প্রসাদাৎ শার্ঙ্গধন্বনঃ।
তৎকার্য্যং তত্র তত্রৈব জ্ঞাত্বা বারাহতো বিধিং।
তত্তৎফলঞ্চ তত্রোক্তং কাম্যত্বাত্তন্ন লিখ্যতে ॥

তথাচ দশমে ॥

হেমন্তে প্রথমে মাসি নন্দব্রজকুমারিকাঃ।

যদ্ব্রতমুক্তং তত্র তত্র ব্রতে বিধিং শ্রীবরাহপুরাণতো জ্ঞাত্বা তৎকার্য্যমেব বৈষ্ণবৈঃ বিষ্ণুব্রতত্বাৎ। অতএব তস্য ফলং। যদ্বা অনির্ব্বচনীয়ং ফলং তত্র বারাহে উক্তং দুর্ব্বাসসৈব। নন্বু তর্হি তত্তদ্ব্রতং ফলঞ্চ বিবৃত্য লিখ্যতাং তত্র লিখতি কাম্যত্বাদিতি। প্রায়োঽত্র গ্রন্থে বৈষ্ণবানামাবশ্যককৃত্যস্যৈব লিখনাৎ। অত্র যত্তদিত্যাদৌ বীপ্সায়া অভাবেঽপি ব্রতানাং

গৌতমীয়তন্ত্রে যথা ॥

নরশ্রেষ্ঠ ব্যক্তি অগ্রহায়ণমাসে পূর্ব্ববৎ প্রাতঃস্নান করিয়া ক্রম প্রাপ্ত পূজা সমাপন পূর্ব্বক জপ হোম আচরণ করিবেন ॥

অগ্রহায়ণমাসে প্রত্যহ গুড়মিশ্রিত পায়স নিবেদন করিবে। এই প্রকার একমাস করিলে মনুষ্য ভাগ্যধর হয় এবং শার্ঙ্গধন্বা হরির অনুগ্রহে দেহান্তে মোক্ষ লাভ করে ॥

বরাহপুরাণ হইতে বিধি অবগত হইয়া সেই সেই ব্রতের তদনুরূপ অনুষ্ঠান করিবে, তত্তৎব্রতের ফল সেই সেই স্থানেই কথিত হইয়াছে, কাম্যপ্রযুক্ত এস্থানে ঐ সকল ব্রত লিখিত হইল না ॥

দশমস্কন্ধের ২২ অধ্যায়ে ১ শ্লোকে যথা ॥

হেমন্ত ঋতুর প্রথমমাসে অর্থাৎ অগ্রহায়ণমাসের প্রথম দিবসে নন্দব্রজের কুমারিকা সকল হবিষ্য ভোজন করিয়া কাত্যায়নীর অর্চ্চন

চেরুর্হবিষ্যং ভুঞ্জানাঃ কাত্যায়ন্যর্চ্চনব্রতং ॥ ৭ ॥
অথ পৌষকৃত্যং ॥
পঞ্চরাত্রে ॥
পৌষস্যৈকাদশীং শুক্লামারভ্য স্থণ্ডিলেশয়ঃ।
মাসমাত্রং হরিপ্রীত্যৈ ত্রিবারং স্নানমাচরেৎ ॥ ৮ ॥
ত্রিকালং পূজয়েৎ কৃষ্ণং ত্যক্তভোগো জিতেন্দ্রিয়ঃ।
পৌষস্য দ্বাদশীং শুক্লাং যাবৎ পুণ্যফলপ্রদাং।
মাসমেকং তদর্দ্ধম্বা দশাহং স্বা তদর্দ্ধকং।
কৃত্বা যাতি হরেঃ স্থানং পূজাং দধ্যোদনোৎসবাৎ ॥ ৯ ॥
গীতৈর্বাদ্যৈর্নৃ তৈর্ভক্তৈর্দধিভক্তং সমং নয়েৎ।
অর্পয়িত্বা হরৌ ভক্ত্যা প্রসাদঞ্চানয়েত্ততঃ।

বহুত্বাত্তথা তত্র তত্রেত্যাদৌ বীপ্সাপ্রয়োগাচ্চান্যত্রাপি বীপ্সায়া বিতর্ক্যেবেতি ॥ ৭ ॥
স্থণ্ডিলেশয়ঃ ভূমিশায়ী সন্ ॥ ৮ ॥
দধ্যোদনেন তদর্পণেন তদ্রূপো বা উৎসবো যস্যাং তাং হরেঃ পূজাং কৃত্বা ॥ ৯ ॥
নৃতৈঃ নৃত্যৈঃ ভক্তৈঃ বৈষ্ণবৈঃ সমং গীতাদিভির্দধিমিশ্রিতং ভক্তং নয়েৎ ভগবদগ্রে

রূপ ব্রত আচরণ করিয়াছিলেন ॥ ৭ ॥

অথ পৌষকৃত্য ॥

পঞ্চরাত্রে ॥

পৌষমাসের শুক্লা একাদশীকে আরম্ভ করিয়া মৃত্তিকাশায়ী হইবে এবং হরির প্রীতি নিমিত্ত একমাস যাবৎ তিনবার স্নান করিবে ॥ ৮ ॥

জিতেন্দ্রিয় পুরুষ ভোগ বর্জ্জন পূর্ব্বক পৌষমাসের পুণ্যফলপ্রদা শুক্লাদ্বাদশী পর্য্যন্ত ত্রিসন্ধ্যা শ্রীকৃষ্ণের পূজা করিবেন ॥

পৌষমাস সমগ্র অথবা অর্দ্ধমাস কিম্বা দশ দিবস বা তাহার অর্দ্ধ, দধ্যোদন উৎসব পর্য্যন্ত পূজা করিলে হরিধামে গমন করিবে ॥ ৯ ॥

গীত, বাদ্য, নৃত্য ও বৈষ্ণবগণের সহিত দধিযুক্ত অন্ন হরিকে নিবেদন করিবার নিমিত্ত লইয়া যাইবে, তৎপরে ভক্তিপূর্ব্বক ভগ-

যঃ প্রসাদং হরের্ভক্ত্যা গৃহ্নাতি প্রদদাতি চ।
ভুঙ্‌ক্তে চ বৈষ্ণবৈঃ সার্দ্ধং সোঽনন্তফলমশ্নুতে।
ঘৃতপ্রস্থেন দেবেশং পৌষপুষ্যসিতে নরঃ।
স্নাপয়িত্বাশ্বমেধস্য ফলমাপ্নোত্যসংশয়ং॥ ১০॥
অথ মাঘকৃত্যং॥
পাদ্মে মাঘমাহাত্ম্যে বিদ্যাধরধ্রুবসম্বাদে॥
মাঘে মাসি কুরু স্নানং মণিকূটনদীজলে।
ঋষিসিদ্ধাসুরৈর্জুষ্টে কথয়ামি চ তদ্বিধিং।
তব ভাগ্যবশান্মাঘে নিকটঃ পঞ্চমেঽহনি।
পৌষস্যৈকাদশীং শুক্লামারভ্য স্থণ্ডিলেশয়ঃ।
মাসমেকং নিরাহারস্ত্রিবারং স্নানমাচরেৎ।

সমর্পণায়। প্রসাদং উচ্ছিষ্টরূপং তৎ॥ ১০॥

মাঘকৃত্যং চাখিলং পদ্মপুরাণাদৌ ব্যক্তমেকত্রৈবোক্তত্বাৎ পূর্ব্ববদর্থতঃ সংগৃহ্য স্বয়মলিখিত্বা তত্তদ্বচনৈরেব লিখতি সম্প্রাপ্ত ইত্যাদিনা প্রীয়তামিত্যন্তেন। সংকার্য্যাঃ সম্মান-

বান্‌কে নিবেদন করিয়া তথা হইতে প্রসাদ আনয়ন করিবে॥

যে ব্যক্তি ভক্তিসহকারে হরির প্রসাদ গ্রহণ অথবা দান কিম্বা বৈষ্ণবগণের সহিত ভোজন করেন, তাঁহার অনন্ত ফল লাভ হয়॥

পৌষমাসের পুষ্যানক্ষত্রযুক্ত পৌর্ণমাসীতে প্রস্থ অর্থাৎ পাঁচশের পরিমিত ঘৃত দ্বারা দেবেশ্বরকে স্নান করাইলে মনুষ্য অসংশয় অশ্বমেধের ফল প্রাপ্ত হয়॥ ১০॥

অথ মাঘকৃত্য॥

পদ্মপুরাণে মাঘমাহাত্ম্যে বিদ্যাধর ধ্রুবসম্বাদে॥

ধ্রুব বিদ্যাধরকে কহিলেন, হে বিদ্যাধর! মাঘমাসে ঋষি, সিদ্ধ ও অসুরগণসেবিত মণিকূট পর্ব্বতের নদীর জলে স্নান কর, আমি ইহার বিধি বলিতেছি। হে বিদ্যাধর! তোমার ভাগ্য বশতঃ মাঘমাস নিকট হইয়াছে, পাঁচদিন অবশেষ আছে। পৌষমাসের শুক্লা একা-

ত্রিকালমর্চ্চয়েদ্বিষ্ণুং ত্যক্তভোগো জিতেন্দ্রিয়ঃ।
মাঘস্যৈকাদশীং শুক্লাং যাবদ্বিদ্যাধরোত্তমেতি॥
পাদ্মে শ্রীদত্তাত্রেয় কার্ত্তবীর্য্যসম্বাদে॥
সংপ্রাপ্তে মকরাদিত্যে পুণ্যে পুণ্যপ্রদে সদা।
সৎকার্য্যাস্তিথয়ঃ সর্ব্বাঃ স্নানদানাদিকৈঃ সদা॥ ১১॥
কর্ত্তব্যো নিয়মঃ কশ্চিদ্ব্রতরূপী নরোত্তমৈঃ।
ফলাতিশয়হেতোর্বৈ কিঞ্চিদ্ভোজ্যং ত্যজেদ্বুধঃ।
ভূমৌ শয়ীত হোতব্যমাজ্যং তিলবিমিশ্রিতং।
ত্রিকালং চার্চ্চয়েন্নিত্যং বাসুদেবং সনাতনং॥ ১২॥

নীয়াঃ। অগ্রতো যথা শক্তীত্যুক্তা সর্ব্বত্র তথৈব বোদ্ধব্যং শাস্ত্রেষ্বশক্যস্যাবিধেয়ত্বাৎ। আদিশব্দাৎ কিঞ্চিদ্ভক্ষ্যত্যাগাদি॥ ১১॥

তদেবাভিব্যঞ্জয়তি কর্ত্তব্য ইত্যাদিনা। নিয়মমেবাহ ফলেতি দ্বাভ্যাং। কিঞ্চিদ্ভোজ্যং ত্যজেদিতি নিত্যং প্রবৃত্তানাং ভক্ষ্যাণাং মধ্যে কিঞ্চিত্ত্যজেদিত্যর্থঃ॥ ১২॥

দশীতে আরম্ভ করিয়া একমাস যাবৎ ভূমিশয়ন, নিরাহার ও তিনবার স্নান করিবে॥

হে বিদ্যাধর শ্রেষ্ঠ! মাঘ মাসের শুক্লা দ্বাদশী পর্য্যন্ত ভোগ পরিত্যাগ ও জিতেন্দ্রিয় হইয়া ত্রিকাল বিষ্ণুর অর্চ্চনা করিবে॥

পদ্মপুরাণে দত্তাত্রেয় ও কার্ত্তবীর্য্য সম্বাদে॥

সর্ব্বদা পুণ্য স্বরূপ ও পুণ্যপ্রদ মকররাশিস্থ ভাস্কর উপস্থিত হইলে সতত স্নান দানাদি দ্বারা তিথি সকলকে সৎকার করিবে॥ ১১॥

নরশ্রেষ্ঠগণ মাঘমাসে ব্রতরূপি কোন নিয়ম ধারণ করিবেন। নিত্য যে সকল আহার করেন পণ্ডিত ব্যক্তি মাঘমাসে তন্মধ্যে কিঞ্চিৎ বর্জন করিবেন, তাহাতে ফলের অতিশয্য হয়॥

মাঘমাসে ভূমিশয়ন, তিলমিশ্রিত ঘৃতের হোম ও ত্রিকাল সনাতন বাসুদেবকে অর্চ্চনা করিবে॥ ১২॥

দাতব্যোদীপকোঽখণ্ডো দেবমুদ্দিশ্য মাধবং।
ইন্ধনং কম্বলং বস্ত্রমুপানং কুঙ্কুমং ঘৃতং।
তৈলং কার্পাসকোষঞ্চ তূলীং তূলবতীং পটীং।
অন্নঞ্চৈব যথাশক্তি দেয়ং মাঘে নরাধিপ।
স্বর্ণঞ্চ রত্তিকামাত্রং দদ্যাদ্বেদবিদে তথা।
পরস্যাগ্নিং ন সেবেত ত্যজেদ্বিপ্রঃ প্রতিগ্রহং।
মাঘান্তে ভোজয়েদ্বিপ্রান্ যথাশক্তি নরাধিপ।
দেয়া চ দক্ষিণা তেভ্য আত্মনঃ শ্রেয় ইচ্ছতা॥ ১৩॥
একাদশী বিধানেন মাঘস্যোদ্যাপনং তথা।
কর্ত্তব্যং শ্রদ্দধানেন অক্ষয়স্বর্গবাঞ্ছয়া॥ ১৪॥
মকরস্থে রবৌ মাঘে গোবিন্দাচ্যুতমাধব।

অখণ্ডঃ অহোরাত্র মাসব্যাপী॥ ১৩॥

উদ্যাপনং অচ্ছিদ্রবচনাদিনা নিয়মসমাপনমেব নতু পুনর্মাঘকৃত্যাকরণাত্মকং। একাদশী-ব্রতবত্তস্য নিত্যত্বাৎ তচ্চাগ্রে ব্যক্তং ভাবি॥ ১৪॥

তত্র স্নানবিধৌ বিশেষমাহ। মকরস্থ ইতি দ্বাভ্যাং। গোবিন্দেত্যাদিনা ভক্ত্যা

হে নরাধিপ! মাঘমাসে মাধবদেবকে উদ্দেশ করিয়া একমাস যাবৎ অহোরাত্র অখণ্ড প্রদীপ, কাষ্ঠ, কম্বল, বস্ত্র, পাদুকা, কুঙ্কুম, ঘৃত, তৈল, কার্পাসকোষ, তূলী, তূলবতী পটী এবং অন্ন যথাশক্তি প্রদান করিবে,তথা বেদবেত্তা ব্রাহ্মণকে প্রত্যহ রতিমাত্র স্বর্ণও অর্পণ করিবে॥

ব্রাহ্মণ পরের অগ্নি সেবন করিবেন না, প্রতিগ্রহ পরিত্যাগ করিবেন। হে নরাধিপ! আপনার কল্যাণ ইচ্ছা করিয়া মাঘ মাসের শেষ দিবস যথা শক্তি ব্রাহ্মণ ভোজন করাইবে এবং তাঁহাদিগকে দক্ষিণা প্রদান করিবে॥ ১৩॥

শ্রদ্ধাশালী পুরুষ অক্ষয় স্বর্গ বাঞ্ছা করিয়া একাদশীর বিধানানুসারে মাঘ ব্রতের উদ্যাপন করিবেন॥ ১৪॥

হে গোবিন্দ! হে অচ্যুত! হে মাধব! মকর-রাশিস্থ ভাস্করে অমি

স্নানেনানেন মে দেব যথোক্তফলদো ভব।
ইমং মন্ত্রং সমুচ্চার্য্য স্নায়ান্মৌনং সমাশ্রিতঃ।
বাসুদেবং হরিং বিষ্ণুং মাধবঞ্চ স্মরেৎ পুনঃ॥ ১৫ ॥
কিঞ্চ॥
উষ্ণেন বারিণা স্নানং যদ্গৃহে ক্রিয়তে নরৈঃ।
ষড়ব্দফলদং তদ্ধি মকরস্থে দিবাকরে।
বহিঃ স্নানন্তু বাপ্যাদৌ দ্বাদশাব্দফলং স্মৃতং।
তড়াগে দ্বিগুণং রাজন্ বাপ্যাং তচ্চ চতুর্গুণং।
দশধা দেবখাতে তু শতধা তু মহানদীং।
শতঞ্চতুর্গুণং রাজন্ মহানদ্যোস্তু সঙ্গমে।
সহস্রগুণিতং সর্ব্বং তৎ ফলং মকরে রবৌ।

পুনঃ পুনঃ সম্বোধনং। স্নানে নামকীর্ত্তনবিশেষো বা। তথা বাসুদেবমিত্যাদীনি চ নামানি স্মরেৎ মনসি জপেৎ লঘু লঘু কীর্ত্তয়েদিতি বা। পুনরিতি মুহুরিত্যর্থঃ॥ ১৫॥
মহানদীং প্রতি তস্যামিত্যর্থঃ॥ ১৬॥

স্নান করিতেছি, হে দেব! আমার এই স্নান দ্বারা আপনি যথোক্ত ফলপ্রদ হউন॥

এই মন্ত্র উচ্চারণ করিয়া মৌনাবলম্বন পূর্ব্বক স্নান করিবে, তৎ-পরে পুনরায় বাসুদেব, হরি, বিষ্ণু ও মাধবকে স্মরণ করিবে॥ ১৫॥

আরও॥

যে সকল মনুষ্য মকররাশিস্থ দিবাকরে গৃহে উষ্ণোদক দ্বারা স্নান করে, তাহাদের ঐ স্নান ছয় বৎসরের ফল প্রদান করে॥

হে রাজন্! গৃহের বহির্ভাগে দীর্ঘিকায় স্নান করিলে মুনিগণ দ্বাদশ বৎসরের ফল স্মরণ করিয়াছেন এবং তড়াগে দ্বিগুণ, বৃহৎ জলাশয়ে চতুর্গুণ, দেবখাতে দশগুণ ও মহানদীতে শতগুণ ফল কীর্ত্তন করিয়াছেন॥

অপর হে রাজন্! মহানদীর সঙ্গমে স্নান করিলে চারিশতগুণ,

গঙ্গায়াং স্নানমাত্রেণ লভতে মানুষো নৃপ ॥ ১৬ ॥
শতেন গুণিতং মাঘে সহস্রং রাজসত্তম।
নির্দ্দিষ্টমৃষিভিঃ স্নানং গঙ্গাযামুনসঙ্গমে ॥ ১৭ ॥
কিঞ্চ ॥
অপ্রাবৃতশরীরস্তু যঃ কষ্টং স্নানমাচরেৎ।
পদে পদেঽশ্বমেধস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥
ভবিষ্যোত্তরে চ শ্রীভগবদযুধিষ্ঠিরসম্বাদে ॥
পৌষফাল্গুনয়োর্মধ্যে প্রাতঃস্নায়ী সদা ভবেৎ ॥ ১৮ ॥
তত্র চোত্থায় নিয়মং গৃহ্নীয়াদ্বিধিপূর্ব্বকং।

শতেন গুণিতং সহস্রলক্ষমিত্যর্থঃ ॥ ১৭ ॥

অপ্রাবৃতশরীরত্বঞ্চ স্নানসঙ্কল্পং স্নানার্থগমনঞ্চারভ্য তর্পণাবধিগৃহাগমনপর্য্যন্তস্বা বোদ্ধব্যং ॥ ১৮ ॥

মাঘমাসমিতি মাঘস্নানারম্ভে সঙ্কল্পবিশেষো দর্শিতঃ। তত্র স্নানবিধিশ্চ সাধারণ-

আর মকরস্থ রবিতে গঙ্গাস্নানমাত্রে মনুষ্য ঐ সমুদায়ের সহস্রগুণ ফল লাভ করেন ॥ ১৬ ॥

হে রাজসত্তম! মুনিগণ নিশ্চয় করিয়াছেন, মাঘমাসে গঙ্গা যমুনার সঙ্গমে অর্থাৎ প্রয়াগে স্নান করিলে লক্ষগুণ ফল লাভ হয় ॥ ১৭ ॥

আরও ॥

যে মনুষ্য অপ্রাবৃত শরীরে অর্থাৎ পুনর্গৃহাগমন পর্য্যন্ত গাত্রবস্ত্রাবৃত না করিয়া কষ্ট স্বীকার পূর্ব্বক স্নান করেন, তাঁহার প্রতিপদে অশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয় ॥

ভবিষ্যোত্তরেও শ্রীভগবান্ ও যুধিষ্ঠিরসম্বাদে ॥

পৌষমাস ও ফাল্গুনমাস এই দুইয়ের মধ্যে সর্ব্বদা প্রাতঃস্নান করিবে ॥ ১৮ ॥

প্রাতঃকালে গাত্রোত্থান পূর্ব্বক হে দেব! হে মাধব! আমি এই

মাঘমাসমিমং পূর্ণং স্নাস্যেহহং দেব মাধব ॥
কিঞ্চ ॥
অপ্রাবৃতশরীরস্তু যঃ কৃৎস্নং স্নানমাচরেৎ ।
বেদোক্তবিধিনা পার্থ সূর্য্যস্যার্ঘ্যং নিবেদয়েৎ ।
পিতৄন্ সন্তর্প্য তত্রস্থঃ সমুত্তীর্য্য জলাশয়াৎ ।
পদে পদেহশ্বমেধস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ।
ততঃ স্নাত্বা শুভে তীর্থে দত্ত্বা শিরসি বৈ মৃদং ।
ইষ্টং দেবং নমস্কৃত্য পূজয়েন্মধুসূদনং ।
শঙ্খচক্রধরং দেবং মাধবং নাম পূজয়েৎ ।
বহ্নিং হুত্বা বিধানেন ততশ্চৈকমনা ভবেৎ ।
তিল আমলকান্যেব তীর্থে দেয়ঞ্চ গোময়ং ।
তথা প্রজ্বালয়েদ্বহ্নিং নিঃশীতার্থং দ্বিজন্মনাং ।
ভোজনং দ্বিজদম্পত্যোঃ পূজয়েচ্চ বিলেপনৈঃ ।

এবেতি নাত্র লিখিতঃ ॥ ১৯ ॥

সম্পূর্ণ মাঘমাস স্নান করিব, বিধিপূর্ব্বক এই নিয়ম গ্রহণ করিবে ॥

আরও ॥

হে যুধিষ্ঠির ! যে ব্যক্তি সমগ্র মাঘমাস অনাবৃতশরীরে স্নান করে, বেদোক্ত বিধিপূর্ব্বক সূর্য্যদেবকে অর্ঘ্য দেয় এবং জলে অবস্থিত হইয়া পিতৃলোকের তর্পণ পূর্ব্বক জলাশয় হইতে গৃহে আগমন করে, তাহার প্রতিপদে অশ্বমেধ যজ্ঞের ফল হয় ॥

তদনন্তর মস্তকে মৃত্তিকা প্রদান পূর্ব্বক পবিত্র তীর্থে স্নান এবং ইষ্টদেবকে নমস্কার করিয়া মধুসূদনের পূজা করিবে ॥

শঙ্খ চক্রধারি মাধব নামক দেবের পূজা পূর্ব্বক যথাবিধানে হোম করিয়া একমনা হইবে। তিল ও আমলকীফল সকল প্রদান করিয়া তীর্থে অর্থাৎ ঘট্টে গোময় লেপন করিবে। তৎপরে ব্রাহ্মণদিগের শীত নিবারণের জন্য অগ্নি প্রজ্বলিত করিবে। দ্বিজদম্পতীর ভোজন ও

কম্বলাজিনরত্নানি বাসাংসি বিবিধানি চ ॥ ১৯ ॥
চৈলকানি চ দেয়ানি প্রচ্ছাদনপটস্তথা।
উপানহৌ তথা রাজন্ মাঘস্নানেন দাপয়েৎ।
অনেন বিধিনা রাজন্ মাধবঃ প্রীয়তামিতি ॥ ২০ ॥
অথ মাঘস্নানস্য নিত্যত্বং ॥
ভবিষ্যোত্তরে তত্রৈব ॥
প্রয়াগং পুষ্করং প্রাপ্য কুরুক্ষেত্রমথাপি বা।
যত্র বা তত্র বা স্নায়ান্মাঘে নিত্যমিতি শ্রুতিঃ ॥
কিঞ্চ ॥
অবশ্যমিতি কর্ত্তব্যং মাঘস্নানং যথাবিধি ॥
পাদ্মে ॥

চৈলকানি কন্থাদীনি। মাধবঃ প্রীয়তামিত্যনেন বিধিনা দাপয়েৎ দদ্যাৎ ॥ ২০ ॥

বিলেপন তথা কম্বল, অজিন, রত্ন এবং বিবিধ বসন দ্বারা পূজা করিবে ॥ ১৯ ॥

অপিচ, মাঘস্নানে কন্থা, আচ্ছাদন বস্ত্র এবং পাদুকা প্রদান করিবে, হে রাজন্! এই বিধানানুসারে মাঘমাসে স্নান করিলে ভগবান্ মাধব প্রীত হইয়া থাকেন ॥ ২০ ॥

অথ মাঘস্নানের নিত্যত্ব ॥

ভবিষ্যোত্তরের সেই প্রকরণে ॥

প্রয়াগ, পুষ্কর অথবা কুরুক্ষেত্র প্রাপ্ত হইয়া কিম্বা যেখানে সেখানে হউক, মাঘমাসে নিত্য স্নান করিবে, ইহাই শ্রুতিতে বর্ণিত আছে ॥

আরও ॥

মাঘমাসে যথাবিধি স্নান অবশ্য করিবে ॥

পদ্মপুরাণে ॥

অকামো বা সকামো বা মাঘস্নায়ী ভবেন্নরঃ ॥
কিঞ্চ ॥
তত্রৈব শ্রীদত্তাত্রেয়কার্ত্তবীর্য্যসম্বাদে ॥
অমাঘস্নায়িনাং নৃণাং নিষ্ফলং জন্মকীর্ত্তনং ।
অসূর্য্যগগনং যদ্বদচন্দ্রমুড়ুমণ্ডলং ।
তদ্বন্ন ভাতি সৎকর্ম্ম মাঘস্নানং বিনা নৃপ ।
বুদ্বুদা ইব তোয়েষু পুত্তিকা ইব জন্তুষু ।
জায়ন্তে মরণায়ৈব মাঘস্নানবিবর্জ্জিতাঃ ॥ ২১ ॥
কিঞ্চ ॥
ব্রতদানতপোভিশ্চ ন তথা প্রীয়তে হরিঃ ।
মাঘে মজ্জনমাত্রেণ যথা প্রীণাতি মাধবঃ ॥

পুত্তিকাঃ সূক্ষ্মকীটবিশেষাঃ সদ্যো জন্মমরণাঃ। এবং মাঘস্নানাভাবেন জন্মকর্ম্মাদি-বৈফল্যান্নিত্যত্বং সাধিতং ॥ ২১ ॥

অধুনা ভগবত্তোষণত্বাৎ পরমনিত্যত্বমাহ ব্রতেতি সার্দ্ধেন ॥ ২২ ॥

মনুষ্য অকামেই হউক বা সকামেই হউক, মাঘমাসে স্নান করিবে ॥

আরও ॥

ঐ পদ্মপুরাণেই শ্রীদত্তাত্রেয় ও কার্ত্তবীর্য্যসম্বাদে ॥

যে মনুষ্য মাঘমাসে স্নান করে না, তাহার জন্ম বিফল বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥

হে নৃপ ! যেমন সূর্য্যমণ্ডল, চন্দ্রমণ্ডল ও নক্ষত্রমণ্ডল ভিন্ন গগনের শোভা হয় না, তদ্রূপ মাঘস্নান ব্যতিরেকে সৎকর্ম্ম শোভা পায় না। যেমন জলমধ্যে বুদ্বুদ, যেমন জন্তু সকলের মধ্যে পুত্তিকা অর্থাৎ সূক্ষ্মকীট বিশেষ সদ্যঃ জন্মিয়া মরিয়া যায়, তাহার ন্যায় মাঘস্নানরহিত মানবগণের কেবল জন্মিয়া মরণমাত্র জানিতে হইবে অর্থাৎ মাঘস্নান ব্যতিরেকে তাহাদের জন্ম কর্ম্ম সকলই বিফল ॥ ২১ ॥

আরও ॥

মাঘমাসে স্নানমাত্রে হরি যেরূপ প্রীতিযুক্ত হয়েন, ব্রত, দান ও তপস্যা দ্বারা হরি তদ্রূপ প্রীত হয়েন না ॥

কিঞ্চ ॥

প্রীতয়ে বাসুদেবস্য মাঘস্নানং প্রকীর্ত্তিতং ॥ ২২ ॥

অথ তত্রাধিকারিনির্ণয়ঃ ॥

পাদ্মে তত্রৈব ॥

সর্ব্বেঽধিকারিণো হ্যত্র বিষ্ণুভক্তৌ যথা নৃপ ।
সর্ব্বেষাং স্বর্গদো মাঘঃ সর্ব্বেষাং পাপনাশনঃ ॥ ২৩ ॥
অতএব ভবিষ্যোত্তরে তত্রৈব ॥
ব্রহ্মচারী গৃহস্থশ্চ বানপ্রস্থোঽথ ভিক্ষুকঃ ।
প্রাতঃ সর্ব্বে প্রশংসন্তি সদা মাঘস্য মজ্জনং ॥ ২৪ ॥
বালাস্তরুণকা বৃদ্ধা নরনারীনপুংসকাঃ ।
স্নাত্বা মাঘং শুভে তীর্থে প্রাপ্নুবন্তীপ্সিতং ফলং ।

অত্র মাঘস্নানে। বিষ্ণুভক্তাবিতি দৃষ্টান্তেন মাঘস্নানস্যাপি বিষ্ণুভক্তিত্বমভিপ্রেতং ॥ ২৩ ॥
প্রাতর্মজ্জনং ॥ ২৪ ॥
নরঃ পুরুষঃ ॥ ২৫ ॥

আরও ॥

বাসুদেবের প্রীতি নিমিত্ত মাঘস্নান কীর্ত্তিত হইল ॥ ২২ ॥

অথ মাঘস্নানে অধিকারি নির্ণয় ॥

পদ্মপুরাণের কথিতপ্রসঙ্গে ॥

হে রাজন্! বিষ্ণুভক্তিতে যেমন সকলের অধিকার আছে, তদ্রূপ মাঘমাস সকলের সম্বন্ধে স্বর্গপ্রদ ও সকলের সম্বন্ধে পাপনাশন জানিবে ॥ ২৩ ॥

অতএব ভবিষ্যোত্তরের কথিত স্থানে ॥

ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ ও ভিক্ষুক, ইহাঁরা সকল সর্ব্বদাই মাঘমাসের প্রাতঃস্নানকে প্রশংসা করেন ॥ ২৪ ॥

বালক, যুবা, বৃদ্ধ, পুরুষ, নারী ও ক্লীব, ইহারা যদি পবিত্র তীর্থে মাঘমাস সমগ্র স্নান করে, তাহা হইলে যাহার যাহা অভিলাষ তদনুরূপ ফল লাভ হইবে। হে কুরুনন্দন! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ইহাঁরা

ব্রাহ্মণঃ ক্ষত্রিয়োবৈশ্যো মন্ত্রবৎ স্নানমাচরেৎ।
তূষ্ণীমেব তু শূদ্রস্য স্ত্রীণাঞ্চ কুরুনন্দন ॥ ২৫ ॥
অথ মাঘমাহাত্ম্যং ॥
তত্র কাত্যায়নঃ।
মাঘস্নায়ী নরো যঃ স্যাদ্দুর্গতিং নৈব পশ্যতি ॥
তন্নাস্তি মানুষে লোকে কিল্বিষং যন্ন শোধয়েৎ।
ভবিষ্যোত্তরে তত্রৈব ॥
মাঘমাসে রটন্ত্যাপঃ কিঞ্চিদভ্যুদিতে রবৌ।
ব্রহ্মঘ্নং বা সুরাপম্বা কং পতন্তং পুনীমহে।
প্রাসাদা যত্র সৌবর্ণাঃ স্ত্রিয়শ্চাপ্সরসো যথা।
দধিকুল্যাস্তথা যত্র নদ্যঃ পায়সকর্দ্দমাঃ।

মন্ত্রোচ্চারণ পূর্ব্বক স্নান করিবেন আর শূদ্র ও স্ত্রীলোক মন্ত্রোচ্চারণ না করিয়া কেবল তূষ্ণীম্ভূত হইয়া স্নান করিবে ॥ ২৫ ॥

অথ মাঘমাহাত্ম্য ॥

তদ্বিষয়ে কাত্যায়ন ঋষির বাক্য যথা ॥

যে মনুষ্য মাঘমাসে স্নান করে, সে কখন দুর্গতি দর্শন করে না। মনুষ্যলোকে সেই প্রকার পাপ নাই যে, মাঘস্নান তাহা শোধন করিতে না পারে ॥

ভবিষ্যোত্তরের কথিতপ্রসঙ্গে যথা ॥

মাঘমাসে কিঞ্চিৎ সূর্যোদয়ে অর্থাৎ অরুণোদয়ে জল সকল বলিয়া থাকে, কে ব্রহ্মহত্যা করিয়াছে, কে মদ্যপান করিয়াছে এবং কে পতিত হইতেছে, আমরা তাহাদিগকে পবিত্র করিব ॥

মাঘমাসে সূর্য্যোদয়ে যাহারা স্নান করে, যে স্থানে মন্দির সকল স্বর্ণনির্ম্মিত, যে স্থানকার স্ত্রী সকল অপ্সরা, যে স্থানে দধিকুল্যা এবং

তত্র তে যান্তি মজ্জন্তি যে মাঘে ভাস্কারোদয়ে ॥
কিঞ্চ।
পিতা পিতামহৈঃ সার্দ্ধং তথৈব প্রপিতামহৈঃ।
মাতৃমাতামহৈঃ সার্দ্ধং বৃদ্ধমাতামহৈস্তথা।
একবিংশতিকুলৈঃ সার্দ্ধং ভোগান্ ভুক্ত্বা যথেপ্সিতান্।
মাঘমাস্যুষসি স্নাত্বা বিষ্ণুলোকং স গচ্ছতি।
যো মাঘমাস্যুষসি সূর্য্যকরাভিতাম্রে
স্নানং সমাচরতি চারু নদীপ্রবাহে।
উদ্ধৃত্য সপ্তপুরুষান্ পিতৃমাতৃতশ্চ
স্বর্গং প্রযাত্যমলদেহধরো নরোঽসৌ।
সৌপর্ণে শ্রীনারদেন্দ্রসম্বাদে।
দুর্ল্লভো মাঘমাসস্তু বৈষ্ণবানামতিপ্রিয়ঃ।

যে স্থানকার নদী সকলের কর্দ্দম পায়স, সেই স্থানে তাহাদিগের গতি হয় ॥

আরও ॥

যে ব্যক্তি মাঘমাসের উষাকালে স্নান করে, সে আপনার পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, মাতামহ এবং বৃদ্ধমাতামহ তথা একবিংশতি কুলের সহিত যথেপ্সিত ভোগ সকল উপভোগ করিয়া বৈকুণ্ঠলোক প্রাপ্ত হয় ॥

মাঘমাসের উষাকালে সূর্য্যকিরণে পূর্ব্বদিক্ তাম্রবর্ণ হইলে যে ব্যক্তি মনোহর নদীর প্রবাহে স্নান করেন, তিনি আপনার পিতা মাতাকে সমভিব্যহারে করিয়া অমলদেহ ধারণ পূর্ব্বক স্বর্গলোকে গমন করেন ॥

গরুড় পুরাণে শ্রীনারদ ও ইন্দ্র সম্বাদে ॥

হে দেবশ্রেষ্ঠ! মাঘমাস অতি দুর্ল্লভ, ইহা বৈষ্ণব সকলের তথা দেবতা, ঋষি ও মুনিগণের অতিশয় প্রিয়। হে শচীনাথ! এই মাঘ

দেবতানামৃষীণাঞ্চ মুনীনাং সুরনায়ক।
বিশেষেণ শচীনাথ মাধবস্যাতিবল্লভঃ।
অধিকো মাঘমাসস্তু মাসানান্তু শচীপতে।
পৌষ্যান্তু সমতীতায়াং যাবদ্ভবতি পূর্ণিমা।
মাঘমাসস্য দেবেন্দ্র পূজা বিষ্ণোর্বিধীয়তে।
স্নানং বিলেপনং ধূপং নৈবেদ্যাদি চ শক্তিতঃ।
মাঘমাসকৃতং বিষ্ণোঃ সর্ব্বং ভবতি চাক্ষয়ং।
মাসার্দ্ধং বা সমগ্রম্বা দশাহং বা তদর্দ্ধকং।
যথাশক্ত্যা হরেঃ পূজাং কুর্ব্বন্নাপ্নোতি তৎপদং॥
স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে।
মাঘস্নানস্য মাহাত্ম্যং শৃণু ভাগবতপ্রিয়।
ত্বৎসমোনাস্তি লোকেঽস্মিন্ বিষ্ণোর্ভক্তো মহামুনে॥ ২৬॥

তৎসমোবিষ্ণুভক্তো নাস্তীতি পরমগুহ্যমেতৎ ত্বং শৃণ্বিতি ভাবঃ॥ ২৬॥

মাস বিশেষ করিয়া বিষ্ণুর পরম প্রীতির আস্পদ। হে শচীপতে! যত ২ মাস আছে, তৎসমুদায়ের মধ্যে এই মাঘমাস অতিশয় শ্রেষ্ঠ॥

হে দেবেন্দ্র! পৌষমাসের পূর্ণিমা অতীত হইলে, পুনরায় যে পর্য্যন্ত পূর্ণিমা হইবে, তাবৎ কালের নাম মাঘমাস, উহাতে বিষ্ণুর পূজা বিধান করা কর্ত্তব্য। অপর মাঘ মাসে বিষ্ণুসম্বন্ধীয় স্নান, বিলেপন, ধূপ ও নৈবেদ্যাদি যথাশক্তি অর্পণ করিলে তৎ সমুদায় অক্ষয় হয়॥

অপিচ, মাঘমাসের সমগ্রমাস অথবা অর্দ্ধ মাস কিম্বা দশাহ অথবা তাহারও অর্দ্ধ অর্থাৎ পাঁচদিন মাত্র যথাশক্তি বিষ্ণুর পূজা করিলে, তদীয় পরমধাম প্রাপ্তি হয়॥

স্কন্দপুরাণে ব্রহ্ম নারদ সম্বাদে॥

ব্রহ্মা কহিলেন, হে ভাগবতপ্রিয় নারদ! ইহ লোকে তোমার সমান বিষ্ণুভক্ত নাই, অতএব মাঘমাসের মাহাত্ম্য বলি শ্রবণ কর॥২৬॥

চক্রতীর্থে হরিং দৃষ্ট্বা মথুরায়াঞ্চ কেশবং।
যৎ ফলং লভতে জন্তুর্মাঘস্নানেন তৎফলং।
জিতেন্দ্রিয়ঃ শান্তমনাঃ সদাচারেণ সংযুতঃ।
স্নানং করোতি যো মাঘে সংসারী ন ভবেৎ পুনঃ।
ওঁকারঃ সর্ব্ববেদানাং যথাদৌ পরিগীয়তে।
তথা বিষ্ণুব্রতানান্ত মাঘস্নানং মহামুনে ইত্যাদি ॥
কিঞ্চ তত্রৈবান্যত্র ॥
মনসাপি চিকীর্ষন্তি মাঘস্নানন্তু যে নরাঃ।
তে ঘোরং ন প্রযাস্যন্তি সংসারদুঃখসংকুলং।
সৌরিমার্গং মহাঘোরং যমদূতান্ যমন্তথা।
স্বপ্নেঽপি ন হি পশ্যন্তি মাঘস্নানরতা নরাঃ।
যদীচ্ছেদ্বিষ্ণুনা বাসং সুতান্ সম্পদমাত্মনঃ।

চক্রতীর্থে হরিকে দর্শন করিয়া এবং মথুরায় কেশবকে দর্শন করিয়া যে ফল লাভ হয়, মনুষ্য মাঘস্নান দ্বারা তৎফল প্রাপ্ত হয়েন ॥

যিনি জিতেন্দ্রিয়, শান্তচিত্ত এবং সদাচারসমন্বিত হইয়া মাঘমাসে স্নান করেন, তিনি পুনর্ব্বার সংসার প্রাপ্ত হয়েন না ॥

হে মহামুনে! যেমন ওঁকার সকল বেদের আদি বলিয়া কীর্ত্তিত হয়, তদ্রূপ বিষ্ণুব্রত সকলের মধ্যে মাঘ স্নানকে জানিবে অর্থাৎ মাঘ স্নান সকল বিষ্ণুব্রতের আদি ব্রত ॥

আরও ঐ প্রকরণে এবং অন্য প্রকরণে ॥

যে সকল মনুষ্য মনোমধ্যেও যদি মাঘমাসের স্নান ইচ্ছা করেন, তাঁহারা আর ঘোরতর দুঃখসঙ্কুল সংসার প্রাপ্ত হয়েন না ॥

যে সকল মানব মাঘস্নানরত, তাঁহারা ঘোরতর যমমার্গ, যমদূত বা যম, ইহাঁদিগকে স্বপ্নেতেও অবলোকন করেন না ॥

হে নারদ! যদি আপনার বিষ্ণুর সহিত বাস বা সন্তান অথবা

মাঘস্নানং তদা কার্য্যং বর্ষে বর্ষে চ নারদ ।
ব্রতানি বৈষ্ণবানীহ মনসাপি চিকীর্ষতি ।
তত্তস্য বিলয়ং যাতি পাপং জন্মশতোদ্ভবং ॥ ২৭ ॥
মাঘস্নানং নরঃ কৃত্বা সদা দান্তমনা ব্রতী ।
প্রাপ্নোতি চ পদং বিষ্ণোঃ স্থানং ত্রৈলোক্যবন্দিতং ।
কৃত্বা ভূরি মহাপাপং জ্ঞানতোঽজ্ঞানতোঽপি বা ॥
মাঘস্নানেন বিপ্রেন্দ্র দহ্যতে তূলরাশিবৎ ।
কর্ম্মণা মনসা বাচা যৎপাপং সমুপার্জ্জিতং ।
দহ্যতে নাত্র সন্দেহো মাঘস্নানেন নারদ ।
স্নানং দানং জপো হোমঃ সমুদ্দিশ্য জনার্দ্দনং ।

বৈষ্ণবানি ব্রতানি মাঘস্নানাদীনি ইহ ভারতে বর্ষে । যদ্বা । অস্মিন্ মাঘমাসে বিষ্ণূদ্দেশেঽন্যান্যপি ব্রতানি একভক্তাদীনি যশ্চিকীর্ষতি তস্য তন্মহাপাতকাদিকং ॥ ২৭ ॥
পদমেবাহ স্থানমিতি ॥ ২৮ ॥

সম্পদ্ ইচ্ছা করেন, তাহা হইলে তাঁহার বর্ষে বর্ষে মাঘস্নান করা কর্ত্তব্য ॥

যে ব্যক্তি ইহলোকে মনের দ্বারাও বিষ্ণুব্রত সকল করিতে ইচ্ছা করেন, তাঁহার শত জন্মে যে সকল পাপ উৎপন্ন হইয়াছে, তৎসমুদায় বিনষ্ট হয় ॥ ২৭ ॥

যে মনুষ্য ব্রতধারণ পূর্ব্বক সর্ব্বদা সংযত মনে মাঘস্নান করেন, তিনি ত্রৈলোক্য বন্দিত বিষ্ণুর স্থান প্রাপ্ত হয়েন ॥

হে বিপ্রেন্দ্র ! জ্ঞানপূর্ব্বক হউক বা অজ্ঞানপূর্ব্বকই হউক, ভূরি ভূরি মহাপাপ কৃত হইলে তূলরাশির ন্যায় তৎসমুদায় মাঘস্নানে দগ্ধ হইয়া যায় ॥

হে নারদ ! কর্ম্ম অথবা মন কিম্বা বাক্য দ্বারা যে পাপ উপার্জ্জিত হয়, তাহা মাঘস্নানে দগ্ধ হয়, ইহাতে কোন সন্দেহ নাই ॥

নরৈর্যৎ ক্রিয়তে মাঘে তদনন্তফলং স্মৃতং ॥ ২৮ ॥
বিভবে সতি যো মোহান্ন কুর্য্যাদ্বিধিবিস্তরং।
ন তৎফলমবাপ্নোতি যো লোভাক্রান্তমানসঃ।
যে ভবিষ্যন্তি যেঽতীতা আকল্পং পুরুষাঃ কুলে।
তাংস্তারয়তি বিপ্রেন্দ্র মাঘস্নানেন মাধবঃ ॥ ২৯ ।
সংপ্রাপ্তে মাঘমাসে তু তপস্বিজনবল্লভে।
বিলয়ং যান্তি পাপানি তমঃ সূর্য্যোদয়ে যথা।

নমু স্নানমাত্রেণৈব সর্ব্বসিদ্ধেঃ কিং দানাদিনা তত্রাহ বিভব ইতি। শক্তৌ বিত্তশাঠ্যেন ফলং ন সম্যক্ সিদ্ধ্যেদিতি ভাবঃ ॥ ২৯ ॥

মাহাত্ম্যকথনান্তরে চ মাঘপ্রাতঃস্নানার্থগমনবিধিমাহ যতিবদিতি। হিংসাদিশূন্যঃ। মৌনী ভগবন্নামকীর্ত্তনাতিরিক্তবচনরহিতঃ বিশেষতঃ পৈশুন্যেন মাৎসর্য্যত্যাগাদিপরদোষ-সূচনেন বর্জ্জিতো হীনঃ সন্ পথি গচ্ছেৎ। যদ্বা মাহাত্ম্যমেবাহ মাঘস্নানতঃ। যদ্বা মাঘে সংপ্রাপ্তে সতি সর্ব্বোঽপি জনঃ যতিবৎ মৌনী আত্মারামত্বাদিমুনিধর্ম্মযুক্তঃ সন্ অতএব পৈশুন্যবর্জ্জিতঃ সন্ পথি সন্মার্গে গচ্ছেৎ। সংযত ইতি পাঠেঽপি তাদৃগেবার্থঃ ॥ ৩০ ॥

যে সকল মনুষ্য জনার্দ্দনকে উদ্দেশ করিয়া মাঘমাসে স্নান, দান, জপ অথবা হোম প্রভৃতি যাহা কিছু অনুষ্ঠান করে, তৎসমুদায়ের অনন্ত ফল ঋষিগণ স্মরণ করিয়াছেন ॥ ২৮ ॥

যে পুরুষ লোভাক্রান্তচিত্ত হইয়া বিভব সত্ত্বে সংক্ষেপরূপে কার্য্য করে, সে ব্যক্তি সে কার্য্যের ফল প্রাপ্ত হয় না ॥

হে বিপ্রেন্দ্র! আকল্পপর্য্যন্ত কুলের মধ্যে যে সকল পুরুষ হইবে এবং যাহারা হইয়া গিয়াছে, মাঘস্নান দ্বারা মাধব তাঁহাদিগকে উদ্ধার করেন ॥ ২৯ ॥

তপস্বিজনপ্রিয় মাঘমাস উপস্থিত হইলে, সূর্য্যোদয়ে যেমন অন্ধকার সকল বিনষ্ট হয়, তাহার ন্যায় পাপ সমুদায় বিলয় হইয়া যায়। মাঘস্নানে যতি তুল্য মৌনী হইয়া পথে গমন করিবে, কাহারও দোষ

যতিবৎ পথি গচ্ছেত মৌনী পৈশুন্যবর্জ্জিতঃ ॥ ৩০ ॥
যদীচ্ছেৎ বিপুলান্ ভোগান্ বৈষ্ণবং পদমব্যয়ং ।
মহানদীজলে স্নাত্বা ইতরে বাপি নারদ ।
স্নাপয়িত্বা হরিং ভক্ত্যা পূজয়েত্তুলসীদলৈঃ ॥ ৩১ ॥
ব্রহ্মবৈবর্ত্তে শ্রীসূতশৌনকসম্বাদে ॥
ন মাঘমাসস্নানস্য সমমন্যদ্ভৃগূদ্বহ ।
তপঃ কিমপি তত্ত্বার্থবেদিনো মুনয়ো বিদুঃ ।
শীতকালে সুশীতেন জলেন স্বং বপুর্নরঃ ।
প্রক্ষাল্য সদ্যোনিয়তং বিশোধয়তি দুষ্কৃতং ॥
কিঞ্চ ॥
অপি শূদ্রোঽপি দাসোঽপি মাঘস্নানপরায়ণঃ ।

যদীচ্ছেত্তদা পূজয়েদিতি সার্দ্ধেনান্বয়ঃ ॥ ৩১ ॥
দাসঃ কৈবর্ত্তঃ তস্য সতত জলচারিত্বেন স্বত এব স্নানসুখং সিধ্যেত । সোঽপি যদি মাঘস্নানং নিয়মেন করোতীত্যর্থঃ । অথবা অন্ত্যজত্বে তাৎপর্য্যং । মুখ্যতমঃ সর্ব্ববেদার্থ-

সূচনা করিবে না ॥ ৩০ ॥

হে নারদ! যদি কোন ব্যক্তি বিপুল ভোগ অথবা অবিনশ্বর বিষ্ণুলোক ইচ্ছা করেন, তাহা হইলে মহানদীর জলে অথবা ইতর জলে হরিকে স্নান করাইয়া ভক্তিপূর্ব্বক তুলসীপত্রসমূহ দ্বারা পূজা করিবে ॥ ৩১ ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে শ্রীসূত শৌনকসম্বাদে ॥

হে শৌনক! তত্ত্বার্থবেদি মুনিগণ মাঘমাসের স্নানের তুল্য অন্য কোন তপস্যা জানেন না। অতএব মনুষ্য শীতকালের সুশীতল জলের দ্বারা স্বীয় শরীর সদ্যঃ প্রক্ষালন করিয়া নিয়ত দুষ্কৃত শোধন করিবেন॥

আরও ॥

শূদ্র হউক অথবা দাস অর্থাৎ কৈবর্ত্তই হউক, ইহারাও যদিস্যাৎ

প্রোক্তো মুখ্যতমো বিপ্রো নতু তদ্বিমুখো দ্বিজঃ।
যত্র সাক্ষাদ্দিনাধীশো ভবেদুদয়মাস্থিতঃ।
ততঃ কিমপরং নাম প্রশংস্যং ধর্ম্মসাধনং।
মাঘস্নানং সমুদ্দিশ্যোষসি গেহাৎ সমুত্থিতঃ॥ ৩২॥
যাবৎ পদান্যশ্বমেধসমানি স্যুর্দদাতি যঃ।
যথা যথা পুমান্ মাঘে প্রাতরুত্থায় ধাবতি।
তথা তথাঽভুক্তকর্ম্ম সংক্ষয়াদ্দয়তে যমঃ।
যৎফলং কপিলাদানে কুরুক্ষেত্রে রবিগ্রহে।
তদবশ্যমবাপ্নোতি মাঘস্নানং করোতি যঃ॥ ৩৩॥

তত্ত্বজ্ঞো বিপ্রঃ প্রোক্তঃ। উদয়মাস্থিত ইতি কিঞ্চিদভ্যুদিতে রবাবিতি স্নানকালাভিপ্রায়েণ॥ ৩২॥

যাবন্তি পদানি যো দদাতি ন্যস্যতি তস্য তাবন্তি পদানি অশ্বমেধযজ্ঞসমানি স্যুরিত্যর্থঃ। য ইতি অধিকার্য্যমধিকার্য্যনপেক্ষয়া যঃ কশ্চিদিতি ভাবঃ। অভুক্তানাং নরকপাতনাদিনা অকৃতভোগানামপি কর্ম্মণাং সম্যক্ ক্ষয়াদ্ধেতোঃ॥ ৩৩॥

মাঘমাসে নিয়ম পূর্ব্বক স্নান করে, তাহা হইলে ইহারা সর্ব্ববেদার্থ তত্ত্বজ্ঞ বিপ্র বলিয়া কথিত হয়, আর ব্রাহ্মণ যদি মাঘস্নান বিমুখ হন, তাহা হইলে তিনি শ্রেষ্ঠ হইতে পারেন না। যে মাঘস্নানে দিনাধীশ সূর্য্য কিঞ্চিৎ উদয় অবলম্বন করেন, তাহা অপেক্ষা ধর্ম্মসাধন বিষয়ে আর অন্য শ্রেষ্ঠকাল নাই, মাঘমাস উদ্দেশ করিয়া উষাকালে গৃহ হইতে উত্থিত হইবে॥ ৩২॥

মনুষ্য মাঘস্নান নিমিত্ত যত পদ গমন করেন, তাঁহার তত পদ অশ্বমেধ যজ্ঞের তুল্য হয়। পুরুষ মাঘমাসে গাত্রোত্থান করিয়া স্নানার্থ যত যত পদ ধাবমান হন, তথা তথা অভুক্ত কর্ম্ম সকল সংক্ষয় হওয়ায় যম তাঁহার প্রতি দয়া করেন॥

কপিলা দানে যে ফল হয়, কুরুক্ষেত্রে সূর্য্যগ্রহণে যে ফল হয়, মাঘমাসে যিনি স্নান করেন, তাঁহার অবশ্য সেই ফল হইয়া থাকে॥ ৩৩॥

পাদ্মে ভূমিখণ্ডে শ্রীবসিষ্ঠদিলীপসম্বাদে॥
সম্যগুক্তং পরং শ্রেয়োলোকদ্বয়হিতাবহং।
নির্ম্মলীকরণং তেন মুনীনাং বনবাসিনাং।
ক্রতুভুক্‌কামিনীনাং যে প্রত্যাসক্তিমখণ্ডিতাং।
কাময়ন্তে মৃগার্কে তে শ্রোতসি স্নান্তু সর্ব্বদা।
বিনা বহ্নিং বিনা যজ্ঞমিষ্টাপূর্ত্তং বিনাপি যে।
বাঞ্ছন্তি স্বর্গতিং স্নান্তু প্রাতর্মাঘে বহির্জলে।
গোভূমিতিলবাসাংসি স্বর্ণধেন্বন্নকানি যে।

কদাচিন্মাঘে মৃগয়ার্থং বনপ্রবিষ্টেন রাত্রৌ বনান্তরেবোষিতেন প্রাতস্ততো নিবৃত্তেন রাজ্ঞা দিলীপেন পথি গচ্ছতো বানপ্রস্থমুনেরাজ্ঞয়া সরসি স্নাত্বা গৃহমাগত্য তন্মন্ত্যুক্তং মাঘ-মাহাত্ম্যং সবিস্ময়ং পরিপৃষ্টস্য তং প্রতিবাক্যং সম্যগুক্তমিত্যাদি। ক্রতুভুক্‌কামিন্যো-

পদ্মপুরাণের ভূমিখণ্ডে বসিষ্ঠ দিলীপসম্বাদে॥

একদা মাঘমাসে রাজা দিলীপ মৃগয়ার নিমিত্ত বনে প্রবিষ্ট হইয়া রাত্রে বনমধ্যে অবস্থিতি করিয়াছিলেন, পর দিবস প্রাতঃকালে যখন পথে গমন করেন, তখন কোন বানপ্রস্থ মুনির আজ্ঞায় সরোবরে স্নান পূর্ব্বক গৃহে চলিয়া যান, পরে সবিস্ময়চিত্তে বসিষ্ঠ ঋষিকে ঐ মুনি কথিত মাঘমাহাত্ম্য জিজ্ঞাসা করায় বসিষ্ঠদেব দিলীপকে কহিলেন। হে রাজন্! বানপ্রস্থ মুনি আমাকে সম্যক্ প্রকারে কহিয়াছেন, লোক-দ্বয়ের হিতাবহ উৎকৃষ্ট কল্যাণ, নির্ম্মলীকরণ এবং যজ্ঞভুক্ কামিনী অর্থাৎ অপ্সরোগণ সহিত অখণ্ড সম্ভোগ যিনি কামনা করেন, তিনি মকররাশিস্থ ভাস্করে মাঘমাসে সর্ব্বদা শ্রোতের জলে স্নান করুন॥

অপিচ, যে ব্যক্তি অগ্নি ব্যতিরেকে, যজ্ঞ ব্যতিরেকে এবং ইষ্টাপূর্ত্ত কর্ম্ম ভিন্ন স্বর্গ বাঞ্ছা করেন, তিনি মাঘমাসে প্রাতঃকালে বহিঃস্থ জলে স্নান করুন॥

অপর হে নৃপ! যে ব্যক্তি গো, ভূমি, তিল, বস্ত্র, স্বর্ণ এবং অন্ন

অদত্ত্বেচ্ছন্তি নাকং তে মাঘে স্নান্তু নরাধিপ ॥ ৩৪ ॥
ত্রিরাত্রৈন্দুব্রতৈঃ কৃচ্ছ্রৈঃ পরাকৈশ্চ নিজাং তনুং।
অশোষ্যেচ্ছন্তি যে স্বর্গং তপসি স্নান্তু তে সদা।
হরেরর্চ্চা তু বৈশাখে তপঃ পূজা চ কার্ত্তিকে।
তপঃ পূজা তথা স্নানং ত্রয়ং মাঘে বিশিষ্যতে ॥ ৩৫ ॥
কিঞ্চ।
নিরন্নাহ্যদিতিঃ সস্নৌ মাঘান্ দ্বাদশ মানসে।
পুত্রান্ সা দ্বাদশাদিত্যান্ লেভে ত্রৈলোক্যদীপকান্।
সুভগা রোহিণী মাঘাদ্দানশীলা হ্যরুন্ধতী।
শচী চ রূপসম্পন্না অনসূয়া পতিব্রতা ॥ ৩৬ ॥

হ্প্সরসঃ প্রত্যাসত্তিং সম্ভোগং ॥ ৩৪ ॥
ত্রিরাত্রৈরিন্দুব্রতৈশ্চ ॥ ৩৫ ॥
মাঘাৎ মাঘস্নানাদিকরণাৎ ॥ ৩৬ ॥

প্রভৃতি দান না করিয়া স্বর্গ ইচ্ছা করেন, তিনি মাঘমাসে স্নান করুন ॥ ৩৪ ॥

হে রাজন্! ত্রিরাত্রব্রত, চান্দ্রায়ণব্রত, কৃচ্ছ্রব্রত ও পরাক প্রভৃতি ব্রত সকল ব্যতিরেকে যাঁহারা আপনার শরীর শুষ্ক না করিয়া স্বর্গ ইচ্ছা করেন, তাঁহারা সর্ব্বদা মাঘমাসে স্নান করুন ॥

মহারাজ! বৈশাখমাসে হরির পূজা প্রশস্ত, কার্ত্তিকমাসে তপস্যা ও পূজা প্রশস্ত এবং মাঘমাসে তপস্যা, পূজা ও স্নান এই তিনটীই বিশেষ জানিতে হইবে ॥ ৩৫ ॥

আরও ॥

অদিতি অন্ন পরিত্যাগ পূর্ব্বক মানসসরোবরে দ্বাদশ বৎসর মাঘ-মাসে স্নান করিয়া ত্রৈলোক্য প্রকাশক দ্বাদশ আদিত্য নামক পুত্র সকল লাভ করিয়াছেন। মাঘস্নানাদিকরণ হেতু, রোহিণী সুভগা, অরুন্ধতী দানশীলা, শচী রূপসম্পন্না এবং অনসূয়া পতিব্রতা হইয়াছেন ॥ ৩৬ ॥

উত্তমে বিষয়ে রাজন্ প্রাসাদে সাপ্তভৌমিকে।
তুমুলীকৃতশোভাঢ্যে রত্নকৈঃ খচিতাজিরে।
দ্বিপাকর্ণমরুচ্ছন্নে রূপবৎ স্ত্রীজনাকুলে।
গীতবাদিত্রনির্ঘোষে মঙ্গলাচারশোভিতে।
বেদধ্বনি পবিত্রে চ বিদ্বদ্বিপ্রৈরলঙ্কৃতে।
সুরার্চ্চনরতে রম্যে সদাতিথিনিষেবিতে ॥ ৩৭ ॥
মুদিতাস্তে বসন্তীহ যৈঃ স্নাতং মকরে রবৌ।
যৈর্দত্তং বহুধা মাঘে মুরারিঃ পূজিতস্তু যৈঃ।
ইষ্টবস্তুপরিত্যাগান্নিয়মস্য চ পালনাৎ।
ধর্ম্মমূলং সদা মাঘঃ পাপমূলং নিকৃন্ততি।
এতদেব পরং পথ্যমর্থমূলঞ্চ কীর্ত্তিতং।

সাপ্তভৌমিকে উপর্য্যুপরি রচিত সপ্তভূমিকে। তুমুলীকৃতয়া বাহুল্যেনান্যোঽন্যসঙ্কীর্ণয়া শোভয়া যুক্তে ॥ ৩৭ ॥

কিঞ্চ। যৈর্দত্তং তে চ বসন্তীতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। যদ্বা তেষাং কিম্বক্তব্যমিতি শেষঃ। সর্ব্বত্রৈব হেতুঃ ধর্ম্মমূলমিতি। নিষ্কামাণাঞ্চ জ্ঞানং দদাতীতি তথা। এবং চতুর্ব্বর্গ

হে রাজন্! উত্তম বিষয়ে সাপ্তভৌমিক প্রাসাদে অর্থাৎ সাত মহলা রাজভবনে, যাহাতে নানা সঙ্কীর্ণ শোভাযুক্ত, রত্নসমূহ দ্বারা খচিত চত্বর, যাহা হস্তিকর্ণের বায়ুযুক্ত, রূপবৎ স্ত্রীজনব্যাপ্ত গীত বাদ্য শব্দ ও মঙ্গলাচারশোভিত, পবিত্র বেদধ্বনি এবং বিদ্বান্ ব্রাহ্মণসমূহে অলঙ্কৃত, দেবার্চ্চনরত এবং সর্ব্বদা অতিথি নিষেবিত, এতাদৃশ স্থানে ॥ ৩৭ ॥

যাহারা মকরস্থ রবিতে স্নান করে এবং যাহারা মাঘমাসে বহু প্রকারে শ্রীবিষ্ণুর পূজা করে, তাহারাই আনন্দচিত্তে বাস করিয়া থাকে। ইষ্টবস্তু পরিত্যাগ এবং নিয়মের পালন হেতু মাঘমাসে সর্ব্বদা ধর্ম্মের মূল এবং পাপ সকলকে ছেদন করে। অপর এই মাঘ

কামমূলং ফলদ্বারং নিষ্কামজ্ঞানদঃ সদা ॥ ৩৮ ॥
যে লোকা দানশীলানাং যে লোকা বিপিনৌকসাং।
লোকা যেঽতিথিভক্তানাং তে মাঘস্নায়িনাং নৃণাং।
দেবলোকান্নিবর্ত্তন্তে পুণ্যৈরন্যৈঃ পরন্তপ।
কদাচিৎ ন নিবর্ত্তন্তে মাঘস্নানরতা দিবঃ।
নাতঃ পরতরং কিঞ্চিৎ পবিত্রং পাপনাশনং।
এতদেব পরং পথ্যং সদ্যোদুরিতনাশনং।
বিদ্যাধরায় সঙ্গীতং ভৃগুণা মণিপর্ব্বতে।
বিকুণ্ডলায় চান্যত্র দেবদূতেন ধীমতা ॥
ভৃগুবিদ্যাধরসম্বাদে ॥
মাঘস্নানৈর্ব্বিপন্নাশো মাঘস্নানৈরঘক্ষয়ঃ।

প্রদত্বমুক্তং ॥ ৩৮ ॥
তত্র চাশেষ ধর্ম্মতো মাঘস্নানস্যাধিক্যোৎকর্ষমাহ যে লোকা ইতি চতুর্ভিঃ ॥ ৩৯ ॥

নিষ্কাম ব্যক্তিদিগের সম্বন্ধে সর্ব্বদা জ্ঞানপ্রদ এবং ইহাই পরম পথ্য, ইহাই অর্থমূল, ইহাই কামমূল ও ইহাই ফলের দ্বারস্বরূপ বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ৩৮ ॥

দানশীল ব্যক্তিদিগের যে সকল লোক, বনাশ্রমিদিগের যে সকল লোক এবং অতিথিভক্তদিগের যে সকল লোক, মাঘস্নায়ি মানবগণের সেই সকল লোক প্রাপ্তি হয় ॥

হে শত্রুনাশন! অন্যান্য পুণ্য দ্বারা স্বর্গলোক হইতে চ্যুতি হয়, কিন্তু মাঘস্নানরত মানবদিগের কখন স্বর্গ হইতে চ্যুতি হয় না ॥

এই মাঘস্নান অপেক্ষা পবিত্র বা পাপনাশন আর কিছু নাই, ইহাই পরম পথ্য এবং ইহাই সদ্যঃ দুরিত বিনষ্ট করে, ভৃগুমুনি মণিপর্ব্বতে বিদ্যাধরকে এবং বুদ্ধিমান্ দেবদূত অন্য স্থলে বিকুণ্ডলকে এই বিষয় বলিয়াছিলেন ॥

ভৃগু বিদ্যাধরসম্বাদে যথা ॥

হে বিদ্যাধর! মাঘস্নানেই বিপদ্‌নাশ ও মাঘস্নানেই পাপক্ষয় হয়,

সর্ব্বব্রতাধিকো মাঘঃ সর্ব্বদানফলপ্রদঃ ॥ ৩৯ ॥
মাঘো গর্জ্জতি যাগেভ্যো মাঘো যোগাচ্চ গর্জ্জতি।
তীব্রাচ্চ তপসো মাঘো ভো বিদ্যাধর গর্জ্জতি।
পুষ্করে চ কুরুক্ষেত্রে ব্রহ্মাবর্ত্তে পৃথূদকে।
অবিমুক্তে প্রয়াগে চ গঙ্গাসাগরসঙ্গমে।
যৎফলং দশভির্ব্বর্ষৈঃ প্রাপ্যতে নিয়মৈর্ন্নরৈঃ।
তৎফলং লভতে মাঘে ত্র্যহঃ স্নানান্ন সংশয়ঃ।
স্বর্গভোগে চিরং বাঞ্ছা যেষাং মনসি বর্ত্ততে।
তত্র ক্বাপি জলে তৈস্তু স্নাতব্যং মৃগভাস্করে ॥ ৪০ ॥
আয়ুরারোগ্যসম্পত্তৌ রূপে সুভগতা গুণে।

গর্জ্জতি অধিক্ষিপতি ততোঽপি বিশিষ্ট ইত্যর্থঃ ॥ ৪০ ॥
রূপে সৌন্দর্য্যে সুভগতা জগদ্বল্লভতা তদ্রূপে গুণে ॥ ৪১ ॥

অতএব মাঘই সকল ব্রতের অধিক এবং মাঘই সমস্ত দানের ফল প্রদান করেন ॥ ৩৯ ॥

অহে বিদ্যাধর! মাঘমাস যাগসকলের উপর গর্জ্জন করে, মাঘ যোগ সকলের উপরে গর্জ্জন করে এবং মাঘ কঠোর তপস্যার উপর গর্জ্জন করে অর্থাৎ ঐ সকলকে অধিক্ষেপ করিয়া থাকে ॥

অপর পুষ্কর, কুরুক্ষেত্র, ব্রহ্মাবর্ত্ত, পৃথূদক, অবিমুক্ত (কাশী), প্রয়াগ ও গঙ্গাসাগরসঙ্গম, এই সকলে মানবগণ দশবৎসর নিয়ম দ্বারা যে ফল প্রাপ্ত হয়, মাঘমাসে তিনদিবস স্নান করিলে তাহাই প্রাপ্ত হইবে সংশয় নাই। অপিচ, যাহাদের মনোমধ্যে চিরকাল স্বর্গভোগ করিব বলিয়া বাঞ্ছা থাকে, যে কোন স্থানেই হউক, মকরস্থ ভাস্করে তাহাদের স্নান করা কর্ত্তব্য ॥ ৪০ ॥

যাঁহাদের আয়ুঃ, আরোগ্য, সম্পত্তি, রূপ ও সৌভাগ্য (জগদ্বল্লভতা) গুণে অভিলাষ আছে, তাঁহারা কখন মাঘস্নান ত্যাগ করিবেন না ॥

যেষাং মনোরথাস্তৈস্তু ন ত্যাজ্যং মাঘমজ্জনং।
যে বিভ্যতি নরকাব্ধের্দারিদ্র্যাব্ধেশ্চ নিত্যশঃ।
সর্ব্বথা তৈঃ প্রযত্নেন মাঘে কার্য্যং নিমজ্জনং।
দারিদ্রপাপদৌর্ভাগ্যপঙ্কপ্রক্ষালনায় চ।
মাঘস্নানান্ন চান্যোঽস্তি উপায়ো দেবসত্তম।
শ্রদ্ধাহীনানি কর্ম্মাণি মতান্যল্পফলানি বৈ।
ফলং দদাতি সম্পূর্ণং মাঘস্নানং যথা তথা॥ ৪১॥
অকামো বা সকামো বা যত্র ক্কাপি বহির্জলে।
ইহামুত্র চ দুঃখানি মাঘস্নায়ী ন বিন্দতি।
পক্ষদ্বয়ে যথা চন্দ্রঃ ক্ষীয়তে বর্দ্ধতে তথা।
পাতকং ক্ষীয়তে মাঘে পুণ্যরাশিশ্চ বর্দ্ধতে।
যথাব্ধৌ খলু জায়ন্তে রত্নানি বিবিধানি চ।

বহির্জ্জলে মাঘস্নায়ী॥ ৪২॥

অপিচ, যাহারা সর্ব্বদা নরকসমুদ্র হইতে ভয় পায় ও যাহারা নিত্য দারিদ্রসমুদ্র হইতে ভীত হয়, তাহারা সর্ব্বপ্রকারে যত্নসহকারে মাঘমাসে স্নান করিবে॥

হে দেবসত্তম! দারিদ্র, পাপ ও দৌর্ভাগ্যরূপ পঙ্ক প্রক্ষালনের নিমিত্ত মাঘস্নান ভিন্ন অন্য আর উপায় নাই॥

যে সকল কর্ম্ম শ্রদ্ধাহীন, তাহাদের অল্প ফল হয়, কিন্তু যথা তথা রূপে মাঘস্নান করিলে উহা সম্পূর্ণরূপে ফল প্রদান করিয়া থাকে॥৪১

অকামেই হউক বা সকামেই হউক, যে কোন স্থলস্থিত বহিঃস্থ জলে স্নান করিলে মাঘস্নায়ী ব্যক্তি ইহলোক বা পরলোক কোন লোকেই দুঃখ প্রাপ্ত হয় না॥

যেমন কৃষ্ণপক্ষে ও শুক্লপক্ষে চন্দ্রমা ক্ষয় বৃদ্ধি প্রাপ্ত হয়েন, তদ্রূপ মাঘমাসে পাতক ক্ষয় ও পুণ্যরাশির বৃদ্ধি হয়॥

স্নানপুণ্যানি জায়ন্তে নরাণাং মাঘতস্তথা।
আয়ুর্বিত্তকলত্রাণি সম্পদঃ প্রভবন্তি চ।
কামধেনুর্যথা কামং চিন্তামণিশ্চ চিন্তিতং।
মাঘস্নানং দদাতীহ তদ্বৎ সর্ব্বমনোরথান্।
কৃতে তপঃ পরং জ্ঞানং ত্রেতায়াং যজনন্তথা।
দ্বাপরেতু কলৌ দানং মাঘঃ সর্ব্বযুগেষু চ॥ ৪২॥
সর্ব্বেষাং সর্ব্ববর্ণানামাশ্রমাণাঞ্চ ভূপতে।
মাঘস্নানন্তু ধর্ম্মস্য ধারাভিঃ খলু বর্ষতি॥
তত্রৈব শ্রীদত্তাত্রেয়কার্ত্তবীর্য্যার্জ্জুনসম্বাদে॥
প্রীতয়ে বাসুদেবস্য সর্ব্বপাপাপনুত্তয়ে।
মাঘস্নানং প্রকুর্ব্বীত স্বর্গলাভায় মানবঃ।
ন সমং ভবতে কিঞ্চিৎ তেজঃ সৌরেণ তেজসা।

সর্ব্বেষামাশ্রমাণামিতি সম্বন্ধঃ। যদ্বা সর্ব্বেষামিতি বালবৃদ্ধাদীনামিত্যবস্থা পরিহৃতা॥৪৩

যেমন সমুদ্রে নানাপ্রকার রত্ন জন্মে, তদ্রূপ মনুষ্যদিগের মাঘমাসে স্নান জন্য পুণ্য সকল জন্মিয়া থাকে এবং আয়ুঃ বিত্ত, কলত্র সম্পদ্ সকলও উপস্থিত হয়॥

যেমন কামধেনু কাম এবং যেমন চিন্তামণি চিন্তিত দান করিয়া থাকেন, তদ্রূপ মাঘস্নান ইহলোকে সমুদায় কাম প্রদান করেন॥

অপর সত্যযুগে তপস্যা, ত্রেতাযুগে জ্ঞান, দ্বাপরযুগে যজন এবং কলিযুগে দান শ্রেষ্ঠ, কিন্তু মাঘস্নান সকল যুগেই প্রধান॥ ৪২॥

হে ভূপতে! যত বর্ণ ও যত আশ্রম আছে, তাহাদের সম্বন্ধে মাঘস্নান ধর্ম্মের ধারাসমূহের দ্বারা বর্ষণ করেন॥

ঐ প্রকরণেই শ্রীদত্তাত্রেয় ও কার্ত্তবীর্য্যার্জ্জুনসম্বাদে॥

মনুষ্য বাসুদেবের প্রীতি নিমিত্ত সমস্ত পাপের অপনোদন জন্য এবং স্বর্গলাভ হেতু মাঘমাসে স্নান করিবেন॥

তদ্বৎ স্নানেন মাঘস্য ন সমাঃ ক্রতুজাঃ ক্রিয়াঃ।
কিং রক্ষিতেন দেহেন সুপুষ্টেন বলীয়সা।
অধ্রুবেণ সুজীর্ণেন মাঘস্নানং বিনা ভবেৎ ॥ ৪৩॥
অস্থিস্তম্ভং স্নায়ুবদ্ধং মাংসক্ষতজলেপনং।
চর্ম্মাবনদ্ধং দুর্গন্ধিপূর্ণং মূত্রপুরীষয়োঃ।
জরাশোকবিপদ্ব্যাপ্তং রোগমন্দিরমাতুরং।
রজস্বলমনিত্যঞ্চ সর্ব্বদোষসমাশ্রয়ং।
পরোপতাপপাপার্ত্তি পরদ্রোহপরের্ষকং।
লোলুপং পিশুনং ক্রূরং কৃতঘ্নং ক্ষণিকং তথা ॥ ৪৪ ॥

দোষশতব্যাপ্তমপি শরীরং মাঘস্নানেন পরমোত্তমং সার্থকঞ্চ ভবেৎ অন্যথা তদ্ধারণমেব ব্যর্থমিত্যাহ অস্থীতি ষড়্‌ভিঃ। আতুরং বিবশং রজস্বলং রজোগুণপ্রধানং কর্ম্মভূমৌ মনুষ্যজন্মপ্রাপ্তেঃ পরেষামুপতাপাদয়ঃ। তথা পরেষাং দ্রোহঃ। পরেষামীর্ষা চ যস্মাৎ তৎ। তত্রোপতাপোনিদ্রাদিনা পাপঞ্চ ক্রোধোৎপাদনাদিনা আর্ত্তিঃ প্রহারাদিনা। দ্রোহঃ অমঙ্গলচিন্তাদিনা। ঈর্ষাচাক্ষান্তিঃ॥ ৪৪ ॥

যেমন সূর্য্যতেজের সহিত কোন তেজ সমান হয় না, তদ্রূপ মাঘ-স্নানের সহিত কোন যজ্ঞজনিত ক্রিয়া তুল্য হয় না ॥

মাঘস্নান ব্যতিরিক্ত বলবান্ সুপুষ্ট দেহ রক্ষা করিলে কি হইবে, মাঘস্নান ভিন্ন যে দেহ, তাহা অনিত্য ও সুন্দররূপে জীর্ণ হইয়া থাকে ॥ ৪৩ ॥

শত শত দোষ ব্যাপ্ত শরীর মাঘস্নান দ্বারা পরম উত্তম ও সার্থক হয়, তদ্ভিন্ন দেহ ধারণ ব্যর্থমাত্র, এই অভিপ্রায়ে কহিতেছেন। দেহ অস্থিস্তম্ভ, স্নায়ুবদ্ধ, মাংস রক্ত লিপ্ত, চর্ম্মাচ্ছাদিত, মূত্র পুরীষের দুর্গন্ধি-পূর্ণ, জরা, শোক ও বিপদ্‌যুক্ত, রোগমন্দির, আতুর ( বিবশ ), রজস্বল ( রজোগুণ প্রধান ) ও সকল দোষের আশ্রয়। অপর দেহ হইতে পরের উপতাপ, পাপ, পরের প্রতি পীড়া, পরদ্রোহ এবং পরের প্রতি ঈর্ষা হয়। অপিচ, ঐ দেহলোলুপ, পিশুন, ক্রূর, কৃতঘ্ন, ক্ষণিক॥৪৪॥

দুষ্পূরং দুর্দ্ধরং দুষ্টং দোষত্রয়বিদূষিতং।
অশুচিস্রাবি সচ্ছিদ্রং তাপত্রয়বিমোহিতং।
নিসর্গতোঽধর্ম্মরতং তৃষ্ণাশতসমাকুলং।
কামক্রোধমহালোভনরকদ্বারসংস্থিতং।
কৃমিবর্চ্চস্কভস্মাদি পরিণামে শুনাং হবিঃ।
ঈদৃক্ শরীরকং ব্যর্থং মাঘস্নানবিবর্জ্জিতং।
অবৈষ্ণবো হতো বিপ্রো হতং শ্রাদ্ধমযোগি চ।
অশ্রদ্ধয়া হতং সর্ব্বং যৎকৃতং পারলৌকিকং।
ইহ লোকো হতো নৃণাং দারিদ্রেণ যথা নৃপ।
মনুষ্যাণাং তথা জন্ম মাঘস্নানং বিনা হতং॥ ৪৫ ॥
মকরস্থে রবৌ যো হি ন স্নাত্যনুদিতে রবৌ।

দোষত্রয়ং পিত্তাদি। কামাদি যন্নরকদ্বারং তস্মিন্ সম্যক্ স্থিতং বর্ত্তমানং। পরিণামে মরণে কৃম্যাদিরূপং। অতএব শুনাং হবিঃ পরমভক্ষ্যং॥ ৪৫॥

রবাবনুদিতে সতীত্যত্রোক্তং ভবিষ্যোত্তরে চ ভাস্করোদয় ইত্যুক্তং তথা পূর্ব্বমত্রাপি

তথা দুষ্পূর, দুর্দ্ধর্ষ, দুষ্ট, বাতপিত্তাদিদোষত্রয়দূষিত, অশুচিস্রাবি, সচ্ছিদ্র, তাপত্রয়বিমোহিত, স্বভাবতঃ অধর্ম্মরত, শত শত তৃষ্ণাকুল। আর কাম ক্রোধ প্রভৃতি যে সকল নরকের দ্বার, তাহাতে সম্যক্‌রূপে অবস্থিত। অপর যাহা পরিণামে কৃমি, বিষ্ঠা ও ভস্মস্বরূপ এবং কুক্কুরের পরম ভক্ষ্য হয়, সেই শরীর মাঘস্নানরহিত হইলে তাহাকে ব্যর্থ জানিতে হইবে॥

হে নৃপ! যেমন অবৈষ্ণব ব্রাহ্মণ, অযুক্ত শ্রাদ্ধ এবং অশ্রদ্ধায় পারলৌকিক কার্য্য করিলে তৎসমুদায় হত হয়। আর মানবদিগের সম্বন্ধে যেমন দরিদ্রতা দ্বারা ইহলোক হত হয়, তদ্রূপ মাঘস্নান ব্যতিরেকে মনুষ্যসকলের জন্ম হত জানিবে॥ ৪৫॥

যে ব্যক্তি মকরস্থ রবিতে রবির অনুদয়কালে স্নান না করে, সে

কথং পাপৈঃ প্রমুচ্যেত স কথং ত্রিদিবং ব্রজেৎ।
ব্রহ্মহা হেমহারী চ সুরাপো গুরুতল্পগঃ।
মাঘস্নায়ী বিপাপঃ স্যাৎ তৎসংসর্গী চ পঞ্চমঃ।
মাঘমাসে রটন্ত্যাপঃ কিঞ্চিদভ্যুদিতে রবৌ।
ব্রহ্মঘ্নং বা সুরাপম্বা কং পতন্তং পুনীমহে।
উপপাতকানি সর্ব্বাণি পাতকানি মহান্তি চ।
ভস্মী ভবন্তি সর্ব্বাণি মাঘস্নায়িনি মানবে।
বেপন্তে সর্ব্বপাপানি মাঘমাসসমাগমাৎ।
নাশকালোঽয়মস্মাকং যদি স্নাস্যতি বারিণি।
পাবকা ইব দীপ্যন্তে মাঘস্নানৈর্নরোত্তমাঃ।

কিঞ্চিদভ্যুদিতে রবাবিতি। এবমরুণোদয়কালমারভ্যার্দ্ধোদয়পর্য্যন্তং মাঘপ্রাতঃস্নান-

কি প্রকারে পাপ হইতে মুক্ত হইবে এবং কি প্রকারেই বা স্বর্গে গমন করিবে॥

যিনি ব্রহ্মহত্যাকারী, স্বর্ণস্তেয়ী, মদ্যপায়ী, গুরুপত্নীগামী এবং যিনি এই চারি পাতকির সংসর্গী পঞ্চম পুরুষ, এই সকল ব্যক্তি যদি মাঘমাসে স্নান করে, তাহা হইলে পাপ হইতে নিষ্কৃতি লাভ করিবে॥

মাঘমাসে কিঞ্চিৎ রবির উদয়ে জল সকল বলিয়া থাকে, কে ব্রহ্মহত্যা করিয়াছে, কে মদ্যপান করিয়াছে এবং কে পতিত হইতেছে, আমরা তাহাদিগকে পবিত্র করিব॥

মাঘমাসে প্রাতঃস্নায়ি মনুষ্যে সমস্ত উপপাতক এবং সমুদায় মহাপাতক ভস্মীভূত হইয়া যায়॥

মাঘমাসের সমাগম নিমিত্ত যদি জলে স্নান করে, তাহা হইলে আমাদের নাশকাল উপস্থিত হইল, এই বলিয়া পাপ সকল কাঁপিতে থাকে॥

চন্দ্রমা যেমন মেঘ হইতে নির্ম্মুক্ত হইয়া শোভা প্রকাশ করেন,

বিমুক্তাঃ সর্ব্বপাপেভ্যো মেঘেভ্য ইব চন্দ্রমাঃ ॥ ৪৬ ॥
আর্দ্রং শুষ্কং লঘু স্থূলং বাঙ্মনঃ কর্ম্মভিঃ কৃতং।
মাঘস্নানং দহেৎ পাপং পাবকঃ সমিধো যথা।
প্রমাদিকঞ্চ যৎপাপং জ্ঞানাজ্ঞানকৃতঞ্চ যৎ।
স্নানমাত্রেণ তন্নশ্যেন্মকরস্থে দিবাকরে।
নিষ্পাপাস্ত্রিদিবং যান্তি পাপিষ্ঠা যান্তি শুদ্ধতাং।
সন্দেহোঽত্র ন কর্ত্তব্যো মাঘস্নানে নরাধিপ।
এতদেব পরো মন্ত্র এতচ্চ পরমন্তপঃ।
প্রায়শ্চিত্তং পরঞ্চৈতৎ মাঘস্নানমনুত্তমং।
নৃণাং জন্মান্তরাভ্যাসান্মাঘস্নানে মতির্ভবেৎ ॥ ৪৭ ॥

কালোঽবগন্তব্যঃ ॥ ৪৬ ॥
আর্দ্রং সদ্যঃকৃতং শুষ্কং চিরধৃতং ॥ ৪৭ ॥

তাহার ন্যায় সাধু পুরুষ সকল মাঘস্নান দ্বারা সর্ব্বপ্রকার পাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া অগ্নির ন্যায় দীপ্তি পাইয়া থাকেন ॥ ৪৬ ॥

অপর অগ্নি যেমন কাষ্ঠদাহ করে, তাহার ন্যায়, মাঘস্নান বাক্য মনঃ কর্ম্মকৃত আর্দ্র ( সদ্যঃ কৃত ) শুষ্ক ( চিরধৃত ) পাপ দগ্ধ করে ॥

প্রমাদকৃত অথবা জ্ঞানাজ্ঞানকৃত যে পাপ, তাহা মকররাশিস্থ ভাস্করে স্নানমাত্রে বিনষ্ট হয় ॥

হে নরাধিপ ! কোন সন্দেহ করিবেন না, মাঘস্নান দ্বারা যে সকল ব্যক্তি নিষ্পাপ, তাহারা স্বর্গে যায়, আর যাহারা পাপিষ্ঠ তাহাদের শুদ্ধি লাভ হয় ॥

সর্ব্বোৎকৃষ্ট মাঘস্নান, ইহাই পরম মন্ত্র, ইহাই পরম তপস্যা এবং ইহাই পরম প্রায়শ্চিত্তস্বরূপ। জন্মান্তরের অভ্যাস বশতঃ মানবগণের মাঘস্নানে বুদ্ধি হয় ॥ ৪৭ ॥

অধ্যাত্মজ্ঞানকৌশল্যং জন্মাভ্যাসাদ্‌যথা ভবেৎ।
সংসারকর্দ্দমানাঞ্চ প্রক্ষালনবিশারদং।
পাবনং পাবনানাঞ্চ মাঘস্নানমনুত্তমং।
স্নান্তি মাঘে নরা রাজন্ সর্ব্বকামফলপ্রদে।
তে কথং ভুঞ্জতে ভোগান্ চন্দ্রসূর্য্যগ্রহোপমান্ ॥ ৪৮ ॥
কিঞ্চ ॥
নানবাপ্তোঽত্র তস্যাস্তি পুরুষার্থো হি কশ্চন।
নাক্ষীণং পাতকং কিঞ্চিন্মাঘে মজ্জতি যো নরঃ ॥ ৪৯ ॥
তুলয়ন্তি ন তে নাত্র যজ্ঞাঃ সর্ব্বে সদক্ষিণাঃ।
মাঘস্নানেন রাজেন্দ্র তীর্থে চৈব বিশেষতঃ।

অতঃ অনুত্তমং সর্ব্বোত্তমমিদমেবেত্যর্থঃ। চন্দ্রসূর্য্যগ্রহয়োরুপমান্ তদ্ভোগাতুল্যানি-ত্যর্থঃ॥ ৪৯ ॥

মাঘস্নানেন ন তুলয়ন্তি সদৃশা ন ভবন্তীত্যর্থঃ। তীর্থে চ যন্মাঘস্নানং তেন চ বিশেষ

জন্মান্তরীয় অভ্যাস বশতঃ যেমন অধ্যাত্মজ্ঞানের কুশলতা হয়, তেমনি সমুদায় পবিত্রকারির পবিত্রকারক অনুত্তম মাঘস্নান সংসাররূপ কর্দ্দম সকলের প্রক্ষালন বিষয়ে বিশারদ জানিবে ॥

হে রাজন্! সর্ব্বকামপ্রদ মাঘমাসে যে সকল মনুষ্য স্নান করে, তাহারা আর কি প্রকারে চন্দ্র সূর্য্য গ্রহতুল্য ভোগ সকল উপভোগ করিবে ॥ ৪৮ ॥

আরও ॥

যে মনুষ্য মাঘে স্নান করে, তাহার কোন্ পুরুষার্থ প্রাপ্তি না হয়? এবং তাহার কোন্ পাপই বা ক্ষয় না পায়? ॥ ৪৯ ॥

হে রাজেন্দ্র! সামান্য জলে মাঘস্নান করিলে সদক্ষিণ যজ্ঞ সকল যখন তুল্য হয় না, তখন তীর্থে মাঘস্নানের কথা আর কি বলিব, তাহা সামান্য জল অপেক্ষা বিশেষ হইয়া থাকে ॥

ন চান্যৎ স্বর্গদং কর্ম্ম ন চান্যৎ পাপনাশনং।
ন চান্যৎ মোক্ষদং চাত্র মাঘস্নানসমং ভুবি ॥
কিঞ্চান্যত্র ॥
একবিংশৎকুলৈঃ সার্দ্ধং ভুক্ত্বা ভোগান্ যথেপ্সিতান্।
মাঘমাসেঽম্ভসি স্নাত্বা বিষ্ণুলোকং স গচ্ছতি ॥
তত্রৈব কুণ্ডবিকুণ্ডলোপাখ্যানানন্তরং ॥
শ্রীকার্ত্তবীর্য্য উবাচ ॥
হেতুনা কেন বিপ্রর্ষে মাঘস্নানে মহাদ্ভুতঃ।
প্রভাবো বর্ণিতো নূনং তন্মে কথয় সুব্রত।
গতপাপো যদেকেন দ্বিতীয়েন দিবং গতঃ।
বশ্যো ম.ঘজপুণ্যেন ব্রূহি মে তৎকুতূহলাৎ ॥
শ্রীদত্তাত্রেয় উবাচ ॥
নিসর্গাৎ সলিলং মেধ্যং নির্ম্মলং শুচি পাবনং।

---

তো ন তুলয়ন্ত্যেব। একবিংশদিতি পিতৃমাতৃভার্য্যাণাং প্রত্যেকং সপ্ততয়া একবিংশতিভিঃ

---

হে নৃপ! এই ভূমণ্ডলে মাঘস্নানতুল্য অন্য স্বর্গপ্রদ কর্ম্ম নাই, অন্য পাপনাশন কর্ম্ম নাই এবং অন্য মোক্ষপ্রদ কর্ম্ম নাই ॥

আরও অন্যস্থলে ॥

যে ব্যক্তি মাঘমাসে জলে স্নান করে, সে একবিংশতি পুরুষের সহিত যথেপ্সিত ভোগ উপভোগ করিয়া বিষ্ণুলোকে গমন করে ॥

সেই স্থানেই কুণ্ড বিকুণ্ডলের উপাখ্যানের পর ॥

কার্ত্তবীর্য্য অর্জ্জুন দত্তাত্রেয়কে কহিলেন, হে বিপ্রর্ষে! কোন্ কারণ বশতঃ মাঘস্নানবিষয়ে মহা অদ্ভুত প্রভাব বর্ণিত হইল, হে সুব্রত! আপনি তাহা আমাকে নিশ্চয় করিয়া বলুন, যে এই মাঘজনিত পুণ্য দ্বারা বৈশ্য নিষ্পাপ হইল এবং যে দ্বিতীয় পুণ্য দ্বারা স্বর্গে গমন করিল, কুতূহল বশতঃ আপনি আমাকে তাহা আজ্ঞা করুন ॥

মলহং পুরুষব্যাঘ্র দ্রাবকং দাহকং তথা।
ধারকং সর্ব্বভূতানাং পোষকং জীবনঞ্চ তৎ।
আপো নারায়ণো দেবঃ সর্ব্বদেবেষু পঠ্যতে ॥ ৫০ ॥
গ্রহাণাঞ্চ যথা সূর্য্যো নক্ষত্রাণাং যথা শশী।
মাসানাং হি তথা মাঘঃ শ্রেষ্ঠঃ সর্ব্বেষু কর্ম্মসু।
মকরস্থে রবৌ মাঘে প্রাতঃকালে তথামলে।
গোষ্পদেহপি জলে স্নানং স্বর্গদং পাপিনামপি।
যোগোহয়ং দুর্ল্লভো রাজন্ ত্রৈলোক্যে সচরাচরে।
অস্মিন্ মাসে ত্বশক্তোহপি স্নায়াদপি দিনত্রয়ং।
দদ্যাৎ কিঞ্চিদ্যথাশক্তি দারিদ্র্যাভাবমিচ্ছতি।
ত্রিস্নানেনাপি মাঘে স্যুর্ধনিনো দীর্ঘজীবিনঃ।

কুশৈঃ সহ। দ্রাবকং আর্দ্রীকারকং। দাহকং পানেনাজীর্ণনাশকমিত্যর্থঃ ॥ ৫০ ॥
এবং স্বত এব মহাপ্রভাবযুক্তং জলং তত্র চ ভগবৎসম্বন্ধবিশেষবতি কালবিশেষে ভাব-

দত্তাত্রেয় কহিলেন, হে পুরুষশ্রেষ্ঠ! জল স্বভাবতঃ মেধ্য, নির্ম্মল, শুচি, পবিত্রকারক, মলনাশক, দ্রাবক, দাহক, ধারক তথা সকল ভূতের পোষক ও জীবনস্বরূপ এবং সকল বেদে জল নারায়ণ বলিয়া পঠিত হয়েন ॥ ৫০ ॥

যেমন গ্রহ সকলের মধ্যে সূর্য্য এবং নক্ষত্র সকলের মধ্যে চন্দ্রমা প্রধান, তদ্রূপ কর্ম্ম সকলে মাস সমুদায়ের মধ্যে মাঘমাস শ্রেষ্ঠ ॥

মকররাশিস্থ ভাস্করবিশিষ্ট মাঘমাসে অন্ধকাররহিত প্রাতঃকালে গোষ্পদ জলেতেও যে স্নান, তাহা পাপি সকলের সম্বন্ধে স্বর্গপ্রদ ॥

হে রাজন্! স্থাবর জঙ্গম সহিত ত্রৈলোক্য মধ্যে এই যোগ অতি দুর্ল্লভ, সমুদায় মাঘমাস স্নান করিতে অসমর্থ হইলেও তিন দিবসমাত্র স্নান করিবে এবং আপনার দরিদ্রতা নাশ করিতে ইচ্ছা করিলে যথা-শক্তি কিঞ্চিৎ দান করিবে। মাঘমাসে তিন দিবসমাত্র স্নান দ্বারাও মানবগণ ধনী ও দীর্ঘজীবী হইবে ॥

পঞ্চ বা সপ্ত বাহানি চন্দ্রবদ্বর্দ্ধতে ফলং ॥
নারদীয়ে চ ॥
দেবৈস্তেজঃ পরিক্ষিপ্তং মাঘমাসে জলেষু বৈ।
অতঃ পবিত্রং হি জলমশেষাঘৌঘনাশনমিতি ॥ ৫১ ॥
অন্যানি মাঘমাহাত্ম্যবচনানি বিশেষতঃ।
উপাখ্যানেষু বর্ত্তন্তে পাদ্মাদৌ তত্র তত্র হি ॥ ৫২ ॥
ইত্থঞ্চ মাঘস্নানস্য প্রায়োঽত্র মহিমোদিতঃ।
মাঘকৃত্যেষু যৎ প্রাতঃস্নানস্যৈব প্রধানতা ॥ ৫৩ ॥

বিশেষো ভবতীতি পরিহরতি গ্রহাণামিতি দ্বাভ্যাং ॥ ৫১ ॥

গ্রন্থবিস্তরভীত্যা পরিত্যক্তানি চ মাঘমাহাত্ম্যাদিবর্ত্তীনি বচনান্যন্যান্যপি দর্শয়তিঅন্যানীতি ॥ ৫২ ॥

নন্থ পূর্ব্বং মাঘে স্নানাদিসৎকর্ম্মবৎ কর্ম্মান্তরমপি বিহিতং সামান্যতো মাঘমাহাত্ম্যাদি লিখনাচ্চ তদেব দৃঢ়ীকৃতং অধুনা চান্তে স্নানমাহাত্ম্যমেব শ্রূয়তে। এবমুপক্রমোপসংহারয়োরেকার্থতা ন স্যাৎ। সত্যং মাঘে প্রাতঃস্নানস্যৈব প্রধানত্বাৎ তথাপি লিখিতমিতি লিখতি ইত্থঞ্চেতি। প্রধানতা মুখ্যতা অতএব স্নানস্যৈব নিত্যত্বং লিখিতমিতি দিক্ ॥ ৫৩ ॥

আর যদি পাঁচ দিন বা সাত দিন স্নান করে,তাহা হইলে চন্দ্রতুল্য ফল বৃদ্ধি পাইবে ॥

নারদীয়পুরাণেও ॥

দেবগণ আপন আপন তেজঃ মাঘমাসে জল সকলে নিক্ষেপ করিয়াছেন, একারণ মাঘমাসে জল পবিত্র এবং উহা পাপ সমুদায় বিনষ্ট করে ॥ ৫১ ॥

বিশেষরূপে অন্যান্য মাঘমাহাত্ম্য পর যে সকল বচন আছে, তৎসমুদায় বচন পদ্মপুরাণাদির সেই ২ উপাখ্যান স্থলে রহিয়াছে ॥ ৫২ ॥

এই স্থলে প্রায় এই প্রকার মাঘস্নানের মহিমা কথিত হইল। মাঘমাসের কৃত্য সকলের মধ্যে প্রাতঃস্নানেরই প্রধানতা জানিতে হইবে ॥ ৫৩ ॥

বাসন্তী পঞ্চমী মাঘে ভৈমী চৈকাদশী সিতা।
বারাহী দ্বাদশী যা চ তাসু কুর্য্যান্মহোৎসবং ॥ ৫৪ ॥
অথ বসন্তপঞ্চমী ॥
মাঘস্য শুক্লপঞ্চম্যাং মহাপূজাং সমাচরেৎ।
নবৈঃ প্রবালৈঃ কুসুমৈরনুলেপৈর্বিশেষতঃ।
নীরাজনোৎসবং কৃত্বা ভক্ত্যা সংমান্য বৈষ্ণবান্।
বসন্তরাগং জনয়ন্ গীতনৃত্যাদি কারয়েৎ ॥
তদুক্তং ॥
শ্রীপঞ্চমীং সমারভ্য যাবৎ স্যাচ্ছয়নং হরেঃ।
তাবৎ বসন্তরাগস্য গানযুক্তং মনীষিভিঃ।
বসন্তরাগঃ কর্ত্তব্যো নান্যদা তু কদাচনেতি ॥ ৫৫ ॥

তত্রৈব তিথিবিশেষেষু কৃত্যং মহোৎসববিশেষং লিখতি বাসন্তীতি ॥ ৫৪ ॥

তত্রৈব বসন্তপঞ্চমীমহোৎসবো বিশেষতো কার্য্য ইতি লিখতি মাঘস্যেতি। তত্রৈব কৃত্যবিশেষং লিখতি নবৈরিতি সার্দ্ধেন। জনয়ন্নিতি ভগবচ্ছ্রবনে সতি তদ্গানাদন্তর্হিতমিব প্রাদুর্ভাবয়ন্নিত্যর্থঃ ॥ ৫৫ ॥

মাঘমাসে যে শুক্লা বাসন্তী পঞ্চমী, ভৈমী একাদশী ও বারাহী দ্বাদশী আছে, এই তিনে মহোৎসব করিবে ॥ ৫৪ ॥

অথ বসন্তপঞ্চমী ॥

মাঘমাসের শুক্লপক্ষের পঞ্চমীতে নূতন পত্র, পুষ্প ও অনুলেপ দ্বারা ভগবানের মহাপূজা করিবে, বিশেষতঃ নিরাজনোৎসব ও ভক্তি-সহকারে বৈষ্ণব সকলকে সম্মান করিয়া বসন্তরাগ আলাপ করত গীত নৃত্যাদি করাইবে ॥

এই বিষয় উক্ত হইয়াছে যথা ॥

শ্রীপঞ্চমীকে আরম্ভ করিয়া যে পর্য্যন্ত হরির শয়ন না হয়, পণ্ডিত-গণ কহিয়াছেন, সেই পর্য্যন্ত বসন্তরাগের গান করিবে, তদ্ভিন্ন অন্য কালে কখন বসন্তরাগ আলাপ করিবে না ॥ ৫৫ ॥

কৃত্বা বসন্তপঞ্চম্যাং শ্রীকৃষ্ণস্যার্চ্চনোৎসবং।
স্যাদ্বসন্ত ইব প্রেয়ান্ বৃন্দাবনবিহারিণঃ॥ ৫৬॥
অথ ভীষ্মাষ্টমী॥
মাঘস্য চাষ্টমীং শুক্লামারভ্য দিনপঞ্চকং।
তর্পয়েদথবাষ্টম্যাং ভীষ্মং ভাগবতোত্তমং॥ ৫৭॥
নিত্যতর্পণতঃ পশ্চাৎ সলিলান্তরুদঙ্মুখঃ।
নিবীতী তর্পণং কুর্য্যাদ্গাঙ্গেয়স্য মহাত্মনঃ।
তত্র মন্ত্রঃ॥
বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাঙ্কৃতিপ্রবরায় চ।

বসন্তপঞ্চম্যুৎসবমাহাত্ম্যং লিখতি কৃত্বেতি। বৃন্দাবনবিহারিণ ইতি বসন্তে বৃন্দাবনস্য শোভাবিশেষপ্রকটনাদ্যথাসৌ সদা তদ্বিহারশীলস্য ভগবতোঽত্যন্তপ্রিয়ো ভবতি তথা সোঽপি স্যাদিত্যর্থঃ॥ ৫৬॥

ভাগবতেষু মধ্যে উত্তমং। তৎপ্রতিজ্ঞাপালনায় নিজপ্রতিজ্ঞাত্যাগেন সাক্ষাদ্ভগবতৈব ভক্তবাৎসল্যবিশেষপ্রকটনেন নিজভক্তবরত্বদর্শনাৎ। তচ্চ স্বনিগমেত্যাদিবচনৈঃ প্রথমস্কন্ধাদৌ প্রসিদ্ধমেব। অতস্তত্তর্পণং বৈষ্ণবৈঃ কার্য্যমেবেতি ভাবঃ॥ ৫৭॥

তদ্বিধিং লিখতি নিত্যেতি। তত্র চ জীবৎপিতৃকো ভীষ্মতর্পণং ন কুর্য্যাদিতি জ্ঞেয়ঃ।

যে ব্যক্তি বসন্ত পঞ্চমীতে শ্রীকৃষ্ণের অর্চ্চন বিষয়ক উৎসব করেন, তিনি বৃন্দাবনবিহারির বসন্ত ঋতুর ন্যায় অতিশয় প্রিয় হন॥ ৫৬॥

অথ ভীষ্মাষ্টমী॥

মাঘমাসের শুক্লপক্ষীয় অষ্টমীকে আরম্ভ করিয়া পাঁচ দিন ভাগবতোত্তম ভীষ্মকে তর্পণ করিবে অথবা কেবল অষ্টমীতেই তর্পণ করিবে॥ ৫৭॥

নিত্য তর্পণের পর জলমধ্যে উত্তর মুখ হইয়া কণ্ঠে যজ্ঞোপবীত মালার ন্যায় লম্বিত করত মহাত্মা ভীষ্মের তর্পণ করিবে॥

তর্পণ বিষয়ে মন্ত্র যথা॥

ব্যাঘ্রপদ গোত্রোৎপন্ন, সাঙ্কৃতি প্রবরবিশিষ্ট, অপুত্রক ভীষ্মবর্ম্মাকে

অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে ॥ ৫৮ ॥

অথ ভৈম্যেকাদশী ॥

তত্র মাৎস্যে শ্রীব্রহ্মোবাচ ॥

কথমারোগ্যমৈশ্বর্য্যমনন্তমমরেশ্বর।

স্বল্পেন তপসা দেব ভবেন্মোক্ষো যথা নৃণাং ॥ ৫৯ ॥

শ্রীমহেশ্বর উবাচ ॥

ত্বয়া পৃষ্টস্য ধর্ম্মস্য রহস্যস্যাস্য ভেদকৃৎ।

ভবিতা স তদা ব্রহ্মন্ কর্ত্তা চৈব বৃকোদরঃ।

কিঞ্চ ॥

ইদং ব্রতমশেষাণাং ব্রতানামধিকং যতঃ।

---

জীবৎ পিতা ন কুর্ব্বীত তর্পণং যমভীষ্ময়োরিতি পাদ্মেঽভিধানাৎ ॥ ৫৮ ॥

তপসা কৃচ্ছ্রেণ ॥ ৫৯ ॥

ভেদকৃৎ প্রকাশক ইত্যর্থঃ। ভবিতেত্যাদি ভবিষ্যৎ প্রয়োগো ভবিষ্যকথনাৎ। ভবিষ্যাণাং ব্রতানাং মধ্যে ভবিষ্যং পরমাস্ত্যং। ন কেবলং ভবিষ্যমেব কিন্তু পুরাণানাং পূর্ব্ববৃত্তানাং মধ্যে পুরাতনং সর্ব্বাদ্যমিত্যর্থঃ। এবং মাহাত্ম্যবিশেষো দর্শিতঃ। তথাচ

---

এই সলিল প্রদান করিতেছি ॥ ৫৮ ॥

অথ ভৈমী একাদশী ॥

তদ্বিষয় মৎস্যপুরাণে ব্রহ্মা কহিলেন ॥

হে অমরেশ্বর! হে দেব! অল্প তপস্যা দ্বারা কি প্রকারে মনুষ্যদিগের আরোগ্য, অনন্ত ঐশ্বর্য্য এবং যে প্রকারে মোক্ষ হয়, বলিতে আজ্ঞা হউক ॥ ৫৯ ॥

শ্রীমহেশ্বর কহিলেন, হে ব্রহ্মন্! তুমি যে রহস্য ধর্ম্ম জিজ্ঞাসা করিলে, তাহার প্রকাশক এবং কর্ত্তা ভীম হইবেন ॥

আরও ॥

এই ব্রত যখন অশেষ ব্রতের অধিক, তখন বিশ্বাত্মা, জগদ্গুরু

কথয়িষ্যতি বিশ্বাত্মা বাসুদেবোজগদ্গুরুঃ।
অশেষযজ্ঞফলদমশেষাঘবিনাশনং।
অশেষদুষ্টশমনমশেষসুরপূজিতং।
পবিত্রাণাং পবিত্রঞ্চ মঙ্গলানাঞ্চ মঙ্গলং।
ভবিষ্যঞ্চ ভবিষ্যাণাং পুরাণানাং পুরাতনং ॥ ৬০ ॥
তত্রৈব শ্রীভীমং প্রতি শ্রীভগবদুক্তৌ ॥
যদ্যষ্টমী চতুর্দ্দশ্যোর্দ্বাদশীষ্বথ ভারত।
অন্যেষ্বপি দিনর্ক্ষেষু ন শক্তস্ত্বমুপোষিতুং।
ততঃ পুণ্যামিমাং ভীমতিথিং পাপপ্রণাশিনীং।
উপোষ্য বিধিনানেন গচ্ছ বিষ্ণোঃ পরং পদং।

তত্রৈব শ্রীভীমং প্রতি শ্রীভগবদুক্তৌ। কুরু ব্রতমিদং সম্যক্ স্নেহাত্তব ময়েরিতং। ত্বয়া কৃতমিদং ধীর ত্বন্নামাঙ্কং ভবিষ্যতি। সা ভীমদ্বাদশী হ্যেষা সর্ব্বপাপহরা শুভা। যা তু কল্যাণিনী নাম পুরাকল্পেষু পঠ্যত ইতি ॥ ৬০ ॥

দ্বাদশীষু একাদশীষু। অন্যদিনেষু জন্মাষ্টম্যাদিষু। ঋক্ষেষু শ্রবণদ্বাদশ্যাদিষু ॥ ৬১ ॥

বাসুদেব ইহার বিধান কহিবেন ॥

এই ব্রত অশেষ যজ্ঞের ফলপ্রদ, অশেষ পাপের বিনাশন, অশেষ দুষ্টের নিবারক, অশেষ দেবতা কর্ত্তৃক পূজিত, পবিত্র সকলের পবিত্র, মঙ্গল সকলের মঙ্গল,ভবিষ্যব্রত সকলের ভবিষ্য অর্থাৎ পরম অন্ত্য এবং পুরাণ ( পূর্ব্ববৃত্ত ) সকলের মধ্যে পুরাতন অর্থাৎ সকলের আদি ॥৬০॥

ঐ মৎস্যপুরাণেই শ্রীভীমের প্রতি শ্রীভগবানের
বাক্য যথা ॥

হে ভীম! অষ্টমী, চতুর্দ্দশী, দ্বাদশী এবং অন্যান্য দিন নক্ষত্র সকলে তুমি যদি উপবাস করিতে সমর্থ না হও, তাহা হইলে পাপবিনাশিনী পুণ্য স্বরূপ এই ভীমতিথির বক্ষ্যমাণ বিধানানুসারে উপবাস করিয়া বিষ্ণুর পরম পদে গমন কর ॥

কিঞ্চ তত্রৈব তদ্ব্রতবিধিকথনান্তে ॥
ইদমেব কৃতং মহেন্দ্রমুখ্যৈ-
র্বসুভির্বৈশ্চৈব সুরাদিভিস্তথা।
ফলমস্য ন শক্যতে হি বক্তুং
যদি জিহ্বা যুতকোটয়োমুখে স্যুরিতি ॥ ৬১ ॥
ব্রতে কৃত্যবিধিশ্চাস্মিন্ পূজাবিধিবিশেষবান্।
বৈষ্ণবৈশ্চেদপেক্ষ্যঃ স্যাজ্জ্ঞেয়ো মৎস্যপুরাণতঃ ॥
অথ ফাল্গুনকৃত্যং ॥
তত্র যমঃ ॥
প্রাতঃ স্নায়ী ভবেন্নিত্যং মাসৌ দ্বৌ মাঘ ফাল্গুনৌ।

পূজাবিধিবিশেষযুক্তঃ। অস্মিন্ ব্রতে কৃত্যবিধির্যঃ স চেদ্যদি অপেক্ষ্যঃ স্যাদিতি তাদৃশ-কৃত্য বিধেরাবশ্যকত্বাভাবেন বৈষ্ণবৈর্নাত্যন্তাপেক্ষণাদিতি দিক্। তদ্বিধিস্তত্রৈব তং প্রতি শ্রীভগবদুক্তৌ। তথাহি। মাঘমাসস্য দশমী যদা শুক্লা ভবেত্তদা। ঘৃতেনাভ্যঞ্জনং কৃত্বা তিলৈঃ স্নানং সমাচরেৎ। তথৈব বিষ্ণুমভ্যর্চ্চ্য নমো নারায়ণেতি চ। কৃষ্ণায় পাদৌ সংপূজ্য শিরঃ সর্ব্বাত্মনেতি চ। বৈকুণ্ঠায়েতি বৈকুণ্ঠমুরঃ শ্রীবৎসধারিণে। শঙ্খিনে

আরও ঐ মৎস্যপুরাণেই ভৈমী একাদশীর বিধিকথনান্তে ॥

মহেন্দ্র প্রমুখ এবং বসু প্রভৃতি দেবগণ এই ব্রত করিয়াছিলেন, আমার মুখে যদি অযুতকোটি জিহ্বা হয়, তথাপি আমি ইহার ফল বলিতে সমর্থ হইব না ॥ ৬১ ॥

বৈষ্ণবদিগের যদি এই ভৈমী একাদশীর ব্রতে পূজাবিধি বিশেষ-যুক্ত কৃত্য বিধির অপেক্ষা হয়, তাহা হইলে মৎস্যপুরাণ হইতে বিধি অবগত হইবেন ॥

অথ ফাল্গুনকৃত্য ॥

এই বিষয়ে যমের বাক্য যথা ॥

মাঘ ফাল্গুন এই দুই মাস নিত্য প্রাতঃকালে স্নান করিবে এবং

দেবান্ পিতৃন্ সমভ্যর্চ্চ্য মুচ্যতে সর্ব্বকিল্বিষৈঃ॥
কিঞ্চান্যত্র॥
যদীচ্ছেদ্বিপুলান্ ভোগান্ চন্দ্রসূর্য্যোপমান্ শুভান্।
মাঘফাল্গুনয়োর্মধ্যে প্রাতঃস্নায়ী তদা ভবেৎ।

---

চক্রিণে তদ্বদন্যদিনে বরদায় বৈ। সর্ব্বে নারায়ণায়েতি সংপূজ্যা বাহবঃ ক্রমাৎ। দামোদরায়েত্যুদরং মেঢ্রং পঞ্চশরায় বৈ। উরূ সৌভাগ্যনাথায় জানুনী ভূতধারিণে। নমো নীলায় বৈ জঙ্ঘে পাদৌ বিশ্বসৃজে নমঃ। নমো দেব্যৈ নমঃ শান্ত্যৈ নমো লক্ষ্ম্যৈ নমঃ শ্রিয়ৈ। নমস্তুষ্ট্যৈ নমঃ পুষ্ট্যৈ বৃষ্ট্যৈ হৃষ্ট্যৈ যজেচ্ছ্রিয়ং। নমো বিহগনাথায় বায়ুবেগায় পক্ষিণে। বিষপ্রমাথিনে নিত্যং গরুড়ঞ্চাভিপূজয়েৎ। এবং সংপূজ্য গোবিন্দমুমাপতিবিনায়কৈঃ। গন্ধৈর্মাল্যৈস্তথা ধূপৈর্দৈবৈর্নৈবেদ্যৈর্নানাবিধৈরপি। গব্যেন পয়সা সিক্তাং কৃষরামথ বাগ্যতঃ। সর্পিষা সহ ভুক্ত্বা তাং জপ্ত্বা মন্ত্রপদং বুধঃ। ন্যগ্রোধং দন্তপবনমথবা খাদিরং পুনঃ। গৃহীত্বা পাবয়েদ্দন্তানাচান্তঃ প্রাগুদঙ্মুখঃ। ক্রয়াৎ সায়ন্তনীং কৃত্বা সন্ধ্যামস্তমিতে রবৌ। নমো নারায়ণায়েতি ত্বামহং শরণং গতঃ। একাদশ্যাং নিরাহারঃ সমভ্যর্চ্চ্য চ কেশবং। রাত্রিঞ্চ সকলাং স্থিত্বা স্নানঞ্চ পয়সা তথা। সর্পিষা চাপি দহনং হুত্বা ব্রাহ্মণপুঙ্গবৈঃ। সহৈব পুণ্ডরীকাক্ষ দ্বাদশ্যাং ক্ষীরভোজনং। করিষ্যামি যতাত্মাহং নির্ব্বিঘ্নেনাস্তু তচ্চ মে। এবমুক্ত্বা স্বপেদ্ভূমাবিতিহাসকথাং পুনঃ। শ্রুত্বা প্রভাতে বিধিবৎ কৃত্বা চ পিতৃতর্পণং। প্রণম্য চ হৃষীকেশমমলং চার্কমীক্ষ্য চ। গৃহস্য পুরতো ভক্ত্যা মণ্ডপং কারয়েদ্বুধঃ। দশহস্তানথাষ্টৌ বা করান্ কুর্য্যাৎ বিশাম্পতে। চতুর্হস্তাং শুভাং কুর্য্যাদ্বেদীমরিনিসূদন। চতুর্হস্তপ্রমাণঞ্চ বিন্যসেত্তত্র তোরণং। প্রকল্প্য কলসং তত্র মাষমাত্রেণ সংযুতং। ছিদ্রেণ জলসম্পূর্ণমধঃ কৃষ্ণাজিনে স্থিতঃ। তস্য ধারাঞ্চ শিরসি ধারয়েৎ সকলাং নিশাং। ধারাভির্ভূরিভির্ভূরি ফলং বেদবিদো বিদুঃ। যস্মাত্তস্মাৎ কুরুশ্রেষ্ঠ ধারা ধার্য্যা স্বশক্তিতঃ। তথৈব বিষ্ণোঃ শিরসি ক্ষীরধারাং প্রদাপয়েৎ। অরত্নিমাত্রং কুণ্ডঞ্চ কৃত্বা তত্র ত্রিমেখলাঃ। যোনিবক্ত্রঞ্চ তৎকৃত্বা ব্রাহ্মণৈর্যবসর্পিষী। তিলাংশ্চ বিষ্ণুদৈবত্যৈর্মন্ত্রৈরেকাগ্নিবত্তদা।

---

দেবগণ ও পিতৃগণকে অভ্যর্চ্চনা করিলে সমুদায় পাতক হইতে মুক্ত হইবে॥

আরও অন্যস্থলে॥

যদি চন্দ্র সূর্য্য তুল্য বিপুল পবিত্র ভোগ সকল ইচ্ছা করে, তাহা হইলে মাঘ ফাল্গুন এই মাসদ্বয়ে সর্ব্বদা প্রাতঃস্নায়ী হইবে॥

গৌতমীয়ে ॥

ফাল্গুনে দেবকীপুত্রং পূজয়েৎ স্বর্ণচম্পকৈঃ।

চূতসৌগন্ধিকুসুমৈর্ধূপৈর্গন্ধৈঃ সুবিস্তরৈরিতি ॥ ৬২ ॥

অথ শিবরাত্রিব্রতং ॥

শিবরাত্রিব্রতমিদং যদ্যপ্যাবশ্যকং ন হি।

হুত্বা চ বৈষ্ণবং সম্যক্ চরুগোক্ষীরসংযুতং। নিষ্পরার্দ্ধপ্রমাণং বৈ ধারামাজ্যস্য পাতয়েৎ। জলকুম্ভান্ মহাবীর্য্যস্থাপয়িত্বা ত্রয়োদশ। ভক্ষ্যৈর্নানাবিধৈর্যুক্তান্ সিতবস্ত্রৈরলঙ্কৃতান্। যুক্তানৌড়ুম্বরৈঃ পাত্রৈঃ পঞ্চরত্নসমন্বিতান্। চতুর্ভির্বহ্বৃচৈর্হোমস্তত্র কার্য্য উদঙ্মুখৈঃ। রুদ্রজাপশ্চতুর্ভিশ্চ যজুর্বেদপরায়ণৈঃ। বৈষ্ণবানি চ সামানি চতুরঃ সামবেদিনঃ। অরিষ্টবর্গসহিতান্যভিতঃ পরিপাঠয়েৎ। এবং দ্বাদশ তান্ বিপ্রান্ বস্ত্রমাল্যানুলেপনৈঃ। পূজয়েদঙ্গুলীয়ৈশ্চ কটকৈর্হেমসূত্রকৈঃ। বাসোহভিঃ শয়নীয়ৈশ্চ বিত্তশাঠ্যবিবর্জ্জিতঃ। ততঃ প্রভাতে বিমলে সমুত্থায় ত্রয়োদশ। গা বৈ দদ্যাৎ কুরুশ্রেষ্ঠ সৌবর্ণমুখসংযুতাঃ। পয়স্বিনীঃ শীলবতীঃ কাংস্যদোহসমন্বিতাঃ। রৌপ্যখুরাঃ সবৎসাশ্চ চন্দনেনাভিষেচিতাঃ। তাস্তু দত্ত্বা ততো ভক্ত্যা ভক্ষ্যভক্ষণতর্পিতান্। কৃত্বা বৈ ব্রাহ্মণান্ সর্ব্বানন্নৈর্নানাবিধৈস্তথা। ভুক্ত্বাচাক্ষারলবণমাত্মনা চ বিসর্জ্জয়েৎ। অনুগম্য পদান্যষ্টৌ পুত্রভার্য্যাসমন্বিতঃ। প্রীয়তামত্র দেবেশ কেশব ক্লেশনাশন। এবমুচ্চার্য্য তান্ কুম্ভান্ তাশ্চ গাঃ শয়নানি চ। বাসাংসি চৈব সর্ব্বেষাং গৃহাণি প্রাপয়েদ্বুধ। অভাবে বহু শয্যানামেকামপি সুসংস্কৃতাং। শয্যাং দদ্যাদ্গুরৌ ভীম সর্ব্বোপস্করসংযুতাং। ইতিহাসপুরাণানি বাচয়িত্বাহতিবাহয়েৎ। তদ্দিনং নরশার্দ্দূল যদীচ্ছেদ্বিপুলাং শ্রিয়মিতি ॥ ৬২ ॥

অন্যোন্য ভক্তিদানার্থমন্যোন্যোপাসনাকরৌ। বন্দে হরিহরৌ দেবাবন্যোন্য প্রেম তৎপরৌ। ননু বৈষ্ণবানাং কিং শিবরাত্রিব্রতকরণেন তত্র লিখতি শ্রীকৃষ্ণপ্রীতয় ইতি।

গৌতমীয়তন্ত্রে ॥

ফাল্গুনমাসে স্বর্ণবর্ণ চম্পক, আম্রের সুগন্ধি কুসুম, ধূপ ও সুবিস্তর গন্ধ দ্বারা দেবকীতনয়কে পূজা করিবে ॥ ৬২ ॥

অথ শিবরাত্রিব্রত ॥

যদিচ বৈষ্ণবদিগের এই শিবরাত্রিব্রতের আবশ্যক নাই, তথাপি সদাচারপ্রযুক্ত এস্থলে লিখিত হইতেছে ॥

বৈষ্ণবানাং তথাপ্যত্র সদাচারাদ্বিলিখ্যতে।
শিবরাত্রিব্রতং কৃষ্ণচতুর্দ্দশ্যান্তু ফাল্গুনে।
বৈষ্ণবৈরপি তৎকার্য্যং শ্রীকৃষ্ণপ্রীতয়ে সদা॥ ৬৩॥
তথাচ পাদ্মে ব্রতখণ্ডে॥
সৌরো বা বৈষ্ণবোবান্যো দেবতান্তরপূজকঃ।
ন পূজাফলমাপ্নোতি শিবরাত্রিবহির্মুখঃ॥ ৬৪॥
কিঞ্চ॥
তদিদং ঔদাস্যে দূষণং॥
দ্বেষে তু কৌর্ম্মে ভৃগ্বাদীন্ প্রতি স্বয়ং ভগবতোক্তং॥
পরাৎ পরতরং যান্তি নারায়ণপরায়ণাঃ।

শিবরাত্রিব্রতপরিত্যাগেন ভগবৎপূজাফলানুদয়াৎ ভগবৎপ্রীত্যভাবঃ অতস্তদর্থং বৈষ্ণবৈঃ কর্ত্তব্যমেবেত্যর্থঃ। অপি শব্দাৎ কিং পুনঃ শৈবৈঃ শাক্তৈঃ সৌরাদিভির্বেত্যর্থঃ॥ ৬৩॥

দেবতান্তরং দুর্গাগণেশাদি তৎপূজকোঽন্যো বা। ন পূজাফলমাপ্নোতীত্যনেন ব্রতস্য নিত্যত্বং বোধিতং॥ ৬৪॥

কিঞ্চ। শ্রীশিবব্রতাকরণে মহাদোষ প্রদর্শনেন নিত্যতামেব দ্রঢ়য়তি পরাদিতি ত্রিভিঃ। পরাৎ চতুর্বর্গেষু শ্রেষ্ঠাৎ মোক্ষাদপি পরতরং শ্রীবৈকুণ্ঠাখ্যপদং নারায়ণপরা যান্তীতি সত্যমেব কিন্তু যদি তে শ্রীশিবেঽপরাধিনো ন ভবন্তীত্যাহ নেতি। অত্র চ পূর্ব্বপদ্যার্দ্ধং

ফাল্গুনমাসের কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীতে শিবরাত্রিব্রত হয়, বৈষ্ণবগণও শ্রীকৃষ্ণের প্রীতি নিমিত্ত সর্ব্বদা এই ব্রত করিবেন॥ ৬৩॥

এই বিষয়ের প্রমাণ পদ্মপুরাণে ব্রতখণ্ডে যথা॥

সূর্য্যোপাসক হউন বা বৈষ্ণব হউন অথবা দেবতান্তরের পূজক হউন, শিবরাত্রি বহির্মুখ হইলে পূজার ফল প্রাপ্ত হইবেন না॥ ৬৪॥

অপিচ শিবরাত্রিব্রতের প্রতি ঔদাস্য প্রকাশ
করিলে দোষ হইবে॥

শিবরাত্রির ব্রতের প্রতি দ্বেষ করিলে কূর্ম্মপুরাণে ভৃগ্বাদি মুনিগণের প্রতি স্বয়ং ভগবান্ কহিয়াছেন যথা॥

ন তে তত্র গমিষ্যন্তি যে দ্বিষন্তি মহেশ্বরং।
যো মাং সমর্চ্চয়েন্নিত্যমেকান্তং ভাবমাশ্রিতঃ।
বিনিন্দন্ দেবমীশানং স যাতি নরকাযুতং॥
অন্যত্র চ॥
মদ্ভক্তঃ শঙ্করদ্বেষী মদ্দ্বেষী শঙ্করপ্রিয়ঃ।
উভৌ তৌ নরকং যাতৌ যাবচ্চন্দ্রদিবাকরাবিতি॥ ৬৫॥
অতএব হয়শীর্ষপঞ্চরাত্রে॥
শ্রীহরিহরপ্রতিষ্ঠায়াং শ্রীভগবতৈবোক্তং॥
যঃ শিবঃ সোহহমেবেহ যোহহং স ভগবান্ শিবঃ।

শ্রীশিবেনোক্তং পরার্দ্ধঞ্চ শ্রীভগবতেতি সংস্থ প্রসিদ্ধং। যদি চ কৌর্ম্মদৃষ্ট্যা সর্ব্বং পদ্যং শ্রীভগবদুক্তমেব। তর্হি নিখিলগুণামৃতনিধিনা ভগবতা নারায়ণেন পরোক্তবদ্বিনয়ভরেণোক্তমিতি জ্ঞেয়ং। দিশন্তীতি দ্বেষস্তু তদ্ব্রতাকরণাদিনা তদনাদরলক্ষণ এব যথা গুরুদেবতাদিদ্রোহঃ এবং নিন্দাপি॥ ৬৫॥

নম্ব নান্যং দেবং নমস্কুর্য্যান্নান্যং দেবং নিরীক্ষয়েৎ। চক্রাঙ্কিতঃ সদা তিষ্ঠেন্মদ্ভক্তঃ পাণ্ডু-

নারায়ণপরায়ণ মানবগণ বৈকুণ্ঠে গমন করেন সত্য, কিন্তু তাঁহারা যদি মহেশ্বরকে দ্বেষ না করেন, তবেই তাঁহাদিগের উক্ত ধামে গতি হয়॥

যে ব্যক্তি একান্তভাব আশ্রয় করিয়া সর্ব্বদা আমাকে পূজা করে, কিন্তু মহেশ্বরকে নিন্দা করিয়া থাকে, তাহাকে অযুতসংখ্যক নরকে গমন করিতে হইবে॥

অন্যত্রেও॥

আমার ভক্ত যদি শঙ্করকে দ্বেষ করে এবং শঙ্করভক্ত যদি আমাকে দ্বেষ করে, তাহা হইলে যে পর্য্যন্ত চন্দ্র সূর্য্য থাকিবেন অর্থাৎ মহাপ্রলয় পর্য্যন্ত তাহারা নরক ভোগ করিবে॥ ৬৫॥

অতএব হয়শীর্ষপঞ্চরাত্রে শ্রীহরির প্রতিষ্ঠায় শ্রীভগবান্ কহিয়াছেন॥

যিনি শিব তিনিই আমি, যে আমি তিনিই শিব, যেমন আকাশ

নাবয়োরন্তরং কিঞ্চিদাকাশানিলয়োরিব ॥
বহ্বৃচপরিশিষ্টে ॥
শিবায় বিষ্ণুরূপায় শিবরূপায় বিষ্ণবে।
শিবস্য হৃদয়ং বিষ্ণুর্বিষ্ণোস্তু হৃদয়ং শিবঃ ॥ ৬৬ ॥
যথা শিবময়ো বিষ্ণুরেবং বিষ্ণুময়ঃ শিবঃ।
যথান্তরং ন পশ্যামি তথা মে স্বস্তিরায়ুষ ইতি।
কার্য্যং গুণাবতারত্বৈক্যাদ্রুদ্রস্য বৈষ্ণবৈঃ।
বৈষ্ণবাগ্র্যতয়া শ্রৈষ্ঠ্যাৎ সদাচারাচ্চ তদ্ব্রতং।
চতুর্থস্কন্ধদৃষ্ট্যা তু নৈকে কুর্ব্বন্তি তদ্ব্রতং।

নন্দনেতি ভবিষ্যোত্তরোক্ত শ্রীভগবদ্বচনাদিনা বিরোধঃ স্যাৎ তত্র শ্রীভগবদ্বচনমেব লিখতি যঃ শিব ইতি। আকাশানিলয়োরিবেতি দীপাদ্দীপান্তরবৎ কারণেন সহ কার্য্যস্যাভেদাভিপ্রায়েণাবতারিণাত্মনা সহাবতারস্য শ্রীশিবস্যাভেদোদর্শিতঃ ॥ ৬৬ ॥

তথা তত ইত্যর্থঃ। আয়ুষোজীবনস্য ভগবদ্ভক্তিলক্ষণস্য স্বস্তিঃ শোভনসত্তা সদা সম্যগ্‌বৃত্তির্ভবতীত্যর্থঃ। অস্ত্বিতি শেষো বা। শিবস্য শ্রীবিষ্ণোর্য ইহ গুণনামাদি সকলং ধিয়া ভিন্নং পশ্যেদিত্যাদিকঞ্চ শ্রীমন্নামাপরাধস্তোত্রে পূর্ব্বং লিখিতমেব অতোঽত্রায়ং সিদ্ধান্তঃ শ্রীবিষ্ণুরেকোদেবঃ শিবশ্চান্যোদেব ইত্যেবমন্যত্বে ভাসমানে তন্নমস্কারাদিকং বৈষ্ণবানা-

ও বায়ু অর্থাৎ কারণের সহিত যেমন কার্য্যের অভেদ, তদ্রূপ আমাদের অভেদ জনিবে ॥

বহ্বৃচপরিশিষ্টে ॥

শিবরূপী বিষ্ণু এবং বিষ্ণুরূপী শিব, শিবের হৃদয় বিষ্ণু ও বিষ্ণুর হৃদয় শিব ॥ ৬৬ ॥

যেমন শিবময় বিষ্ণু এবং বিষ্ণুময় শিব, যেমন ইহাঁদের অন্তর দেখিতে পাই না, তদ্রূপ আমার পরমায়ুর শোভন সত্তা হউক ॥

রুদ্রের গুণাবতারত্বরূপে ঐক্যপ্রযুক্ত এবং বৈষ্ণবাগ্র্যত্বরূপে শ্রেষ্ঠ হেতু ও সদাচারনিবন্ধন বৈষ্ণবগণ শিবরাত্রির ব্রত করিবেন ॥

কোন ২ বৈষ্ণব চতুর্থস্কন্ধের প্রতি দৃষ্টিহেতু শিবব্রত করেন না ॥

তথাচ ভৃগুশাপঃ ॥
ভবব্রতধরা যে চ যে চ তান্ সমনুব্রতাঃ।
পাষণ্ডিনস্তে ভবন্তু সচ্ছাস্ত্রপরিপন্থিন ইতি ॥ ৬৭ ॥

অথ শিবরাত্রি ব্রতনির্ণয়ঃ ॥

তত্র স্কান্দে।
মাঘফাল্গুনয়োর্মধ্যে অসিতা যা চতুর্দ্দশী।
শিবরাত্রিস্তু সা খ্যাতা সর্ব্বযজ্ঞোত্তমোত্তমা ॥
মহীখণ্ডে ॥
মাঘমাসস্য শেষা যা প্রথমা ফাল্গুনস্য চ।
কৃষ্ণা চতুর্দ্দশী সা তু শিবরাত্রিঃ প্রকীর্ত্তিতা।
কিঞ্চ। নাগরখণ্ডে ॥
যানি কান্যত্র লিঙ্গানি স্থাবরাণি চরাণি চ।

---

মযুক্তমেব কিন্তু যথা মৎস্যাদয়োলীলাহবতারাস্তথা শ্রীশিবশ্চ গুণাবতারোহয়মিত্যভেদেন ন দোষাবহং অপি তু গুণ এব ভগবদ্ভক্তিবিশেষ এব পর্য্যবসানাদিতি ॥ ৬৭ ॥
হরিবল্লভত্বেনাস্য শ্রীশিবপ্রিয়ত্বাদেব বৈষ্ণবৈরপি কর্ত্তব্যমিতি ভাবঃ ॥ ৬৮ ॥

---

ঐ চতুর্থস্কন্ধে ২ অধ্যায়ে ২৮ শ্লোকে ভৃগুর শাপ যথা ॥

যে সকল ব্যক্তি ভবের ব্রত ধারণ করিবে অথবা যাহারা তাহাদের অনুগামী হইবে, তাহারা সৎশাস্ত্রের প্রতিকূলাচারী, অতএব পাষণ্ডী এই সংজ্ঞা প্রাপ্ত হউক ॥ ৬৭ ॥

অথ শিবরাত্রি নির্ণয় তদ্বিষয়ে স্কন্দপুরাণে যথা ॥

মাঘ ফাল্গুনের মধ্যে যে কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী তাহাই শিবরাত্রি বলিয়া বিখ্যাত, এই তিথি সকল যজ্ঞ অপেক্ষা উত্তম ॥

মহীখণ্ডে ॥

মাঘমাসের শেষে এবং ফাল্গুনমাসের প্রথম যে কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী তাহা শিবরাত্রি বলিয়া কথিত হয় ॥

আরও নাগরখণ্ডে ॥

পৃথিবীতে যে কোন স্থাবর অথবা চর শিবলিঙ্গ আছে, দেবদেব

তেষু সংক্রামতে দেবস্তস্যাং রাত্রৌ যতোহরঃ।
শিবরাত্রিস্ততঃ প্রোক্তা তেন সা হরিবল্লভা ইতি॥
শুদ্ধোপোষ্যা চ সা সর্ব্বৈর্বিদ্ধা স্যাচ্চেচ্চতুর্দ্দশী।
প্রদোষব্যাপিনী গ্রাহ্যা তত্রাপ্যাধিক্যমাগতা॥ ৬৮॥
তথাচোক্তং।
প্রদোষব্যাপিনী গ্রাহ্যা শিবরাত্রিঃ শিবপ্রিয়ৈঃ।
রাত্রৌ জাগরণং তস্যাং যস্মাত্তস্যামুপোষণং॥
কিঞ্চ।
প্রদোষশ্চ চতুর্নাড্যাত্মকোভিজ্ঞজনৈর্ম্মত ইতি॥
প্রদোষব্যাপিনী সাম্যেহপ্যুপোষ্যং প্রথমং দিনং।

শিবপ্রিয়ৈরিত্যনেন বিদ্ধাব্রতস্য বৈষ্ণবানামকর্ত্তব্যত্বং প্রতিপাদিতমিতি ভাবঃ॥ ৬৯॥

হর, চতুর্দ্দশীর রাত্রে যে হেতু সেই সকলে অধিষ্ঠান করেন, এই হেতু চতুর্দ্দশী শিবরাত্রি বলিয়া কথিত হয়, উহা বিষ্ণুর অতিশয় প্রিয়তমা॥

সকল ব্যক্তি শুদ্ধা চতুর্দ্দশীর উপবাস করিবেন কিন্তু ঐ চতুর্দ্দশী যদি বিদ্ধা হয়, তাহা হইলে তাহারই আধিক্য জানিতে হইবে॥ ৬৮॥

এই বিষয় উক্ত হইয়াছে যথা॥

যে শিবরাত্রি প্রদোষব্যাপিনী হইবে, শিবপ্রিয়গণ তাহাই গ্রহণ করিবেন, যে হেতু তাহাতে উপবাস করা হয়, এ কারণ শিবরাত্রিতে রাত্রি জাগরণ করিবে॥

তাৎপর্য্য। এই শ্লোকে শিবপ্রিয় শব্দ প্রয়োগ করাতে বৈষ্ণব দিগের পক্ষে কদাচ বিদ্ধাব্রত কর্ত্তব্য নহে॥

আরও॥

অভিজ্ঞজনেরা চারিদণ্ডাত্মককালকে প্রদোষ কহেন। দুই দিবসেই যদি চতুর্দ্দশী প্রদোষব্যাপিনী হয়, তাহা হইলে অন্যোপাসক ব্যক্তি প্রথম দিন ব্রত করিবেন, ঐ প্রথম দিন যদি ত্রয়োদশী বিদ্ধা হয়,

নোপোষ্যা বৈষ্ণবৈর্বিদ্ধা সাপীতি চ সতাং মতং ॥ ৬৯ ॥
যত উক্তং।
শিবরাত্রিব্রতে ভূতং কামবিদ্ধং বিবর্জ্জয়েৎ।
অতএবোক্তং পরাশরেণ।
মাঘাসিতং ভূতদিনং হি রাজন্নুপৈতি যোগং যদি পঞ্চদশ্যা।
জয়াপ্রযুক্তাং নতু জাতু কুর্য্যাচ্ছিবস্য রাত্রিং প্রিয়কৃচ্ছিবস্যেতি ॥
যোগশ্চোক্তো লোকাক্ষিণা।
দ্বিমুহূর্ত্তো ভবেদ্যোগো বেধোমৌহূর্ত্তিকঃ স্মৃত ইতি॥ ৭০ ॥

এতদেব প্রতিপাদয়তি সতাং মতমিতি তত্র প্রমাণমাহ। মাঘেঽসিতেত্যাদি। এবঞ্চ মাঘফাল্গুনয়োর্ম্মধ্যে যা স্যাচ্ছিবচতুর্দ্দশী। অনঙ্গেন সমাযুক্তা কর্ত্তব্যা সর্ব্বদা তিথিরিতি বচনং ভবিষ্যোত্তরোক্তশিবরাত্রিব্যতিরিক্ত শিবচতুর্দ্দশী সংজ্ঞকব্রতবিষয়কং কিম্বা পরদিনে অমাবস্যাযোগাভাববিষয়কং সকামবৈষ্ণববিষয়কং বা জ্ঞেয়ং। অন্যে চ মাঘাসিতমিত্যে-তৎ বচনং শিবরাত্রিব্রতে ভূতমিতি বচনং পরদিনপ্রদোষব্যাপি চতুর্দ্দশ্যুপবাসবিষয়ক-মিতি ব্যবস্থাপয়ন্তি তচ্চাসঙ্গতমিতি মাঘেতি পঞ্চদশ্যা যোগমুপৈতীত্যাদি বিশেষোক্ত্যা প্রদোষব্যাপিনীত্যাদি বিরোধাপত্তেঃ। লিখিত ব্যবস্থৈব যুক্তেতি দিক্ ইত্থঞ্চ যদা চতুর্দ্দশী-

তাহা হইলে বৈষ্ণবগণ কখন পূর্ব্বদিনে ব্রত করিবেন না, ইহাই সৎ সকলের মত ॥ ৬৯ ॥

যে হেতু উক্ত হইয়াছে ॥

শিবরাত্রির ব্রতে ত্রয়োদশী বিদ্ধা চতুর্দ্দশী বর্জন করিবে ॥

অতএব পরাশরও বলিয়াছেন ॥

হে রাজন্! যদি মাঘমাসের কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী পঞ্চদশী অর্থাৎ অমাবস্যার সহিত যোগপ্রাপ্ত হয়, তাহা হইলে ঐ দিবস শিবরাত্রির ব্রত করিবে, উহা শিবের প্রিয়কারী হয়, কিন্তু কখন ত্রয়োদশীযুক্ত চতুর্দ্দশীতে শিবরাত্রির ব্রত করিবে না। ॥

যোগের লক্ষণ লোকাক্ষী বলিয়াছেন ॥

দ্বিমুহূর্ত্তকালের নাম যোগ, আর এক মুহূর্ত্তকালকে বেধ বলিয়া

শিবরাত্রৌ চ কর্ত্তব্যং নিয়মেন ত্রয়ং বুধৈঃ।
উপবাস-মহাদেবপূজা-জাগরণং নিশি ॥ ৭১ ॥
অথ শিবব্রতবিধিঃ ॥
সায়ং শিবালয়ং গত্বা শুচিরাচম্য চ ব্রতী।
কৃত্বা শিবাগ্রে সঙ্কল্পমারভেত তদর্চ্চনং ॥ ৭২ ॥
পঞ্চাক্ষরেণ মন্ত্রেণ শতরুদ্রেণ বা দ্বিজঃ।
ক্ষীরাদিভিশ্চ শুদ্ধাদ্ভির্ধারয়া স্নাপয়েচ্ছিবং ॥ ৭৩ ॥
মহার্চ্চাং বিধিনা কৃত্বা গন্ধপুষ্পতিলাদিভিঃ।

ক্ষয়ঃ স্যাত্তর্হি বৈষ্ণবানামপি বিদ্ধোপবাসঃ প্রসজ্যেতৈব অন্যথা অমাবাস্যাসংযোগব্যবস্থায়া অত্র লোপপ্রসঙ্গাৎ। অতঃ সা ব্যবস্থা বৈষ্ণবজনসম্মতা ন স্যাদিত্যুপেক্ষ্য। এতচ্চাগ্রে জন্মাষ্টমীব্রতনির্ণয়ান্তে লেখ্যমেব ইতি ॥ ৭০ ॥

শিবরাত্রৌ চোপবাসপূজাজাগরণানাং ত্রয়াণামেবাবশ্যকত্বং লিখতি শিবেতি ॥ ৭১ ॥

অধুনা ভবিষ্যোত্তর স্কন্দপুরাণ শিবধর্ম্মোত্তরাদ্যুক্তানুসারেণ ব্রতানুষ্ঠানপ্রকারং লিখতি সায়মিতি পঞ্চভিঃ। তস্য শিবস্য অর্চ্চনং পূজামারভেৎ ॥ ৭২ ॥

তদেব লিখতি দ্বাভ্যাং। আদিশব্দেন ঘৃতমধ্বাদি দ্রাক্ষারসাদিকঞ্চ ॥ ৭৩ ॥

বিধিনেত্যত্রায়ং বিধিঃ। প্রথমে যামে শিবায় নম ইতি পঞ্চ ব্রহ্মমন্ত্রৈর্বা গন্ধপুষ্পতিল-মাষগোধূমাদিনা মহাপূজাং কৃত্বা। ততশ্চ ওঁ আদ্যায় নমঃ ওঁ বামায় নমঃ। ওঁ তৎ পুরুষায়

স্মরণ করিয়াছেন ॥ ৭০ ॥

পণ্ডিতগণ শিবরাত্রির ব্রতবিষয়ে উপবাস এবং রাত্রিতে মহাদেবের পূজা ও জাগরণ এই তিনটী নিয়ম পূর্ব্বক করিবেন ॥ ৭১ ॥

অথ শিবব্রতবিধি ॥

ব্রতী ব্যক্তি শুচি হইয়া সায়ংকালে শিবালয়ে গমনপূর্ব্বক আচমন ও শিবাগ্রে সঙ্কল্প করিয়া তদীয় অর্চ্চন আরম্ভ করিবে ॥ ৭২ ॥

ব্রাহ্মণ পঞ্চাক্ষর মন্ত্র অথবা শতরুদ্র মন্ত্র পাঠ পূর্ব্বক ক্ষীরাদি ও শুদ্ধ জলধারা দ্বারা শিবকে স্নান করাইবে ॥ ৭৩ ॥

গন্ধ পুষ্প তিল প্রভৃতি দ্বারা যথাবিধি মহাপূজা সমাপন করিয়া

সমর্প্য ধূপদীপান্ শঙ্খেনার্ঘ্যং নিবেদয়েৎ ॥
তত্র মন্ত্রঃ ॥
গৌরীবল্লভ দেবেশ সর্পাঢ্য শশিশেখর।
বর্ষপাপবিশুদ্ধ্যর্থমর্ঘ্যং মে প্রতিগৃহ্ন তামিতি ॥ ৭৪ ॥
আচার্য্যং পরিপূজ্যাথ দত্ত্বা তস্মৈ চ দক্ষিণাং।
বিধিবজ্জাগরং কৃত্বা প্রাতঃ পারণমাচরেৎ ॥ ৭৫ ॥
তত্র পারণনির্ণয়ঃ ॥
পূর্ব্ববিদ্ধোপবাসে চ পরেঽহনি চতুর্দ্দশী।

---

নমঃ। ওঁ ঘোরায় নমঃ। ইতি প্রত্যগাদি চতুর্দ্দিক্ষু। ওঁ ঈশানায় নমঃ। ইত্যুপরি। এবং পঞ্চ বক্ত্রাণি পুষ্পাদিভিঃ সংপূজ্য পশ্চাদিষ্টপুষ্পং সমর্পয়েৎ। আদিশব্দান্নৈবেদ্যতাম্বূলাদি অর্ঘ্যঞ্চ ফলগন্ধাক্ষতান্বিতং জ্ঞেয়ং ॥ ৭৪ ॥

আচার্য্যং শিবব্রতবিধ্যুপদেশকং অক্ষতপুষ্পান্নবস্ত্রাদিনা সম্মান্য বিধিবদিতি। দ্বিতীয়ে যামে শঙ্করায় নম ইতি তৃতীয়ে মহেশ্বরায় নম ইতি চতুর্থে রুদ্রায় নম ইতি পূর্ব্বতো বিশেষঃ। অন্যশ্চ সমান এব বিধির্জ্ঞেয়ঃ। তথৈকাদশীজাগরণবদ্গীতনৃত্যাদিনেতি চ জ্ঞেয়ং। পারণমাচরেদিত্যত্রাপি বিধিবদিত্যনুবর্ত্তনীয়ং। ততশ্চ প্রভাতে নিত্যকৃত্যং কৃত্বা গৃহে শিবমভ্যর্চ্চ্য শিবভক্তান্ বৈষ্ণবান্ বিপ্রাংশ্চ সম্ভোজ্য বন্ধুভিঃ সহ ভুঞ্জীত ইতি জ্ঞেয়ং ॥ ৭৫ ॥

নন্বত্র ব্রতপারণে চ শুদ্ধায়ামুপবাসে সতি তথা প্রদোষব্যাপিত্বাদিনা পরদিনেঽপ্যুপবাসে সতি প্রাতরমাবাস্যায়ামেব পারণমবাধং পূর্ব্ববিদ্ধোপবাসে চ কৃষ্ণাষ্টমী স্কন্দষষ্ঠী শিব-

---

ধূপ দীপ নিবেদন করত শঙ্খে করিয়া অর্ঘ্য নিবেদন করিবে ॥

অর্ঘ্যমন্ত্র যথা ॥

হে গৌরীবল্লভ! হে দেবেশ! হে সর্পাঢ্য! হে শশিশেখর! বর্ষপাপ বিশুদ্ধির নিমিত্ত আমি অর্ঘ্য প্রদান করিতেছি গ্রহণ করুন ॥ ৭৪

অনন্তর আচার্য্যকে পূজা এবং তাঁহাকে দক্ষিণা প্রদান পূর্ব্বক যথাবিধি জাগরণ করিয়া প্রাতঃকালে পারণ করিবে ॥ ৭৫ ॥

পারণনির্ণয় ॥

ত্রয়োদশী বিদ্ধায় উপবাস হইলে, পর দিবস যদি চতুর্দ্দশী দিবস-

দিবসব্যাপিনী তিষ্ঠেৎ কুর্য্যাৎ তস্যাং হি পারণং ॥ ৭৬ ॥
তথাচোক্তং ॥
সা ত্বস্তময়পর্য্যন্তং ব্যাপিনী চেৎ পরেঽহনি।
দিবৈব পারণং কুর্য্যাৎ পারণে নৈব দোষভাগিতি ॥ ৭৭ ॥
অনুষ্ঠানবিধিশ্চাস্য ব্রতস্যোক্তোঽতিবিস্তরং।
শিবধর্ম্মোত্তরাদৌ তু জ্ঞেয়োপেক্ষ্যঃ স চেত্ততঃ ॥

রাত্রিচতুর্দ্দশী। এতাঃ পূর্ব্বযুতাঃ কার্য্যাস্তিথ্যন্তে পারণং ভবেদিত্যাদি স্কন্দবচনৈস্তিথ্যন্তে পারণবিধিনা তত্র চ সমস্তদিনব্যাপি চতুর্দ্দশী নিক্রমে সতি কদা পারণমস্ত ইত্যপেক্ষায়াং লিখতি পূর্ব্বেতি হি শব্দস্ত্বেবার্থে। তস্যাং চতুর্দ্দশ্যামেব পারণং অন্যথামাবস্যারাত্রৌ ভোজনস্য প্রসঙ্গাৎ তচ্চ নিষিদ্ধং। ভূতাষ্টম্যোর্দিবা ভুক্ত্বা রাত্রৌ ভুক্ত্বা চ পর্ব্বণি। একাদশ্যাং দিবারাত্রৌ ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেৎ। এবং যদ্যপি চতুর্দ্দশ্যাং ভোজনং নিষিদ্ধং তথাপি পারণানুরোধেন অমাবাস্যারাত্রিভোজনবত্তদ্দোষবিশেষাবহং ন স্যাদিতি জ্ঞেয়ং। কিঞ্চ। সর্ব্বেষ্বেবোপবাসেষু দিবাপারণমিষ্যতে। অন্যদাতু চতুর্দ্দশ্যামন্তে সত্যেব পারণং ॥ ৭৬ ॥

সা শিবরাত্রিচতুর্দ্দশী তু পরস্মিন্ দিনে অস্তময়পর্য্যন্তং সূর্য্যাস্তসময়াবধিব্যাপিনী চেদ্ভবতি। এবং চতুর্দ্দশ্যন্তপারণে চ ব্রতী ক্ষেমভাক্ ব্রতভঙ্গদোষভাগী ন স্যাৎ অন্যথামাবস্যারাত্রিভোজনপ্রাপ্তেরিতি ভাবঃ। এবমুপবাসদ্বয়ঞ্চ নিরস্তং। অতএবোক্তং। যামত্রয়োর্দ্ধগামিন্যাং প্রাতরেব হি পারণমিতি দিক্ ॥ ৭৭ ॥

অস্য শিবরাত্রিসম্বন্ধিনো ব্রতস্য। অত্যন্তবিস্তরং যথা স্যাৎ। অপেক্ষ্যশ্চেদ্ভবতি তদা

ব্যাপিনী হয়, তাহা হইলে চতুর্দ্দশীতেই পারণ করিবে ॥ ৭৬ ॥

এই বিষয় কথিত হইয়াছে যথা ॥

পর দিবস যদি চতুর্দ্দশী অস্তকাল পর্য্যন্ত ব্যাপিয়া থাকে, তাহা হইলে দিবসেই পারণ করিবে, ঐ পারণ দোষাবহ হয় না ॥ ৭৭ ॥

এই শিবরাত্রির ব্রতের অনুষ্ঠানবিধি অত্যন্ত বিস্তররূপে কথিত হইয়াছে, যদি ইহার কোন বিষয়ের অপেক্ষা হয়, তাহা হইলে শিবধর্ম্মোত্তরাদি হইতে বিধি অবগত হইতে হইবে। এই শিবব্রতের মাহাত্ম্য সর্ব্বত্র শ্রুত আছে, ইহার মহিমার কথা আর অধিক কি বলিব, লিঙ্গার্চ্চন ও জাগরণাদি দ্বারা পাপরূপ ব্যাধও মুক্ত হইয়াছিল ॥

শিবব্রতস্য মাহাত্ম্যমস্য সর্ব্বত্র বিশ্রুতং।
ব্যাধোঽপি মুক্তো যস্তাদৃক্ লিঙ্গার্চ্চা জাগরাদিনা ॥ ৭৮ ॥
অথ শিবব্রতমাহাত্ম্যং ॥

ততঃ শিবধর্ম্মোত্তরাদিতঃ স বিধিজ্ঞেয়ঃ। আদিশব্দেন ভবিষ্যোত্তর স্কন্দপুরাণ শিবযামলাদি ॥ ৭৮ ॥

তাদৃগ্দৈবাদন্যপ্রসঙ্গজাত যৎ লিঙ্গার্চ্চা শ্রীশিবপূজনং। জাগরঃ আদিশব্দেন উপবাসশ্চ তেনাপি ব্যাধোঽপি মুক্ত ইতি যৎ। যদ্বস্মাচ্ছিবব্রতাদিতি বা তথাচোক্তং। ভবিষ্যোত্তরে। কৃষ্ণপক্ষে চতুর্দ্দশ্যাং ন কশ্চিন্মৃগয়ন্নপি। প্রাপ্তবান্ প্রাণযাত্রার্থং ক্ষুধাসংপীড়ি-

তাৎপর্য্য। চতুর্দ্দশী দিনে যদি দুই দণ্ড বা ততোধিক ত্রয়োদশী থাকে, তাহার পর চতুর্দ্দশী প্রবৃত্ত হয়। আর পর দিনে যদি চারি দণ্ড বা ততোধিক চতুর্দ্দশী থাকে, তৎপরে অমাবস্যা হয়, তাহা হইলে বৈষ্ণব মতে পর দিবস শিবরাত্রির ব্রত হইবে, এই ব্রতে ত্রয়োদশী বেধ নিষিদ্ধ, দুই দণ্ডকে বেধ বলে। পূর্ব্ব দিবস দুই দণ্ড ত্রয়োদশী হইলে বেধ হইবে, পর দিবস চারি দণ্ড চতুর্দ্দশী থাকিলে অমাবস্যার সহিত যোগ হইবে। এইরূপ যদি যোগ ও বেধ না হয়, তবে পূর্ব্ব দিবস ব্রত হইবে। ইহাতে বিশেষ এই যে, অমাবস্যার ক্ষয় স্থলে বর্ণিত যোগ ও বেধ না হইলে পূর্ব্ব দিনেই ব্রত হইবে এবং চতুর্দ্দশীর ক্ষয়েতেও পূর্ব্ব দিনেই ব্রত হইবে, তখন বেধের প্রতি দৃষ্টিপাত করিতে হইবে না, কারণ প্রতিপদে পারণ নিষিদ্ধ ॥

অপর পারণবিধি এই যে, শুদ্ধা চতুর্দ্দশীতে উপবাস হইলে অমাবস্যায় পারণ হয়, বিদ্ধাব্রতে চতুর্দ্দশী দিবন ব্যাপিয়া থাকিলে চতুর্দ্দশীতেই পারণ করিবে। ইহার তাৎপর্য্য এই, চতুর্দ্দশী যদি ষষ্টিদণ্ড হইয়া বৃদ্ধি পায়, তবে চতুর্দ্দশীতে নিশ্চয় পারণ। আর বিদ্ধা ব্রতে চতুর্দ্দশী দিবসব্যাপিয়া থাকিলে সেই চতুর্দ্দশীতেই পারণ জানিবে, কিন্তু বৈষ্ণবের পক্ষে এ বিধি নহে, বৈষ্ণবব্রতে বিদ্ধা পরিত্যক্ত হইয়াছে ॥ ৭৮

অথ শিবরাত্রিব্রতমাহাত্ম্য ॥

নাগরখণ্ডে ॥ ৭৯ ॥

স্বয়ম্ভুলিঙ্গমভ্যর্চ্চ্য সোপবাসঃ সজাগরঃ।

অজানন্নপি নিষ্পাপো নিষাদো গণতাং গতঃ।

স্কান্দে চ ॥

শিবঞ্চ পূজয়িত্বা যো জাগর্ত্তি চ চতুর্দ্দশীং।

মাতুঃ পয়োধররসং ন পিবেৎ স কদাচন ॥ ৮০ ॥

কিঞ্চান্যত্র ॥

কশ্চিৎ পুণ্যবিশেষেণ ব্রতহীনোঽপি যঃ পুমান্।

তোঽবশ ইত্যুপবাসঃ। কিঞ্চ। ধনুষ্কোট্যা হতান্যেব বিল্বপত্রাণি মানদ। পতিতানি মহারাজ শম্ভোঃ শিরসি ভূমিপ। তস্থৌ স এব তত্রৈব সর্ব্বরাত্রিমতন্দ্রিতঃ। স্বোদরার্থং মহারাজ মৃগলিপ্সুরহঙ্কৃত ইতি। এবঞ্চ পূজাজাগরণে বৃত্তে ॥ ৭৯ ॥

গণতাং শিবপার্ষদতাং ॥ ৮০ ॥

কশ্চিদন্ত্যজাদিরপি ব্রতহীনঃ উপবাসাদি নিয়মরহিতোঽপি যঃ পুণ্যবিশেষেণ তত্র শিবরাত্রৌ জাগরণং কুরুতে। রুদ্রসমতাং তদীয় সারূপ্যাদিযুক্ত পার্ষদত্বং বৈষ্ণবাগ্র্যত্বং বা স প্রাপ্নুয়াৎ ॥ ৮১ ॥

নাগরখণ্ডে ॥ ৭৯ ॥

একজন নিষাদ ( চণ্ডাল ) শিবরাত্রি না জানিয়াও, অনাদি শিবলিঙ্গের অর্চ্চনা, উপবাস ও জাগরণ করত নিষ্পাপ হইয়া শিবপার্ষদত্ব প্রাপ্ত হইয়াছিল ॥

স্কন্দপুরাণেও ॥

যে ব্যক্তি চতুর্দ্দশীতে শিবপূজা করিয়া রাত্রি জাগরণ করে, সে কখনও আর মাতার পয়োধর রস অর্থাৎ স্তনপান করিবে না ॥ ৮০ ॥

আরও অন্যস্থলে ॥

অন্ত্যজ জাতি পুরুষ উপবাসাদি নিয়ম রহিত হইয়াও যদি কোন পুণ্য বিশেষ দ্বারা কেবল শিবরাত্রিতে জাগরণমাত্র করে, তাহা হইলে

জাগরং কুরুতে তত্র স রুদ্রসগতাং ব্রজেদিতি ॥ ৮১ ॥
শ্রীকৃষ্ণে বৈষ্ণবানান্তু প্রেমভক্তির্বিবর্দ্ধতে।
কৃষ্ণভক্তিরসাসারবর্ষিরুদ্রানুকম্পয়া ॥ ৮২ ॥
অথ শ্রীগোবিন্দদ্বাদশী ॥
ফাল্গুনে দ্বাদশী শুক্লা যা পুষ্যর্ক্ষেণ সংযুতা।
গোবিন্দদ্বাদশী নাম সা স্যাদ্গোবিন্দভক্তিদা।
তস্যামুপোষ্য বিধিনা ভগবন্তং প্রপূজয়েৎ।

নম্নু শ্রীকৃষ্ণচরণারবিন্দভক্ত্যেকাপেক্ষকাণাং বৈষ্ণবানাং শিবব্রতেন কিং স্যাৎ ইত্যপেক্ষায়াং লিখতি শ্রীকৃষ্ণে ইতি নম্নু শ্রীশিবব্রতেন কথং শ্রীকৃষ্ণপ্রেমভক্তির্বর্দ্ধতাং তত্র লিখতি কৃষ্ণেতি। কৃষ্ণভক্তিরসাসারবর্ষিণো রুদ্রস্যানুকম্পয়া। শ্রীশঙ্করকরুণয়ৈব শ্রীকৃষ্ণপ্রেমভক্তিবিশেষ সিদ্ধেঃ। যদ্বা। কৃষ্ণস্য যা ভক্তিরসবর্ষিণী রুদ্রানুকম্পা তয়া। এবং শ্রীশিবব্রতেনৈব শ্রীকৃষ্ণকৃপাবিশেষোৎপত্তেস্তৎপ্রেমভক্তিবৃদ্ধির্ভবতীতি দিক্ ॥ ৮২ ॥

অত্র গোবিন্দদ্বাদশ্যাং ভগবৎপূজনেঽপি স এব বিধিঃ স্মৃতো মুনিভিঃ। একদৈবতত্বাদিনা

সে রুদ্রপার্ষদত্ব অর্থাৎ রুদ্রের সারূপ্যাদি যুক্ত পার্ষদত্ব প্রাপ্ত হইবে ॥ ৮১ ॥

যদি বল শ্রীকৃষ্ণচরণারবিন্দে একমাত্র ভক্তি ব্যতিরেকে বৈষ্ণব দিগের শিবরাত্রির ব্রতে প্রয়োজন কি? এই বিষয়ে লিখিতেছেন। যে সকল বৈষ্ণব শিবরাত্রির ব্রত করেন, কৃষ্ণভক্তিরসের সারবর্ষি শ্রীরুদ্রের অনুকম্পায় তাঁহাদের শ্রীকৃষ্ণে প্রেমভক্তি বৃদ্ধি পায় ॥ ৮২ ॥

অথ গোবিন্দদ্বাদশী ॥

ফাল্গুনমাসের যে শুক্লা দ্বাদশী পুষ্যা নক্ষত্রের সহিত সংযোগ হয়, তাহার নাম গোবিন্দদ্বাদশী, উহা গোবিন্দের প্রতি ভক্তি দান করিয়া থাকেন ॥

এই গোবিন্দদ্বাদশীতে উপবাস করিয়া যথাবিধি ভগবানের পূজা করিবে, পাপনাশিনীব্রতে যে বিধি লেখা হইয়াছে, গোবিন্দ দ্বাদশী-

লিখিতঃ পাপনাশিন্যাং বিধির্যোঽত্রাপি স স্মৃতঃ ॥ ৮৩ ॥
তন্মাহাত্ম্যঞ্চ ব্রহ্মপুরাণে শ্রীবসিষ্ঠমান্ধাতৃসম্বাদে।
ফাল্গুনামলপক্ষে তু পুষ্যর্ক্ষে দ্বাদশী যদি।
গোবিন্দদ্বাদশী নাম মহাপাতকনাশিনী।
তস্যামুপোষ্য বিধিবন্নরঃ সংক্ষীণকল্মষঃ।
প্রাপ্নোত্যনুত্তমাং সিদ্ধিং পুনরাবৃত্তিদুর্ল্লভামিতি ॥ ৮৪ ॥
আমর্দ্দকী দ্বাদশীতি লোকে খ্যাতেয়মেব হি।
যোগাভাবেঽত্র তন্নাম্নী তদীয়ৈকাদশী মতা।
যত্র আমর্দ্দকীপূজা ব্রতমস্যাং বিশেষতঃ ॥
তদুক্তং ব্রাহ্ম্যে তত্রৈব।
পাপনাশিনীমাহাত্ম্যপ্রসঙ্গে ॥

দ্বয়োরেকরূপত্বাৎ ॥ ৮৩ ॥
অপুনরাবৃত্তির্যেষাং তৈর্দুর্ল্লভাং। অপুনরাবৃত্তিকামিত্যর্থঃ ॥ ৮৪ ॥
ইয়ং ফাল্গুনশুক্লদ্বাদশী। দ্বাদশী চ দ্বাদশ্যেকাদশ্যোরভেদাভিপ্রায়েণ। কিম্বা দ্বাদশ্যাং

তেও সেই বিধি জানিবে ॥ ৮৩ ॥

অথ গোবিন্দদ্বাদশীর মাহাত্ম্য ॥
ব্রহ্মপুরাণে বসিষ্ঠমান্ধাতৃসম্বাদে ॥

ফাল্গুনমাসের শুক্লপক্ষে পুষ্যানক্ষত্রে যদি দ্বাদশী হয়, তাহা হইলে তাহার নাম গোবিন্দ দ্বাদশী, উহা মহাপাতক সকল বিনষ্ট করেন ॥

মনুষ্য যথাবিধি গোবিন্দ দ্বাদশীর উপবাস করিলে তাহার পাপক্ষয় ও পুনরাবৃত্তি দুর্ল্লভ অত্যুত্তম সিদ্ধি প্রাপ্তি হইবে ॥ ৮৪ ॥

লোকমধ্যে এই গোবিন্দদ্বাদশী আমর্দ্দকী দ্বাদশী বলিয়াও বিখ্যাত আছে, যদি যোগের অভাব হয়, তাহা হইলে একাদশীতে উপবাস হইবে, বিশেষতঃ এই দ্বাদশীতে আমর্দ্দকী পূজারূপ ব্রত বিহিত হইয়াছে ॥

ব্রহ্মপুরাণের কথিতপ্রকরণে পাপনাশিনীব্রতপ্রসঙ্গে আমর্দ্দকীব্রত কথিত হইয়াছে যথা ॥

ফাল্গুনে তু বিশেষেণ বিশেষঃ কথিতো নৃপ।
আমর্দ্দক্যা ব্রতং পুণ্যং বিষ্ণুলোকপ্রদং নৃণাং।
প্রভাসখণ্ডে চ শ্রীদেবীমহেশসম্বাদে॥
ফাল্গুনস্য সিতে পক্ষে একাদশ্যামুপোষিতঃ।
স্নাত্বা নদ্যাং তড়াগে বা বাপ্যাং কূপে গৃহেঽপি বা।
গত্বা গিরৌ বনে বাপি যত্র সা প্রাপ্যতে শিবা॥ ৮৫॥
ক্ষীরোদে মথ্যমানে তু যদা বৃক্ষঃ সমুত্থিতঃ।
আমর্দ্দাদ্দেবদৈত্যানাং তেন সামর্দ্দকী স্মৃতা।
শিবা লক্ষ্মীঃ স্মৃতোবৃক্ষঃ সেব্যতে সুরসত্তমৈঃ।
দেবৈর্ব্রহ্মাদিভিঃ সর্ব্বৈর্বৃক্ষোঽসৌ বৈষ্ণবঃ স্মৃতঃ।
তত্র গত্বা হরিঃ পূজ্যো বৃক্ষমূলেঽথ বা শিবা।

পুষ্যানক্ষত্রে সতি তস্যামেবোপবাসাপেক্ষয়েতি। তদভাবেঽপি একাদশ্যামুপবাসে সতি তস্যামেবামর্দ্দকীপূজাদিকমপি। তচ্চাগ্রে ব্যক্তং ভাবি। শিবা আমর্দ্দকী॥ ৮৫॥
আমর্দ্দকী বৃক্ষোঽয়ং শিবেতি লক্ষ্মীরিতি চ স্মৃতঃ। অতএব সেব্যতে॥ ৮৬॥

হে নৃপ! ফাল্গুনমাসে বিশেষ করিয়া আমর্দ্দকী ব্রত কথিত হইয়াছে, মনুষ্যদিগের সম্বন্ধে এই আমর্দ্দকী ব্রত পুণ্যস্বরূপ ও বিষ্ণুলোক প্রদান করেন॥

প্রভাসখণ্ডেও শ্রীদেবী ও মহেশ্বর সম্বাদে॥

ফাল্গুনমাসের শুক্লপক্ষের একাদশীতে উপবাস করিয়া নদী, তড়াগ, বাপী, কূপ বা গৃহে স্নান পূর্ব্বক পর্ব্বত বা বন যে কোন স্থানে শিবা (আমলকী) বৃক্ষ থাকে তথায় গমন করিবে॥ ৮৫॥

ক্ষীরসমুদ্র মন্থন সময়ে দেব দৈত্যগণের আমর্দ্দন হেতু যখনএই বৃক্ষ উৎপন্ন হইয়াছে, তখন সেই কারণে এই বৃক্ষের নাম ঋষিগণ আমর্দ্দকী বলিয়া স্মরণ করিয়াছেন। এই বৃক্ষ শিবা ও লক্ষ্মী বলিয়াও কথিত, দেবশ্রেষ্ঠগণ ইহার সেবা করিয়া থাকেন। ব্রহ্মাদি দেবতা সকল এই বৃক্ষকে বৈষ্ণববৃক্ষ বলিয়া উল্লেখ করিয়াছেন॥

পূজ্যা পুষ্পৈঃ শুভৈ রাত্রৌ কার্য্যং জাগরণং নরৈঃ।
করকং জলপূর্ণন্তু কর্ত্তব্যং পাত্রসংযুতং।
হবিষ্যান্নন্তু কর্ত্তব্যং দীপঃ কার্য্যো বিধানতঃ।
এবং জাগরণং কার্য্যং কথাশ্রবণতৎপরৈঃ।
মুচ্যন্তে দেহিনঃ পাপৈঃ কলিজৈঃ কায়সম্ভবৈঃ।
দেহান্তে চ নরাঃ সর্ব্বে পূজ্যন্তে হরিমন্দিরে ॥ ৮৬ ॥

অথ বসন্তোৎসবঃ ॥

ফাল্গুন্যাং পৌর্ণমাস্যান্তু বিদধ্যাদ্বৈষ্ণবৈঃ সহ।
শ্রীকৃষ্ণপ্রিয়ভক্তস্য বসন্তস্যার্চ্চনোৎসবং।
ভবিষ্যোত্তরতো জ্ঞেয়স্তদ্বিধিশ্চেদপেক্ষ্যতে।
যঃ শ্রীযুধিষ্ঠিরস্যোক্তো ব্যক্তং ভগবতা স্বয়ং ॥

শ্রীকৃষ্ণপ্রিয়ভক্ততা চ বসন্তস্য সদা শ্রীবৃন্দাবনাশ্রিতত্বাৎ। অতএব তস্য পূজোৎসবং কুর্য্যাৎ ॥ ৮৭ ॥

মনুষ্য সকল আমলকীবৃক্ষমূলে গমন করিয়া তাহাতে বিষ্ণুর পূজা করিবে অথবা পুষ্প দ্বারা ঐ বৃক্ষের পূজা করিয়া রাত্রিতে জাগরণ করিবে ॥

জলপূর্ণ কমণ্ডলুপাত্র সংযুক্ত করিবে, হবিষ্যান্ন করিবে, যথাবিধি দীপ দান করিবে এবং ভগবৎকথা শ্রবণ তৎপর হইয়া রাত্রিতে জাগরণ করিবে। মনুষ্যগণ এই প্রকার করিলে কলিজনিত কায়সম্বন্ধীয় পাপ হইতে মুক্ত হইবে এবং দেহান্তে ঐ সকল ব্যক্তি হরিমন্দিরে পূজিত হইবেন ॥ ৮৬ ॥

অথ বসন্তোৎসব ॥

ফাল্গুনমাসের পূর্ণিমায় বৈষ্ণবগণ সহ শ্রীকৃষ্ণের প্রিয়ভক্ত বসন্তের অর্চ্চনরূপ উৎসব করিবে ॥

এই বিধি জানিবার যদি অপেক্ষা হয়, তাহা হইলে ভবিষ্যপুরাণ হইতে জানিতে হইবে। এই বিধি স্বয়ং শ্রীকৃষ্ণ যুধিষ্ঠিরকে কহিয়াছেন ॥

তন্মাহাত্ম্যঞ্চ তত্রৈব ॥
এবং যঃ কুরুতে পার্থ শাস্ত্রোক্তং ফাল্গুনোৎসবং।
মৎপ্রসাদাচ্চ সিদ্ধ্যন্তি তস্য সর্ব্বে মনোরথাঃ ॥
বৃত্তে তুষারসময়ে সিতপঞ্চদশ্যাং
প্রাতর্বসন্তসময়ে সমুপস্থিতে চ।
সংপ্রাপ্য চূতকুসুমং সহ চন্দনেন
সত্যং হি পার্থ,পুরুষোঽব্দশতং সুখী স্যাৎ ॥
অথ চৈত্রকৃত্যং ॥
চৈত্রে কুর্য্যাৎ সিতে পক্ষে শ্রীরামনবমীব্রতং।
একাদশ্যাং প্রভোর্দোলাং দ্বাদশ্যাং মদনার্পণং ॥
গৌতমীয়ে চ ॥
চৈত্রমাসে বাসুদেবং সর্ব্বপুষ্পৈঃ সমর্চ্চয়েৎ ॥ ৮৭ ॥
অথ শ্রীরামনবমী।
অগস্ত্যসংহিতায়াং ॥

---

বসন্তোৎসবের মাহাত্ম্য ঐ ভবিষ্যপুরাণে ॥

হে যুধিষ্ঠির! যে ব্যক্তি শাস্ত্রোক্ত এই প্রকার ফাল্গুনোৎসব করে, আমার প্রসাদে তাহার সর্ব্বপ্রকার মনোরথ সিদ্ধি হয় ॥

হে পার্থ! তুষার ঋতুর অন্তে বসন্তসময় উপস্থিত হইলে শুক্লপক্ষের পঞ্চদশীতে অর্থাৎ পূর্ণিমায় সচন্দন আম্রমুকুল দ্বারা পূজা করিলে পুরুষ শতবৎসর সুখী হয় ॥

অথ চৈত্রকৃত্য ॥

চৈত্রমাসের শুক্লপক্ষে শ্রীরামনবমীর ব্রত, একাদশীতে দোলা এবং দ্বাদশীতে মদনার্পণ করিবে ॥

গৌতমীয়ে ॥

চৈত্রমাসে সমস্ত পুষ্প দ্বারা বাসুদেবের পূজা করিবে ॥ ॥ ৮৭ ॥

অথ শ্রীরামনবমী। অগস্ত্যসংহিতায় ॥

চৈত্রে মাসি নবম্যান্তু শুক্লায়াং হি রঘূদ্বহঃ।
প্রাদুরাসীৎ পুরা ব্রহ্মন্ পরং ব্রহ্মৈব কেবলং।
তস্মিন্ দিনে তু কর্ত্তব্যমুপবাসব্রতাদিকং॥ ৮৮॥
অথ তদ্ব্রতনিত্যত্বং।
তত্রৈব॥
মুমুক্ষবোঽপি হি সদা শ্রীরামনবমীব্রতং।
ন ত্যজন্তি সুরশ্রেষ্ঠো দেবেন্দ্রোঽপি বিশেষতঃ॥
কিঞ্চ॥
প্রাপ্তে শ্রীরামনবমীদিনে মর্ত্ত্যো বিমূঢ়ধীঃ।
উপোষণং ন কুরুতে কুম্ভীপাকেষু পচ্যতে॥
যস্তু রামনবম্যাং হি ভুঙ্ক্তে মোহাদ্বিমূঢ়ধীঃ।
কুম্ভীপাকেষু ঘোরেষু পচ্যতে নাত্র সংশয়ঃ॥
অথ তদ্ব্রতমাহাত্ম্যং॥
তত্রৈব॥

ব্রহ্মন্ হে সুতীক্ষ্ণ॥ ৮৮॥
রামপ্রিয়ো ভবেদিতি তৎসারূপ্যং প্রাপ্তঃ স্যাদিত্যর্থঃ॥ ৮৯॥

হে সুতীক্ষ্ণ! চৈত্রমাসের শুক্লপক্ষের নবমীতে সাক্ষাৎ পরব্রহ্ম রঘূদ্বহ প্রাদুর্ভূত হইয়াছেন। অতএব ঐ দিনে উপবাস ব্রতাদি করিবে॥ ৮৮॥

আরও॥

শ্রীরামনবমী দিন উপস্থিত হইলে যে মূঢ়বুদ্ধি মনুষ্য উপবাস না করে, সে কুম্ভীপাক নরকে পাকবিশিষ্ট হয়॥

মূঢ়বুদ্ধি মনুষ্য যদি মোহ বশতঃ রামনবমীতে ভোজন করে, তাহা হইলে সে ঘোরতর কুম্ভীপাক নরকে পচিবে, ইহাতে সংশয় নাই॥

অথ রামনবমীব্রতের মাহাত্ম্য॥

ঐ অগস্ত্যসংহিতায়॥

শ্রীরামনবমী প্রোক্তা কোটিসূর্য্যগ্রহাধিকা।
তস্মিন্ দিনে মহাপুণ্যে রামমুদ্দিশ্য ভক্তিতঃ।
যৎকিঞ্চিৎ কুরুতে কর্ম্ম তদ্ভবক্ষয়কারকং॥
কিঞ্চ॥
কুর্য্যাদ্রামনবম্যাং য উপোষণমন্ত্রিতঃ।
ন মাতুর্গর্ভমাপ্নোতি স বৈ রামপ্রিয়ো ভবেৎ।
তস্মাৎ সর্ব্বাত্মনা সর্ব্বে কৃত্বৈতন্নবমীব্রতং।
মুচ্যন্তে সর্ব্বপাপেভ্যো যান্তি ব্রহ্মসনাতনং॥
কিঞ্চ॥
একামপি নরো ভক্ত্যা শ্রীরামনবমীং মুনে।
উপোষ্য কৃতকৃত্যঃ সন্ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥ ৮৯॥
অথ তদ্ব্রতনির্ণয়ঃ॥

এককোটি সূর্য্যগ্রহণে কর্ম্ম করিলে যে ফল হয়, মহাপুণ্য স্বরূপ রামনবমীর দিনে ভক্তিপূর্ব্বক রামকে উদ্দেশ করিয়া যে কিছু কর্ম্ম করে, তাহা সংসারে ক্ষয়কারক হইয়া থাকে॥

আরও॥

যে স্বতন্ত্র পুরুষ রামনবমীতে উপবাস করেন, তিনি আর মাতৃগর্ভে প্রবেশ করেন না, তিনি নিশ্চয় রামচন্দ্রের প্রিয়পাত্র হয়েন॥

অতএব সমুদায় ব্যক্তিই সর্ব্বপ্রকারে এই রামনবমীর ব্রত করিয়া সমুদায় পাপ হইতে মুক্ত এবং সনাতন ব্রহ্ম শ্রীরামচন্দ্রকে প্রাপ্ত হইবেন॥

আরও॥

মনুষ্য ভক্তিপূর্ব্বক একমাত্র শ্রীরামনবমীর ব্রতে উপবাস করিয়া কৃতকৃত্য হওত সমুদায় পাপ হইতে মুক্ত হইবে॥ ৮৯॥

অথ শ্রীরামনবমীর ব্রতনির্ণয়॥

চৈত্রে মাসি নবম্যান্তু জাতোরামঃ স্বয়ং হরিঃ।
পুনর্ব্বস্বৃক্ষসংযুক্তা সা তিথিঃ সর্ব্বকামদা।
সৈব মধ্যাহ্নযোগেন মহাপুণ্যতমা ভবেৎ।
মেষং পূষণি সংপ্রাপ্তে লগ্নে কর্কটকাহ্বয়ে।
আবিরাসীৎ স্বকলয়া কৌশল্যায়াং পরঃ পুমান্॥
নবমীচাষ্টমী বিদ্ধা ত্যাজ্যা বিষ্ণুপরায়ণৈঃ।
উপোষণং নবম্যাং বৈ দশম্যামেব পারণমিতি॥ ৯০॥
দশম্যাং পারণায়াশ্চ নিশ্চয়ান্নবমীক্ষয়ে।
বিদ্ধাপি নবমী গ্রাহ্যা বৈষ্ণবৈরপ্যসংশয়ং।

নহু বৈষ্ণবৈর্বিদ্ধা সর্ব্বত্র বর্জ্জ্যেতি পূর্ব্বং নিশ্চিতং। অত্রাপি তথৈবোক্তং নবমী চাষ্টমী বিদ্ধা ত্যাজ্যেতি। তত্র চ নবমীক্ষয়ে সতি তিথিহ্রাসক্রমেণ একাদশ্যাশ্চ শুদ্ধত্বে কিং কর্ত্তব্যং তত্রাহ উপোষণমিতি॥ ৯০॥

তদেবাভিব্যজ্য লিখতি দশম্যামিতি। নিশ্চয়াদ্দশম্যামেবেত্যেবকারতঃ। অন্যথোপ-

চৈত্রমাসের নবমীতে স্বয়ং হরি রামচন্দ্র জন্ম গ্রহণ করিয়াছেন। ঐ তিথি পুনর্ব্বসু নক্ষত্র সংযুক্ত হইলে সর্ব্বপ্রকার কাম প্রদান করেন, আর যদি মধ্যাহ্নকালে ঐ তিথিতে পুনর্ব্বসু নক্ষত্র যোগ হয় তাহা হইলে ঐ তিথি মহাপুণ্যতমা হইয়া থাকে॥

মেষরাশিতে সূর্য্য গমন করিলে কর্কটলগ্নে পরমপুরুষ রামচন্দ্র আপনার কলার সহিত কৌশল্যায় আবির্ভূত হইয়াছেন॥

বিষ্ণুপরায়ণ মানবগণ অষ্টমীবিদ্ধা নবমী পরিত্যাগ করিয়া শুদ্ধা নবমীতে উপবাস পূর্ব্বক দশমীতে পারণ করিবেন॥ ৯০॥

দশমীতে পারণের নিশ্চয় হেতু নবমীর ক্ষয় উপস্থিত হইলে বৈষ্ণবগণও নিঃসংশয়চিত্তে উপবাস বিষয়ে অষ্টমীবিদ্ধা নবমী গ্রহণ করিবেন॥

তাৎপর্য্য। যদি একাদশীর ব্রতের ব্যাঘাত হয় তবেই বিদ্ধাতে উপবাস করিবেন, আর যদি একাদশীর ব্রতের হানি না হয়, তবে শুদ্ধা নবমীতে উপবাস করিবেন॥

অস্য ব্রতস্য চাগস্ত্যসংহিতাদৌ সবিস্তরং।
বিধিরুক্তঃ প্রসিদ্ধশ্চ লিখ্যতেঽত্র সমাসতঃ॥ ৯১॥

অথ শ্রীরামনবমীব্রতবিধিঃ॥

অষ্টম্যাং চৈত্রমাসস্য শুক্লপক্ষে জিতেন্দ্রিয়ঃ।
দন্তধাবনপূর্ব্বন্তু প্রাতঃস্নায়াদ্যথাবিধি।
দান্তং কুটুম্বিনং বিপ্রং বেদশাস্ত্ররতং সদা।
শ্রীরামপূজানিরতং সুশীলং দম্ভবর্জ্জিতং।
বিধিজ্ঞং রামমন্ত্রাণাং রামমন্ত্রৈকসাধকং।
আহূয় ভক্ত্যা সংপূজ্য শৃণুয়াৎ প্রার্থয়ন্নিতি।
শ্রীরামপ্রতিমাদানং করিষ্যেঽহং দ্বিজোত্তম।
তত্রাচার্য্যো ভব প্রীতঃ শ্রীরামোঽপি ত্বমেব হি।
আচার্য্যং ভোজয়েৎ পশ্চাৎ সাত্ত্বিকান্নৈঃ সুবিস্তরৈঃ।

বাসদ্বয়প্রসঙ্গাদিতি দিক্॥ ৯১॥
অষ্টম্যামিত্যাদি স্পষ্টার্থমেব॥ ৯২॥

অপর, অগস্ত্যসংহিতাদিতে এই ব্রতের বিস্তর বিধি উক্ত হইয়াছে কিন্তু আমি এ স্থলে সংক্ষেপে উহার প্রসিদ্ধমাত্র লিখিতেছি॥ ৯১॥

অথ শ্রীরামনবমীব্রতের বিধি॥

জিতেন্দ্রিয় পুরুষ চৈত্রমাসের শুক্লপক্ষের অষ্টমীতে দন্তধাবন পূর্ব্বক যথাবিধি প্রাতঃকালে স্নান করিবে। তৎপর দান্ত, কুটুম্বি, সর্ব্বদা বেদশাস্ত্ররত, রামপূজাদি তৎপর, সুশীল, দম্ভবর্জ্জিত, রামমন্ত্র সকলের বিধিজ্ঞ, কেবল রামমন্ত্রের একমাত্র সাধক এমত ব্রাহ্মণকে আহ্বান পূর্ব্বক প্রার্থনা করত শ্রবণ করাইবে॥

হে দ্বিজোত্তম! আমি শ্রীরামের প্রতিমা দান করিব, তদ্বিষয়ে আপনিই শ্রীরাম স্বরূপ অতএব প্রীত হইয়া আচার্য্য হউন॥

পশ্চাৎ সুবিস্তর সাত্ত্বিক অন্ন সকল দ্বারা আচার্য্যকে ভোজন করা-

ভুঞ্জীত স্বয়মপ্যেবং হৃদি রামমনুস্মরন্।
তত্রৈকভক্তনিবেদনমন্ত্রঃ॥
নবম্যামঙ্গভূতেন একভক্তেন রাঘব।
ইক্ষ্বাকুবংশতিলক প্রীতো ভব ভবপ্রিয় ইতি।
ততঃ প্রাতঃসমুত্থায় স্নাত্বা সন্ধ্যাং বিধায় চ।
প্রাতঃ সর্ব্বাণি কর্ম্মাণি শীঘ্রমেব সমাপয়েৎ॥
উপবাসনিবেদনমন্ত্রঃ।
উপোষ্য নবমীং ত্বদ্য যামেষ্বষ্টসু রাঘব।
তেন প্রীতোভব ত্বং ভোঃ সংসারাৎ ত্রাহি মাং হরে ইতি॥
বিধিবন্নির্ম্মিতে যাগমণ্ডপে পরমোৎসবৈঃ।
পুণ্যাহং বাচয়িত্বা তু সদ্ভিঃ সঙ্কল্পমাচরেৎ॥
সঙ্কল্পমন্ত্রঃ॥

ইবে, পরে হৃদয়ে রাম চিন্তা করিতে করিতে আপনিও ভোজন করিবে॥

ঐ বিষয়ে একভক্ত নিবেদনমন্ত্র যথা॥

হে রাঘব! হে ইক্ষ্বাকুবংশতিলক! হে ভবপ্রিয়! নবমীর অঙ্গস্বরূপ একভক্ত (একবারমাত্র ভোজন) ব্রত দ্বারা আপনি প্রীত হউন॥

অনন্তর প্রাতঃকালে গাত্রোত্থান পূর্ব্বক স্নান ও সন্ধ্যা বিধান করিয়া শীঘ্র প্রাতঃকালের কর্ম্ম সমুদায় সমাপন করিবে॥

উপবাস নিবেদনমন্ত্র যথা॥

হে রাঘব! অদ্য অষ্টপ্রহরব্যাপিয়া নবমীতে উপবাস করিব, হে হরে! আপনি তদ্দ্বারা প্রীত হউন, আমাকে সংসার হইতে পরিত্রাণ করুন॥

যথাবিধি নির্ম্মিত যাগমণ্ডপে সাধুগণের সহিত পরম উৎসবসহকারে পুণ্যাহ বাচন করিয়া সঙ্কল্প করিবে যথা॥

সঙ্কল্পমন্ত্র॥

অস্যাং রামনবম্যান্তু সমারাধনতৎপরঃ।
উপোষ্যাষ্টসু যামেষু পূজয়িত্বা যথাবিধি।
ইমাং স্বর্ণময়ীং রামপ্রতিমাং সুপ্রযত্নতঃ।
শ্রীরামপ্রীতয়ে দাস্যে রামভক্তায় ধীমতে।
প্রীতোরামোহরত্বাশু পাপানি সুবহূনি মে।
অনেকজন্মসংসিদ্ধান্যভ্যস্তানি মহান্তি চেতি।
মূর্ত্তিং শ্রীরামচন্দ্রস্য সুবর্ণস্য পলেন তু।
অশক্তশ্চেৎ পলার্দ্ধেন তদর্দ্ধার্দ্ধেন বা চরেৎ।
রৌপ্যেণ বাথ লোহেন শিলয়া দারুণাথ বা।
লেপ্যাঞ্চ লেখ্যাং বা কুর্য্যাৎ কৌশল্যাং কল্পিতাং শুভাং ॥৯২॥
বামাঙ্কে জানকীং চাস্য সংশ্লিষ্টাং বামপাণিনা।
দক্ষিণাঙ্কে দশরথং পুত্রাবেক্ষণতৎপরং।
পৃষ্ঠতোলক্ষ্মণং দেবং সচ্ছত্রং সহ চামরং।

বামেঽঙ্কে পার্শ্বে। দক্ষিণেঽঙ্কে পার্শ্বে। অঙ্গ ইতি বা পাঠঃ। দক্ষিণপার্শ্বে পার্শ্বদ্বয়-

এই রামনবমীতে সমারাধন তৎপর হইয়া অষ্টপ্রহর উপবাস পূর্ব্বক যথাবিধি পূজা করিয়া যত্নসহকারে এই রামপ্রতিমা শ্রীরামের প্রীতি নিমিত্ত বুদ্ধিমান্ রামভক্তকে প্রদান করিব। শ্রীরামচন্দ্র প্রীত হইয়া আমার অনেক জন্ম সঞ্চিত ও অভ্যস্ত সুবহু পাপ সকল শীঘ্র হরণ করুন ॥

সমর্থ ব্যক্তি এক পল পরিমিত, আর অসমর্থ ব্যক্তি অর্দ্ধপল বা তাহারও অর্দ্ধ পল স্বর্ণ, অথবা রৌপ্য, লৌহ, শিলা, কাষ্ঠ, লেপ্য, কিম্বা লেখ্য দ্বারা কৌশল্যার ক্রোড়স্থিত শ্রীরামচন্দ্রের শুভ প্রতিমা নির্ম্মাণ করিবে ॥ ৯২ ॥

ঐ রামমূর্ত্তির বামদিকে বামহস্ত দ্বারা সংশ্লিষ্ট জানকী মূর্ত্তি, দক্ষিণ দিকে পুত্রের প্রতি দৃষ্টিতৎপর দশরথ, পৃষ্ঠদেশে ছত্র চামর সহিত লক্ষ্মণ দেব, পার্শ্বদেশে তালবৃন্ত হস্ত ভরত শত্রুঘ্ন এবং অগ্রদেশে রামচন্দ্রের

পার্শ্বে ভরতশক্রুঘ্নৌ তালবৃন্তকরাবুভৌ।
অগ্রে ব্যগ্রং হনূমন্তং রামানুগ্রহকাঙ্ক্ষিণং।
আসনোপরি সংবিশ্য ন্যাসজালং বিধায় চ।
শঙ্খং প্রপূজয়েদগ্রে গন্ধপুষ্পাক্ষতাদিভিঃ।
কলসং বামভাগস্থং পূজাদ্রব্যাণি চাদরাৎ।
পাত্রঞ্চ প্রোক্ষয়েদ্ভক্ত্যা চাত্মানং মন্ত্রমুচ্চরন্।
সর্ব্বেষাং রামমন্ত্রাণাং মন্ত্ররাজঃ ষড়ক্ষরঃ।
তারকব্রহ্মচেত্যুক্তস্তেন পূজা প্রশস্যতে॥ ৯৩॥
বিলিখেৎ সর্ব্বতোভদ্রং বেদিকোপরি সুন্দরং।
সর্ব্বব্রতে সমুদ্দিষ্টং সর্ব্বতোভদ্রমণ্ডলং।
মধ্যে তীর্থোদকৈঃ পূর্ণং কুম্ভং রত্নোদরং শুভং।
চূতপল্লবপুষ্পৈশ্চ যুক্তং ন্যস্যেদলঙ্কৃতং।

ইতি.বা। ততশ্চ সীতাদশরথয়োর্ব্বহিস্তৌ জ্ঞেয়ৌ॥ ৯৩॥
রত্নানি উদরে অভ্যন্তরে যস্য তং॥ ৯৪॥

অনুগ্রহের প্রতি আকাঙ্ক্ষা তৎপর হইয়া আসনোপরি উপবেশন পূর্ব্বক ন্যাসজাল বিধান করিতেছেন" গন্ধ, পুষ্প ও আতপ তণ্ডুল দ্বারা শঙ্খের পূজা করিবে, আদর সহকারে বামভাগস্থ কলস, পূজার দ্রব্য সকল তথা পাত্র এবং আত্মাকে মন্ত্রোচ্চারণ পূর্ব্বক প্রোক্ষণ করিবে॥

যত যত রামমন্ত্র আছে তৎসমুদায়ের মধ্যে ( ওঁ রামায় নমঃ ) এই ষড়ক্ষর মন্ত্রকে মন্ত্ররাজ এবং তারকব্রহ্ম বলাযায়, এই মন্ত্র দ্বারা রামচন্দ্রের পূজা প্রশস্ত॥ ৯৩॥

বেদিকার উপরিভাগে মনোহর সর্ব্বতোভদ্র মণ্ডল লিখিবে। সমস্ত ব্রতে সর্ব্বতোভদ্র মণ্ডল বিহিত। ঐ মণ্ডলের মধ্যভাগে তীর্থোদক পূর্ণ, রত্নগর্ব্ভ, আম্র পল্লব ও পুষ্প-সমন্বিত-পবিত্র-কলস

সৌবর্ণে রাজতে তাম্রে পাত্রে ষট্‌কোণমালিখেৎ ॥ ৯৪ ॥
অলাভে বিল্বপীঠে বা কলসোপরি সংস্থিতে।
উপর্য্যাস্তীর্য্য বস্ত্রে দ্বে অচ্ছিন্নে সুদশে শুভে।
দিব্যসিংহাসনং তত্র স্থাপয়িত্বার্চ্চয়েৎ সুধীঃ।
পীঠার্চ্চাং বিধিবৎ কৃত্বা দত্ত্বা চার্ঘ্যাদিকন্তথা।
ক্ষীরাদিনা চ স্নপনং কুর্য্যাদাবাহনাদি চ।
নানারত্নবিচিত্রাণি দদ্যাদাভরণানি চ।
হিমাম্বুঘৃষ্টরুচিরঘনসারসমন্বিতং।
গন্ধং দদ্যাৎ প্রযত্নেন সাগুরুঞ্চ সকুঙ্কুমং।
কহ্লারকেতকী জাতী পুন্নাগাদ্যৈঃ প্রপূজয়েৎ।
চম্পকৈঃ শতপত্রৈশ্চ সুগন্ধৈঃ সুমনোহরৈঃ।
চূতপল্লবপুষ্পৈশ্চ দূর্ব্বাভিস্তুলসীদলৈঃ।

সৌবর্ণাদি পাত্রস্যালাভে সতি ॥ ৯৫ ॥

স্থাপন করিবে। তৎপরে স্বর্ণ, রজত অথবা তাম্রপাত্রে ষট্‌কোণ লিখিবে ॥ ৯৪ ॥

যদি এই সকল পাত্রের অভাব হয়, তবে কেবল বিল্বকাষ্ঠ-নির্ম্মিত-পীঠে ষট্‌কোণ লিখিয়া কলসের উপর স্থাপন করিয়া তাহার উপরি অচ্ছিন্ন দশা বিশিষ্ট দুই খানি বস্ত্র দিবে। বুদ্ধিমান্ ব্যক্তি তাহাতে সিংহাসন স্থাপন করিয়া পূজা করিবে।

যথাবিধি পীঠপূজা, অর্ঘ্যদান এবং ক্ষীরাদি দ্বারা স্নান করাইয়া—আহ্বানাদি করিবে। তৎপরে শীতলজলঘৃষ্ট চন্দন সমন্বিত, অগুরু ও কুঙ্কুম সহিত গন্ধ যত্ন পূর্ব্বক প্রদান করিবে।

অনন্তর কহ্লার, কেতকী, জাতী, পুন্নাগ, চম্পক, শতপত্র ( পদ্ম ) আম্রপল্লব প্রভৃতি শোভন গন্ধযুক্ত মনোহর পুষ্প, তথা তুলসীপত্র,

কোমলৈর্ব্বিল্বপত্রৈশ্চ অশোককুসুমৈস্তথা ॥ ৯৫ ॥
অথ কৌশল্যাদ্যর্চ্চা ॥
রামস্য জননী চাসি রামাত্মকমিদং জগৎ।
অতস্ত্বাং পূজয়িষ্যামি লোকমাতর্নমোঽস্তু তে।
নমোদশরথায়েতি পূজয়েৎ পিতরং ততঃ।
ততোঽনুজ্ঞাপ্য দেবেশং পরিবারান্ সমর্চ্চয়েৎ।
পূর্ব্বষট্‌কোণকোণেষু হৃদয়াদীনি ষট্ ক্রমাৎ।
ইতি প্রথমমাবরণং ॥
হনূমন্তং সসুগ্রীবং ভরতং সবিভীষণং।
লক্ষ্মণাঙ্গদশত্রুঘ্নান্ জাম্ববন্তং দলেষ্বিমান্ ॥ দ্বিতীয়ং।
ধৃতিং জয়ন্তং বিজয়ং সুরাষ্ট্রং রাষ্ট্রবর্দ্ধনং।

---

কোমল বিল্বপত্র ও অশোক পুষ্প দ্বারা পূজা করিবে ॥ ৯৫ ॥

অথ কৌশল্যা প্রভৃতির পূজা ॥

আপনি রামের জননী, এই জগৎ রামময় অতএব আপনাকে পূজা করিব, হে লোকমাতঃ! আপনাতে আমার নমস্কার থাকুক ॥

তৎপরে “দশরথায় নমঃ” এই বলিয়া শ্রীরামচন্দ্রের পিতাকে পূজা করিবে, তদনন্তর দেবেশ্বর রামচন্দ্রের অনুজ্ঞা গ্রহণ পূর্ব্বক পরিবার-বর্গের পূজা করিবে ॥

পূর্ব্বে যে ষট্‌কোণ স্থাপন করা হইয়াছে তাহার কোণ সকলে ক্রমে হৃদয়াদি ছয় অঙ্গের পূজা করিবে। এই প্রথম আবরণ ॥

তাহার পর অষ্টদল পদ্মের অষ্টদলে হনূমান্, সুগ্রীব, ভরত, বিভীষণ, লক্ষ্মণ, অঙ্গদ, শত্রুঘ্ন ও জাম্ববানের, পূজা করিবে। এই দ্বিতীয় আবরণ ॥

তৎপরে দল মধ্যে, ধৃতি, জয়ন্ত, বিজয়, সুরাষ্ট্র, রাষ্ট্রবর্দ্ধন,

অশোকং ধর্ম্মপালঞ্চ সুমন্ত্রং দলমধ্যতঃ॥ তৃতীয়ং।
দলাগ্রে লোকপালাংশ্চ। চতুর্থং।
তদস্ত্রাণি ততোবহিঃ। পঞ্চমং।
ঘণ্টাঞ্চ বাদয়ন্ ধূপং দীপঞ্চাস্মৈ নিবেদয়েৎ।
ভোক্ষ্যভোজ্যাদিনা ভক্ত্যা নৈবেদ্যং বিধিনার্পয়েৎ।
আচামঞ্চ সুতাম্বূলং মহানীরাজনং ততঃ।
নমঃ কুর্য্যাত্ততঃ স্তোত্রৈঃ স্তুত্বা চ প্রজপেন্মনুং।
শৃণ্বন্ জয়ন্তীমাহাত্ম্যং দিব্যাং রামকথান্তথা॥
রামভক্তৈঃ সমং যামং নয়েদ্রামমনুস্মরন্। ইতি।
প্রথমযামকৃত্যং॥ ৯৬॥

যামং নবমীদিবস প্রথমপ্রহরং॥ ৯৬॥

অশোক, ধর্ম্মপাল ও সুমন্ত্র এই আট জনের পূজা করিবে। ইতি তৃতীয় আবরণ॥

দলের অগ্রে লোকপাল সকলের পূজা করিবে। ইতি চতুর্থ আবরণ॥

দলের বহির্ভাগে অস্ত্র সকলের পূজা করিবে। ইতি পঞ্চমাবরণ॥

তদনন্তর ঘণ্টাবাদন পূর্ব্বক শ্রীরামচন্দ্রকে ধূপ দীপ নিবেদন করিবে, তৎপরে ভক্তি পূর্ব্বক যথাবিধি ভোক্ষ্য ভোজ্যাদি দ্বারা নৈবেদ্য অর্পণ করিবে। অনন্তর, আচমন, তাম্বূলার্পণ, মহানীরাজন, নমস্কার এবং স্তোত্র দ্বারা স্তব করিয়া—মন্ত্র জপ করিবে। তাহার পরে রামভক্তের সহিত জয়ন্তীমাহাত্ম্য, সুশ্রাব্য-রামকথা-শ্রবণ এবং রামচন্দ্রের স্মরণ করিতে করিতে প্রথম যাম অর্থাৎ নবমী দিবসের প্রথম যাম যাপন করিবে। ইতি প্রথম যামকৃত্য॥ ৯৬॥

শঙ্খপাত্রাসনার্চ্চাঞ্চ কুর্য্যাদযামেষ্বতন্দ্রিতঃ।
যামে দ্বিতীয়ে সংপূজ্য মধ্যাহ্নে জন্ম ভাবয়েৎ॥ ৯৭॥
উচ্চস্থে গ্রহপঞ্চকে সুরগুরৌ সেন্দৌ নবম্যাং তিথৌ
লগ্নে কর্কটকে পুনর্ব্বসুযুতে মেষং গতে পূষণি।
নির্দগ্ধুং নিখিলাঃ পলাশসমিধোমেধ্যাদযোধ্যারণে-
রাবির্ভূতমভূদপূর্ব্ববিভবং যৎ কিঞ্চিদেকং মহঃ॥
স্তুত্বৈবং বাদয়েদ্বাদ্যান্যর্ঘং দদ্যাজ্জগৎপতেঃ।

অতন্দ্রিত ইতি সর্ব্বেষেব যামেষু শঙ্খপাত্র পীঠানাং পূজামনালস্যেনাবশ্যং কুর্য্যাদিত্যর্থঃ॥ ৯৭॥

জন্মভাবন বিধিমেবাহ উচ্চস্থ ইতি সূর্য্যাদ্যুচ্চান্ ক্রিয় বৃষ মৃগ স্ত্রী কুলিরান্ত্যযূকে দিগ্বহ্নীন্দ্রদ্বয়তিথি শরান্ সপ্তবিংশাংশ্চ বিংশান্। অংশান্ যাবদ্দদতি যবন ইত্যাদ্যুক্ত নিজ নিজোচ্চস্থানবর্ত্তিনি গ্রহপঞ্চকে মেষ মকর কর্কট মীন তুলাসু ক্রমেণ সূর্য্য ভৌম গুরু শুক্র শনিষু স্থিতেষ্বিত্যর্থঃ। কিঞ্চ। কর্কটে লগ্নে চন্দ্র সহিত গুরাবিতি গুণবিশেষঃ। পলং মাংসমশ্নন্তীতি পলাশা রাক্ষসাস্ত এব সমীধস্তান্নির্দ্দগ্ধুং যথা যজ্ঞেঽরণিজাতোঽগ্নিঃ পলাশকাষ্ঠানি নির্দ্দহতি তদ্বদিতি রূপকার্থঃ॥ ৯৮॥

অনলস হইয়া প্রতি প্রহরে শঙ্খ, পাত্র ও পীঠ এই সকলের অবশ্য পূজা করিবে। দ্বিতীয় যামে এই প্রকার পূজা করিয়া মধ্যাহ্নে জন্ম চিন্তা করিবে॥ ৯৭॥

পাঁচটী গ্রহ উচ্চরাশি-স্থিত অর্থাৎ সূর্য্য, মঙ্গল, গুরু, শুক্র ও শনি, ইহারা মেষ, মকর, কর্ক্কট, মীন ও তুলারাশিতে স্থিত হইলে, বৃহস্পতি চন্দ্রের সহিত মিলিত থাকিলে নবমী তিথিতে কর্ক্কট লগ্নে পুনর্ব্বসু নক্ষত্রে সূর্য্যদেব মেষরাশিতে গমন করিলে, মাংসাশি সমুদায় রাক্ষস রূপ কাষ্ঠকে দগ্ধ করিবার নিমিত্ত অযোধ্যা রূপ যজ্ঞকাষ্ঠে অপূর্ব্ব বিভবশালী কোন এক আশ্চর্য্য তেজঃ আবির্ভূত হইয়াছিলেন॥

এই রূপে স্তব করিয়া বাদ্য-বাদন পূর্ব্বক ফল পুষ্প ও জলপূর্ণ

ফলপুষ্পাম্বু সম্পূর্ণং গৃহীত্বা শঙ্খমুজ্জ্বলং।
অশোকচূতকুসুমৈর্যুক্তঞ্চ তুলসীদলৈঃ।
অর্ঘ্যমন্ত্রঃ॥
দশাননবধার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ।
দানবানাং বিনাশায় দৈত্যানাং নিধনায় চ।
পরিত্রাণায় সাধূনাং জাতোরামঃ স্বয়ং হরিঃ।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং ভ্রাতৃভিঃ সহিতোঽনঘেতি॥
পুনঃ পুষ্পাঞ্জলিং দত্ত্বা যামে যামে হৃতন্দ্রিতঃ।
পূজয়েদ্বিধিবদ্ভক্ত্যা দিবারাত্রং নয়েদ্বুধঃ।
ততঃ প্রাতঃ সমুত্থায় নিত্যকৃত্যং সমাপ্য চ।
বিধিবদ্রামমভ্যর্চ্চ্য ভক্ত্যাচার্য্যং প্রতোষ্য চ॥

উত্তম শঙ্খ গ্রহণ করিয়া তাহাতে অশোক, আম্র মুকুল ও তুলসীপত্র-সমন্বিত করত জগৎপতিকে অর্ঘ্য প্রদান করিবে॥

অর্ঘ্যমন্ত্র যথা॥

দশানন বধ, ধর্ম্মসংস্থাপন, দানবদিগের বিনাশ, দৈত্য সকলের নিধন এবং সাধুগণের পরিত্রাণ জন্য আপনি স্বয়ং হরি রামচন্দ্র জন্ম গ্রহণ করিয়াছেন। হে অনঘ! আমি অর্ঘ্য প্রদান করিতেছি আপনি ভ্রাতৃগণের সহিত গ্রহণ করুন॥

তৎপরে পুনরায় পুষ্পাঞ্জলি দিবে। পণ্ডিত ব্যক্তি অলস পরিত্যাগ পূর্ব্বক ভক্তি সহকারে যথাবিধি পূজা করিয়া দিবারাত্র যাপন করিবেন॥

অনন্তর প্রাতঃকালে গাত্রোত্থান পূর্ব্বক নিত্যকৃত্য সমাপন করিয়া ভক্তি পূর্ব্বক যথাবিধি রামচন্দ্রের অর্চ্চনা করত আচার্য্যকে সন্তোষ করিবে। তৎপরে ব্রাহ্মণদিগের সহিত ভোজন করিয়া তাঁহাদিগকে

ব্রাহ্মণৈঃ সহ ভুঞ্জীত তেভ্যোদদ্যাচ্চ দক্ষিণাং।
পারণমন্ত্রঃ ॥
তব প্রসাদস্বীকারাৎ কৃতং যৎ পারণং ময়া।
ব্রতেনানেন সন্তুষ্টঃ স্বস্তি ভক্তিং প্রযচ্ছ মে ইতি ॥
কৃত্বৈবং ব্রহ্মহত্যাদি পাপেভ্যোমুচ্যতে ধ্রুবং।
তুলাপুরুষদানাদিফলং প্রাপ্নোতি মানবঃ।
অনেকজন্মসংসিদ্ধপাপেভ্যোমুচ্যতে ধ্রুবং।
বহুনা কিমিহোক্তেন ভক্তিস্তস্য করে স্থিতাঃ।
অকিঞ্চনোঽপি নিয়ত উপোষ্য নবমীব্রতং।
শ্রুত্বা জাগরণং ভক্ত্যা পূজয়েদ্বিধিবন্মুনে।
গঙ্গায়াং প্রক্ষিপেল্লেপ্যাং লেখ্যাং মূর্ত্তিং গৃহে ন্যসেৎ।

দক্ষিণা প্রদান করিবে ॥

অথ পারণ মন্ত্র ॥

হে ভগবন্! আপনার প্রসাদ স্বীকার হেতু আমি যে পারণ করিলাম, এই ব্রতদ্বারা আপনি সন্তুষ্ট হইয়া আমাকে স্বস্তি ও ভক্তি প্রদান করুন ॥

যে মনুষ্য এই প্রকার শ্রীরামনবমীর ব্রত করেন, তিনি নিশ্চয় ব্রহ্মহত্যাদি পাপ হইতে মুক্ত হইবেন এবং তুলাপুরুষ প্রভৃতি দানের ফল লাভ করিবেন, আর অনেক জন্ম সঞ্চিত পাপরাশি হইতে নিশ্চয় পরিত্রাণ পাইবেন। কি বলিব যে ব্যক্তি কামনা-রহিত হইয়া নিয়ত এই নবমীর ব্রতে উপবাস পূর্ব্বক জাগরণ শ্রবণ করিয়া ভক্তি পূর্ব্বক যথাবিধি পূজা করেন, হে মুনে! আর অধিক কি বলিব, ভক্তিদেবী তাঁহার হস্তে অবস্থিতি করেন ॥

পণ্ডিত ব্যক্তি লেপ্য মূর্ত্তি গঙ্গায় বিসর্জন করিবেন, লেখ্য মূর্ত্তি

আচার্য্যায় চ হৈমাদিং দদীত প্রতিমাং বুধ ইতি ॥ ৯৮ ॥
অথ দোলমহোৎসবঃ ॥
চৈত্রে সিতৈকাদশ্যাঞ্চ দক্ষিণাভিমুখং প্রভুং।
দোলয়া দোলনং কুর্য্যাদ্গীতনৃত্যাদিনোৎসবং।
তথাচ গারুড়ে ॥
চৈত্রে মাসি সিতে পক্ষে দক্ষিণাভিমুখং হরিং।
দোলারূঢ়ং সমভ্যর্চ্চ্য মাসমান্দোলয়েৎ কলৌ।
তন্নিত্যতা চ পদ্মপুরাণে ॥
ঊর্জ্জে রথং মধৌ দোলাং শ্রাবণে তন্তুপর্ব্ব চ।
চৈত্রে দমনকারোপমকুর্ব্বাণো ব্রজত্যধ ইতি।
দোলারূঢ়শ্চ ভগবানবলোক্য প্রযত্নতঃ।
দোলারূঢ়স্য চাস্যাগ্রে কুর্য্যাজ্জাগরণং শুভং ॥

গৃহে রাখিবেন এবং স্বর্ণাদি নির্ম্মিত প্রতিমা হইলে তাহা আচার্য্যকে সমর্পণ করিবেন ॥ ৯৮ ॥

অথ দোলমহোৎসব ॥

চৈত্রমাসের শুক্লপক্ষের একাদশীতে গীত ও নৃত্যাদি উৎসবের সহিত প্রভুকে দাক্ষিণাভিমুখ করিয়া দোলা দ্বারা দোলন করাইবে ॥

এই বিষয় গরুড়পুরাণে যথা—

কলিযুগে চৈত্রমাসের শুক্লপক্ষে দক্ষিণাভিমুখ হরিকে অভ্যর্চ্চনা করিয়া একমাস যাবৎ আন্দোলিত করিবে ॥

এই বিষয়ের নিত্যতা পদ্মপুরাণে যথা—

কার্ত্তিকমাসে রথ, চৈত্রমাসে দোলা, শ্রাবণে তন্তুপর্ব্ব এবং চৈত্রমাসে মদনকারোপণ না করিলে অধোগামী হইবে ॥

যত্নসহকারে দোলারূঢ় ভগবানের দর্শন করা কর্ত্তব্য, দোলারূঢ়

তন্মাহাত্ম্যঞ্চোক্তং তত্রৈব ॥
দোলারূঢ়ং প্রপশ্যন্তি কৃষ্ণং কলিমলাপহং
অপরাধসহস্রৈস্তে মুক্তা স্তে ঘূর্ণনে কৃতে।
তাবত্তিষ্ঠন্তি পাপানি জন্মকোটিকৃতান্যপি।
যাবন্নান্দোলয়েন্নৃপ কৃষ্ণং কংসবিনাশিনং।
আন্দোলনদিনে প্রাপ্তে রুদ্রেণ সহিতাঃ সুরাঃ।
কুর্ব্বন্তি প্রাঙ্গণে নৃত্যং গীতং বাদ্যঞ্চ হর্ষিতাঃ।
ঋষয়োগণগন্ধর্ব্বা রম্ভাদ্যাপ্সরসাং গণাঃ।
বাসুকিপ্রমুখা নাগাস্তথা দেবাঃ সুরেশ্বরাঃ।
দোলযাত্রাং সমায়ান্তি বিষ্ণুদর্শনলালসাঃ।
দোলযাত্রানিমিত্তন্তু দোলাহে মধুমাধবে।

ঘূর্ণনে আন্দোলনে সতি যে প্রপশ্যন্তি তে মুক্তা ইত্যন্বয়ঃ। যদ্বা। ঘূর্ণনেহপি কৃতে

ভগবানের অগ্রে মঙ্গল জাগরণ করিবে ॥

ইহার মাহাত্ম্য ঐ পদ্মপুরাণেই কথিত হইয়াছে।

যে সকল ব্যক্তি আন্দোলন কালে কলিমলনাশন দোলারূঢ় শ্রীকৃষ্ণকে অবলোকন করেন, তাঁহারা সহস্র ২ অপরাধ হইতে মুক্ত হয়েন॥

হে ভূপ! যে পর্য্যন্ত কংসবিনাশি শ্রীকৃষ্ণকে আন্দোলিত না করে সেই পর্য্যন্ত কোটিজন্ম কৃত পাপ সকল অবস্থিত থাকে ॥

আন্দোলন দিন উপস্থিত হইলে দেবগণ হর্ষ সহকারে প্রাঙ্গণে নৃত্য গীত ও বাদ্য করিয়া থাকেন ॥

অপর ঋষিগণ, গন্ধর্ব্বগণ, রম্ভা প্রভৃতি অপ্সরা সকল, বাসুকি প্রভৃতি নাগ তথা দেব ও দেবেশ্বরগণ বিষ্ণুদর্শনে লালসান্বিত হইয়া দোল যাত্রায় আগমন করিয়া থাকেন ॥

হে মহীপাল! চৈত্র বা বৈশাখ মাসে দোলযাত্রা নিমিত্ত দোলোৎ-

ভূতানি সন্তি ভূপৃষ্ঠে যে কেচিদ্দেবযোনয়ঃ।
সমায়ান্তি মহীপাল কৃষ্ণে দোলাস্থিতে ধ্রুবং।
বিষ্ণুং দোলাস্থিতং দৃষ্ট্বা ত্রৈলোক্যস্যোৎসবোভবেৎ।
তস্মাৎ কার্য্যশতং ত্যক্ত্বা দোলাহে উৎসবং কুরু॥
প্রহ্লাদে তু সমায়াতে বিষ্ণুর্দোলাবরোহণং।
কুরুতে পাণ্ডবশ্রেষ্ঠ বরং দত্তমনুস্মরন্।
দোলাস্থিতস্য কৃষ্ণস্য যেঽগ্রে কুর্ব্বন্তি জাগরং।
সর্ব্বপুণ্যফলাবাপ্তির্নিমেষৈকেন জায়তে॥
দোলাসংস্থস্তু যে কৃষ্ণং পশ্যন্তি মধুমাধবে।
ক্রীড়ন্তি বিষ্ণুনা সার্দ্ধং বৈকুণ্ঠে দেববন্দিতাঃ।

সর্ব্বেঽপরাধসহস্রৈর্মুক্তা ভবন্তীতি বাক্যান্তরং। মধুমাধবে বসন্ত ইত্যর্থঃ যদ্বা মধৌ মাধবে বেত্যর্থঃ। কদাচিদ্বিঘ্নাপাতাদ্বৈশাখেঽপি তৎকরণাৎ॥ ৯৯॥

সব দিবসে শ্রীকৃষ্ণ দোলাস্থিত হইলে ভূমিতে যত প্রাণী বা দেবযোনি আছেন নিশ্চয় তাঁহারা তথায় আগমন করিয়া থাকেন॥

হে রাজন্! বিষ্ণুকে দোলাস্থিত অবলোকন করিয়া ত্রৈলোক্যের উৎসব উপস্থিত হয়, অতএব শত শত কার্য্য পরিত্যাগ করিয়া দোলার দিবস উৎসব কর॥

হে পাণ্ডবশ্রেষ্ঠ! প্রহ্লাদ আগমন করিলে তাঁহাকে বর দেওয়া হইয়াছে, এই অনুস্মরণ করিয়া বিষ্ণু দোলায় আরোহণ করেন॥

যে সকল ব্যক্তি দোলাস্থিত শ্রীকৃষ্ণের অগ্রে জাগরণ করেন, এক নিমেষ কালে তাঁহাদের সমস্ত পুণ্যের ফল লাভ হয়॥

যাঁহারা চৈত্র বা বৈশাখ মাসে শ্রীকৃষ্ণকে দোলাসংস্থিত অবলোকন করেন, তাঁহারা দেববন্দিত হইয়া বৈকুণ্ঠলোকে বিষ্ণুর সহিত ক্রীড়া করেন॥

কিঞ্চান্যত্র ॥

দক্ষিণাভিমুখং দেবং দোলারূঢ়ং সুরেশ্বরং।

সকৃদ্দৃষ্ট্বা তু গোবিন্দং মুচ্যতে ব্রহ্মহত্যয়েতি ॥ ৯৯ ॥

অথ দোলোৎসববিধিঃ ॥

চৈত্রস্য শুক্লদ্বাদশ্যাং প্রাতঃকৃত্যং সমাপ্য চ।

নিত্যপূজাং বিধায়াথ কুর্য্যাদ্দোলোৎসবং ব্রতী।

তদর্থঞ্চ বিশেষেণ নৈবেদ্যাদিকমর্পয়েৎ।

সংমান্য বৈষ্ণবাংস্তৈশ্চ গীতনৃত্যাদি কারয়েৎ।

মহানীরাজনং কৃত্বা প্রক্ষিপেদচ্যুতোপরি।

গন্ধানুলেপচূর্ণাদি বিচিত্রাণি বিভাগশঃ ॥ ১০০ ॥

অথ নিত্যপূজানন্তরং। ব্রতী কৃতোপবাসঃ পূর্ব্বলিখিত দশম্যাদিনিয়মযুক্তো বা। তদর্থং দোলোৎসবার্থং। বিশেষেণ অন্যদিনাদাধিক্যেন। সংমান্য আদৌ সাদরং নিমন্ত্র্যাহূয় পাদপ্রক্ষালনপূর্ব্বকং শ্রীচরণামৃতাম্বুলেপনমাল্যাদি মহাপ্রসাদপ্রদানে সম্পূজ্য। তৈর্ব্বৈষ্ণবৈঃ। আদিশব্দেন বাদ্যনামসঙ্কীর্ত্তনাদি। বিচিত্রাণি গন্ধাদীনি। বিভাগশঃ শ্রীমদঙ্গোষ্ঠীবাদিভূষণ দোলাদৌ ভাগে ভাগে পৃথক্ অচ্যুতোপরি প্রক্ষিপেৎ। তত্র গন্ধঃ। অগুর্ব্বাদি সাধিত সুরভিদ্রব্যবিশেষঃ। অনুলেপশ্চন্দনাদিপঙ্কং। চূর্ণানি চ পটবাসাঃ। এতচ্চ বাসন্তিকদোলক্রীড়াবিশেষলক্ষণং ॥ ১০০ ॥

আরও অন্যস্থলে ॥

একবারও যদি দক্ষিণাভিমুখ দোলারূঢ় সুরেশ্বর গোবিন্দদেবকে অবলোকন করে, তাহা হইলে ব্রহ্মহত্যা পাপ হইতে পরিত্রাণ পায় ॥৯৯॥

অথ দোলোৎসব বিধি ॥

ব্রতী ব্যক্তি চৈত্রমাসের শুক্লা দ্বাদশীতে প্রাতঃকৃত্য সমাপন পূর্ব্বক নিত্যপূজা বিধান করিয়া দোলোৎসব করিবে। দোলযাত্রা নিমিত্ত বিশেষরূপে নৈবেদ্যাদি সমর্পণ ও বৈষ্ণবদিগের সম্মান করিয়া গীত নৃত্যাদি করাইবে। তাহার পর মহানীরাজন পূর্ব্বক শ্রীকৃষ্ণের উপরে বিচিত্র গন্ধ অনুলেপ ও চূর্ণ সকল পৃথক্ ২ নিক্ষেপ করিবে ॥ ১০০ ॥

সন্তোষ্য বৈষ্ণবাংস্তৈশ্চ গীতনৃত্যাদিভিঃ প্রভুং।
নত্বাভ্যর্থ্যাপ্রমত্তঃ সন্ দোলামারোহয়েচ্ছুভাং।
নীত্বা বহির্বেদিকায়ামুত্তুঙ্গায়াং যথাবিধি।
অভ্যর্চ্চ্যান্দোলয়েৎ কৃষ্ণং সর্ব্বলোকাবলোকিতং॥ ১০১॥
এবমভ্যর্চ্চয়ন্ যামে যামে ত্বান্দোলয়ন্ প্রভুং।
মহোৎসবেন গময়েদ্দিনং রাত্রিঞ্চ যত্নতঃ।

তৈর্গন্ধাদিভির্বৈষ্ণবান্ সন্তোষ্য প্রভুঞ্চ ভগবন্তং নত্বা প্রণম্য অভ্যর্থ্য চ সর্ব্বলোকহিতার্থং নিজজনসুখার্থঞ্চ সুখং দোলামারুহ্য সাবধানমান্দোলনলীলাং বিধেহীত্যাদি তথা বলীয়সা পদা স্বামিন্ পদবীমবধারয়েত্যাদিকঞ্চ প্রার্থ্য। অপ্রমত্তঃ সাবধানঃ সন্ শুভাং নির্ম্মাণবিশেষতোঽলঙ্কারবিশেষতশ্চোত্তমাং দোলাং গীতাদিভিরারোহয়েৎ। আদিশব্দেন জয় জয়েত্যাদি মঙ্গলঘোষবেদঘোষাবাদ্য সঙ্কীর্ত্তনাদিঃ। বহির্দোলায়াং। উত্তুঙ্গায়াং অত্যুচ্চায়াং তদুপরীত্যর্থঃ। এতচ্চ সর্ব্বলোকানাং সুখদর্শনার্থং। যথাবিধীতি বেদিকাং তামুপস্কৃত্য ধ্বজপতাকাতোরণাদিভিরলঙ্কৃত্য চ দৃঢ় পট্ট বসনেন পার্শ্বদ্বয়ে স্তম্ভাদৌ দোলাং নিবধ্য দোলারূঢ়স্য ভগবতোঽর্চ্চনে ফলবিশেষোক্তেরান্দোলনশ্রমবিশেষদৃষ্টেশ্চ পূজাবিশেষং কৃত্বা মহানীরাজনং কৃত্বা গন্ধাদিকঞ্চ প্রক্ষিপ্য শনৈঃ শনৈঃ সাবধানমান্দোলয়েদিত্যাদি প্রকার উহ্যঃ। সর্ব্বলোকৈরবলোকিতং যথাস্যাত্তথান্দোলয়েৎ। দোলারূঢ়ভগবদ্দর্শনে ফলবিশেষোক্তেঃ॥১০১
এবমনেন লিখিত প্রকারেণ যামে যামে প্রতিপ্রহরং প্রভুমভ্যর্চ্চয়ন্ আন্দোলয়ংশ্চ সন্ মহোৎসবেন নৃত্যগীতাদিনা দিনং রাত্রিঞ্চ গময়েৎ। অত্র প্রতিযামমভ্যর্চ্চনমান্দোলনঞ্চ

অনন্তর ঐ সকল গন্ধাদি দ্বারা বৈষ্ণবদিগের সন্তোষ সাধন করিয়া অপ্রমত্ত চিত্তে ভগবান্‌কে নমস্কার করিয়া গীত নৃত্যাদির সহিত উৎকৃষ্ট দোলায় আরোহণ করাইবে॥

তাহার পর যাহাতে সকল লোকে দেখিতে পায় এমত বহিঃস্থ অত্যুচ্চ বেদিকার উপর শ্রীকৃষ্ণকে লইয়া গিয়া যথাবিধি অর্চ্চনা পূর্ব্বক আন্দোলিত করিবে॥ ১০১॥

এই প্রকারে যত্নসহকারে প্রতি প্রহরে গোবিন্দের পূজা ও আন্দোলন মহোৎসব দ্বারা দিবা রাত্র যাপন করিবে॥

এবং জাগরণং কৃত্বা বৈষ্ণবৈঃ সহ বৈষ্ণবঃ ।
প্রণম্য প্রার্থ্য নির্ম্মঞ্জ্য কৃষ্ণং স্বালয়মানয়েৎ ।
কেচিচ্চ বৈষ্ণবাঃ শুক্লতৃতীয়ায়াং মহোৎসবং ।
ইমমিচ্ছন্তি শক্তাশ্চ কুর্ব্বতে মাসমেব তং ।
অথাচোক্তং ॥
চৈত্রে মাসি সিতে পক্ষে তৃতীয়ায়াং রমাপতিং ।
দেলারূঢ়ং সমভ্যর্চ্চ্য মাসমান্দোলয়েৎ কলাবিতি ॥ ১০২ ॥
যৎ ফাল্গুনস্য রাকাদাবুত্তরাফল্গুনী যদা ।

ততঃ পুষ্পাঞ্জলিং দত্ত্বা যামে যামে হুতস্ত্রিতঃ ইতি রামার্চ্চনচন্দ্রিকোক্তেঃ তথা একাদশীজাগরণে যামে যামে মহাভাগ কুর্য্যাদারাত্রিকং হরেরিত্যাদি স্কান্দোক্তেশ্চানুসারতঃ তথাত্রৈব ঘূর্ণনে কৃত ইতি যাবন্নান্দোলয়েদিত্যাহ্যুক্তাদোলনস্য পৌনঃপুন্যপ্রতীতেরিতি দিক্। প্রার্থ্যেতি দেবালয়ান্তরধিবাস্য শ্রীশালগ্রামশিলাগ্রে স্থাপিতস্য দমনকস্যারোপণোৎসবার্থমান্দোলন লীলামেতামপহায় ভগবন্ সেবকজনবাৎসল্যেন সুখং সাবধানং স্বমন্দিরে বিজয়ং বিধেহীত্যাদি প্রার্থনাং কৃত্বা। নির্ম্মঞ্জ্য দোলক্রীড়ায়াং দৃষ্টিমুত্তার্য্য। স্বালয়ং দেবালয়ং আ সম্যক্ গীতবাদ্যাদিনা নয়েৎ। ইমং দোলযাত্রাখ্যং ॥ ১০২ ॥

রাকা পূর্ণিমা। আদিশব্দেন প্রতিপদাদি। কদাচিৎ প্রতিপদি কদাচিদ্দ্বিতীয়ায়ামপি

বৈষ্ণব ব্যক্তি বৈষ্ণবগণের সহিত এইরূপ রাত্রি জাগরণ, প্রণাম, প্রার্থনা ও আরাত্রিক করিয়া শ্রীকৃষ্ণকে নিজালয়ে আনয়ন করিবেন ॥

কোন ২ বৈষ্ণব শুক্লপক্ষের তৃতীয়ায় এই দোলযাত্রা ইচ্ছা করেন, অপর যাঁহারা সমর্থ তাঁহারা একমাস যাবৎ দোলোৎসব করিয়া থাকেন ॥

এই বিষয় উক্ত হইয়াছে যথা ॥

কলিযুগে চৈত্রমাসে শুক্লপক্ষে তৃতীয়ায় দোলারূঢ় রমাপতিকে অর্চ্চনা করিয়া একমাস পর্য্যন্ত আন্দোলিত করিবে ॥ ১০২ ॥

যখন ফাল্গুন মাসের পূর্ণিমায় বা প্রতিপদে অথবা দ্বিতীয়ায় উত্তর

তথা দোলোৎসবঃ কার্য্যস্তচ্চ শ্রীপুরুষোত্তমে ॥ ১০৩ ॥
কিন্ত্বীদৃগ্ভক্তিসংদর্শি জগন্নাথানুসারতঃ।
দোলা চন্দন কীলাল রথযাত্রাশ্চ কারয়েৎ ॥ ১০৪ ॥
অথ দমনকারোপণোৎসবঃ ॥
চৈত্রস্য শুক্ল দ্বাদশ্যাং দমনারোপণোৎসবং।
বিদধ্যাত্তদ্বিধির্ব্বোধায়নাদ্যুক্তোত্র লিখ্যতে।

উত্তরফল্গুনীনক্ষত্রযোগাৎ কার্য্য ইতি যৎ তচ্চ শ্রীপুরুষোত্তক্ষেত্রে ন তু সর্ব্বত্র পুরুষোত্তম-খণ্ডাদৌ তত্রৈব তস্য বিধানাৎ॥ ১০৩ ॥

তথাপি তদ্দৃষ্ট্যান্যত্রাপি তথৈব দোলাদ্যুৎসবঃ কর্ত্তব্য ইতি লিখতি কিন্ত্বিতি। ঈদৃশী মূর্ত্তিপূজা যাত্রোৎসবাদিরূপা যা ভক্তিঃ তস্যাঃ সম্যগ্দর্শনশীলস্য লোকগ্রাহকস্য শ্রীজগন্নাথ-দেবস্য অনুসারতঃ যস্মিন্ দিনে যথা তৎক্ষেত্রে ভবেত্তদ্দিনেপি তথা দোলযাত্রাং চন্দনযাত্রাং জলযাত্রাং রথযাত্রাঞ্চ কুর্য্যাদেবেত্যর্থঃ তত্র হেতুত্বেন লিখিতমেব ঈদৃগ্ ভক্তিসন্দর্শীতি। মহোৎসব বাহুল্যঞ্চ গুণাবহমেবেতি দিক্ ॥ ১০৪ ॥

তত্র দমনকারামে অশোকবৃক্ষরূপং স্মরমক্ষতচন্দনাদিনা পূজয়েৎ। অত্র চ কামরূপেণ শ্রীভগবত এব পূজাদিকং জ্ঞেয়ং। যদ্বা ভগবদর্পণায় দমনকগুণবিশেষার্থং কামদেবস্যেবেতি দিক ॥ ১০৫ ॥

ফল্গুনী নক্ষত্র হইবে তখন দোলোৎসব করিবে, পুরুষোত্তম ক্ষেত্রে এই রূপ হইয়া থাকে ॥ ১০৩ ॥

কিন্তু এই প্রকার মূর্ত্তিপূজা ও যাত্রোৎসবাদি ভক্তির আদর্শ স্বরূপ, লোকগ্রাহক জগন্নাথদেবের অনুসারে দোলযাত্রা, চন্দনযাত্রা, স্নান যাত্রা ও রথযাত্রা করিবে। তথায় এই সকল যাত্রা যে যে দিনে হইয়া থাকে তদনুসারে করিতে হইবে ॥ ১০৪ ॥

অথ দমনকারোপণোৎসব ॥

চৈত্র মাসের শুক্লপক্ষের দ্বাদশীতে দমনকারোপণোসব বিধান করিবে, এই বিষয়ে বৌধায়নাদির কথিত বিধি লিখিত হইতেছে ॥

মধোঃ সিতৈকাদশ্যাঞ্চ প্রাতঃকৃত্যং সমাপ্য চ।
গত্বা দমনকারামং তত্রাশোকং স্মরং যজেৎ।
তত্র মন্ত্রঃ॥
অশোকায় নমস্তুভ্যং কামস্ত্রীশোকনাশনঃ।
শোকার্ত্তিং হর মে নিত্যমানন্দং জনয়স্ব মে ইতি॥ ১০৫॥
নেষ্যামি কৃষ্ণপূজার্থং ত্বাং কৃষ্ণপ্রীতিকারকং।
ইতি সংপ্রার্থ্য নত্বাচ গৃহ্লীয়াদ্দমনং শুভং॥ ১০৬॥
প্রোক্ষ্য তং পঞ্চগব্যেন প্রক্ষাল্যাদ্ভিঃ প্রপূজ্য চ।
বস্ত্রেণাচ্ছাদ্য বেদাদিঘোষেণ গৃহমানয়েৎ॥ ১০৭॥

গৃহ্লীয়াদিতি নিজদমনকারামাভাবেহন্যোদ্যানাদপীত্যর্থঃ। শুভং পরমোত্তমং সুন্দরমঞ্জর্য্যাদিযুক্তং॥ ১০৬॥

তং দমনং অদ্ভিঃ শুদ্ধোদকেন প্রক্ষাল্য প্রপূজ্য অক্ষতগন্ধাদিভিঃ সমভ্যর্চ্চ্য বস্ত্রেণ আচ্ছাদ্যেতি নবপটে নিধায় সিতধৌতবাসসাচ্ছাদ্যেতি জ্ঞেয়ং। আদিশব্দেন গীতবাদ্যাদি॥ ১০৭॥

চৈত্র মাসের শুক্লা একাদশীতে প্রাতঃকৃত্য সমাপন পূর্ব্বক দমনকের উদ্যানে গিয়া তথায় অশোক বৃক্ষরূপ কন্দর্পের পূজা করিবে॥

তদ্বিষয়ক মন্ত্র যথা॥

অশোকরূপি আপনাকে নমস্কার করি, আপনি কামস্ত্রীর শোক নাশ করেন, আমার শোক ও পীড়া হরণ করুন এবং আমার নিত্য আনন্দ উৎপাদন করিয়া দিউন॥ ১০৫॥

আপনি শ্রীকৃষ্ণের প্রীতিকারক অতএব শ্রীকৃষ্ণের পূজার নিমিত্ত আপনাকে লইয়া যাইতেছি। এই রূপ প্রার্থনা ও নমস্কার করিয়া পবিত্র দমনক গ্রহণ করিবে॥ ১০৬॥

তৎপরে দমনক বৃক্ষকে পঞ্চগব্যদ্বারা প্রোক্ষণ, জল দ্বারা প্রক্ষালন ও বস্ত্র দিয়া আচ্ছাদন করিয়া বেদমন্ত্র উচ্চারণ করিতে করিতে গৃহে আনয়ন করিবে॥ ১০৭॥

অথ দমনকাধিবাসবিধিঃ ॥

কৃষ্ণস্যাগ্রে সমুদ্ধৃত্য সর্ব্বতোভদ্রমণ্ডলং।
নিধায় দমনং তত্র রাত্রৌ তদধিবাসয়েৎ।

তত্র মন্ত্রঃ ॥

পূজার্থং দেবদেবস্য বিষ্ণোর্লক্ষ্মীপতেঃ প্রভোঃ।
দমন ত্বমিহাগচ্ছ সান্নিধ্যং কুরু তে নমঃ ॥ ইতি ॥ ১০৮ ॥
সবীজং কামদেবঞ্চ তথা ভস্মশরীরকং।
অনঙ্গং মন্মথঞ্চৈব বসন্তসখমেব চ।
স্মরং তথেক্ষুচাপঞ্চ পুষ্পবাণঞ্চ পূজয়েৎ।

তত্র মণ্ডলে তৎপটনিহিতং দমনকং। অধিবাসয়েদিতি নিত্যক্রিয়াং নির্ব্বর্ত্ত্য ভগবতঃ পূজাং বিশেষতঃ কৃত্বা তদনুজ্ঞয়া তদধিবাসনং কুর্য্যাদিতি বোদ্ধব্যং ॥ ১০৮ ॥

দমনকস্য প্রাগাদ্যষ্টদিক্ষু ক্রমেণ কামদেবাদ্যষ্টকং কামবীজসহিতঞ্চ বিধিবৎ ইক্ষ্বক্ষত-গন্ধাদিভিঃ পূজয়েৎ। তত্র প্রয়োগঃ। ক্লীঁ কামদেবায় নমঃ। ক্লীঁ রত্যৈ নমঃ

অথ দমনকের অধিবাস বিধি ॥

শ্রীকৃষ্ণের অগ্রে সর্ব্বতোভদ্রমণ্ডল লিখিয়া, তাহাতে দমনক স্থাপন করত রাত্রে তাহার অধিবাস করিবে ॥

অধিবাসের মন্ত্র যথা ॥

হে দমন! দেবদেব লক্ষ্মীপতি প্রভু বিষ্ণুর পূজা নিমিত্ত তুমি এ স্থানে আগমন কর, এ স্থানে সন্নিধান কর, তোমাকে নমস্কার ॥ ১০৮ ॥

তদনন্তর দমনবৃক্ষের পূর্ব্বাদি অষ্টদিকে বীজ এবং রতির সহিত * কামদেব, ভস্মশরীর, অনঙ্গ, মন্মথ, বসন্তসখ, স্মর, ইক্ষুচাপ এবং

* প্রয়োগ। পূর্ব্বে ক্লীঁ কামদেবায় রত্যৈ নমঃ। অগ্নিকোণে, ক্লীঁ ভস্মশরীরায় রত্যৈ নমঃ। দক্ষিণে, ক্লীঁ অনঙ্গায় রত্যৈ নমঃ। নৈর্ঋতকোণে, ক্লীঁ মন্মথায় রত্যৈ নমঃ। পশ্চিমে, ক্লীঁ বসন্তসখায় রত্যৈ নমঃ। বায়ুকোণে, ক্লীঁ স্মরায় রত্যৈ নমঃ। উত্তরে, ক্লীঁ ইক্ষুচাপায় রত্যৈ নমঃ। ঈশানকোণে, ক্লীঁ পুষ্পবাণায় রত্যৈ নমঃ ॥

প্রাগাদি দিক্ষু রত্যাদ্যং বিধিবদ্দমনে ক্রমাৎ ॥ ১০৯ ॥
অষ্টোত্তরশতং কামগায়ত্র্যা চাভিমন্ত্র্য তৎ।
দত্ত্বা পুষ্পাঞ্জলিং কামদেবং বন্দেত মন্ত্রবৎ।
মন্ত্রশ্চায়ং ॥
নমোস্তু পুষ্পবাণায় জগদাহ্লাদকারিণে।
মন্মথায় জগন্নেত্রে রতিপ্রীতিপ্রদায়িনে ইতি।
আমন্ত্রিতোসি দেবেশ পুরাণ পুরুষোত্তম।
প্রাতস্ত্বাং পূজয়িষ্যামি সান্নিধ্যং কুরু কেশব।
নিবেদয়াম্যহং তুভ্যং প্রাতর্দ্দমনকং শুভং।
সর্ব্বথা সর্ব্বদা বিষ্ণো নমস্তেঽস্তু প্রসীদ মে।

ইত্যাদি। যদ্বা কেশবাদিন্যাসবৎ ক্লীঁ কামদেবায় রত্যৈ নমঃ ইত্যাদি ॥ ১০৯ ॥

পুষ্পবাণ, যথাবিধি ক্রমশঃ ইহাঁদের পূজা করিবে ॥ ১০৯ ॥

তৎপরে, অষ্টোত্তরশত কামগায়ত্রী দ্বারা দমনবৃক্ষ অভিমন্ত্রিত করিয়া মন্ত্রোচ্চারণ সহকারে কামদেবকে পুষ্পাঞ্জলি দিয়া প্রণাম করিবে ॥

মন্ত্র যথা—

আপনি পুষ্পবাণ, জগদাহ্লাদকারী, মন্মথ, জগতের নেতা, এবং রতির প্রীতিপদ, আপনাতে আমার নমস্কার থাকুক ॥

হে দেবেশ! হে পুরাণ! হে পুরুষোত্তম! আপনি আমন্ত্রিত হইয়াছেন, হে কেশব! প্রাতঃকালে আপনাকে পূজা করিব, আপনি সান্নিধ্য করুন ॥

হে বিষ্ণো! আমি প্রাতঃকালে আপনাকে পবিত্র দমনক নিবেদন করিব, আপনি সর্ব্ব প্রকারে প্রসন্ন হউন, আপনাতে সর্ব্বদা আমার নমস্কার থাকুক ॥

ইত্থমামন্ত্র্য দেবেশং দত্ত্বা পুষ্পাঞ্জলিং পুনঃ।
গীতনৃত্যাদিনা রাত্রৌ কুর্য্যাজ্জাগরণং মুদা ॥ ১১০ ॥
অথ দমনকার্পণবিধিঃ ॥
প্রাতঃ স্নানাদি নির্ব্বর্ত্ত্য নিত্যপূজাং বিধায় চ।
দমনারোপণার্থঞ্চ মহাপূজাং সমাচরেৎ।
ততোদমনকং ভক্ত্যা পাণিভ্যাং পরিগৃহ্য চ।
ঘণ্টাদি বাদ্যঘোষেণ শ্রীকৃষ্ণায় সমর্পয়েৎ ॥ ১১১ ॥
অত্র মন্ত্রঃ ॥
দেবদেব জগন্নাথ বাঞ্ছিতার্থপ্রদায়ক।
কৃৎস্নান্ পূরয় মে কৃষ্ণ কামান্ কামেশ্বরীপ্রিয়।

---

তদ্দমনকমভিমন্ত্র্য। জাগরশ্চ দোলারূঢ়স্য ভগবতোঽগ্রে যত্তদেব কিম্বা শক্তৌ সত্যাং দমনকাধিবাসস্থানে পুত্রাদিদ্বারেণ পৃথক্ কুর্য্যাৎ ॥ ১১০ ॥

সমর্পয়েদিতি সমর্পণঞ্চাদৌ দেবস্য শিরসি দমনকমঞ্জরীমারোপয়েৎ ততো যথাশোভং শ্রীচরণাদাবারোপয়েদিতি জ্ঞেয়ং ॥ ১১১ ॥

কামেশ্বরী রতিঃ তস্যাঃ প্রিয় ইতি। কৃষ্ণস্য কামদেবত্বেনার্চ্চনাৎ। যদ্বা। সর্ব্বকামপ্রদা ভগবতী লক্ষ্মীঃ। যদ্বা। শ্রীকৃষ্ণস্য সর্ব্বকামপূরণী শ্রীরাধা তৎপ্রিয়েতি সম্বোধনং কামবিশেষ-

---

এই প্রকার দেবেশ্বরকে আমন্ত্রণ পূর্ব্বক পুনর্ব্বার পুষ্পাঞ্জলি দিয়া আনন্দ সহকারে গীত নৃত্যাদি দ্বারা রাত্রি জাগরণ করিবে ॥ ১১০ ॥

অথ দমনকার্পণ বিধি ॥

প্রাতঃস্নানাদি নির্ব্বাহ পুরঃসর নিত্য পূজা বিধান করিয়া দমনকারোপণের নিমিত্ত মহাপূজা বিধান করিবে ॥

তদনন্তর ভক্তিপূর্ব্বক দুই হস্তে দমনক গ্রহণ করিয়া ঘণ্টাদিবাদ্যের সহিত শ্রীকৃষ্ণকে সমর্পণ করিবে ॥ ১১১ ॥

দমনকারোপণ মন্ত্র ॥

হে দেবদেব! হে জগন্নাথ! হে বাঞ্ছিতার্থপ্রদ! হে কামেশ্বরী-

ইদং দমনকং দেব গৃহাণ মদনুগ্রহাৎ।
ইমাং সাম্বৎসরীং পূজাং ভগবন্নিহ পূরয়েতি ॥ ১১২ ॥
ততো দামনকীং মালাং গন্ধাদীনি সমর্প্য চ।
গীতাদিনোৎসবং কৃত্বা শ্রীকৃষ্ণং প্রার্থয়েদিদং ॥ ১১৩ ॥
মণিবিদ্রুমমালাভির্মন্দারকুসুমাদিভিঃ।
ইয়ং সাম্বৎসরীপূজা তবাস্তু গরুড়ধ্বজ ॥ ১১৪ ॥
বনমালাং যথা দেব কৌস্তুভং সততং হৃদি।
তদ্বদ্দামনকীং মালাং পূজাঞ্চ হৃদয়ে বহেত্যাদি ॥

পূরণার্থং প্রীত্যা দমনকগ্রহণার্থং বা ইতি দিক্ ॥ ১১২ ॥

দামনকীং দমনকমঞ্জরীবিরচিতাং মালাং ভগবতে সমর্প্য অনন্তরং গন্ধাদ্যুপচারান্ পঞ্চ সমর্প্য গীতনৃত্যাদিনা মহোৎসবং দমনকারোপণযাত্রাসম্বন্ধিনং কৃত্বা মণিবিদ্রুমেত্যাদি- প্রার্থয়েৎ ॥ ১১৩ ॥

ইয়ং মৎকৃত দমনকার্পণরূপা পূজৈব মণিবিদ্রুমমালাদিভিঃ পূজা তবাস্তু। তাভির্যথা প্রীয়সে অনয়াপি তথা প্রীতো ভবেতি ভাবঃ ॥ ১১৪ ॥

পূজাঞ্চ হৃদয়ে বহ প্রীত্যা স্বীকুরু ॥ ১১৫ ॥

প্রিয়! হে কৃষ্ণ! আমার সমুদায় কামনা পরিপূর্ণ করুন ॥

হে দেব! হে ভগবন্! আমার প্রতি অনুগ্রহ হেতু এই দমনক গ্রহণ এবং ইহলোকে আমার এই সাম্বৎসরী পূজা পরিপূর্ণ করুন ॥ ১১২

তদনন্তর দামনকী মালা ও গন্ধাদি সকল সমর্পণ পূর্ব্বক গীতাদি দ্বারা উৎসব করিয়া শ্রীকৃষ্ণকে এই প্রার্থনা করিবে ॥ ১১৩ ॥

হে গরুড়ধ্বজ! আমার এই দমনকার্পণরূপ সাম্বৎসরী পূজা আপনার সম্বন্ধে মণি বিদ্রুম ও মন্দারকুসুমাদি মালা দ্বারা পূজার ন্যায় হউন ॥ ১১৪ ॥

হে দেব! আপনি যেমন সর্ব্বদা হৃদয়ে বনমালা ও কৌস্তুভ ধারণ করেন, তদ্রূপ এই দামনীমালা রূপ পূজা হৃদয়ে বহন করুন, অর্থাৎ

ভগবন্তং প্রণম্যাথ গুরুং সংপূজ্য ভক্তিতঃ।
সম্পূজ্য ব্রাহ্মণান্ শক্ত্যা ভুঞ্জীত সহ বন্ধুভিঃ ॥ ১১৫ ॥
পারণাহে ন লভ্যেত দ্বাদশীঘটিকাপি চেৎ।
তদা ত্রয়োদশী গ্রাহ্যা পবিত্রা দমনার্পণে ॥ ১১৬ ॥
ন কৃষ্ণে দমনারোপঃ স্যান্মধৌ বিঘ্নতো যদি।
বৈশাখ্যাং শ্রাবণে মাসি কর্ত্তব্যং বা তদর্পণং ॥ ১১৭ ॥
অতএবোক্তং ব্রহ্মণা দেবীপুরাণে ॥
চৈত্রাদৌ কারয়েৎ পূজাং সম্যগ্বৎস যথাবিধি।
গন্ধধূপার্ঘ্যনৈবেদ্যৈর্মাল্যৈর্দমনকোদ্ভবৈঃ।

এবং বিধিং বিলিখ্য তত্র কালং নিশ্চিনোতি পারণাহ ইতি দ্বাভ্যাং ॥ ১১৬ ॥

বিঘ্নতো যদি মধৌ চৈত্রে ন স্যাৎ তদা বৈশাখ্যাং পূর্ণিমায়াং দ্বাদশ্যাম্বা শ্রাবণে বা তস্য দমনকস্যার্পণং কর্ত্তব্যং। শ্রাবণেঽপি তথৈব বোদ্ধব্যং সর্ব্বত্র ভগবন্মহোৎসবে দ্বাদশ্যেব প্রশস্তা ভগবৎতিথিত্বাৎ ॥ ১১৭ ॥

আদিশব্দেন বৈশাখাদি। দমনকারোপণ মাহাত্ম্যঞ্চাহ সর্ব্বকামানিতি পাদত্রয়েণ ॥১১৮॥

প্রীতি সহকারে স্বীকার করুন ॥

অনন্তর ভগবান্‌কে প্রণাম, এবং ভক্তিপূর্ব্বক গুরু ও যথাশক্তি ব্রাহ্মণদিগকে পূজা করিয়া বন্ধুগণের সহিত ভোজন করিবে ॥ ১১৫ ॥

যদি পারণ-দিবসে একদণ্ডও দ্বাদশী লাভ না হয়, তাহা হইলে দমনকার্পণ বিষয়ে শুদ্ধ ত্রয়োদশী গ্রহণ করিবে ॥ ১১৬ ॥

যদি বিঘ্নবশতঃ চৈত্রমাসে শ্রীকৃষ্ণে দমনকার্পণ না করা হয়, তবে বৈশাখী পূর্ণিমায় অথবা শ্রাবণ মাসের শুক্ল দ্বাদশীতে দমনকার্পণ মহোৎসব করিবে ॥ ১১৭ ॥

অতএব দেবীপুরাণে ব্রহ্মা কহিয়াছেন ॥

হে বৎস! চৈত্র বা বৈশাখমাসে যথাবিধি গন্ধ, ধূপ, অর্ঘ্য, নৈবেদ্য এবং মদনকোদ্ভব মাল্য দ্বারা পূজা করাইবে। মনুষ্য হোম সহকারে

সহোমং পূজয়েদ্দেবং সর্ব্বকামানবাপ্নুয়াৎ
সর্ব্বতীর্থাভিষেকস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥ ১১৮ ॥
অথ বৈশাখকৃত্যং ।
পাদ্মে পাতালখণ্ডে নারদাম্বরীষসম্বাদে ॥
মাধবে মাসি সংপ্রাপ্তে মেষস্থে কর্ম্মসাক্ষিণি ।
কেশবপ্রীতয়ে কুর্য্যাৎ কেশবব্রতসঞ্চয়ং ।
দদ্যাদনেকদানানি তিলাজ্যপ্রভৃতীন্যপি ।
জন্মকোটিসমুদ্ভূত-পাতকান্তকরাণি চ ।
জলান্নশর্করাধেনু-তিলধেনুমুখানি চ ।
বিত্তমানেন দেয়ানি দানানীপ্সিতসিদ্ধয়ে ।
বৈশাখে বিধিনা স্নানদ্বয়ং নদ্যাদিকে বহিঃ ॥ ১১৯ ॥

কর্ম্মসাক্ষিণি সূর্য্যে ॥ ১১৯ ॥

শ্রীকৃষ্ণের পূজা করিলে সমুদায় কামনা ও সমস্ত তীর্থের অভিষেক জন্য ফল প্রাপ্ত হয় ॥ ১১৮ ॥

অথ বৈশাখকৃত্য ॥

পদ্মপুরাণে পাতালখণ্ডে নারদাম্বরীষসম্বাদে ॥

বৈশাখমাসে মেষরাশিতে ভাস্কর উপস্থিত হইলে কেশবের প্রীতি নিমিত্ত কেশবের ব্রত সঞ্চয় করিবে ॥

অপর বৈশাখমাসে তিল ও ঘৃত প্রভৃতি অনেক প্রকার দান করিবে, এই সকল দান কোটিজন্ম সমুদ্ভব পাতকান্তর সকল বিনষ্ট করে ॥

অভীষ্ট সিদ্ধির নিমিত্ত ধনাঢ্য ব্যক্তি বৈশাখমাসে জল, অন্ন, শর্করা, ধেনু ও তিলধেনু প্রভৃতি দান এবং বিধি পূর্ব্বক বহিস্থ নদ্যাদিতে দুইবার স্নান করিবে ॥ ১১৯ ॥

হবিষ্যং ব্রহ্মচর্য্যঞ্চ ভূশয্যা নিয়মস্থিতিঃ।
ব্রতং দানং দমোদেবমধুসূদনপূজনং।
মাধবে মাসি কুর্ব্বীত মধুসূদনতুষ্টিদং।
তিলোদকসুবর্ণান্ন-শর্করাম্বররোহিণীঃ।
পাদত্রাণাতপত্রাম্বুকুম্ভান্ দদ্যাদ্দ্বিজাতিষু।
ত্রিসন্ধ্যং পূজয়েদীশং ভক্তিতো মধুসূদনং।
সাক্ষাদ্বিমলয়া লক্ষ্ম্যা সমুপেতং সমাহিতঃ।
তত্রৈব বরাহধরণীসম্বাদে॥
বিশেষাদিহ দাতব্যাস্তিলা মধুসমন্বিতাঃ।
ধর্ম্মায় মহতে দীর্ঘদুরিতক্ষয়হেতবে ইতি॥
যদ্যপ্যাস্তেহখিলং কৃত্যং মাহাত্ম্যলিখনে স্ফুটং।

নিয়মে স্থিতিঃ সঙ্কল্পপরিপালনং একত্র বাসাদি বা। ব্রতং একভক্তাদি। দমঃ ইন্দ্রিয় নিগ্রহঃ। রোহিণীঃ গাঃ॥ ১২০॥

বৈশখেমাসে হবিষ্য, ব্রহ্মচর্য্য, ভূমিশয়ন, সঙ্কল্পের পরিপালন, ব্রত, দান, ইন্দ্রিয়নিগ্রহ এবং মধুসূদনদেবের পূজা করিবে, এই সকল কর্ম্ম মধুসূদনের তুষ্টিপ্রদ॥

অপিচ, তিল, জল, সুবর্ণ, অন্ন, শর্করা, বস্ত্র, গাভী, পাদুকা, ছত্র এবং জলপূর্ণ কলস ব্রাহ্মণদিগকে প্রদান করিবে এবং ভক্তিপূর্ব্বক স্থির চিত্তে সাক্ষাৎ বিমলা নাম্নী লক্ষ্মী সমন্বিত ঈশ্বর মধুসূদনকে ত্রিসন্ধ্যা পূজা করিবে॥

ঐ পদ্মপুরাণে বরাহধরণীসম্বাদে॥

বিশেষতঃ বৈশাখমাসে সুদীর্ঘ পাপক্ষয় নিমিত্ত মহৎরূপি ধর্ম্মকে মধু মিশ্রিত তিল সমূহ প্রদান করিবে॥

যদিচ মাহাত্ম্য লিখন বিষয়ে সুস্পষ্ট অনেক ২ কৃত্য আছে তথাপি

তথাপ্যেকত্র সংগৃহ্য ব্যলেখীদং সমাসতঃ ॥ ১২০ ॥
অথ বৈশাখকৃত্যনিত্যতা ।
বরাহধরণীসম্বাদে ॥
যঃ পরিত্যজ্য বৈশাখং ব্রতমন্যদুপাচরেৎ ।
স করস্থং মহারত্নং হিত্বা লোষ্ট্রং হি যাচতে ॥
কিঞ্চ ॥
অবৈশাখী ভবেচ্ছাখী বিপ্রঃ শ্রৌতপরোপি চেতি ॥ ১২১ ॥
অথ সামান্যতো বৈশাখমাহাত্ম্যং ॥
তত্রৈব নারদাম্বরীষসম্বাদে ॥
ন মাধবসমোমাসো ন মাধবসমোবিভুঃ ।
পোতোঽধিদুরিতাম্ভোধিমজ্জমান-জনস্য যঃ ॥ ১২২ ॥

---

বৈশাখং বৈশাখনিয়মব্রতমিত্যর্থঃ ॥ ১২১ ॥

মাধবেন শ্রীকৃষ্ণেন সমঃ বিভুরীশ্বরো যথা নাস্তীতি দৃষ্টান্তোঽবগন্তব্যঃ এবমগ্রেঽপি । যো মাসঃ ॥ ১২২ ॥

---

একত্র সংগ্রহ করিয়া সংক্ষেপে লিখিতেছি ॥ ১২০ ॥

অথ বৈশাখকৃত্যের নিত্যতা ॥
বরাহধরণীসম্বাদে ॥

যে ব্যক্তি বৈশাখব্রত পরিত্যাগ করিয়া অন্য ব্রত আচরণ করে, তাহার করস্থ মহারত্ন ত্যাগ করিয়া লোষ্ট্র প্রার্থনা করা হয় ॥

যে ব্রাহ্মণ বেদপারগ হইয়াও বৈশাখমাসের ব্রত করেন না, তিনি শাখী ( বৃক্ষ ) হইবেন ॥ ১২১ ॥

অথ সামান্যতো বৈশাখমাহাত্ম্য ॥
ঐ পদ্মপুরাণে নারদাম্বরীষসম্বাদে ॥

যেমন মাধবের তুল্য আর ঈশ্বর নাই, তদ্রূপ অতিশয় দুরিতাম্ভোধি মজ্জমান-জনের বৈশাখ তুল্য আর পোত নাই ॥ ১২২ ॥

দত্তং জপ্তং হুতং স্নাতং যদ্ভক্ত্যা মাসি মাধবে।
তদক্ষয়ং ভবেদ্ভূপ পুণ্যং মাধববল্লভে ॥ ১২৩ ॥
কিঞ্চ ॥
বৈশাখান্তানি পাপানি সূর্য্যান্তানি তমাংসি চ।
পরাপকারপৈশুন্যপ্রাপ্তানি সুকৃতানি চ।
কার্ত্তিকে মাসি যৎকিঞ্চিত্তুলাসংস্থে দিবাকরে।
স্নানদানাদিকং রাজংস্তৎপরার্দ্ধগুণং ভবেৎ।
তস্মাৎ সহস্রগুণিতং মাঘে মকরগে রবৌ।
ততোঽপি শতসংখ্যাকং বৈশাখে মেষগে ভগে।

মাধবস্য বল্লভ ইতি সর্ব্বত্রৈব হেতুর্দ্রষ্টব্যঃ ॥ ১২৩ ॥
ভগে সূর্য্যে। তিষ্যে কলিযুগে ॥ ১২৪ ॥

হে ভূপ! মাধবপ্রিয় বৈশাখমাসে ভক্তিপূর্ব্বক দান, জপ, হোম ও স্নান প্রভৃতি যাহা কিছু করা যায়, তৎসমুদায় অক্ষয় পুণ্য স্বরূপ হয় ॥ ১২৩ ॥

আরও ॥

মহারাজ! যে পর্য্যন্ত বৈশাখমাস না আসিয়াছে, সেই পর্য্যন্ত পাপ, যে অবধি সূর্য্যোদয় না হইয়াছে; সেই পর্য্যন্ত অন্ধকার এবং যদবধি পরের অপকার রূপ খলতা উপস্থিত না হইয়াছে, সেই পর্য্যন্ত পুণ্য সকল থাকে ॥

হে রাজন্! তুলারাশিস্থিত ভাস্করে কার্ত্তিকমাসে স্নান, দান প্রভৃতি যাহা কিছু করে, তাহা দ্বিপরার্দ্ধ গুণিত হয়, তদপেক্ষা মকর রাশিস্থ সূর্য্যে মাঘমাসে ঐ সকল স্নানদানাদি সহস্রগুণিত এবং তাহা অপেক্ষা আবার মেষ রাশিস্থ দিবাকরে বৈশাখ মাসে শত গুণিত হইয়া থাকে ॥

তে ধন্যাস্তে সুকৃতিনো নরা বৈশাখমাসি যে।
প্রাতঃস্নাত্বা বিধানেন পূজয়ন্তি মধুদ্বিষং।
কিঞ্চ ॥
পুনঃ কলিযুগে রাজন্ নৈতদ্গোপ্যং ভবিষ্যতি।
অশ্বমেধাদিকং যস্মান্মাহাত্ম্যং মাধবস্য চ।
তস্মিংস্তিষ্যে নরৈঃ পাপৈর্গন্তব্যং নরকার্ণবে।
অতস্তু বিরলস্তস্য প্রচারোঽজেন নির্ম্মিতঃ।
কিঞ্চ তত্রৈব ॥
দুর্ল্লভং ভারতে বর্ষে জন্ম তত্র মনুষ্যতা।
মানুষ্যে দুর্ল্লভং লোকে স্বস্বধর্ম্মপ্রবর্ত্তনং।
ততোঽপি ভক্তির্ভূপাল বাসুদেবেতি দুর্ল্লভা।
তত্রাপি দুর্ল্লভো মাসো মাধবো মাধবপ্রিয়ঃ।

যে সকল মনুষ্য বৈশাখমাসে প্রাতঃস্নান পূর্ব্বক যথাবিধি মধুসূদনের পূজা করেন, তাঁহারাই ধন্য এবং তাঁহারাই সুকৃতশালী ॥

আরও ॥

হে রাজন্! পুনরায় কলিযুগে এই অশ্বমেধ প্রভৃতি গোপনীয় হইবে না, যে হেতু বৈশাখমাসের মাহাত্ম্য অধিক। কলিযুগে নর সকল নরকসমুদ্রে নিমগ্ন হইবে, একারণ ভগবান্ বিষ্ণু বিরল প্রচার এই বৈশাখমাস নির্ম্মাণ করিয়াছেন ॥

আরও ঐ স্থলে ॥

হে ভূপাল! ভারতবর্ষে জন্ম দুর্ল্লভ, তাহা অপেক্ষা ঐ ভারতবর্ষে মনুষ্যত্ব দুর্ল্লভ, মনুষ্য জন্মে আবার ভারতে স্ব স্ব ধর্ম্ম প্রবর্ত্তন দুর্ল্লভ, তাহা অপেক্ষা আবার ভারতবর্ষে বাসুদেবে ভক্তি দুর্ল্লভ, তদপেক্ষা আবার মাধবপ্রিয় বৈশাখমাস দুর্ল্লভ। হে রাজন্! ঐ বৈশাখমাস

তমবাপ্য ততো মাসং স্নানদানজপাদিকং।
কুর্ব্বন্তি বিধিনা হেতু ধন্যাস্তে কৃতিনো নরাঃ ॥ ১২৪ ॥
তেষাং দর্শনমাত্রেণ পাপিনোঽপি বিকল্মষাঃ।
ভবন্তি ভগবদ্ভাবভাবিতা ধর্ম্মকাঙ্ক্ষিণঃ ॥
তত্র কর্ম্মবিশেষমাহাত্ম্যং ॥
তত্রৈব ॥
প্রাতঃস্নানঞ্চ বৈশাখে যজ্ঞদানমুপোষণং।
হবিষ্যং ব্রহ্মচর্য্যঞ্চ মহাপাতকনাশনং ॥
কিঞ্চ ॥
বৈশাখং সকলং মাসং নিত্যস্নায়ী জিতেন্দ্রিয়ঃ।
জপন্ হবিষ্যভুক্ শান্তঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।

ভগবদ্ধর্ম্মকাঙ্ক্ষিণঃ সন্তঃ ভগবদ্ভাবভাবিতা ভবন্তি ॥ ১২৫ ॥

প্রাপ্ত হইয়া যে সকল মনুষ্য যথাবিধি স্নান, দান ও জপ প্রভৃতি কার্য্য করে, তাহারা ধন্য এবং তাহারা পুণ্যশালী ॥ ২৪ ॥

তাহাদের দর্শনমাত্রে পাপি সকল নিষ্পাপ এবং ভগবদ্ধর্ম্মাকাঙ্ক্ষী হইয়া ভগবদ্ভাবে ভাবিত অর্থাৎ ভগবদ্ভক্তি নিষ্ঠ হইবে ॥

ঐ বৈশাখমাসে কর্ম্মবিশেষের মহিমা ॥

পদ্মপুরাণে যথা—

বৈশাখমাসে প্রাতঃস্নান, যজ্ঞ, দান, উপবাস, হবিষ্য ও ব্রহ্মচর্য্য এ সকল মহাপাতক নষ্ট করে ॥

আরও ॥

বৈশাখমাসের সমস্ত মাস নিত্য প্রাতঃস্নান, জিতেন্দ্রিয়, জপ ও হবিষ্য ভোজন করিলে এবং শান্ত হইলে সমস্ত পাপ হইতে মুক্ত হইবে ॥

একভক্তমথোনক্তমযাচিতমতন্দ্রিতঃ।
মাধবে মাসি যঃ কুর্য্যাল্লভতে সর্ব্বমীপ্সিতং।
বারাহে ধরণীসম্বাদে ॥
বৈশাখে মাসি যো বিপ্রান্ ভোজয়েদ্ভক্তিতৎপরঃ।
সিক্থে সিক্থে ভবেত্তৃপ্তিঃ পিতৃণাং যুগসংখ্যয়া ॥ ১২৫ ॥
যচ্ছন্তি তত্র মধুরাধিকভোজনানি
যে বা যবাশনতিলোদকভাজনানি।
ছত্রাম্বরাণি চরণোচিতরক্ষণানি
ধন্যাস্ত এব পরিতো হরিতোষণানি ॥
এবং কৃতেন যৎপুণ্যং প্রাপ্যতে নিয়মৈশ্চ তৈঃ।
তৎ কেন গণনাং যাতি বর্ষকোটিশতৈরপি।
পুত্রপৌত্রাদিসম্পত্তিং দীর্ঘায়ুংষি যথেপ্সিতং।

মধুরাধিকভোজনানি মধুরদ্রব্য প্রধানভোগ্যানি। যবাশনং যবান্নং। তস্য পুনরুক্তির্ব্বিশেষায় ॥ ১২৬ ॥

বৈশাখমাসে যিনি কাহারও অধীন না হইয়া একাহারি, রাত্রভোজি ও অযাচিত-ব্রত করেন, তাঁহার সমস্ত অভীষ্ট লাভ হইবে ॥

বরাহপুরাণে পৃথিবীসম্বাদে ॥

বৈশাখমাসে যিনি ভক্তি তৎপর হইয়া ব্রাহ্মণ সকলকে ভোজন করান, প্রতিগ্রাসে যুগসংখ্যায় তাঁহার পিতৃলোকদিগের তৃপ্তি হয় ॥ ১২৫

বৈশাখমাসে যে সকল মনুষ্য মধুর দ্রব্য প্রধান ভোজনীয় দ্রব্য যবান্ন, তিল, জলপাত্র এবং ছত্র, বস্ত্র ও পাদুকা দান করেন, তাঁহারা ধন্য, এই সকল দান দ্বারা হরির পরিতোষ হয় ॥

এই প্রকার করিলে ঐ সকল নিয়ম দ্বারা যে পুণ্য লাভ হয়, তাহা শতকোটি বৎসরেও কাহারও সহিত গণনা হয় না, অপর পুত্র, পৌত্রাদি

ইহাপ্নোতি পরত্রাপি মামেব প্রতিপদ্যতে ॥ ১২৬ ॥

অথ তত্র প্রাতঃস্নানমাহাত্ম্যং।

তত্রৈব নারদাম্বরীষসম্বাদে ॥

অম্বরীষ মহাপুণ্যপ্রাপ্তয়ে কুরু বীক্ষণং।
মাধবে মাসি যৈঃ স্নাতং প্রাতর্নিয়মসংযুতৈঃ ॥
যদানন্দপুরে প্রোক্তং বসতাং বর্ষকোটিভিঃ ॥
তৎপ্রাতর্মাধবে মাসি স্নানেনৈকেন লভ্যতে।

কিঞ্চ ॥

যথৈব মাধবোধ্যাতোবিনাশয়তি কিল্বিষং।
তথৈব মাধবে স্নানং নিয়মেন বিনির্ম্মিতং ॥ ১২৭ ॥

আনন্দপুরে তীর্থবিশেষে। তৎফলং ॥ ১২৭ ॥

সম্পত্তি, দীর্ঘ আয়ুঃ এবং যাহা অভীষ্ট হইবে, তৎসমুদায় ইহলোকে বা পরলোকে আমাকেই প্রতিপন্ন হইবে ॥ ১২৬ ॥

অথ প্রাতঃস্নানমাহাত্ম্য ॥

ঐ পদ্মপুরাণে নারদাম্বরীষসম্বাদে ॥

হে অম্বরীষ! বৈশাখমাসে যাহারা নিয়মসংযুক্ত হইয়া প্রাতঃস্নান করেন, মহাপুণ্য প্রাপ্তির নিমিত্ত তাঁহাদিগকে নিরীক্ষণ কর।

কোটি কোটি বৎসর আনন্দপুরে অর্থাৎ তীর্থবিশেষে বাসকারিদিগের যে ফল কথিত হইয়াছে, বৈশাখমাসে প্রাতঃকালের এক স্নান দ্বারা সেই ফল লাভ হয় ॥

আরও ॥

যদ্রূপ মাধব ধ্যাত হইয়া পাপ বিনষ্ট করেন, সেই প্রকারই নিয়মের সহিত বৈশাখস্নান নির্ম্মিত হইয়াছে ॥ ১২৭ ॥

তত্র শ্রীভগবৎপূজামাহাত্ম্যং ॥
তত্রৈব বিধিকথনে ॥
বিশেষাদপি বৈশাখে যোঽর্চ্চয়েন্মধুসূদনং।
সর্ব্বসম্বৎসরং যাবদর্চ্চিতস্তেন মাধবঃ ॥ ১২৮ ॥
কিঞ্চ ॥
যশ্চাপি নিঃস্বঃ পুরুষো মাধবে মাসি মাধবং।
পুষ্পার্চ্চনবিধানেন পূজয়েন্মধুসূদনং।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ পিতৃণাং তারয়েচ্ছতং।
স জন্মশতসাহস্রং ন শোকফলভাগ্‌ভবেৎ।
ন চ ব্যাধিভয়ং তস্য ন দারিদ্র্যং ন বন্ধনং।
স বিষ্ণুভক্তোজায়েত ধন্যো জন্মনি জন্মনি।
যাবদযুগসহস্রাণি শতমষ্টোত্তরং ভবেৎ।

বিশেষাৎ অন্যমাসত আধিক্যেন য এককালমভ্যর্চ্চয়েৎ। অপি শব্দস্ত্বর্থে ॥ ১২৮ ॥
পুষ্পৈর্যদর্চ্চনবিধানং পূজাকরণং তেনাপি কেবলেন ॥ ১২৯ ॥

বৈশাখমাসে ভগবৎপূজার মাহাত্ম্যকথা ॥
ঐ পদ্মপুরাণেই বিধিকথনবিষয়ে ॥

বৈশাখমাসে যে ব্যক্তি বিশেষরূপে মধুসূদনের পূজা করেন, তিনি সম্বৎসর কাল মাধবের পূজা করিয়াছেন ॥ ১২৮ ॥

আরও ॥

যে কোন নির্দ্ধন পুরুষ বৈশাখমাসে মাধবকে পুষ্পার্চ্চন বিধান দ্বারা পূজা করেন, তিনি সর্ব্বপাপ বিনির্ম্মুক্ত হইয়া একশত পিতৃলোককে উদ্ধার করেন, শতসহস্র জন্ম শোকভাগী হয়েন না। তাঁহার আধি, ব্যাধি, দারিদ্র এবং বন্ধনভয় নাই, তিনি জন্মে ২ বিষ্ণুভক্ত এবং ধন্য হয়েন। অপর হে বীর। যত কালে একশত অষ্টোত্তর শতসহস্র

তাবৎ স্বর্গে বসেদ্বীর ভূপতিশ্চ পুনর্ভবেৎ ॥ ১২৯ ॥
ভূপত্বে বিবিধান্ ভোগান্ বিহৃত্য চ যথা সুখং।
মাধবস্য প্রসাদেন মাধবে লীয়তে ততঃ ॥ ১৩০ ॥
কিঞ্চ ॥
বরাহধরণীসম্বাদে ॥
বিধিনাঽবিধিনা বাপি যে যজন্তি নরা ধরে।
মাধবে মাসি মাং ভক্ত্যা তৈশ্চ যাজ্যোঽস্ম্যহং সদা ॥ ১৩১ ॥
যে যজন্তি ধরে নিত্যমধুরৈর্ব্বিবিধৈরপি।
মাধবে যজতে যো মাং তেভ্যস্তদধিকং ফলমিতি।
বৈশাখস্য পরঞ্চান্তে তত্রোপাখ্যানপংক্তিষু।

লীয়তে সংযোগং প্রাপ্নোতি ॥ ১৩০ ॥

সদা যাজ্যঃ কৃতপূজোঽস্মীত্যর্থঃ। যদ্বা। সদৈব মৎপূজান্তে করিষ্যন্তি মদ্ভক্ততাং প্রাপ্তা ইত্যর্থঃ ॥ ১৩১ ॥

তস্যাধিকং ফলং স্যাৎ। অলিখিতমপি যুক্ত্যা সম্ন গৃহ্ণাতি বৈশাখস্যেতি। পরঞ্চ মাহা-

যুগ হয়, তাবৎ তিনি স্বর্গে বাস করিয়া পুনরায় রাজা হইবেন ॥ ১২৯ ॥

অনন্তর তিনি রাজা হইয়া বিবিধ ভোগ এবং যথাসুখ বিহার করিয়া মাধবের প্রসাদে মাধবে সংযোগ প্রাপ্ত হইবেন ॥ ১৩০ ॥

আরও ॥

হে ধরণি! যে সকল ব্যক্তি বৈশাখমাসে বিধি পূর্ব্বক হউক বা অবিধি পূর্ব্বক হউক, আমাকে পূজা করে, আমি তাহাদের কর্ত্তৃক সর্ব্বদা পূজনীয় হইয়া থাকি ॥ ১৩১ ॥

হে ধরে! যে সকল ব্যক্তি বিবিধ প্রকার মধুর দ্রব্য সকল দ্বারা আমার পূজা করেন, তাঁহার তদপেক্ষা অধিক ফল হয় ॥

পদ্মপুরাণাদিতে ইতিহাস পরম্পরায় বৈশাখমাসের সামান্য ও

সামান্যেন চ মাহাত্ম্যং বিশেষেণ চ সর্ব্বশঃ ॥ ১৩২ ॥

অথ তত্র স্নানবিধিঃ ॥

তত্রৈব নারদাম্বরীষসম্বাদে ॥

মেষসংক্রমণে ভানোর্ম্মাধবে মাসি যত্নতঃ ।
মহানদ্যাং নদীতীর্থে নদে সরসি নির্ঝরে ।
দেবখাতে তথা স্নায়াৎ যথাপ্রাপ্তে জলাশয়ে ।
দীর্ঘিকা কূপবাপীষু নিয়তাত্মা হরিং স্মরন্ ।
মধুমাসস্য শুক্লায়ামেকাদশ্যামুপোষিতঃ ।
পঞ্চদশ্যাঞ্চ বা বীর মেষসংক্রমণেঽপি বা ।
বৈশাখস্নাননিয়মং ব্রাহ্মণানামনুজ্ঞয়া ।
মধুসূদনমভ্যর্চ্চ্য কুর্য্যাৎ সবনপূর্ব্বকং ।
বৈশাখং সকলং মাসং মেষসংক্রমণে রবেঃ ।

স্যমাস্তে । তত্র পদ্মপুরাণাদৌ উপাখ্যানপঙ্‌ক্তিষু ইতিহাসপরম্পরাসু ॥ ১৩২ ॥
সবনং স্নানং ॥ ১৩৩ ॥

বিশেষরূপে মাহাত্ম্য সকল আছে ॥ ১৩২ ॥

অথ বৈশাখস্নানের বিধি ॥

পদ্মপুরাণে নারদাম্বরীষসম্বাদে ॥

সূর্য্যের মেষরাশিসংক্রমণে বৈশাখমাসে, যত্ন পূর্ব্বক মহানদীতে, নদীতীর্থে, নদে, সরোবরে, নির্ঝরে, দেবখাতে এবং কূপ, বাপী ও জলাশয় যাহা প্রাপ্ত হইবে, সংযতচিত্তে হরিস্মরণ পূর্ব্বক তাহাতে স্নান করিবে ॥

হে বীর ! চৈত্রমাসের শুক্লা একাদশীতে উপবাস করিয়া অথবা পূর্ণিমা কিম্বা মেষরাশিসংক্রমণ দিবসে ব্রাহ্মণদিগের অনুমতি অনুসারে স্নান পূর্ব্বক মধুসূদনের অর্চ্চনা করত বৈশাখস্নানের নিয়ম গ্রহণ করিবে ॥

প্রাতঃ সনিয়মং স্নাস্যে প্রীয়তাং মধুসূদনঃ।
মধুহন্তুঃ প্রসাদেন ব্রাহ্মণানামনুজ্ঞয়া।
নির্ব্বিঘ্নমস্তু মে পুণ্যং বৈশাখস্নানমন্বহং।
মাধবে মেষগে ভানৌ মুরারে মধুসূন।
প্রাতঃস্নানেন মে নাথ যথোক্তফলদোভব।
যথা তে মাধবো মাসো বল্লভো মধুসূদন।
প্রাতঃস্নানেন মে তস্মিন্ ফলদোভব পাপহা।
এবমুচ্চার্য্য তত্তীর্থে পাদৌ প্রক্ষাল্য বাগ্যতঃ।
স্মরন্নারায়ণং দেবং স্নানং কুর্য্যাদ্বিধানত ইতি।
বিধানঞ্চ পরং জ্ঞেয়ং প্রসিদ্ধং স্মৃতিশাস্ত্রতঃ।
তৎকিঞ্চিল্লিখিতং পূর্ব্বং প্রাতঃস্নানপ্রসঙ্গতঃ॥ ১৩৩॥

রবির মেষসংক্রমণে সমস্ত বৈশাখমাস প্রাতঃস্নান করিব, ইহাতে মধুসূদন প্রীতিযুক্ত হউন। মধুহন্তার প্রসাদে ব্রাহ্মণদিগের অনুজ্ঞায় প্রতিদিন বৈশাখস্নানজনিত পুণ্য নির্ব্বিঘ্ন হউক॥

হে মুরারে! হে মধুসূদন! হে নাথ! মকররাশিস্থ ভাস্করে বৈশাখমাসে প্রাতঃস্নান দ্বারা আমার সম্বন্ধে যথোক্ত ফলপ্রদ হউন।

হে মধুসূদন! আপনি পাপ সকল বিনষ্ট করিয়া থাকেন, আপনার বৈশাখমাস যেমন প্রিয়তম, তদ্রূপ আমার ঐ বৈশাখ-প্রাতঃস্নানে যথোক্ত ফলপ্রদ হউন॥

এই প্রকার মন্ত্র সকল উচ্চারণ করিয়া তীর্থে পদদ্বয় প্রক্ষালন পূর্ব্বক মৌনী হইয়া নারায়ণদেবকে স্মরণ করিতে করিতে যথাবিধি স্নান করিবে।

স্মৃতিশাস্ত্র হইতে অপর বিধি সকল জ্ঞাত হইবে, স্নানপ্রসঙ্গাধীন পূর্ব্বে এই বিধির কিঞ্চিৎ লিখিত হইয়াছে॥ ১৩৩॥

অথ বিশেষতস্তত্রাক্ষয়তৃতীয়াকৃত্যং ।
তন্মাহাত্ম্যঞ্চ মাৎস্যে ॥
বৈশাখে মাসি শুক্লায়াং তৃতীয়ায়াং জনার্দ্দনঃ ।
যবানুৎপাদয়ামাস যুগঞ্চ কৃতবান্ কৃতং ।
ব্রহ্মলোকাৎত্রিপথগাং পৃথিব্যামবতারয়েৎ ।
তস্যাং কার্য্যোযবৈর্হোমো যবৈর্বিষ্ণুং সমর্চ্চয়েৎ ।
যবান্ দদ্যাদ্দ্বিজাতিভ্যঃ প্রযতঃ প্রাশয়েদ্যবান্ ।
পাদ্মে চ শ্রীবরাহধরণীসম্বাদে ॥
ত্রেতাযুগং তৃতীয়ায়াং শুক্লায়াং মাসি মাধবে ।
প্রবৃত্তঞ্চ ত্রয়ীধর্ম্মাঃ প্রবৃত্তাস্তে প্রবর্ত্তিতাঃ ।
অক্ষয়া সোচ্যতে লোকে তৃতীয়া হরিবল্লভা ।

ত্রয়ী বেদত্রয়ং । তয়া ত্রয্যা প্রবর্ত্তিতা ধর্ম্মাশ্চ প্রবৃত্তাঃ ॥ ১৩৪ ॥

অথ বিশেষতঃ বৈশাখমাসে অক্ষয়তৃতীয়ার
কৃত্য যথা ॥

অক্ষয় তৃতীয়ার মাহাত্ম্য মৎস্যপুরাণে যথা ॥

বৈশাখমাসের শুক্লপক্ষের তৃতীয়ায় ভগবান্ জনার্দ্দন যব সকলের উৎপাদন এবং সত্যযুগ বিধান করেন। এবং ব্রহ্মলোক হইতে ত্রিপথগামিনী গঙ্গাকে পৃথিবীতে অবতারণ করান, অতএব ঐ তিথিতে যব দ্বারা হোম ও যব দ্বারা বিষ্ণুর অর্চ্চনা করিবে এবং ব্রাহ্মণদিগকে যব সকল প্রদান করিবে ও তাঁহাদিগকে যত্ন পূর্ব্বক যব ভোজন করাইবে ॥

পদ্মপুরাণে শ্রীবরাহ ও ধরণীসম্বাদে ॥

বৈশাখমাসে শুক্লপক্ষে তৃতীয়ায় সত্যযুগ প্রবৃত্ত হয় এবং সেই দিবস হইতে বেদত্রয় প্রতিপাদক ধর্ম্ম সকল প্রবর্ত্তিত হয়। স্নান, দান,

স্নানে দানেঽর্চ্চনে শ্রাদ্ধে জপে পূর্ব্বজতর্পণে।
যেঽর্চ্চয়ন্তি যবৈর্ব্বিষ্ণুং শ্রাদ্ধং কুর্ব্বন্তি যত্নতঃ।
তস্যাং দদাতি দানানি ধন্যাস্তে বৈষ্ণবা নরাঃ॥ ১৩৪॥
অথ শুক্লা সপ্তমী॥
তত্রৈব নারদাম্বরীষসম্বাদে॥
বৈশাখশুক্লসপ্তম্যাং জাহ্নবী জহ্নুনা পুরা।
ক্রোধাৎ পীতা পুনস্ত্যক্তা কর্ণরন্ধ্রাত্তু দক্ষিণাৎ।
তস্যাং সমর্চ্চয়েদ্দেবীং গঙ্গাং ভুবনমেখলাং।
স্নাত্বা সম্যগ্বিধানেন স ধন্যঃ সুকৃতী নরঃ।
তস্যাং সন্তর্পয়েদ্দেবান্ পিতৄন্ মর্ত্যান্ যথাবিধি।

স্নাতকং কৃতস্নানং স্বার্থে কন্॥ ১৩৫॥

পূজা, শ্রাদ্ধ, জপ ও পিতৃলোকের তর্পণ বিষয়ে ঐ তৃতীয়া অক্ষয়া বলিয়া অভিহিত হয় এবং উহা বিষ্ণুর অতিশয় বল্লভা॥

যে সকল ব্যক্তি ঐ তিথিতে যত্ন পূর্ব্বক যব দ্বারা বিষ্ণুর পূজা, যব দ্বারা শ্রাদ্ধ এবং যব সকল দান করেন, সেই সকল নর ধন্য এবং তাঁহারা বৈষ্ণব॥ ১৩৪॥

অথ শুক্লা সপ্তমী॥

ঐপদ্মপুরাণে নারদাম্বরীবসম্বাদে॥

বৈশাখমাসের শুক্লপক্ষের সপ্তমীতে জহ্নুমুনি ক্রোধ বশতঃ গঙ্গাকে পান করিয়া পুনরায়, দক্ষিণকর্ণের দ্বার দিয়া উহাঁকে পরিত্যাগ করেন, এজন্য ঐ দিবস ভুবনমেখলা গঙ্গাকে পূজা করিবে। যে মনুষ্য সম্যক্‌রূপ বিধি দ্বারা গঙ্গায় স্নান করেন, তিনি ধন্য এবং তিনি পুণ্যশালী।

ঐ অক্ষয়া তৃতীয়ায় যাঁহারা দেব, পিতৃ ও মর্ত্যগণকে যথাবিধি

সাক্ষাৎ পশ্যন্তি তে গঙ্গাস্নাতকং গতকল্মষং ॥ ১৩৫ ॥

অথ শ্রীনরসিংহচতুর্দ্দশী ॥

বৈশাখস্য চতুর্দ্দশ্যাং শুক্লায়াং শ্রীনৃকেশরী ।
জাতস্তদস্যাং তৎপূজোৎসবং কুর্ব্বীত সব্রতং ॥ ১৩৬ ॥

অথ শ্রীনরসিংহচতুর্দ্দশীব্রতনিত্যতা ।

বৃহন্নারসিংহপুরাণে শ্রীভগবন্নৃসিংহপ্রহ্লাদসম্বাদে ব্রতবিধিকথনে ॥

বর্ষে বর্ষে তু কর্ত্তব্যং মম সন্তুষ্টিকারণং ।
মহাগুহ্যমিদং শ্রেষ্ঠং মানবৈর্ভবভীরুভিঃ ॥ ১৩৭ ॥

কিঞ্চ ॥

---

ব্রতমুপবাসাদি নিয়মস্তৎসহিতং ॥ ১৩৬ ॥

বর্ষে বর্ষেত্বিতি বীপ্সয়া নিত্যত্বং সাধ্যতে ইচ্চ হেমাদ্রি প্রভৃতিভিরেকাদশীপ্রকরণাদৌ বিবৃতমেবাস্তি ॥ ১৩৭ ॥

---

তর্পণ করেন, তাঁহারা গঙ্গায় কৃতস্নান ব্যক্তিদিগকে গতকল্মষ দেখিতে পান ॥ ১৩৫ ॥

অথ নরসিংহচতুর্দ্দশী ॥

বৈশাখ মাসের শুক্লপক্ষের চতুর্দ্দশীতে শ্রীনৃসিংহদেবের পূজা রূপ উৎসব করিবে ॥ ১৩৬ ॥

অথ শ্রীনৃসিংহ চতুর্দ্দশীর ব্রতের নিত্যতা ॥

বৃহন্নারসিংহপুরাণে শ্রীভগবন্নৃসিংহ প্রহ্লাদ সম্বাদে ব্রতবিধি কথনে ॥

হে প্রহ্লাদ ! যে সকল মনুষ্য সংসারভয়ে ভীত হইয়াছেন তাঁহারা আমার সন্তোষ নিমিত্ত বর্ষে বর্ষে এই মহাগুহ্য শ্রেষ্ঠ চতুর্দ্দশীর ব্রত করিবেন ॥ ১৩৭ ॥

আরও ॥

বিজ্ঞায় মদ্দিনং যস্তু লঙ্ঘয়েৎ স তু পাপভাক্।
এবং জ্ঞাত্বা প্রকর্ত্তব্যং মদ্দিনে ব্রতমুত্তমং।
অন্যথা নরকং যাতি যাবচ্চন্দ্রদিবাকরৌ ॥ ১৩৮ ॥

তত্রাধিকারিনির্ণয়ঃ ॥

তত্রৈব ॥

সর্ব্বেষামেব লোকানামধিকারোঽস্তি মদ্ব্রতে।
মদ্ভক্তৈস্তু বিশেষেণ প্রণেয়ং মৎপরায়ণৈঃ ॥ ১৩৯ ॥

অথ তন্মাহাত্ম্যং ॥

তত্রৈব ॥

শ্রীপ্রহ্লাদ উবাচ ॥

নমস্তে ভগবন্ বিষ্ণো নৃসিংহবপুষে নমঃ।

অকরণপ্রত্যবায়েন চ নিত্যত্বমাহ বিজ্ঞায়েতি। বিশেষেণ জ্ঞাত্বাপি জ্ঞাননিষ্ঠো- পীত্যর্থঃ ॥ ১৩৮ ॥

প্রণেয়ং কর্ত্তব্যং। মৎপরায়ণৈর্মদেকনিষ্ঠৈরিতি তদ্ব্রতস্য তদ্ভক্তিবিশেষরূপত্বাদিতি দিক্ ॥ ১৩৯ ॥

যে ব্যক্তি আমার দিন জ্ঞাত হইয়া লঙ্ঘন করে, সে পাপভাগী হয়, এইরূপ জানিয়া আমার দিনে উত্তম ব্রত করিবে, ইহার অন্যথা হইলে যাবৎ চন্দ্র দিবাকর তাহার নরক গতি লাভ হইবে ॥ ১৩৮ ॥

নৃসিংহ চতুর্দ্দশীর ব্রত বিষয়ে অধিকারি নির্ণয় ॥

ঐ বৃহন্নারসিংহপুরাণে ॥

আমার ব্রতে সমুদায় লোকের অধিকার আছে, বিশেষতঃ যাহারা আমার ভক্ত এবং আমাতে এক নিষ্ঠ তাহাদের এই ব্রত অবশ্য কর্ত্তব্য ॥ ১৩৯ ॥

অথ ব্রতমাহাত্ম্য ॥

ঐ বৃহন্নারসিংহপুরাণে ॥

প্রহ্লাদ কহিলেন, হে ভগবন্! হে বিষ্ণো! হে নৃসিংহমূর্ত্তিধারিন্!

ত্বদ্ভক্তোহং সুরেশৈকং ত্বাং পৃচ্ছামি চ তত্ত্বতঃ।
স্বামিংস্ত্বয়ি মমোৎপন্না ভক্তির্বহুবিধা কথং।
কথন্তে সুপ্রিয়ো জাতঃ কারণং বদ মে প্রভো।
শ্রীনৃসিংহ উবাচ ॥
কথয়ামি মহাপ্রাজ্ঞ শৃণুষ্বৈকাগ্রমানসঃ।
ভক্তের্যৎকারণং বৎস প্রিয়ত্বস্য চ যৎ পুনঃ।
পুরা কল্পে হ্যভূর্ব্বিপ্রঃ কিঞ্চিৎ ত্বং নাপ্যধীতবান্।
নাম্না চ বসুদেবো হি বেশ্যায়াং তৎপরো হ্যভূঃ।
তস্মিন্ জন্মনি নৈব ত্বং চকর্থ সুকৃতং কিয়ৎ।
মুক্ত্বা তু মদ্ব্রতং চৈকং বেশ্যাসঙ্গতিলালসঃ।
মদ্ব্রতস্য প্রভাবেণ ভক্তির্জাতা তবেদৃশী।
শ্রীপ্রহ্লাদ উবাচ ॥

আপনাকে নমস্কার, হে সুরেশ! আমি আপনার ভক্ত, যথার্থরূপে এক অপনাকেই জিজ্ঞাসা করি ॥

হে স্বামিন্! কি প্রকারে আপনাতে বহুবিধা ভক্তি উৎপন্ন হইল এবং কি প্রকারেই বা আপনাতে আমি সুপ্রিয় হইলাম, হে প্রভো! ইহার কারণ আপনি আমাকে বলুন ॥

শ্রীনৃসিংহদেব কহিলেন, হে মহাপ্রাজ্ঞ! হে বৎস! আমার ভক্তির এবং প্রিয়ত্বের কারণ বলিতেছি, তুমি একচিত্তে শ্রবণ কর ॥

বৎস! তুমি পূর্ব্বকালে ব্রাহ্মণ ছিলে, কিঞ্চিন্মাত্রও অধ্যয়ন কর নাই, তোমার নাম বসুদেব ছিল, তুমি বেশ্যায় তৎপর হইয়াছিলে। ঐ জন্মে তুমি কিছু পুণ্য কর নাই, আমার ব্রত পরিত্যাগ করিয়া কেবল বেশ্যা সঙ্গে লালসান্বিত হও। আমার ব্রতের প্রভাবে তোমার ঈদৃশী ভক্তি উৎপন্না হইয়াছে ॥

শ্রীনৃসিংহাচ্যুত স্বামিন্ কস্য পুত্রেণ কিং কৃতং।
বেশ্যায়াং বর্ত্তমানেন কথং তদ্ধি কৃতং ময়া।
আখ্যানং বিস্তরেণেদং বক্তুর্মহসি সাম্প্রতং॥ ১৪০ ॥
শ্রীনৃসিংহ উবাচ॥
পুরাবন্তিপুরে হ্যাসীদ্ব্রাহ্মণো বেদপারগঃ।
তন্নাম বসুশর্ম্মেতি সর্ব্বলোকেষু বিশ্রুতং।
নিত্যং হোমক্রিয়ানেষ করোতি দ্বিজসত্তমঃ।
ব্রহ্মক্রিয়াসু সততং সর্ব্বাসু কিল তৎপরঃ।
অগ্নিষ্টোমাদিভির্যজ্ঞৈরিষ্টাঃ সর্ব্বে সুরোত্তমাঃ।
তেনাপি বিদ্যমানেন ন কৃতং দুষ্কৃতং কিয়ৎ।
তস্য ভার্য্যা সুশীলাভূদ্বিখ্যাতা ভুবনত্রয়ে।

---

কথম্বা তদ্ব্রতং কৃতং॥ ১৪০॥
ব্রহ্মক্রিয়াসু বৈদিককর্ম্মসু॥ ১৪১॥

---

প্রহ্লাদ কহিলেন, হে নৃসিংহ! হে অচ্যুত! হে স্বামিন্! আমি কাহার পুত্র, কি করিয়াছিলাম, আমি বেশ্যায় আসক্ত থাকিয়া কি প্রকারে ব্রত করিলাম, সম্প্রতি এই আখ্যান বিস্তাররূপে আজ্ঞা করুন॥ ১৪০॥

শ্রীনৃসিংহদেব কহিলেন, বৎস! পূর্ব্বকালে অবন্তীপুরে সর্ব্বলোক বিশ্রুত বসুশর্ম্মা নামে একজন বেদপারগ বাহ্মণ ছিলেন, তিনি নিত্য হোমক্রিয়া করিতেন এবং সমস্ত ব্রহ্মক্রিয়ায় তৎপর থাকিতেন। ঐ ব্রাহ্মণ অগ্নিষ্টোমাদি যজ্ঞ সকল দ্বারা দেবতাদিগের যাগ করিয়াছিলেন, তিনি জীবিতকালে কিঞ্চিন্মাত্র দুষ্কর্ম্ম করেন নাই॥

উহাঁর ভার্য্যার নাম সুশীলা, সদাচার ও পতিভক্তিপরায়ণা বলিয়া

জজ্ঞিরে চ সুতাঃ পঞ্চ তস্যাং দ্বিজবরাত্ততঃ।
সদাচারাঃ সুবিদ্বাংসঃ পিতৃভক্তিপরায়ণাঃ।
তেষাং মধ্যে কনিষ্ঠস্ত্বং বেশ্যায়াং তৎপরঃ সদা॥ ১৪১॥
তাং সন্নিষেবমাণেন সুরাপানং কৃতং ত্বয়া।
সদা পাপরতস্ত্বং হি নাকৃথাধ্যয়নং ভৃশং।
বিলাসিনীগৃহে নিত্যং বসতির্হ্যভবত্তব।
একদা তদ্গৃহে হ্যাসীত্তয়া সহ মহান্ কলিঃ।
ততঃ কলহভাবেন ভোজনং ন কৃতং ত্বয়া।
অজ্ঞানান্মদ্ব্রতং চক্রে ব্রতানামুত্তমং ব্রতং।
তয়া সহ বিবাদেন রাত্রৌ জাগরণং কৃতং।
বেশ্যায়া অপি তৎ সর্ব্বং প্রজাতং তু ত্বয়া সমং।

অধ্যয়নং নাকৃথাঃ নাকার্ষীঃ সন্ধিরার্ষঃ॥ ১৪২॥

ত্রিভুবনে খ্যাতি লাভ করিয়াছিলেন। কালক্রমে ব্রাহ্মণের ঔরসে তদীয় গর্ব্ভে পাঁচটী পুত্র জন্মে॥

পুত্র গুলি বিদ্বান্ এবং সদাচার ও পিতৃভক্তিপরায়ণ হয়, ঐ সকল পুত্রগণের মধ্যে যেটী সর্ব্ব কনিষ্ঠ, সে তুমিই সর্ব্বদা বেশ্যায় তৎপর হইয়াছিলে॥ ৪১॥

তুমি সেই বেশ্যাসক্ত হইয়া সুরাপান এবং সর্ব্বদা পাপ কর্ম্মে রত হও, অধ্যয়নাদি কিছুমাত্র কর নাই, বেশ্যাগৃহে নিত্যই তোমার অবস্থিতি হইল॥

একদা ঐ বেশ্যাগৃহে বেশ্যার সহিত তোমার গুরুতর কলহ হয়, তন্নিবন্ধন সে দিবস তুমি ভোজন কর নাই। ইহাতে অজ্ঞান বশতঃ সকল ব্রতের মধ্যে উত্তম ব্রত যে আমার ব্রত, তাহা তোমার কৃত হয় এবং সেই বেশ্যার সহিত বিবাদ হেতু রাত্রি জাগরণও হই-

রাত্রৌ জাগরণে তস্যাঃ সঞ্জাতং কায়শোধনং।
যুবয়োর্ম্মদ্ব্রতং জাতমজ্ঞানাদ্বহুপুণ্যদং ॥ ১৪২ ॥
যেন চীর্ণব্রতেনাদ্য মোদন্তে দিবি দেবতাঃ।
সৃষ্ট্যর্থন্তু ততো ব্রহ্মা চক্রে মদ্ব্রতমুত্তমং।
মদ্ব্রতস্য প্রভাবেণ নির্ম্মিতং স চরাচরং।
ঈশ্বরেণাপি তচ্চীর্ণং বধার্থং ত্রিপুরস্য চ।
মহিম্নৈব ব্রতস্যাস্য ত্রিপুরং সংনিপাতিতং।
অন্যৈশ্চ বহুভির্দেবৈর্ঋষিভিশ্চ পুরাতনৈঃ।
রাজভিশ্চ মহাপ্রাজ্ঞৈর্বিহিতং ব্রতমুত্তমং।
এতদ্ব্রতপ্রভাবেণ সর্ব্বে সিদ্ধিমুপাগতাঃ।
বেশ্যাপি মৎপ্রিয়া জাতা ত্রৈলোক্যে সুখচারিণী।

চীর্ণেন কৃতেন ব্রতেন ॥ ১৪৩ ॥

য়াছিল। আর ঐ বেশ্যারও তোমার সহিত তৎসমুদায় কৃত হয় এবং রাত্রি জাগরণে তাহার শরীরও বিশুদ্ধ হয়, যাহা হউক অজ্ঞান বশতঃ এইরূপে তোমাদের আমার বহু পুণ্যপ্রদ ব্রত কৃত হইয়াছিল ॥ ১৪২ ॥

যে ব্রত করিয়া এক্ষণে স্বর্গে দেবতাগণ আমোদিত হইতেছেন। তৎপরে ব্রহ্মা আমার এই উত্তম ব্রত করিয়াছিলেন, আমার ব্রতের প্রভাবে ব্রহ্মা চরাচর সৃষ্টি করেন ॥

মহাদেবও ত্রিপুর বধের নিমিত্ত এই ব্রত করিয়াছিলেন, এই ব্রতের মহিমায় তিনি ত্রিপুর বিনাশ করেন ॥

অপর অন্য বহুতর দেব ও পুরাতন ঋষি এবং মহাপ্রাজ্ঞ রাজগণ এই উত্তম ব্রত আচরণ করিয়াছিলেন ॥

এই ব্রতের প্রভাবে সকলে সিদ্ধি প্রাপ্ত হয়েন এবং বেশ্যাও এই ব্রতের প্রভাবে ত্রৈলোক্যে সুখচারিণী ও আমার প্রিয়া হইয়াছে ॥

ঈদৃশং মদ্ব্রতং বৎস ত্রৈলোক্যে চৈব বিশ্রুতং।
ধূর্ত্তায়াশ্চ বিলাসিন্যা ব্রতমেতদুপস্থিতং।
প্রহ্লাদ তেন তে ভক্তির্ময়ি জাতা হ্যনুত্তমা ॥ ১৪৩ ॥
সা বেশ্যা ত্বপ্সরা জাতা দিবি ভোগাননেকশঃ।
ভুক্ত্বা কামং বিলীনা তু ত্বং প্রহ্লাদ বিবিষ্ট মাং।
কার্য্যার্থমবতারস্তে মচ্ছরীরাৎপৃথক্ ত্বসৌ।
বিধায় সর্ব্বকার্য্যাণি শীঘ্রং ময়ি গমিষ্যসি।
য ইদং মদ্ব্রতাগ্র্যন্তু প্রবিধাস্যন্তি মানবাঃ।
ন তেষাং পুনরাবৃত্তিঃ কল্পকোটিশতৈরপি।
অপুত্রো লভতে পুত্রান্ মদ্ভক্তাংশ্চ সুবর্চ্চসঃ।
দরিদ্রো লভতে লক্ষ্মীং ধনদস্য চ যাদৃশীং।
তেজস্কামো লভেত্তেজো রাজ্যেপ্সু রাজ্যমুত্তমং।

বিলীনা প্রবিষ্টা ময়ীতি শেষঃ মাং বিবিষ্ট প্রাবিশঃ কার্য্যার্থং ভক্তিপ্রবর্ত্তনার্থং ॥ ১৪৪ ॥

হে বৎস! ত্রৈলোক্য মধ্যে এই প্রকার আমার ব্রত বিশ্রুত, ধূর্ত্তা বিলাসিনীর সম্বন্ধে এই ব্রত উপস্থিত হয়। হে প্রহ্লাদ! সেই হেতু আমাতে তোমার অত্যুত্তমা ভক্তি উৎপন্না হইয়াছে ॥ ১৪৩ ॥

হে প্রহ্লাদ! সেই বেশ্যা অপ্সরা হইয়া স্বর্গে বহুতর ভোগ উপভোগ করিয়া আমাতে বিলীনা এবং তুমি আমাতে প্রবিষ্ট হও। কার্য্যের নিমিত্ত আমার শরীর হইতে পৃথক্ হইয়া তোমার অবতার হইয়াছে, সমুদায় কার্য্য সম্পন্ন করিয়া শীঘ্র আমাতে প্রবেশ করিবে ॥

যে সকল মনুষ্য আমার এই শ্রেষ্ঠ ব্রতের বিধান করেন, তাঁহাদের শতকোটি কল্পেও পুনরাবৃত্তি হয় না ॥

অপুত্রক ব্যক্তি এই ব্রতের প্রভাবে আমার ভক্ত পরম সুন্দর পুত্র সকল লাভ করেন, দরিদ্র ব্যক্তি কুবেরের যে প্রকার লক্ষ্মী, সেই

আয়ুস্কামো লভেদায়ুর্যাদৃশস্তু শিবস্য চ।
স্ত্রীণাং ব্রতমিদং সাধুপুত্রদং ভাগ্যদন্তথা।
অবৈধব্যকরং তাসাং পুত্রশোকবিনাশনং।
ধনধান্যকরঞ্চৈব পতিপ্রিয়করং শুভং।
সার্ব্বভৌমং সুখং তাসাং দিব্যসৌখ্যং ভবেত্ততঃ।
স্ত্রিয়ো বা পুরুষা বাপি কুর্ব্বন্তি ব্রতমুত্তমং।
তেভ্যোদদাম্যহং সৌখ্যং ভুক্তিমুক্তিফলং তথা।
বহুনোক্তেন কিং বৎস ব্রতস্যাস্য ফলস্য হি।
মন্ন তস্য ফলং বক্তুং নাহং শক্তো ন শঙ্করঃ।
ব্রহ্মা চতুর্ভির্ব্বক্ত্রৈশ্চ নালং স্যাজ্জীবিতাবধি।
কিঞ্চ ॥

লক্ষ্মী লাভ করে। তেজস্কাম ব্যক্তি তেজঃ, রাজ্যকাম ব্যক্তি উত্তম রাজ্য এবং আয়ুস্কাম মনুষ্য শিবের তুল্য পরমায়ুঃ লাভ করেন ॥

স্ত্রী সকলের সম্বন্ধে এই ব্রত অতি পবিত্র, ইহা পুত্র প্রদান করে ও ভাগ্য দেয়। স্ত্রীলোকের সম্বন্ধে এই ব্রত অবৈধব্যকর, পুত্রশোক-বিনাশন, ধনধান্যপ্রদ, পতিপ্রিয়কর এবং পবিত্র স্বরূপ ॥

অপর এই ব্রত দ্বারা স্ত্রীলোকদিগের সার্ব্বভৌম সুখ ও স্বর্গ সম্বন্ধীয় সুখ লাভ হয় ॥

হে প্রহ্লাদ! স্ত্রী হউক বা পুরুষই হউক, যাহারা এই উত্তম ব্রত করে, আমি তাহাদিগকে সুখ এবং ভুক্তি মুক্তি ফল প্রদান করি ॥

হে বৎস! এই ব্রতের ফলের কথা অধিক আর কি বলিব। যাহার ফল বলিতে আমি বা শঙ্কর সমর্থ নহি এবং ব্রহ্মাও যাবজ্জীবন চারিমুখে ইহার ফল বলিতে সমর্থ নহেন ॥

আরও ॥

তত্রৈব ব্রতবিধিকথনে ॥

যথা যথা প্রবৃত্তিঃ স্যাৎ পাতকস্য কলৌ যুগে।
তথা তথা বিধাস্যন্তি মদ্ব্রতং বিরলং জনাঃ।
মদ্ব্রতস্য বিধানেন মতির্ন স্যাৎ দুরাত্মনাং।
সদা পাপরতানাস্তু পুরুষাণাং বিকর্ম্মণি।
বিচার্য্যৈবং প্রকর্ত্তব্যং মাধবে মাসি মদ্ব্রতং।
প্রাপ্তে ভূতদিনে বৎস সর্ব্বকল্মষনাশনং ॥ ১৪৪ ॥
যেনৈব ক্রিয়মাণেন সহস্রদ্বাদশীফলং।
জায়তে ন মৃষা বচ্মি মানুষাণাং মহাত্মনাং ॥ ১৪৫ ॥

তদন্তে চ ॥

য ইদং শৃণুয়াদ্ভক্ত্যা ব্রতং পাপপ্রণাশনং।

মানুষাণাং জায়তে। মহাত্মনামিতি মদ্ব্রতানুষ্ঠানাৎ। ন চাত্রাসম্ভাবনাদিকং কার্য্যমিত্যাহ ন মৃষা বচ্মীতি ॥ ১৪৫ ॥

ন তাবদনুষ্ঠানাৎ শ্রবণাদিনাপি মহাফলং স্যাদিতি লিখতি য ইতি ॥ ১৪৬ ॥

ঐ স্থানে ব্রতবিধিকথনে ॥

কলিযুগে যেমন যেমন পাতকের প্রবৃত্তি হয়, জন সকল তথা তথা এই বিরল ব্রতের বিধান করিয়া থাকেন।

যে সকল পুরুষ দুরাত্মা ও সর্ব্বদা পাপপরায়ণ, এই ব্রতের বিধান দ্বারা তাহাদের বিরুদ্ধ ধর্ম্মে-মতি হয় না।

হে বৎস! এই প্রকার বিচার করিয়া বৈশাখমাসের শুক্লপক্ষের চতুর্দ্দশীতে সর্ব্বকল্মষনাশন আমার এই ব্রত করিবে ॥ ১৪৪ ॥

হে প্রহ্লাদ! আমি মিথ্যা কহিতেছি না, একমাত্র এই চতুর্দ্দশীর ব্রত করিলে মহাত্মা মনুষ্যদিগের সহস্র দ্বাদশীর ফল হয় ॥ ১৪৫ ॥

ঐ প্রকরণের অন্তে ॥

যে ব্যক্তি ভক্তি পূর্ব্বক এই পাপনাশন ব্রত শ্রবণ করেন, ইহার

তস্য শ্রবণমাত্রেণ ব্রহ্মহত্যাং ব্যপোহতি।
পবিত্রং পরমং গুহ্যং কীর্ত্তয়েদ্যস্তু মানবঃ।
সর্ব্বান্ কামানবাপ্নোতি ব্রতস্যাস্য ফলং লভেৎ॥ ১৪৬॥
অথ তদ্ব্রতদিননির্ণয়ঃ॥
আগমে॥
বৈশাখে শুক্লপক্ষেতু চতুর্দ্দশ্যাং মহাতিথৌ।
সায়ং প্রহ্লাদধিক্কারমসহিষ্ণুঃ পরো হরিঃ।
সদ্যঃ কটকটাশব্দবিস্মাপিতসভাজনঃ।
লীলয়াস্তম্ভগর্ভান্তাদুদ্ভূতঃ শব্দভীষণঃ॥
নৃহরেরবতারাত্তাং যত্নতঃ সমুপোষয়েৎ।
মহাপুণ্যতমায়াঞ্চ সায়ং বিষ্ণুঃ প্রপূজয়েৎ।
বৃহন্নারসিংহে॥

শ্রবণমাত্রে ব্রহ্মহত্যা বিনষ্ট হয়॥

যে মনুষ্য পবিত্র পরম গুহ্য এই ব্রত কীর্ত্তন করেন, এই ব্রতের মহিমায় তাঁহার সমুদায় কাম লাভ হয়॥ ১৪৬॥

অথ নৃসিংহচতুর্দ্দশীব্রতনির্ণয়॥

আগমে॥

বৈশাখমাসের শুক্লপক্ষের মহাতিথি চতুর্দ্দশীতে সন্ধ্যাকালে প্রহ্লাদের প্রতি ধিক্কার অসহিষ্ণু হইয়া পরম পুরুষ হরি সদ্যঃ কটকটা শব্দ দ্বারা সভাজনকে বিস্মাপিত করিয়া লীলাবশতঃ স্তম্ভের মধ্য হইতে ভয়ঙ্কর শব্দ করত আবির্ভূত হইলেন॥

নৃসিংহদেবের অবতার হেতু যত্ন পূর্ব্বক এই মহাপুণ্যতমা তিথিতে উপবাস করিয়া সন্ধ্যাকালে বিষ্ণুর পূজা করিবে॥

বৃহন্নারসিংহপুরাণে॥

বৈশাখশুক্লপক্ষস্থ চতুর্দ্দশ্যাং সমাচরেৎ।
মজ্জন্মসম্ভবং পুণ্যং ব্রতং পাপপ্রণাশনং ॥
কিঞ্চ ॥
স্বাতীনক্ষত্রযোগে তু শনিবারে হি মদ্ব্রতং।
সিদ্ধযোগস্য যোগে চ লভ্যতে দৈবযোগতঃ।
সর্ব্বৈরেতৈস্তু সংযুক্তৈর্হত্যাকোটিবিনাশনং ॥ ১৪৭ ॥
কেবলঞ্চ প্রকর্ত্তব্যং মদ্দিনং ফলকাঙ্ক্ষিভিঃ।
বৈষ্ণবৈর্নতু কর্ত্তব্যা স্মরবিদ্ধা চতুর্দ্দশী।
আগমে ॥
প্রিয়া চতুর্দ্দশী ভৌমে কর্ত্তব্যা কিল্বিষাপহা।

দৈবযোগতঃ কদাচিন্মহাভাগ্যেনৈব লভ্যতে ইত্যর্থঃ। যতঃ সর্ব্বৈরিতি ॥ ১৪৭ ॥

কেবলং তত্তদ্যোগহীনমপি ফলাকাঙ্ক্ষিভিরপি কর্ত্তব্যমেব নিত্যত্বাৎ স্মরস্ত্রয়োদশী তেন বিদ্ধা ॥ ১৪৮ ॥

নৃসিংহদেব কহিলেন, বৈশাখমাসের শুক্লপক্ষের চতুর্দ্দশীতে আমার জন্ম সম্ভব পাপনাশন পুণ্যব্রত আচরণ করিবে ॥

আরও ॥

যদি দৈববশতঃ স্বাতীনক্ষত্রযোগে শনিবারে ও সিদ্ধিযোগের সংযোগে আমার ব্রত লাভ হয়, অর্থাৎ এই সকলের সহিত সংযুক্ত আমার ব্রতের দিন হয়, তাহা হইলে ঐ ব্রত কোটি হত্যা বিনাশ করেন ॥ ১৪৭ ॥

আর যদি উল্লিখিত যোগ উপস্থিত না হয়, তবে ফলাকাঙ্ক্ষী ব্যক্তি কেবল আমার দিন অর্থাৎ শুদ্ধ চতুর্দ্দশীতে উপবাস করিবেন, বৈষ্ণবগণ ত্রয়োদশী বিদ্ধা চতুর্দ্দশীতে কখন উপবাস করিবেন না ॥

আগমে ॥

মঙ্গলবারে প্রিয়া চতুর্দ্দশীতে আমার ব্রত করিলে পাপ সমুদায়

কামবিদ্ধা ন কর্ত্তব্যা স্বাতীভৌমযুতা যদি ॥ ১৪৮ ॥

অথ তদ্ব্রতবিধিঃ ॥

তত্রৈব ॥

প্রাতরুত্থায় কুর্ব্বীত নিয়মং মনসা স্মরন্।
মামেব মদ্দিনে বৎস দন্তধাবনপূর্ব্বকং ॥ ১৪৯ ॥

নিয়মমন্ত্রঃ ॥

শ্রীনৃসিংহ মহাভীম দয়াং কুরু মমোপরি।
অদ্যাহং তে বিধাস্যামি ব্রতং নির্ব্বিঘ্নতাং নয়েতি।
ব্রতস্থেন ন বক্তব্যং মদ্দিনে পাপিভিঃ সহ।
মিথ্যালোপা ন কর্ত্তব্যাঃ সমগ্রফলকাঙ্ক্ষিভিঃ ॥ ১৫০ ॥
স্ত্রিয়ং দ্যূতং বিহায়ৌচ্চৈত্র্ব্রতস্থেন মহাত্মনা।
স্মর্ত্তব্যং মম রূপঞ্চ মদ্দিনে সকলে শুভে।

প্রাতশ্চতুর্দ্দশী প্রভাতে সর্ব্বব্রতসাধারণত্বাৎ পূর্ব্বদিনেচৈকভক্তাদিসংযমোবিজ্ঞেয় এব দন্তধাবনন্ত উপবাসদিনে কাষ্ঠেন তন্নিষেধাৎ তৃণাদিনা বোদ্ধব্যং ॥ ১৪৯ ॥ ১৫০ ॥

বিনষ্ট হয়, আর যদি ঐ চতুর্দ্দশী ত্রয়োদশী বিদ্ধা হয়, তবে মঙ্গলবার ও স্বাতীনক্ষত্র যুক্ত হইলেও ব্রত করিবে না ॥ ১৪৮ ॥

অথ নৃসিংহচতুর্দ্দশীব্রতের বিধি আগমে যথা—

নৃসিংহদেব কহিলেন, বৎস! আমার দিনে প্রাতঃকালে গাত্রোত্থান পূর্ব্বক দন্তধাবন করিয়া আমাকে মনোমধ্যে স্মরণ করত নিয়ম করিবে ॥ ১৫৯ ॥ নিয়ম মন্ত্র ॥

হে নৃসিংহ! হে মহাভীম! আমার উপরে দয়া করুন, অদ্য আমি আপনার ব্রত বিধান করিতেছি, ইহা নির্ব্বিঘ্নে সমাপন করুন ॥

ব্রতস্থ ব্যক্তি আমার দিনে পাপিদিগের সহিত আলাপ করিবেন না এবং ব্রতের সমগ্র ফলাকাঙ্ক্ষী ব্যক্তি মিথ্যালাপ করিবেন না ॥ ১৫০

ব্রতস্থ মহাত্মা ব্যক্তি একেবারে স্ত্রী ও দ্যূত পরিত্যাগ করিয়া

ততো মধ্যাহ্ণবেলায়াং নদ্যাদৌ বিমলে জলে ।
গৃহে বা দেবখাতে বা তড়াগে বাতিশোভনে ।
বৈদিকেন চ মন্ত্রেণ স্নানং কুর্য্যাদ্বিচক্ষণঃ ।
মৃত্তিকাগোময়েনৈব তথা ধাত্রীফলেন বা ।
তিলৈর্ব্বা সর্ব্বপাপঘ্নৈঃ স্নানং কৃত্বা মহাত্মভিঃ ।
পরিধায় শুচির্ব্বস্ত্রে নিত্যকর্ম্ম সমাচরেৎ ।
ততো গৃহং সমাগত্য স্মরন্ মাং ভক্তিযোগতঃ ।
গোময়েন বিলিপ্যাথ কুর্য্যাদষ্টদলাম্বুজং ।
কলসং তত্র সংস্থাপ্য তাম্রং রত্নসমন্বিতং ।
তস্যোপরি ন্যসেৎ পাত্রং তণ্ডুলৈঃ পরিপূরিতং ।
হৈমী মূর্ত্তিস্তু তত্রৈব স্থাপ্যা লক্ষ্মীস্তথৈব চ ॥ ১৫১ ॥

তাম্রং তাম্রময়ং মূর্ত্তিঃ শ্রীনারসিংহী তথৈব লক্ষ্মীঃ হৈমী লক্ষ্মীমূর্ত্তিশ্চ ॥ ১৫১ ॥

আমার মঙ্গলরূপ দিবস সকলে আমার রূপ স্মরণ করিবেন ॥

তদনন্তর বিচক্ষণ ব্যক্তি মধ্যাহ্ণ কালে নদ্যাদির নির্ম্মল জলে, অথবা গৃহে কিম্বা দেবখাতে বা সুশোভন তড়াগে বৈদিক মন্ত্র দ্বারা স্নান করিবেন ॥

অথবা মহাত্মা ব্যক্তি মৃত্তিকা, গোময়, ধাত্রীফল, তথা সর্ব্বপাপ নাশক তিল সমূহ দ্বারা স্নান ও শুদ্ধ বস্ত্রদ্বয় পরিধান করিয়া নিত্য কর্ম্ম আচারণ করিবেন ॥

তৎপরে ভক্তিযোগ সহকারে আমাকে স্মরণ করিতে ২ গৃহে আগমন করিবেন। তদনন্তর গোময় দ্বারা লেপন করত তদুপরি অষ্টদল পদ্ম নির্ম্মাণ করিবে। তাহাতে রত্নসমন্বিত তাম্র কলস সংস্থাপন করিয়া তাহার উপরে তণ্ডুল পরিপূরিত পাত্র রাখিবে। তাহাতে স্বর্ণ নির্ম্মিত নৃসিংহ ও লক্ষ্মীমূর্ত্তি স্থাপন করিবে ॥ ১৫১ ॥

পলেন চ তদর্দ্ধেন তদর্দ্ধার্দ্ধেন বা পুনঃ।
যথাশক্তিস্তথা কার্য্যা বিত্তশাঠ্য বিবর্জ্জিতৈঃ।
পঞ্চামৃতেন তে স্নাপ্য পূজনং তু সমাচরেৎ॥ ১৫২॥
ততো ব্রাহ্মণমাহূয় তমাচার্য্যমলোলুপং।
কুর্য্যাচ্ছাস্ত্রসমাযুক্তং শান্তং দান্তং জিতেন্দ্রিয়ং।
তেনৈব কারয়েৎ পূজাং দৃষ্ট্বা শাস্ত্রানুসারতঃ।
আচার্য্যবচনাদ্ধীমান্ পূজাং কুর্য্যাচ্চরন্ ব্রতং॥ ১৫৩॥
তত্র অগ্রে প্রহ্লাদঃ পূজনীয়ঃ॥
তথাচাগমে॥
প্রহ্লাদক্লেশনাশায় যা হি পুণ্যা চতুর্দ্দশী।
পূজয়েত্তত্র যত্নেন হরেঃ প্রহ্লাদমগ্রতঃ॥

কার্য্যে দ্বে মূর্ত্তী। কার্য্যেতি পাঠে প্রত্যেকং সম্বন্ধঃ॥ ১৫২॥
তে দ্বে মূর্ত্তী স্নাপ্য স্নাপয়িত্বা॥ ১৫৩॥

বিত্তশাঠ্য বর্জন পূর্ব্বক যথাশক্তি একপল বা অর্দ্ধপল অথবা তাহার অর্দ্ধপল স্বর্ণের দ্বারা নৃসিংহ লক্ষ্মী প্রতিমা নির্ম্মাণ করিয়া এবং পঞ্চামৃত দ্বারা স্নান করাইয়া তাঁহাদের পূজা করিবেন॥ ১৫২॥

তদনন্তর অলোলুপ, শাস্ত্রজ্ঞ, শান্ত, দান্ত, জিতেন্দ্রিয়, ব্রাহ্মণকে আহ্বান করিয়া তাঁহাকে আচার্য্য করিবেন এবং শাস্ত্রদৃষ্টানুসারে তাঁহার দ্বারা পূজা করাইবেন। বুদ্ধিমান্ ব্যক্তি আচার্য্যের বাক্যানুসারে ব্রতাচরণ পূর্ব্বক পূজা করিবেন॥ ১৫৩॥

এস্থলে অগ্রে প্রহ্লাদের পূজা করা কর্ত্তব্য॥

আগমে যথা—

প্রহ্লাদের ক্লেশনাশের নিমিত্ত যে পুণ্যা চতুর্দ্দশী, তাহাতে যত্ন পূর্ব্বক নৃসিংহদেবের পূজার অগ্রে প্রহ্লাদকে পূজা করিবে॥

বৃহন্নারসিংহে ॥

মদ্রূপং কারয়েত্তত্র পুষ্পাস্তবকশোভিতং ।
ঋতুকালোদ্ভবৈঃ পুষ্পৈঃ পূজ্যোঽহঞ্চ যথাবিধি ॥ ১৫৫ ॥
উপচারৈঃ ষোড়শভির্মন্মন্ত্রৈর্নামভিস্তথা ।
ততঃ পৌরাণিকৈর্মন্ত্রৈঃ পূজনীয়ো বিশেষতঃ ।

তত্র চন্দনমন্ত্রঃ ॥

চন্দনং শীতলং দিব্যং চন্দ্রকুঙ্কুমমিশ্রিতং ।
দদামি তে প্রতুষ্ট্যর্থং নৃসিংহ পরমেশ্বরেতি ।

পুষ্পমন্ত্রঃ ॥

কালোদ্ভবানি পুষ্পাণি তুলস্যাদীনি বৈ প্রভো ।
পূজয়ামি নৃসিংহেশ লক্ষ্ম্যা সহ নমোঽস্তু তে ॥ ইতি ॥

---

দৃষ্ট্বা শাস্ত্রোক্তং বিধিং জ্ঞাত্বা । আচার্য্যাজ্ঞয়া পশ্চাৎ স্বয়নপি পূজয়েদিত্যাহ আচার্য্যেতি ॥ ১৫৪ ॥

পূজাবিধিমাহ মদ্রূপমিতি নবভিঃ। মদীয়মূর্ত্তিং ॥ ১৫৫ ॥

---

বৃহন্নারসিংহে ॥

ঐ স্থলে পুষ্পস্তবক দ্বারা আমার মূর্ত্তি নির্ম্মাণ করিয়া ঋতুকালোদ্ভব পুষ্প দ্বারা আমার যথাবিধি পূজা করিবে ॥ ১৫৫ ॥

আমার মন্ত্র, আমার নাম তথা পৌরাণিক মন্ত্র সকল পাঠ পূর্ব্বক বিশেষ রূপে ষোড়শোপচার দ্বারা আমার পূজা করিবে ॥

তন্মধ্যে চন্দন মন্ত্র ॥

হে নৃসিংহ ! হে পরমেশ্বর ! আপনার তুষ্টি নিমিত্ত কর্পূর, কুঙ্কুম সংযুক্ত উৎকৃষ্ট শীতল চন্দন প্রদান করিলাম ॥

পুষ্পমন্ত্র ॥

হে নৃসিংহ ! হে ঈশ ! কালোৎপন্ন পুষ্প ও তুলসী দ্বারা লক্ষ্মীর সহিত আপনাকে পূজা করিতেছি, আপনাকে নমস্কার ॥

ধূপমন্ত্রঃ ॥

কালাগুরুময়ং ধূপং সর্ব্বদেবস্থবল্লভং।

করোমি তে মহাবিষ্ণো সর্ব্বকামসমৃদ্ধয়ে ॥ ইতি ॥

দীপমন্ত্রঃ ॥

দীপঃ পাপহরঃ প্রোক্তস্তমসাং রাশিনাশনঃ।

দীপেন লভ্যতে তেজস্তস্মাদ্দীপং দদামি তে।

নৈবেদ্যমন্ত্রঃ ॥

নৈবেদ্যং সৌখ্যদং চাস্তু ভক্ষ্যভোজ্যসমন্বিতং।

দদামি তে রমাকান্ত সর্ব্বপাপক্ষয়ং কুরু ॥ ইতি ॥

অর্ঘ্যমন্ত্রঃ ॥

নৃসিংহাচ্যুত দেবেশ লক্ষ্মীকান্ত জগৎপতে।

অনেনার্ঘ্যপ্রদানেন সফলাঃ স্যুর্মনোরথাঃ ॥ ইতি ॥

পূজামন্ত্রঃ ॥

---

ধূপমন্ত্র ॥

হে মহাবিষ্ণো! সকল দেবের অতিশয় প্রিয়, কাল অগুরুময় ধূপ সর্ব্বকাম সমৃদ্ধির নিমিত্ত আপনাকে অর্পণ করিলাম ॥

দীপমন্ত্র ॥

দীপ, পাপহর এবং তমোরাশি নাশন বলিয়া প্রসিদ্ধ, দীপ দ্বারা তেজ লাভ হয় অতএব আপনাকে দীপ প্রদান করিতেছি ॥

নৈবেদ্যমন্ত্র ॥

হে রমাকান্ত! ভক্ষ্য-ভোজ্য-সমন্বিত সুখপ্রদ নৈবেদ্য আপনাকে সমর্পণ করিতেছি, আপনি সমস্ত পাপক্ষয় করুন ॥

অর্ঘ্যমন্ত্রঃ ॥

হে নৃসিংহ! হে অচ্যুত! হে লক্ষ্মীকান্ত! হে জগৎপতে! আপনাকে এই অর্ঘ্য প্রদান করিতেছি, ইহার দ্বারা অক্ষয় মনোরথ সকল সফল হউক ॥

পূজামন্ত্র ॥

পীতাম্বর মহাবিষ্ণো প্রহ্লাদভয়নাশকৃৎ ।
যথা ভূতার্চ্চনে নাথ যথোক্তফলদো ভবেতি ॥ ১৫৬ ॥
রাত্রৌ জাগরণং কুর্য্যাদ্গীতবাদিত্রনিস্বনৈঃ ।
পুরাণপঠনং নৃত্যং শ্রোতব্যং মৎকথানকং ॥ ১৫৭ ॥
ততঃ প্রভাতসময়ে স্নানং কৃত্বা হ্যতন্ত্রিতঃ ।
পূর্ব্বোক্তেন বিধানেন পূজয়েন্মাং প্রযত্নতঃ ।
কিঞ্চ ॥
মদ্বংশে যে নরা জাতা যে জনিষ্যন্তি মৎপুরঃ ।
তাংস্ত্বমুদ্ধর দেবেশ দুঃসহাদ্ভবসাগরাৎ ।
পাতকার্ণবমগ্নস্য ব্যাধিদুঃখাম্বুরাশিভিঃ ।
তীব্রৈস্তু পরিভূতস্য মহাদুঃখগতস্য মে ।
করাবলম্বনং দেহি শেষশায়িন্ জগৎপতে ।

যথাভূতেন যথোপপন্নেন সম্যক্ সম্পাদয়িতুমশক্তেনার্চ্চনেনাপি ॥ ১৫৬ ॥
মম কথানকং কথা ॥ ১৫৭ ॥

হে পীতাম্বর ! হে মহাবিষ্ণো ! হে প্রহ্লাদভয়নাশকারিন্ ! হে নাথ ! চতুর্দ্দশীর অর্চ্চনে যথোক্ত ফলপ্রদ হউন ॥ ১৫৬ ॥

গীত বাদ্যের ধ্বনি সহকারে রাত্রিতে জাগরণ, আর পুরাণ পাঠ, নৃত্য ও আমার কথা শ্রবণ করিবে ॥ ১৫৭ ॥

তৎপরে অতন্ত্রিত হইয়া পূর্ব্বোক্ত বিধানানুসারে যত্ন পূর্ব্বক আমার পূজা করিবে ॥

আরও ॥

আমার বংশে যে সকল নর জন্মিয়াছে বা আমার সমক্ষে জন্মগ্রহণ করিবে, হে দেবেশ ! দুঃসহ ভবসাগর হইতে তাহাদিগকে উদ্ধার কর ॥

হে শেষশায়িন্ ! হে জগৎপতে ! আমি পাতক সমুদ্রে নিমগ্ন, তীব্র

শ্রীনৃসিংহ রমাকান্ত ভক্তানাং ভয়নাশন।
ক্ষীরাম্বুধিনিবাস ত্বং প্রীয়মাণো জনার্দ্দন।
ব্রতেনানেন মে দেব ভুক্তিমুক্তিপ্রদো ভব।
এবং প্রার্থ্য ততো দেবং বিসর্জ্য চ যথাবিধি।
উপহারাদিকং সর্ব্বমাচার্য্যায় নিবেদয়েৎ।
দক্ষিণাভিঃ সুসন্তোষ্য ব্রাহ্মণাংশ্চ বিসর্জ্জয়েৎ।
মম ধ্যানসমাযুক্তো ভুঞ্জীত সহ বন্ধুভিরিতি॥
অথ তত্র পৌর্ণমাসী।
পাদ্মে॥
তত্রৈব শ্রীযমব্রাহ্মণসম্বাদে॥
মেষসংক্রমমারভ্য তিথয়স্ত্রিংশদুত্তমাঃ।

ব্যাধি রূপ দুঃখ জলরাশি দ্বারা পরিভূত ও মহাদুঃখে পতিত হইয়াছি, আপনি আমাকে হস্তাবলম্বন প্রদান করুন॥

হে শ্রীনৃসিংহ! হে রমাকান্ত! হে ভক্তভয়ভঞ্জন! হে ক্ষীরাম্বুধি-নিবাস! হে জনার্দ্দন! হে দেব! এই ব্রত দ্বারা আপনি আমার প্রতি প্রীত হইয়া ভুক্তি-মুক্তিপ্রদ হউন॥

এই প্রকার দেবকে প্রার্থনা পূর্ব্বক যথাবিধি বিসর্জ্জন করিয়া উপ-হারাদি সমুদায় আচার্য্যকে নিবেদন করিবে। দক্ষিণাদি দ্বারা সুন্দর রূপ পরিতুষ্ট করিয়া ব্রাহ্মণদিগকে বিসর্জ্জন করিবে, তৎপরে আমার ধ্যান পরায়ণ হইয়া বন্ধুবর্গের সহিত ভোজন করিবে॥

অথ বৈশাখমাসে পৌর্ণমাসী॥

পদ্মপুরাণের সেই স্থানেই শ্রীযম ব্রাহ্মণসম্বাদে॥

মেষসংক্রম আরম্ভ করিয়া যে উত্তম ত্রিশটী তিথি তৎসমুদায় সর্ব্ব বস্তু অপেক্ষা অধিক পুণ্য স্বরূপ বলিয়া পুরাণে কীর্ত্তিত হইয়াছে। ঐ

সর্ব্বযজ্ঞাধিকাঃ পুণ্যাঃ পুরাণেষু প্রকীর্ত্তিতাঃ।
তত্রাপি পূর্ণিমা পুণ্যা মাধবী মাধবপ্রিয়া।
যেয়ং বরাহকল্পস্থ তিথিরাদ্যা মহাফলা॥ ১৫৮॥
কিঞ্চ॥
স্নানদানার্চ্চনশ্রাদ্ধক্রিয়া পুণ্যবিবর্জ্জিতা।
যস্যাতীতা চ বৈশাখী স নূনং নিরয়ালয়ঃ।
ন বেদেন সমং শাস্ত্রং ন তীর্থং গঙ্গয়া সমং।
ন দানং জলগোতুল্যং ন বৈশাখী সমা তিথিঃ।
জলধেনুঞ্চ যো দদ্যাৎ বৈশাখ্যাং বিষ্ণুতৎপরঃ।
ত্রয়াণামপি দেবানাং চতুর্থোঽয়ং বিশেষতঃ॥ ১৫৯॥

মাধবী বৈশাখী॥ ১৫৮॥

ত্রয়াণাং শ্রীব্রহ্মাদীনাং চতুর্থঃ সারূপ্যাদিপ্রাপ্ত্যা ভগবতঃ সদা সমীপবর্ত্তি নিত্যপার্ষদো ভবতীত্যর্থঃ॥ ১৫৯॥

সকল তিথির মধ্যেও আবার মাধবপ্রিয়া বৈশাখী পূর্ণিমা অতিশয় পুণ্য স্বরূপা। এই তিথি বরাহকল্পের আদি এবং মহাফলপ্রদা বলিয়া অভিহিত॥ ১৫৮॥

আরও॥

যাহার সম্বন্ধে বৈশাখী পূর্ণিমা স্নান, দান, আমার অর্চ্চন, শ্রাদ্ধ ও পুণ্যক্রিয়া বর্জ্জিত হইয়া গমন করে, নিশ্চয় সে নারকী হয়॥

বেদের সমান শাস্ত্র নাই, গঙ্গার সমান তীর্থ নাই, জল ও গো তুল্য দান নাই এবং বৈশাখী পূর্ণিমা সমান তিথি নাই॥

যে বিষ্ণুতৎপর ব্যক্তি বৈশাখী পূর্ণিমায় জল ও ধেনু দান করেন, তিনি বিশেষতঃ দেবত্রয়ের মধ্যে চতুর্থ, অর্থাৎ সারূপ্যাদি প্রাপ্তি দ্বারা সর্ব্বদা ভগবানের সমীপবর্ত্তি নিত্য পার্ষদ হয়েন॥ ১৫৯॥

তত্রৈব ধনশর্ম্মাণং প্রতি প্রেতোক্তৌ ॥

ময়া নৈকাপি বৈশাখী পূর্ণা পূর্ণফলপ্রদা।
স্নানদানক্রিয়াপূজা সুকৃতৈঃ পরিপালিতা ॥ ১৬০ ॥
তেন মে বৈদিকং কর্ম্মজাতং সর্ব্বঞ্চ নিষ্ফলং।
ততো বৈশাখনামাহং প্রেতো জাতোঽস্মি গর্ব্বতঃ।

কিঞ্চ তত্রৈব ॥

পাপেন্ধনদবজ্বালা তমোদ্রুমকুঠারিকা।
কৃতা নৈকাপি বৈশাখী বিধিনা তত্র পূর্ণিমা ॥ ১৬১ ॥

স্নানদানার্চ্চনেতি শ্লোকোক্তং বৈশাখীকৃত্য নিত্যত্বমেব বচনান্তরৈরদ্রঢ়য়তি ময়েতি চতুর্ভিঃ। তত্র চেয়মাখ্যায়িকা কশ্চিচ্ছ্রোত্রিয়ো বিপ্রঃ পূর্ব্বজন্মনি নিখিলং বৈদিককর্ম্মাকরোৎ কেবলং পৌরাণিকং বৈশাখীকৃত্যমপ্যেকং ন চকার তেন সর্ব্বং তস্য বৈদিকং কর্ম্মবিফলমভূৎ প্রত্যুত ভগবৎপ্রিয়বৈশাখানাদরেণ প্রেতত্বং জাতমিতি। তত্র চ ধনশর্ম্মণো বিপ্রস্য পথি দৃষ্টৈস্তদাদিপ্রেতৈঃ সহ সম্বাদে তন্নামকারণনির্ব্বচনে নিজনামকারণং নির্ব্বক্তি ময়েতি দ্বাভ্যাং। স্নানাদিরূপসুকৃতৈঃ। তত্র ক্রিয়া শ্রাদ্ধাদি ॥ ১৬০ ॥

গর্ব্বতঃ বৈদিকত্বাভিমানাৎ। অয়মেব বৈশাখ্যপরিপালনে হেতুঃ ॥ ১৬১ ॥

ঐ স্থানেই ধনশর্ম্মার প্রতি প্রেতবাক্য ॥

আমি একটীও পূর্ণফলপ্রদায়িনী বৈশাখী পূর্ণিমা স্নান, দান, ক্রিয়া, পূজা ও পুণ্য দ্বারা প্রতিপালন করি নাই ॥ ১৬০ ॥

সেই কারণ বশতঃ আমার বৈদিক কর্ম্ম সকল নিষ্ফল হইয়াছে, অতএব হে প্রেত! গর্ব্ব বশতঃ আমি বৈশাখ নামে প্রেত হইয়া জন্ম গ্রহণ করিয়াছি ॥

আরও ঐ স্থানেই ॥

বৈশাখমাসে পাপ ইন্ধন রূপ দাবাগ্নি তমোবৃক্ষের কুঠারিকা স্বরূপ বৈশাখী পূর্ণিমা একটীও প্রতিপালন করি নাই ॥ ১৬১ ॥

অব্রতা যস্য বৈশাখী স বৈ শাখী ভবেন্নর ।
দশজন্মানি চ ততস্তির্য্যগ্‌যোনিষু জায়তে ॥ ১৬২ ॥
অথ সমস্ত বৈশাখাশক্তকৃত্যং ॥
তত্রৈব শ্রীযমব্রাহ্মণসম্বাদে ॥
ত্রয়োদশ্যাং চতুর্দ্দশ্যাং বৈশাখ্যাঞ্চ দিনত্রয়ং ।
সর্ব্বাশক্তোঽপি বিধিনা নারী বা পুরুষোঽপি বা ।
পূর্ব্বোক্তনিয়মৈর্যুক্তঃ প্রাতঃস্নাত্বা স্বশক্তিতঃ ।
বিমুক্তঃ পাতকৈঃ সর্ব্বৈঃ স্বর্গমক্ষয়মশ্নুতে ।
বৈশাখ্যামপ্যশক্ত্যা বা ভোজয়েদ্‌ব্রাহ্মণান্ দশেতি ॥ ১৬৩ ॥

বৈ নিশ্চিতং । স শাখী বৃক্ষো ভবেৎ ॥ ১৬২ ॥
অক্ষয়ং স্বর্গং শ্রীবৈকুণ্ঠলোকমিত্যর্থঃ ॥ ১৬৩ ॥

যাহার সম্বন্ধে বৈশাখী পূর্ণিমা ব্রত রহিতা হয়, তাহার বৃক্ষযোনি লাভ হয়, তাহার পর সে দশ জন্ম তির্য্যক্ যোনিতে জন্ম গ্রহণ করে ॥ ১৬২ ॥

অথ সমস্ত বৈশাখমাসের কৃত্যে
অসমর্থের প্রতি ব্যবস্থা ॥
সেই স্থানেই শ্রীযম ব্রাহ্মণসম্বাদে ॥

নারী হউক বা পুরুষই হউক সমস্ত নিয়মে অসক্ত হইলেও বৈশাখমাসের শুক্লা ত্রয়োদশী ও পূর্ণিমা এই দিনত্রয় যথাবিধি পূর্ব্বোক্ত নিয়মে যুক্ত হইয়া স্বীয় শক্তি অনুসারে প্রাতঃকালে স্নান করিলে সকল পাপ হইতে মুক্ত হইয়া অক্ষয় স্বর্গ লাভ হয়। বৈশাখী পূর্ণিমায় অশক্ত হইলে দশজন ব্রাহ্মণ ভোজন করাইবে ॥ ১৬৩ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে শ্রীমদ্ভগবদ্ভক্তিবিলাসে যাণ্মাসিকো নাম চতুর্দ্দশবিলাসঃ ॥ * ॥ ১৪ ॥ * ॥

॥ * ॥ ইতি চতুর্দ্দশঃ ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে শ্রীমদ্ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃতানুবাদে যাণ্মাসিক নাম চতুর্দ্দশবিলাস ॥ * ॥

# পঞ্চদশ বিলাসঃ।

যস্মাজ্জলবিহারাদি মহোৎসবপরম্পরা।
সিদ্ধ্যেদ্দীনতরস্যাপি তং শ্রীচৈতন্যমাশ্রয়ে ॥ ১ ॥
অথ জ্যৈষ্ঠকৃত্যং ॥
আরভ্য রাকাং বৈশাখীং জ্যৈষ্ঠীং যাবন্মহোৎসবং।
কুর্য্যাৎ সংপূজয়ন্নিত্যং কৃষ্ণং জলবিহারিণং।
তত্রৌষ্ণ্যতারতম্যাদ্ধি কৃষ্ণং তোয়স্থমাচরেৎ।

---

এবমাগ্রহায়ণিকাদিবৈশাখমাস ষট্‌কস্য কৃত্যং লিখিত্বেদানীং জ্যৈষ্ঠাদীনাং লিখন্ ভগবতঃ প্রভাববিশেষং দর্শয়ন্ তং শরণং যাতি যস্মাদিতি। আদিশব্দেন ক্ষীরাব্ধিমহোৎসব জন্মমহোৎসব পার্শ্বপরিবর্ত্তনমহোৎসব বিজয়োৎসবাদি। এবং মহোৎসবানাং পরম্পরা শ্রেণী। এবমশক্তস্যাপি মম তত্তল্লিখনোৎসবস্তদ্ভাবেন সেৎস্যতীতি ভাবঃ ॥ ১ ॥

তত্র জলবিহারমহোৎসবে। ঔষ্ণ্যস্য তাপস্য তারতম্যং ন্যূনাধিকত্বং তস্মাৎ ল্যব্‌লোপে

---

দীনতর ব্যক্তিরও যাঁহা হইতে জল বিহারাদি মহোৎসব পরম্পরা সিদ্ধ হয়, আমি সেই শ্রীচৈতন্যদেবকে আশ্রয় করি ॥ ১ ॥

অথ জ্যৈষ্ঠকৃত্য ॥

বৈশাখী পূর্ণিমাকে আরম্ভ করিয়া জ্যৈষ্ঠী পূর্ণিমা পর্য্যন্ত নিত্য জলবিহারী শ্রীকৃষ্ণের পূজা করত মহোৎসব করিবে ॥

উক্তকালে উষ্ণতার তারতম্য বশতঃ শ্রীকৃষ্ণকে জলস্থ করিবে।

বৈশাখেঽপি তথাষাঢ়ে শ্রাবণেঽপ্যব্ভ্রবর্জ্জিতে ॥ ২ ॥
অথ জলে ভগবৎপূজাবিধিঃ ॥
উত্তাপেঽর্কাংশুতোজাতে শীতলেন সুগন্ধিনা।
জলেন পূরিতে পাত্রে শ্রীকৃষ্ণমুপবেশয়েৎ ॥ ৩ ॥
নিত্যার্চ্চাবিধিনাঽভ্যর্চ্চ্য সায়ং সন্ধ্যামুপাস্য চ।
দেবং সিংহাসনে নীত্বা গন্ধাদিভিরথার্চ্চয়েৎ ॥ ৪ ॥
নীরাজ্য দেবং সর্ব্বেভ্যো দত্ত্বা তীর্থং ভজেৎ স্বয়ং।

পঞ্চমী তদ্বিচার্য্যেবেত্যর্থঃ। অতো বৈশাখেঽপ্যুষ্ণতাতিশয়ে সতি কুর্য্যাৎ। কদাচিৎ কুত্রাপি জ্যৈষ্ঠেঽপি শীতানুবৃত্তৌ ন কুর্য্যাদিত্যভিপ্রায়ঃ। অতএব গারুড়ে ক্বচিজ্জ্যৈষ্ঠে ইতি ক্বচিদ্গ্রীষ্ম ইতি ক্বচিৎ কর্কটরাশিগতে সূর্য্য ইতি ক্বচিচ্চ মাসে মাধবসংজ্ঞক ইতি বিকল্পো দর্শিতঃ। তচ্চাগ্রে ব্যক্তং ভাবি। শীতাভাবেঽপি মেঘাগমদিনে ন কুর্য্যাদিতি লিখতি অত্ত্রেতি। ঘনাগম ইত্যগ্রতো লেখ্যবচনাৎ ॥ ২ ॥

অর্কাংশুতঃ উত্তাপে ঘর্ম্মপ্রাচুর্য্যে জাতে মধ্যাহ্নসময়ে ইত্যর্থঃ। পাত্রে তাম্রাদিনির্ম্মিত শ্রীমূর্ত্তিনিবেশনযোগ্যভাজনে ॥ ৩ ॥

নিত্যার্চ্চায়া নিত্যং ক্রিয়মাণপূজায়া বিধির্যঃ প্রকারস্তেন ॥ ৪ ॥

বৈশাখ অথবা আষাঢ় কিম্বা শ্রাবণ মাসেই হউক মেঘবর্জ্জিত কালে শ্রীকৃষ্ণকে জলস্থ করিবে কিন্তু শীতানুভব সময়ে জলস্থ করিবে না ॥২॥

অথ জলে ভগবৎপূজাবিধি ॥

সূর্য্যের উত্তাপে গ্রীষ্মাতিশয় হইলে মধ্যাহ্ন কালে, সুগন্ধ শীতল জলপূরিত পাত্রে শ্রীকৃষ্ণকে উপবেশন করাইবে ॥ ৩ ॥

নিত্য পূজার বিধি অনুসারে পূজা করিয়া এবং সায়ং সন্ধ্যার উপাসনা করিয়া দেবকে সিংহাসনে আনয়ন পূর্ব্বক গন্ধাদি দ্বারা পূজা করিবে ॥ ৪ ॥

দেবকে নিরাজন করিয়া সকল বৈষ্ণবদিগকে চরণামৃত প্রদান

দ্বাদশ্যান্তু বিশেষেণ রাত্রৌ তোয়স্থমর্চ্চয়েৎ ॥ ৫ ॥
অথ তন্মাহাত্ম্যং ॥
গারুড়ে ॥
স্বর্ণপাত্রেঽথবা রৌপ্যে তাম্রে বা মৃণ্ময়েঽপি বা।
তোয়স্থং যোঽর্চ্চয়েদ্দবং শালগ্রামসমুদ্ভবং।
চক্রাঙ্কিতং বা ভূপাল নিবৃত্তে মধুমাধবে।
প্রতিমাসং মহাভাগস্তস্য পুণ্যমনন্তকং।
যাবদ্ধরাধরোলোকে যাবচ্চন্দ্রদিবাকরৌ।
তাবত্তস্য কুলে কশ্চিন্ন ভবেদ্ভূপ নারকী।

তীর্থং শ্রীচরণোদকং সর্ব্ববৈষ্ণবেভ্যোবিভজ্য দত্ত্বা স্বয়ং ভজেৎ প্রাশ্নীয়াৎ। দ্বাদশীরাত্রৌ চাবশ্যং জলশায়ী ভগবান্ পূজনীয় ইতি লিখতি দ্বাদশ্যামিতি। দ্বাদশ্যান্তু বিশেষেণেত্যাদি গরুড়োক্তেঃ। তচ্চাগ্রে সমগ্রং ব্যক্তং ভাবি ॥ ৫ ॥ ৬ ॥

করত স্বয়ং পান করিবে। দ্বাদশীর রাত্রিতে বিশেষ করিয়া জলস্থ শ্রীকৃষ্ণের পূজা করিবে ॥ ৫ ॥

অথ জলস্থ পূজার মাহাত্ম্য ॥

গরুড়পুরাণে ॥

স্বর্ণপাত্রে অথবা রৌপ্যপাত্রে কিম্বা তাম্রপাত্রে বা মৃণ্ময়পাত্রেই হউক জলস্থ দেব অথবা শালগ্রাম চক্র সমুদ্ভব দেবকে অর্চ্চনা করিবে। হে ভূপাল! হে মহাভাগ! চৈত্র ও বৈশাখ নিবৃত্ত হইলে প্রতি মাসে তাহার অনন্ত পুণ্য হয় ॥

হে ভূপ! যাঁহারা এই প্রকার শ্রীকৃষ্ণকে জলস্থ করেন, যে পর্য্যন্ত পৃথিবীতে পর্ব্বত এবং চন্দ্র সূর্য্য অবস্থিত থাকিবেন, তাবৎ তাঁহার কুলে কেহই নারকী হইবে না, অতএব হে রাজন্! জ্যৈষ্ঠমাসে সর্ব্বদা

তস্মাজ্জ্যৈষ্ঠে সদা ভূপ তোয়স্থং পূজয়েদ্ধরিং।
বীততাপো নরস্তিষ্ঠেদ্যাবদাভূতসংপ্লবং।
কৃতৈঃ সুশীতলৈস্তোয়ৈস্তুলসীদলবাসিতৈঃ ॥ ৬ ॥
শুচি শুক্রগতে কালে যেঽর্চ্চয়িষ্যন্তি কেশবং।
জলস্থং বিবিধৈঃ পুষ্পৈর্ম্মুচ্যতে যমযাতনাৎ।
জলস্রষ্টা যতো বিষ্ণুর্জলশায়ী জলপ্রিয়ঃ।
তস্মাদ্ গ্রীষ্মে বিশেষেণ জলস্থং পূজয়েদ্ধরিং।
নীরমধ্যস্থিতং কৃত্বা শালগ্রামসমুদ্ভবং।
যোঽভ্যর্চ্চয়েন্মহাভক্ত্যা স ভবেৎ কুলপাবনঃ।
কর্কিরাশিগতে সূর্য্যে মিথুনস্থে বিশেষতঃ।
যেনার্চ্চিতোঽহরির্ভক্ত্যা জলমধ্যে মহীপতে ॥

শুচিরাষাঢ়ঃ। শুক্রোজ্যৈষ্ঠঃ ॥ ৭ ॥

জলস্থ হরির পূজা করিবে। যে মনুষ্য তুলসীদল বাসিত সুশীতল জল দ্বারা বিষ্ণুর অর্চ্চনা করেন, তিনি মহাপ্রলয় পর্য্যন্ত তাপ বর্জিত হইয়া অবস্থিত থাকেন ॥ ৬ ॥

যাঁহারা জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসে বিবিধ পুষ্প দ্বারা তোয়স্থ বিষ্ণুর অর্চ্চনা করেন তাঁহারা যমযাতনা হইতে বিনির্ম্মুক্ত হয়েন।

বিষ্ণু যে হেতু জলস্রষ্টা, জলশায়ী ও জলপ্রিয়, সেই হেতু গ্রীষ্মে বিশেষ করিয়া জলস্থ হরির পূজা করিবে। যে ব্যক্তি ভক্তি সহকারে জল মধ্যস্থিত শালগ্রাম সমুদ্ভব দেবকে পূজা করেন তিনি কুলপাবন হয়েন ॥

হে মহীপতে! যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক কর্ক্কট রাশি গত সূর্য্যে বা বিশেষ করিয়া মিথুন রাশি গত সূর্য্যে জল মধ্যে হরিকে পূজা করেন ॥ ৭ ॥

দ্বাদশ্যান্তু বিশেষেণ জলস্থং জলশায়িনং
যোঽভ্যর্চ্চয়েৎ কৃতং তেন যজ্ঞকোটিশতং ভুবি ॥ ৮ ॥
পাত্রে গন্ধাদিকং কৃত্বা যঃ ক্ষিপেদ্গরুড়ধ্বজং।
দ্বাদশ্যাং পূজয়েদ্রাত্রৌ মুক্তিভাগী ভবেন্নরঃ।
কিঞ্চ ॥
ঘনাগমে প্রকুর্ব্বন্তি জলস্থং বৈ জনার্দ্দনং।
যে নরা নৃপতিশ্রেষ্ঠ তেষাং বৈ নরকং ধ্রুবমিতি ॥ ৯ ॥
তথৈবাত্যুষ্ণসময়ে কালিন্দ্যাদৌ বিশেষতঃ।
সম্পাদয়েদ্ভগবতো জলক্রীড়ামহোৎসবং ॥ ১০ ॥

তে নরা ভুবি দেবতাঃ পরমপূজ্যা ইত্যর্থঃ। পাঠান্তরে কোটিযজ্ঞফলভাগী ইত্যর্থঃ ॥ ৮ ॥ ক্ষিপেৎ স্থাপয়েৎ ॥ ৯ ॥

ন কেবলং পাত্রান্তরে জলক্রীড়াকারয়িতব্যা নদী সরোবরাদাবপি যথাযোগং কারয়িতব্যেতি লিখতি তথৈবেতি। পূর্ব্বলিখিতপ্রকারেণ। অত্র চ শ্রীমূর্ত্তিবিশেষেণ জলক্রীড়াবিধিবিশেষোঽবগন্তব্যঃ ॥ ১০ ॥

এবং বিশেষতঃ দ্বাদশীতে যে ব্যক্তি জলস্থ জলশায়িকে পূজা করেন, তিনি পৃথিবীতে শতকোটি যজ্ঞ করিয়াছেন ॥ ৮ ॥

যে মনুষ্য দ্বাদশীর রাত্রিতে জলপাত্রে গন্ধাদি অর্পণপূর্ব্বক তাহাতে গরুড়ধ্বজকে পূজা করেন, তিনি মুক্তিভাগী হয়েন ॥

আরও ॥

যে সকল মনুষ্য মেঘাগমে জনার্দ্দনকে জলস্থ করে, হে নৃপশ্রেষ্ঠ ! নিশ্চয় তাহাদের নরক হইবে ॥ ৯ ॥

উক্ত প্রকার অত্যুষ্ণ সময়ে বিশেষ করিয়া যমুনা প্রভৃতিতে ভগবানের জলক্রীড়া সম্পাদন করিবে ॥ ১০ ॥

অথ নির্জ্জলৈকাদশী ॥

পাদ্মে ॥

শ্রীভীমসেন উবাচ ॥

পিতামহ হ্যশক্তোঽহমুপবাসে করোমি কিং।
অতো বহুফলং ব্রূহি ব্রতমেকমপি প্রভো ॥ ১১ ॥
বৃষস্থে মিথুনেস্থেঽর্কে শুক্লাদ্যেকাদশী হি যা।
জ্যৈষ্ঠে মাসি প্রযত্নেন সোপোষ্যা জলবর্জ্জিতা ॥ ১২ ॥
স্নানে বাচমনে চৈব বর্জ্জয়িত্বোদকং বুধঃ।
উপযুঞ্জীতনৈবান্যদ্ব্রতভঙ্গোঽন্যথা ভবেৎ ॥ ১৩ ॥

এবার্থে অপি শব্দঃ। একমেব ব্রতং ব্রূহি বহূনাং কিম্বা দ্বয়োরপ্যশক্যত্বাৎ ॥ ১১ ॥
কদাচিদ্বৃষস্থে কদাচিন্মিথুনস্থে চেত্যর্থঃ ॥ ১২ ॥
স্নানাচমনয়োর্যত্নুদকং তদ্বিনেত্যর্থঃ ॥ ১৩ ॥

অথ নির্জল একাদশী ॥

পদ্মপুরাণে ॥

ভীম কহিলেন, হে পিতামহ! আমি উপবাসে অশক্ত কি করিব, অতএব হে প্রভো! যে একটীমাত্র ব্রতে বহু ফল হয় তাহাই আমাকে আদেশ করুন ॥ ১১ ॥

ব্যাস কহিলেন, বৃষ বা মিথুনরাশিস্থ ভাস্করে জ্যৈষ্ঠমাসে যে শুক্লা একাদশী হয়, জলপান পর্য্যন্তও বর্জন করিয়া যত্ন পূর্ব্বক তাহাতে উপবাস করিবে ॥ ১২ ॥

স্নান বা আচমনেতেও পণ্ডিত ব্যক্তি জলবর্জন করিবেন, অন্য কোন উপভোগ করিবেন না, করিলে ব্রত ভঙ্গ হইবে ॥ ১৩ ॥

উদয়াদুদয়ং যাবদ্বর্জ্জয়িত্বা জলং বুধঃ।
স্বপ্রযত্নাদবাপ্নোতি দ্বাদশদ্বাদশীফলং ॥ ১৪ ॥
ততঃ প্রভাতে বিমলে দ্বাদশ্যাং স্নানমাচরেৎ।
জলং সুবর্ণং দত্ত্বা তু দ্বিজাতিভ্যো যথাবিধি।
ভুঞ্জীতকৃতকৃত্যস্তু ব্রাহ্মণৈঃ সহিতো বশী।
এবং কৃতে তু যৎপুণ্যং ভীমসেন শৃণুষ্ব তৎ।
সম্বৎসরস্য যা মধ্যে একাদশ্যো ভবন্তি হি।
তাসাং ফলমবাপ্নোতি পুত্র মে নাত্র সংশয়ঃ।
ইতি মাং কেশবঃ প্রাহ শঙ্খচক্রগদাধরঃ।
কিঞ্চ ॥
ধনধান্যবহা পুণ্যা পুত্রভাগ্য সুখপ্রদা।

উদয়াদ্রবেরুদয়মারভ্য। দ্বাদশেতি মহাদ্বাদশ্যোঽষ্টৌ শয়নী পার্শ্বপরিবর্ত্তিনী বোধনী-চেতি তিস্রঃ ভৈমীচেতি ফলবিশেষাপেক্ষয়া। যদ্বা। দ্বাদশমাসেষু যা দ্বাদশ্যস্তাসাং ফলং ॥১॥ বশী জিতেন্দ্রিয়ঃ। যত্নতো নিদাঘমধ্যে জলপানাদিবর্জ্জনাৎ ॥ ১৫ ॥

পণ্ডিত ব্যক্তি যত্নসহকারে এক উদয় হইতে অন্য উদয় পর্য্যন্ত জল বর্জন করিলে দ্বাদশ দ্বাদশীর ফল হয় ॥ ১৪ ॥

তদনন্তর দ্বাদশীর সুপ্রকাশিত প্রভাতকালে স্নান পূর্ব্বক ব্রাহ্মণ-দিগকে যথাবিধি জল ও সুবর্ণ প্রদান করিয়া জিতেন্দ্রিয় কৃতকৃত্য ব্যক্তি ব্রাহ্মণদিগের সহিত ভোজন করিবেন।

হে ভীমসেন! এই প্রকার ব্রত করিলে যে পুণ্য হয়, তাহা শ্রবণ কর। হে পুত্র! বৎসর মধ্যে যত একাদশী আছে, তৎসমুদায়ের ফল প্রাপ্ত হয়, ইহাতে কোন সংশয় নাই। শঙ্খ চক্র গদাধর কেশব আমাকে বলিয়াছেন ॥

আরও ॥

হে নরশ্রেষ্ঠ! আমি সত্য বলিতেছি, এই একাদশী উপোষিতা

উপোষিতা নরব্যাঘ্র ইতি সত্যং ব্রবীমি তে।
যমদূতা মহাকায়াঃ করালাঃ কামরূপিণঃ।
দণ্ডপাশধরা রৌদ্রা নোপসর্পন্তি তং নরং।
পীতাম্বরধরাঃ শঙ্খচক্রহস্তা মনোজবাঃ।
অন্তকালে নয়ন্ত্যেনং বৈষ্ণবা বৈষ্ণবীং পুরীং।
কিঞ্চ॥
তোয়স্য নিয়মং যস্তু কুরুতে বৈষ্ণবোত্তম।
ফলং কোটিসুবর্ণস্য যামে যামে স পুণ্যভাক্।
স্নানং দানং জপং হোমং দ্বাদশ্যাং কুরুতে নরঃ।
তৎ সর্ব্বঞ্চাক্ষয়ং প্রাপ্তমেতৎ কৃষ্ণস্য ভাষিতং।
কিঞ্চাপরেণ ধর্ম্মেণ নির্জ্জলৈকাদশীং নৃপ।
উপোষ্য সম্যগ্বিধিনা বৈষ্ণবং পদমাপ্নুয়াৎ॥ ১৫॥

হইলে, ইনি ধন, ধান্য, পুণ্য ও পুত্রভাগ্য সুখ প্রদান করিয়া থাকেন॥

যে নর এই একাদশীতে উপবাস করেন, তাঁহার নিকট মহাকায়, কামরূপী, দণ্ড পাশধর ও রৌদ্রমূর্ত্তি যমদূত সকল গমন করে না। পীতাম্বরধর ও শঙ্খচক্র হস্ত, মনের তুল্য বেগশালী বিষ্ণুদূতগণ অন্তকালে তাঁহাকে বৈষ্ণবী পুরীর প্রতি লইয়া যান॥

আরও॥

যে বৈষ্ণবশ্রেষ্ঠ জলের নিয়ম করেন, তিনি প্রহরে প্রহরে কোটি সুবর্ণ দানের পুণ্য প্রাপ্ত হয়েন॥

কৃষ্ণ বলিয়াছেন, যে মনুষ্য দ্বাদশীতে স্নান, দান, জপ ও হোম যাহা কিছু করেন, তৎসমুদায় অক্ষয় প্রাপ্ত হয়॥

হে রাজন্! অপর ধর্ম্মের প্রয়োজন কি, সম্যক্ বিধি অনুসারে নির্জল একাদশীর উপবাস করিলে বৈষ্ণবপদ, অর্থাৎ বিষ্ণুলোক প্রাপ্তি হয়॥ ১৫॥

কিঞ্চ ॥
যৈঃ কৃতা ভীমসেনৈষা নির্জ্জলৈকাদশী শুভা ।
স্বকুলং তারিতং সর্ব্বং কুলাতীতং তথা শতং ।
আত্মনা সহ তৈর্নীতং বাসুদেবস্য মন্দিরে ॥ ১৬ ॥
কিঞ্চ ॥
আত্মদ্রোহঃ কৃতস্তৈস্তু যৈরেষা নহ্যুপোষিতা ।
পাপাত্মানো দুরাচারা দুষ্টাস্তে নাত্র সংশয়ঃ ॥ ১৭ ॥
কিঞ্চ ॥
যশ্চেমাং শৃণুয়াদ্ভক্ত্যা যশ্চাপি পরিকীর্ত্তয়েৎ ।
উভৌ তৌ স্বর্গমাপ্তৌ হি নাত্র কার্য্যা বিচারণা ॥ ১৮ ॥
অথ নির্জ্জলব্রতবিধিঃ ॥

কুলাতীতং সম্বন্ধিশতং ॥ ১৬ ॥
তদ্বৃতস্য নিত্যতামাহ আত্মেতি ॥ ১৭ ॥
এতন্মাহাত্ম্য শ্রবণাদিফলমাহ যশ্চেতি ॥ ১৮ ॥

আরও ॥

হে ভীমসেন ! যাহারা এই পবিত্র নির্জ্জল একাদশীর উপবাস করিয়াছে, তাহারা আপনার একশত কুলকে উদ্ধার করিয়াছে এবং আপনার সহিত শত কুলকে বিষ্ণুলোকে লইয়া যায় ॥ ১৬ ॥

আরও ॥

যাহারা এই একাদশীর উপবাস না করে তাহারা পাপাত্মা, দুরাচার এবং দুষ্ট, আত্মদ্রোহ করিয়াছে ইহাতে সংশয় নাই ॥ ১৭ ॥

আরও ॥

যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক এই একাদশীর মাহাত্ম্য শ্রবণ করেন এবং যে ব্যক্তি কীর্ত্তন করেন, উভয়েই স্বর্গ প্রাপ্ত হয়েন, ইহাতে কোন বিচার নাই ॥ ১৮ ॥

অথ নির্জ্জলব্রতবিধি ॥

যথা প্রাগ্‌লিখিতং কৃত্বা সঙ্কল্পং নিয়মং ব্রতে।
জলমাদায় গৃহ্ণীয়ান্মন্ত্রেণানেন বৈষ্ণবঃ।
একাদশ্যাং নিরাহারো বর্জ্জয়িষ্যামি বৈ জলং।
কেশবপ্রীণনার্থায় অত্যন্তদমনেন চেতি॥ ১৯॥
বর্জ্জয়েচ্চাম্ব্বহোরাত্রং বিনাচাচমনার্থকং।
বিনা চ প্রাশনং পাদোদকস্যাত্যন্তপাবনং॥ ২০॥
একাদশ্যাং নিশায়াস্তু নিত্যপূজাং বিধায় হি।

এবমবশ্যকৃত্যত্বং লিখিত্বা ইদানীং ভবিষ্যোত্তরোক্ত্যনুসারেণ তস্য বিধিং লিখতি যথেত্যাদি নবভিঃ। যথা প্রাগ্লিখিতং পূর্ব্বমেকাদশীব্রতপ্রকরণে দশমীনিয়মাদিকং যল্লিখিতং তদনুসারেণ নিয়মং গৃহ্ণীয়াৎ॥ ১৯॥

অহোরাত্রং অম্বু জলং বর্জ্জয়েৎ। তত্র চ স্নানাদাবাচমনে শ্রীচরণোদকগ্রহণে চ জলং ন বর্জ্জনীয়মিতি লিখতি বিনেতি। তত্র তত্র তৎপানাবশ্যকত্বাৎ। অন্যথা শুদ্ধিহানেঃ। নন্বু স্নানেচাচমনে চৈবেত্যুক্তং নচ পাদোদকমুদ্দিষ্টং তত্র লিখতি অত্যন্তেতি। আচমনাদপ্যেতৎ পরম শুদ্ধিকরমিত্যর্থঃ। তন্নিত্যতাচাদৌ লিখিতৈবাস্তে॥ ২০॥

পয় আদিভিঃ পঞ্চামৃতেন স্নাপয়েৎ॥ ২১॥

পূর্ব্ব একাদশী ব্রতনিয়মকথনে দশমী নিয়মাদিক যাহা লিখিত হইয়াছে তদনুসারে সঙ্কল্প করিয়া বৈষ্ণব ব্যক্তি জল গ্রহণ করিয়া এই মন্ত্র দ্বারা নিয়ম গ্রহণ করিবেন॥

মন্ত্র যথা॥

আমি ইন্দ্রিয় দমন পূর্ব্বক কেশবের প্রীতি নিমিত্ত একাদশীতে নিরাহার থাকিয়া জলবর্জ্জন করিব॥ ১৯॥

আচমন নিমিত্ত জলপান এবং অত্যন্ত পাবন চরণোদক পান ব্যতীত অহোরাত্র জলপান বর্জ্জন করিবে॥ ২০॥

একাদশীর রাত্রিতে নিত্য পূজা বিধান করিয়া স্বর্ণ নির্ম্মিত ত্রিবি-

হৈমীং ত্রৈবিক্রমীং মূর্ত্তিং স্নাপয়েৎ পয় আদিভিঃ।
বস্ত্রাদিকং সমর্প্যাথাভ্যর্চ্চ্য গন্ধাদিভিশ্চ তাং।
প্রণম্য জাগরং কুর্য্যাৎ তদগ্রে নর্ত্তনাদিনা।
প্রাতঃস্নানাদি নির্ব্বর্ত্ত্য তং ত্রিবিক্রমমর্চ্চয়েৎ ॥ ২১ ॥
শক্ত্যাম্বুকুম্ভান্ বিপ্রেভ্যো দদ্যাৎ গন্ধাদ্যলঙ্কৃতান্।
তত্র মন্ত্রঃ ॥
দেবদেব হৃষীকেশ সংসারার্ণবতারক।
জলকুম্ভপ্রদানেন যাস্যামি পরমাঙ্গতিমিতি ॥ ২২ ॥
দদ্যাচ্চ কনকং ছত্রং বস্ত্রযুগ্মমুপানহৌ।
জলপাত্রাণি দিব্যানি বিভবে সতি বৈষ্ণবঃ।

শক্ত্যেতি যাবতো যাদৃশান্ দাতুং শক্লোতি তাবতস্তাদৃশান্ দদ্যাদিত্যর্থঃ। আদিশব্দেন পুষ্পবস্ত্রফলাদি ॥ ২২ ॥

বিভবে সতি কনকাদীনি চ বিপ্রেভ্যো দদ্যাৎ ॥ ২৩ ॥

ক্রম মূর্ত্তিকে দুগ্ধ প্রভৃতি দ্বারা স্নান করাইবে। তৎপরে বস্ত্রাদি সমর্পণ পূর্ব্বক গন্ধাদি দ্বারা তাঁহাকে অর্চ্চনা করিয়া নমস্কার করত নর্ত্তনাদি দ্বারা তদগ্রে জাগরণ করিবে। তদনন্তর প্রাতঃস্নানাদি সমাপন পূর্ব্বক ঐ ত্রিবিক্রমের পূজা করিবে ॥ ২১ ॥

শক্তি অনুসারে ব্রাহ্মণদিগকে গন্ধাদ্যলঙ্কৃত জলকুম্ভ সকল প্রদান করিবে ॥

জলদান বিষয়ে মন্ত্র ॥

হে দেবদেব! হে হৃষীকেশ! হে সংসারসমুদ্রতারক! জলকুম্ভপ্রদান দ্বারা পরম গতি প্রাপ্ত হইব ॥ ২২ ॥

বৈষ্ণব ব্যক্তি বিভব সত্ত্বে স্বর্ণ, ছত্র, বস্ত্রদ্বয়, পাদুকাদ্বয় এবং উৎকৃষ্ট জলপাত্র সকল দান করিবেন। যথাশক্তি ব্রাহ্মণদিগকে ভোজন

শক্ত্যা বিপ্রান্ ভোজয়িত্বা পীত্বা ভ্রাতৃকরাজ্জলং।
স্বয়ং বা পীয় মৌনী সন্ ভুঞ্জীত সহ বন্ধুভিঃ ॥ ২৩ ॥
অথ আষাঢ়কৃত্যং ॥
আষাঢ় শুক্লদ্বাদশ্যাং হরৌ শিশয়িষৌ সতি।
বৈষ্ণবঃ পারণং কৃত্বা তপ্তমুদ্রাশ্চ ধারয়েৎ।

আষাঢ় শুক্লাদ্বাদশ্যামিত্যত্র যদ্যপি ভবিষ্যপুরাণে। আকাভাসিতপক্ষেষু মৈত্রশ্রবণ রেবতী। আদিমধ্যাবসানেষু প্রস্বাপাবর্ত্তনৈরিতি। অস্যার্থঃ। আষাঢ়ভাদ্রকার্ত্তিকানাং সিতপক্ষেষু শুক্লদ্বাদশীষু অনুরাধা শ্রবণ রেবতীনামাদিমধ্যান্ত্যপাদেষু শয়নপার্শ্বপরিবর্ত্তনোত্থানং ক্রমাদ্ভবতীতি। তথাপি পাদযোগাদ্যভাবেঽপি সতি দ্বাদশ্যামেব কুর্য্যাৎ। তথাচ স্কান্দে। অন্যত্র পাদযোগেঽপি দ্বাদশ্যামেব কারয়েদিতি। বারাহে চ। ন পাদনিয়মস্তত্র স্বাপে বা পরিবর্ত্তনে। পাদযোগো যদা ন স্যাদৃক্ষেণাপি তদা ভবেদিতি। কিঞ্চ। দ্বাদশ্যাং সন্ধিসময়ে নক্ষত্রাণামসম্ভবে। আভাকাসিতপক্ষেষু শয়নাবর্ত্তনাদিকমিতি। অতএবোক্তং পুষ্করপুরাণে। যস্য যস্য তু দেবস্য যন্নক্ষত্রং তিথিশ্চ যা। তস্য দেবস্য তস্মিংস্ত্ব শয়নাবর্ত্তনাদিকমিতি। যচ্চোক্তমদ্রিণা। মিথুনস্থো যদা ভানুরমাবস্যাদ্বয়ং স্পৃশেৎ। দ্বিরাষাঢ়ঃ স বিজ্ঞেয়ঃ বিষ্ণুঃ স্বপিতি কর্কটে। ইতি। তচ্চ মলমাসাভিপ্রায়েণ তথাপি দ্বিতীয়াষাঢ় শুক্লদ্বাদশ্যামেব শয়নমিতি সম্যগেব লিখিতং আষাঢ়শুক্লাদ্বাদশ্যামিতি। এবং পার্শ্বপরিবর্ত্তনোত্থানয়োরপি জ্ঞেয়ং। যচ্চোক্তং ব্রহ্মবৈবর্ত্তে। আষাঢ়স্য সিতে পক্ষে একাদশ্যামুপোষিতঃ। নক্তং দ্বিজবরশ্রেষ্ঠ গৃহ্ণীয়ান্নিয়মং ব্রতীতি। তচ্চ একাদশীদ্বাদশ্যোরভেদাভিপ্রায়েণ জ্ঞেয়ং লিখিতবচনজাতানুসারাৎ শিষ্টাচারাদর্শনাচ্চ। এতচ্চ সর্ব্বমগ্রে প্রবোধনীপ্রকরণে বিস্তরতোব্যক্তং ভাবি। শিশয়িষৌ শয়িতুমিচ্ছতি। পারণাং কৃত্বেতি প্রায়োদ্বাদ-

করাইয়া, ভ্রাতৃহস্তে জলপান অথবা স্বয়ং পান করিয়া মৌনী হওত বন্ধুগণের সহিত ভোজন করিবে ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি জ্যৈষ্ঠকৃত্যং ॥ * ॥

অথ আষাঢ়কৃত্যং ॥

আষাঢ় মাসের শুক্লা দ্বাদশীতে ভগবান্ হরি শয়ন করিতে ইচ্ছা করিলে বৈষ্ণব ব্যক্তি তপ্তমুদ্রা ধারণ করিবেন ॥

ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রশ্চৈকান্তিতর্দ্ধয়ে ।
কুর্ব্বন্নাত্মার্পণং তপ্তমুদ্রাভির্দ্দেহমঙ্কয়েৎ ॥ ২৪ ॥

অথ তপ্তমুদ্রাধারণং ॥

বারাহে ।

তপ্তমুদ্রাপ্রসঙ্গে ॥

চক্রাদিধারণং পুংসাং পরং সম্বন্ধবেদনং ।
পাতিব্রত্য নিমিত্তং হি বলয়াদিবিভূষণমিতি ॥ ২৫ ॥

শ্যামেব পারণাপত্তেঃ । কদাচিৎ তস্যামুপবাসে চ তত্রৈব শয়নং তপ্তমুদ্রাধারণাদিকঞ্চ জ্ঞেয়ং লিখিতবচনানুসারাৎ । তত্র চ সর্ব্বৈরেব বর্ণৈস্তপ্তমুদ্রা ধার্য্যেতি লিখতি ব্রাহ্মণ ইতি । একান্তিতা শিবলিঙ্গাঙ্কিতবৃষবচ্ছ্রীভগবদেকনিষ্ঠতা তস্যা ঋদ্ধয়ে সিদ্ধ্যর্থং । আত্মার্পণং আত্মনিবেদনরূপভক্তিপ্রকারবিশেষং কুর্ব্বন্ কর্ত্তুং । ব্রাহ্মণস্যাপি তদ্ধারণমগ্রে সত্যায়ং ব্যক্তং ভাবি ॥ ২৪ ॥

তপ্তমুদ্রাধারণেন চৈকান্তিতা সিদ্ধিং শ্রীবরাহবচনেন প্রমাণয়তি চক্রাদীতি । পরং কেবলং সম্বন্ধবেদনং ভগবদীয়ত্বজ্ঞাপকং । পাঠান্তরে পরস্য পরমেশ্বরস্য সম্বন্ধবেদনং । তত্র দৃষ্টান্তঃ । পাতিব্রত্যেতি বলয়াদিধারণেন সধবালক্ষণেনৈব পতিমত্তা জ্ঞাপ্যতে । তত্র চ সতীনাং প্রায়ঃ পতিসন্তোষার্থমেব ভূষণধারণং তদ্ভক্তিবিশেষোপ্যভিব্যক্ত এবেতি দিক্ ॥২৫

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্র হরির একান্তিতা সিদ্ধির নিমিত্ত হরিতে আত্মসমর্পণ করিবার জন্য জপ্তমুদ্রাদি দ্বারা দেহকে অঙ্কিত করিবে ॥ ২৪ ॥

অথ তপ্তমুদ্রাধারণ ॥

বরাহপুরাণে তপ্তমুদ্রাপ্রসঙ্গে ॥

পুরুষদিগের যে চক্রাদি ধারণ ইহা কেবল সম্বন্ধ জ্ঞাপনমাত্র, যেমন স্ত্রীলোকদিগের সম্বন্ধে পাতিব্রত্য নিমিত্ত বলয়াদি বিভূষণ ধারণ তদ্রূপ ॥ ২৫ ॥

অথ তপ্তমুদ্রাধারণনিত্যতা ॥

বায়ুপুরাণে ॥

অগ্নিনৈব তু সন্তপ্তং চক্রমাদায় বৈষ্ণবঃ।
ধারয়েৎ সর্ব্ববর্ণানাং হরিসালোক্যসিদ্ধয়ে ॥ ২৬ ॥

ব্রহ্মাণ্ডে ॥

কৃত্বা ধাতুময়ীং মুদ্রাং তাপয়িত্বা স্বকাং তনুং।
চক্রাদিচিহ্নিতাং ভূপ ধারয়েদ্বৈষ্ণবো নরঃ।

নারদীয়পঞ্চরাত্রে ॥

দ্বাদশারন্তু ষট্‌কোণং বলয়ত্রয়সংযুতং।
হরেঃ সুদর্শনং তপ্তং ধারয়েত্তদ্বিচক্ষণঃ।

তত্রাদৌ ধারয়েদিত্যাদিবিধিবলান্নিত্যতাং লিখতি অগ্নিনৈবেতি দশভিঃ। সর্ব্ববর্ণানাং মধ্যে যো বৈষ্ণবঃ স ধারয়েৎ। বৈষ্ণবস্যৈব তদ্ধারণপ্রাধান্যাৎ। তথাচাগ্রে লেখ্যং। বৈষ্ণবত্বস্য সিদ্ধ্যর্থমিত্যাদি। যদ্বা। সর্ব্ববর্ণানাং যা হরিসালোক্যাদিসিদ্ধিস্তদর্থং। তথাপি সর্ব্ববর্ণানাং তদ্ধারণমায়াতমেবেতি দিক্ ॥ ২৬ ॥

অথ তপ্তমুদ্রাধারণনিত্যতা ॥

বায়ুপুরাণে ॥

সকল বর্ণের মধ্যে যিনি বৈষ্ণব, তিনি হরির সালোক্য সিদ্ধির নিমিত্ত অগ্নি দ্বারা সন্তপ্ত চক্র গ্রহণ করিয়া ধারণ করিবেন ॥ ২৬ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

হে রাজন্! বৈষ্ণব মনুষ্য ধাতুময়ী মুদ্রা নির্ম্মাণ করিয়া অগ্নি দ্বারা উত্তপ্ত করত তদ্দ্বারা স্বীয় শরীর চক্রাদি চিহ্নাঙ্কিত করিয়া ধারণ করিবেন ॥

চক্রনির্ম্মাণ নারদীয়পঞ্চরাত্রে ॥

দ্বাদশ আর ( দ্বাদশপ্রান্তভাগ ) ছয় কোণ এবং তিনটী বলয়সংযুক্ত যে চক্র, তাহা হরির সুদর্শন চক্র, বিচক্ষণ ব্যক্তি উহা অগ্নিতে তপ্ত

সৌপর্ণে চ ভগবদ্গরুড়সম্বাদে ॥

তপ্তমুদ্রাপ্রকরণে ॥

গরুত্মন্নবিশেষেণ সর্ব্ববর্ণেষ্বয়ং বিধিঃ।

বিপ্রো বা ক্ষত্রিয়োবাপি বৈশ্যঃ শূদ্রস্তথৈব চ ॥ ২৭ ॥

পাদ্মে ॥

অগ্নিহোত্রং যথা নিত্যং বেদস্যাধ্যয়নং যথা।

ব্রাহ্মণস্য তথৈবেদং তপ্তচক্রাদিধারণং।

কিঞ্চ ॥

তত্রৈবোত্তরখণ্ডে।

শ্রীশিবোমাসম্বাদে ॥

তত্র চ ব্রাহ্মণস্য গাত্রে দোষাদিদং ব্রাহ্মণেতরবর্ণবিষয়কমিতি ন শঙ্কনীয়ং। সৌপর্ণাদৌ তস্যাপি স্পষ্টমুক্তত্বাদিতি লিখতি গরুত্মন্নিতি সপ্তভিঃ ॥ ২৭ ॥

সর্ব্ববেদবিদপি ॥ ২৮ ॥

করিয়া শরীরে ধারণ করিবে ॥

গরুড়পুরাণে ভগবান্ ও গরুড়সম্বাদে ॥

তপ্তমুদ্রাপ্রকরণে ॥

ভগবান্ কহিলেন, হে গরুত্মন্! কি ব্রাহ্মণ, কি ক্ষত্রিয়, কি বৈশ্য, কি শূদ্র সকল বর্ণের সম্বন্ধে অবিশেষ এই চক্রধারণ বিধি জানিবে, অর্থাৎ সকল বর্ণেই চক্রধারণ করিবে ॥ ২৭ ॥

পদ্মপুরাণে ॥

যেমন অগ্নিহোত্রের নিত্যতা, যেমন বেদাধ্যয়নের নিত্যতা, তথা ব্রাহ্মণের সম্বন্ধে এই তপ্তচক্রাদি ধারণ জানিতে হইবে ॥

আরও, ঐ পদ্মপুরাণের উত্তরখণ্ডে ॥

শ্রীশিব ও উমাসম্বাদে ॥

শঙ্খচক্রাঙ্কনং কুর্য্যাৎ ব্রাহ্মণো বাহুমূলয়োঃ।
হুতাগ্নিনৈব সন্তপ্য সর্ব্বপাপাপনুত্তয়ে।
চক্রম্বা শঙ্খচক্রে বা তথা পঞ্চায়ুধানি বা।
ধারয়িত্বৈব বিধিবদ্ব্রহ্মকর্ম্ম সমারভেৎ॥
কিঞ্চ॥
তৎপ্রসঙ্গ এব॥
অধৃত্বা বিধিনা চক্রং ব্রাহ্মণঃ প্রাকৃতো ভবেৎ॥
কিঞ্চ॥
ন তস্য কিঞ্চিদশ্নীয়াদপি কৃত্য সহস্রিণঃ।
সর্ব্ববেদবিদোবাপি সর্ব্বশাস্ত্রবিশারদঃ।
অধৃত্বা বিধিনা চক্রং ব্রাহ্মণঃ পতিতো ভবেৎ॥ ২৮॥

ব্রাহ্মণ পাপ সমুদায় নিবারণ জন্য হোমাগ্নি দ্বারা উত্তপ্ত করিয়া দুই বাহুর মূলে শঙ্খ চক্র ধারণ করিবেন।

চক্র অথবা শঙ্খ চক্র কিম্বা পঞ্চ আয়ুধ বিধিবৎ ধারণ করিয়া ব্রহ্ম-কর্ম্ম আরম্ভ করিবে॥

আরও ঐ প্রসঙ্গেই॥

ব্রাহ্মণ যদি বিধি পূর্ব্বক চক্র ধারণ না করেন, তাহা হইলে তিনি প্রাকৃত হইবেন॥

আরও॥

তিনি সহস্র কর্ম্ম করিলেও তাঁহার কিছুই ভোজন করিবেন না॥

ব্রাহ্মণ সর্ব্ববেদবেত্তা হইলেও এবং সর্ব্বশাস্ত্রে পারদর্শিতা থাকি-লেও যদি বিধি পূর্ব্বক চক্র ধারণ না করেন, তবে তিনি পতিত হই-বেন॥ ২৮॥

কিঞ্চ ॥

তপ্তেনৈবাঙ্কনং কুর্য্যাদ্ব্রাহ্মণস্য বিধানতঃ।

শ্রৌতস্মার্ত্তাদিসিদ্ধ্যর্থং মন্ত্রসিদ্ধ্যৈ তথৈবচ।

হরেঃ পূজাধিকারার্থং চক্রং ধার্য্যং বিধানতঃ।

বৈষ্ণবত্বস্য সিদ্ধ্যর্থং ভক্তিসিদ্ধ্যৈ বিশেষতঃ ॥ ২৯ ॥

কিঞ্চ ॥

উপবীতাদিবদ্ধার্য্যাঃ শঙ্খচক্রাদয়স্তথা।

ব্রাহ্মণস্য বিশেষেণ বৈষ্ণবস্য বিশেষতঃ ॥ ৩০ ॥

শ্রুতয়শ্চ ॥

যো হ বৈ সুশ্লোকমৌলের্ধর্ম্মাননুতিষ্ঠমানোঽগ্নিনা চক্রং ধত্তে।

শ্রৌতাদিকর্ম্মসিদ্ধয়ে ॥ ২৯ ॥

ব্রাহ্মণস্য ধার্য্যা ভবন্তি তেন ধার্য্যা ইত্যর্থঃ। এবং বৈষ্ণবস্যেতি চ ॥ ৩০ ॥

যঃ অগ্নিনা বিশিষ্টং চক্রং ধত্তে স সাযুজ্যং নিত্যং সংযোগরূপাং সলোকতাং সালোক্যং প্রাপ্নোতি। তত্রাগ্নিসম্বন্ধেন ন কোঽপি দোষোঽথ চ গুণ এবেতি দর্শয়ন্তোঽগ্নিতপ্তচক্রধারণপ্রকারমেবাহুঃ অগ্নিরিতি। সহস্রারঃ চক্রং। অগ্নিঃ পাবনঃ চক্রং পরমপাবনং তয়ো-

আরও ॥

শ্রুত্যুক্ত এবং স্মৃত্যুক্ত কর্ম্মসিদ্ধির নিমিত্ত তথা মন্ত্রসিদ্ধির জন্য হরিপূজার অধিকারার্থ বৈষ্ণবত্বের সিদ্ধির নিমিত্ত বিশেষতঃ ভক্তিসিদ্ধির জন্য ব্রাহ্মণ যথাবিধি চক্র ধারণ করিবেন ॥ ২৯ ॥

আরও ॥

বিশেষতঃ ব্রাহ্মণ ও বৈষ্ণব যজ্ঞোপবীতের ন্যায় শঙ্খ চক্র প্রভৃতি ধারণ করিবেন ॥ ৩০ ॥

শ্রুতি সকল যথা ॥

যিনি সুশ্লোকমৌলি শ্রীকৃষ্ণের ধর্ম্ম সকল যাজন করিতে উদ্যত হইয়াছেন, তিনি অগ্নি দ্বারা উত্তপ্ত চক্র ধারণ করিবেন। অগ্নিই চক্র,

অগ্নির্ব্বৈ সহস্রারঃ সহস্রারোনেমির্নেমিনা তপ্ততনুঃ।
সাযুজ্যং সলোকতামাপ্নোতীতি ॥ ৩১ ॥
চক্রং বিভর্ত্তি বপুষাভিতপ্তং বলং দেবানামমৃতস্য বিষ্ণোঃ।
স এতি নাকং দুরিতং বিধুয় বিশন্তি যদ্‌যতয়োবীতরাগা॥ ইতি। ৩২
ঋক্‌পরিশিষ্টে ॥
অতপ্ততনুর্ন তদামো অশ্নুতেঽশ্নুতা
সহ ইদ্বহন্তস্তৎ সমাসতেতি যজুঃ ॥ ৩৩ ॥

শ্চাভিন্নত্বং অতো দোষাভাবো গুণশ্চাতিমহানিতি ভাবঃ। নন্থ চক্রৈকদেশেনৈব তন্মুদ্রা-ধারণং সত্যং সোঽপি চক্রাদভিন্ন এবেত্যাহুঃ সহস্রারোনেমিঃ চক্রান্তভাগোঽপি চক্রমেবে-ত্যর্থঃ ॥ ৩১ ॥

দেবানাং বলং রক্ষকমিত্যর্থঃ। ন বিদ্যতে অকং দুঃখং যত্র তৎ পরমপদমিত্যর্থঃ ॥ ৩২ ॥

অতপ্ততনুরিতি ক্বচিদ্দীর্ঘান্তপাঠোঽপি ততশ্চ ছান্দসঃ। অতপ্ততনুত্বাদেব আমঃ অপক্বঃ বালবুদ্ধিরিত্যর্থঃ। অতস্তৎ অনির্ব্বচনীয়ং পদং নাশ্নুতে ন প্রাপ্নোতি। ইৎ ইতি বহন্তঃ তপ্তমুদ্রাং ধারয়ন্তঃ তৎপরমং পদং। অশ্নুতা সহেতি ছান্দসঃ। অশ্নুবানাঃ সম্যক্ আসত সুখং বর্ত্তন্তে স্ম। শং ইতি পৃথক্ পাঠে তৎ বিষ্ণুচিহ্নং সুদর্শনং বহন্তঃ শং মঙ্গলং যথা স্যাত্তথা আসত। শৃতা সহ ইতি পাঠে ছান্দসমেব। শৃতাঃ পরিপক্কাঃ সন্ত ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

চক্রের প্রান্তভাগের নাম নেমি, যিনি ঐ নেমি দ্বারা দেহ উত্তপ্ত করিবেন, তাঁহার সালোক্য মুক্তি প্রাপ্তি হইবে ॥ ৩১ ॥

যিনি দেবগণের রক্ষক স্বরূপ অমৃত বিষ্ণুর চক্র, অগ্নি সন্তপ্ত করিয়া দেহ দ্বারা ধারণ করেন তিনি সমস্ত পাপ পরিহার পূর্ব্বক দুঃখ বর্জ্জিত সেই স্থান প্রাপ্ত হয়েন, যে স্থানে বাসনাশূন্য যতি সকল প্রবেশ করিয়া থাকেন ॥ ৩২ ॥

ঋক্‌পরিশিষ্টে ॥

যে ব্যক্তি শরীরে তপ্তমুদ্রা ধারণ করে নাই, সে আম ( অপক্ক ) অর্থাৎ বালবুদ্ধি, যিনি তপ্তমুদ্রা শরীরে ধারণ করেন, তিনি বিষ্ণুর পরম পদ প্রাপ্ত হয়েন ॥ ৩৩ ॥

ঋগ্বেদীয়াশ্বলায়ন শাখায়াঞ্চ ॥
প্রতদ্বিষ্ণোরব্জচক্রে সুতপ্তে
জন্মাম্ভোধিং বর্ত্ততে চর্ষণীন্দ্রাঃ ।
মূলে বাহ্বোর্দ্দধতেঽন্যে পুরাণা
লিঙ্গান্যন্যে তপ্তায়ুধান্যর্পয়ন্তে ॥ ইতি ॥ ৩৪ ॥
ছন্দোগপরিশিষ্টে ॥
সহোবাচ যাজ্ঞবল্ক্যস্তৎপুমানাত্মহিতায় প্রেম্না হরিস্তজেৎ ।
সুশ্লোকমৌলের্ধর্ম্মাণ্যঙ্গেষগ্নিনা ধত্তে
ইতি শাতাতপী শ্রুতিঃ ॥ ৩৫ ॥

প্রতস্য প্রকর্ষেণ প্রসিদ্ধস্য বিষ্ণোঃ। প্রতে ইতি পাঠে অব্জচক্রবিশেষণং। অর্থশ্চ তথৈব। যদ্বা। প্রয়তে পবিত্রে ইত্যর্থঃ। জন্মাম্ভোধিং লক্ষীকৃত্য যো বর্ত্ততে সংসারীত্যর্থঃ। যে চ চর্ষণীন্দ্রাঃ জীবন্মুক্তাঃ তে সর্ব্বে এব পুরাণাঃ পুরাতনাঃ বাহ্বোর্মূলে অব্জচক্রে দ্বে দধতে। অন্যে কেচিচ্চ লিঙ্গানি বিষ্ণোশ্চিহ্নানি আয়ুধানি গদাদীন্যপি সর্ব্বাণ্যেব অর্পয়ন্তি গাত্রেষু ধারয়ন্তীত্যর্থঃ ॥ ৩৪ ॥

প্রেম্না ভজনলক্ষণমেবাহ সুশ্লোকেতি। ধর্ম্মাণি চিহ্নানি চক্রাদীনি ॥ ৩৫ ॥

ঋগ্বেদীয় আশ্বলায়ন শাখাতেও ॥

যিনি জন্মরূপ সমুদ্রকে লক্ষ্য করিয়া বর্ত্তমান আছেন, অর্থাৎ যিনি সংসারী, আর যাঁহারা জীবন্মুক্ত তাঁহারাই পুরাতন, ইহাঁরা সকলে বাহু-মূলে বিষ্ণুর প্রসিদ্ধ অগ্নিতপ্ত পদ্মচক্র ধারণ করেন, আর কতিপয় ব্যক্তি বিষ্ণুর চিহ্ন স্বরূপ অগ্নিতপ্ত আয়ুধ অর্থাৎ গদা প্রভৃতি সাতটী শরীরে ধারণ করেন ॥ ৩৪ ॥

ছন্দোগপরিশিষ্টে ॥

যাজ্ঞবল্ক্য কহিলেন পুরুষ আত্মহিতের নিমিত্ত প্রেম সহকারে হরিভজন করিবে, সুশ্লোকমৌলি বিষ্ণুর চক্রাদি চিহ্ন সকল অগ্নি দ্বারা উত্তপ্ত করিয়া অঙ্গে ধারণ করিবে। এই শাতাতপী শ্রুতি ॥ ৩৫ ॥

অথর্ব্বপরিশিষ্টে তপ্তচক্রাদিপ্রকরণে ॥

দেবাসো যত্র বিততেন বাহুনা সুদর্শনেন প্রযতাঃ স্বর্গমায়ন্।
যেনাঙ্কিতা মনবোলোকসৃষ্টিং বিতম্বতে ব্রাহ্মণাস্তদ্বহন্তীতি॥৩৬

কিঞ্চ ॥

পাদ্মে শ্রীশিবেন তপ্তমুদ্রাপ্রসঙ্গে ॥

বিষ্ণুচক্রাঙ্কিতং বিপ্রং পূজয়েৎ সর্ব্বকর্ম্মণি।
বিষ্ণুচক্রবিহীনন্তু প্রযত্নেন বিবর্জ্জয়েৎ ॥ ৩৭ ॥

নারদীয়ে তপ্তমুদ্রাপ্রসঙ্গে ॥

শ্রীকৃষ্ণচক্রাঙ্কবিহীনগাত্রঃ

---

দেবাস ইতি ছান্দসং দেবাঃ সন্তঃ দীব্যন্তঃ সন্তোবেত্যর্থঃ। আয়ন্ আগতাঃ। তৎ সুদর্শনং ॥ ৩৬ ॥

এবং বিবিধবচনসিদ্ধং নিত্যত্বং তদ্ধারণপ্রাশস্ত্যাদিনা দ্রঢ়য়িত্বা ইদানীমকরণপ্রত্যবায়দ্বারা সাধয়তি বিষ্ণ্বিতি। সর্ব্বকর্ম্মণি শ্রাদ্ধাদৌ ॥ ৩৭ ॥

---

অথর্ব্বপরিশিষ্টে তপ্তচক্রাদিপ্রকরণে ॥

দেবতা সকল যেখানে বিস্তৃত বাহু দ্বারা সুদর্শনাঙ্কিত হইয়া স্বর্গে আগমন করিয়াছেন, যাহা দ্বারা অঙ্কিত হইয়া মনু সকল সৃষ্টি বিস্তার করিতেছেন, ব্রাহ্মণ সকল সেই সুদর্শন ধারণ করেন ॥ ৩৬ ॥

আরও, পদ্মপুরাণে তপ্তমুদ্রাপ্রকরণে
শ্রীশিব কহিয়াছেন ॥

বিষ্ণুচক্রাঙ্কিত ব্রাহ্মণকে সকল কর্ম্মেই পূজা করিবে অর্থাৎ শ্রাদ্ধাদি কার্য্যে নিযুক্ত করিবে এবং বিষ্ণুচক্রবিহীন ব্রাহ্মণকে যত্ন সহকারে পরিত্যাগ করিবে ॥ ৩৭ ॥

নারদপুরাণে তপ্তমুদ্রার প্রসঙ্গে ॥

পুরুষ হউক বা নারী হউক গাত্রে যদি কৃষ্ণচক্র ধারণ না করে,

শ্মশানতুল্যঃ পুরুষোঽথ নারী।
দৃষ্ট্বা নরস্তং নৃপতে সবাসাঃ
স্নাত্বা সগর্চ্চেদ্ধরিমঙ্গ সদ্য ইতি॥ ৩৮॥
বহ্ব্যশ্চ বেঙ্কটাচার্য্যপাদপ্রভৃতিভির্ব্বুধৈঃ।
শ্রুতয়ঃ স্মৃতয়োঽপ্যত্র বিখ্যাতা লিখিতাঃ পরাঃ॥ ৩৯॥
অতএব তদনাদরদোষাঃ॥
পাদ্মে॥
তপ্তচক্রাঙ্কিতং দৃষ্ট্বা যে নিন্দন্তি নরাধমাঃ।
অবলোক্য মুখং তেষামাদিত্যমবলোকয়েৎ॥ ৪০॥

অঙ্গ ভো নৃপতে সদ্যঃ সবাসাঃ স্নাত্বা হরিং সম্যগর্চ্চয়েৎ॥ ৩৮॥

বেঙ্কটাচার্য্যপাদাঃ শ্রীবৈষ্ণবসম্প্রদায়িনো মুখ্যতমাস্তদাদিভিঃ বুধৈঃ শ্রুতিস্মৃত্যভিজ্ঞৈঃ অত্র তপ্তমুদ্রাধারণপ্রকরণে বহ্ব্যঃ বহুলাশ্চ পরা লিখিতাঃ। বিখ্যাতা ইতি প্রসিদ্ধতয়াত্র ন সংগৃহীতা ইতি ভাবঃ॥ ৩৯॥

এবমবশ্যকর্ত্তব্যত্বে সিদ্ধেঽপ্যজ্ঞানাৎ তন্নিন্দকাদীনাং দোষং দর্শয়ন্ নিত্যতামেব সাধয়তি তপ্তেত্যাদি ত্রিভিঃ॥ ৪০॥

তাহা হইলে তাহার শরীর শ্মশান তুল্য। হে রাজন্! তাহাকে দেখিয়া বস্ত্রের সহিত জলে স্নান করত তখনি বিষ্ণুর পূজা করিবে॥ ৩৮॥

শ্রীসম্প্রদায় বেঙ্কটাচার্য্য প্রভৃতি পণ্ডিতগণ এই তপ্তমুদ্রাপ্রকরণে বহু বহু প্রসিদ্ধ শ্রুতি ও স্মৃতি সকল লিখিয়াছেন, একারণ এ স্থলে তৎসমুদায় আর সংগৃহীত হইল না॥ ৩৯॥

অতএব এই বিষয়ে অনাদর করিলে
দোষ সকল যথা পদ্মপুরাণে॥

যে সকল নরাধম তপ্তচক্রাঙ্কিত ব্যক্তিকে সন্দর্শন করিয়া নিন্দা করে, তাহাদের মুখ দেখিয়া সূর্য্য দর্শন করিবে॥ ৪০॥

অগ্নিপুরাণে চ ॥

দশরথহতপুত্রবিপ্রবিলাপে ॥

শিলাবুদ্ধিঃ কৃতা কিম্বা প্রতিমায়াং হরের্ময়া।
কিং ময়া পথি দৃষ্টস্য বিষ্ণুভক্তস্য কর্হিচিৎ।
তন্মুদ্রাঙ্কিতদেহস্য চেতসানাদরঃ কৃতঃ।

দশরথেন হতঃ পুত্রঃ শ্রবণনামা যস্য তস্য বিপ্রস্য বিলাপে। অত্রেয়মাখ্যায়িকা। শব্দবেধিনা রাজ্ঞা দশরথেন হস্তিবুদ্ধ্যা দূরাৎ বিদ্ধে শ্রবণে তদ্বনাজ্জলকুম্ভমাদায়ান্ধয়োস্তৎপিত্রোরন্তিকং তূষ্ণীং গতে রাজ্ঞি হা শ্রবণ কথং বিলম্বিতঃ কথঞ্চ ন বদসীত্যাদি সকরুণং ভাষমাণে

অগ্নিপুরাণেতেও ॥

দশরথ কর্ত্তৃক হতপুত্র ব্রাহ্মণের বিলাপে

এই বিষয়ে একটী আখ্যায়িকা আছে যথা ॥

রাজা দশরথ শব্দ শ্রবণমাত্রে বাণ দ্বারা শব্দকারি ব্যক্তিকে বেধ করিতে পারিতেন। একদা তিনি বনে মৃগয়া করিতে গিয়াছিলেন, শ্রবণ নামা ব্রাহ্মণ-বালক অন্ধ পিতা মাতার শুশ্রূষার নিমিত্ত জল আনিতে গিয়াছিলেন, অকস্মাৎ শব্দ করায় দশরথ হস্তিবুদ্ধিতে তাহার উপর বাণ নিক্ষেপ করেন, তাহাতে বিপ্রতনয় গতাসু হয়েন, অনন্তর দশরথ জল আনয়ন করিয়া ব্রাহ্মণের নিকট তূষ্ণীম্ভূত হইয়া দণ্ডায়মান হইলে, মুনি বলিতে লাগিলেন, হা শ্রবণ! কেন বিলম্ব করিলে, কথা কহিতেছ না কেন, পিতা সকরুণে এই বাক্য বলিলে, দশরথ কহিলেন, আমি দশরথ, আপনার পুত্রকে বধ করিয়াছি, এই কথা শুনিয়া ব্রাহ্মণ অচেতন হইয়া বহুক্ষণ পরে চেতন প্রাপ্ত হওত বিলাপ করিয়া কহিলেন।

হায়! আমি কি হরির প্রতিমায় শিলা বুদ্ধি করিয়াছিলাম, অথবা বিষ্ণুচক্রাঙ্কিত দেহ কোন বিষ্ণুভক্তকে পথে দর্শন করিয়া, মনোমধ্যে

যেন কর্ম্মবিপাকেন পুত্রশোকো মমেদৃশঃ ॥ ৪১ ॥

অথ তপ্তমুদ্রাধারণমাহাত্ম্যং ॥

সৌপর্ণে ॥

অশুচির্ব্বাপ্যনাচারঃ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ ।

প্রতপ্তশঙ্খচক্রাভ্যামঙ্কিতঃ পঙ্‌ক্তিপাবনঃ ।

বারাহে তপ্তমুদ্রাধারণপ্রসঙ্গে ॥

ম্লেচ্ছদেশে শুভে বাপি চক্রাঙ্কো যত্র তিষ্ঠতি ।

যোজনানি তথা ত্রীণি মম ক্ষেত্রং বসুন্ধরে ।

ব্রহ্মাণ্ডে ॥

---

পিতরি দশরথোঽহং তৎপুত্রহন্তেতি রাজ্ঞো বচনমাকর্ণ্য বিমুহ্য চিরাৎ সংজ্ঞাং লব্ধা বিপ্রোঽসৌ বহুবিললাপেত্যাদি ॥ ৪১ ॥

---

আদর করি নাই, যে কর্ম্মবিপাকে আমার এই প্রকার পুত্র-শোক উৎপন্ন হইল ॥ ৪১ ॥

অথ তপ্তমুদ্রাধারণমাহাত্ম্য ॥

গরুড়পুরাণে ॥

অশুচি হউক বা অনাচারই হউক অথবা সর্ব্বধর্ম্ম বহিষ্কৃতই হউক, প্রতপ্ত শঙ্খ চক্র দ্বারা অঙ্কিত হইলে পঙ্‌ক্তিপাবন হইবে ॥

বরাহপুরাণে তপ্তমুদ্রাধারণপ্রসঙ্গে ॥

ম্লেচ্ছদেশে হউক বা অশুভ স্থানেই হউক, বিষ্ণুচক্রাঙ্কিত ব্যক্তি যে স্থানে অবস্থিতি করেন, হে বসুন্ধরে! তথায় তিন যোজন স্থান আমার ক্ষেত্র জানিবে ॥

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

আয়ুধৈর্ব্বৈষ্ণবৈঃ সর্ব্বৈস্তাপিতৈঃ স্বতনুং যদি।
চিহ্নয়েদ্বৈষ্ণবো যস্তু স যাতি পরমাং গতিং।
পদ্মে চ তত্রৈব॥
অগ্নিতপ্তং পবিত্রঞ্চ ধৃত্বা বৈ বাহুমূলয়োঃ।
ত্যক্ত্বা যমপুরং ঘোরং যান্তি বিষ্ণোঃ পরং পদং॥ ৪২॥
হুতাগ্নিতপ্তচক্রেণ শরীরং যস্য চিহ্নিতং।
তেন তীর্থানি যজ্ঞাশ্চ লভ্যন্তে নাত্র সংশয়ঃ।
অগ্নিতপ্তেন চক্রেণ ব্রাহ্মণো বাহুমূলয়োঃ।
অঙ্কয়িত্বা জপন্মন্ত্রং সংসারান্মোক্ষভাগ্‌ভবেৎ।
অগ্নিতপ্তেন চক্রেণ বাহুমূলেষু লাঞ্ছিতাঃ।
তে সর্ব্বে পাপনির্ম্মুক্তা যান্তি বিষ্ণোঃ পরং পদং॥ ৪৩॥

পবিত্রং চক্রং॥ ৪২॥
হুতেন কৃতহোমেনাগ্নিনা তপ্তং যচ্চক্রং তেন॥ ৪৩॥

যে বৈষ্ণব ব্যক্তি বিষ্ণুর তাপিত অস্ত্র সমূহ দ্বারা আপনার দেহ যদি অঙ্কিত করেন, তাহা হইলে তিনি বিষ্ণুর পরম গতি প্রাপ্ত হয়েন॥

পদ্মপুরাণেও সেই স্থলে॥

যাহারা অগ্নিপ্রতপ্ত বিষ্ণুর অস্ত্র দুই বাহুমূলে ধারণ করেন। তাঁহারা যমপুরী পরিত্যাগ করিয়া বিষ্ণুর পরম পদে গমন করেন॥৪২॥

হোমাগ্নিতপ্ত চক্র দ্বারা যাহার শরীর চিহ্নিত, তিনি সমস্ত তীর্থ ও সমুদায় যজ্ঞের ফল লাভ করেন, ইহাতে সংশয় নাই॥

ব্রাহ্মণ যদি অগ্নিতপ্ত চক্র দ্বারা দুই বাহুমূল অঙ্কিত করিয়া মন্ত্র জপ করেন, তাহা হইলে তিনি সংসার হইতে মোক্ষভাগী হইবেন॥

যাঁহারা অগ্নিতপ্ত চক্র দ্বারা বাহুমূল লাঞ্ছিত করেন, তাঁহারা সমুদায় পাপ হইতে নির্ম্মুক্ত হইয়া বিষ্ণুর পরম পদ প্রাপ্ত হয়েন॥ ৪৩॥

কিঞ্চ ॥

অপ্রাকৃতমহাত্মানো বিষ্ণুচক্রেণ লাঞ্ছিতাঃ ।
বিষ্ণুচক্রবিহীনাস্তু প্রাকৃতাঃ পতিতাঃ স্মৃতা ইতি ॥ ৪৪ ॥
ইত্থং নিষেধবচনং নির্মূলং সদনাদৃতং ।
সমূলং যচ্চ তৎ সম্যগ্বিধ্যভাবাদি তৎপরং ॥ ৪৫ ॥

অপ্রাকৃতা ইতি বিষ্ণুচক্রচিহ্নধারিণঃ প্রাকৃতা অপি অপ্রাকৃতা মহাত্মান এব। তদ্রহিতাস্তু অপ্রাকৃতা অপি প্রাকৃতাঃ পতিতা দুষ্টা এব স্মৃতা ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

এবং সর্ব্বথা তপ্তমুদ্রাধারণং নিশ্চিত্য তদ্বিরুদ্ধবচনং যুক্ত্যা পরিহরতি ইত্থমিতি। লিখিতপ্রকারেণ। নিষেধবচনং তপ্তমুদ্রাধারণনিষেধকবাক্যং স্মার্ত্তমুখাচ্ছ্রূয়মাণং নির্মূলমেব। শ্রুতিস্মৃতিপুরাণেতিহাসাদি পুরাতনগ্রন্থেষু কুত্রাপ্যবিদ্যমানত্বাৎ। ননু কুত্রাপি দৃশ্যতে ইতি চেত্তর্হি দুষ্ট-স্মার্ত্তবন্ধু-কল্পিতমেবেত্যুপেক্ষণীয়মিতি লিখতি সদ্ভিরনাদৃতং উপেক্ষিতং। পতিব্রতা যা ন করোতি জারং তাং ব্যাধিযোনিং নিয়তং বিজহ্যাদিত্যাদিবহুমন্তভাবিতত্বাৎ। ননু বজ্রচক্রদরাদীনি নিজাঙ্গেষু দ্বিজোত্তম। নিত্যং সন্ধারয়িষ্যন্তি পাষণ্ডোপহতাঃ কলাবিতি ব্রহ্মগীতায়াং প্রসিদ্ধং বচনং অত্র লিখতি সমূলমিতি যচ্চ বচনং শাস্ত্রবিরুদ্ধং তৎ সম্যক্ সমগ্রো যো বিধিঃ তপ্তমুদ্রাধারণপ্রকারস্তস্য অভাবো হানিঃ আদিশব্দাদবৈষ্ণবাশ্চ তত্তৎপরং তদ্বিষয়কং জ্ঞেয়মিত্যর্থঃ। অয়ং ভাবঃ। ব্রহ্মসংহিতায়াং বজ্রসমভিব্যাহৃতত্বাৎ বজ্রেণ সহিতানাং চক্রাদীনাং ধারণং দূষিতং। এবমযথাবদ্ধারণবিষয়কমেব সমূলং নিষেধবচনং জ্ঞেয়ং। কুত্রাপি সমূলবচনে বিষয়ব্যবস্থাপি কল্প্যা অশক্যায়াস্তু তদ্ব্যবস্থায়াং বৈষ্ণবাবৈষ্ণবভেদেনৈব ব্যবস্থাশ্রয়ণীয়া এবেতি দিক্ ॥ ৪৫ ॥

আরও ॥

যাঁহারা বিষ্ণুচক্র দ্বারা লাঞ্ছিত হয়েন, সেই সকল মহাত্মা অপ্রাকৃত। আর যাহারা বিষ্ণুচক্র বিহীন তাহারা প্রাকৃত ও পতিত বলিয়া কথিত হয় ॥ ৪৪ ॥

তপ্ত মুদ্রাধারণ বিষয়ে যে নিষেধ বচন আছে তাহা নির্মূল এবং সাধুগণ কর্ত্তৃক অনাদৃত। যদি সেই সকল বচন সমূল হয় তাহা হইলে তৎসমুদায় অবৈষ্ণব পর জানিতে হইবে ॥ ৪৫ ॥

অথ তপ্তমুদ্রাধারণবিধিঃ ॥

তপ্তমুদ্রাধারণার্থমুপচারৈস্তু পঞ্চভিঃ।
কৃষ্ণমভ্যর্চ্চ্য সংপূজ্য চক্রশঙ্খৌ তথা নমেৎ ॥ ৪৬ ॥

তত্র মন্ত্রঃ ॥

স্থদর্শন নমস্তেঽস্তু পাঞ্চজন্য নমোস্তু তে ইতি ॥

অগ্নিমভ্যর্চ্চ্য মূলেন হুত্বা চাজ্যাহুতীঃ কৃতী।
চক্রশঙ্খৌ গদাদীনি শস্ত্রাণ্যগ্নৌ প্রতাপয়েৎ ॥ ৪৭ ॥
তত্তন্মন্ত্রৈরথাবাহ্য তান্যভ্যর্চ্চ্য প্রণম্য চ।
গুরুং কৃষ্ণঞ্চ সম্বন্দ্য ভক্ত্যা বিজ্ঞাপয়েদিদং।
উচ্ছিষ্টভোজনাদেব কিঙ্করঃ শরণাগতঃ।

তথা তেনৈব প্রকারেণ চক্রশঙ্খৌ চ সংপূজ্য নমেৎ ॥ ৪৬ ॥
মূলেন নিজমন্ত্রেণ আজ্যাহুতীর্যথাশক্তি হুত্বা ॥ ৪৭ ॥
তানি চক্রাদীনি সম্বন্দ্য প্রণম্য ॥ ৪৮ ॥

অথ তপ্তমুদ্রাধারণবিধি ॥

তপ্তমুদ্রাধারণ নিমিত্ত শ্রীকৃষ্ণকে পঞ্চোপচার দ্বারা অভ্যর্চ্চনা করিয়া শঙ্খ চক্রকে পূজা করত নমস্কার করিবে ॥ ৪৬ ॥

তদ্বিষয়ে মন্ত্র ॥

হে স্থদর্শন! তোমাতে নমস্কার থাকুক, হে পাঞ্চজন্য! তোমাতে নমস্কার থাকুক ॥

কৃতী ব্যক্তি অগ্নিকে অভ্যর্চ্চনা পূর্ব্বক আহুতি প্রদান করিয়া চক্র, শঙ্খ, গদা প্রভৃতি অগ্নিতে উত্তপ্ত করিবে ॥ ৪৭ ॥

যে যে অস্ত্রের যে যে মন্ত্র তদ্দারা ঐ সকল অস্ত্রকে আবাহন, পূজা এবং প্রণাম করিয়া, গুরু ও কৃষ্ণকে নমস্কার করত ভক্তিপূর্ব্বক ইহাই নিবেদন করিবে ॥

হে ঈশ! উচ্ছিষ্ট ভোজন হেতু আমি তোমার কিঙ্কর ও শরণা-

তপ্তচক্রদরাদীনি তবাঙ্কানীশ ধারয়ে। ইতি ॥ ৪৮ ॥
অথ চক্রাদীনামাবাহনমন্ত্রাঃ ॥
ওঁ নমো ভগবতে সুদর্শনায় নির্ণাশিত-সকলরিপু-
ধ্বজায় ভগবন্নারায়ণকরাম্ভোরুহস্পর্শদুর্ললিতায়।
এহ্যেহি ত্বং সহস্রার চক্ররাজ সুদর্শন।
যজ্ঞভাগং প্রগৃহ্নস্ব পূজাঞ্চৈব নমোনমঃ ॥
ওঁ নমো ভগবতে পাঞ্চজন্যায় বিষ্ণুশঙ্খায়
গম্ভীরধীরধ্বন্যাকুলীকৃত কৌরববাহিনীনাথায়।
ত্রিরেখা দক্ষিণাবর্ত্তায় ত্রিপ্রশস্তায়।
এহ্যেহি পাঞ্চজন্য ত্বং নারায়ণকরস্থিত।
যজ্ঞভাগং প্রগৃহ্নস্ব পূজাঞ্চৈব নমোনমঃ ॥
ওঁ রং ণং মং নং পাঞ্চজন্যায় নমঃ ॥

---

গত, তোমার তপ্তচক্র ও তপ্তশঙ্খের চিহ্ন ধারণ করিতেছি ॥ ৪৮ ॥

অথ চক্রাদির আবাহন মন্ত্র সকল যথা ॥

ওঁ ভগবান্ সুদর্শনকে নমস্কার, তুমি সকল শত্রুনাশের ধ্বজা স্বরূপ, তুমি ভগবানের করকমল স্পর্শে দুর্ল্লিত হইয়াছ। হে সহস্রার! হে চক্ররাজ! হে সুদর্শন! যজ্ঞভাগ এবং স্বীয়পূজা গ্রহণ কর, তোমাকে নমস্কার ॥

ওঁ ভগবান্ পাঞ্চজন্যকে নমস্কার, তুমি বিষ্ণুর শঙ্খ, তুমি গম্ভীর ধ্বনি দ্বারা কৌরবদিগের সেনাপতিদিগকে ব্যাকুল করিয়াছ, তুমি ত্রিরেখান্বিত দক্ষিণাবর্ত্ত, তোমার তিন রেখা প্রশস্ত। হে পাঞ্চজন্য! আগমন কর, তুমি নারায়ণের হস্তে অবস্থান কর, তুমি যজ্ঞভাগ ও পূজা গ্রহণ কর, তোমাকে নমস্কার নমস্কার ॥

"ওঁ রং ণং মং নং পাঞ্চজন্যায় নমঃ ॥"

ওঁ ভগবতে খড়্গায় নন্দকায় ত্রৈলোক্যপাবি-
ত্র্যায় সকলসুরাসুরসুন্দরীনেত্রোৎপলার্চ্চিতায়
এহ্যেহি খড়্গরত্ন ত্বং নন্দকাখ্য সুরার্চ্চিত।
যজ্ঞভাগং প্রগৃহ্নস্ব পূজাঞ্চৈব নমোনমঃ॥
ওঁ খড়্গায় নমঃ॥
ওঁ নমো ভগবত্যৈ কৌমোদক্যৈ গদায়ৈ দানবেন্দ্র
নিসূদনায়ৈ ভগবদ্ভট্টারকবাসুদেবলালিতায়ৈ।
এহ্যেহি ত্বং গদে দেবি কৌমোদক্যায়ুধেশ্বরি।
যজ্ঞভাগং প্রগৃহ্নস্ব পূজাঞ্চৈব নমোনমঃ॥
ওঁ রং খং চং ফং সং গদায়ৈ নমঃ॥
এবং পদ্মায় নমঃ সশরায় শার্ঙ্গায় নম ইতি॥
ধারণমন্ত্রঃ॥

ভুজয়োঃ বাহুমূলয়োঃ। চক্রপূর্ব্বাণীতি প্রথমং চক্রং ধারয়েত্ততোঽন্যানি শঙ্খাদী-

ওঁ ভগবান্ তুমি নন্দক নামক খড়্গ, ত্রৈলোক্য পবিত্রকারী, তুমি সকল দেব অসুরসুন্দরীদিগের নেত্রোৎপল দ্বারা অর্চ্চিত। হে খড়্গরত্ন! হে নন্দকাখ্য! হে দেবগণার্চ্চিত! তুমি যজ্ঞভাগ ও পূজা গ্রহণ কর, তোমাকে নমস্কার নমস্কার। "ওঁ খড়্গায় নমঃ॥"

ওঁ ভগবতী কৌমোদকী গদাকে নমস্কার, তুমি দানবেন্দ্রদিগের বিনাশকারিণী, তুমি ভগবচ্চূড়ামণি বাসুদেব কর্ত্তৃক লালিত, হে গদে! হে দেবি! হে কৌমোদকি! হে আয়ুধেশ্বরি! তুমি যজ্ঞভাগ ও পূজা গ্রহণ কর, তোমাকে নমস্কার নমস্কার। "ওঁ রং খং চং ফং সং গদায়ৈ নমঃ॥"

এইরূপ "পদ্মায় নমঃ" সশরায় শার্ঙ্গায় নমঃ॥"

ধারণমন্ত্র॥

সুদর্শন মহাজ্বাল সূর্য্যকোটিসমপ্রভ।
অজ্ঞানান্ধস্য মে নিত্যং বিষ্ণোর্মার্গং প্রদর্শয়।
তথা।
পাঞ্চজন্য নিজধ্বানধ্বস্তপাতকসঞ্চয়।
পাহি মাং পাপিনং ঘোরসংসারার্ণবপাতিনমিতি ॥
ইমমুচ্চারয়ন্মন্ত্রং দক্ষিণাদিক্রমেণ তু।
ভুজয়োশ্চক্রপূর্ব্বাণি কৃষ্ণশস্ত্রাণি ধারয়েৎ ॥ ৪৯ ॥
কলত্রাদি পরীবারান্ নিজান্ সর্ব্বাংশ্চ বৈষ্ণবঃ।
ভগবত্যর্পয়ন্ তপ্তমুদ্রাভিস্তাভিরঙ্কয়েৎ ॥ ৫০ ॥
তথাচ বারাহে ॥

নিত্যর্থঃ। তত্রচ দক্ষিণাদি ক্রমেণ স্থিতি। আদৌ দক্ষিণবাহুমূলে ততো বামবাহুমূলাদিষ্বিত্যর্থঃ। তদ্বিশেষশ্চাগ্রে শ্রীবারাহবচনতো ব্যক্তোভাবী ॥ ৪৯ ॥

ভগবতি শ্রীকৃষ্ণে অর্পয়ন্ তদীয়ত্বেন নিবেদয়ন্। তথা চৈকাদশস্কন্ধে। দারান্ সুতান্ গৃহান্ প্রাণান্ যৎপরস্মৈ নিবেদনমিতি। তত্র দারাদ্যর্পণঞ্চ যথাযথমূহ্যং। তাভিঃ পূজিতচক্রাদি রূপাভিঃ ॥ ৫০ ॥

হে সুদর্শন! হে মহাজ্বাল! হে কোটিসূর্য্যসমপ্রভ! অজ্ঞানান্ধ আমাকে নিত্য বিষ্ণুর পথ অবলোকন করাও ॥

তথা হে পাঞ্চজন্য! তুমি স্বীয় শব্দ দ্বারা পাতক সঞ্চয় ধ্বংস করিতেছ, আমি পাপী, সংসারসাগরে পতিত রহিয়াছি, আমাকে রক্ষা কর ॥

এই মন্ত্র উচ্চারণ করিয়া দক্ষিণাদিক্রমে ভুজদ্বয়ে চক্র পূর্ব্ব কৃষ্ণাস্ত্র সকল ধারণ করিবে ॥ ৪৯ ॥

বৈষ্ণব ব্যক্তি কলত্রাদি নিজ পরিবার সকলকে ভগবানে অর্পণ করিয়া তপ্তমুদ্রা সমূহ দ্বারা তাহাদিগকে অঙ্কিত করিবে ॥ ৫০ ॥

এই বিষয়ের প্রমাণ বরাহপুরাণে যথা ॥

অঙ্কয়েত্তপ্তচক্রাদ্যৈরাত্মনোবাহুমূলয়োঃ।
কলত্রাপত্যভৃত্যেষু পশ্বাদিষু চ সম্পাদি।
কিঞ্চ ॥
আয়সং বিধিবৎ কৃত্বা পঞ্চায়ুধবিধানতঃ।
তত্তন্মন্ত্রেণ মন্ত্রজ্ঞঃ প্রতিষ্ঠাপ্য পৃথক্ পৃথক্ ॥ ৫১ ॥
ললাটে চ গদা ধার্য্যা মূর্দ্ধ্নি চাপং শরন্তথা।
নন্দকঞ্চৈব হৃন্মধ্যে শঙ্খচক্রে ভুজদ্বয়ে ॥ ৫২ ॥
কিঞ্চ ॥
দক্ষিণে তু ভুজে বিপ্রো বিভৃয়াদ্বৈ সুদর্শনং।
সব্যে চ শঙ্খং বিভৃয়াদিতি ব্রহ্মবিদোবিদুঃ ॥ ৫৩ ॥

আয়সং লোহময়ঞ্চক্রাদীতি শেষঃ। অয় উপলক্ষণং সৌবর্ণাদ্যপি তচ্চাগ্রে ব্যক্তং ভাবি। পঞ্চায়ুধানাং বিধানং নির্ম্মাণং ধারণপ্রকারো বা তেন ॥ ৫১ ॥

চাপশরৌ মূর্দ্ধ্ন্যেকত্রৈব ধার্য্যাবিতি তয়োঃ সহচারিত্বেনৈক্যাৎ। পঞ্চায়ুধানি জ্ঞেয়ানি ॥৫২

ভুজদ্বয়ে শঙ্খচক্রে ধার্য্যে ইত্যুক্তং। তদেব বিবিচ্যাহ দক্ষিণেত্বিতি ॥ ৫৩ ॥

তপ্ত চক্রাদি দ্বারা আপনার বাহুদ্বয়ের মূল অঙ্কিত করিবে এবং সম্পদ্‌সত্ত্বে কলত্র, পুত্র ও পশু সকলকেও চক্রাদিদ্বারা অঙ্কিত করিবে ॥

আরও ॥

পঞ্চায়ুধ নির্ম্মাণের বিধানুসারে যথাবিধি লৌহময় চক্রাদি নির্ম্মাণ করিয়া, মন্ত্রজ্ঞ ব্যক্তি তত্তন্মন্ত্র দ্বারা পৃথক্ ২ প্রতিষ্ঠা করিয়া ॥ ৫১ ॥

ললাটে গদা, মস্তকে ধনুঃশর, হৃদয়মধ্যে নন্দক ( খড়্গ ) ভুজদ্বয়ে শঙ্খচক্র ধারণ করিবে ॥ ৫২ ॥

আরও ॥

ব্রাহ্মণ দক্ষিণভুজে সুদর্শন এবং বাম বাহুতে শঙ্খ ধারণ করিবেন বেদজ্ঞেরা এইরূপ উপদেশ করিয়াছেন ॥ ৫৩ ॥

অথ চক্রাদিপ্রতিকৃতিদ্রব্যং ॥

নবপ্রশ্নপঞ্চরাত্রে॥

সৌবর্ণং রাজতং তাম্রং কাংস্যমায়সমেব বা।
চক্রং কৃত্বাতু মেধাবী ধারয়েত বিচক্ষণ ইতি।
এবমেব প্রবোধন্যাং দ্বাদশ্যাং ভগবৎপরৈঃ।
তপ্তমুদ্রা ধ্রুবং ধার্য্যা দ্বারকায়াং বিশেষতঃ ॥ ৫৪ ॥

অথ শয়নীক্ষীরাব্ধিমহোৎসবঃ ॥

ততো নীরাজ্য কৃষ্ণস্ত নরযানেন বৈষ্ণবঃ।
সমং গীতাদিঘোষেণ নয়েৎ পুণ্যং জলাশয়ং ॥ ৫৫ ॥

দ্বারকায়াং ইতি তস্যাং চক্রতীর্থে চক্রপ্রভাববিশেষেণান্যতস্তন্মুদ্রাধারণ মাহাত্ম্য বিশেষাৎ ॥ ৫৪ ॥

ততস্তপ্তমুদ্রাধারণানন্তরং। বৈষ্ণবৈঃ সমং নরযানেন শিবিকাদিনা। জলাশয়ং সরোবরাদিকং নয়েৎ ॥ ৫৫ ॥

অথ চক্রাদির প্রতিকৃতি দ্রব্য ॥

নবপ্রশ্নপঞ্চরাত্রে ॥

মেধাবী বিচক্ষণ ব্যক্তি স্বর্ণ, রজত, তাম্র, কাংস্য এবং লৌহময় চক্র নির্ম্মাণ করিয়া ধারণ করিবে ॥

ভগবৎপরায়ণ মনুষ্য প্রবোধনী দ্বাদশীতে অর্থাৎ উত্থান দ্বাদশীতে এবং বিশেষতঃ দ্বারকায় তপ্তমুদ্রা ধারণ করিবেন ॥ ৫৪ ॥

অথ শয়নীক্ষীরাব্ধি মহোৎসব ॥

অনন্তর শ্রীকৃষ্ণকে নীরাজন পূর্ব্বক নরযানে অর্থাৎ শিবিকায় আরোহণ করাইয়া গীত বাদ্যধ্বনি সহকারে পবিত্র সরোবরের তীরে লইয়া যাইবেন ॥ ৫৫ ॥

অথ পুষ্পাঞ্জলিং দত্ত্বা যানাদুত্তার্য্য চ প্রভুং।
সংপ্রার্থ্য হস্তং দত্ত্বা চ তীরে সমুপবেশয়েৎ ॥ ৫৬ ॥
ধৌতাঙ্ঘ্রি পাণিরাচান্তঃ কৃত্বা সঙ্কল্পমাত্মনি।
দেবে চ ন্যাসমাচর্য্য স্নাপয়েত্তং যথাবিধি ॥ ৫৭ ॥
সংপ্রার্থ্য জলমধ্যে তং দেবং প্রস্নাপয়েৎ সুখং।
গন্ধপুষ্পাদিভিশ্চাথ মহাপূজাং সমাচরেৎ ॥ ৫৮ ॥
তত্র স্বাপনমন্ত্রঃ ॥
শেষে পর্য্যঙ্কবর্য্যেঽস্মিন্ ফণামণিগণামলে।
শ্বেতদ্বীপান্তরে দেব কুরু নিদ্রাং নমোঽস্ত্বিতি ॥

সংপ্রার্থ্য সুখসাবধান পাদন্যাসমাশ্বাস্য ॥ ৫৬ ॥

শয়ন পূজা সঙ্কল্পং কৃত্বা আত্মনি দেবে ন্যাসং কৃত্বা। যথাবিধি ইত্যস্য সর্ব্বত্রৈবানুষঙ্গঃ ততশ্চ সঙ্কল্পাদি প্রকারো যথাযোগ্যং যথা পূর্ব্বলিখিতং চোহ্যং ॥ ৫৭ ॥

সংপ্রার্থ্য জয় জয় মহাবিষ্ণো বিশ্বমনুগৃহাণেত্যভ্যর্থ্য ॥ ৫৮ ॥

অনন্তর পুষ্পাঞ্জলি দিয়া যান হইতে অবতরণ করাইয়া প্রার্থনা সহকারে অঙ্গে হস্ত প্রদান করিয়া তীরে উপবেশন করাইবে ॥ ৫৬ ॥

তৎপরে হস্তপদ প্রক্ষালন ও আচমনপূর্ব্বক সঙ্কল্প করিয়া আপনার অঙ্গ এবং দেবাঙ্গে ন্যাস করত যথাবিধি দেবকে স্নান করাইবে ॥ ৫৭ ॥

তদনন্তর সম্যক্‌রূপে প্রার্থনা অর্থাৎ "জয় জয় মহাবিষ্ণো বিশ্বমনুগৃহাণ" হে মহাবিষ্ণো! আপনার জয় হউক, বিশ্বের প্রতি অনুগ্রহ করুন, এই বলিয়া প্রার্থনা করত জলমধ্যে ঐ দেবকে সুখে স্নান করাইবে, তৎপরে গন্ধপুষ্পাদি দ্বারা মহাপূজা করিবে ॥ ৫৮ ॥

তন্মধ্যে স্বাপনমন্ত্র ॥

হে দেব! শ্বেতদ্বীপের মধ্যে ফণামণি সুশোভিত শেষ (অনন্ত) রূপ এই পর্য্যঙ্কে আপনি নিদ্রা করুন, আপনাতে নমস্কার থাকুক ॥

প্রার্থনামন্ত্রঃ ॥

স্বপ্তে ত্বয়ি জগন্নাথ জগৎ সুপ্তং ভবেদিদং।
বিবুদ্ধে তু বিবুধ্যেত প্রসন্নোমে ভবাচ্যুতেতি।
ইত্যাশ্বাস্য প্রভোরগ্রে গৃহ্লীয়ান্নিয়মং ব্রতী।
চতুর্ম্মাসেষু কর্ত্তব্যং কৃষ্ণভক্তিবিবৃদ্ধয়ে।

তত্রোপক্রমকালঃ সনৎকুমারেণোক্তঃ ॥

একাদশ্যান্তু গৃহ্লীয়াৎ সংক্রান্তৌ কর্ক্কটস্য তু
আষাঢ্যাং বা নরো ভক্ত্যা চাতুর্ম্মাস্যোদিতং ব্রতং।

তত্র মন্ত্রঃ ॥

চতুরো বার্ষিকান্ মাসান্ দেবস্যোত্থাপনাবধি।

---

চতুর্মাসেষু কর্ত্তব্যোযোনিয়মোব্রতং তৎ ভগবদগ্রে গৃহ্লীয়াৎ স্বীকুর্য্যাৎ। নন্থ বৈষ্ণবস্য চাতুর্মাস্যনিয়মগ্রহণেন কিং তত্র লিখতি কৃষ্ণেতি তদনুষ্ঠানেনাকরণ প্রত্যবায়াপগমাদ্গুণ বিশেষাপাদনাচ্চ ভক্তিবিশেষঃ সম্পাদ্যেতেতি দিক্ ॥ ৫৯ ॥

---

প্রার্থনা মন্ত্র ॥

হে জগন্নাথ! আপনি শয়ন করিলে এই জগৎ সুপ্ত হয় এবং আপনার জাগরণে জগৎ জাগরিত হয়। হে অচ্যুত! আমার প্রতি প্রসন্ন হউন ॥

ব্রতী ব্যক্তি এইরূপ আশ্বাস করিয়া প্রভুর অগ্রে কৃষ্ণভক্তি বৃদ্ধির নিমিত্ত চারিমাসে কর্ত্তব্য কার্য্যের নিয়ম গ্রহণ করিবেন ॥

এই নিয়ম গ্রহণের কাল সনৎকুমার
কহিয়াছেন যথা ॥

মনুষ্য ব্যক্তি ভক্তিসহকারে শয়ন একাদশী অথবা কর্ক্কটসংক্রান্তি কিম্বা আষাঢ়ী পূর্ণিমায় চাতুর্মাস্য বিহিত ব্রত ধারণ করিবে ॥

তদ্বিষয়কমন্ত্রঃ যথা ॥

হে অচ্যুত! বৎসরের চারিমাস দেবের উত্থান পর্য্যন্ত এই নিয়ম

ইমং করিষ্যে নিয়মং নির্ব্বিঘ্নং কুরু মেঽচ্যুতেতি ॥ ৫৯ ॥

অথ চাতুর্ম্মাস্যনিয়মাবশ্যকতা ॥

ভবিষ্যে ॥

যো বিনা নিয়মং মর্ত্ত্যোব্রতং বা জপ্যমেব বা।

চাতুর্ম্মাস্যং নয়েন্মূর্খো জীবন্নপি মৃতো হি সঃ ॥ ৬০ ॥

অথ চাতুর্ম্মাস্যনিয়মাঃ ॥

স্কান্দে নাগরখণ্ডে ॥

শ্রাবণে বর্জ্জয়েচ্ছাকং দধি ভাদ্রপদে তথা।

দুগ্ধমাশ্বযুজে মাসি কার্ত্তিকে চামিষং ত্যজেৎ ॥ ৬১ ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

---

নিয়মমেব বিবিচ্যাহ ব্রতং জপ্যম্বা বিনেতি ॥ ৬০ ॥

স্বতএবামিষত্যাগনিবৃত্তিধর্ম্মনিরতশ্চামিষস্থানে মাষান্ ত্যজেৎ ॥ ৬১ ॥

---

করিব, আপনি নির্ব্বিঘ্ন করুন ॥ ৫৯ ॥

অথ চাতুর্মাস্য নিয়মের আবশ্যকতা ॥

ভবিষ্যপুরাণে ॥

যে ব্যক্তি নিয়ম অথবা ব্রত বিম্বা জপ্য ব্যতিরেকে চাতুর্মাস্য যাপন করে, সে মূর্খ, জীবনসত্ত্বে মৃত জানিবে ॥ ৬০ ॥

অথ চাতুর্মাস্য নিয়ম সকল স্কন্দপুরাণে ॥

নাগরখণ্ডে যথা ॥

শ্রাবণমাসে শাক, ভাদ্রমাসে দধি, আশ্বিনমাসে দুগ্ধ এবং কার্ত্তিক মাসে আমিষ পরিত্যাগ করিবে ॥ ৬১ ॥

ঐ প্রকরণেই শ্রীব্রহ্মনারদ

সম্বাদে ॥

নিষ্পাবান্ রাজমাষাংশ্চ সুপ্তে দেবে জনার্দ্দনে।
যো ভক্ষয়তি বিপ্রেন্দ্র শ্বপচাদধিকোহি সঃ।
কার্ত্তিকেতু বিশেষেণ রাজমাষাংশ্চ ভক্ষয়ন্।
নিষ্পাবান্ মুনিশার্দ্দূল যাবদাহূতনারকী ॥ ৬২ ॥
কলিঙ্গানি পটোলানি বৃন্তাকং সন্ধিতানি চ।
এতানি ভক্ষয়েদ্যস্তু সুপ্তে দেবে জনার্দ্দনে।
সপ্তজন্মার্জ্জিতং পুণ্যং হরতে নাত্র সংশয়ঃ ॥ ৬৩ ॥
কিঞ্চ ॥
রুচ্যং তত্তৎ কাললভ্যং ফলমূলাদি বর্জ্জয়েদিতি ॥ ৬৪ ॥
জপহোমাদ্যনুষ্ঠানং নামসঙ্কীর্ত্তনন্তথা।

নিষ্পাবাঃ শিম্বীপ্রভেদাস্তান্ ॥ ৬২ ॥
হরতে নাশয়তি ॥ ৬৩ ॥
রুচ্যং রুচিরং চাতুর্ম্মাস্য জায়মান ফলাদিমধ্যে নিজপ্রিয়ং কিঞ্চিদ্বর্জ্জ্যমিত্যর্থঃ ॥ ৬৪ ॥

হে বিপ্রেন্দ্র! জনার্দ্দন শয়ন করিলে যে ব্যক্তি নিষ্পাব (শিম্বি বিশেষ) এবং রাজমাষ (বরবটী কলাই) ভক্ষণ করে তাহাকে চণ্ডাল অপেক্ষাও অধিক জানিবে ॥

হে মুনিশ্রেষ্ঠ! বিশেষ করিয়া কার্ত্তিকমাসে রাজমাষ (বরবটী কলাই) বা নিষ্পাব (শিম্বী বিশেষ) যে ভোজন করে সে মহাপ্রলয় পর্য্যন্ত নারকী হইবে ॥ ৬২ ॥

যে ব্যক্তি হরিশয়নে কলিঙ্গ (বৃক্ষ বিশেষ) পটোল বৃন্তাক (বার্ত্তাকু) এবং সন্ধিত) এই সকল ভোজন করে, তাহার সপ্তজন্মের পুণ্য বিনষ্ট হয়, ইহাতে সংশয় নাই ॥ ৬৩ ॥

আরও ॥

চাতুর্মাস্য জাত মনোজ্ঞ ফল মূলাদির মধ্যে নিজ প্রিয় কিছু ফল

স্বীকৃত্য প্রার্থয়েদ্দেবং গৃহীতনিয়মোবুধঃ।
ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব।
নির্ব্বিঘ্নং সিদ্ধিমায়াতু প্রসাদাত্তব কেশব।
গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব পঞ্চত্বং যদি বা ভবেৎ।
তদা ভবতু সম্পূর্ণং প্রসাদাত্তে জনার্দ্দনেতি ॥ ৬৫ ॥
অথ চাতুর্ম্মাস্যব্রতনিয়মমাহাত্ম্যং ॥
বিষ্ণুরহস্যে ব্রহ্মনারদসম্বাদে ॥
শৃণু নারদ কাৎস্নে্যন চাতুর্ম্মাস্যব্রতক্রিয়াঃ।
যা নির্ব্বর্ত্ত্য নরো ভক্ত্যা প্রযাতি পরমাং গতিং ॥ ৬৬ ॥

এবং বর্জ্যানি লিখিতানি। কৃত্যানি চ সংক্ষেপতোলিখতি জপেতি। আদিশব্দাৎ পুরাণশ্রবণাদি। স্বীকৃত্যেতি অন্যমাসতো বিশেষেণ তত্তন্নিয়মং গৃহীত্বেত্যর্থঃ ॥ ৬৫ ॥

অন্যানপি নিয়মান্ দর্শয়িতুং তেষু শ্রদ্ধাবিশেষমুৎপাদয়িতুঞ্চ তন্মাহাত্ম্যং সামান্যবিশেষাভ্যাং লিখতি শৃণ্বিত্যাদিনা পদদ্বয়ং ইত্যন্তেন ॥ ৬৬ ॥

মূলাদি বর্জন করিবে ॥ ৬৪ ॥

নিয়মধারী পণ্ডিত ব্যক্তি, জপ, হোমাদির অনুষ্ঠান এবং নামসঙ্কীর্ত্তন স্বীকার করিয়া ভগবানের নিকট প্রার্থনা করিবে ॥

হে দেব! আপনার অগ্রে এই ব্রত গ্রহণ করিলাম, হে কেশব! আপনার অনুগ্রহে ইহা নির্ব্বিঘ্নে সিদ্ধি প্রাপ্ত হউক ॥

হে দেব! ব্রত গ্রহণ করিয়া যদি পঞ্চত্ব (মৃত্যু) হয়, হে জনার্দ্দন! তথাপি আপনার প্রসাদে ইহা সম্পূর্ণ হউক ॥ ৬৫ ॥

অথ চাতুর্মাস্য ব্রত নিয়ম মাহাত্ম্য ॥

বিষ্ণুরহস্যে ব্রহ্ম নারদ সম্বাদে ॥

হে নারদ! সমগ্র রূপে চাতুর্মাস্য ব্রতের ক্রিয়া সকল শ্রবণ কর, নর যদি ভক্তিপূর্ব্বক ঐ সকল ক্রিয়া নির্ব্বাহ করেন, তাহা হইলে তিনি পরমা গতি প্রাপ্ত হইবেন ॥ ৬৬ ॥

ব্রতানি বৈষ্ণবানীহ মনস্যপি চিকীর্ষতঃ।
নরস্য ক্ষয়মাপ্নোতি পাপং জন্ম শতোদ্ভবং ॥ ৬৭ ॥
একভক্তোনরঃ শান্তোনিত্যস্নায়ী দৃঢ়ব্রতঃ।
যোঽর্চ্চয়েচ্চতুরোমাসান্ হরিং স্যাত্তস্য লোকভাক্ ॥ ৬৮ ॥
যস্তু সুপ্তে হৃষীকেশে ক্ষিতিশায়ী ভবেন্নরঃ।
বার্ষিকান্ চতুরোমাসান্ লভতে বৈষ্ণবীং গতিং।
যস্তু কেশবমুদ্দিশ্য চান্দ্রায়ণপরায়ণঃ।
চাতুর্ম্মাস্যং নয়েদ্ভক্ত্যা স বিষ্ণুতনুমাবিশেৎ।
ভবিষ্যোত্তরে।
ভগবদ্যুধিষ্ঠিরসম্বাদে ॥

বৈষ্ণবানীতি ভগবতঃ শয়নে বিশেষতস্তদগ্রে সঙ্কল্পবিশেষেণ গৃহীতত্বাত্তদ্ভক্তিরূপত্বেন তত্তোষণাত্বেবেত্যর্থঃ। অতএব ফলমুক্তং প্রযাতি পরমাং গতিমিত্যাদি ॥ ৬৭ ॥
চতুরোমাসান্ যোহরিমর্চ্চয়েৎ ॥ ৬৮ ॥
দানশতং বহুলদানমিত্যর্থঃ ॥ ৬৯ ॥

এই চতুর্মাস্য ব্রত সকল বৈষ্ণবব্রত, কোন নর যদি মনোমধ্যেও আচরণ করেন, তাহা হইলে তাহার শত জন্মের পাপ বিনষ্ট হয় ॥৬৮॥

যে ব্যক্তি একাহারী, শান্ত, নিত্যস্নায়ী এবং দৃঢ়ব্রত হইয়া চারি মাস হরির পূজা করেন, তিনি বিষ্ণুলোকে গতি প্রাপ্ত হয়েন ॥ ৬৮ ॥

যিনি ভূমিশায়ী হইয়া বৎসরের চারিমাস হরি-অর্চ্চনা করেন, তাঁহার বৈষ্ণবী গতি লাভ হয় ॥

যে ব্যক্তি কেশবকে উদ্দেশ করিয়া চান্দ্রায়ণব্রত পরায়ণ হওত চাতুর্মাস্য যাপন করেন, তিনি বিষ্ণুর শরীরে প্রবেশ করেন ॥

ভবিষ্যোত্তরে ॥

ভগবদ্যুধিষ্ঠির সম্বাদে ॥

চতুরোবার্ষিকান্ মাসান্ দেবস্যোত্থাপনাবধি।
স্ত্রী বা নরো বা মদ্ভক্তো ধর্ম্মার্থং সুদৃঢ়ব্রতঃ।
গৃহ্ণীয়ান্নিয়মানেতান্ দন্তধাবনপূর্ব্বকং।
তেষাং ফলানি বক্ষ্যামি তৎকর্ত্তৃণাং পৃথক্ পৃথক্।
মধুরস্বরসম্পন্নোভবেল্লবণবর্জ্জনাৎ।
লভতে সন্ততিং দীর্ঘাং তৈলস্য পরিবর্জ্জনাৎ।
অভ্যঙ্গবর্জ্জনাৎ পার্থ সুন্দরাঙ্গঃ প্রজায়তে।
পক্বতৈলপরিত্যাগাচ্ছত্রুনাশমবাপ্নুয়াৎ।
মধুক তৈলত্যাগেন সৌভাগ্যমতুলং ভবেৎ।
পুষ্পোপভোগত্যাগেন স্বর্গে বিদ্যাধরো ভবেৎ।
যোগাভ্যাসী ভবেদ্যস্তু স ব্রহ্মপদমাপ্নুয়াৎ।
কট্বম্লতিক্তমধুরক্ষারকাষায়জান্ রসান্।

দেবের উত্থান পর্য্যন্ত বৎসরের চারিমাস স্ত্রী হউক বা নর হউক যিনি আমার ভক্ত, তিনি ধর্ম্ম নিমিত্ত সুন্দর দৃঢ়ব্রত হইয়া দন্তধাবন পূর্ব্বক এই সকল নিয়ম ধারণ করিবেন। এই সকল নিয়ম-ধারণ-কর্ত্তার নিয়ম সকলের পৃথক্ পৃথক্ ফল বলিতেছি॥

চাতুর্মাস্য নিয়ম ধারণ করিয়া যিনি লবণ বর্জ্জন করেন তাঁহার মধুরস্বর লাভ হয়। তৈল বর্জ্জন করিলে দীর্ঘ সন্ততি প্রাপ্ত হয়॥

হে পার্থ! অভ্যঙ্গ ( তৈলমর্দ্দন ) বর্জ্জন করিলে সুন্দর শরীর জন্মে পক্ব তৈল পরিত্যাগ করিলে শত্রু নাশ প্রাপ্ত হয়। মধূক ( মহুয়া ) এবং তৈল পরিত্যাগ করিলে অতুল সৌভাগ্য লাভ হয়। পুষ্পোপভোগ পরিত্যাগ করিলে স্বর্গে বিদ্যাধর হয়। যিনি যোগাভ্যাস পরায়ণ হয়েন তিনি ব্রহ্মপদ লাভ করেন।

অপর যিনি কটু, অম্ল, তিক্ত, মধুর, ক্ষার ও কষায়জনিত রস সকল

যোবর্জ্জয়েৎ স বৈরূপ্যং বৈগন্ধ্যং নাপ্নুয়াৎ ক্বচিৎ।
তাম্বূলবর্জ্জনাদ্ভোগী অপক্বাদোঽমলোভবেৎ।
পাদাভ্যঙ্গশিরোভ্যঙ্গ পরিত্যাগাচ্চ পার্থিব।
দীপ্তিমান্ দীপ্তচরণোমধুক্ষৌদ্রে পরিত্যজেৎ।
দধিদুগ্ধতক্রনিয়মাদ্গোলোকং লভতে নরঃ।
ইন্দ্রাতিথিত্বমায়াতি স্থালীপাকবিবর্জ্জনাৎ।
লভেচ্চ সন্ততিং দীর্ঘাং তাপপক্বস্য বর্জ্জনাৎ।
ভূমৌ প্রস্তরশায়ী চ বিষ্ণোরনুচরোভবেৎ।
সদা মুনিঃ সদা যোগী মধুমাংসস্য বর্জ্জনাৎ।
নির্ব্ব্যাধির্নীরুগোজস্বী সুরামদ্যবিবর্জ্জনাৎ।
একান্তরোপবাসেন ব্রহ্মলোকে মহীয়তে।
ধারণান্নখলোমানাং গঙ্গাস্নানং দিনে দিনে।

---

বর্জন করেন, তিনি কখন বৈরূপ্য ও বৈগন্ধ ( গন্ধহীনত্ব ) প্রাপ্ত হয়েন না। তাম্বুল বর্জন করিলে ভোগী এবং অপক্বভোজী নির্ম্মল হয়েন॥

হে রাজন্! পাদাভ্যঙ্গ ও শিরোঽভ্যঙ্গ পরিত্যাগ করিলে দীপ্তিমান্ ও দীপ্তচরণ হয়েন তিনি মধু ও ক্ষৌদ্র পরিত্যাগ করিবেন, মনুষ্য যদি দধি, দুগ্ধ ও তক্র পরিত্যাগ করেন, তাহা হইলে তাঁহার গোলোক লাভ হয়। স্থালীপক্ব অর্থাৎ পাত্রপক্ব বর্জন করিলে ইন্দ্রের আতিথ্য প্রাপ্ত হয়। অগ্নিপক্ব পরিত্যাগ করিলে দীর্ঘা সন্ততি লাভ করেন। ভূমি বা প্রস্তরে শয়ন করিলে বিষ্ণুর অনুচর হয়। মধু ও মাংস বর্জন করিলে সদা মুনি ও সদা যোগী হয়। সুরা মদ্য বর্জন হেতু নির্ব্ব্যাধি, নীরোগ ও তেজস্বী হয়। একান্তর অর্থাৎ এক দিবসান্তর ভোজন করিলে ব্রহ্মলোকে পূজিত হয়। নখ ও লোম ধারণ করিলে দিনে দিনে গঙ্গাস্নানের ফল হয়। যে ব্যক্তি চাতুর্ম্মাস্য নিয়মে

মৌনং ব্রতী ভবেদ্যস্তু তস্যাজ্ঞাস্খলিতা ভবেৎ।
ভূমৌ ভুঙ্‌ক্তে সদা যস্তু স পৃথিব্যাঃ পতির্ভবেৎ।
নমোনারায়ণায়েতি জপ্ত্বা দানশতং ফলং ॥ ৬৯ ॥
পাদাভিবন্দনাদ্বিষ্ণোর্ভবেদ্গোদানজং ফলং।
বিষ্ণুপাদাম্বুজস্পর্শাৎ কৃতকৃত্যোভবেন্নরঃ।
বিষ্ণোর্দেবালয়ে কুর্য্যাদুপলেপনমার্জ্জনে।
কল্পস্থায়ী ভবেদ্রাজা স নরোনাত্র সংশয়ঃ।
প্রদক্ষিণত্রয়ং কৃত্বা যস্তু স্যাৎ স্তুতিপাঠকঃ।
হংসযুক্তবিমানেন সচ বিষ্ণুপদং ব্রজেৎ।
গীতবাদ্যকরোবিষ্ণোর্গন্ধর্ব্বলোকমাপ্নুয়াৎ।
নিত্যং শাস্ত্রবিনোদেন লোকান্ যস্তু প্রবোধয়েৎ।
স ব্যাসরূপী ভগবানন্তে বিষ্ণুপুরং ব্রজেৎ।

মৌনী হয়েন তাঁহার আজ্ঞা অস্খলিত হয়। যিনি মৃত্তিকাতে ভোজন করেন, তিনি পৃথিবীর পতি হয়েন। "নমো নারায়ণায়" এই মন্ত্র জপ করিলে শত দানের ফল হয় ॥ ৬৯ ॥

বিষ্ণুর পাদাভিবন্দন করিলে গোদানজনিত ফল হয়, বিষ্ণুর পাদাম্বুজ স্পর্শ করিলে মনুষ্য কৃতকৃত্য হয়েন। যিনি বিষ্ণুর দেবালয়ে উপলেপ ও মার্জ্জন করেন, সেই নর কল্পস্থায়ী রাজা হয়েন ইহাতে কোন সন্দেহ নাই। যিনি স্তুতি পাঠ করিতে করিতে তিনবার প্রদক্ষিণ করেন, তিনি হংসযুক্ত বিমানে আরোহণ করিয়া বিষ্ণুলোকে গমন করেন ॥

বিষ্ণুর গৃহে গীত বাদ্য করিলে গন্ধর্ব্বলোক প্রাপ্তি হয়। যে ব্যক্তি নিত্য শাস্ত্রামোদ দ্বারা লোক সকলকে প্রবোধ দেন, তিনি ব্যাসরূপী ভগবান্ অন্তে বিষ্ণুলোকে গমন করেন ॥

পুষ্পমালাকুলাং পূজাং কৃত্বা বিষ্ণোঃ পুরং ব্রজেৎ।
কৃত্বা প্রোক্ষণিকং দিব্যং স্থানমপ্সরসাং লভেৎ।
তীর্থাদিষু কৃতস্নানো নির্ম্মলং দেহমাপ্নুয়াৎ।
গব্যাশনাৎ পার্থ চান্দ্রায়ণফলং লভেৎ।
এক ভক্তাশনান্নিত্যমগ্নিহোত্রফলং লভেৎ।
নক্তভোজী সমগ্রস্ত তীর্থযাত্রাফলং লভেৎ।
অযাচিতেন চাপ্নোতি বাপীকূপপ্রপাফলং।
ষষ্ঠকালোহন্নভোজী যঃ স্থায়ী স্বর্গে নরো ভবেৎ।
নিত্যস্নায়ী নরোযস্ত নরকং স ন পশ্যতি।
ভাজনং বর্জ্জয়েদ্যস্ত স স্নানং পৌষ্করং লভেৎ॥ ৭০ ॥
পত্রেষু যো নরো ভুঙ্ক্তে কুরুক্ষেত্রফলং লভেৎ॥
শিলায়াং ভোজনং নিত্যং ভবেৎ স্নানপ্রয়াগজং।

ভাজনং কাংস্যপাত্রং ॥ ৭০ ॥

পুষ্পমালা দ্বারা পূজা করিলে বিষ্ণুলোকে গতি লাভ হয়। বিষ্ণু মন্দির প্রোক্ষণ করিলে অপ্সরোলোক প্রাপ্তি হয়। তীর্থাদিতে স্নান করিলে নির্ম্মলদেহ লাভ হয়। হে পার্থ! পঞ্চগব্য ভোজন হেতু চান্দ্রায়ণের ফল প্রাপ্তি হয়। নিত্য একাহারী হইলে অগ্নিহোত্রের ফল লাভ হয়। রাত্রিতে ভোজন করিলে সমস্ত তীর্থযাত্রার ফল পায়। অযাচিত রূপে ভোজন করিলে বাপী কূপ প্রদান জনিত ফল লাভ হয়। যিনি দিবসের ষষ্ঠভাগে ভোজন করেন, তিনি স্বর্গে স্থায়ী হয়েন। যে মনুষ্য নিত্যস্নান করেন, তিনি কখন নরক দর্শন করেন না। যিনি পাত্রবর্জন করেন তাঁহার পুষ্কর স্নানজনিত ফল লাভ হয় ॥ ৭০ ॥

যে মনুষ্য পত্রে ভোজন করেন তিনি কুরুক্ষেত্রের ফল প্রাপ্ত হয়েন। প্রত্যহ শিলায় ভোজন করিলে প্রয়াগস্নান-জনিত ফল প্রাপ্তি

যামদ্বয় জলত্যাগান্ন রোগৈঃ পরিভূয়তে।
এবমাদিব্রতৈঃ পার্থ তুষ্টিমায়াতি তোষিতঃ ॥ ৭১ ॥
কিঞ্চ ॥
যোগনিদ্রাং সমালম্ব্য শেষাহিশয়নে স্বপন্।
ক্ষীরোদতোয়বীচ্যগ্রৈ র্ধৌতপাদসমাহিতঃ।
লক্ষ্মীকরাম্বুজৈঃ শ্লক্ষ্ণৈর্মৃজ্যমানপদদ্বয়ঃ ॥ ৭২ ॥
তস্মিন্ কালে চ মদ্ভক্তো যো মাসাংশ্চতুরঃ ক্ষিপেৎ।
ব্রতৈরনেকৈর্নিয়মৈঃ পাণ্ডবশ্রেষ্ঠ মানবঃ।
কল্পস্থায়ী বিষ্ণুলোকে ভবেন্নাস্ত্যত্র সংশয়ঃ।
সত্যাং ব্রতসমাপ্তৌ চ শ্রীকৃষ্ণস্য প্রসাদতঃ।
যদযদ্দানাদিকৃত্যঞ্চ লেখ্যং তত্তচ্চ কার্ত্তিকে ॥ ৭৩ ॥

এবমাদিব্রতৈস্তোষিতঃ সন্ শ্রীকেশব ইতি শেষঃ ॥ ৭১ ॥
তমেব বিশিনষ্টি যোগেতি সার্দ্ধেন। সমাহিতঃ যোগনিদ্রামাস্থিতঃ ॥ ৭২ ॥
কার্ত্তিকে কার্ত্তিককৃত্যলিখনে ॥ ৭৩ ॥

হয়। দুই প্রহর জল পরিত্যাগ করিলে রোগসকল কর্ত্তৃক অভিভূত হয় না। হে অর্জ্জুন! ইত্যাদি ব্রতদ্বারা তোষিত হইয়া কেশব তুষ্টি প্রাপ্ত হয়েন ॥ ৭১ ॥

ভগবান্ বিষ্ণু যোগনিদ্রা অবলম্বন করিয়া শেষরূপ সর্পশয্যায় শয়ন করিলে ক্ষীরসমুদ্রের সলিলতরঙ্গের দ্বারা তদীয় চরণদ্বয় প্রক্ষালিত ও লক্ষ্মীর মৃদুকরপদ্ম দ্বারা পাদপদ্ম পরিমার্জ্জিত হয় ॥ ৭২ ॥

হে পাণ্ডব! ঐ কালে আমার যে ভক্ত বহু বহু ব্রতনিয়ম দ্বারা চারিমাস ক্ষেপণ করেন তিনি শ্রেষ্ঠ মনুষ্য। শ্রীকৃষ্ণের অনুগ্রহে তাঁহার ব্রত সমাপ্তি হইলে তিনি এক কল্প বিষ্ণুলোকে স্থায়ী হন ইহাতে সংশয় নাই। অপর যে সকল দানাদি কৃত্য আছে, তাহা কার্ত্তিকব্রত প্রসঙ্গে লিখিত হইবে ॥ ৭৩ ॥

স্তুত্বাথ কৃষ্ণমভ্যর্চ্চ্য প্রসাদ্য চ পুনঃ পুনঃ ।
শেষং শঙ্খোদতীর্থে চ স্বীকুর্য্যাদ্বৈষ্ণবৈঃ সহ ॥ ৭৪ ॥
গীতনৃত্যাদিনা দেবং পরিতোষ্যাথ বৈষ্ণবান্ ।
সংপূজ্য নরযানেন দেবং স্বালয়মানয়েৎ ।
প্রভোর্নিরাজনং কৃত্বা বিসর্জ্য ব্রত বৈষ্ণবান্ ।
নিবেশ্য স্বাসনে দেবং শয়ীত ভুবি তং স্মরন্ ।
এবঞ্চ কুর্ব্বতোমাসাংশ্চতুরোযান্তি বৈ সুখং ।
অন্যথা প্রভবেদ্দুঃখমনাবৃষ্টিশ্চ জায়তে ।
তথাচ ভবিষ্যে ॥
মিথুনস্থে সহস্রাংশৌ ন স্বাপয়তি যো হরিং ।
বৈষ্ণবৈঃ সহ সম্ভূয় হ্যনাবৃষ্টিস্তদা ভবেৎ ।
কিঞ্চ ভবিষ্যোত্তরে ॥
যো দেবশয়নং পার্থ অনুমোদ্য সমাচরেৎ ।

স্তুত্বা শ্রীব্রহ্মস্তত্যাদিভিঃ স্তুতিং কৃত্বা । অভ্যর্থ্য স্বস্ত্যস্তু বিশ্বস্যেত্যাদি সংপ্রার্থ্য । প্রসাদ্য বিচিত্রার্থবচনৈঃ প্রসন্নং কৃত্বা । শেষং ভগবদুচ্ছিষ্টমহাপ্রসাদ পুষ্পচন্দনাদিকং । শঙ্খোদকং তীর্থঞ্চ শ্রীচরণোদকং ॥ ৭৪ ॥

কৃষ্ণকে স্তব, পূজা এবং বারম্বার প্রসন্ন করিয়া বৈষ্ণবগণের সহিত মহাপ্রসাদ ও চরণামৃত স্বীকার করিবে ॥ ৭৪ ॥

গীত নৃত্যাদি দ্বারা দেবকে পরিতোষ এবং বৈষ্ণবদিগকে সম্মান করিয়া নরযান ( শিবিকা ) দ্বারা দেবকে নিজমন্দিরে আনয়ন করিবে ॥

প্রভুর নিরাজন ও বৈষ্ণবদিগকে বিদায় দিয়া স্বীয় আসনে দেবকে শয়ন করাইয়া বিষ্ণুস্মরণ পূর্ব্বক আপনি ভূমিতে শয়ন করিবে ।

এই প্রকার ব্রত করিলে চারিমাস সুখে যাইবে, ইহার অন্যথা হইলে দুঃখও অনাবৃষ্টি হয় ॥

আরও ভবিষ্যোত্তরে ॥

হে পার্থ ! যে ব্যক্তি দেবশয়ন অনুমোদন করিয়া আচরণ করেন

উত্থানং বাপি কৃষ্ণস্য স হরের্লোকমাপ্নুয়াৎ ॥ ৭৫ ॥

অথ শ্রাবণকৃত্যং ॥

গৌতমীয়ে ॥

শ্রাবণে মাসি কৃষ্ণং তং পুষ্পৈঃ কেতকসম্ভবৈঃ।
চন্দ্র চন্দন কস্তুরি কুঙ্কুমাদি সুবাসিতৈঃ।
এলা-লবঙ্গ-কক্কোল-ফলানি বহুধার্পয়েদিতি।
পবিত্রারোপণং কুর্য্যাদ্দ্বাদশ্যামৃষিতর্পণং ॥
পৌর্ণমাস্যান্তু কুর্ব্বীত তত্তদুক্তবিধানতঃ ॥ ৭৬ ॥

অথ পবিত্রারোপণং ॥

শ্রাবণস্য সিতে পক্ষে দ্বাদশ্যাং বৈষ্ণবৈর্মুদা।
কর্ত্তব্যঃ কৃষ্ণদেবস্য পবিত্রারোপণোৎসবঃ।

অনুমোদ্য হৃষ্টোভূত্বেত্যর্থঃ। যদ্বা। অনুমোদনদ্বারাপি যঃ কুর্য্যাদিতি ॥ ৭৫ ॥

দ্বাদশ্যাং ভগবতঃ পবিত্রারোপণং কুর্য্যাৎ। পৌর্ণমাস্যাঞ্চ ঋষিতর্পণং কুর্য্যাৎ। তত্র তত্র পবিত্রারোপণে ঋষিতর্পণে চ যৎ শাস্ত্রোক্তং বিধানং প্রকারঃ তেন ॥ ৭৬ ॥

অথবা শ্রীকৃষ্ণের উত্থান করেন, তাঁহার হরিলোক প্রাপ্তি হয় ॥ ৭৫ ॥

অথ শ্রাবণকৃত্য ॥

গৌতমীয়ে ॥

শ্রাবণ মাসে শ্রীকৃষ্ণকে কর্পূর, চন্দন, কস্তূরি কুঙ্কুমাদি সুবাসিত কেতক সম্ভূত পুষ্প দ্বারা পূজা করিয়া এলা লবঙ্গ কক্কোল প্রভৃতি ফল নিবেদন করিবে ॥

দ্বাদশীতে পবিত্রারোপণ এবং পূর্ণিমাতে ঋষিতর্পণ তত্তৎ শাস্ত্রোক্ত বিধানানুসারে করিবে ॥ ৭৬ ॥

অথ পবিত্রারোপণ ॥

শ্রাবণ মাসের শুক্লপক্ষের দ্বাদশীতে বৈষ্ণবগণের সহিত শ্রীকৃষ্ণদেবের পবিত্রারোপণোৎসব করিবে ॥

তন্নিত্যতা বহ্বৃচপরিশিষ্টে।
স স্নাতঃ সর্ব্বতীর্থেষু সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ।
হরিশ্চ প্রীতিমাপ্নোতি যঃ পবিত্রং সমাচরেৎ ॥ ৭৭ ॥
বিধিনা শাস্ত্রদৃষ্টেন যো ন কুর্য্যাৎ পবিত্রকং।
হরন্তি রাক্ষসাস্তস্য বর্ষপূজাদিকং ফলং ॥ ৭৮ ॥
যোগসারে পবিত্রোৎপত্ত্যুপাখ্যানে
নাগরাজপবিত্রং প্রতি রুদ্রেণ বরদানং ॥
যে ত্বাং ন বহুমন্যন্তে যথা সম্ভাবিতো ময়া।
জপহোমাদিকং তেষাং ফলং ত্বামেতু নিশ্চয়াৎ ॥ ৭৯ ॥

প্রথমং শ্রীভগবৎপ্রীণনত্বান্নিত্যতাং দর্শয়তি স স্নাত ইতি ॥ ৭৭ ॥

অকরণপ্রত্যবায়দ্বারা নিত্যতাং লিখতি বিধিনেতি ত্রিভিঃ। আদিশব্দেন জপহোমাদি ফলমিতি ভগবৎপূজাদেঃ স্বতএব ফলরূপত্বাৎ ॥ ৭৮ ॥

পবিত্রোপাখ্যানং চেদং। নাগরাজস্য বাসুকের্ভ্রাতা শ্রীপবিত্রনামা নাগবরো ভক্ত্যা শ্রীশিবমারাধ্য সন্তুষ্টে চ তস্মিন্ বরমযাচত ত্বৎকণ্ঠভূষণতাং প্রাপ্নুয়ামিতি। ততশ্চ পরম সন্তুষ্টেন শ্রীশিবেন তথা স্বীকৃত্যোক্তমিদং এবং সর্ব্বেষামেব দেবানাং কণ্ঠভূষণতাং ব্রজ। তত্তৎ সেবকৈঃ সর্ব্বৈরপি স্বস্বেষ্টদেবে ত্বদাকারত্বেন পবিত্রাণি নির্ম্মায়ারোপ্যন্তামন্যথা চ মহান্ দোষোঽস্ত্বিতি। তদেব লিখতি যে ত্বামিতি ॥ ৭৯ ॥

ইহার নিত্যতা বহ্বৃচপরিশিষ্টে ॥

যে ব্যক্তি পবিত্র আচরণ করেন, তিনি সকল তীর্থে স্নাত ও সকল যজ্ঞে দীক্ষিত হয়েন এবং হরিও প্রীতি লাভ করেন ॥ ৭৭ ॥

যে ব্যক্তি শাস্ত্রযুক্ত বিধি দ্বারা পবিত্রারোপণ না করেন, রাক্ষসগণ তাহার একবৎসরের পূজার ফল হরণ করিয়া থাকে ॥ ৭৮ ॥

যোগসারে পবিত্রোৎপত্তি উপাখ্যানে
নাগরাজ-পবিত্রের প্রতি রুদ্রের বরদান যথা ॥

আমা কর্ত্তৃক সম্ভাবিত তোমাকে যে সকল ব্যক্তি বহুমান প্রদান না করে, তাহাদিগের জপ হোম প্রভৃতির ফল সমুদায় নিশ্চয় তোমাতে

বিষ্ণুরহস্যে ॥

ন করোতি বিধানেন পবিত্রারোপণন্তু যঃ।
তস্য সাম্বৎসরী পূজা নিষ্ফলা মুনিসত্তম।
তস্মাদ্ভক্তিসমাযুক্তৈর্নরৈর্ব্বিষ্ণুপরায়ণৈঃ।
বর্ষে বর্ষেতু কর্ত্তব্যং পবিত্রারোপণং হরেঃ ॥ ৮০ ॥

পবিত্রারোপণমাহাত্ম্যং।

তত্র বৌধায়নঃ ॥

যাবৎ সূত্রং পবিত্রস্য তাবৎ স্বর্গে মহীয়তে।
আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং বিপুলং তস্য বর্দ্ধতে ॥ ৮১ ॥

মহাসংহিতায়াং ॥

সম্বৎসরেণ যা পূজা কৃতা বৈ মন্ত্রিণা দ্বিজ।

---

বর্ষে বর্ষে কর্ত্তব্যমিতি বীপ্সাবিধি দ্বারা নিত্যতোক্তা বসন্তে বসন্তে জ্যোতিষা যজেতেতিবৎ। তত্রচ বিষ্ণুপরায়ণৈরিতি বৈষ্ণবানামাবশ্যকতমমিতি বোধিতং ॥ ৮০ ॥

মহীয়তে পূজ্যতে পবিত্রারোপকঃ ॥ ৮১ ॥

---

গমন করুক ॥ ৭৯ ॥

বিষ্ণুরহস্যে ॥

হে মুনিসত্তম ! যে ব্যক্তি বিধানানুসারে পবিত্রারোপণ না করে, তাহার সাম্বৎসরী পূজা নিষ্ফলা হয় ॥

অতএব বিষ্ণুপরায়ণ মনুষ্য ভক্তিযুক্ত হইয়া হরির পবিত্রারোপণ করিবে॥ ৮০ ॥

পবিত্রারোপণমাহাত্ম্য ॥

তদ্বিষয়ে বৌধায়ন ॥

যে পর্য্যন্ত পবিত্রের সূত্র থাকে সে পর্য্যন্ত স্বর্গে পূজিত হয় এবং তাহার বিপুল আয়ুঃ আরোগ্য ও ঐশ্বর্য্য বর্দ্ধিত হয় ॥ ৮১ ॥

মহাসংহিতায় ॥

হে দ্বিজ ! মন্ত্রী ব্যক্তি সম্বৎসরে যে পূজা করেন, ভগবান্ হরি

পবিত্রদানাৎ পূর্ণা স্যাদিত্যাহ ভগবান্ হরিঃ।

বিষ্ণুরহস্তে ॥

পবিত্রারোপণং বিষ্ণোর্ভক্তিমুক্তিপ্রদায়কং।

স্ত্রীপুংকীর্ত্তিপ্রদং পুণ্যং সুখসম্পদ্ধনাবহং ॥ ৮২ ॥

পুণ্যানান্তু তথা পুণ্যং সর্ব্বপাপহরন্তু বৈ।

পবিত্রারোপণং তস্মাৎ পবিত্রং পরমং স্মৃতং ॥ ৮৩ ॥

সম্বৎসরেণ যোভক্ত্যা সমভ্যর্চ্চ্য জনার্দ্দনং।

যৎফলং সমবাপ্নোতি পবিত্রারোপণেন তৎ।

কিঞ্চ ॥

পাবয়ত্যেনসো নিত্যং ত্রায়তে ভববন্ধনাৎ।

---

স্ত্রীপুংসোঃ স্ত্রীপুংসয়োর্দম্পত্যোঃ কীর্ত্তিপ্রদং। যদ্বা। স্ত্রীণাং পুংসাঞ্চ কীর্ত্তিপ্রদমিতি। বৈষ্ণবীভিঃ স্ত্রীভিরপি বিষ্ণোঃ পবিত্রারোপণং কার্য্যমিতি অভিপ্রেতং ॥ ৮২ ॥

পুণ্যানাং মধ্যে পুণ্যং পরমশ্রেষ্ঠমিত্যর্থঃ। এবঞ্চ পবিত্রং নাম নিরুক্তং ॥ ৮৩ ॥

বিশেষতস্তদেব নির্ব্বক্তি পাবয়তীতি। যতস্তদ্ব্রাহ্মং পরব্রহ্মময়ং তেজ ইত্যভিতো·

---

কহিয়াছেন পবিত্র দান হেতু তাহার পূর্ণ ফল হয় ॥

বিষ্ণুরহস্যে ॥

বিষ্ণুর পবিত্রারোপণ ভক্তি মুক্তি প্রদান করেন এবং স্ত্রী পুরুষ দিগের কীর্ত্তিপ্রদ, পুণ্যস্বরূপ ও সুখসম্পৎ ও ধনবৃদ্ধি করান ॥ ৮২ ॥

পবিত্রারোপণ পুণ্য সকলের পুণ্যও সর্ব্বপাপহর, একারণ ইহা পরমপবিত্র বলিয়া কথিত হইয়াছে ॥ ৮৩ ॥

যে ব্যক্তি সম্বৎসর কাল ভক্তি সহকারে জনার্দ্দনের পূজা করিয়া যে ফল প্রাপ্ত হয়েন পবিত্রারোপণে তাঁহার সেই ফল লাভ হয় ॥

আরও ॥

পাপ হইতে পবিত্র ও ভববন্ধন হইতে পরিত্রাণ করেন, এজন্য

পবিত্রং তেন বিখ্যাতং ব্রাহ্মং তেজোঽভিধীয়তে ॥ ৮৪ ॥
বিষ্ণ্বাখ্যয়া তু বিখ্যাতং তদা লোকে বিধীয়তে।
স এব সূত্ররূপেণ যজ্ঞেশ কর্ম্মণাং প্রভুঃ ॥ ৮৫ ॥
তদেব ত্রিগুণী সূত্রং ততং নারায়ণাখ্যয়া।
ত্রিদেবাত্মা ত্রিবেদাত্মা ত্র্যক্ষরঃ প্রণবঃ স্মৃতঃ ॥ ৮৬ ॥
তত্র বৌধায়নাদ্যুক্তঃ পবিত্রারোপণে বিধিঃ।
সম্মতোবিদুষাং কৃষ্ণার্চ্চনে যোঽত্র স লিখ্যতে ॥ ৮৭ ॥

---

গীয়তে ॥ ৮৩ ॥

এবং বনমালাদিবচ্ছ্রীভগবতঃ প্রত্যঙ্গরূপেণ তদভেদতাং দর্শয়ন্ মাহাত্ম্যবিশেষমাহ বিষ্ণ্বাখ্যয়েতি দ্বয়েন। তত্র হেতুঃ স এবেতি ॥ ৮৫ ॥

ত্রয়াণাং গুণানাং সমাহারঃ ত্রিগুণী তন্ময়ং সূত্রং। ত্রিগুণত্বে কারণমাহ ত্রিদেবেতি ত্রয়োদেবা ব্রহ্মাদ্যাস্তদাত্মকঃ। এবং শ্রীবৈকুণ্ঠলোকে ভগবদ্ভূষণত্বেন নিত্যসিদ্ধমেব পবিত্রং শ্রীমহেশ্বরাপেক্ষয়া শ্রীবৈষ্ণবানাং ভক্তিবিশেষেণ ত্রিগুণীকৃত সূত্রনির্ম্মিত পবিত্রে শ্রীমূর্ত্তৌ স্বয়ং ভগবানিবাধিষ্ঠয়াত্রাপি শ্রীভগবন্মূর্ত্তের্ভূষণতাং প্রযাতীতি বোদ্ধব্যং। অতএবাবাহন-মন্ত্রে বিষ্ণুলোকাৎ পবিত্রাদ্য আগচ্ছেতি ॥ ৮৬ ॥

বিদুষাং সম্মত ইতি সম্প্রদায়ভেদেন বিধিঃ স্যাত্তত্র শাস্ত্রাভিজ্ঞসম্প্রদায়ানুমতোবিধিরত্র লিখ্যত ইত্যর্থঃ ॥ ৮৭ ॥

---

পবিত্র বলিয়া বিখ্যাত এবং পরব্রহ্মের তেজঃ বলিয়াও অভিহিত হয় ॥ ৮৪ ॥

কর্ম্ম-সকলের প্রভু যজ্ঞেশ্বর যখন সূত্ররূপ ধারণ করিয়াছেন তখন লোকমধ্যে এই পবিত্র বিষ্ণুর নাম কথিত হয় ॥ ৮৫ ॥

অতএব ত্রিগুণীকৃত সূত্র নারায়ণ নামে বিখ্যাত হওয়ায় এই পবিত্র ব্রহ্মাদি দেবত্রয়, সামাদি বেদত্রয় এবং ত্র্যক্ষর প্রণব বলিয়া কথিত ॥৮৬

এস্থলে পবিত্রারোপণ বিষয়ে বৌধায়নাদি উক্ত যে বিধি কৃষ্ণার্চ্চনে পণ্ডিতদিগের সম্মত হইয়াছে তাহাই এস্থানে লিখিত হইতেছে ॥৮৭ ॥

অথ পবিত্রারোপণবিধিঃ ॥

সৌবর্ণৈ রাজতৈস্তাম্রৈঃ ক্ষৌমৈঃ সূত্রৈস্ত পাদ্মিকৈঃ ।
কার্পাসৈর্বা পবিত্রাণীষ্যন্তে কাশৈঃ কুশৈরপি ॥ ৮৮ ॥
তত্র কার্পাসিকং সূত্রং ব্রাহ্মণীকর্ত্তিতং শুভং ।
আনীয় ত্রিগুণীকৃত্য পুনস্ত্রিগু'ণয়েৎ শুচিঃ ॥ ৮৯ ॥
পঞ্চগব্যেন তৎ প্রোক্ষ্য প্রক্ষাল্য শুচিনাম্বুনা ।
মূলেনাষ্টোত্তরশতং মন্ত্রেণাথাভিমন্ত্রয়েৎ ॥ ৯০ ॥

সৌবর্ণাদীনাং সূত্রাণাং মধ্যে পূর্ব্বপূর্ব্বাভাবে পরৈঃ পরৈরিতি জ্ঞেয়ং । তত্র ক্ষৌমৈঃ পট্টসূত্রৈঃ পাদ্মিকৈঃ পদ্মসূত্রৈঃ ॥ ৮৮ ॥

অত্র কার্পাসিকেষু কঞ্চিদ্বিশেষং দর্শয়ন্ আদৌ পবিত্রনির্ম্মাণবিধিং লিখতি তত্রেত্যাদিনা। ব্রাহ্মণ্যা ব্রাহ্মণকুমার্য্যা সুশীলয়া বা বিধবয়া নতু শূদ্রয়া দুঃশীলয়া বা কর্তিতং শুভং উত্তমং লিখিতন্যায়েন কর্ত্তিতঃ স্বতশ্চ অনতিস্থৌল্যাদিনা । শুচিঃ স্নানাদিনা পবিত্রঃ সন্ ॥ ৮৯ ॥

তৎ নবগুণীকৃতসূত্রং শুচিনা শুদ্ধেন জলেন প্রক্ষাল্য । অথানন্তরং মূলেন মন্ত্রেণ অষ্টোত্তরশতবারান্ অভিমন্ত্রয়েৎ ॥ ৯০ ॥

অথ পবিত্রারোপণবিধিঃ ॥

সুবর্ণ, রজত, তাম্র, পট্ট, পদ্ম, কার্পাস, কাশ এবং কুশনির্ম্মিত সূত্র পবিত্র রূপে পরিগৃহীত হয় অর্থাৎ পূর্ব্ব পূর্ব্ব সূত্রের অভাব হইলে পর পর সূত্র গ্রহণ করিবে ॥ ৮৮ ॥

শুচি ব্যক্তি এস্থলে ব্রাহ্মণকুমারী কর্ত্তৃক কর্ত্তিত পবিত্র কার্পাসসূত্র আনয়ন করিয়া তাহাকে ত্রিগুণিত করত পুনর্ব্বার ত্রিগুণ করিবেন ॥৮৯

তৎপরে পঞ্চগব্য দ্বারা প্রোক্ষণ পূর্ব্বক পবিত্র জলে প্রক্ষালন করিয়া অষ্টোত্তরশত মূলমন্ত্র দ্বারা অভিমন্ত্রিত করিবেন ॥ ৯০ ॥

ত্রীণি সাষ্টশতেনাস্য তস্যার্দ্ধেনাস্য চার্দ্ধতঃ।
জানূরুনাভিদঘ্নানি পবিত্রাণ্যাচরেৎ প্রভোঃ ॥ ৯১ ॥
ষট্‌ত্রিংশৎ গ্রন্থয়স্তেষামাদ্যে কার্য্যাস্তু মধ্যমে।
চতুর্ব্বিংশতিরন্তে চ দ্বাদশ গ্রন্থয়োবুধৈঃ ॥ ৯২ ॥
অঙ্গুষ্ঠপর্ব্বমাত্রস্তু কুর্য্যাদ্‌গ্রন্থিমথোত্তমে।

তেন চ সূত্রেণ জ্যেষ্ঠমধ্যমকনিষ্ঠানি ত্রীণি পবিত্রাণি ক্রমেণ শুচৌ দেশে বৈষ্ণবৈঃ সহ যজ্ঞোপবীতবৎ বগ্নীয়াদিতি লিখতি ত্রীণীতি। অস্য নবগুণীকৃতসূত্রস্য সাষ্টশতেন অষ্টোত্তরশতেন তাবদ্‌গুণীতেনেত্যর্থঃ। এবমগ্রেঽপি। তস্য সাষ্টশতস্যার্দ্ধেন চতুঃপঞ্চাশতা অস্য তদর্দ্ধস্য চার্দ্ধতঃ সপ্তবিংশতেত্যর্থঃ। এবং স্থৌল্যপরিমাণং লিখিত্বা দৈর্ঘ্যপরিমাণং লিখতি প্রভোঃ শ্রীভগবন্মূর্ত্তেঃ ক্রমেণ জান্বাদিমাত্রাণীতি। তত্রাষ্টোত্তরশতনবসূত্রীভির্জানুপর্য্যন্তং জ্যেষ্ঠং। চতুঃপঞ্চাশতা চোরুপর্য্যন্তং মধ্যমং। সপ্তবিংশত্যা চ নাভিপর্য্যন্তং কনিষ্ঠমিতি জ্ঞেয়ং ॥ ৯১ ॥

পবিত্রাণাং মধ্যে মধ্যে চ সমভাগেন গ্রন্থীন্ বগ্নীয়াদিতি লিখতি ষট্‌ত্রিংশদিতি। তেষাং ত্রয়াণাং মধ্যে আদ্যে জ্যেষ্ঠে। মধ্যমে চতুর্ব্বিংশতিগ্রন্থয়ঃ কার্য্যাঃ। অন্তে কনিষ্ঠে ॥ ৯২ ॥

গ্রন্থিপরিমাণং লিখতি অঙ্গুষ্ঠেতি। তত্রাঙ্গুষ্ঠপর্ব্ব চ শ্রীভগবন্মূর্ত্তের্গ্রাহ্যং। অন্যথা হ্রস্বশ্রীমূর্ত্তেঃ পবিত্রস্যাপি হ্রস্বত্বে যজমানাঙ্গুষ্ঠপর্ব্বপরিমিততাবদ্‌গ্রন্থিসংনিবেশাভাবাৎ। তদর্দ্ধং

অনন্তর ঐ ত্রিগুণীকৃত সূত্র শ্রেষ্ঠ, মধ্য, কনিষ্ঠ ভেদে একশত অষ্ট অথবা চতুঃপঞ্চাশৎ কিম্বা সপ্তবিংশতি সূত্রে যজ্ঞোপবীতের ন্যায় পবিত্র নির্ম্মাণ করিয়া শ্রীভগবন্মূর্ত্তির জানু, উরু এবং নাভি পর্য্যন্ত পরিমিত করিয়া তাহাকে অর্পণ করিবেন ॥ ৯১ ॥

পণ্ডিত ব্যক্তি উত্তম পবিত্র ষট্‌ত্রিংশৎ গ্রন্থি মধ্যে পবিত্রে চতুর্ব্বিংশতি গ্রন্থি এবং কনিষ্ঠ পবিত্রে দ্বাদশ গ্রন্থি করিবেন অর্থাৎ পবিত্রের মধ্যে মধ্যে সমভাবে গ্রন্থি বন্ধন করিবেন ॥ ৯২ ॥

উত্তম পবিত্রে অঙ্গুষ্ঠ পর্ব্ব পরিমাণ অন্তরে গ্রন্থি বন্ধন করিবে, মধ্যম পবিত্রে অঙ্গুষ্ঠ পরিমাণের অর্দ্ধ পরিমাণে এবং কনিষ্ঠ পবিত্রে

তদর্দ্ধং মধ্যমে কুর্য্যাত্তদর্দ্ধঞ্চ কনীয়সি ॥ ৯৩ ॥
গ্রন্থীন্ কুর্ব্বীত সর্ব্বত্র সুবৃত্তান্ সুমনোহরান্।
ন বৈ বিষমসংখ্যাকান্ গ্রন্থীন্ কুর্ব্বীত কুত্রচিৎ ॥ ৯৪ ॥
অষ্টোত্তরসহস্রেণ তৎসূত্রস্য পবিত্রকং।
অষ্টোত্তরশতগ্রন্থি বনমালাখ্যমাচরেৎ ॥ ৯৫ ॥
আরভ্য মুকুটং যাতু সূত্রৈর্ব্বিরচিতা শুভা।
আপাদলম্বিনী মালা বনমালা প্রকীর্ত্তিতা ॥ ৯৬ ॥
কুর্য্যাদ্গন্ধপবিত্রঞ্চ সূত্রৈর্দ্বাদশভিঃ শুভৈঃ।
অরত্নিপ্রমিতং তচ্চ দ্বাদশগ্রন্থিকং কৃতী ॥ ৯৭ ॥

অঙ্গুষ্ঠপর্ব্বার্দ্ধমিতঞ্চ মধ্যমে তদর্দ্ধং চ অঙ্গুষ্ঠপর্ব্বপাদমিতং কনিষ্ঠে গ্রন্থিং কুর্য্যাদিত্যর্থঃ॥ ৯৩ ॥
সর্ব্বত্র সর্ব্বেষ্বেব পবিত্রেষু। বৈ প্রসিদ্ধৌ স্বর্থে বা। বিষমসংখ্যাকান্ অযুগ্মান্ কুত্রচিৎ পরিবারাদিপবিত্রেষ্বপি ন কুর্য্যাৎ ॥ ৯৪ ॥
তস্য নবগুণীকৃতস্য সূত্রস্য। অষ্টোত্তরশতং গ্রন্থয়ো যস্মিন্ তৎ ॥ ৯৫ ॥
বনমালাপবিত্রপরিমাণং লিখতি আরভ্যেতি মুকুটাভাবে সতি শ্রীমস্তকং গ্রাহ্যং ॥ ৯৬ ॥
তৈঃ নবগুণীকৃতৈঃ। সূত্রৈঃ অধিবাসনার্থং সমর্প্যং পবিত্রং যত্তদ্গান্ধপবিত্রং ॥ ৯৭ ॥

অঙ্গুষ্ঠের অর্দ্ধের অর্দ্ধ পরিমাণে গ্রন্থিবন্ধন করিবেন ॥ ৯৩ ॥

পবিত্রের সকল স্থানে মনোহর গোলাকার গ্রন্থি বন্ধন করিবেন, কোন স্থানে অযুগ্ম গ্রন্থিবন্ধন করিবেন না ॥ ৯৪ ॥

এক সহস্র অষ্ট সূত্রে পবিত্র নির্ম্মাণ করিয়া তাহাতে একশত অষ্ট গ্রন্থি বন্ধন করিবেন তাহা হইলে পবিত্র বনমালা নামে বিহিত হয়॥৯৫

সূত্রনির্ম্মিত মালা মস্তকের মুকুট অবধি করিয়া চরণ পর্য্যন্ত লম্বিত হইলে তাহাকে বনমালা বলা যায় ॥ ৯৬ ॥

কৃতী ব্যক্তি বিশুদ্ধ দ্বাদশ সূত্র দ্বারা ( কনিষ্ঠাঙ্গুলিরহিত মুষ্টি ) অরত্নি পরিমিত দ্বাদশ গ্রন্থি বিশিষ্ট পবিত্র নির্ম্মাণ করিবেন ॥ ৯৭ ॥

পবিত্রাণি পরীবারদেবতানাং সমাচরেৎ।
সূত্রৈস্তৈরুড়ুসংখ্যাকৈঃ কলাসংখ্যার্কসংখ্যকৈঃ ॥ ৯৮ ॥
তেষু গ্রন্থীন্ যথাশোভং বদ্ধা বহ্নে গুরোরপি।
সপ্তবিংশতিভিঃ সূত্রৈঃ ষড়্বিংশতিভিরাত্মনঃ ॥ ৯৯ ॥
যথাসম্ভবমন্যেষাং পবিত্রাণি চ কারয়েৎ।
সম্পাদয়েচ্চ সর্ব্বাণি শোভনান্যেব যত্নতঃ ॥ ১০০ ॥
তথা চোক্তং ॥
বিশোভসূত্রদানেন কর্ত্তুঃ স্যাদশুভং ফলং।

উড়ূনি নক্ষত্রাণি তৎসংখ্যাদিগুণিতৈঃ। তৈর্নবগুণীকৃতৈঃ সূত্রৈঃ ক্রমেণ জ্যেষ্ঠমধ্যমকনিষ্ঠানি ত্রীণি পবিত্রাণি সম্যগাচরেৎ। তত্র উড়ূনি সপ্তবিংশতিঃ। কলাঃ ষোড়শ। অর্কা আদিত্যা দ্বাদশ ॥ ৯৮ ॥

গুরোরগ্নেশ্চ দ্বে পবিত্রে সপ্তবিংশতিভির্নবগুণীকৃতসূত্রৈঃ আত্মনঃ যজমানস্য পবিত্রং ষড়্বিংশতিভিঃ কুর্য্যাৎ ॥ ৯৯ ॥

অন্যেষাং বৈষ্ণবাদীনাং তত্র তত্রাশক্তাবপি লিখিতানি সর্ব্বাণ্যেব পবিত্রাণি সুন্দরাণ্যেব কুর্য্যাদিতি লিখতি সম্পাদয়েদিতি ॥ ১০০ ॥

বিশোভস্য শোভারহিতস্য সূত্রস্য পবিত্রস্য দানেন কর্ত্তুর্যজমানস্য। শোভনং

পরিবার দেবতাগণের সপ্তবিংশতি সূত্র বা ষোড়শ সূত্র অথবা দ্বাদশ সংখ্যক সূত্র দ্বারা পবিত্র সকল নির্ম্মাণ করিবেন ॥ ৯৮ ॥

গুরু এবং অগ্নির নবগুণিত সপ্তবিংশতি সূত্রে এবং আপনার নিমিত্ত নবগুণিত ষড়্বিংশতি সূত্রে পবিত্র নির্ম্মাণ করিয়া তাহাতে যে রূপ শোভা হয় তদ্রূপ করিয়া গ্রন্থি বন্ধন করিবেন ॥ ৯৯ ॥

অন্যান্য বৈষ্ণবদিগের যথাসম্ভব পবিত্র নির্ম্মাণ করিয়া এবং যত্নসহকারে অন্যান্য শোভনকার্য্য সমুদায় সম্পন্ন করিবেন ॥ ১০০ ॥

যে পবিত্র দেখিতে সুন্দর না হয় তাহা দান করিলে কর্ত্তার অশুভ ফল হয়, অতএব পরম ভক্তি সহকারে মনোহর পবিত্র নির্ম্মাণ

পবিত্রং পরয়া ভক্ত্যা তস্মাৎ কুর্ব্বীত শোভনম্িতি ॥ ১০১ ॥
রঞ্জয়িত্বাথ কাশ্মীরাগুরুগোরোচনাদিভিঃ।
বস্ত্রেণাচ্ছাদ্য পটলে স্থাপয়েত্তানি বৈণবে ॥ ১০২ ॥
ইতি পবিত্রনির্ম্মাণং ॥
কৃত্বা কৃত্যং দশম্যাঞ্চ পবিত্রারোপণায় হি।

সুন্দরং ॥ ১০১ ॥

অথ নির্ম্মাণানন্তরং তানি সর্ব্বাণি পবিত্রাণি কাশ্মীরাদিনা রঞ্জয়িত্বা যথাশোভং সর্ব্বত্র গ্রন্থিষু বা রঙ্গং কারয়িত্বা বৈণবপটলসংপুটান্তঃ শুভ্রবস্ত্রেণাচ্ছাদ্য স্থাপয়েৎ। আদিশব্দেন কর্পূরাদি তত্রাশক্তৌ কেবলকুঙ্কুমেনাপি তত্রাপ্যশক্তৌ হরিদ্রাদিনাপীতি জ্ঞেয়ং ॥ ১০২ ॥

ইদানীং পবিত্রারোপণোৎসবে দশম্যাদিদিনত্রয়কৃত্যানি লিখন্নাদৌ দশমীকৃত্যং লিখতি কৃত্বেতি। দশম্যাং কৃত্যঞ্চ যথা প্রাগ্লিখিতং পূর্ব্বং দশমীনিয়মে যল্লিখিতং তদনুসারেণ জ্ঞেয়ং। তচ্চ দশমীনিয়মেন কৃতৈকভক্তে বিহিতকাষ্ঠেন দন্তান্ শোধয়িত্বা দ্বিরাচম্য সন্ধ্যাকৃত্যং নির্ব্বর্ত্ত্য ভগবন্তং পূজয়েদিতি। ততশ্চ পুষ্পাঞ্জলিং দত্ত্বা ভগবন্তং বিজ্ঞাপ্য। তব যাগং করিষ্যেঽহং পবিত্রময়মচ্যুত। আমন্ত্রিতোঽসি ভগবন্ পরিবারযুতো ময়েত্যাদিসংপ্রার্থ্য তস্যা দশম্যা রাত্রিঞ্চ যথা প্রাগ্লিখিতমেব ব্রহ্মচর্য্যভূশয়নাদিনিয়মেন নয়েৎ অতিবাহয়েৎ তত্রচ কেষাঞ্চিন্মতে দশমীরাত্রিমিত্থং নীত্বা একাদশ্যাং প্রাতঃ কৃতনিত্যকৃত্যো ভগবন্তমভ্যর্চ্চ্য পবিত্রারোপণসঙ্কল্পং যথাবৎ কৃত্বা পবিত্রারোপণোপকরণানি যথাশক্তি সম্ভৃত্য গুরুং প্রণম্য সন্নিধৌ চ সতন্তস্যানুজ্ঞয়া পবিত্রাণি কুর্য্যাদিতি। তচ্চ তস্মিন্নেবৈকাদশীদিনে পবিত্রনির্ম্মাণাদ্যখিলকর্ম্মসু শক্তস্য তথৈব বোদ্ধব্যমিতি দিক্ ॥ ১০৩ ॥

করিবেন ॥ ১০১ ॥

ঐ পবিত্র কুঙ্কুম, অগুরু ও গোরোচনাদি দ্বারা রঞ্জিত করিয়া শুভ্র বস্ত্র দ্বারা আচ্ছাদন করত বৈণবপটল সম্পুটের অর্থাৎ বংশ নির্ম্মিত পাত্র বিশেষের ( খোঙ্গার ) মধ্যে স্থাপন করিবেন ॥ ১০২ ॥

ইতি পবিত্র নির্ম্মাণ ॥

পূর্ব্ব লিখিতানুসারে দশমীর নিয়ম সকল নির্ব্বাহ করিয়া পবিত্রারোপণের নিমিত্ত পূর্ব্বলিখিত দশমীর নিয়ম সকল নির্ব্বাহ পূর্ব্বক

কৃষ্ণং বিজ্ঞাপ্য তদ্রাত্রিং যথা প্রাগ্লিখিতং নয়েৎ ॥ ১০৩ ॥
একাদশ্যাং প্রভাতে চ নিত্যকৃত্যং সমাপ্য হি ॥
দেবালয়মুপস্কৃত্য মণ্ডলং রচয়েৎ শুভং ॥ ১০৪ ॥
কৃত্বা কৃষ্ণস্য নিত্যার্চ্চাং পবিত্রারোপণার্থকাং।
পূজাং বিশেষতঃ কৃত্বা কৃষ্ণং বিজ্ঞাপয়েদিদং ॥ ১০৫ ॥
ক্রিয়ালোপবিঘাতার্থং যত্ত্বয়া বিহিতং প্রভো।

একাদশীদিনকৃত্যং লিখতি একাদশ্যামিত্যাদিনা নিশীত্যন্তেন। নিত্যকৃত্যং প্রাতঃস্নানাদি। উপস্কৃত্য লেপনাদিনা বিতানবন্ধনাদিনা চালঙ্কৃত্য শুভং মণ্ডলং সর্ব্বতো ভদ্রাদি। অত্র কেষাঞ্চিন্মতেঽধিকমিদং। আদৌ দ্বারাধিষ্ঠাতৃদেবতার্চ্চনপূর্ব্বকং যাগমণ্ডপং প্রবিশ্য ষট্‌ত্রিংশদ্দর্ভদলৈর্বেণীমরত্নিসংমিতাং নির্ম্মায় মূলমন্ত্রেণ তাং পঞ্চগব্যবিশুদ্ধাং বিধায় ভূতশুদ্ধিং কৃত্বা পঞ্চগব্যাক্তয়া তয়া বেণ্যা সর্ব্বতো যাগমণ্ডপাভ্যন্তরং প্রোক্ষয়েৎ। ততো গুর্ব্বাদিনমস্কারপূর্ব্বকং স্বাগমোক্তপ্রকারেণ ন্যাসজালং কৃত্বা নৃসিংহবীজেন সর্ষপানভিমন্ত্র্য দিক্ষু নিক্ষিপেৎ। তাংশ্চ প্রকারাকারেণাবস্থিতান্ বিচিন্তয়েৎ। ততশ্চ সুশীলং বেদবেদাঙ্গপারগং বৈষ্ণবমেকং হোমার্থং বিধিবৎ বৃণুয়াৎ। স চাগমোক্তপ্রকারেণ স্বগৃহোক্তবিধিনাষ্টোত্তরশতমষ্টাবিংশতিবারানাজ্যাহুতীর্হুত্বা সংস্রবপাত্রে আহুতশেষাজ্যং পবিত্রসংস্কারার্থং নিঃক্ষিপেৎ। যজমানস্তু যথাবিধি ন্যাসান্ কৃত্বা নৈমিত্তিকীং মহাপূজাং কৃত্বা পশ্চাৎ পবিত্রারোপণোৎসবহেতুকাং মহাপূজাং বিধিবদারভেতেতি ॥ ১০৪ ॥

নিত্যার্চ্চাং নিত্যকরণীয়পূজাং কৃত্বা পশ্চাৎ পবিত্রারোপণোৎসবহেতুকাং পুনর্ব্বিশেষতঃ আধিক্যেন পূজাং কৃত্বা। ইদং ক্রিয়ালোপেত্যাদি ॥ ১০৫ ॥

ক্রিয়াণাং সম্বৎসরকৃতপুণ্যানাং লোপস্য যো বিঘাতঃ পরিহারস্তদর্থং। পবিত্রকং পবিত্রা-

শ্রীকৃষ্ণকে নিবেদন করিয়া ঐ রাত্রি যাপন করিবেন ॥ ১০৩ ॥

একাদশীর প্রভাতে নিত্যকৃত্য সমাপন পুরঃসর দেবালয় লেপন করিয়া তাহাতে মনোহর সর্ব্বতোভদ্র মণ্ডল লিখিবেন ॥ ১০৪ ॥

শ্রীকৃষ্ণের নিত্যপূজা সমাপন পূর্ব্বক পবিত্রারোপণ জন্য বিশেষ পূজা করিয়া শ্রীকৃষ্ণকে এই নিবেদন করিবেন ॥ ১০৫ ॥

হে প্রভো! ক্রিয়ালোপ-বিঘাতের নিমিত্ত আপনি যাহা বিধান

মর্য়েতৎ ক্রিয়তে দেব তব তুষ্ট্যৈ পবিত্রকং।
ন মে বিঘ্নো ভবেৎ ত্বত্র কুরু নাথ দয়াং ময়ি।
সর্ব্বথা সর্ব্বদা বিষ্ণো মম ত্বং পরমা গতিরিত্যাদি ॥ ১০৬ ॥
দেবস্য সর্ব্বতো ন্যস্যেদ্দন্তকাষ্ঠং জলং কুশান্।
মৃত্তিকাঞ্চ হরিদ্রাঞ্চ কুঙ্কুমং রোচনানি চ।
উপানহৌ সিতচ্ছত্রং চামরং ব্যজনন্তথা।
যবব্রীহ্যাদিধান্যানি যথাস্থানং পৃথক্ পৃথক্ ॥ ১০৭ ॥
কুম্ভং শুদ্ধাম্বুনাপূর্য্য সর্ব্বতোভদ্রমণ্ডলে।
দেবাগ্রতো নিধায়াস্মিন্ পবিত্রাণ্যধিবাসয়েৎ ॥ ১০৮ ॥

রোপণং। আদিশব্দাৎ।উপবাসব্রতেন ত্বাং তোষয়ামিঃজগৎপতে। কামক্রোধাদয়ো হেতে ন মে স্যুব্রতঘাতকাঃ। অদ্যপ্রভৃতি দেবেশ যাবদ্বৈশেষিকং দিনং। তাবদ্রক্ষা ত্বয়া কার্য্যা সর্ব্বস্যাস্য নমোঽস্তু তে ইতি গ্রাহ্যং। তচ্চ সর্ব্বসাধারণত্বান্ন স্পষ্টং লিখিতং ॥ ১০৬ ॥

ইদানীং অধিবাসসম্ভারাসাদনং লিখতি দেবস্যেতি দ্বাভ্যাং। সর্ব্বতঃ পরিতঃ দন্তকাষ্ঠাদীনি যথাস্থানং তত্তদ্যোগ্যস্থলে পৃথক্ পৃথক্ ন্যস্যেন্নিদধ্যাদিতি দ্বয়োরন্বয়ঃ ॥ ১০৭ ॥

অধুনাধিবাসপ্রকারং লিখতি কুম্ভমিত্যাদিনা অবগুণ্ঠয়েদিত্যন্তেন। অস্মিন্ কুম্ভে তদুপরি পবিত্রাণি বৈণবপটলান্তর্নিহিতান্যেব নিধায় ন্যস্যাধিবাসয়েৎ ॥ ১০৮ ॥

করিয়াছেন, হে দেব! আপনার তুষ্টির নিমিত্ত আমি সেই পবিত্রার্পণ করিতেছি ॥

হে নাথ! যাহাতে এ বিষয়ে আমার বিঘ্ন না হয় আপনি সেইরূপ আমার প্রতি দয়া করুন। হে বিষ্ণো! সর্ব্বপ্রকারে সকল সময়ে আপনি আমার পরম গতি ॥ ১০৬ ॥

দেবের চতুর্দ্দিকে দন্তকাষ্ঠ, জল, কুশ, মৃত্তিকা, হরিদ্রা, কুঙ্কুম, গোরোচনা, পাদুকাদ্বয়, শ্বেতচ্ছত্র, চামর, ব্যজন, যব, ব্রীহি ও ধান্য প্রভৃতি পৃথক্ পৃথক্ স্থাপন করিবেন ॥ ১০৭ ॥

দেবাগ্রে সর্ব্বতোভদ্র মণ্ডল শুদ্ধোদক পরিপূরিত কুম্ভ স্থাপন

অথ পবিত্রাধিবাসনং ॥

ভগবৎপুরতস্তানি পটলস্থানি পূজয়ন্।
আদায়াবাহয়েন্মূলযুজা তন্মনুনা বুধঃ ॥ ১০৯ ॥

তন্মন্ত্রশ্চায়ং ॥

ওঁ সাম্বৎসরস্য যাগস্য পবিত্রীকরণায় ভোঃ।
বিষ্ণুলোকাৎ পবিত্রাদ্য আগচ্ছেহ নমোঽস্তু তে ॥ ১১০ ॥

তেষ্বাবাহ্য যথাস্থানং ব্রহ্মাদ্যা দেবতাস্ততঃ।
তত্তন্মন্ত্রৈঃ সংনিধাপ্যাক্ষতগন্ধাদিনার্চ্চয়েৎ ॥ ১১১ ॥

তত্র তত্র দেবতাশ্চোক্তাঃ ॥

---

তানি পবিত্রাণি মূলযুজা মূলমন্ত্রযুক্তেন। তস্য পবিত্রাবাহনস্য মনুনা মন্ত্রেণ ॥ ১০৯ ॥

অদ্য আরোপণকালে হে আদ্যেতি বা ॥ ১১০ ॥

তেষু পবিত্রেষু দেবতাঃ পবিত্রাধিষ্ঠাত্রীঃ যথাস্থানং স্বস্বস্থানে আবাহনমুদ্রয়া তত্তন্মন্ত্রৈরাবাহ্য সন্নিধাপ্য সন্নিধীকরণমুদ্রয়া সন্নিধীকৃত্য চক্রমুদ্রয়া সংরক্ষ্য ধেনুমুদ্রয়া অমৃতীকৃত্য অক্ষতাদিনা পূজয়েৎ। আদিশব্দেন পুষ্প-ধূপ-দীপ-নৈবেদ্য-তাম্বূলাদি ॥ ১১১ ॥

---

করিয়া তাহাতে পবিত্র সকলের অধিবাস করিবেন ॥ ১০৮ ॥

অথ পবিত্রের অধিবাসন ॥

পণ্ডিত ব্যক্তি ভগবানের অগ্রবর্ত্তি পটলস্থ পবিত্র সকলকে অগ্রে মূলমন্ত্র যুক্ত আবাহনমন্ত্র দ্বারা আহ্বান করিবেন ॥ ১০৯ ॥

মন্ত্র যথা ॥

হে পবিত্র! সম্বৎসর সম্বন্ধীয় যাগের পবিত্রীকরণ নিমিত্ত অদ্য বিষ্ণুলোক হইতে আগমন কর তোমাকে নমস্কার ॥ ১১০ ॥

সেই সকল পবিত্রে ব্রহ্মাদি দেবগণকে আহ্বান করিয়া সন্নিধীকরণ মুদ্রা দ্বারা তাঁহাদিগের সন্নিধাপন করিয়া অক্ষত গন্ধ প্রভৃতি দ্বারা অর্চ্চনা করিবেন ॥ ১১১ ॥

ঐ ঐ বিষয়ে দেবতা সকল কথিত হইয়াছেন যথা ॥

ব্রহ্মাবিষ্ণুমহাদেবাস্ত্রীসূত্রী দেবতাঃ স্মৃতাঃ।
প্রণবোবায়ুর্বহ্নী চ ব্রহ্মা নাগঃ শশী রবিঃ।
শিবশ্চ বিশ্বেদেবাশ্চ নবসূত্র্যধিদেবতাঃ।
ক্রিয়া চ পৌরুষী বীরা চতুর্থী চাপরাজিতা।
জয়া চ বিজয়াচৈব মুক্তিদা চ সদাশিবা।
মনোময়ী তু নবমী-দশমী সর্ব্বতোমুখী।
গ্রন্থীনাং দেবতাস্ত্বেতাস্তত্র তত্র নিবেদয়েদিতি।
তন্মন্ত্রাশ্চৈতে॥
ওঁ সর্ব্বাভরণচিত্রাঙ্গ সর্ব্বদেব নমস্কৃত।
লাবণ্যরূপবিশ্বাত্মন্ জ্যেষ্ঠসূত্রং সমাশ্রয়।
ওঁ সর্ব্বলক্ষ্মীকরশ্রীশ সর্ব্বজ্ঞানরসাত্মক।

* কনীয়ঃ কনিষ্ঠসূত্রমাশ্রয়। আদিশব্দাৎ বনমালায়াং তদধিষ্ঠাত্র্যাঃ প্রকৃতেরাবাহনমন্ত্রাদি। প্রকৃতে ত্বং জগন্মূর্ত্তে সর্ব্বলাবণ্যদায়িনি। শ্রীসূত্রে নিত্যকল্যাণি সান্নিধ্যং কুরু তে নম

ব্রহ্মা, বিষ্ণু, মহাদেব ইহাঁরা সকল ত্রিগুণীকৃত সূত্রের দেবতা বলিয়া কথিত, আর প্রণব (ওঁ) বায়ু, অগ্নি, ব্রহ্মা, নাগ, শশী, সূর্য্য, শিব এবং বিশ্বদেব এই নয়টী সূত্রের দেবতা।

তথা ক্রিয়া, পৌরুষী, বীরা, চতুর্থী অপরাজিতা, জয়া, বিজয়া, মুক্তিদা, সদাশিবা এবং মনোময়ী নবমী ও সর্ব্বতোমুখী দশমী, ইহাঁরা সকল গ্রন্থির দেবতা, ইহাঁদিগকে তত্তৎ গ্রন্থিতে নিবেদন করিবে॥

ইহাঁদিগের এই সকল মন্ত্র॥

হে বিশ্বাত্মন্! সর্ব্বপ্রকার অলঙ্কার দ্বারা আপনার অঙ্গ চিত্র-বিচিত্র, আপনাকে সকল দেবতা নমস্কার করে, আপনি লাবণ্য স্বরূপ, এই শ্রেষ্ঠ সূত্রকে আশ্রয় করুন॥

হে বিশ্বাত্মন্! আপনি সর্ব্বপ্রকার লক্ষ্মী প্রদান করেন, আপনি

নিবৃত্তরূপবিশ্বাত্মন্ মধ্যসূত্রং সমাশ্রয় ॥
ওঁ অতিবেগমরুদ্যোনে পুরুষাত্মন্ দিবস্পতে।
কনীয়ো হে প্রভো দেব তেজসা সূত্রমাশ্রয়েত্যাদি ॥ ১১২ ॥
যত্র মন্ত্রো ন বর্ত্তেত তত্তন্নাম্নৈব তত্র চ।
নমোহন্তঃ স চতুর্থীক উহ্যঃ প্রাগ্লিখনান্মনুঃ ॥ ১১৩ ॥
অথ কৃষ্ণকরাম্ভোজে পট্টসূত্রেণ নির্ম্মিতং।
বিতস্তিমাত্রং বধ্নীয়াৎ ডোরকং মঙ্গলাত্মকং।
তত্র মন্ত্রঃ ॥
ওঁ সম্বৎসরকৃতার্চ্চায়াঃ সম্পূর্ণফলদোহপি যৎ।

ইতি। এতচ্চ কেষাঞ্চিন্মতমিতি ব্যক্তং ন লিখিতং ॥ ১১২ ॥
নন্বত্র কতমে মন্ত্রাস্তত্র লিখতি যত্রেতি। নমোহন্তং নমঃ শব্দান্তকং স চতুর্থীকং চতুর্থী বিভক্ত্যেক বচনসিদ্ধং তত্তন্নামৈব মনুর্মন্ত্র উহ্যঃ। তচ্চ পূর্ব্বমেব লিখিতমস্তীতি লিখতি প্রাগিতি। প্রয়োগশ্চায়ং। ওঁ প্রণবায় নম ইত্যাদি ॥ ১১৩ ॥

সর্ব্বপ্রকার জ্ঞান রস স্বরূপ এবং নিবৃত্ত রূপ, এই মধ্য সূত্রকে আশ্রয় করুন ॥

হে প্রভো! আপনি অতিবেগ মরুতের যোনি, পুরুষ রূপী ও দিবসের পতি, হে দেব! তেজের সহিত এই কনিষ্ঠ সূত্র আশ্রয় করুন ॥ ১১২ ॥

যে স্থানে মন্ত্র নাই সেই স্থানে তত্তন্নাম চতুর্থী বিভক্ত্যন্ত এবং নমঃ শব্দ অন্তে দিয়া প্রয়োগ করিলে মন্ত্র হয় ॥ ১১৩ ॥

অনন্তর মঙ্গল স্বরূপ পট্টসূত্র নির্ম্মিত ডোর শ্রীকৃষ্ণের হস্ত পদ্মে বন্ধন করিবে ॥

তদ্বিষয়ে মন্ত্র যথা ॥

সম্বৎসর কৃত পূজার ফলপ্রদ এই ডোর, পবিত্রীকরণ নিমিত্ত ইহাকে

পবিত্রীকরণায়ৈতৎ কৌতুকং ধর তে নম ইতি।
ততো গন্ধপবিত্রঞ্চ গৃহীত্বা ধূপিতং বুধঃ।
ভগবন্তং নমস্কৃত্য ভক্ত্যা সংপ্রার্থয়েদিদং॥ ১১৪॥
আমন্ত্রিতোঽসি দেবেশ সার্দ্ধং দেবগণেশ্বরৈঃ।
মন্ত্রেশৈর্লোকপালৈশ্চ সহিতঃ পরিচারকৈঃ।
আগচ্ছ ভগবন্নীশ বিধিসম্পূর্ণকারক।
প্রাতস্ত্বাং পূজয়িষ্যামি সান্নিধ্যং কুরু কেশবেতি॥ ১১৪॥
ততশ্চ॥
বিষ্ণুতেজোদ্ভবং রম্যং সর্ব্বপাতকনাশনং।
সর্ব্বকামপ্রদং দেব তবাঙ্গং ধারয়াম্যহং।
অনেন মন্ত্রনা বিদ্বান্ মূলসম্পুটিতেন হি।
দদ্যাদ্গন্ধপবিত্রন্তৎ শ্রীকৃষ্ণচরণাব্জয়োঃ॥ ১১৫॥

ধূপিতং অগুর্ব্বাদিধূপযুক্তং;সদ্গন্ধপবিত্রং হস্তাভ্যাং গৃহীত্বা॥ ১১৪॥
তদ্ধূপয়িত্বা গৃহীতং গন্ধপবিত্রং॥ ১১৫॥

সকৌতুকে ধারণ করুন, আপনাকে নমস্কার॥

তদনন্তর পণ্ডিত ব্যক্তি গন্ধযুক্ত ও ধূপিত পবিত্র দুই হস্তে ধারণ করিয়া, ভক্তিপূর্ব্বক দেবকে নমস্কার করত এই প্রার্থনা করিবে॥১১৪॥

হে দেবেশ! আপনি দেবগণেশ্বর, মন্ত্রেশ্বর, লোকপাল ও পরিচারক লোকদিগের সহিত আমন্ত্রিত হইয়াছেন, হে ভগবন্! হে ঈশ! কালে আপনাকে পূজা করিব, হে কেশব! আপনি সান্নিধ্য করুন॥

তৎপরে॥

হে দেব! বিষ্ণুতেজ সমুৎপন্ন, সর্ব্বপাতক নাশন ও সর্ব্বকামপ্রদ আপনার শোভন অঙ্গ ধারণ করিতেছি॥

বিদ্বান্ ব্যক্তি এই মন্ত্র দ্বারা মূলমন্ত্র সম্পুটিত ও গন্ধান্বিত পবিত্র, শ্রীকৃষ্ণের পাদপদ্মে অর্পণ করিবে॥ ১১৫॥

নীরাজ্য দেবং স্তুত্বা চ দত্ত্বা পুষ্পাঞ্জলিং ততঃ।
তৎপবিত্রাণি তৎকুম্ভমপ্যস্ত্রমনুনাথ বা ॥
নৃসিংহমনুনা রক্ষেৎ কবচেনাবগুণ্ঠয়েৎ।
গীতনৃত্যাদিনা কুর্য্যাদ্বিধিবজ্জাগরং নিশি ॥ ১১৬ ॥
অথ পবিত্রার্পণং ॥
প্রাতঃকৃত্যানি নির্ব্বর্ত্ত্য নিত্যপূজাং বিধায় চ।
বিশেষতোহর্চ্চয়েদ্দেবং পবিত্রাণি চ পূজয়েৎ ॥ ১১৭ ॥
মহাবাদিত্রঘোষেণ নামসঙ্কীর্ত্তনোৎসবৈঃ।
মূলসম্পুটিতেনৈব পবিত্রাণ্যর্পয়েৎ ক্রমাৎ ॥ ১৮ ॥

অস্ত্রমন্ত্রেণ নৃসিংহমন্ত্রেণ বা রক্ষেৎ। আদিশব্দেন পুরাণপাঠাদি। বিধিবদিতি বিধিশ্চ বাচকে সত্যাদৌ পুরাণপাঠস্ততোগীতাদি। তথা প্রতিযামঞ্চ নীরাজনাদি এতচ্চাদৌ জাগরণপ্রকরণে লিখিতমস্ত্যেব ॥ ১১৬ ॥

দ্বাদশীদিনকৃত্যং লিখতি প্রাতরিত্যাদিনা বৈষ্ণব ইত্যন্তেন। বিশেষত ইতি পবিত্রার্পণার্থং নিত্যপূজাহধিকতয়েত্যর্থঃ ॥ ১১৭ ॥

ক্রমাদিতি জ্যেষ্ঠাদিক্রমেণ যতীনাঞ্চ কনিষ্ঠাদিক্রমেণ ইতি জ্ঞেয়ং ॥ ১১৮ ॥

অনন্তর দেবকে নীরাজন, স্তব এবং পুষ্পাঞ্জলি প্রদান করিয়া তৎপর ঐ পবিত্র সকল ঐ কুম্ভে অস্ত্রমন্ত্র ( ফট্ ) অথবা নৃসিংহমন্ত্র ( উগ্রং বীরং মহাবিষ্ণুং জ্বলন্তং সর্ব্বতোমুখং। নৃসিংহং ভীষণং ভদ্রং মৃত্যু মৃত্যুং নমাম্যহং ॥ ) দ্বারা রক্ষা করিয়া কবচ মন্ত্র ( হুঁ ) দ্বারা অবগুণ্ঠন করিবে। তাহার পর গীতনৃত্যাদি দ্বারা যথাবিধি রাত্রি জাগরণ করিবে ॥ ১১৬ ॥

অথ পবিত্রার্পণ ॥

প্রাতঃকৃত্য সমাধানানন্তর নিত্যপূজা করিয়া বিশেষরূপে হরি পূজা করত সুমহৎ বাদ্য ও নামসঙ্কীর্ত্তন মহোৎসব সহ পবিত্র সকলের পূজা করিবে ॥ ১১৭ ॥

মুল মন্ত্র দ্বারা সম্পুটিত করিয়া ক্রমশঃ পবিত্র সকল অর্পণ

বক্ষ্যমাণেন মন্ত্রেণ ভক্ত্যা কৃষ্ণায় বৈষ্ণবঃ।
পূজাং কৃত্বা পরীবারদেবানাং তান্যথার্পয়েৎ ॥ ১১৯ ॥
অর্পণ মন্ত্রঃ ॥
কৃষ্ণ কৃষ্ণ নমস্তুভ্যং গৃহাণেদং পবিত্রকং।
পবিত্রীকরণার্থায় বর্ষপূজাফলপ্রদ ॥
পবিত্রকং কুরুষ্বাদ্য যন্ময়া দুষ্কৃতং কৃতং।
শুদ্ধোভবাম্যহং দেব ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দনেতি ॥
মহাপূজাং ততঃ কৃত্বা স্তুত্বা নত্বার্থয়েৎ প্রভুং।
বনমালাং যথা দেব কৌস্তুভং সততং হৃদি।
তদ্বৎ পবিত্রং তন্তুঞ্চ পূজাঞ্চ হৃদয়ে বহ ॥ ২০ ॥

---

অথ পরিবারদেবতানাং পূজাং কৃত্বা তানি তদর্থকৃতানি পবিত্রাণি তেভ্যোঽর্পয়েৎ॥১৯

ততস্তদনন্তরং ভগবতোমহাপূজাং কৃত্বা প্রভুং প্রার্থয়েদিতি লিখিতং তৎপ্রার্থনমেব লিখতি বনমালামিতি দ্বাভ্যাং। সততমিতি পাঠে বহসীত্যধ্যাহার্য্যং ॥ ১২০ ॥

---

করিবে ॥ ১১৮ ॥

বৈষ্ণব ব্যক্তি বক্ষ্যমাণ মন্ত্রদ্বারা শ্রীকৃষ্ণ এবং তদীয় পরিবারবর্গকে পূজা করিয়া পবিত্র সকল অর্পণ করিবে ॥ ১১৯ ॥

অর্পণ মন্ত্র ॥

হে কৃষ্ণ! হে কৃষ্ণ! আপনি বৎসরের পূজা ফল প্রদান করেন, আপনাকে নমস্কার করি, আপনি এই পবিত্রকে গ্রহণ করুন ॥

হে আদ্য! আমি যে দুষ্কর্ম্ম করিয়াছি, তাহা পবিত্র করুন, হে জনার্দ্দন! আপনার প্রসাদে আমি পবিত্র হই ॥

অনন্তর মহাপূজা, স্তব ও নমস্কার করিয়া প্রভুকে প্রার্থনা করিবে।

হে দেব! যে রূপ সতত বনমালা ও কৌস্তুভ হৃদয়ে ধারণ করেন, তদ্রূপ পবিত্র তন্তু ও পূজা হৃদয়ে বহন করুন ॥ ১২০ ॥

জানতাঽজানতা বাপি ন কৃতং যত্তবার্চ্চনং।
কেন বা বিঘ্নদোষেণ পরিপূর্ণং তদস্তু মে ॥ ১২১ ॥
তথাগ্নি বিধিনাভ্যর্চ্য পবিত্রং তস্য চার্পয়েৎ।
কৃষ্ণে নিবেদয়ন্ মন্ত্রহীনমিত্যাদিনা কৃতং।
গুরুঞ্চ ভক্ত্যা সম্পূজ্য পবিত্রং গুরবেঽর্পয়েৎ।
বৈষ্ণবেভ্যঃ পবিত্রাণি দত্ত্বৈকং ধারয়েৎ স্বয়ং ॥ ১২৩ ॥
সংপূজ্য বৈষ্ণবান্ বিপ্রান্ শক্ত্যা সংভোজ্য বন্ধুভিঃ।
সমং মহাপ্রসাদান্নং সুখং ভুঞ্জীত বৈষ্ণবঃ ॥ ১২৪ ॥

কেনচিদ্বিঘ্নদোষেণ যন্ন কৃতং। আদিশব্দেন দেবদেব জগন্নাথেত্যাদি। তচ্চ পূর্ব্বং লিখিতমেব ॥ ১২১ ॥

বিধিনা অগ্নিসংস্কারাদি প্রকারেণ। সচাদাবেব লিখিতোঽস্তি। নিত্যহোম নিবর্ত্তন-পূর্ব্বকং পবিত্রং মূলমন্ত্রেণ তস্মৈ সমর্পয়েৎ। ততশ্চ মন্ত্রহীনং ক্রিয়াহীনমিত্যাদি লিখিত-প্রসিদ্ধবচনেন কৃতং কর্ম্ম সর্ব্বং কৃষ্ণে নিবেদয়েৎ ॥ ১২২ ॥

একং পবিত্রং স্বয়ং যজমানো ধারয়েৎ ॥ ১২৩ ॥

বন্ধুভিঃ সমং ভুঞ্জীত ॥ ১২৪ ॥

আমি জানিয়া হউক বা না জানিয়া হউক, যদি কোন বিঘ্নবশতঃ আপনার পূজা না করিয়া থাকি আমার সম্বন্ধে তাহাও পূর্ণ হউক ॥১২১

অনন্তর বিধিপূর্ব্বক অগ্নিতে হোম করিয়া "মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন" ইত্যাদি লিখিত প্রসিদ্ধ মন্ত্রদ্বারা কর্ম্ম সকল নিবেদন করিয়া পবিত্র অর্পণ করিবে ॥ ১২২॥

তদনন্তর ভক্তিসহকারে গুরুদেবকে পূজা করিয়া পবিত্র অর্পণ করিবে, তাহার পর বৈষ্ণবগণকে প্রদান করিয়া স্বয়ং একটী ধারণ করিবে ॥ ১২৩ ॥

বৈষ্ণব ব্যক্তি তৎপরে বিষ্ণুমন্ত্র দীক্ষিত বৈষ্ণব-ব্রাহ্মণদিগকে যথা শক্তি ভোজন করাইয়া বন্ধুবর্গের সহিত স্বয়ং ভোজন করিবেন ॥১২৪॥

অথ পবিত্রবিসর্জ্জনবিধিঃ ॥

তন্ত্রে ॥

মাসং পক্ষমহোরাত্রং ত্রিরাত্রং ধারয়েত্তথা।
দেবেশং সূত্রসন্দর্ভং দেশকালানুসারতঃ।
প্রত্যহং স্নানকর্ম্মাদি সূত্রাণ্যুত্তার্য্য কারয়েৎ।
অভিষিচ্যাথ তোয়েন পুনর্দ্দেবে নিবেদয়েৎ ॥ ১২৫ ॥
তথান্তে দেবমভ্যর্চ্য বিশেষাৎ পুষ্পচন্দনৈঃ।
নৈবেদ্যং বিবিধং দত্ত্বা তৎসূত্রঞ্চ বিসর্জ্জয়েৎ।
ওঁ সাম্বৎসরীং শুভাং পূজাং সম্পাদ্য বিধিবন্মম।
ব্রজেদানীং পবিত্র ত্বং বিষ্ণুলোকং বিসর্জ্জিতং ॥ ১২৬ ॥

সূত্রসন্দর্ভং পবিত্রাণীতার্থঃ। দেবস্য স্নানাদিকর্ম্মসূত্রাণি তোয়েনাভিষিচ্য তান্যেব প্রোক্ষ্য ॥ ১২৫ ॥

বিসর্জ্জনমন্ত্রঃ। ওঁ সাম্বৎসরীমিত্যাদি ॥ ১২৬ ॥

অথ পবিত্র বিসর্জ্জন বিধি ॥

একমাস বা একপক্ষ কিম্বা অহোরাত্র অথবা ত্রিরাত্র দেশ কালানুসারে দেবেশ্বরকে পবিত্র সকল ধারণ করাইবে। ভগবানের স্নান কর্ম্মাদি সময় পবিত্র উত্তারণ করিয়া স্নান করাইবে। ঐ পবিত্র সকল জলদ্বারা অভিষিক্ত করিয়া পুনর্ব্বার দেবকে নিবেদন করিবে ॥ ১২৫ ॥

উল্লিখিত দিবসের অন্তে পুষ্প চন্দন দ্বারা দেবকে বিশেষ রূপে পূজা ও নৈবেদ্য প্রদান করিয়া পবিত্র সূত্র বিসর্জ্জন করিবে ॥

পবিত্র বিসর্জ্জন মন্ত্র যথা ॥

হে পবিত্র! আমি তোমাকে বিসর্জ্জন দিতেছি, তুমি আমার যথা বিধি পবিত্র সাম্বৎসরী পূজা সম্পন্ন করিয়া এক্ষণে বিষ্ণুলোকে গমন কর ॥ ১২৬ ॥

যাবদ্দেবে পবিত্রাণি তাবত্তিষ্ঠেৎ সমাহিতঃ।
ব্রহ্মচারী হবিষ্যাশী দেবপূজাপরায়ণঃ॥
তৎফলঞ্চোক্তং বৌধায়নেন॥
এবং যঃ কুরুতে বিদ্বান্ বর্ষে বর্ষে ন সংশয়ঃ।
স যাতি পরমং স্থানং যত্র দেবো নৃকেশরীতি॥ ২৭॥
অথ তত্র মুখ্যগৌণকালনির্ণয়ঃ॥
মুখ্যকালস্য চৈতস্য বিঘ্নতোঽপগমে সতি।
ভাদ্রাদাবপি কর্ত্তব্যং পবিত্রারোপণং প্রভোঃ॥ ১২৮॥
তথাচ বিষ্ণুরহস্যে॥
শ্রাবণস্য সিতে পক্ষে কর্কটস্থে দিবাকরে।

যাবৎ পবিত্রাণি তিষ্ঠন্তীতি শেষঃ॥ ১২৭॥
এতস্য শ্রাবণ শুক্লাদ্বাদশী লক্ষণস্য মুখ্যকালস্য॥ ১২৮॥
তস্যাং দ্বাদশ্যামেব॥ ১২৯॥

যে পর্য্যন্ত ভগবদঙ্গে পবিত্র সকল থাকিবে তাবৎ সাবধানে ব্রহ্মচারী, হবিষ্যাশী ও দেবপূজা পরায়ণ হইয়া অবস্থিতি করিবে॥

বৌধায়ন ঋষি এই বিষয়ের ফল কহিয়াছেন॥

যে বিদ্বান্ ব্যক্তি বৎসর বৎসর এই পবিত্রার্পণ মহোৎসব করেন, তিনি যে স্থানে নৃসিংহদেব অবস্থিত আছেন সেই পরম পদে গমন করিয়াথাকেন, ইহাতে সংশয় নাই॥ ১২৭॥

অথ পবিত্রার্পণে মুখ্যগৌণকাল নির্ণয়॥

যদি বিঘ্নবশতঃ শ্রাবণ-শুক্লদ্বাদশী রূপ মুখ্যকালের বাধ হয় তাহা হইলে ভাদ্রাদি মাসেও প্রভুর পবিত্রারোপণ করিবে॥ ১২৮॥

তথা বিষ্ণুরহস্যেও॥

কর্কট রাশিতে দিবাকর অবস্থিত হইলে শ্রাবণ মাসের শুক্লপক্ষের

দ্বাদশ্যাং বাসুদেবায় পবিত্রারোপণং স্মৃতং ॥
সিংহস্থে বা রবৌ কার্য্যং কন্যামপি গতেঽথ বা।
তস্যামেব তিথৌ সম্যক্ তুলাস্থে ন কথঞ্চন ॥ ১২৯ ॥
মন্ত্রতন্ত্রপ্রকাশে চ ॥
কর্কটকং গতে সূর্য্যে তথা সিংহগতেঽপি বা।
দ্বাদশ্যাং শুক্লপক্ষস্য হরের্দদ্যাৎ পবিত্রকং ॥ ১৩০ ॥
অথ চেদ্বিঘ্নপাতেন মুখ্যকালো ন লভ্যতে।
কন্যাগতেঽপি কুর্ব্বীত যাবন্নোত্তিষ্ঠতে হরিরিতি ॥ ১৩১ ॥
অথ ভাদ্রকৃত্যং ॥

কর্কটকঃ কর্কটরাশিস্তং গতে ॥ ১৩০ ॥

শ্রাবণ্যাং পৌর্ণমাস্যামৃষিতর্পণঞ্চ শাখাভেদাদিনা বহুবিধং স্যাৎ তচ্চ পিণ্ডদানং পিতৃণাঞ্চ পিতৃপক্ষে ন বৈ কৃতং। ব্রতং ন কার্ত্তিকে মাসি শ্রাবণ্যামৃষিতর্পণমিত্যাদি বচনতোঽকরণ-প্রত্যবায়মধ্যে স্কান্দাদিবিধানাদ্যদ্যপি নিত্যতাং লভেত তথাপি মহদ্ভির্বৈষ্ণবধর্ম্মেষসংগৃহীত-ত্বাদ্বৈষ্ণবানামাদরবিশেষাভাবেনাত্র বিবৃত্য ন লিখিতং ॥ ১৩১ ॥

দ্বাদশীতে বাসুদেবের পরিত্রারোপণ কথিত হইয়াছে ॥

অথবা সিংহরাশি কিম্বা কন্যারাশিস্থ ভাস্করে শুক্লপক্ষের দ্বাদশীতে পবিত্রারোপণ করিবে কিন্তু কখন তুলারাশিস্থ ভাস্করে পবিত্রার্পণ করিবে না ॥ ১২৯ ॥

মন্ত্রতন্ত্রপ্রকাশেও ॥

কর্কটরাশি অথবা সিংহরাশিতে সূর্য্য গমন করিলে অর্থাৎ শ্রাবণ বা ভাদ্রমাসের শুক্লপক্ষের দ্বাদশীতে হরিকে পবিত্রার্পণ করিবে ॥ ১৩০ ॥

অথবা যদি বিঘ্নবশতঃ মুখ্যকাল লাভ না হয়, তাহা হইলে কন্যা-রাশি গত ভাস্করেও পবিত্রার্পণ করিবে কিন্তু হরির উত্থানে পবিত্রার্পণ করিবে না ॥ ১৩১ ॥

অথ ভাদ্রকৃত্য ॥

ভাদ্রে ভগবতো জন্মদিনে কার্য্যো মহোৎসবঃ।
বিশেষেণ মহাপূজাং ব্রতপূর্ণেন বৈষ্ণবৈঃ ॥ ১৩২ ॥
অথ শ্রীজন্মাষ্টমীব্রতং ॥
সর্ব্বৈরবশ্যং কর্ত্তব্যং জন্মাষ্টমীব্রতং নরৈঃ।
নিত্যত্বাৎ পাপহারিত্বাৎ সর্ব্বার্থপ্রাপণাদপি ॥
অথ শ্রীজন্মাষ্টমীব্রতোৎপত্তিঃ ॥
ভবিষ্যোত্তরে ॥
শ্রীযুধিষ্ঠির উবাচ ॥
জন্মাষ্টমীব্রতং ব্রূহি বিস্তরেণ মমাচ্যুত ॥
কস্মিন্ কালে সমুৎপন্নং কিং পুণ্যং কো বিধিঃ স্মৃতঃ ॥ ১৩৩॥

ভগবতো জন্মদিনং রোহিণ্যষ্টমী শ্রবণদ্বাদশী চ তস্মিন্ ॥ ১৩২ ॥
তত্র কিং পুণ্যং বিধিশ্চ কঃ ॥ ১৩৩ ॥

ভাদ্রমাসে ভগবানের জন্মদিনে অর্থাৎ রহিণ্যষ্টমী ও শ্রবণ-দ্বাদশীতে বৈষ্ণবগণ ব্রতপূর্ণ সহকারে বিশেষরূপে মহাপূজা করত মহোৎসব করিবেন ॥ ১৩২ ॥

অথ জন্মাষ্টমীব্রত ॥

জন্মাষ্টমী ব্রতের নিত্যত্ব, পাপহারিত্ব এবং সর্ব্বার্থ প্রাপণ হেতু সমুদায় মনুষ্যের জন্মাষ্টমী ব্রত অবশ্য কর্ত্তব্য ॥

অথ জন্মাষ্টমীব্রতের উৎপত্তি ॥

ভবিষ্যোত্তরে ॥

শ্রীযুধিষ্ঠির কহিলেন, হে অচ্যুত! বিস্তররূপে আমাকে জন্মাষ্টমীর ব্রত বল, এই ব্রত কোন্ কালে উৎপন্ন, ইহা কি সুন্দর পবিত্র এবং ইহার বিধি অর্থাৎ ব্যবস্থাই বা কিরূপ? ॥ ১৩৩ ॥

শ্রীকৃষ্ণ উবাচ ॥

হতে কংসাসুরে দুষ্টে মথুরায়াং যুধিষ্ঠির।
দেবকী মাং পরিষ্বজ্য কৃত্বোৎসঙ্গে রুরোদ হ।
তত্রৈব রঙ্গবাটে সা মঞ্চারূঢ়া জনোৎসবে।
মল্লযুদ্ধে পুরাবৃত্তে সংস্তুতা কুকুরান্ধকৈঃ।
স্বজনৈর্ব্বহুভিঃ স্নিগ্ধৈস্তেষাং স্ত্রীভিঃ সমাবৃতা।
বসুদেবোঽপি তত্রৈব বাৎসল্যাৎ প্ররুরোদ মে।
সমাগম্য পরিষ্বজ্য পুত্র পুত্রেত্যুবাচ হ।
স্খলদ্গদ্গদস্বরো দীনো বাষ্পপর্য্যাকুলেক্ষণঃ।
বলভদ্রঞ্চ মাঞ্চৈব পরিষ্বজ্যেদমব্রবীৎ।
অদ্য মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতং।
যদুভাভ্যাং সুতাভ্যাং মে সমুদ্ভূতঃ সমাগমঃ।

শ্রীকৃষ্ণ কহিলেন হে যুধিষ্ঠির! মথুরায় দুষ্ট কংসাসুর হত হইলে জনসকলের মহোৎসব বিশিষ্ট সেই রঙ্গক্ষেত্রে মল্লযুদ্ধ সমাপনের পর কুকুর অন্ধক প্রভৃতি বহু বহু স্নেহবান্ আত্মীয় স্বজন কর্ত্তৃক সংস্তুতা ও তাঁহাদের স্ত্রীগণ কর্ত্তৃক পরিবৃতা হইয়া দেবকী আমাকে আলিঙ্গন পূর্ব্বক ক্রোড়ে করিয়া রোদন করিতে লাগিলেন ॥

বসুদেবও সেই স্থানে আমার নিকট গমন পূর্ব্বক বাৎসল্য বশতঃ রোদন এবং দীনভাবাপন্ন হইয়া বাষ্পাকুল লোচনে আমাকে আলিঙ্গন করিয়া গদ্গদ স্বরে পুত্র পুত্র এই মাত্র বাক্য প্রয়োগ করিতে লাগিলেন ॥

তদনন্তর বলদেবও আমাকে আলিঙ্গন করিয়া এই বাক্য কহিলেন, বৎসদ্বয়! অদ্য আমার জন্ম সফল ও জীবিত সুজীবিত হইল, যে হেতু তোমরা যে পুত্রদ্বয় তোমাদের সহিত আমার সমাগম লাভ

এবং হর্ষেণ দম্পত্যোহ্র্ষ্টং সর্ব্বং তদা নৃপ।
প্রণিপত্য জনাঃ সর্ব্বে মামূচুস্তে প্রহর্ষিতাঃ ॥
অদ্য প্রহর্ষো হ্যস্মাকমদ্য জাতো জনার্দ্দনঃ।
অদ্য মল্লাঙ্গযুদ্ধেন দুষ্টঃ কংসো নিপাতিতঃ।
এবং মহোৎসবং দৃষ্ট্বা সমাজে মধুসূদন।
প্রসাদঃ ক্রিয়তামস্য লোকস্যান্যোঽপি শীঘ্রতঃ ॥
যস্মিন্ দিনে প্রসূয়েত দেবকী ত্বাং জনার্দ্দন।
তদ্দিনং ব্রূহি বৈকুণ্ঠ কুর্ম্মস্তে তত্র চোৎসবং ॥
সম্যগ্ভক্তিপ্রপন্নানাং প্রসাদং কুরু কেশব।
এবমুক্তে জনৌঘেন বসুদেবোঽপি বিস্মিতঃ।
বিলোক্য বলভদ্রং তং সংপ্রহৃষ্টতনূরুহঃ ॥ ১৩৪ ॥

মে ময়ি বাৎসল্যাৎ। মে মামিতি বা পরার্দ্ধেনান্বয়ঃ। হেতি পাঠে স্ফুটঃ ॥ ১৩৪ ॥

হইল। হে নৃপ! এই প্রকার দম্পতি বসুদেব দেবকীর হর্ষাতিশয় অবলোকন করিয়া সকলে হৃষ্ট হইলেন। জন সকল আনন্দ সহকারে আমাকে প্রণাম করিয়া কহিলেন, হে জনার্দ্দন! অদ্য আমাদের হর্ষ উৎপন্ন হইল এবং মল্লাঙ্গ যুদ্ধ দ্বারা দুষ্ট কংস নিপাতিত হইল।

হে মধুসূদন! এই প্রকার মহোৎসব দেখিয়া সমাজের প্রতি প্রসন্ন হউন এবং অন্যান্য লোকের প্রতিও শীঘ্র অনুগ্রহ করুন ॥

হে জনার্দ্দন! যে দিবস দেবকী দেবী আপনাকে প্রসব করিয়াছেন, আপনি সেই দিবস আমাদিগকে আদেশ করুন, তাহাতে আমরা উৎসব করিব, হে কেশব! সম্যক্রূপে ভক্তি সহকারে শরণাগত আমাদের প্রতি অনুগ্রহ করুন ॥

এই প্রকার জন সকল বলিতে থাকিলে বসুদেব অত্যন্ত বিস্মিত হওত বলদেবকে অবলোকন করিয়া আহ্লাদে লোমাঞ্চিত হইয়া কহিলেন ॥ ১৩৪ ॥

এবমস্ত্বিতি লোকানাং কথয়স্ব যথাতথং ।
ততস্তাতসমাদেশান্ময়া জন্মাষ্টমীব্রতং ।
মথুরায়াং জনৌঘায় পার্থ সম্যক্ প্রশাসিতং ॥ ১৩৫ ॥
পৌরাশ্চ তজ্জন্মদিনং বর্ষে গর্ব্ভাষ্টমে গতে ।
পুনর্জ্জন্মাষ্টমীং লোকাঃ কুর্ব্বন্তু ব্রাহ্মণাদয়ঃ ॥
ক্ষত্রিয়া বৈশ্যজাতীয়াঃ শূদ্রা যেহন্যেহপি ধর্ম্মিণঃ ॥ ১৩৬ ॥
সিংহরাশিং গতে সূর্য্যে গগনে জলদাগমে ।
মাসি ভাদ্রপদেহষ্টম্যাং কৃষ্ণপক্ষেহর্দ্ধরাত্রকে ।
শশাঙ্কে বৃষরাশিস্থে প্রাজাপত্যর্ক্ষসংযুতে ।
বসুদেবেন দেবক্যামহং জাতো জনাঃ স্বয়ং ॥ ১৩৭ ॥

এবমস্ত্বিতীত্যাদি তাতসমাদেশাৎ জনৌঘায় জনসমূহং প্রতি প্রশাসিতং সমাদিষ্টং। পাঠান্তরে পূর্ব্বগূঢ়ং সৎ ময়াহধুনা প্রকটিতং ॥ ১৩৫ ॥

কথং তদাহ পৌরাশ্চেতি গর্ব্ভাদষ্টমে বর্ষে গতে সতি অষ্টবর্ষবয় আরভ্যেত্যর্থঃ। যথোক্তমেকাদশীব্রতাধিকারিনির্ণয়ে অষ্টবর্ষাধিকো বাল ইত্যাদি ॥ ১৩৬ ॥

হে জনাঃ স্বয়ং স্বেচ্ছয়া সম্পূর্ণতয়া বেত্যর্থঃ। পাঠান্তরে তু দুষ্টজনসংহারার্থমিত্যর্থঃ ॥১৩৭

জনসকলের এই প্রকার হউক, কৃষ্ণ ! তুমি যথাযোগ্য আদেশ কর। হে রাজন্ ! তদনন্তর পিতার আদেশ ক্রমে মথুরায় জনসকলের প্রতি আমি সম্যক্ প্রকারে জন্মাষ্টমী ব্রত প্রকাশ করিলাম ॥ ১৩৫ ॥

পুরবাসি জনগণ তথা ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র জাতি প্রভৃতি অন্যান্য ধর্ম্মাবলম্বি লোক সকল গর্ব্ভাষ্টমে অর্থাৎ অষ্টম বর্ষ বয়স আরম্ভ করিয়া অশীতি বর্ষ পর্য্যন্ত পুনরায় আমার জন্মাষ্টমীর ব্রত করুক ॥ ১৩৬ ॥

অহে জনসকল ! সিংহ রাশিস্থ সূর্য্যে, গগনে মেঘাগম হইলে ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমীর অর্দ্ধরাত্রে বৃষরাশিস্থ চন্দ্রে রোহিণীনক্ষত্রে বসুদেব হইতে দেবকীতে আমি জন্ম গ্রহণ করি ॥ ১৩৭ ॥

এবমেতৎ সমাখ্যাতং লোকে জন্মাষ্টমীব্রতং।
ভগবত্যাশ্চ তত্রৈব কুরুধ্বং সুমহোৎসবং।
মথুরায়াং ততঃ পশ্চাল্লোকে খ্যাতিং গমিষ্যতি ॥ ১৩৮ ॥
ইত্যাকর্ণ্য যথাখ্যাতং তথালোকৈরনুষ্ঠিতং।
শান্তিরস্তু সুখং চাস্তু লোকাঃ সন্তু নিরাময়া ইতি ॥ ১৩৯ ॥
নিত্যত্বঞ্চ পরং তস্য ভগবৎপ্রীণনান্মতং।
বিধিবাক্যবিশেষাচ্চাকরণে প্রত্যবায়তঃ ॥ ১৪০ ॥

ভগবত্যাঃ শ্রীদেবক্যাঃ। অতস্তদুৎসঙ্গ এব ভগবৎপূজনবিধিঃ। যদ্বা শ্রীদুর্গাদেব্যাঃ। প্রভাতে নবমীদিনে। যথা মম তথা কার্য্যো ভগবত্যা মহোৎসব ইতি বিধিকথনান্তোক্তেঃ ॥ ১৩৮ ॥

এতদনুষ্ঠানেন চ সর্ব্বেষাং পরমসুখং সর্ব্বদুঃখোপরমশ্চেত্যভিপ্রায়েণ ব্রতফলমাহ শান্তিরিতি ॥ ১৩৯ ॥

তস্য চ নিত্যতাং ত্রিধা লিখতি নিত্যত্বঞ্চেতি। পরং কেবলং পরমং বা। ভগবৎপ্রীতিহেতুশ্রবণেন বৈষ্ণবানামবশ্যং ভক্ত্যা প্রবৃত্তেঃ। বিধিবাক্যবিশেষশ্চাত্র বর্ষে বর্ষেতু কর্ত্তব্যেতি। তস্মাৎ শ্রাবণস্যেতি মুখ্যচান্দ্রমাসাভিপ্রায়েণ। এবমগ্রেঽপি ॥ ১৪০ ॥

এই প্রকার লোকমধ্যে এই জন্মাষ্টমী বিখ্যাত হয়। ভগবতী দেবকী অথবা দুর্গাদেবীর ঐ রূপ মহোৎসব কর, পরে মথুরায় লোক সকলের মধ্যে বিখ্যাত হইবে ॥ ১৩৮ ॥

হে পার্থ! এই বাক্য শুনিয়া আমি যেমন বলিলাম লোকসকল তদনুরূপ অনুষ্ঠান করিল। শান্তি হউক, সুখ হউক এবং লোকসকল নিরাময় হউক ॥ ১৩৯ ॥

ভগবানের পরম প্রীতিজনক, বর্ষে বর্ষে করিবে এই বিধিবাক্য বিশেষ এবং অকরণে প্রত্যবায় হেতু এই ব্রত তিন প্রকারে নিত্য অর্থাৎ জন্মাষ্টমীর ব্রতে ভগবানের বিশেষ প্রীতি জন্মে, বিধিবাক্য বিশেষ ও না করিলে অধোগতি হয় এই তিন কারণে মুখ্যচান্দ্র শ্রাবণে অর্থাৎ শুক্লপক্ষের প্রতিপৎ তিথি আরম্ভ করিয়া অমাবস্যা পর্য্যন্ত শ্রাবণ মাসের কৃষ্ণাষ্টমীতে জন্মাষ্টমীব্রতের নিত্যত্ব ॥ ১৪০ ॥

অথ জন্মাষ্টমীব্রতনিত্যত্বং ॥

তত্র শ্রীভগবৎপ্রীণনং বিধিশ্চ ॥

স্কান্দে ॥

প্রহ্লাদাদ্যৈশ্চ ভূপালৈঃ কৃতা জন্মাষ্টমী শুভা।
শ্রদ্ধয়া পরয়া বিষ্ণোঃ প্রীতয়ে কৃষ্ণবল্লভা।

কিঞ্চ ॥

প্রাজাপত্যর্ক্ষ সংযুক্তা শ্রাবণস্যাসিতাষ্টমী।
বর্ষে বর্ষেতু কর্ত্তব্যা তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ ॥

অথাকরণপ্রত্যবায়ে প্রথমং ভোজনে প্রত্যবায়ঃ ॥

বিষ্ণোঃ প্রীতয়ে ইতি কৃষ্ণবল্লভেতি। তুষ্ট্যর্থং চক্রপাণিন ইতি ভগবৎপ্রীণনদ্বারা বর্ষে বর্ষেতু কর্ত্তব্যেতি বীপ্সাবিধিবাক্যদ্বারা চ বসন্তে জ্যোতিষা যজেতেতিবদ্বীপ্সয়া নিত্যত্বং লিখিত্বা ইদানীমকরণপ্রত্যবায়দ্বারা নিত্যতাং লিখতি শূদ্রান্নেনেত্যাদিনা চতুর্দ্দশেত্যন্তেন। অত্র চ প্রত্যবায়ো দ্বিধা ভোজনেন, শক্তৌ পূজাদিমহোৎসবাকরণেন চ ঈদৃগ্বিধনিয়ম এব ব্রতশব্দেনাভিধীয়তে। তত্রাদৌ পরমং নিন্দ্যং ভোজনপ্রত্যবায়ং লিখতি শূদ্রেতি ষড় ভিঃ।

অথ জন্মাষ্টমীব্রতের নিত্যত্ব ॥

তন্মধ্যে অর্থাৎ ত্রিবিধমধ্যে

ভগবৎপ্রীণন ও বিধি ॥

স্কন্দপুরাণে ॥

প্রহ্লাদাদি ভূপাল শ্রীবিষ্ণুর প্রীতি নিমিত্ত পরমশ্রদ্ধা সহকারে কৃষ্ণবল্লভা পবিত্র জন্মাষ্টমী করিয়াছেন ॥

আরও ॥

চক্রপাণির তুষ্টির নিমিত্ত বৎসর বৎসর রোহিণীনক্ষত্র সংযুক্ত শ্রাবণ মাসের কৃষ্ণপক্ষের অষ্টমীতে ব্রত করিবে ॥

অথ অকরণপ্রত্যবায় মধ্যে প্রথম

ভোজনে প্রত্যবায় ॥

বিষ্ণুরহস্যে ॥

ব্রহ্মনারদসম্বাদে ॥

শূদ্রান্নেন তু যৎ পাপং শবহস্তস্থভোজনে।
তৎ পাপং লভ্যতে পুংভির্জয়ন্ত্যাং ভোজনে কৃতে ॥ ১৪১ ॥
গৃধ্রমাংসং খরং কাকং শ্যেনং বা মুনিসত্তম।
মাংসঞ্চ দ্বিপদাং ভুক্তং ভুক্তং জন্মাষ্টমীদিনে ॥ ১৪২ ॥
জন্মাষ্টমীদিনে প্রাপ্তে যেন ভুক্তং দ্বিজোত্তম।
ত্রৈলোক্যসম্ভবং পাপং ভুক্তমেব ন সংশয়ঃ ॥ ১৪৩ ॥

শূদ্রস্যাবৈষ্ণবস্যান্নেন। যদ্বা। অনাপদি ব্রাহ্মণস্য তেন যৎ পাপং স্যাদিত্যর্থঃ ॥ ১৪১ ॥

জন্মাষ্টমীদিনে যেন ভুক্তং তস্য গৃধ্রমাংসাদ্যভক্ষ্যভক্ষণপাপং স্যাদিত্যর্থঃ ॥ ১৪২ ॥

পাপমেব ভুক্তং তদ্দিনেঽন্নস্য সর্ব্বপাপময়ত্বাৎ পাপফলোপভোগস্য সদ্যঃ প্রত্যাসত্তের্ব্বা ॥ ১৪৩ ॥

বিষ্ণুরহস্যে ॥

ব্রহ্মনারদসম্বাদে ॥

শূদ্রান্ন * ভোজনে যে পাপ হয় এবং শবহস্তস্থ ভোজনে যে পাপ হয়, জন্মাষ্টমীতে ভোজন করিলে তাহাদের সেই পাপ হইয়া থাকে ॥ ১৪১ ॥

হে মুনিসত্তম! জন্মাষ্টমীর দিনে ভোজন করিলে গৃধ্র, গর্দ্দভ, কাক, শ্যেন ও মনুষ্য এই সকলের মাংস ভোজন করা হয় ॥ ১৪২ ॥

হে দ্বিজোত্তম! যে ব্যক্তি জন্মাষ্টমীর দিবস ভোজন করে, ত্রৈলোক্য সম্ভব সমস্ত পাপ তাহার ভোজন করা হয়, ইহাতে সংশয় নাই ॥ ১৪৩ ॥

* শূদ্রান্নশব্দে অবৈষ্ণব শূদ্রের অন্ন অথবা অনাপৎ কালে ব্রাহ্মণের শূদ্রান্ন ভোজন নিষিদ্ধ ॥

কিঞ্চ ॥

জয়ন্তীবাসরে প্রাপ্তে করোত্যুদরপূরণং।
পীড্যতে তিলমাত্রস্তু যমদূতৈঃ কলেবরং ॥ ১৪৪ ॥
যো ভুঙ্‌ক্তে চ বিমূঢ়াত্মা জয়ন্তীবাসরে নৃপ।
ন তস্য নরকোত্তারো দ্বাদশীং চ প্রকুর্ব্বতঃ ॥ ১৪৫ ॥
অতীতানাগতন্তেন কুলমেকোত্তরং শতং।
পাতিতং নরকে ঘোরে ভুঞ্জতা কৃষ্ণবাসরে ॥ ১৪৬ ॥

অথোপবাসপূর্ব্বকপূজাবিশেষমহোৎসবাদি-ব্রতত্যাগপ্রত্যবায়ঃ ॥

যঃ করোতি তস্য কলেবরং তিলমাত্রং তিলশঃ পীড্যতে। তিলমাত্রমিত্যস্য পূর্ব্বেণৈ-বান্বয়ঃ। তিলমাত্রমল্পমপ্যুদরপূরণং যঃ করোতীত্যর্থঃ ॥ ১৪৪ ॥

অপ্যর্থে চকারঃ। দ্বাদশীমপি প্রকুর্ব্বতঃ দ্বাদশীব্রতেনাপি জন্মাষ্টমীব্রতোল্লঙ্ঘনমহাপরা-ধানপগমাৎ ॥ ১৪৫ ॥

কৃষ্ণবাসরে শ্রীকৃষ্ণজন্মদিনে ॥ ১৪৬ ॥

আরম্ভ ॥

যে ব্যক্তি জয়ন্তীবাসরে অর্থাৎ জন্মাষ্টমীর দিবস তিলমাত্র উদর পূর্ণ করে অর্থাৎ কিঞ্চিন্মাত্র আহার করে, যমদূত সকল তাহার শরীরে তিল তিল পরিমাণে পীড়া দিয়া থাকে ॥ ১৪৪ ॥

হে নৃপ! যে ব্যক্তি বিমূঢ়চিত্ত হইয়া জয়ন্তীবাসরে ভোজন করে, সে যদি দ্বাদশীব্রত করিয়াও থাকে তথাপি তাহার নরক হইতে উদ্ধার নাই ॥ ১৪৫ ॥

যে ব্যক্তি কৃষ্ণবাসরে অর্থাৎ শ্রীকৃষ্ণ-জন্মদিনে ভোজন করে, তাহার অতীত ও অনাগত একশত কুল ঘোরতর নরকে নিপতিত হয় ॥ ১৪৬ ॥

অথ উপবাসপূর্ব্বক পূজাবিশেষ মহোৎসবাদি ব্রত পরিত্যাগ করিলে প্রত্যবায় হয় ॥

তত্রৈব ॥

যে ন কুর্ব্বন্তি জানন্তঃ কৃষ্ণজন্মাষ্টমীব্রতং।
তে ভবন্তি মহাপ্রাজ্ঞ ব্যালা মহতি কাননে ॥ ১৪৭ ॥
ব্রহ্মহত্যা সুরাপানং গোবধঃ স্ত্রীবধোঽপি বা।
ন লোকো মুনিশার্দ্দূল জয়ন্তীবিমুখস্য চ ॥ ১৪৮ ॥
বর্ষে বর্ষেতু যা নারী কৃষ্ণজন্মাষ্টমীব্রতং।
ন করোতি মহাপ্রাজ্ঞ ব্যালী ভবতি কাননে ॥ ১৪৯ ॥
শ্রাবণে বহুলে পক্ষে কৃষ্ণজন্মাষ্টমীব্রতং।

জানন্তঃ জনাস্তেঽপীত্যজ্ঞানেনাকরণাৎ পাপমল্পমিত্যভিপ্রেতং। যদ্বা। জ্ঞানবন্তোঽপি ব্যালা ভবন্তীত্যর্থঃ। ব্রতমিত্যনেন যদ্যপ্যভোজনং পূজামহোৎসবাদিকমপি সর্ব্বং গৃহ্যতে তথাপ্যত্র ভোজনাদিশব্দাভাবাৎ পূজাদিমহোৎসবপরমেব তদ্গ্রাহ্যং। এবমগ্রেঽপ্যূহ্যং ॥১৪৭॥

তদ্ব্রতবিমুখশ্চ ব্রহ্মঘ্নঃ সুরাপশ্চ। তস্য গোবধঃ স্ত্রীবধোঽপি জাতঃ। পাঠান্তরং সুগমং। অতো লোকঃ ঐহিকামুষ্মিকসুখং সর্ব্বমেব ন ভবতীত্যর্থঃ ॥ ১৪৮ ॥

সভর্তৃকাপি যোষিৎ কুর্য্যাদিতি লিখতি বর্ষে বর্ষে ত্বিতি। অয়ং শ্লোকঃ ক্বচিন্ন তিষ্ঠেদপি ॥ ১৪৯ ॥

বিত্তশাঠ্যেনেতি পাঠে অল্পবিত্তব্যয়েনাপি কর্ত্তব্যং নতু বিত্তব্যয়ভয়াৎ ত্যক্তব্যমিত্যর্থঃ।

ঐ বিষ্ণুরহস্যে যথা ॥

হে মহাপ্রাজ্ঞ! যে সকল ব্যক্তি জ্ঞানবান্ হইয়াও জন্মাষ্টমীর ব্রত পরাঙ্মুখ হয়, তাহারা ঘোর অরণ্যমধ্যে সর্প হইয়া থাকে ॥১৪৭॥

হে মুনিসত্তম! যে ব্যক্তি জয়ন্তীব্রত পরাঙ্মুখ হয়, তাহার ইহলোক বা পরলোক সম্বন্ধীয় কোন সুখলাভ হয় না, প্রত্যুত ব্রহ্মহত্যা, সুরাপান, গোবধ ও স্ত্রীবধজনিত পাপ লাভ হইয়া থাকে ॥ ১৪৮ ॥

হে মহাপ্রাজ্ঞ! যে সধবা স্ত্রী বর্ষে বর্ষে জন্মাষ্টমীর ব্রত না করে, সে কাননমধ্যে সর্পী হয় ॥ ১৪৯ ॥

যে মনুষ্য শ্রাবণ মাসের কৃষ্ণপক্ষে জন্মাষ্টমীর ব্রত না করে, সে

ন করোতি নরো যস্তু স ভবেৎ ক্রূররাক্ষসঃ ॥
শ্রাবণে বহুলে পক্ষে ন করোতি যদাষ্টমীং।
ক্রূরায়ুধাঃ ক্রূরমুখা হিংসন্তি যমকিঙ্করাঃ ॥
ন করোতি যদা বিষ্ণোর্জয়ন্তীসম্ভবং ব্রতং।
যমস্য বশমাপন্নঃ সহতে নারকীং ব্যথাং ॥
কিঞ্চ তত্রৈব ॥
কৃষ্ণজন্মাষ্টমীং ত্যক্ত্বা যোঽন্যব্রতমুপাসতে।
নাপ্নোতি সুকৃতং কিঞ্চিদ্দৃষ্টং শ্রুতমথাপি বা ॥
কিঞ্চ ॥
তুষ্ট্যর্থং দেবকীসূনোর্জয়ন্তীসম্ভবং ব্রতং।
কর্ত্তব্যং বিত্তমানেন ভক্ত্যা ভক্তজনৈরপি ॥

বিত্তমানেনেতি পাঠেতু ধনানুসারেণেত্যর্থঃ। ভক্তজনৈরকিঞ্চন-বৈষ্ণবৈরপি ভক্ত্যা কর্ত্তব্য-

ক্রূর রাক্ষস হয় ॥

শ্রাবণ মাসের কৃষ্ণপক্ষে যদি জন্মাষ্টমীর ব্রত না করা হয়, তাহা হইলে ভয়ানক অস্ত্রধারী বিকটবদন যমদূত সকল তাহাকে হিংসা করে ॥

যদি বিষ্ণুর জয়ন্তীসম্ভব ব্রত না করে, তাহা হইলে যমের বশতাপন্ন হইয়া নারকী ব্যথা সহ্য করিতে হয় ॥

আরও ঐ বিষ্ণুরহস্যে ॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণের জন্মাষ্টমীব্রত পরিত্যাগ করিয়া অন্য ব্রতের উপাসনা করে, দৃষ্ট হউক বা শ্রুত হউক, তাহার কোন পুণ্যই লাভ হয় না ॥

আরও ॥

ধনবান্ ব্যক্তি ভক্তিপূর্ব্বক ভক্তজনের সহিত দেবকীতনয়ের সন্তোষ নিমিত্ত জয়ন্তী সম্ভব ব্রত করিবেন, যদি না করেন তাহা

অকুর্ব্বন্ যাতি নিরয়ং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ১৫০ ॥

অথ শ্রীমজ্জন্মাষ্টমীমাহাত্ম্যং—

ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসম্বাদে জন্মাষ্টমীব্রতকথনে ॥

একেনৈবোপবাসেন কৃতেন কুরুনন্দন।
সপ্তজন্মকৃতাৎ পাপান্মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥
পুত্রসন্তানমারোগ্যং সৌভাগ্যমতুলং লভেৎ।
সত্যধর্ম্মরতো ভূত্বা মৃতো বৈকুণ্ঠমাপ্নুয়াৎ ॥
তত্র নিত্যং বিমানেন বর্ষলক্ষং যুধিষ্ঠির।
ভোগান্নানাবিধান্ ভুক্ত্বা পুণ্যশেষাদিহাগতঃ ॥
সর্ব্বকামসমৃদ্ধে তু সর্ব্বাসুখবিবর্জ্জিতে।
সর্ব্বধর্ম্মযুতে পার্থ সর্ব্বগোকুলসঙ্কুলে ॥
তস্মিন্রাষ্ট্রে প্রভুর্ভুঙ্‌ক্তে দীর্ঘায়ুর্মনসেপ্সিতান্।
ভোগানন্তে চ পরমং পদং যাত্যপুনর্ভবং ॥

মেব ॥ ১৫০ ॥

হইলে চতুর্দ্দশ ইন্দ্রের অধিকার কাল পর্য্যন্ত নিরয়গামী হইবেন ॥১৫০

অথ শ্রীমজ্জন্মাষ্টমীর মাহাত্ম্য ॥

ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণ যুধিষ্ঠিরসম্বাদে জন্মাষ্টমীর ব্রতকথনে ॥

হে কুরুনন্দন! একটীমাত্র উপবাস কৃত হইলে সপ্তজন্ম কৃত পাপ হইতে পরিত্রাণ পায় ইহাতে সংশয় নাই। এবং পুত্রসন্তান, আরোগ্য ও অতুল সৌভাগ্য লাভ হয়, তথা সত্যধর্ম্মরত হইয়া মরণান্তে বৈকুণ্ঠ-লোকে গমন করে ॥

হে যুধিষ্ঠির! ঐ বৈকুণ্ঠে বিমানারোহণে লক্ষবৎসর নানাবিধ ভোগ উপভোগানন্তর পুণ্যশেষে এই মনুষ্যলোকে আগমন করিয়া সর্ব্বকাম পরিপূর্ণ, সর্ব্বপ্রকার অসুখবর্জিত, সর্ব্বধর্ম্মযুক্ত ও গো-সমূহে সঙ্কুলরাজ্যে দীর্ঘ পরমায়ু বিশিষ্ট প্রভু হইয়া মনোজ্ঞ ভোগ

তৎকুলে রূপবিখ্যাতা জায়ন্তে হৃদয়ঙ্গমাঃ ॥
যস্মিন্ সদৈব দেশে তু লিখিতং বাপি চর্চ্চিতং।
মম জন্মদিনং পুণ্যং সর্ব্বালঙ্কারশোভিতং।
পূজ্যতে পাণ্ডবশ্রেষ্ঠ জনৈরুৎসবসংযুতং ॥ ১৫১ ॥
পরচক্রভয়ং তত্র ন কদাচিদ্ভবত্যুত।
পর্জ্জন্যঃ কামবর্ষী স্যাদীতিভ্যো ন ভয়ং ভবেৎ ॥ ১৫২ ॥
গৃহে বা পূজ্যতে যস্মিন্ দেবক্যাশ্চরিতং মম।
তত্র সর্ব্বসমৃদ্ধিঃ স্যান্নোপসর্গাদিকং ভয়ং ॥
পশুতো নকুলাদ্ব্যালাৎ পাপরোগাচ্চ পাতকাৎ।

লিখিতং তত্তন্মূর্ত্ত্যাদিচিত্রণেন পটাদাবঙ্কিতং চর্চ্চিতং চন্দনচূর্ণাদিভূষিতং সৎ। যদ্বা। পুস্তকে লিখিতং বর্ণময়ত্বেন চর্চ্চিতং পটাদিষু চিত্রিতং বাপীত্যর্থঃ ॥ ১৫১ ॥

ঈতয়শ্চোক্তাঃ। অতিবৃষ্টিরনাবৃষ্টিঃ শলভা মূষিকাঃ খগাঃ। প্রত্যাসন্নাশ্চ রাজানঃ ষড়েতা ঈতয়ঃ স্মৃতা ইতি ॥ ১৫২ ॥

দেবক্যা মম চরিতং তথৈব লিখিতং জন্মদিনবৃত্তং। উপসর্গা বিবিধোপদ্রবা আদিশব্দাৎ

সকল উপভোগান্তে অপুনর্ভব পরমপদে গমন করে ॥

হে পাণ্ডবশ্রেষ্ঠ! যে দেশে জন সকল কর্ত্তৃক চিত্রপটাদিতে আমার পুণ্য জন্মদিন লিখিত বা চর্চ্চিত এবং সর্ব্বালঙ্কার শোভিত ও উৎসব সংযুক্ত হইয়া পূজিত হয় তাহাদের কুলে রূপবান্, খ্যাত্যাপন্ন ও হৃদয়ঙ্গম সকলের জন্ম হইয়াথাকে ॥ ১৫১ ॥

সে স্থানে কখন পরচক্রের ভয় নাই, পর্জন্য যথাসময়ে বর্ষণ করে এবং ঈতি হইতে অর্থাৎ অতিবৃষ্টি, অনাবৃষ্টি, শলভ, মুষিক, খগ ও নিকটবর্ত্তী রাজা এই ছয় ঈতি হইতে ভয় হয় না ॥ ১৫২ ॥

যে গৃহে দেবকী এবং আমার চরিত্র অর্থাৎ জন্মদিনবৃত্তান্ত লিখিত থাকে সে খানে কোন উপসর্গাদির ভয় থাকে না। তথা পশু, নকুল,

রাজতশ্চৌরতো বাপি ন কদাচিদ্ভয়ং ভবেৎ ॥ ১৫৩ ॥
কিঞ্চ ॥
যস্মিন্ গৃহে পাণ্ডুপুত্র লিখ্যতে দেবকীব্রতং।
ন তত্র মৃতনিষ্ক্রান্তির্ন গর্ভপতনং তথা।
নচ ব্যাধিভয়ং তত্র ভবেদিতি মতং মম।
ন বৈধব্যং ন দৌর্ভাগ্যং ন দম্ভকলহৌ গৃহে ॥ ১৫৪ ॥
সম্পর্কেণাপি যঃ কুর্য্যাৎ কশ্চিজ্জন্মাষ্টমীব্রতং।
বিষ্ণুলোকমবাপ্নোতি সোঽপি পার্থ ন সংশয়ঃ ॥ ১৫৫ ॥
জন্মাষ্টমী জনমনোনয়নোৎসবাঢ্যা
পাপাপহা সপদি নন্দিতনন্দগোপা।

নরকাদি তদ্রূপং ভয়ং। উপসর্গাদিজমিতি বা পাঠঃ। উপসর্গানেবাভিব্যঞ্জয়তি পণ্ডত ইত্যাদি ॥ ১৫৩ ॥

দেবকীব্রতমিতি। আত্মনা সহ তস্যা অভেদাভিপ্রায়েণ। যদ্বা। তত্তপঃফলরূপং মজ্জন্মদিনব্রতমিত্যর্থঃ। পাঠান্তরং সুগমং। মৃতনিষ্ক্রান্তির্ন ভবতি কিন্তু জীবন্নেব গর্ভান্নিষ্ক্রামতীত্যর্থঃ। গর্ভস্য পতনং স্রাবশ্চ ন ভবতি ॥ ১৫৪ ॥

সম্পর্কেণ প্রসঙ্গেনাপি কেনাপি ॥ ১৫৫ ॥

সর্প, পাপরোগ, পাতক, রাজা, ও চৌর হইতে ভয়ের সম্ভাবনা নাই ॥ ১৫৩ ॥

হে পাণ্ডুপুত্র! যে স্থানে দেবকীব্রত অর্থাৎ আমার জন্মদিন-ব্রত লিখিত থাকে তথায় মৃতসন্তান প্রসব হয় না, গর্ভপাত হয় না, সেখানে ব্যাধি ভয় নাই, বৈধব্য নাই, দৌর্ভাগ্য নাই, এবং সেই গৃহে দম্ভ কলহ হয় না, ইহাই আমার মত ॥ ১৫৪ ॥

হে পার্থ! যে ব্যক্তি সম্পর্কবশতঃ জন্মাষ্টমীর ব্রত করে, তাহার বিষ্ণুলোক প্রাপ্তি হইবে ইহাতে কোন সংশয় নাই ॥ ১৫৫ ॥

জন্মাষ্টমী সকল জনের মন ও নয়নের উৎসব যুক্তা, পাপনাশিনী

যো দেবকীং সদয়িতাং যজতীহ তস্যাং
পুত্রানবাপ্য সমুপৈতি পদং স বিষ্ণোঃ ॥ ১৫৬ ॥
বিষ্ণুধর্ম্মে ॥
রোহিণীচ যদা কৃষ্ণপক্ষেঽষ্টম্যাং দ্বিজোত্তম ।
জয়ন্তী নাম সা প্রোক্তা সর্ব্বপাপহরা তিথিঃ ॥
যদ্বাল্যে যচ্চ কৌমারে যৌবনে বার্দ্ধকেঽপি যৎ ॥
সপ্তজন্মকৃতং পাপং স্বল্পং বা যদি বা বহু ।
তৎ ক্ষালয়তি গোবিন্দং তস্যামভ্যর্চ্য ভক্তিতঃ ॥ ১৫৭ ॥
হোমযজ্ঞাদিদানানাং ফলঞ্চ শতসম্মিতং ।
সংপ্রাপ্নোতি ন সন্দেহো যচ্চান্যৎ মনসেপ্সিতং ।
উপবাসশ্চ তত্রোক্তো মহাপাতকনাশনঃ ।

সদয়িতাং শ্রীবসুদেবযুক্তাং ॥ ১৫৬ ॥
কৌমারমত্র পৌগণ্ডং কৈশোরঞ্চ তস্মিন্ । এবমগ্রেঽপূহ্যং ॥ ১৫৭ ॥

এবং নন্দগোপের আনন্দদায়িনী, যে ব্যক্তি ঐ দিবস বসুদেবসহিত দেবকীর পূজা করেন, তিনি পুত্র লাভ করিয়া বিষ্ণুর পরমপদ প্রাপ্ত হয়েন ॥ ১৫৬ ॥

বিষ্ণুধর্ম্মে ॥

হে দ্বিজোত্তম ! কৃষ্ণপক্ষের অষ্টমীতে যদি রোহিণী নক্ষত্র হয়, তাহার নাম জয়ন্তী, ঐ তিথি সমুদায় পাপ হরণ করেন ॥

বাল্যে, কৌমারে, যৌবনে, বার্দ্ধক্যে তথা সপ্ত জন্মে যে পাপ কৃত হয়, তাহা অল্পই হউক বা অধিকই হউক ভক্তিসহকারে জনার্দ্দন ঐ দিবসে পূজিত হইলে তিনি সমুদায় পাপ ক্ষালন করিয়া দেন ॥ ১৫৭ ॥

জয়ন্তীর দিবস উপবাস করিলে মহাপাতক নাশ হয় এবং হোম যজ্ঞাদি দান সকলের শত সম্মিত ফল লাভ হয় ও মনে যাহা ইচ্ছা হয় তাহাই প্রাপ্তি হইবে ইহাতে কোন সন্দেহ নাই ॥

বিষ্ণুরহস্যে ॥

জয়ন্ত্যামুপবাসন্তু কৃত্বা যোঽর্চ্চয়তে হরিং।
তস্য জন্মশতোদ্ভূতং পাপং নশ্যতি সর্ব্বথা।
কৌমারে যৌবনে বাল্যে বার্দ্ধকে যদুপার্জ্জিতং।
তৎ পাপং শময়েৎ কৃষ্ণস্তিথাবস্যাং সুপূজিতঃ।
স্নানং দানং তথা হোমঃ স্বাধ্যায়োঽথ জপস্তপঃ।
সর্ব্বং শতগুণং প্রোক্তং জয়ন্ত্যাং যৎ কৃতং হরেঃ ॥
ধনধান্যবহা পুণ্যা সর্ব্বপাপহরা শুভা।
সমুপোষ্যা নরৈর্যত্নাজ্জয়ন্তী কৃষ্ণভক্তিদা ॥
ব্রহ্মপুরাণে পূর্ব্বখণ্ডে জন্মাষ্টমীমাহাত্ম্যে শ্রীসূতোক্তৌ ॥
যাতু কৃষ্ণাষ্টমী নাম বিশ্রুতা বৈষ্ণবী তিথিঃ।

---

বিষ্ণুরহস্যে ॥

যে ব্যক্তি জয়ন্তীর উপবাস করিয়া হরির পূজা করেন, সর্ব্বপ্রকারে তাঁহার শত জন্মোদ্ভব পাপ সর্ব্বপ্রকারে বিনষ্ট হয় ॥

যে মানব জয়ন্তীর উপবাস করিয়া শ্রীকৃষ্ণের পূজা করেন, তিনি কৌমারে যৌবনে বাল্যে বার্দ্ধক্যে যে পাপাচরণ করিয়াছেন শ্রীকৃষ্ণ ঐ তিথিতে পূজিত হইয়া তাঁহার ঐ সমুদায় পাপ বিনষ্ট করিয়া দেন ॥

শ্রীকৃষ্ণের জয়ন্তীতে স্নান, দান, হোম, স্বাধ্যায়, জপ এবং তপ যাহা কিছু করা হয় তৎসমুদায়ের শতগুণ ফল হইয়াথাকে ॥

মনুষ্যগণ! কৃষ্ণভক্তিপ্রদা জয়ন্তীতে উপবাস করিলে ঐ জয়ন্তী তাঁহাদিগের ধন ধান্য ও পুণ্যপ্রাপ্তি তথা সর্ব্বপাপ হরণ এবং মঙ্গল প্রদান করিয়াথাকেন ॥

ব্রহ্মপুরাণে পূর্ব্বখণ্ডে জন্মাষ্টমীমাহাত্ম্যে
শ্রীসূতের উক্তি যথা ॥

যে কৃষ্ণাষ্টমী বৈষ্ণবী তিথি বলিয়া বিশ্রুত, তাহাকে আশ্রয়

তস্যাঃ প্রভাবমাশ্রিত্য পূতাঃ সর্ব্বে কলৌ জনাঃ ।
শ্রাবণে মাসি বহুলা রোহিণীসংযুতাষ্টমী ।
জয়ন্তীতি সমাখ্যাতা সর্ব্বাঘৌঘবিনাশিনী ।
তস্যাং বিষ্ণুতিথৌ কেচিদ্ধন্যাঃ কলিযুগে জনাঃ ।
যেঽভ্যর্চ্চয়ন্তি দেবেশং জাগ্রতঃ সমুপোষিতাঃ ।
ন তেষাং বিদ্যতে ক্কাপি সংসারভয়মুল্বণং ।
যত্র তিষ্ঠন্তি তে দেশে কলিস্তত্র ন তিষ্ঠতি ।
তত্রৈব শ্রীশুকজনমেজয়সম্বাদে ॥
য এষ ভগবান্ বিষ্ণুর্দেবক্যাং বসুদেবতঃ ।
জাতঃ কংসবধার্থং হি তদ্দিনং মঙ্গলালয়ং ।
যা সা প্রত্যব্দমায়াতি শ্রাবণে বহুলাষ্টমী ।
সঙ্গতা রোহিণৃক্ষেণ নৃণাং মুক্তিফলপ্রদা ।

---

করিয়া কলির সমস্ত লোক পবিত্র হইয়াছে ॥

শ্রাবণ মাসের রোহিণীযুক্ত কৃষ্ণপক্ষের অষ্টমী জয়ন্তী বলিয়া বিখ্যাতা, উহা সমুদায় পাপরাশি বিনষ্ট করে ॥

কলিযুগে যে সকল ধন্য পুরুষ জাগরণ এবং উপবাস করিয়া দেবেশ্বরের অভ্যর্চ্চনা করেন, তাঁহাদের কোন স্থানে ভয়ানক সংসার ভয় হয় না, অধিক কি বলিব, যে স্থলে ঐ সকল লোক অবস্থিতি করেন সে স্থানে কলি অবস্থান করিতে সমর্থ হয় না ॥

ঐ স্থানে শ্রীশুক জনমেজয় সম্বাদে ॥

যে এই ভগবান্ বিষ্ণু কংসবধ নিমিত্ত বসুদেব হইতে দেবকীতে জন্ম গ্রহণ করিয়াছেন, তাঁহার ঐ জন্মদিবস মঙ্গলের আলয় স্বরূপ ॥

যে ঐ শ্রাবণ মাসের রোহিণী যুক্ত কৃষ্ণাষ্টমী প্রতিবৎসর উপস্থিত হন, উহা মনুষ্য সকলের মুক্তি ফল প্রদান করিয়া থাকেন। যে

যস্যাং সনাতনঃ সাক্ষাৎ পুরাণঃ পুরুষোত্তমঃ।
অবতীর্ণঃ ক্ষিতৌ সৈষা মুক্তিদেতি কিমদ্ভুতং।
তত্রৈবাগ্রে ব্রতবিধিকথনে॥
ইদমেব পরং শ্রেয় ইদমেব পরং তপঃ।
ইদমেব পরো ধর্ম্মো যদ্বিষ্ণুব্রতধারণং॥
স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে॥
কৃষ্ণজন্মাষ্টমী লোকে প্রসিদ্ধা পাপনাশিনী।
ক্রতুকোটিসমা ত্বেষা তীর্থাযুতশতৈঃ সমাঃ।
কপিলাগোসহস্রস্তু যো দদাতি দিনে দিনে।
তৎফলং সমবাপ্নোতি জয়ন্ত্যাং সমুপোষণে।
হেমভারসহস্রন্তু কুরুক্ষেত্রে প্রযচ্ছতি।
তৎফলং সমবাপ্নোতি জয়ন্ত্যাং সমুপোষণে॥

---

তিথিতে সাক্ষাৎ সনাতন পুরাণ পুরুষোত্তম পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন, সেই তিথি মুক্তি প্রদান করিবেন ইহাতে অদ্ভুত কি?।

ঐ গ্রন্থেরই অগ্রে ব্রতবিধিকথনে॥

বিষ্ণুর যে ব্রত ধারণ ইহাই পরম শ্রেয়ঃ, ইহাই পরম তপস্যা ও ইহাই পরম ধর্ম্ম বলিয়া অভিহিত॥

স্কন্দপুরাণে ব্রহ্মনারদ সম্বাদে॥

লোকমধ্যে কৃষ্ণজন্মাষ্টমী পাপনাশিনী বলিয়া প্রসিদ্ধ, ইহা কোটি যজ্ঞ ও অযুত তীর্থের সমান॥

যিনি প্রতিদিন সহস্র কপিলা গো দান করিয়া যে ফল লাভ করেন, জয়ন্তীতে উপবাস করিলে তাঁহার তৎ সম ফল লাভ হইয়াথাকে। কুরুক্ষেত্রে সহস্র স্বর্ণ ভার দান করিলে যে ফল হয়, জয়ন্তীর উপবাসে তাহাই লাভ হইয়াথাকে॥

রত্নকোটিসহস্রাণি যো দদাতি দ্বিজোত্তমে।
তৎ ফলং সমবাপ্নোতি জয়ন্ত্যাং সমুপোষণে॥
বাপীকূপসহস্রাণি দেবতায়তনানি চ।
কন্যাকোটিপ্রদানেন যৎ ফলং কবিভিঃ স্মৃতং॥
মাতাপিত্রোর্গুরূণাঞ্চ ভক্তিমুদ্বহতাং ফলং॥ ১৫৮॥
গুর্ব্বর্থে ব্রাহ্মণার্থে বা স্বাম্যর্থে বা ত্যজেত্তনুং।
পরোপকারযুক্তানাং তীর্থসেবারতাত্মনাং।
সত্যব্রতানাং যৎ পুণ্যং জয়ন্ত্যাং সমুপোষণে।
নিরাশ্রয়েষু বসতাং তাপসানান্তু যৎ ফলং।
রাজসূয়সহস্রেষু শতবর্ষাগ্নিহোত্রতঃ॥
একেনৈবোপবাসেন জয়ন্ত্যাং তৎ ফলং স্মৃতং।

শ্রেয় ঐহিকামুষ্মিকসুখং। তপঃ স্বধর্ম্মাচরণং কৃচ্ছ্রাদি বা। ধর্ম্মো যজ্ঞাদিজং পুণ্যং ভক্তিলক্ষণো বা॥ ১৫৮॥

হে দ্বিজোত্তম! যিনি সহস্র কোটি রত্ন দান করিয়া যে ফল লাভ করেন জয়ন্তীর উপবাসে তাঁহার তত্তুল্য ফল প্রাপ্তি হয়॥

সহস্র সহস্র বাপী, কূপ, দেবমন্দির এবং কোটি কন্যা প্রদান করিলে পণ্ডিতগণ যে ফল কহিয়াছেন, তথা মাতা পিতার ও গুরু-বর্গের ভক্তি উদ্বহনকারির যে ফল হয়॥ ১৫৮॥

গুরু, ব্রাহ্মণ এবং স্বামির নিমিত্ত দেহ পরিত্যাগ করিলে তথা যাহারা পরোপকার যুক্ত, তীর্থসেবারত ও সত্যব্রতপরায়ণ, তাঁহাদের যে পুণ্য হয়, জয়ন্তীর উপবাসে তৎসমুদায় প্রাপ্তি হইয়াথাকে॥

যাঁহারা নিরাশ্রয়ে বাস করেন, যাঁহারা তাপস, তাঁহাদিগের যে ফল হয় তথা সহস্র রাজসূয় যজ্ঞ ও শতবর্ষ অগ্নিহোত্র যজ্ঞ করিলে যে ফল হয় একমাত্র জয়ন্তীর উপবাস করিলে তত্তুল্য ফল হইয়াথাকে॥

কৃত্বা রাজ্যং মহীং ভুক্ত্বা প্রাপ্য কীর্ত্তিঞ্চ শাশ্বতীং।
জয়ন্ত্যাঞ্চোপবাসেন বিষ্ণোর্মূর্ত্তৌ লয়ং গতাঃ।
ধর্ম্মমর্থঞ্চ কামঞ্চ মুক্তিঞ্চ মুনিপুঙ্গব।
দদাতি বাঞ্ছিতান্ কামান্ শ্রাবণে মাসি চাষ্টমী।
জন্মাষ্টমীব্রতং যে বৈ প্রকুর্ব্বন্তি নরোত্তমাঃ॥
কারয়ন্তি চ বিপ্রেন্দ্র লক্ষ্মীস্তেষাং সদা স্থিরা।
ন বেদৈর্ন পুরাণৈশ্চ ময়া দৃষ্টং মহামুনে।
যৎ সমঞ্চাধিকং বাপি কৃষ্ণজন্মাষ্টমীব্রতাৎ॥ ১৫৯॥
নিয়মস্থং নরং দৃষ্ট্বা জন্মাষ্টম্যাং দ্বিজোত্তম।

গুর্ব্বাদ্যর্থে যস্তনুং ত্যজেৎ তস্য যৎ পুণ্যং স্যাদিত্যর্থঃ জয়ন্ত্যাং সম্যগুপোষণে উপবাসে সতি তৎ স্যাদিতি শেষঃ। তদুপোষণ ইতি বা পাঠঃ॥ ১৫৯॥

অনেকানেক লোক জয়ন্তী উপবাস দ্বারা রাজ্য করিয়া পৃথিবী ভোগ করিয়া তথা চিরস্থায়িনী কীর্ত্তি লাভ করিয়া বিষ্ণুমূর্ত্তিতে লয় প্রাপ্ত হইয়াছে॥

হে মুনিপুঙ্গব! শ্রাবণ মাসের অষ্টমী ধর্ম্ম, অর্থ, কাম, মুক্তি ও বাঞ্ছিত কামনা সকল প্রদান করিয়া থাকেন॥

হে বিপ্রেন্দ্র! যে সকল নরোত্তম জন্মাষ্টমীর ব্রত করেন বা অপরকে করান, লক্ষ্মী স্থিরভাবে সর্ব্বদা তাঁহাদিগের করে অবস্থিতা থাকেন॥

হে মহামুনে! কৃষ্ণজন্মাষ্টমীতে ব্রত করিলে তাহাতে যে ফল লাভ হয়, তাহার সমান বা তদপেক্ষা অধিক ফল বেদ বা পুরাণ-সকলে আমি দৃষ্ট করি নাই॥ ১৫৯॥

হে দ্বিজোত্তম! যে মনুষ্য জন্মাষ্টমীতে নিয়মধারণ করেন, যমরাজ তাঁহাকে অবলোকন করিয়া মলিনবদনে তাঁহার লিপি সকল প্রোঞ্ছন

বিবর্ণবদনো ভূত্বা তল্লিপিং মার্জ্জয়েদ্যমঃ ॥ ১৬০ ॥
কিঞ্চ ॥
ব্রতেনারাধ্য তং দেবং দেবকীসহিতং হরিং ।
ত্যক্ত্বা যমপথং ঘোরং যাতি বিষ্ণোঃ পরং পদং ।
স্মরণং বাসুদেবস্য মৃত্যুকালে ভবেন্মুনে ।
সিদ্ধ্যন্তি সর্ব্বকার্য্যাণি কৃতে জন্মাষ্টমীব্রতে ॥
মমাজ্ঞয়া কুরুধ্বং তজ্জয়ন্তীং মুক্তয়ে তথা ॥
ব্রহ্মাণ্ডে শ্রীসূতোক্তৌ চ তদ্ব্রতমহিমানুবর্ণনান্তে ॥
ইত্যেতৎ কথিতমশেষশাস্ত্রগুহ্যং
শ্রীকৃষ্ণব্রতমহিমানুবর্ণনং যৎ ।

---

তস্য লিপিং পাপাদিলিখনং ॥ ১৬০ ॥

---

করিয়াদেন অর্থাৎ তিনি জন্মাবধি যত পাপ করিয়া ছিলেন, যম তাহা পত্রিকা হইতে মুছিয়া ফেলেন, একারণ আর তাহাকে নরক দর্শন করিতে হয় না ॥ ১৬০ ॥

আরও ॥

যে ব্যক্তি ব্রত দ্বারা দেবকীর সহিত দেব হরিকে আরাধনা করেন, তিনি ভয়ানক যমপথ পরিত্যাগ করিয়া বিষ্ণুর পরমপদে গমন করেন ॥

হে মুনে ! জন্মাষ্টমীব্রত করিলে, মৃত্যুকালে বাসুদেবের স্মরণ এবং সমুদায় কার্য্য সিদ্ধ হয় ॥

হে মহামুনে ! যদি মুক্তি লাভ করিতে ইচ্ছা থাকে, তাহা হইলে জয়ন্তীর ব্রত করুন ॥

ব্রহ্মাণ্ডপুরাণে শ্রীসূতের বাক্যেও—

জন্মাষ্টমীব্রত মহিমা বর্ণনের পর ॥

শ্রীকৃষ্ণব্রতের মহিমানুবর্ণন যাহা সমস্ত শাস্ত্রে গোপনীয়, মনুষ্য

শ্রুত্বৈতৎ সকৃদপি পাতকৈর্বিমুক্তো
দেহান্তে ব্রজতি নরো মুরারিলোকং ॥ ১৬১ ॥
অথ জন্মাষ্টমীব্রতনির্ণয়ঃ ॥
কৃষ্ণোপোষ্যাষ্টমী ভাদ্রে রোহিণ্যাঢ্যা মহাফলা।

তদ্ব্রতাচরণমাহাত্ম্যং কিং লেখ্যং তচ্ছ্রবণাদপি পরম্পারমিতি পুনর্ব্রহ্মাণ্ডপুরাণবচনং লিখতি ইতীতি ॥ ১৬১ ॥

ভাদ্রে মাসি কৃষ্ণাষ্টমী উপোষ্যা সা চ রোহিণীনক্ষত্রেণ যুতা সতী মহাফলা। কেবলাষ্টম্যুপবাসতো রোহিণীযুক্তাষ্টম্যুপবাসে ফলাতিশয়ো ভবতীত্যর্থঃ। এবময়ং পূর্ব্বতোঽপবাদঃ। পূর্ব্বদিনে রোহিণীযুক্তায়া অষ্টম্যা বিদ্ধায়াঃ সত্যাঃ তথা শুদ্ধায়া অপি সত্যাঃ পরদিনে বুধবারাদিযোগপ্রাশস্ত্যাপেক্ষয়া পরিত্যাজ্যত্বাৎ। অতো রোহিণীযোগে ফলবিশেষ এব তাৎপর্য্যং। অতএব লিখিতং মহাফলেতি। এবমগ্রেঽপি জ্ঞেয়ং। অত্র রোহিণীযোগেঽপি নিশীথে অর্দ্ধরাত্রে অষ্টমী মহাফলা। কিঞ্চেতি পূর্ব্বসমুচ্চয়ে। ইন্দৌ সোমবারে জ্ঞে বুধবারে বা নিশীথে রোহিণ্যাঢ্যাষ্টমী যদা ভবতি তদা মহাফলেত্যর্থঃ। অত্র চ ব্রতদ্বয়োদাহরণং দ্রষ্টব্যং। যদ্যপি তস্মিন্ বচনে নিশীথযোগো ন শ্রূয়তে তথাপি কিং পুনর্নবমীযুক্তেত্যাদিকৈমুতিকন্যায়েন পৃথগুক্তের্নিশীথযোগে ব্রতাপেক্ষয়া তদ্দিনে ব্রতে সতি পরদিনে তিথিনক্ষত্রবৃদ্ধিসম্ভবাৎ তিথিভান্তে চ পারণমিত্যস্যাবকাশঃ স্যাৎ। তচ্চাগ্রে পারণলিখনে ব্যক্তং ভাবি। অপি শব্দোঽপি পূর্ব্বসমুচ্চয়ে। সোমে বুধে বা রোহিণ্যাষ্টমীযুক্তা চেদ্ভবতি তদা চ মহাফলেত্যর্থঃ। তত্র চ যদ্যপি রাত্রিশেষে নবমীযোগে সতি নিশীথযোগোঽপি ঘটতে তথাপি উদয়ে চাষ্টমী কিঞ্চিন্নবমী সকলা যদি ইতি বচনাপেক্ষয়া নিশীথযোগোঽত্র ন প্রায়েণাদরনীয়ঃ। যদি চ কদাচিন্নিশীথে তত্তদ্যোগো বৃত্তঃ নবমীচ রাত্রিশেষে স্যাত্তদা সংযোগবিশেষো মন্তব্যঃ। যতঃ কেষাঞ্চিন্মতে কিঞ্চিদষ্টমীবৃদ্ধৌ রোহিণ্যাং সত্যাং নবমীদিন এব তত্তদ্দারা

তাহা একবার মাত্র শ্রবণ করিলে সমুদায় পাতক হইতে মুক্ত হইয়া দেহান্তে বিষ্ণুলোকে গমন করেন ॥ ১৬১ ॥

জন্মাষ্টমীব্রতনির্ণয় ॥

ভাদ্রমাসের কৃষ্ণপক্ষের অষ্টমীতে অর্দ্ধরাত্রে যদি রোহিণীনক্ষত্র হয়, আর সেই দিন যদি সোমবার বা বুধবার এবং নবমীসংযুক্ত হয়,

নিশীথেহত্রাপি কিঞ্চেন্দৌ জ্ঞে বাপি নবমীযুতা ॥ ১৬২ ॥
তত্র রোহিণীযুক্তা বিষ্ণুরহস্যে ॥
প্রাজাপত্যর্ক্ষসংযুক্তা কৃষ্ণা নভসি চাষ্টমী ।
মুহূর্ত্তমপি লভ্যেত সৈবোপোষ্যা মহাফলা ॥ ১৬৩ ॥
মুহূর্ত্তমপ্যহোরাত্রে যস্মিন্ যুক্তন্তু লভ্যতে ।
অষ্টম্যা রোহিণীঋক্ষং তাং সুপুণ্যামুপাবসেৎ ॥ ১৬৪ ॥
কিঞ্চ তত্রৈব ॥
অষ্টমী কৃষ্ণপক্ষস্য রোহিণীঋক্ষসংযুতা ।

---

যোগে তত্তদ্বচনবলান্মহাফলতাবগম্যতে নান্যত্রেতি। তচ্চ তিথিভান্তে চ পারণমিত্যস্যানবকাশান্নাদরণীয়মিতি দিক্। এতচ্চাশেষমগ্রে লেখ্য-তত্তদ্বচনতঃ সবিশেষং ব্যক্তং ভাবি ॥১৬২॥

জন্মাষ্টমীদিনে প্রাপ্তে যেন ভুক্তমিত্যেতৎ তথা যে ন কুর্ব্বন্তি জানন্ত ইত্যাদীনি চ নিত্যতালিখনে পূর্ব্বং লিখিতানি বচনান্যেব কেবলভাদ্রকৃষ্ণাষ্টম্যুপবাসোদাহরণানি বর্ত্তন্ত এব ইদানীং রোহিণ্যাদিযোগবচনান্যুদাহরণত্বেন লিখতি প্রাজাপত্যেত্যাদিনা বিশেষত ইত্যন্তেন। নভসি শ্রাবণে ॥ ১৬৩ ॥

অষ্টম্যা যুক্তং ॥ ১৬৪ ॥

---

তাহা হইলে ঐ তিথিতে উপবাস করিলে উনি মহাফল প্রদান করেন ॥ ১৬২ ॥

তন্মধ্যে রোহিণীযুক্তা যথা—
বিষ্ণুরহস্যে ॥

শ্রাবণ মাসে রোহিণীনক্ষত্র যুক্তা কৃষ্ণাষ্টমী যদি মুহূর্ত্তমাত্র প্রাপ্ত হওয়া যায়, তাহা হইলে তাহাতেই উপবাস করিবে, ঐ তিথি মহাফল স্বরূপা ॥ ১৬৩ ॥

দিবারাত্রের মধ্যে যে অষ্টমীতে মুহূর্ত্তমাত্র রোহিণীনক্ষত্রের সংযোগ হয়, সেই তিথিতে উপাবাস করিবে ॥ ১৬৪ ॥

আরও ঐ স্থলেই ॥

ভাদ্রমাসের কৃষ্ণপক্ষের অষ্টমীতে যদি রোহিণীনক্ষত্র সংযুক্ত হয়,

ভবেৎ প্রৌষ্ঠপদে মাসি জয়ন্তী নাম সা স্মৃতা ॥ ১৬৫ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
রোহিণ্যৃক্ষং যদা কৃষ্ণপক্ষেঽষ্টম্যাং দ্বিজোত্তম।
জয়ন্তী নাম সা প্রোক্তা সর্ব্বপাপহরা তিথিঃ।
যদ্বাল্যে যচ্চ কৌমারে যৌবনে বার্দ্ধকে তথা।
বহুজন্মকৃতং পাপং হন্তি সোপোষিতা তিথিঃ।
স্কান্দে ॥
প্রাজাপত্যেন সংযুক্তা অষ্টমী তু যদা ভবেৎ।
শ্রাবণে বহুলে পক্ষে সর্ব্বপাপপ্রণাশিনী ॥
জয়ং পুণ্যঞ্চ কুরুতে জয়ন্তীং তেন তাং বিদুঃ ॥

কিঞ্চ। যা চ রোহিণীযুক্তা সা জয়ন্তী নাম। সৈবোপবাসাদৌ মহাফলেত্যভিপ্রায়েণ লিখতি অষ্টমীত্যাদিসার্দ্ধাষ্টকেন। প্রৌষ্ঠপদে ভাদ্রে ॥ ১৬৫ ॥

তাহা হইলে ঐ তিথির নাম জয়ন্তী, ঋষিগণ এইরূপ কহিয়াছেন ॥১৬৫

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

হে দ্বিজোত্তম! যদি কৃষ্ণপক্ষের অষ্টমীতে রোহিণীনক্ষত্র সংযুক্ত হয়, তাহা হইলে ঐ তিথির নাম জয়ন্তী, উনি সমস্ত পাপ হরণ করিয়া থাকেন ॥

বহুজন্ম বাল্যে, কৌমারে, যৌবনে, বার্দ্ধক্যে যে সকল পাপ কৃত হইয়াছে, জয়ন্তীতিথি উপোষিতা হইলে তৎসমুদায় পাপ বিনষ্ট করেন ॥

স্কন্দপুরাণে ॥

শ্রাবণ মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী যখন রোহিণীনক্ষত্রে সংযুক্ত হয়, তখন তিনি উপোষিতা হইলে সমস্ত পাপ বিনষ্ট করেন, জয় দেন, পুণ্যদেন, এজন্য পণ্ডিতগণ ইহাকে জয়ন্তী বলিয়া থাকেন ॥

বিষ্ণুপুরাণে ॥

কৃষ্ণাষ্টম্যাং ভবেদযত্র কলৈকা রোহিণী নৃপঃ।
জয়ন্তী নাম সা জ্ঞেয়া উপোষ্যা সা প্রযত্নতঃ।
সপ্তজন্মকৃতং পাপং রাজন্ যত্ত্রিবিধং নৃণাং।
তৎ ক্ষালয়তি গোবিন্দস্তিথৌ তস্যান্ত ভাবিতঃ ॥ ১৬৬ ॥
উপবাসশ্চ তত্রোক্তো মহাপাতকনাশনঃ।
জয়ন্ত্যাং জগতীপাল বিধিনাত্র ন সংশয়ঃ ॥ ১৬৭ ॥
ত্রেতায়াং দ্বাপরে চৈব রাজন্ কৃতযুগে তথা।
রোহিণীসংযুতা চেয়ং বিদ্বদ্ভিঃ সমুপোষিতা ॥

অগ্নিপুরাণে ॥

অর্দ্ধরাত্রাদধশ্চোর্দ্ধং কলয়া বা যদা ভবেৎ।

ত্রিবিধং কায়িকাদিভেদেন। পাতকোপপাতকাদিভেদেন বা। ভাবিতঃ পূজিতঃ ধ্যাতোঽপি বা ॥ ১৬৬ ॥

বিধিনা উপবাসঃ ॥ ১৬৭ ॥

বিষ্ণুপুরাণে ॥

হে নৃপ! যে কৃষ্ণাষ্টমীতে কলামাত্র রোহিণী নক্ষত্র হয় তাহার নাম জয়ন্তী, যত্ন পূর্ব্বক উহাতে উপবাস করিবে ॥

হে রাজন্! যে ব্যক্তি সপ্তজন্ম কায়িক বাচিক ও মানসিক ভেদে ত্রিবিধ পাপ করিয়াছে, সে যদি ঐ জয়ন্তী তিথিতে গোবিন্দের অর্চ্চনা করে তাহা হইলে তিনি তাহার সমুদায় পাপ ক্ষালন করিয়া দেন ॥ ১৬৬

হে মহীপাল! জয়ন্তীতে যথাবিধি উপবাস মহাপাতক নাশন বলিয়া কথিত হইয়াছে, ইহাতে সংশয় নাই ॥ ১৬৭ ॥

হে রাজন্! বিদ্বান্ ব্যক্তিগণ সত্য, ত্রেতা ও দ্বাপর এই তিন যুগে রোহিণীযুক্তা অষ্টমীতে উপবাস করিয়াছেন ॥

অগ্নিপুরাণে ॥

অর্দ্ধরাত্রের পর যদি এক কলা রোহিণী হয় তাহা হইলে তাহার

জয়ন্তী নাম সা প্রোক্তা সর্ব্বপাপপ্রণাশিনী ॥
অর্দ্ধরাত্রযুতা ভবিষ্যবিষ্ণুধর্ম্ময়োঃ ॥
রোহিণ্যামর্দ্ধরাত্রে চ যদা কৃষ্ণাষ্টমী ভবেৎ।
তস্যামভ্যর্চ্চনং শৌরের্হন্তি পুণ্যং ত্রিজন্মজং ॥
প্রাজাপত্যর্ক্ষসংযুক্তা কৃষ্ণা নভসি চাষ্টমী।
সোপবাসো হরেঃ পূজাং তত্র কৃত্বা ন সীদতি।
অর্দ্ধরাত্রে চ যোগোঽয়ং তারাপত্যুদয়ে সতি ॥
কিঞ্চ ॥
রোহিণীসহিতা কৃষ্ণা মাসি ভাদ্রপদেঽষ্টমী।
অর্দ্ধরাত্রাদধশ্চোর্দ্ধং কলয়াপি যদা ভবেৎ ॥
তত্র জাতো জগন্নাথঃ কৌস্তুভী হরিরব্যয়ঃ।
তমেবোপবসেৎ কালং কুর্য্যাৎ তত্রৈব জাগরং ॥

নম্বষ্টম্যা রোহিণীযোগঃ কদা গ্রাহ্য ইত্যপেক্ষায়াং লিখতি অর্দ্ধেতি। অধঃ পরস্তাৎ

নাম জয়ন্তী, উহা সর্ব্বপাপপ্রণাশিনী বলিয়া কথিত হইয়াছে ॥

অর্দ্ধরাত্রযুতা—

ভবিষ্য ও বিষ্ণুধর্ম্মে যথা—

রোহিণীর অর্দ্ধরাত্রে যখন কৃষ্ণাষ্টমী হয়, তাহাতে যে শ্রীকৃষ্ণের অর্চ্চনা করা হয় ঐ অর্চ্চনে তিন জন্মের পুণ্য বিনষ্ট হয় ॥

শ্রাবণ মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী রোহিণী নক্ষত্র যুক্ত হইলে তাহাতে উপবাস ও হরির পূজা করিলে কোন ক্রমে অবসন্ন হয় না। অর্দ্ধরাত্রে তারাপতির ( চন্দ্রের ) উদয় হইলে এই যোগ হয় ॥

আরও ॥

ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমী অর্দ্ধরাত্রের অধঃ অথবা ঊর্দ্ধ যদি কলামাত্র রোহিণীর সহিত মিলিত হয়, তাহা হইলে ঐ তিথিতে কৌস্তুভধারী অব্যয় হরি জগন্নাথ জন্মগ্রহণ করিয়াছেন, সেই কালটী উপবাস ও

জয়ন্তী নাম সা রাত্রিস্তত্র জাতো জনার্দ্দনঃ।
নিয়তাত্মা শুচিঃ স্নাত্বা পূজাং তত্র প্রবর্ত্তয়েৎ ॥ ১৬৮ ॥
বহ্নিপুরাণে ॥
সমযোগে তু রোহিণ্যা নিশীথে রাজসত্তম।
সমজায়ত গোবিন্দো বালরূপী চতুর্ভুজঃ ॥
তস্মাত্তং পূজয়েত্তত্র যথাবিত্তানুসারতঃ ॥
ভবিষ্যোত্তরে ॥
মাসি ভাদ্রপদেঽষ্টম্যাং কৃষ্ণপক্ষেঽর্দ্ধরাত্রকে।
শশাঙ্কে বৃষরাশিস্থে প্রাজাপত্যর্ক্ষসংযুতে ॥
উপোষিতোঽর্চ্চয়েৎ কৃষ্ণং যশোদাং দেবকীন্তথা ॥
কিঞ্চ ॥

ঊর্দ্ধং বা পূর্ব্বং কলামাত্রেণাপি যোগো যদা ভবেৎ। অত্র চ যোগমাত্রে তাৎপর্য্যং নত্বর্দ্ধরাত্রে তথা বিবক্ষায়াঞ্চায়ং শ্লোকোঽর্দ্ধরাত্রযোগপ্রকরণে দ্রষ্টব্যঃ ॥ ১৬৮ ॥

তাহাতেই জাগরণ করিবে। ঐ রাত্রির নাম জয়ন্তী, উহাতে জগন্নাথ হরি জন্ম গ্রহণ করিয়াছেন, অতএব সংযতচিত্ত, শুচি ও স্নান করিয়া তাহাতে পূজা প্রবর্ত্তিত করিবে ॥ ১৬৮ ॥

বহ্নিপুরাণে ॥

হে রাজসত্তম! নিশীথ রাত্রে রোহিণীর সহিত যোগ হইলে তাহাতেই বালরূপী চতুর্ভুজ গোবিন্দ জন্ম গ্রহণ করিয়াছেন। একারণ যথাবিভবানুসারে তাহাতে তাঁহার পূজা করিবে ॥

ভবিষ্যোত্তরে ॥

অর্দ্ধরাত্রে বৃষরাশিস্থ চন্দ্রে রোহিণীনক্ষত্রের সংযোগে ভাদ্রমাসের কৃষ্ণপক্ষের অষ্টমীতে কৃষ্ণ, যশোদা ও দেবকীর পূজা করিবে ॥

আরও ॥

মাসি ভাদ্রপদেঽষ্টম্যাং নিশীথে কৃষ্ণপক্ষকে।
শশাঙ্কে বৃষরাশিস্থে ঋক্ষে রোহিণিসংজ্ঞকে।
যোগেঽস্মিন্ বসুদেবাদ্ধি দেবী দেবমজীজনৎ ॥
তস্মাৎ সংপূজয়েদত্র শুচিঃ সম্যগুপোষিতঃ ॥ ১৬৯ ॥
পাদ্মে ॥
প্রেতযোনিং গতানাস্তু প্রেতত্বং নাশিতং নরৈঃ।
যৈঃ কৃতা শ্রাবণে মাসি অষ্টমী রোহিণীযুতা ॥
কিং পুনর্বুধবারেণ সোমেনাপি বিশেষতঃ।
কিং পুনর্নবমীযুক্তা কুলকোট্যাস্তু মুক্তিদা ॥
স্কান্দে ॥

সমযোগ ইতি নিশীথমাত্রব্যাপিনী রোহিণী চাষ্টমী চেতি বোধয়তি। অতএব শুদ্ধেতি পর্য্যবস্যতি ॥ ১৬৯ ॥

ভাদ্রমাসের কৃষ্ণপক্ষের অষ্টমীতে নিশীথকালে বৃষরাশিস্থ চন্দ্রে রোহিণীনক্ষত্র যুক্ত এই যোগে বসুদেব হইতে দেবকীদেবী শ্রীকৃষ্ণকে প্রসব করিয়াছেন, অতএব শুচিপূর্ব্বক উপবাস করিয়া শ্রীকৃষ্ণের পূজা করিবে ॥ ১৬৯ ॥

পদ্মপুরাণে ॥

যে সকল মনুষ্য শ্রাবণমাসে রোহিণীসংযুক্ত অষ্টমীতে ব্রত করেন, তাঁহারা প্রেতযোনিগত ব্যক্তিদিগের প্রেতত্ব নাশ করিয়া থাকেন ॥

অপর ঐ রোহিণীযুক্তা অষ্টমী যদি বুধবার বা সোমবার অথবা নবমীসংযুক্তা হয়, তাহা হইলে উহা কোটি কুলকে মুক্তি প্রদান করে॥

স্কন্দপুরাণে ॥

উদয়ে চাষ্টমী কিঞ্চিন্নবমী সকলা যদি।
ভবতে বুধসংযুক্তা প্রাজাপত্যর্ক্ষসংযুতা।
অপি বর্ষশতেনাপি লভ্যতে বা নবা বিভো।
ভবিষ্যে চ॥
নবম্যাং যোগনিদ্রায়াঃ জন্মাষ্টম্যাং হরেস্ততঃ।
নবম্যা সহিতোপোষ্যা রোহিণীবুধসংযুতেতি॥
ইন্দুঃ পূর্ব্বেহহনি জ্ঞে বা পরে চেদ্রোহিণীযুতা।

---

উদয়কালে কিঞ্চিৎ অষ্টমী এবং সমস্ত দিবারাত্রি নবমী তথা বুধবার ও রোহিণীনক্ষত্র সংযুক্ত হয় তাহা হইলে এমত যোগ অতি দুর্ল্লভ, হে বিভো! ইহা শতবর্ষে লাভ হয় কি না হয় তাহা বলিতে পারি না॥

ভবিষ্যপুরাণে॥

নবমীতে যোগনিদ্রার এবং অষ্টমীতে হরির জন্ম হয়, অতএব বুধবার সংযুক্ত নবমী সহিত অষ্টমীতে উপবাস করিবে। পূর্ব্বদিবস যদি সোমবার অথবা বুধবার হয়, আর যদি অষ্টমী ষাটাইয়া গিয়া পরদিবস রোহিণীর সহিত সংযুক্ত হয় তাহা হইলে পরদিবস নবমীযুক্তা বৃদ্ধিগামিনী অষ্টমীতে উপবাস করিবে॥

তাৎপর্য্য। সূর্যোদয় হইতে অষ্টমী প্রবৃত্তা হইয়া সম্পূর্ণ ষষ্টিদণ্ড ভোগ করিয়া পরদিবস যদি কিছু থাকে তাহা হইলে কোন্ দিবস ব্রত করিবে এই সংশয় হওয়ায় বলিতেছেন,—পূর্ব্বদিবস সপ্তমী বিদ্ধাবর্জিত শুদ্ধা অষ্টমীতে সোমবার বা বুধবার সংযোগ হয় তবে পূর্ব্বদিবস ব্রত করিবে, আর যদি পরদিবস রোহিণী নক্ষত্রের সহিত অষ্টমীর যোগ হয় তাহা হইলে সোমবার ও বুধবার সংযুক্ত শুদ্ধা অষ্টমীতে ব্রত না করিয়া নবমী যুক্তা অষ্টমীতে ব্রত করিবে। আর যদি দুই দিনেই

কেবলা চাষ্টমী বৃদ্ধা সোপোষ্যা নবমীযুতা ॥
তথাচ পাদ্মে ॥
মুহূর্ত্তেনাপি সংযুক্তা সম্পূর্ণা চাষ্টমী ভবেৎ।
কিং পুনর্নবমীযুক্তা কুলকোট্যাস্তু মুক্তিদা।
সূতোক্তৌ চ ॥
মাসি ভাদ্রপদে কৃষ্ণা অষ্টমী নবমী ভবেৎ।
পূজ্যাষ্টমী ততঃ পুম্ভিঃ স্ত্রীভিশ্চাপি বিশেষতঃ ॥ ১৭০ ॥
রোহিণ্যাদের্বিযুক্তাপি সোপোষ্যা কেবলাষ্টমী।

লভ্যতে বা নবেতি পরমদৌর্লভ্যোক্ত্যাস্য যোগস্য মহামহিমাভিপ্রেতঃ ॥ ১৭০ ॥

নন্বেবং রোহিণ্যর্দ্ধরাত্রাদিযোগাপেক্ষয়া কদাচিদ্বিদ্ধোপবাসপ্রসঙ্গঃ স্যাৎ তথা তত্তদ্যোগাভাবে ব্রতলোপপ্রসঙ্গোঽপি ভবেৎ তচ্চাযুক্তং অগ্রে বিদ্ধাবর্জ্জনাৎ। তথা ব্রতস্য নিত্যত্বাচ্চ সত্যং তত্তদ্যোগশ্চ ফলবিশেষার্থ এব জ্ঞেয়ঃ নতু ব্রতেঽবশ্যমপেক্ষণীয়ঃ অতস্তদ্যোগাভাবেঽপি কেবলাষ্টম্যামেব ব্রতং বিধেয়মিতি লিখতি রোহিণ্যাদীতি। আদিশব্দেন অর্দ্ধরাত্রনবম্যাদি-

নক্ষত্র যোগ না হয় তাহা হইলে ঐ উভয় দিনের মধ্যে যে দিন সোমবার বা বুধবার সংযুক্ত হইবে সেই দিবসেই ব্রত করিবে ॥

এই বিষয়ের প্রমাণ পদ্মপুরাণে যথা—

সম্পূর্ণা অষ্টমী যদি মুহূর্ত্তমাত্র রোহিণীর সহিত মিলিতা হয়, আবার যদি উহা নবমীর সহিত সংযুক্তা হয়, তাহা হইলে ঐ তিথি কোটি কুলকে মুক্তি প্রদান করে ॥

সূতের বাক্য যথা—

ভাদ্রমাসে কৃষ্ণপক্ষের অষ্টমীতে যদি নবমী সংযুক্তা অষ্টমী হয়, তাহা হইলে পুরুষগণ এবং বিশেষতঃ স্ত্রীলোক ঐ তিথির সমাদর করিবেন ॥ ১৭০ ॥

রোহিণী প্রভৃতির যোগ না হইলে কেবল অষ্টমীতে উপবাস

তত্তদ্যোগস্তু বৈশিষ্ট্যে ব্রতলোপোঽন্যথা ভবেৎ ॥ ১৭১ ॥
ইত্থং শুদ্ধৈব লিখিতা যোগাদ্বহুবিধাষ্টমী ।
ত্যাজ্যা বিদ্ধা চ সপ্তম্যা সা বিদ্ধৈকাদশী যথা ॥ ১৭২ ॥
অথ সপ্তমীবিদ্ধজন্মাষ্টমীব্রতনিষেধঃ—
ব্রহ্মবৈবর্ত্তে ॥

---

সা ভাদ্রমাসস্থ কৃষ্ণপক্ষীয়া বিশিষ্টনিমিত্তে ফলবিশেষার্থমেবেত্যর্থঃ। এবঞ্চ রোহিণ্যর্দ্ধরাত্রাদিযোগানামবশ্যাপেক্ষত্বাভাবাদ্বিদ্ধাবর্জ্জনমপি সিদ্ধমেব ॥ ১৭১ ॥

এতদেবাভিব্যঞ্জয়ন্ বিদ্ধাব্রতং ত্যাজয়তি ইত্থমিতি। যোগাদিতি রোহিণ্যাদিযোগভেদেন বহুবিধাপি জন্মাষ্টমীয়ং শুদ্ধৈব সপ্তমীবেধবর্জ্জিতৈব লিখিতা নতু রোহিণ্যাদিযোগাঽপেক্ষয়া বিদ্ধেত্যর্থঃ। অতো বিশুদ্ধায়ামেব সত্যাং তত্তদ্যোগ আদরণীয়ো নতু বিদ্ধায়ামিতি ভাবঃ। যতো বিদ্ধা সর্ব্বথৈব ত্যাজ্যেতি। সা জন্মাষ্টমী চ সপ্তম্যা বিদ্ধা সতী ত্যাজ্যৈব। তত্র বৈষ্ণবানাং সর্ব্বথা সর্ব্বত্র বিদ্ধাত্যাগং দৃষ্টান্তেন স্মারয়তি বিদ্ধেতি। এতচ্চৈকাদশীপ্রকরণে স্পষ্টং লিখিতমেব ॥ ১৭২ ॥

---

করিবে, আর যদি যোগের শ্রেষ্ঠতা বলা যায় তাহা হইলে কখন কখন ব্রত লোপেরও সম্ভাবনা হইতে পারে ॥

তাৎপর্য্য। যদি অর্দ্ধরাত্র যোগের প্রতি আদর করা হয়, তাহা হইলে কখন সপ্তমী বিদ্ধা অষ্টমীতে উপবাস ঘটিতে পারে, একারণ সপ্তমী বিদ্ধা অষ্টমীতে সোমবার বা বুধবার অথবা রোহিণী নক্ষত্রের যোগ হইলেও তাহাতে ব্রত করিবে না ॥ ১৭১ ॥

এই প্রকার যোগ ভেদে অষ্টমী বহু প্রকার হইলেও শুদ্ধাই লিখিত হইয়াছে, যেমন বিদ্ধা একাদশী পরিত্যাগ করিতে হয়, তদ্রূপ সপ্তমী বিদ্ধা অষ্টমী পরিত্যাগ করিতে হইবে ॥ ১৭২ ॥

অথ সপ্তমীবিদ্ধা অষ্টমীব্রত নিষেধ—

ব্রহ্মবৈবর্ত্তে ॥

বর্জ্জনীয়া প্রযত্নেন সপ্তমীসহিতাষ্টমী।
সঋক্ষাপি ন কর্ত্তব্যা সপ্তমীসংযুতাষ্টমী॥
পাদ্মে॥
পঞ্চগব্যং যথাশুদ্ধং ন গ্রাহ্যং মদ্যসংযুতং।
রবিবিদ্ধা তথা ত্যাজ্যা রোহিণীসহিতা যদি।
পূর্ব্ববিদ্ধা যথা নন্দা বর্জ্জিতা শ্রবণান্বিতা।
তথাষ্টমীং পূর্ব্ববিদ্ধাং সঋক্ষাঞ্চ বিবর্জ্জয়েৎ॥ ১৭৪॥

রবিঃ সপ্তমী। যদ্যপি রোহিণীসহিতা॥ ১৭৩॥

নন্দা একাদশী শ্রবণান্বিতাপি। অত্র চ যথাশব্দবলাৎ কেচিদেবং মন্যন্তে। অরুণোদয়ে দশম্যা বিদ্ধা যথৈকাদশীবর্জ্জিতা তথা অরুণোদয়ে সপ্তম্যা বিদ্ধা জন্মাষ্টম্যপি ত্যাজ্যা। অতো রোহিণীং বিনাপি নবম্যেবোপোষ্যা। অতএবোক্তং স্কান্দে। জন্মাষ্টমীং পূর্ব্ববিদ্ধাং সঋক্ষাং সকলামপি। বিহায় শুদ্ধাং নবমীমুপোষ্য ব্রতমাচরেদিত্যাদি। অনেনাভিপ্রায়েণৈব পাদ্মে স্কান্দাদৌ নবমীযুতাপীতি অষ্টম্যুপবাসস্য প্রাশস্ত্যমুক্তমিতি তচ্চ ন সুসঙ্গতং। একাদশীতরাশেষতিথীনাং রব্যুদয়তঃ প্রবৃত্তানামেব সম্পূর্ণত্বেনারুণোদয়বেধাসিদ্ধেঃ। তচ্চ পূর্ব্বং সম্পূর্ণালক্ষণে লিখিতমেব॥ ১৭৪॥

যত্ন সহকারে সপ্তমী সহিত অষ্টমী বর্জন করিবে, নক্ষত্র সংযুক্ত হইলেও সপ্তমী সহিত অষ্টমীতে ব্রত করিবে না॥

পদ্মপুরাণে॥

যেমন পঞ্চগব্য শুদ্ধ হইলেও মদ্য সংযুক্ত হইলে তাহা গ্রহণীয় হয় না, তদ্রূপ যদি রোহিণী সংযুক্তও হয় তথাপি সপ্তমীবিদ্ধাঅষ্টমীকে ব্রতবিষয়ে পরিত্যাগ করিবে॥ ১৭৩॥

যেমন পূর্ব্ববিদ্ধা একাদশী শ্রবণানক্ষত্র সংযুক্ত হইলেও পরিত্যাগ করিবে তদ্রূপ পূর্ব্ববিদ্ধা অষ্টমী নক্ষত্র সংযুক্ত হইলেও তাহাকে আদর করিবে না॥ ১৭৪॥

বর্জ্জনীয়া প্রযত্নেন সপ্তমীসংযুতাষ্টমী।
বিনা ঋক্ষেণ কর্ত্তব্যা নবমীসংযুতাষ্টমী।
অবিদ্ধায়াং সঋক্ষায়াং জাতো দেবকিনন্দনঃ।
বাসরে বা নিশার্দ্ধে বা সপ্তম্যাঞ্চ যদাষ্টমী।
পূর্ব্বমিশ্রা তদা ত্যাজ্যা প্রাজাপত্যর্ক্ষসংযুতা ॥ ১৭৫ ॥
পাদ্মে ॥
জন্মাষ্টমীং পূর্ব্ববিদ্ধাং সঋক্ষাং সকলামপি।
বিহায় নবমীং শুদ্ধামুপোষ্য ব্রতমাচরেৎ ॥
সকলাপি সঋক্ষাপি নবমীসংযুতাপি চ।
জন্মাষ্টমী পূর্ব্ববিদ্ধা ন কর্ত্তব্যা কদাচন।
পলবেধেতু বিপ্রেন্দ্র সপ্তম্যা চাষ্টমীং ত্যজেৎ।
সুরায়া বিন্দুনা স্পৃষ্টং গঙ্গাম্ভঃকলসং যথা।

অপ্যর্থে চকারঃ। সঋক্ষাং রোহিণীসহিতামপি ॥ ১৭৫ ॥

সপ্তমী সংযুক্তা অষ্টমী যত্ন সহকারে বর্জন করিবে, নক্ষত্রের যোগ না থাকিলেও কেবল নবমীযুক্তা অষ্টমীতে ব্রত করিবে। সপ্তমী-বেধ-রহিত রোহিণী নক্ষত্র সংযুক্তা অষ্টমীতে দেবকীনন্দন জন্ম গ্রহণ করিয়াছেন। দিবায় বা অর্দ্ধরাত্রে অষ্টমী হইলে, তাহাতে যদি রোহিণী নক্ষত্র সংযুক্ত হয় তাহা হইলে পূর্ব্ববিদ্ধা ত্যাগ করিবে ॥ ১৭৫ ॥

পদ্মপুরাণে ॥

সম্পূর্ণ রোহিণী নক্ষত্র সংযুক্ত জন্মাষ্টমী হইলে পূর্ব্ববিদ্ধা পরিত্যাগ করিয়া কেবল নবমীতে উপবাস করিয়া ব্রত করিবে ॥

সমস্ত দিবা রাত্র রোহিণী নক্ষত্র ও নবমী সংযুক্ত হইলেও কখন সপ্তমীবিদ্ধা জন্মাষ্টমী করিবে না ॥

হে বিপ্রেন্দ্র! সপ্তমী যদি এক পল মাত্রও বিদ্ধা হয়, তাহা হইলে অষ্টমী ত্যাগ করিবে, যেমন সুরাবিন্দু স্পৃষ্ট গঙ্গাজল-কলস অপবিত্র

বিনা ঋক্ষেণ কর্ত্তব্যা নবমী সংযুতাষ্টমী।
সঋক্ষাপি ন কর্ত্তব্যা সপ্তমীসংযুতাষ্টমী ॥ ১৭৬ ॥
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন ত্যাজ্যমেবাশুভং বুধৈঃ।
বেধে পুণ্যক্ষয়ং যাতি তমঃ সূর্য্যোদয়ে যথা ॥ ১৭৭ ॥
যাজ্ঞবল্ক্যস্মৃতৌ ॥
সম্পূর্ণা চার্দ্ধরাত্রে তু রোহিণী যদি লভ্যতে।
কর্ত্তব্যা সা প্রযত্নেন পূর্ব্ববিদ্ধাং বিবর্জ্জয়েদিতি ॥

প্রাজাপত্যর্ক্ষসংযুতাপি নবমীসংযুতাপীতি অষ্টমীক্ষয়াভিপ্রায়েণ ॥ ১৭৬ ॥

অশুভং বেধলক্ষণং ॥ ১৭৭ ॥

এবং জন্মাষ্টমী সর্ব্বথা শুদ্ধৈব কর্ত্তব্যা নতু কথঞ্চিদ্বিদ্ধেতি নিশ্চিতং। অত্র যানি বিদ্ধাব্রতপরাণি বচনানি বর্ত্তন্তে। তথাচ বহ্নিপুরাণে। সপ্তমীসংযুতাষ্টম্যাং নিশীথে রোহিণী যদি। ভবিতা চাষ্টমী পুণ্যা যাবচ্চন্দ্রদিবাকরাবিতি। অগ্নিপুরাণে। তস্মাৎ কৃষ্ণাষ্টমী পূজ্যা সপ্তম্যাং নৃপসত্তম। রোহিণীসংযুতোপোষ্যা সর্ব্বাঘৌঘবিনাশিনী। পাদ্মে। কার্য্যা বিদ্ধাপি সপ্তম্যা রোহিণীসহিতাষ্টমী। তত্রোপবাসং কুর্ব্বীত তিথিভান্তে চ পারণমিতি। বিষ্ণুধর্ম্মোত্তরে চ। জয়ন্তী শিবরাত্রিশ্চ কার্য্যে ভদ্রাজয়ান্বিতে। কৃত্বোপবাসং তিথ্যন্তে তথা

হয় তদ্রূপ ॥

নক্ষত্র ব্যতিরেকেও নবমী সংযুক্ত অষ্টমীতে ব্রত করিবে, কিন্তু নক্ষত্রান্বিত সপ্তমীবিদ্ধা অষ্টমীতে ব্রত করিবে না ॥ ১৭৬ ॥

অতএব পণ্ডিত ব্যক্তি সর্ব্ব প্রযত্নে অমঙ্গল ত্যাগ করিবে, সপ্তমীবেধে ব্রত করিলে পুণ্য ক্ষয় হয়, যেমন সূর্যোদয়ে অন্ধকার বিনষ্ট হয় তদ্রূপ ॥

যাজ্ঞবল্ক্য স্মৃতিতে ॥

সম্পূর্ণা অষ্টমীর অর্দ্ধরাত্রে যদি রোহিণী লাভ হয় তাহা হইলে তাহাতেই ব্রত করিবে কিন্তু যত্ন সহকারে পূর্ব্ববিদ্ধা পরিত্যাগ করিতে হইবে ॥

যচ্চ বহ্নিপুরাণাদৌ প্রোক্তং বিদ্ধাষ্টমীব্রতং।
অবৈষ্ণবপরং তচ্চ কৃতং তদ্দেবমায়য়া ॥ ১৭৮ ॥
তথাচ স্কান্দে ॥
পুরা দেবৈর্ঋষিগণৈঃ স্বপদচ্যুতিশঙ্কয়া।
সপ্তমীবেধজালেন গোপিতং হ্যষ্টমীব্রতং ॥ ১৭৯ ॥
ইয়ং প্রামাণিকৈঃ কৃষ্ণদেবাচার্য্যাদিবৈষ্ণবৈঃ।

কুর্ব্বীত পারণামিত্যাদীনি। তানি বিষয়ভেদব্যবস্থাপনাদিনা পরিহরত্তি যচ্চেতি। অবৈষ্ণবাঃ বৈষ্ণবেতরাঃ শৈবসৌরাদয়স্তৎপরং তদ্বিষয়কং। সর্ব্বত্রৈকাদশীরামনবমীনৃসিংহচতুর্দ্দশ্যাদৌ বৈষ্ণবানাং বিদ্ধাবর্জ্জনাৎ। নন্বত্র বিদ্ধাবর্জ্জনবচনেষু বৈষ্ণবশব্দো ন প্রযুক্তঃ দোষাশ্চ বহবঃ শ্রূয়ন্তে অতঃ সর্ব্বেষামেব সামান্যতো বিদ্ধাবর্জ্জনং যুক্তমিত্যতঃ পক্ষান্তরং লিখতি কৃতং বেতি ॥ ১৭৮ ॥

ঋষিগণৈঃ কৃত্বা। এবঞ্চ সতি বিদ্ধাবচনানাং স্থানং কল্পয়িত্বা বিদ্ধাব্রতং যে ব্যবস্থাপয়ন্তি তেঽপি দেবমায়াবিমোহিতা ইতি জ্ঞেয়ং। যতো বক্তৃভেদেন পুরাণাদিভেদেন চ পৃথক্ পৃথক্ বর্ত্তমানানি তত্তদ্বচনানি কথমেকাধিকারিপরতাং লভন্তামতো বিষয়ভেদব্যবস্থৈব যুক্তেতি দিক্ ॥ ১৭৯ ॥

এতাদৃশী চ ব্যবস্থা ন ময়া নিজবুদ্ধ্যৈব কল্পিতাস্তি কিন্তু সর্ব্বশাস্ত্রবেদিপুরাতনবৈষ্ণববরলিখিতপদ্ধত্যাদিদৃষ্ট্যৈবাত্র নিবদ্ধেতি লিখতি ইয়মিতি জন্মাষ্টমীব্রতবিষয়া। প্রামাণিকৈঃ

যদিচ অগ্নিপুরাণাদিতে বিদ্ধাষ্টমীতে ব্রত বিধান করিয়াছেন, তাহা অবৈষ্ণবপর অর্থাৎ শৈব সৌরাদি বিষয়ক জানিতে হইবে এবং উহা দেবমায়া দ্বারা কৃত হইয়াছে ॥ ১৭৮ ॥

স্কন্দপুরাণে ॥

পূর্ব্বকালে দেব ও ঋষিগণ স্বীয় পদচ্যুতি আশঙ্কা করিয়া সপ্তমী বেধরূপ জালদ্বারা অষ্টমী ব্রত গোপন করিয়াছেন অর্থাৎ সপ্তমী বিদ্ধা অষ্টমীতে ব্রত করিলে পুণ্য ক্ষয় হইবে, আর তাহারা দেবত্ব বা ঋষিত্ব প্রাপ্ত হইবে না ॥ ১৭৯ ॥

সর্ব্বলোকের আদরণীয় নৃসিংহপরিচর্য্যাকার কৃষ্ণদেবাচার্য্য প্রভৃতি

ব্যবস্থাপ্যা চ নির্ণীতা লিখিতাচারতঃ সতাং।
শুদ্ধা চ রোহিণীযুক্তা পূর্ব্বেঽহনি পরত্র চ।
অষ্টম্যুপোষ্যা পূর্ব্বৈব তিথিভান্তে চ পারণং ॥ ১৮০ ॥
কেবলকৃষ্ণোপাসনাশাস্ত্রে গৌতমীয়তন্ত্রে
তন্ত্রদীক্ষামুদ্দিশ্য যথোক্তং ॥

সর্ব্বলোকাদরণীয়ৈরাপ্ততমৈরিত্যর্থঃ। অন্যাচ শিবরাত্র্যাদিব্রতবিষয়া নির্ণীতা বর্ত্ততে কিন্তু ময়া সতামাচারতঃ সতাং শাস্ত্রানুবর্ত্তিনাং বৈষ্ণবানাং আচারতঃ আচারদৃষ্ট্যা নির্ণীতেত্যন্বয়ঃ। যদ্বা। ন কেবলং তত্তৎপদ্ধতিগ্রন্থদৃষ্ট্যা লিখিতা কিন্তু সতামাচারতশ্চেতি মধ্যদেশীয়ানাং বৈষ্ণবানাং বিদ্ধাবর্জ্জননিয়মেন প্রায়ঃ পরদিনে ব্রতাচরণাৎ। এবং শ্রীবৈষ্ণববর্গসম্মতৈবাত্র গ্রন্থে ব্যবস্থা লিখ্যতে নতু বৈষ্ণবেতরস্মৃতিপরজনকল্পিতেতি ভাবঃ। ইত্থঞ্চ উদয়ে চাষ্টমী কিঞ্চিদিতি পূর্ব্বদিনে সপ্তমীবেধে রোহিণ্যভাবে বা সত্যেব পরদিনে ব্রতমিতি। তথা প্রেতযোনিগতানাং স্থিত্যাদি চ রাত্রিশেষে নবমীযুতত্ববিষয়ং এবমেব মুহূর্ত্তেনাপীতি দ্বয়ঞ্চ। তথা শিবরাত্রৌ বিদ্ধাত্যাগবচনদ্বয়ঞ্চ পূর্ব্বদিনে চতুর্দ্দশ্যাঃ প্রদোষব্যাপ্ত্যাদাবিতি। তথা চাগ্রে লেখ্যশ্রবণদ্বাদশীব্রতবিষয়িকা বৈষ্ণবেতরস্মার্ত্তসম্মতা সর্ব্বা ব্যবস্থা নিরস্তেতি দিক্। অলমতিবিস্তরেণ ॥ ১৮০ ॥

বৈষ্ণবগণ জন্মাষ্টমী প্রভৃতি অন্যান্য ব্রতের যে সমস্ত ব্যবস্থা নির্ণয় করিয়াছেন সৎসকলের আচারানুসারে তাহাই লিখিত হইতেছে ॥

যদি রোহিণী যুক্তা সপ্তমীবেধ বর্জিত শুদ্ধা অষ্টমী পূর্ব্বদিন ও পরদিন ব্যাপিয়া থাকে তাহা হইলে পূর্ব্বদিবসের অষ্টমীতে উপবাস করিয়া পরদিবস তিথি বা নক্ষত্রের অন্তে পারণ করিবে ॥ ১৮০ ॥

কেবল কৃষ্ণোপাসনার শাস্ত্র গৌতমীয়তন্ত্রে
তন্ত্রদীক্ষা উদ্দেশ করিয়া যাহা উক্ত
হইয়াছে, তাহা বর্ণন করিতেছি ॥

অথ ভাদ্রসিতাষ্টম্যাং প্রাদুরাসীৎ স্বয়ং হরিঃ।
ব্রহ্মণা প্রার্থিতঃ পূর্ব্বং দেবক্যাং কৃপয়া বিভুঃ॥
রোহিণ্যৃক্ষে শুভতিথৌ দৈত্যানাং নাশহেতবে।
মহোৎসবং প্রকুর্ব্বীত যত্নতস্তদ্দিনে শুভে॥
রাজন্যৈর্ব্রাহ্মণৈর্বৈশ্যৈঃ শূদ্রৈশ্চৈব স্বশক্তিতঃ।
উপবাসঃ প্রকর্ত্তব্যো ন ভোক্তব্যং কদাচন॥
কৃষ্ণজন্মদিনে যস্তু ভুঙ্‌ক্তে সতু নরাধমঃ।
নিবসেন্নরকে ঘোরে যাবদাহূতসংপ্লবং॥
অষ্টমী রোহিণীযুক্তা চার্দ্ধরাত্রং যদা স্পৃশেৎ।

ননু তর্হি তিথিভান্তে চ পারণমিত্যস্য সর্ব্বত্র প্রসিদ্ধস্য বাক্যস্য কা গতিরস্তু। শুদ্ধোপবাসে সতি পরদিনেঽষ্টমীনিষ্ক্রমাসম্ভবাৎ। তত্র লিখতি শুদ্ধা চেতি। যদা তিথিবৃদ্ধিক্রমেণাষ্টমী রোহিণী চ সাম্যেন পূর্ব্বদিনং ব্যাপ্য পরদিনে নিষ্ক্রমেৎ। তদা পূর্ব্বদিনে ব্রতং কৃত্বা পরদিনেঽষ্টমীরোহিণ্যোরন্তে সতি পারণং কার্য্যমিত্যর্থঃ। যদ্যপি উদয়ে চাষ্টমী কিঞ্চিন্নবমী সকলা যদীতি বচনবলাৎ পরস্মিন্নেব দিনে ব্রতমাপদ্যেত তথাপি বুধে সোমে বা শুদ্ধাষ্টম্যামর্দ্ধরাত্রে রোহিণীপ্রাপ্ত্যা যোগবাহুল্যাপেক্ষাতস্তথা শুদ্ধাষ্টমীপরিত্যাগবচনাশ্রবণাচ্চ পূর্ব্বস্মিন্নেব দিনে ব্রতমুপযুক্তং। এবঞ্চ পূর্ব্বদিনেঽর্দ্ধরাত্রে রোহিণীযোগে চ পর-

পূর্ব্বে ব্রহ্মা কর্ত্তৃক প্রার্থিত হইয়া এবং কৃপা প্রকাশ করিয়া দেবকীতে দৈত্য সকলের নাশ নিমিত্ত ভাদ্রমাসের রোহিণীনক্ষত্র যুক্ত শুভ কৃষ্ণাষ্টমীতে স্বয়ং হরি প্রাদুর্ভূত হইয়াছেন, অতএব ঐ শুভদিনে যত্নপূর্ব্বক মহোৎসব করিবে॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র স্বীয় শক্তি অনুসারে উপবাস করিবেন, কখন ভোজন করিবেন না॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণের জন্মদিনে ভোজন করে সে নরাধম, মহাপ্রলয় পর্য্যন্ত ঘোরতর নরকে বাস করিবে॥

যদি রোহিণীযুক্তা অষ্টমী অর্দ্ধরাত্রকে স্পর্শ করে, তাহা হইলে

উপোষ্য তাং তিথিং বিদ্বান্ কোটিযজ্ঞফলং লভেৎ।
সোমাহ্নি বুধবারে বা অষ্টমী রোহিণীযুতা।
জয়ন্তী নাম সা খ্যাতা তাং লভেৎ পুণ্যসঞ্চয়ৈঃ॥
তস্যামুপোষ্য যৎ পাপং লোকঃ কোটিভবোদ্ভবং।
বিমুচ্য নিবসেদ্বিপ্র বৈকুণ্ঠে বিরজে পুরে॥
অষ্টমী নবমীবিদ্ধা উমামাহেশ্বরী তিথিঃ।
সৈবোপোষ্যা সদা পুণ্যকাঙ্ক্ষিভীরোহিণীং বিনা॥
পরবিদ্ধা সদা কার্য্যা পূর্ব্ববিদ্ধান্তু বর্জ্জয়েৎ।
অষ্টমী সপ্তমীবিদ্ধা হন্যাৎ পুণ্যং পুরাকৃতং॥

স্মিন্নেব দিনে ব্রতং জ্ঞেয়ং। অতএব প্রাজাপত্যর্ক্ষসংযুতা নবমী সকলা যদীত্যুক্তং। অন্যথা তত্তদ্যোগপ্রশস্ত শুদ্ধাষ্টমীত্যাগাপত্তেঃ। যদ্বা। ভবতে বুধবারেণেত্যাদ্যুক্তেবুর্ধ-সোমবারয়োরেকতরেণ যোগে সতি সম্পূর্ণামপি শুদ্ধামপ্যর্দ্ধরাত্রে রোহিণীযুক্তামপ্যষ্টমীং

বিদ্বান্ ব্যক্তি সেই তিথিতে উপবাস করিবেন; তাহাতে কোটিযজ্ঞের ফল লাভ হয়॥

সোমবার বা বুধবারে রোহিণীযুক্তা অষ্টমী হইলে, তাহার নাম জয়ন্তী, ভূরি ভূরি পুণ্য থাকিলে উহা লাভ হয়॥

হে ব্রহ্মন্! ঐ জয়ন্তীতে উপবাস করিলে, মনুষ্য কোটিজন্ম সমুদ্ভব পাপ হইতে বিমুক্ত হইয়া নির্ম্মল বৈকুণ্ঠপুরে বাস করে॥

অষ্টমী যদি নবমী বিদ্ধা হয়, তাহা হইলে উহার নাম উমামাহেশ্বরী তিথি। যাঁহারা পুণ্য আকাঙ্ক্ষা করেন, তাঁহারা রোহিণী যোগ ব্যতিরেকেও সর্ব্বদা ঐ তিথিতে উপবাস করিবেন॥

সর্ব্বদা পূর্ব্ববিদ্ধা অর্থাৎ সপ্তমী বিদ্ধা পরিত্যাগ করিয়া পরবিদ্ধায় অর্থাৎ নবমী বিদ্ধায় ব্রত করিবে, যে হেতু সপ্তমী বিদ্ধা অষ্টমী পূর্ব্বকালের সঞ্চিত পুণ্য সকল বিনষ্ট করিয়া দেয়॥

ব্রহ্মহত্যাফলং দদ্যাদ্ধরিবৈমুখ্যকারণাৎ ॥
কেবলন্তৃক্ষযোগেন উপবাসস্তিথিং বিনা।
ন যচ্ছতি শুভং কার্য্যং মুনিভিঃ পরিকীর্ত্তিতং।
পরেঽহ্নি পারণং কুর্য্যাৎ তিথ্যন্তে বাথ ঋক্ষতঃ ॥
যদৃক্ষম্বা তিথির্ব্বাপি রাত্রিং ব্যাপ্য ব্যবস্থিতা।
দিবসে পারণং কুর্য্যাদন্যথা পতনং ভবেদিতি ॥
উমামাহেশ্বরী তিথিরিতি তৎসংজ্ঞেত্যর্থঃ। অত্র কারণঞ্চ
যথোক্তং ভোজরাজীয়ে ॥
অষ্টম্যাং পূজয়েচ্ছম্ভুং নবম্যাং শক্তিরিজ্যতে।
তয়োর্যোগে তু সংপ্রাপ্তে দ্বয়োঃ পূজা মহাফলেতি ॥
অত্র কেবলমিত্যাদাবুমামাহেশ্বরী তিথিঃ।

অধিকন্তু হরির বৈমুখ্য হেতু ব্রহ্মহত্যা ফল প্রদান করে ॥

তিথি ব্যতিরেকে কেবল নক্ষত্র যোগে উপবাস করিলে উহা অশুভ ফল প্রদান করে, মুনিগণ কীর্ত্তন করিয়াছেন ॥

পর দিবস তিথির অন্তে বা নক্ষত্রের অন্তে পারণ করিবে ॥

যে নক্ষত্র বা তিথি রাত্রি পর্য্যন্তব্যাপিয়া থাকে, তাহাতে দিবসে পারণ করিবে, ইহার অন্যথা হইলে পতন হইবে ॥

পূর্ব্বে উমামাহেশ্বরী এই যে তিথি বলা হইয়াছে, তাহা সংজ্ঞা মাত্র জানিবে ॥

এস্থলে ভোজরাজীয় নামক গ্রন্থে কারণ যাহা উক্ত করিয়াছেন, তাহা বর্ণন করিতেছি ॥

অষ্টমীতে শম্ভুর পূজা করিবে এবং নবমীতে শক্তির অর্চ্চনা করিবে ঐ দুইয়ের যোগ প্রাপ্ত হইলে উভয়ের পূজা মহাফল স্বরূপ হয় ॥

এই প্রস্তাবে "কেবলন্তৃক্ষযোগেন" ইত্যাদি স্থলে উমামাহেশ্বরী তিথি বুঝিতে হইবে। ইহাকে যখন তিথি বলা হইয়াছে তখন ইহা

তিথিঃ প্রোক্তা সৈব যস্মাদুপোষ্যত্বেন নিশ্চিতা ॥
অপি-শব্দশ্চ তত্র স্যাদ্‌যদুক্তং রোহিণীং বিনা।
তস্মাদত্রাপি সপ্তম্যা বিদ্ধাষ্টম্যেব বর্জ্জিতা ॥
যদৃক্ষঞ্চেতি যদ্বাক্যং তত্তু সামান্যতদ্‌যুতৌ।
প্রসঙ্গাদুক্তমস্মিন্ হি বিদ্ধা ত্যক্তৈব সাগ্রহং।
শ্রুতিলিঙ্গাদিকন্যায়াচ্ছ্রুতেরেব হি মুখ্যতা ॥
তদেবমষ্টমীহানৌ ব্রতলোপঃ প্রসজ্যতে ॥
তন্নিরস্তং পূর্ব্বমেব স্কান্দবাক্যানুসারতঃ।
জন্মাষ্টমীং পূর্ব্ববিদ্ধামিত্যাদ্যং যদুদীরিতং ॥

পূর্ব্বাং পরিত্যজ্য তত্তদ্বচনবলাদুত্তরৈরেবোপোষ্যা অস্মদাদৌ পূর্ব্বৈব। তদানীমেব তিথিভান্তে চ পারণমিতি। কেচিচ্চ বৈষ্ণবা মুহূর্ত্তেনাপীতি পদ্যদ্বয়াদরেণ তত্তদ্বারেরোহিণ্যভাবেঽপি দ্বাদশীনির্গমবৎ পরস্মিন্নেব দিনে ব্রতমিচ্ছন্তি তিথিভান্তে চ পারণমিত্যাদিকঞ্চ বৈষ্ণববিষয়মিতি মন্যতে। অত্র সম্প্রদায়াচার এব গতিরিতি দিক্ ॥ ১৮১ ॥

অর্থাৎ নবমী যুক্তা অষ্টমীই উপবাসবিষয়ে বিহিত হইয়াছে ॥

সে স্থলে যে অপি শব্দ প্রয়োগ হইয়াছে, তাহা রোহিণী ব্যতিরেকে জানিতে হইবে, সেই হেতু এস্থলে সপ্তমী বিদ্ধা অষ্টমী বর্জন করিবে ॥

নক্ষত্র যুক্ত এই যাহা কথিত হইয়াছে, তাহা সামান্যাকার যোগ বিষয়ে প্রসঙ্গাধীন জানিবে, কিন্তু বিদ্ধা ত্যাগ সকল বচনেরই আগ্রহ জানিতে হইবে ॥

শ্রুতিলিঙ্গন্যায় হেতু যে শ্রুতির মুখ্যতা উহাই অষ্টমীর হানিতে ব্রতলোপের প্রসঙ্গ হয় ॥

স্কন্দপুরাণের বাক্যানুসারে অর্থাৎ "জন্মাষ্টমীং পূর্ব্ববিদ্ধাং" এই বচনানুসারে উহা পূর্ব্বেই নিরস্ত হইয়াছে ॥

নৃসিংহপরিচর্য্যায়াং দৃষ্টান্তাশ্চ প্রদর্শিতাঃ ।
দশমীবেধযোগেন শুদ্ধো হি দ্বাদশীব্রতঃ ॥
সপ্তম্যবেধবেধোক্তিব্যবস্থা যা কৃতা পরৈঃ ।
নিরস্তা সা পুরা দেবৈরিত্যাদিবচসোবলাৎ ॥
বৈষ্ণবাবৈষ্ণবদ্বৈধাদ্ব্যবস্থৈব তদর্হতি ॥
যত উক্তমাগ্নেয় বিষ্ণুধর্ম্ময়োঃ ॥
দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ ।
বিষ্ণুভক্তিপরো দৈব আসুরস্তদ্বিপর্য্যয়ঃ ॥ ১৮১ ॥
অথ জন্মাষ্টমীপারণকালনির্ণয়ঃ ॥
শুদ্ধায়াঃ কেবলায়াশ্চাষ্টমীবৃদ্ধৌ তু পারণং ।

শুদ্ধায়াঃ সপ্তমীবেধরহিতায়াঃ কেবলায়াঃ একাকিন্যাঃ রোহিণীং বিনা ভূতায়াঃ ইত্যর্থঃ। বৃদ্ধৌ সত্যাং তিথেরষ্টম্যা অন্তে বিচ্ছেদে সতি পারণং। ভে চ রোহিণীনক্ষত্রে কেবলে অধিকে বৃদ্ধে সতি তস্য রোহিণীনক্ষত্রস্যান্তে পারণং। দ্বয়োশ্চ তিথিনক্ষত্রয়োর্বৃদ্ধৌ সত্যাং

দশমীবেধযোগে দ্বাদশীব্রত শুদ্ধ হয়, নৃসিংহপরিচর্য্যায় ইহার দৃষ্টান্ত প্রদর্শিত হইয়াছে "নিরস্তা সা পুরা দেবৈঃ" ইত্যাদি বচনবলে সপ্তমীবেধরহিত ও সপ্তমীবেধযুক্ত এই যে ব্যবস্থা প্রাচীনেরা কহিয়াছেন, তাহা বৈষ্ণব ও অবৈষ্ণবভেদে ব্যবস্থা দুই প্রকারই যোগ্য হয় ॥

যেহেতু অগ্নিপুরাণ ও বিষ্ণুধর্ম্মোত্তরে কথিত হইয়াছে ॥

এই লোকে দুই প্রকার ভূতসৃষ্টি, এক দৈব, দ্বিতীয় আসুর, তন্মধ্যে যাঁহারা বিষ্ণুভক্ত, তাঁহারা দৈব, আর যাহারা বিষ্ণুভক্তি-বিবর্জিত, তাহারা আসুর ॥ ১৮১ ॥

অথ জন্মাষ্টমীর পারণকাল নির্ণয় ॥

শুদ্ধা এবং কেবলা অর্থাৎ সপ্তমীবেধরহিত রোহিণী ব্যতিরেকে

তিথ্যন্তে ভেঽধিকে ভান্তে দ্বিবৃদ্ধৌ চৈকভেদতঃ ॥

তথাচ বহ্নিপুরাণে ॥

ভান্তে কুর্য্যাৎ তিথের্বাপি শস্তন্তারত পারণং ॥

কিঞ্চ ॥

রোহিণীসংযুতা চেয়ং বিদ্বদ্ভিঃ সমুপোষিতা।

বিয়োগে পারণং কুর্য্যুর্মুনয়ো ব্রহ্মবাদিনঃ ॥

সাংযোগিকে তু সংপ্রাপ্তে যত্রৈকোঽপি বিযুজ্যতে।

তত্রৈব পারণং কুর্য্যাদেবং বেদবিদো বিদুঃ ॥ ১৮২ ॥

একস্য তয়োর্মধ্যে তিথের্নক্ষত্রস্য বা কস্যচিচ্ছেদতশ্ছেদে সতি পারণং কার্য্যমিত্যর্থঃ। পূর্ব্বন্তু তিথিভান্তে চ পারণমিতি যল্লিখিতং তচ্চ দ্বয়োরেব সাম্যেন বৃদ্ধ্যভিপ্রায়েণ কিম্বা অগ্রে লেখ্যপক্ষান্তরাদরেণেতি জ্ঞেয়ং। সংযোগিকে ব্রত ইত্যনেন সংযোগস্যাপেক্ষয়া অষ্টম্যা সংযোগাভাবে রোহিণ্যামপি পারণং কার্য্যমেব ॥ ১৮২ ॥

কেবলমাত্র অষ্টমী যদি বৃদ্ধি প্রাপ্ত হইয়া পর দিনে অবস্থিতি করে, তাহা হইলে অষ্টমীর অন্তে পারণ করিবে। আর যদি কেবল নক্ষত্র বৃদ্ধি হইয়া পর দিনে থাকে, তাহা হইলে রোহিণীর অন্তে পারণ করিবে। তথা যদি তিথি নক্ষত্র দুই বৃদ্ধি পাইয়া পর দিনে থাকে, তবে তিথি নক্ষত্র এই দুইয়ের মধ্যে একের অন্ত হইলে পারণ করিবে। অপর যদি দুইয়ের সমতা হয়, তবে উভয়ের অন্তে পারণ করিবে ॥

এই বিষয়ের প্রমাণ অগ্নিপুরাণে যথা ॥

হে ভারত! নক্ষত্রের অন্তে অথবা তিথির অন্তে পারণ প্রশস্ত ॥

আরও ॥

পণ্ডিতগণ রোহিণীসংযুক্ত অষ্টমীতে উপবাস করেন, বেদজ্ঞ মুনিসকল রোহিণীর অন্তে পারণ করিয়া থাকেন, আর যদি তিথি নক্ষত্র সংযোগে ব্রত হয়, তাহা হইলে যখন একের বিয়োগ হইবে, তখন পারণ করিবে, বেদজ্ঞেরা এইরূপ অবগত আছেন ॥ ২৮২ ॥

যদ্বা তিথ্যৃক্ষয়োরেব দ্বয়োরন্তে তু পারণং।
সমর্থানামশক্তানাং দ্বয়োরেকবিয়োগতঃ ॥ ১৮৩ ॥
অত উক্তং যাজ্ঞবল্ক্যেন ॥
যাঃ কাশ্চিত্তিথয়ঃ প্রোক্তাঃ পুণ্যা নক্ষত্রসংযুতাঃ।
ঋক্ষান্তে পারণং কুর্য্যাদ্বিনা শ্রবণরোহিণীং ॥ ১৮৪ ॥

অথবা দ্বয়োরেবান্তে পারণমিতি কেষাঞ্চিন্মতমঙ্গীকৃত্যাধিকারিভেদেন ব্যবস্থাপয়ন্ পক্ষান্তরং লিখতি যদ্বেতি। সমর্থানাং উপবাসদ্বয়শক্তানাং দ্বয়োরেবান্তে পারণং। অশক্তানান্তু দ্বয়োর্মধ্যে একবিচ্ছেদত এব পারণং ॥ ১৮৩ ॥

তাসু চ ঋক্ষান্তে সত্যেব পারণং কুর্য্যান্ন তু তিথ্যন্তমপেক্ষতে ইত্যর্থঃ। বিনা শ্রবণরোহিণীমিতি শ্রবণদ্বাদশ্যাং রোহিণ্যষ্টম্যাঞ্চ ঋক্ষান্তে তিথ্যন্তে চ সতি পারণং কুর্য্যাৎ। ন তু কেবল ঋক্ষান্ত ইত্যর্থঃ। কুর্য্যাদিত্যত্র তাসামিতি ক্বচিৎ পাঠঃ। অর্থস্তু তত্রৈব। ভাদ্রে শ্রবণদ্বাদশ্যাং শ্রীবামনপ্রাদুর্ভাবাপেক্ষয়া শ্রবণান্তেঽপি ন পারণং কিন্তু তদহোরাত্র্যন্ত এব। অতএব সমর্থানাং তত্রোপবাসদ্বয়ং। এতচ্চাগ্রে ব্যক্তং ভাবি। কেচিচ্চৈবং ব্যাচক্ষতে তাসু ঋক্ষান্ত এব পারণং। শ্রবণরোহিণ্যোস্তু তিথ্যন্ত এব পারণং নত্বেতয়োঃ ঋক্ষান্তোঽপেক্ষণীয়ঃ ইতি এবঞ্চ শ্রবণদ্বাদশীব্রতে পারণায়াঃ দ্বাদশ্যতিক্রমদোষোঽপ্যেতদ্বিশেষবচনবলাৎ সোঢ়ব্যঃ। যদ্বা তিথ্যন্তরশ্রবণব্রতে এবং জ্ঞেয়ং ইতি দিক্ ॥ ১৮৪ ॥

অথবা দুইয়ের অন্তে পারণ করিবে, কোন কোন পণ্ডিতের এই যে মত,তাহা অঙ্গীকার করিয়া ব্যবস্থা করত পক্ষান্তর লিখিতেছেন,যথা— সমর্থ অর্থাৎ যাঁহারা দুই উপবাসে সমর্থ হয়েন, তাঁহারা তিথি ও নক্ষত্র এই দুইয়ের অন্তেই পারণ করিবেন, আর যাঁহারা অশক্ত হইবেন, তাঁহারা দুইয়ের মধ্যে একের অন্ত হইলেই পারণ করিবেন ॥ ১৮৩ ॥

অতএব যাজ্ঞবল্ক্য কহিয়াছেন ॥

যে কোন তিথি, নক্ষত্রযোগে পুণ্য বলিয়া কথিত হইয়াছে, তাহার পারণ নক্ষত্রের অন্তেই করিতে হইবে, কিন্তু শ্রবণা ও রোহিণীতে এ বিধি নহে অর্থাৎ শ্রবণদ্বাদশী ও রোহিণ্যষ্টমীতে নক্ষত্রান্তে ও

অতএব ব্রহ্মবৈবর্ত্তে ॥
অষ্টম্যামথ রোহিণ্যাং ন কুর্য্যাৎ পারণং ক্বচিৎ।
হন্যাৎ পুরা কৃতং কর্ম্ম উপবাসার্জ্জিতং ফলং ॥ ১৮৫ ॥
তিথিরষ্টগুণং হন্তি নক্ষত্রঞ্চ চতুর্গুণং।
তস্মাৎ প্রযত্নতঃ কুর্য্যাত্তিথিভান্তে চ পারণং ॥
কেচিচ্চ ভগবজ্জন্মমহোৎসবদিনে শুভে।
ভক্ত্যোৎসবান্তে কুর্ব্বন্তি বৈষ্ণবা ব্রতপারণং ॥
তথাচোক্তং গারুড়ে ॥
তিথ্যন্তে চোৎসবান্তে বা ব্রতী কুর্ব্বীত পারণং ॥ ১৮৬ ॥

যতো হন্যাৎ পারণমেব কর্ত্তৃ ॥ ৮৫ ॥

উৎসবান্তে অধিকাধিকভোগনৃত্যকীর্ত্তনাদিনা পূজাবিশেষে বৈষ্ণবকুলসম্মাননবিশেষে চ সমাপ্তে সতি। অত্র চ শুভে পরমোত্তমে মহোৎসবদিনে। ইতি কায়ক্লেশাযোগ্যতা সূচিতা। তথা ভক্ত্যেতি নিত্যোচ্ছিষ্টমহাপ্রসাদভোজননিয়মদাস্যবিশেষাপেক্ষয়া ইতি হেতুবিশেষশ্চ দর্শিত ইতি দিক্ ॥ ১৮৬ ॥

তিথ্যন্তে পারণ করিবে ॥ ১৮৪ ॥

অতএব ব্রহ্মবৈবর্ত্তপুরাণে কহিয়াছেন ॥

অষ্টমীতে অথবা রোহিণীতে কখন পারণ করিবে না, করিলে পূর্ব্বকৃত কর্ম্ম এবং উপবাস জনিত ফল বিনষ্ট হয় ॥ ১৮৫ ॥

তিথি অষ্টগুণ ও নক্ষত্র চারিগুণ ফল বিনষ্ট করে, এজন্য যত্ন পূর্ব্বক তিথি ও নক্ষত্র এই দুইয়ের অন্তে পারণ করিবে ॥

কোন কোন বৈষ্ণব পরমোত্তম ভগবজ্জন্ম মহোৎসবদিনে ভক্তি-সহকারে উৎসবান্তে ব্রতের পারণ করিয়া থাকেন ॥

এই বিষয় গরুড়পুরাণে উক্ত হইয়াছে যথা ॥

তিথির অন্তে বা উৎসবের অন্তে ব্রতী ব্যক্তি পারণ করিবে ॥ ১৮৬ ॥

বায়ুপুরাণে চ ॥
যদীচ্ছেৎ সর্ব্বপাপানি হন্তুং নিরবশেষতঃ।
উৎসবান্তে সদা বিপ্র জগন্নাথান্নমাশয়েদিতি ॥ ১৮৭ ॥
অথ জন্মাষ্টমীব্রতবিধিঃ ॥
ব্রতসাধারণত্বাচ্চ সপ্তম্যাদি দিনত্রয়ে।
কর্ত্তব্যা নিয়মাঃ সর্ব্বে দশম্যাদি দিনেষ্বিব ॥
অথ বিধিবিশেষঃ ॥
ভবিষ্যোত্তরে ॥

---

আশয়েদশ্নীয়াৎ ॥ ১৮৭ ॥

তত্রাদৌ ব্রতসাধারণান্ নিয়মানতিদিশতি ব্রতেতি সপ্তম্যাদি দিনত্রয়ং সংযমদিনমুপবাসদিনং পারণদিনঞ্চ তস্মিন্। দশম্যাদি দিনেষ্বিব যথা দশম্যেকাদশী দ্বাদশীদিনত্রয়ে তথা সর্ব্বে নিয়মাঃ কর্ত্তব্যাঃ। দশম্যাদি বিহিতা অপি তে তে নিয়মাঃ সর্ব্বব্রতসাধারণত্বাদত্র

---

বায়ুপুরাণে যথা ॥

হে বিপ্র! যদি নিঃশেষরূপে পাপ সমুদায় বিনষ্ট করিতে ইচ্ছা হইয়া থাকে, তবে উৎসবান্তে শ্রীকৃষ্ণের প্রসাদান্ন ভোজন করিবে অর্থাৎ বৈষ্ণবগণ পারণযোগ্যকালে উৎসবান্তে পারণ করিবেন, উৎসবের পূর্ব্বে কখন পারণ করিবেন না। বৈষ্ণবগণ সর্ব্বথা এই ব্যবস্থার প্রতি দৃষ্টি রাখিবেন ॥

অথ জন্মাষ্টমীর ব্রতবিধি ॥

সাধারণ ব্রতের নিয়ম প্রযুক্ত সপ্তম্যাদি দিনত্রয়ে অর্থাৎ সপ্তমী, অষ্টমী ও নবমী এই তিন দিনে দশম্যাদি দিনত্রয়ে যে প্রকার নিয়ম বিধান করা হইয়াছে, সেই সকল নিয়ম ইহাতে বিধান কবিবে ॥

অথ বিধিবিশেষ ॥

ভবিষ্যোত্তরে ॥

শ্রীযুধিষ্ঠির উবাচ ॥
তদ্ব্রতং কীদৃশং দেব লোকৈঃ সর্ব্বৈরনুষ্ঠিতং।
জন্মাষ্টমীব্রতং নাম পবিত্রং পুরুষোত্তম ॥
যেন ত্বং তুষ্টিমায়াসি লোকানাং প্রভবাব্যয়।
এতন্মে ভগবন্ ব্রূহি প্রসাদান্মধুসূদনঃ ॥
শ্রীকৃষ্ণ উবাচ ॥
পার্থ তদ্দিবসে প্রাপ্তে দন্তধাবনপূর্ব্বকং।
উপবাসস্য নিয়মং গৃহ্ণীয়াদ্যতমানসঃ ॥ ১৮৮ ॥
একেনৈবোপবাসেন কৃতেন কুরুনন্দন।
সপ্তজন্মকৃতাৎ পাপান্মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥

সপ্তম্যাদিষ্বপি কর্ত্তব্যা ইত্যর্থঃ। তে চ পূর্ব্বমেকাদশীব্রতপ্রকরণে লিখিতা এব সন্তি। তৈলমত্যম্বুপানঞ্চেত্যাদি দশমীনিয়মাঃ। অসকৃজ্জলপানাচ্চেত্যাদ্যেকাদশীনিয়মাঃ। কাংস্যামিষে সুরাং ক্ষৌদ্রমিত্যাদি দ্বাদশীনিয়মাঃ। অতএব ভবিষ্যোত্তরে। উপাবৃত্তস্য পাপেভ্য ইত্যাদি তচ্চাগ্রে লেখ্যমেব ॥ ১৮৮ ॥

এবং সর্ব্বব্রতসাধারণবিধিমুল্লিখ্যাধুনাত্র বিশেষং লিখতি একেনেত্যাদিনা। সপ্তম্যা-

শ্রীযুধিষ্ঠির কহিলেন, হে দেব! হে পুরুষোত্তম! জন্মাষ্টমী নামে যে পবিত্র ব্রত, যাহাতে তুমি তুষ্টি প্রাপ্ত হইয়া থাক, তাহা কি প্রকার এবং লোক সকল ঐ ব্রত কিরূপে অনুষ্ঠান করিবে, হে ভগবন্! তুমি লোক সকলের উৎপত্তি স্থান স্বরূপ, হে অব্যয়! হে মধুসূদন! অনুগ্রহ পূর্ব্বক এই বিষয় আমাকে বল ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, পার্থ! ঐ দিবস উপস্থিত হইলে দন্তধাবন পূর্ব্বক সংযত মনে উপবাসের নিয়ম গ্রহণ করিবে ॥ ১৮৮ ॥

হে কুরুনন্দন! জন্মাষ্টমীর একমাত্র উপবাস কৃত হইলে সপ্তজন্মকৃত পাপ হইতে মুক্ত হয়, ইহাতে সংশয় নাই ॥

উপাবৃত্তস্য পাপেভ্যো যস্তু বাসো গুণৈঃ সহ।
উপবাসঃ স বিজ্ঞেয়ো নোপবাসস্তু লঙ্ঘনং ॥ ১৮৯ ॥
অদ্য স্থিত্বা নিরাহারঃ শ্বোভূতে পরমেশ্বর।
ভোক্ষ্যেঽহং দেবকীপুত্র শরণং মে ভবাচ্যুত ॥ ১৯০ ॥
ততঃ স্নাত্বা তু মধ্যাহ্নে নদ্যাদৌ বিমলে জলে।

মেকভক্তানন্তরং দন্তধাবনপূর্ব্বকং সঙ্কল্পং কুর্য্যাৎ। অথবাষ্টম্যাং প্রাতঃ কুর্য্যাৎ ॥ ১৮৯ ॥

তত্রাষ্টমী প্রাতঃসঙ্কল্পমন্ত্রং লিখতি অদ্যেতি। যদ্যপি সঙ্কল্পমন্ত্রে সর্ব্বভোগবিবর্জ্জিত ইত্যাদি ভবিষ্যোত্তরে পাঠঃ তত্রাপি শ্বোভূতে পরমেশ্বরেত্যাদি ভবিষ্যোত্তরোক্তপাঠোঽত্র লিখিতঃ। দেবকীপুত্রেত্যাদি বিশেষনির্দ্দেশেন শিষ্টগণাদৃতত্বাৎ। ভবিষ্যোত্তরে চ শ্রীযুধিষ্ঠিরং প্রতি শ্রীভগবতা স্বয়ন্তথা নোক্তং পরমলজ্জাগুণশীলত্বাৎ এবমন্যত্রাপ্যূহ্যং ॥ ১৯০ ॥

অথ লোকে জন্মতিথিকৃত্যাবৎ প্রাতঃ শ্রীভগবতোঽপি তিলস্নপনাদিকং লৌকিকভক্তি-রীত্যপেক্ষয়া কার্য্যমিতি লিখতি কুর্ব্বীতেতি। প্রভোঃ শ্রীকৃষ্ণস্য স্নপনাদি তিলৈঃ কৃষ্ণৈঃ কুর্ব্বীত। আদিশব্দাদুদ্বর্ত্তনাদি। তথাচোক্তং তিলোদ্বর্ত্তী তিলস্নায়ী তিলহোতা তিলপ্রদঃ। তিলবাপী তিলাশী চ ষট্ তিলী নাবসীদতীতি। অত্র শিষ্টাচারানুসারেণাষ্টোত্তরশতদূর্ব্বা-গ্রাদিযুক্তেন সহস্রচ্ছিদ্রঘটেন ধারায়াঃ স্নাপনাদিকমপি জ্ঞেয়ং সর্ব্বং বস্ত্রাদিকঞ্চ নবমেব ভগবতে অর্পয়েচ্চ। শিষ্টাচারানুসারত ইতি সর্ব্বত্রাগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং সৎসম্প্রদায়াচারানু-

পাপসমূহ হইতে নিবৃত্ত ব্যক্তির গুণ সকলের সহিত যে বাস, তাহাকে উপবাস বলিয়া জানিবে, তদ্ভিন্ন উপবাস হয় না, তাহাকে লঙ্ঘন বলে অর্থাৎ সপ্তমী, অষ্টমী ও নবমী এই তিন দিনে যে সকল নিয়ম বিহিত হইয়াছে, তাহা না করিয়া কেবল মাত্র উপবাস করিলে তাহাকে লঙ্ঘন বলিয়া জানিবে ॥ ১৮৯ ॥

অষ্টমীর প্রাতে যে সংকল্প করিতে হইবে, তাহার মন্ত্র যথা ॥

হে পরমেশ্বর! অদ্য নিরাহার থাকিয়া কল্য ভোজন করিব, হে দেবকীপুত্র! হে অচ্যুত! আপনি আমার আশ্রয় হউন ॥ ১৯০ ॥

তদনন্তর মধ্যাহ্নে নদ্যাদির নির্ম্মল জলে স্নান করিয়া দেবকীর

দেবক্যাঃ শোভনং কুর্য্যাৎ সুগুপ্তং সূতিকাগৃহং ॥
পদ্মরাগৈঃ পটৈর্নৈতৈর্মণ্ডিতং চর্চ্চিতং শুভৈঃ ॥
রম্যং বন্দনমালাভী রক্ষামণিবিভূষিতং।
সর্ব্বং গোকুলবৎ কার্য্যং গোপীজনসমাকুলং।
ঘণ্টামর্দ্দলসঙ্গীতং মাঙ্গল্যকলসান্বিতং।
যবার্দ্রস্বস্তিকাব্জাদ্যৈঃ শঙ্খবাদিত্রসঙ্কুলং।
বদ্ধকারী লোহখড়্গৈর্দীপচ্ছাগসমন্বিতং ॥

সারেণৈবাত্রাখিলবিধিলিখনাৎ। শুভে তীর্থে শ্রীকালিন্দ্যাদৌ তত্রাপি শ্রীবিশ্রান্ত্যাদৌ। তদলাভে চ অন্যত্র বা সজ্জলে পবিত্রনির্ম্মলসলিলে। তথা চাগ্রে লেখ্যং ভবিষ্যোত্তরবচনং নদ্যাদৌ বিমলে জল ইতি। ব্রতী উপবাসপরো জনঃ। ধাত্রীফলং মূর্দ্ধ্নি দত্ত্বা তেন মস্তকং সংমৃজ্য শুভৈঃ শ্রীভগবতঃ স্নানাদ্যবশিষ্টৈর্মহাপ্রসাদরূপৈঃ কৃষ্ণৈস্তিলৈঃ কৃত্বা স্নানং কুর্য্যাৎ। তথাচ ভবিষ্যে। উপোষিতস্ত মধ্যাহ্নে স্নাত্বা কৃষ্ণতিলৈঃ শুভৈঃ। ধাত্রীফলং শিরে দদ্যান্মহাপুণ্য বিবৃদ্ধয় ইতি। যদ্যপি তদ্বচনমগ্রে মূলে স্বয়মেব লেখ্যং। তথাপ্যেতদত্র সুখার্থং লিখিতং। এবমগ্রেঽপ্যূহ্যং। অন্তদ্দৃষ্টদেবপূজাদি সুদেশে শোভনপ্রদেশে দিব্যং পরমোত্তমং তৎ প্রকারং দর্শয়ন্। তদেব বিশিনষ্টি বিভূষিতমিতি দ্বাভ্যাং। তোরণাদিনা চাত্র বাসোদর্পণপল্লবাদি বিরচিতানি বন্দনমালেতি খ্যাতান্যেব। আবদ্ধৈর্বিতানাদিষু স্থানে স্থানে সম্যক্ বদ্ধৈঃ ফলাদিভিশ্চ ভূষিতং। যবদূর্ব্বাঙ্কুরৈঃ। আদিশব্দাৎ মথনরজ্জু-স্বস্তিকাদিভিশ্চাঢ্যং যুক্তং। দ্বারি দ্বারবিন্যস্তৈঃ শৃঙ্খলাদিভিঃ সংযুক্তং। আদিশব্দাচ্চাত্র

মনোহর সুগুপ্ত সূতিকাগৃহ নির্ম্মাণ করিবে॥

সূতিকাগৃহ নির্ম্মাণের প্রকার যথা—বিশুদ্ধ পদ্মরাগমণি ও সূক্ষ্মবস্ত্র দ্বারা সূতিকাগৃহ মণ্ডিত ও চর্চ্চিত করিবে। বন্দনমালা সকলের দ্বারা রমণীয়, রক্ষামণিসমূহে বিভূষিত, গোকুলের ন্যায় গোপজন সমাকুল প্রভৃতি সমুদায় কার্য্য করিবে। ঐ সূতিকাগৃহে ঘণ্টা, মর্দ্দল, সঙ্গীত, মঙ্গল-কলস, যব, আর্দ্র স্বস্তিক, পদ্ম ও শঙ্খ প্রভৃতি বাদ্যে সঙ্কুল, তথা বদ্ধকারী লোহখড়্গ, দীপ ও ছাগ। মস্থান বারি যূপ

মন্থানবারিযূপৈশ্চ ভূতিসর্ষপবহ্নিভিঃ।
দ্বারি বিন্যস্তমুষলং রক্ষিতং রক্ষপালকৈঃ।
ষষ্ঠ্যা দেব্যাশ্চ তত্রৈব বিধানং বিধিবত্তথা।
এবন্বিধং যথাশক্তি কর্ত্তব্যং সূতিকাগৃহং।
তন্মধ্যে প্রতিমা স্থাপ্যা সা চাপ্যষ্টবিধা স্মৃতা।
কাঞ্চনী রাজতী তাম্রী পৈত্তলী মৃণ্ময়ী তথা।
বার্ক্ষী মণিময়ী চৈব বর্ণিকা লিখিতাথ বা।
সর্ব্বলক্ষণসম্পান্না পর্য্যঙ্কে চার্দ্ধসুপ্তিকা॥

পূর্ব্বলিখিত মার্কণ্ডেয়পুরাণাদিবচনানুসারেণ মথনদণ্ডদীপজলভস্মসর্ষপনিম্বফলানি জ্ঞেয়ানি। তত্র সূতিকাগৃহে তদ্ভিত্ত্যাদৌ গোপগোপীজনাবৃতং শ্রীগোকুলং শ্রীনন্দবাসং বিশেষতো লিখেৎ। গেহস্য তস্যৈব সূতিকাগৃহস্য সর্ব্বতঃ সর্ব্বদিক্ষু। তস্য সূতিকাগৃহস্য মধ্যে সর্ব্বতোভদ্রাখ্যং মণ্ডলং বিরচয্য তস্মিন্ কুম্ভং স্থাপয়েদিত্যর্থঃ। তস্য ঘটস্যোপরি হৈমং স্বর্ণনির্ম্মিতং তদভাবে বৈণবঞ্চ পাত্রং ন্যসেৎ স্থাপয়েৎ। ভবিষ্যপুরাণোক্তং তচ্চ পাত্রং তিলপূরিতমিতি চ জ্ঞেয়ং। পাত্রপরিমাণঞ্চ দেবীপুরাণোক্তং পূর্ব্বং লিখিতমেবাস্তি। তৎপাত্রং তদুপরি দেবকীং স্থাপয়েৎ। কথম্ভূতাং স্বর্ণেনান্যেন রূপ্যাদিনা কৃতাং নির্ম্মিতাং। স্বর্ণাদিমানং চোক্তং। সৌবর্ণী রাজতী তাম্রী বৃক্ষজা মার্ত্তিকী তথা। চিত্রজা পিষ্টলেপস্থা নিজবিত্তানুসারতঃ। আমাষাৎ পলপর্য্যন্তং কর্ত্তব্যা শাঠ্যবর্জ্জিতৈরিতি। তত্র দেবকীপ্রতিমামাহ সর্ব্বেতি সার্দ্ধেন। সর্ব্বেণ দিব্যস্ত্রীলক্ষণবিশেষেণ সম্পন্না সম্পূর্ণা লক্ষণং চাগ্রে

ভূতি সর্ষপ ও অগ্নিসমন্বিত এবং দ্বারে মূষল বিন্যস্ত করিয়া রক্ষপালক দ্বারা রক্ষা করিবে॥

সেই স্থানে যথাবিধি ষষ্ঠীদেবীরও বিধান করিবে। এই প্রকার যথাশক্তি সূতিকাগৃহ নির্ম্মাণ করা কর্ত্তব্য। ঐ সূতিকাগৃহে প্রতিমা স্থাপন করিবে। মুনিগণ সেই প্রতিমা আট প্রকার স্মরণ করিয়াছেন। যথা—স্বর্ণ, রজত, তাম্র, পিত্তল, মৃত্তিকা, দারু, মণি ও বর্ণ বা লিখন অর্থাৎ এই আট দ্রব্যে প্রতিমা নির্ম্মাণ করিবে। সেই প্রতিমা সর্ব্ব-

প্রতপ্তকাঞ্চনাভসা কৃতা সা তু তপস্বিনী।
প্রসূতা চ প্রস্নুতা চ তৎক্ষণাচ্চ প্রহর্ষিতা ॥ ১৯১ ॥
মাঞ্চাপি বালকং সুপ্তং পর্য্যঙ্কে স্তনপায়িনং।
শ্রীবৎসবক্ষসং দেবং নীলোৎপলদলপ্রভং ॥
শঙ্খ চক্র গদা শার্ঙ্গ বনমালাবিভূষিতং।
চতুর্ভুজং মহঃপূর্ণং স্থাপয়েত্তত্র ভক্তিতঃ ॥ ১৯২ ॥
যশোদাঞ্চাপি তত্রৈব প্রসূতবরকন্যকাং ॥ ১৯৩ ॥

লেখ্য লক্ষ্মীপ্রতিমানুসারেণ জ্ঞেয়ং। অৰ্দ্ধসুপ্তিকেতি। অৰ্দ্ধাঙ্গেন সুপ্তিকেত্যর্থঃ। এতচ্চ বালকস্তনদানার্থং শয্যায়াং কৃতা নির্ম্মিতা পাঠান্তরে ময়া সহেত্যস্য অৰ্দ্ধসুপ্তিকেত্যনেন সম্বন্ধঃ। তপস্বিনী পরমভাগ্যবতীতি পূর্ব্বজন্মকৃততপঃ স্মরণাদেব। প্রস্নুতা ক্ষরিতস্তনী ॥ ১৯১ ॥

নিজশ্রীমূৰ্ত্তিমাহ মাঞ্চেতি দ্বাভ্যাং। বালকং বালরূপং দেবং দ্যোতমানং দিব্যরূপম্বা। তদেবাহ শঙ্খেতি মহঃপূর্ণং তেজঃস্বরূপং। যদ্বা পূর্ণমহো ব্রহ্ম তৎস্বরূপং। সচ্চিদানন্দঘনং মাং ভক্ত্যা তত্র তথা স্থাপয়েদিত্যর্থঃ ॥ ১৯২ ॥

তত্রৈব কচিদ্দেশে শ্রীযশোদাপ্রতিমাঞ্চ স্থাপয়েৎ ইত্যাহ যশোদামিতি। প্রসূতা বরা শ্রেষ্ঠা মায়া দেবীরূপা কন্যকা যয়া তাং শ্রীনন্দ বলভদ্র রোহিণী গোপগোপ্যাদি প্রতিমাশ্চ

লক্ষণসম্পন্না ও পর্য্যঙ্কোপরি অৰ্দ্ধসুপ্তিকা হইবে। পরম ভাগ্যবতী দেবকীর প্রতিমা তপ্তকাঞ্চনের ন্যায় আভা, সদ্যঃপ্রসূতা, ক্ষরিতস্তনী ও হর্ষান্বিতা হইবে ॥ ১৯১ ॥

হে পাণ্ডব! পর্য্যঙ্কে সুপ্তস্তনপায়ী, শ্রীবৎসবক্ষাঃ, দ্যোতমান, নীলোৎপলদল তুল্য প্রভাসম্পন্ন। শঙ্খ, চক্র, গদা, শার্ঙ্গ, বনমালা-বিভূষিত, চতুর্ভুজ ও তেজঃস্বরূপ বালকমূৰ্ত্তি যে আমি, ভক্তিপূর্ব্বক তথায় আমাকে স্থাপন করিবে ॥ ১৯২ ॥

অপর ঐ সূতিকাগৃহের কোন প্রদেশে যিনি মায়াদেবীরূপা বর-কন্যা প্রসব করিয়াছেন, এমত যশোদার প্রতিমা তথা শ্রীনন্দ, বলভদ্র,

তত্র দেবা গ্রহা নাগা যক্ষবিদ্যাধরোরগাঃ।
প্রণতাঃ পুষ্পমালাভির্ব্যগ্রহস্তাঃ সুরাসুরাঃ ॥
সঞ্চরন্ত ইবাকাশে প্রকারৈর্মুদিতোদিতৈঃ ॥ ১৯৪ ॥
বসুদেবোঽপি তত্রৈব খড়্গচর্ম্মধরঃ স্থিতঃ ॥ ১৯৫ ॥
কশ্যপো বসুদেবোঽয়মদিতিশ্চাপি দেবকী।
শেষনাগো হলী চাত্র যশোদা দিতিরেব চ ॥

স্থাপ্যা ইতি জ্ঞেয়ং। একত্রৈব তেষাং স্থাপনাদ্যুক্তেঃ ॥ ১৯৩ ॥

তত্র সূতিকাগৃহে সুরাসুরা ইতি পুনঃ সুরগ্রহণং তেষাং হর্ষবিশেষোদয়াৎ। যদ্বা সুরবদ্যেঽসুরা আসুরভাবরহিতা যে দৈত্যাস্তে শ্রীপ্রহ্লাদাদয়ঃ। মুদিতানি হর্ষযুক্তানি উদিতানি বচনানি যেষু। যদ্বা মুদিতানাং যে উদিতাঃ শাস্ত্রাদ্যুক্তাঃ প্রকারা বেশব্যবহারাদয়স্তদ্বিশিষ্টাঃ সন্তঃ আকাশে সঞ্চরন্ত ইব দেবাদয়ঃ স্থাপ্যা ইতি শেষঃ। তাদৃশ্যস্তত্তৎপ্রতিমাঃ কার্য্যাঃ পটাদৌ লেখ্যা ইত্যর্থঃ ॥ ১৯৪ ॥

বসুদেবোঽপি খড়্গচর্ম্মধরঃ কংসবধার্থমাত্তখড়্গচর্ম্মা এব স্থিতস্তত্রৈব সংস্থাপ্যঃ। তাদৃশ তৎপ্রতিমা শ্রীদেবকীনিকটে স্থাপনীয়েতি জ্ঞেয়ং ॥ ১৯৫ ॥

শ্রীবসুদেবাদীনাং ধ্যানবিশেষমাহ কশ্যপ ইতি সার্দ্ধ দ্বাভ্যাং। কালনেমিজঃ কালনেমে-

রোহিণী ও গোপ গোপী প্রভৃতির প্রতিমাও স্থাপন করিবে ॥ ১৯৩ ॥

অপিচ, ঐ সূতিকাগৃহে দেব, গ্রহ, নাগ, যক্ষ, বিদ্যাধর ও উরগ তথা দেবতুল্য যে সকল অসুর, সেই সকল প্রণত এবং পুষ্পমালা দ্বারা ব্যগ্রহস্ত, হর্ষযুক্ত ও আকাশে যেন বিচরণ করিতেছেন, এইরূপ মূর্ত্তি চিত্রপটে লিখিয়া তথায় স্থাপন করিবে ॥ ১৯৪ ॥

অপর খড়্গ চর্ম্ম ধারণ পূর্ব্বক অবস্থিত বসুদেবের মূর্ত্তিও ঐ সূতিকা-গৃহে দেবকীর নিকটে স্থাপন করিবে ॥ ১৯৫ ॥

হে রাজেন্দ্র! এই বসুদেব কশ্যপের, দেবকী অদিতির, বলদেব শেষনাগের, যশোদা দিতির, নন্দ প্রজাপতি দক্ষের এবং গর্গ মহাশয়

নন্দঃ প্রজাপতির্দক্ষো গর্গশ্চাপি চতুর্মুখঃ।
এষোঽবতারো রাজেন্দ্র কংসো বৈ কালনেমিজঃ॥ ১৯৬॥
তত্র কংসনিযুক্তা যে দানবা বিবিধায়ুধাঃ।
তে চ প্রাহরিকাঃ সর্ব্বে সুপ্তা নিদ্রাবিমোহিতাঃ॥
অরিষ্টো ধেনুকঃ কেশীদানবাঃ শস্ত্রপাণয়ঃ॥ ১৯৭॥
নৃত্যন্তোঽপ্সরসো হৃষ্টা গন্ধর্ব্বা গীততৎপরাঃ।
লেখনীয়শ্চ তত্রৈব কালিয়ো যমুনাহ্রদে।

রবতার ইত্যর্থঃ। পাঠান্তরং চিন্ত্যং। এবং গর্গকংসাদয়োঽপি প্রতিমাদ্বারা লিখনেন বা স্থাপ্যা ইতি জ্ঞেয়ং॥ ১৯৬॥

প্রাহরিকাঃ প্রহরিকাঃ তানেব নির্দ্দিশতি অরিষ্ট ইতি। অন্যে চ শস্ত্রপাণয়ো দানবাশ্চাণূরাদয়ঃ॥ ১৯৭॥

নৃত্যদপ্সরাদয়শ্চ ব্যোম্নি লেখ্যাঃ। তত্রৈকদেশে যমুনা লেখনীয়া তস্যাং হ্রদস্তত্র চ কালিয়োপরি শ্রীকৃষ্ণনৃত্যাদি সর্ব্বব্রজসম্বন্ধি লীলারূপাদি প্রতিমা স্থাপ্যেতি বেদিতব্যং প্রসূতিকা প্রসূতকন্যকা। যশোদায়াঃ পুনরুক্তিস্থাপনেন শ্রীনন্দাদি স্থাপনাভিপ্রায়েণ প্রাধান্যবিশেষাপেক্ষয়া বা। দ্বিতীয়ান্তপাঠে কৃত্বেত্যনেন পরেণ সম্বন্ধঃ। পাঠান্তরে

চতুর্ম্মুখ ব্রহ্মার অবতার ও কংস কালনেমি অসুরের অবতার, এই সকলের প্রতিমা অথবা চিত্রপটে ইহাঁদের মূর্ত্তি লিখিয়া সূতিকাগৃহে স্থাপন করিবে॥ ১৯৬॥

তথা ঐ সূতিকাগৃহে যে সকল দানব বিবিধ আয়ুধধারী, তাহারা কংস কর্ত্তৃক প্রহরির কার্য্যে নিযুক্ত হইয়া নিদ্রায় বিমোহিত ও প্রসুপ্ত ভাবে অবস্থিত রহিয়াছে, অস্ত্রধারি ঐ সকল দানবের নাম অরিষ্ট, ধেনুক, কেশি ও চাণূর প্রভৃতি॥ ১৯৭॥

নৃত্যশীলা অপ্সরা, গানতৎপর গন্ধর্ব্ব, যমুনাহ্রদে কালিয়নাগ, তথা নন্দগোপ ও প্রসূতিকা যশোদা এই সকলকে ঐ সূতিকাগৃহে

নন্দগোপশ্চ গোপশ্চ যশোদা চ প্রসূতিকা ॥ ১৯৮ ॥
রম্যামেবং বিধাং কৃত্বা দেবকী নবসূতিকাং।
তাং পার্থ পূজয়েদ্ভক্ত্যা গন্ধপুষ্পাক্ষতৈঃ ফলৈঃ ॥
কুষ্মাণ্ডৈর্নারিকেলৈশ্চ খর্জ্জূরৈর্দাড়িমীফলৈঃ।
বীজপূরৈঃ পূগফলৈর্নারঙ্গৈঃ পনসৈস্তথা।
দেশকালোদ্ভবৈর্মিষ্টৈঃ পুষ্পৈশ্চাপি সুগন্ধিভিঃ।
ধ্যাত্বাবতারান্ প্রাগুক্তান্ মন্ত্রেণানেন পূজয়েৎ ॥
অদিতির্দেবমাতা ত্বং সর্ব্বপাপপ্রণাশিনী।
অতস্ত্বাং পূজয়িষ্যামি ভয়ভীতো ভবস্য চ।
পূজিতাসি যথা দেবৈঃ প্রসন্না ত্বং বরাননে।
তথা মে পূজিতা ভক্ত্যা প্রসাদং কুরু সুব্রতে ॥

কণ্ঠকালিখনেন তল্লেখো জ্ঞেয়ঃ। ততশ্চ প্রসূতিকামিতি সদ্যোজাতামিত্যর্থঃ ॥ ১৯৮ ॥
দেবক্যা নবসূতিকাং নূতনসূতিকাগৃহং। তাং দেবকীং গন্ধাদিভির্ভক্ত্যা পূজয়েদিতি

লিখিবে ॥ ১৯৮ ॥

হে পার্থ! এই প্রকার রমণীয়া নবপ্রসূতা দেবকীমূর্ত্তি নির্ম্মাণ করিয়া ভক্তিপূর্ব্বক গন্ধ, পুষ্প, অক্ষত ও ফলসমূহ দ্বারা পূজা করিবে। ফল পুষ্প যথা—কুষ্মাণ্ড, নারিকেল, খর্জ্জূর, দাড়িম, বীজপূর, পূগফল, নাগরঙ্গ, পনস তথা দেশকালোদ্ভব সুমিষ্ট ফল, তথা সুগন্ধি পুষ্প ॥

অনন্তর পূর্ব্বোক্ত অবতার সকলকে ধ্যান পূর্ব্বক বক্ষ্যমাণ মন্ত্র দ্বারা পূজা করিবে ॥

মন্ত্র যথা ॥

তুমি দেবমাতা অদিতি, তুমি সমস্ত পাপ বিনষ্ট করিয়া থাক, অতএব আমি সংসারভয়ে ভীত হইয়া তোমাকে পূজা করিতেছি। হে বরাননে! তুমি যেমন দেবগণ কর্ত্তৃক পূজিত হইয়া প্রসন্ন হইয়াছ, হে সুব্রতে! সেইরূপ ভক্তিসহকারে আমা কর্ত্তৃক পূজিতা হইয়া

যথা পুত্রং প্রিয়ং লব্ধা প্রাপ্তা তে নির্বৃতিঃ পরা।
তথা মে নির্বৃতিং দেবি সপুত্রা ত্বং দদস্ব মে ॥
গায়দ্ভিঃ কিন্নরাদ্যৈঃ সততপরিবৃতা বেণুবীণাদিনাদৈ-
র্ভৃঙ্গারাদর্শকুম্ভপ্রকরহৃতকরৈঃ কিন্নরৈঃ সেব্যমানা।
পর্য্যঙ্কে স্বাস্তৃতে যা মুদিততরমুখী পুত্রিণী সম্যগাস্তে
সা দেবী দেবমাতা জয়তি সুবদনা দেবকী কান্তরূপা ॥১৯৯॥
পাদাবভ্যঞ্জয়ন্তী শ্রীর্দেবক্যাশ্চরণান্তিকে।
নিষণ্ণা পঙ্কজে পূজ্যা নমো দেব্যৈ শ্রিয়ে ইতি ॥ ২০০ ॥

দ্বাভ্যামন্বয়ঃ। অবতারাশ্চ বহুবিধা লেখ্যাস্ততশ্চ অবতারং ধ্যাত্বা অদিতিরূপাং দেবকীং বিচিন্ত্য। অবতারানিতি পাঠে সর্ব্বেষামেব তত্রৈব তত্তৎপূজনার্থমেকত্রৈব প্রসঙ্গাদুদ্দিষ্ট-মিতি জ্ঞেয়ং। অদিতিরিত্যাদি পূজামন্ত্রঃ ॥ ১৯৯ ॥

পাদৌ শ্রীভগবতঃ দেবক্যা এব বা অভ্যঞ্জয়ন্তী শ্রীর্গন্ধাদিভিঃ পূজ্যা। কথম্ভূতা দেবক্যা-শ্চরণান্তিকে পঙ্কজে নিজাসনে নিষণ্ণা উপবিষ্টা। তন্মন্ত্রমাহ নম ইতি কেচিচ্চাবাহনাদি পূর্ব্ববৎ লক্ষ্মীপূজনমিদং শ্রীদেবকীপূজনাৎ পূর্ব্বমিচ্ছন্তি ॥ ২০০ ॥

অনুগ্রহ বিস্তার করুন। হে দেবি! যেমন আপনি প্রিয়পুত্র লাভ করিয়া পরম সুখ প্রাপ্ত হইয়াছেন, তদ্রূপ আপনি পুত্রের সহিত আমাকে পরম সুখ প্রদান করুন ॥

বেণু বীণা নিনাদসহকারে গানশীল কিন্নর প্রভৃতিতে যিনি সতত পরিবৃতা, ভৃঙ্গার, আদর্শ ও কুম্ভসমূহ হস্তে ধারণ করিয়া কিন্নরগণ যাঁহাকে সতত সেবা করিতেছে এবং যিনি প্রফুল্লমুখে পুত্রবিশিষ্ট হইয়া আস্তৃত পর্য্যঙ্কে অবস্থিত আছেন, সেই দেবমাতা সুবদনা কান্ত-রূপা দেবকীদেবী জয়যুক্তা হউন ॥ ১৯৯ ॥

দেবকীর চরণান্তিকে তদীয় চরণার্চ্চনকারিণী পদ্মোপরি নিষণ্ণা লক্ষ্মীদেবীকে “নমো দেব্যৈ শ্রিয়ে” এই বলিয়া পূজা করিবে ॥ ২০০ ॥

অবতারসহস্রং বৈ কৃতং তে মধুসূদন।
ন সঙ্খ্যামবতারাণাং কশ্চিজ্জানাতি বৈ ভুবি ॥
ব্রহ্মা শিবাদয়ো বাপি স্বরূপং ন বিদুস্তব।
অতস্ত্বাং পূজয়াম্যদ্য মাতুরুৎসঙ্গশায়িনং ॥ ২০১ ॥
স্বনামভিশ্চতুর্থ্যন্তৈঃ প্রণবাদিনমোহন্তকৈঃ।
পূজয়েয়ুর্দ্বিজাঃ সর্ব্বে স্ত্রীশূদ্রা মন্ত্রবর্জ্জিতাঃ ॥ ২০২ ॥

নিজপূজামন্ত্রমাহ অবতারেতি দ্বাভ্যাং। ন তে সংখ্যাবতারতরাণামিতি পাঠে বিসর্গলোপেপি পুনঃ সন্ধিঃ সংখ্যায়া জানাতি ক্রিয়ান্বয়শ্চান্যথা ন স্যাদিতি ভাবঃ। অতঃ ব্রহ্মাদিভিরপি তব স্বরূপাজ্ঞানাদ্ধেতোঃ কেবলমদ্য মাতুরুৎসঙ্গশায়িনমেব ত্বাং পূজয়ামীত্যর্থঃ। যদ্বা যস্য স্বরূপং তেঽপি নবিদুঃ তমদ্য সাক্ষান্মাতুরুৎসঙ্গশায়িনং সন্তং পূজয়ামীত্যর্থঃ ॥২০১॥ শ্রীবসুদেবাদীনাং পূজামন্ত্রমুদ্দিশতি স্বনামভিরিতি। তত্র প্রয়োগঃ ওঁ বসুদেবায় নম ইতি। মন্ত্রবিবর্জ্জিতাঃ প্রণবরহিতাঃ। তত্তন্মন্ত্রান্তৈরপ্রণবা উচ্চারণীয়া ইত্যর্থঃ। অত্র চানুক্তোঽপি বিশেষতঃ পূজায়াঃ ক্রমোবিধিশ্চ বহুলপুরাণবচনাদ্যুক্তিতঃ সম্প্রদায়ানুসারাচ্চাগ্রে লেখ্য এব ॥ ২০২ ॥

হে মধুসূদন! আপনি সহস্র সহস্র অবতার করিয়াছেন, পৃথিবীতে এমন মনুষ্য কেহ নাই যে আপনার অবতার সকলের সংখ্যা করিতে পারে। ব্রহ্মা ও শিব প্রভৃতি আপনার স্বরূপ জানিতে পারেন না, অতএব অদ্য জননীর ক্রোড়শায়ি, আপনাকে পূজা করি ॥ ২০১ ॥

শ্রীবসুদেব প্রভৃতি যাঁহাদের যাঁহাদের পূজা করিতে হইবে, তাঁহাদের পূজার মন্ত্র এই। অগ্রে প্রণব তৎপরে চতুর্থ্যন্ত স্বীয় নাম এবং নমঃ শব্দ সংযোগ করিবে অর্থাৎ "ওঁ বসুদেবায় নমঃ"। স্ত্রী ও শূদ্র মন্ত্র বর্জ্জিত অর্থাৎ এই স্থলে মন্ত্র শব্দে বেদমন্ত্র প্রণব, অতএব তাহাদের প্রণবে অধিকার নাই, এজন্য তাহারা প্রণব উচ্চারণ না করিয়া "শ্রীবসুদেবায় নমঃ" এই মন্ত্রে পূজা করিবে ॥ ২০২ ॥

বিধ্যন্তরমপীচ্ছন্তি কেচিদত্র দ্বিজোত্তমাঃ।
চন্দ্রোদয়ে শশাঙ্কায় দদ্যাদর্ঘ্যং হরিং স্মরন্।
অনঘং বামনং শৌরিং বৈকুণ্ঠং পুরুষোত্তমং।
অপরাজিতং বাসুদেবং মাধবং মধুসূদনং॥
বরাহং পুণ্ডরীকাক্ষং নৃসিংহং ধরণীধরং।
দামোদরং পদ্মনাভং কেশবং গরুড়ধ্বজং॥
গোবিন্দমচ্যুতং কৃষ্ণমনন্তং পুরুষোত্তমং।
অধোক্ষজং জগদ্বীজং সর্গস্থিত্যন্তকারণং।
অনাদিনিধনং বিষ্ণুং ত্রিলোকেশং ত্রিবিক্রমং।
নারায়ণং চতুর্ব্বাহুং শঙ্খচক্রগদাধরং।
পীতাম্বরধরং নিত্যং বনমালাবিভূষিতং।

কচিচ্চ যজ্ঞেশ্বরায়েত্যাদি পাদ্যাদি দীপান্তোপচারমন্ত্রঃ বিশ্বেশ্বরায়েত্যাদি নৈবেদ্যমন্ত্রঃ ধর্ম্মেশ্বরায়েত্যাদি শয়নমন্ত্র ইতি। অধুনা তত্রৈব মন্ত্রাদি ভেদেন পরমতমাহ বিধ্যন্তর-

কোন কোন ব্যক্তি এস্থলে পাদ্য আদি দীপ পর্য্যন্ত "যজ্ঞেশ্বরায় যজ্ঞসম্ভবায় যজ্ঞপতয়ে গোবিন্দায় নমোনমঃ" এই মন্ত্রে আর নৈবেদ্য দানে "বিশ্বেশ্বরায় বিশ্বম্ভরায় বিশ্বপতয়ে গোবিন্দায় নমোনমঃ" তথা শয়নে "ধর্ম্মেশ্বরায় ধর্ম্মসম্ভবায় ধর্ম্মপতয়ে গোবিন্দায় নমোনমঃ" এই মন্ত্র প্রয়োগ করিবে। অপর কোন কোন দ্বিজোত্তম অন্য বিধিও ইচ্ছা করিয়া থাকেন। চন্দ্রোদয় হইলে শশাঙ্ককে অর্ঘ্য প্রদান করিবে। অনন্তর ধীরে ধীরে হরিস্মরণ করিতে করিতে তাঁহাকে অর্ঘ্য দিবে॥

অর্ঘ্যমন্ত্র যথা॥

অনঘ, বামন, শৌরী, বৈকুণ্ঠ, পুরুষোত্তম, অপরাজিত, বাসুদেব, মাধব, মধুসূদন, বরাহ, পুণ্ডরীকাক্ষ, নৃসিংহ, ধরণীধর, দামোদর, পদ্মনাভ, কেশব, গরুড়ধ্বজ, গোবিন্দ, অচ্যুত, কৃষ্ণ, অনন্ত, পুরুষোত্তম, অধোক্ষজ, জগদ্বীজ, সর্গস্থিত্যন্ত কারণ, অনাদিনিধন, বিষ্ণু, ত্রিলোকেশ, ত্রিবিক্রম, নারায়ণ, চতুর্ব্বাহু, শঙ্খচক্রগদাধর, পীতাম্বার, নিত্য,

শ্রীবৎসাঙ্কং জগৎসেতুং শ্রীপতিং শ্রীধরং হরিং ॥
দেবকীগর্ব্ভসম্ভূতং দৈত্যসৈন্যবিনাশনং।
গৃহাণার্ঘ্যমিদং দেব গোবিন্দায় নমোনমঃ ॥
ইত্যর্ঘ্যমন্ত্রঃ ॥
যোগেশ্বরায় যোগসম্ভবায় যোগপতয়ে গোবিন্দায় নমোনমঃ॥
ইতি স্নানমন্ত্রঃ ॥
যজ্ঞেশ্বরায় যজ্ঞসম্ভবায় যজ্ঞপতয়ে গোবিন্দায় নমোনমঃ ॥
ইতি বস্ত্রমন্ত্রঃ ॥
বিশ্বেশ্বরায় বিশ্বসম্ভবায় বিশ্বপতয়ে গোবিন্দায় নমোনমঃ ॥
ইতি ধূপমন্ত্রঃ ॥

মিতি। স্মরন্ লঘু লঘু কীর্ত্তয়ন্নিত্যর্থঃ। অগ্রে অনঘাদি নামোক্তেঃ। স্মরণপ্রকারমেবাহা-

বনমালাবিভূষিত, শ্রীবৎসাঙ্ক, জগৎসেতু, শ্রীপতি, শ্রীধর, হরি, দেবকী-গর্ব্ভসম্ভূত ও দৈত্যসৈন্যবিনাশন,এই সকল নাম স্মরণ পূর্ব্বক হে দেব। এই অর্ঘ্য গ্রহণ করুন, আপনি গোবিন্দ আপনাকে নমস্কার নমস্কার ॥

স্নানমন্ত্র যথা ॥

"যোগেশ্বরায় যোগসম্ভবায় যোগপতয়ে গোবিন্দায় নমোনমঃ" এই মন্ত্র পাঠ পূর্ব্বক শ্রীকৃষ্ণকে স্নান করাইবে ॥

বস্ত্রমন্ত্র যথা ॥

"যজ্ঞেশ্বরায় যজ্ঞসম্ভবায় যজ্ঞপতয়ে গোবিন্দায় নমোনমঃ" এই মন্ত্র পাঠ পূর্ব্বক গোবিন্দকে বস্ত্র প্রদান করিবে ॥

ধূপমন্ত্র যথা ॥

"বিশ্বেশ্বরায় বিশ্বসম্ভবায় বিশ্বপতয়ে গোবিন্দায় নমোনমঃ" এই মন্ত্র পাঠ পূর্ব্বক গোবিন্দকে ধূপ প্রদান করিবে ॥

ধর্ম্মেশ্বরায় ধর্ম্মসম্ভবায় ধর্ম্মপতয়ে গোবিন্দায় নমোনমঃ ॥
ইতি নৈবেদ্যমন্ত্রঃ ॥
ক্ষীরোদার্ণবসম্ভূত অত্রিনেত্রসমুদ্ভব।
গৃহাণার্ঘ্যং শশাঙ্কেমং রোহিণীসহিতো মম ॥
ইতি চন্দ্রার্ঘ্যমন্ত্রঃ ॥ ২০৩ ॥
স্থণ্ডিলে স্থাপয়েদ্দেবং শশাঙ্কং রোহিণীন্তথা।
দেবকীং বসুদেবঞ্চ যশোদাং নন্দমেব চ ॥
বলভদ্রং তথা গোপান্ গোপীগোকুলমেব চ।
এবং কৃতে ন সন্দেহো নরঃ পাপাৎ প্রমুচ্যতে ॥ ২০৪ ॥
অর্দ্ধরাত্রে বসোর্ধারাং পাতয়েদ্গুড়সর্পিষা।

নমমিতি ক্বচিচ্চ। যজ্ঞেশ্বরায়েত্যাদিঃ পাদ্যাদি দীপান্তোপচারমন্ত্রঃ। বিশ্বেশ্বরায়েত্যাদি-নৈবেদ্যমন্ত্রঃ। ধর্ম্মেশ্বরায়েত্যাদিশ্চ শয়নমন্ত্র ইতি ॥ ২০৩ ॥

স্থণ্ডিলে মন্ত্রসংস্কৃত ভূমৌ স্থাপয়েৎ আবাহনাদিকং কৃত্বাঽর্চ্চয়েদিত্যর্থঃ ॥ ২০৪ ॥

গুড়সর্পিষা বসোর্ধারাং পাতয়েৎ। বর্দ্ধাপনং নাড়ীচ্ছেদনং। আদৌ ষষ্ঠীং সংপূজ্য

নৈবেদ্যমন্ত্র যথা ॥

"ধর্ম্মেশ্বরায় ধর্ম্মসম্ভবায় ধর্ম্মপতয়ে গোবিন্দায় নমোনমঃ" এই মন্ত্র পাঠ করিয়া গোবিন্দকে নৈবেদ্য সমর্পণ করিবে ॥

চন্দ্রার্ঘ্যমন্ত্র যথা ॥

"হে ক্ষীরোদার্ণবসম্ভূত! হে অত্রিনেত্রসমুদ্ভব! হে শশাঙ্ক! আপনি রোহিণীর সহিত আমার এই অর্ঘ্য গ্রহণ করুন। এই মন্ত্র পাঠ পূর্ব্বক চন্দ্রকে অর্ঘ্য প্রদান করিবে ॥ ২০৩ ॥

অনন্তর মন্ত্রসংস্কৃত ভূমিতে দেব শশাঙ্ক, রোহিণী, দেবকী, বসুদেব, যশোদা, নন্দ, বলভদ্র, গোপগণ, গোপী ও গোসমূহ স্থাপন করিবে। এই প্রকার করিলে নর পাপ হইতে মুক্ত হয়, কোন সন্দেহ নাই ॥ ২০৪ ॥

অর্দ্ধরাত্রে গুড় ও ঘৃত দ্বারা বসুধারা পাত করিবে। তৎপরে ঐ

ততো বর্দ্ধাপনং ষষ্ঠী নামাদিকরণন্ততঃ ॥
কর্ত্তব্যং তৎক্ষণাদাত্রৌ প্রভাতে নবমীদিনে।
যথা মম তথা কার্য্যো ভগবত্যা মহোৎসবঃ ॥
ব্রাহ্মণান্ ভোজয়েদ্ভক্ত্যা তেভ্যো দদ্যাচ্চ দক্ষিণাং।
হিরণ্যং রজতং গাবো বাসাংসি বিবিধানি চ ॥
যদ্যদিষ্টতমং তেন কৃষ্ণো মে প্রীয়তামিতি ॥ ২০৫ ॥
যং দেবং দেবকীদেবী বসুদেবাদজীজনৎ।
ভৌমস্য ব্রহ্মণো গুপ্ত্যৈ তস্মৈ ব্রহ্মাত্মনে নমঃ ॥ ২০৬ ॥

পশ্চান্নাড়ীচ্ছেদঃ কার্য্য ইতি সদাচারতো জ্ঞেয়ং। ততঃ ষষ্ঠীনিঃসরণমিত্যর্থঃ। ততো নামকরণং আদিশব্দাৎ জাতকর্ম্মারভ্য কংসবধান্তং সর্ব্বমেব চরিতং যথাক্রমমনুকর্ত্তব্যমিত্যর্থঃ। তচ্চ রাত্রৌ তৎক্ষণাদেব কর্ত্তব্যমিতি বর্দ্ধাপনবসুধারাপাতনাদ্যভিপ্রায়েণ। ভগবত্যাঃ শ্রীদুর্গাদেব্যা মহাপূজা নবমীদিনে প্রভাতে কর্ত্তব্যেত্যর্থঃ। যদ্যত্তেষামভিমতং তচ্চ দদ্যাৎ। তত্র সঙ্কল্পপ্রকারমাহ। তেন দানেন মে কৃষ্ণঃ প্রীয়তামিত্যেবং। ব্রাহ্মণভোজনাদিকঞ্চেদং বিসর্জ্জনানন্তরং দ্রষ্টব্যং ॥ ২০৫ ॥

বিসর্জ্জনপ্রকারমাহ। যমিতি দ্বাভ্যাং। ভৌমস্য প্রপঞ্চরূপস্যেত্যর্থঃ। ভূমেশ্চেতি পাঠে ভূমিমারভ্য ব্রহ্মপর্য্যন্তস্য ॥ ২০৬ ॥

রাত্রে ষষ্ঠীপূজা, নাড়ীচ্ছেদ, তৎপরে নামকরণ করিবে। তদনন্তর পর দিবস প্রাতে নবমী দিনে যেমন আমার মহোৎসব, তদ্রূপ ভগবতী শ্রীদুর্গাদেবীর মহোৎসব করা কর্ত্তব্য। তাহার পর ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণদিগকে ভোজন করাইয়া তাঁহাদিগকে স্বর্ণ, রজত, গো ও বিবিধ বস্ত্র দক্ষিণা প্রদান করিবে। এবং ব্রাহ্মণগণ যাহা যাহা ইচ্ছা করিবেন, তদ্দ্বারা শ্রীকৃষ্ণ আমার প্রতি প্রসন্ন হউন, এই বলিয়া তাঁহাদিগকে তাহাই অর্পণ করিবেন ॥ ২০৫ ॥

প্রপঞ্চ ও বেদের অথবা পৃথিব্যাদি ব্রহ্ম পর্য্যন্ত রক্ষার নিমিত্ত বসুদেব হইতে দেবকীদেবী যে দেবকে প্রসব করিয়াছেন, সেই ব্রহ্মময়কে নমস্কার করি ॥ ২০৬ ॥

সুজন্ম বসুদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
শান্তিরস্তু শিবঞ্চাস্তু ইত্যুক্ত্বা তং বিসর্জ্জয়েৎ ॥ ২০৭ ॥
এবং যঃ কুরুতে দেব্যা দেবক্যাঃ সুমহোৎসবং।
বর্ষে বর্ষে তু মদ্ভক্তো ধর্ম্মার্থী ধর্ম্মনন্দন।
নরো বা যদি বা নারী যথোক্তং ফলমাপ্নুয়াৎ ॥ ২০৮ ॥
ভবিষ্যে ॥
গৃহ্নীয়ান্নিয়মং পূর্ব্বং দন্তধাবনপূর্ব্বকং।
নিয়মাৎ ফলমাপ্নোতি ন শ্রেয়ো নিয়মং বিনা ॥ ২০৯ ॥

সুশোভনং জন্ম যস্য বসুদেবস্য তস্মৈ নম ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। যদ্বা বাসুদেবায় তৎ-প্রীত্যর্থং মম সর্ব্বেষামপি বা সুজন্মাস্তু ॥ ২০৭ ॥

ধর্ম্মার্থী চান্যঃ কশ্চন। যদ্বা ধর্ম্মো ভগবদ্ভক্তিলক্ষণস্তদর্থী সন্ যো মদ্ভক্তঃ কুরুতে। যদ্বা স মদ্ভক্তো ভবতি। অতএব ভক্তিলক্ষণধর্ম্মার্থী চ ভবতি। কিম্বহুনা সকামো যথোক্তং ফলং চাপ্নুয়াৎ। পাঠান্তরে ভাগবতো বৈষ্ণবঃ গৃহীতবিষ্ণুদীক্ষাকঃ ইত্যর্থঃ। তাদৃশো যো মদ্ভক্তঃ সঃ। যদ্বা অকারপ্রশ্লেষেণ অভাগবতোঽপি মদ্ভক্তঃ সন্নিত্যর্থঃ ॥ ২০৮ ॥

নিয়মং সঙ্কল্পং ॥ ২০৯ ॥ ২১০ ॥

গো ব্রাহ্মণের হিতের নিমিত্ত শোভন-জন্মসম্পন্ন বসুদেবকে নমস্কার। শান্তি হউক, কল্যাণ হউক, এই বলিয়া তাঁহাকে বিসর্জন করিবে ॥ ২০৭ ॥

হে ধর্ম্মনন্দন! আমার যে ভক্ত অথবা যে কোন ধর্ম্মার্থী ব্যক্তি বৎসর বৎসর এই প্রকার দেবকীদেবীর মহোৎসব করে, সে নর হউক বা নারী হউক, তাহার যথোক্ত ফলপ্রাপ্তি হইবে ॥ ১০৮ ॥

ভবিষ্যপুরাণে ॥

দন্তধাবন পূর্ব্বক নিয়ম গ্রহণ করিবে অর্থাৎ সঙ্কল্প করিবে। নিয়ম ধারণ করিলে ফল লাভ হয়, নিয়ম ব্যতিরেকে কল্যাণ প্রাপ্তি হয় না ॥ ২০৯ ॥

নিয়মমন্ত্রঃ ॥

অদ্য স্থিত্বা নিরাহারঃ শ্বোভূতে পরমেশ্বর।
ভোক্ষ্যামি দেবকীপুত্র অস্মিন্ জন্মাষ্টমীব্রতে ॥ ২১০ ॥
উপোষিতস্তু মধ্যাহ্নে স্নাত্বা কৃষ্ণতিলৈঃ শুভৈঃ।
ধাত্রীফলং শিরে দদ্যান্মহাপুণ্যবিবৃদ্ধয়ে ॥ ২১১ ॥
কৃত্বা মাধ্যাহ্নিকং কর্ম্ম স্থাপয়েদব্রণং ঘটং।
পঞ্চরত্নসমাযুক্তং পবিত্রোদকপূরিতং ॥
তস্যোপরি ন্যসেৎ পাত্রং কর্পূরাগুরুবাসিতং।
সুধূপবাসিতং শুভ্রং পুষ্পমালাভিশোভিতং।
সৌবর্ণং বিত্তবান্ ভক্ত্যা তদভাবেঽথ বৈণবং ॥ ২১২ ॥
তস্যোপরি ন্যসেদ্দেবীং হৈমীং লক্ষণসংযুতাং।

শিরে শিরসি মহাপুণ্যং ভগবদ্ভক্তিস্তস্য বিশেষেণ বৃদ্ধয়ে। ধাত্রীফলস্য ভগবৎপ্রিয়ত্বাৎ ॥ ২১১ ॥

অব্রণং নিশ্ছিদ্রং ॥ ২১২ ॥

নিয়মমন্ত্র ( সঙ্কল্পমন্ত্র ) যথা ॥

হে পরমেশ্বর! হে দেবকীপুত্র! জন্মাষ্টমীব্রতে অদ্য নিরাহার থাকিয়া পরদিবস ভোজন করিব ॥ ২১০ ॥

উপবাস পূর্ব্বক মধ্যাহ্নে পবিত্র কৃষ্ণতিল দ্বারা স্নান করিয়া মহাপুণ্য বৃদ্ধির নিমিত্ত মস্তকে আমলকীফল প্রদান করিবে ॥ ২১১ ॥

মাধ্যাহ্নিক কর্ম্ম করিয়া পঞ্চরত্নসমন্বিত ও পবিত্রোদক পরিপূরিত অচ্ছিদ্র ঘট স্থাপন করিবে। বিত্তবান্ ব্যক্তি ভক্তি পূর্ব্বক তাহার উপর কর্পূর, অগুরু ও উৎকৃষ্ট ধূপ দ্বারা বাসিত, পবিত্র পুষ্পমালাশোভিত সৌবর্ণপাত্র স্থাপন করিবে, তাহার অভাব হইলে বেণুনির্ম্মিত পাত্র স্থাপন করিবে ॥ ২১২ ॥

অনন্তর ঐ পাত্রের উপর লক্ষণসম্পন্না দেবকীদেবীর স্বর্ণপ্রতিমা

দদমানাস্তু পুত্রস্য স্তনং বৈ বিস্মিতাননাং ॥ ২১৩ ॥
পীয়মানঃ স্তনং সোঽথ কুচাগ্রে পাণিনা স্পৃশন্।
অবলোকমানঃ প্রেম্না বৈ মুখং মাতুর্মুহুর্মুহুঃ ॥ ২১৪ ॥
কৃত্বা চৈবন্তু বৈকুণ্ঠং মাত্রা সহ জগৎপ্রভুং।
ক্ষীরাদি স্নপনং কৃত্বা চন্দনেন বিলেপয়েৎ ॥
কুঙ্কুমেন মহাভাগ কর্পূরাগুরুচর্চ্চিতং।
পদ্মকোষীরগন্ধৈশ্চ মৃগনাভিবিমিশ্রিতং।
শ্বেতবস্ত্রযুগচ্ছন্নং পুষ্পমালাসুশোভিতং ॥
মালতীমল্লিকাপুষ্পৈশ্চম্পকৈঃ কেতকীদলৈঃ।
বিল্বপত্রৈরখণ্ডৈশ্চ তুলসীপত্রকোমলৈঃ।

দেবীং দেবকীং হৈমীং হেমনির্ম্মিতাং ॥ ২১৩ ॥
পীয়মানঃ পিবন্ ॥ ২১৪ ॥
কর্পূরাগুরুচর্চ্চিতমিত্যাদীনি জগৎপ্রভুমিত্যস্য পূজনীয় ইতি ক্রিয়ায়া বা বিশেষণানি।

স্থাপন করিবে, ঐ প্রতিমাকে এইরূপ নির্ম্মাণ করিতে হইবে, যেন দেবকীদেবী হাস্যবদনে পুত্রের মুখে স্তন প্রদান করিতেছেন ॥ ২১৩ ॥

পুত্রের মূর্ত্তি এইরূপে নির্ম্মাণ করিতে হইবে যেন শ্রীকৃষ্ণ মাতার স্তনাগ্রে হস্ত প্রদান পূর্ব্বক স্তনপান করিতেছেন এবং প্রেম সহকারে মাতার বদনের প্রতি মুহুর্মুহুঃ দৃষ্টিপাত করিতেছেন ॥ ২১৪ ॥

এই প্রকার জননীর সহিত জগৎপ্রভু বৈকুণ্ঠের মূর্ত্তি স্থাপন করিয়া ক্ষীরাদি দ্বারা স্নান করাইয়া চন্দন বিলেপন করিবে। হে মহাভাগ! তৎপরে ঐ প্রতিমাকে কুঙ্কুম, কর্পূর ও অগুরু দ্বারা চর্চ্চিত করিবে। তদনন্তর পদ্মক উষীরগন্ধ ও মৃগনাভি মিশ্রিত করিবে, পরে হে মহাভাগ! মহতী ভক্তিসহকারে জনার্দ্দনকে শ্বেতবস্ত্রদ্বয় ও পুষ্পমালায় শোভিত করিয়া মালতী, মল্লিকা, চম্পক, কেতকীদল, অখণ্ড বিল্বপত্র

অন্যৈর্নানাবিধৈঃ পুষ্পৈঃ করবীরৈঃ সিতাসিতৈঃ।
যূথিকাশতপত্রৈশ্চ তথান্যৈঃ কালসম্ভবৈঃ।
পূজনীয়ো মহাভাগ মহাভক্ত্যা জনার্দ্দনঃ।
কুষ্মাণ্ডৈর্নারিকেলৈশ্চ খর্জ্জূরৈর্দাড়িমীফলৈঃ।
চূতবৃক্ষসমুদ্ভূতৈঃ ফলৈরম্ভাসমুদ্ভবৈঃ॥
তৎকাল সম্ভবৈর্দিব্যৈঃ ফলৈর্নানাবিধৈর্মূলৈঃ।
নৈবেদ্যৈর্বিবিধৈঃ শুভ্রৈর্ঘৃতপক্কৈরনেকধা॥ ২১৫॥
দীপান্ বৈ কারয়েচ্চাগ্রে তথা কুসুমমণ্ডপং।
গীতং বাদ্যং তথা নৃত্যং স্তোত্রপাঠঞ্চ কারয়েৎ।
বালস্য চরিতং বিষ্ণোঃ পঠনীয়ং পুনঃ পুনঃ॥ ২১৬॥
স্বগুরুং পূজ্য শক্ত্যা বৈ পূজনীয়স্ততো হরিঃ।
নিশি পূজা বিধাতব্যা দেবক্যাঃ কেশবস্য চ॥

মৃগনাভিনা বিমিশ্রিতং লেপিতং। ক্বচিচ্চ সর্ব্বত্রাত্র প্রথমান্তপাঠঃ॥ ২১৫॥
অগ্রে ভগবৎপুরতঃ॥ ২১৬॥
পূজ্য পূজয়িত্বা॥ ২১৭॥

ও কোমল তুলসীপত্র, তথা নানাবিধ সিত অসিত করবীর তথা কাল-সম্ভব অন্যান্য পুষ্পে পূজা করিবে। তদনন্তর কুষ্মাণ্ড, নারিকেল, খর্জ্জূর, দাড়িম, আম্র, রম্ভা এবং তৎকালোপপন্ন নানাবিধ মূল তথা বিবিধ ঘৃতপক্ক নৈবেদ্য অর্পণ করিবে॥ ২১৫॥

অনন্তর অগ্রে দীপমালা প্রদান তথা কুসুমমণ্ডপ, গীত, বাদ্য, নৃত্য ও স্তোত্রপাঠ করিবে এবং পুনঃ২ বিষ্ণুর বালচরিত্র পাঠ করিবে॥২১৬

যথাশক্তি স্বীয় গুরুদেবের পূজা করিয়া পশ্চাৎ হরির পূজা করিবে, হে বিপ্রেন্দ্র! পুরাণবিহিত এই মন্ত্র দ্বারা রাত্রিতে দেবকী ও কেশবের পূজা বিধান করা কর্ত্তব্য॥

মন্ত্রেণানেন বিপ্রেন্দ্র পুরাণবিহিতেন বৈ।
অদিতে দেবমাতস্ত্বং সর্ব্বপাপপ্রণাশিনী॥
অতস্ত্বাং পূজয়িষ্যামি ভীতোভবভয়স্য চ।
পূজিতা তু যথা দেবৈঃ প্রসন্না ত্বং বরাননে।
পূজিতা তু ময়া ভক্ত্যা প্রসাদং কুরু সুব্রতে॥
যথা পুত্রং হরিং লব্ধ্বা প্রাপ্তা তে নির্ব্বৃতিঃ পরা।
নির্ব্বৃতিং দেবি তামেব সপুত্রা ত্বং প্রযচ্ছ মে॥
শ্রীকৃষ্ণপূজামন্ত্রঃ॥
অবতারান্ সহস্রাণি করোষি মধুসূদন।
ন তে সংখ্যাবতারাণাং কশ্চিজ্জানাতি বৈ ভুবি॥
দেবা ব্রহ্মাদয়োবাপি স্বরূপং ন বিদুস্তব॥

মন্ত্র যথা॥

হে অদিতে! হে দেবমাতঃ! আপনি সমস্ত পাপ বিনষ্ট করেন, অতএব আমি ভবভয়ে ভীত হইয়া আপনাকে পূজা করিব। হে বরাননে! আপনি যেমন দেবগণ কর্ত্তৃক পূজিত হইয়া প্রসন্না হইয়াছেন, তদ্রূপা আমি ভক্তিসহকারে আপনার পূজা করিতেছি, হে সুব্রতে! আমার প্রতি অনুগ্রহ করুন॥

হে দেবি! আপনি যেমন হরিকে পুত্ররূপে লাভ করিয়া পরম নির্ব্বৃতি প্রাপ্ত হইয়াছেন, তদ্রূপ আপনি সপুত্রে আমাকে ঐ নির্ব্বৃতিই প্রদান করুন॥

শ্রীকৃষ্ণপূজামন্ত্র যথা॥

হে মধুসূদন! আপনি সহস্র ২ অবতার করিতেছেন, পৃথিবীতে কোন ব্যক্তি আপনার ঐ সকল অবতারের সংখ্যা জানিতে পারে না। ব্রহ্মাদি দেবগণ আপনার স্বরূপ অবগত নহেন, অতএব মাতৃক্রোড়

অতস্ত্বাং পূজয়িষ্যামি মাতুরুৎসঙ্গসংস্থিতং ॥ ২১৭ ॥
বাঞ্ছিতং কুরু মে দেব দুষ্কৃতং চৈব নাশয় ।
কুরুষ্ব মে দয়াং দেব সংসারার্ত্তিভয়াপহ ॥
এবং সংপূজ্য গোবিন্দং পাত্রে তিলময়ে স্থিতং ॥ ২১৮ ॥
ততশ্চ দাপয়েদর্ঘ্যমিন্দোরুদয়তঃ শুচিঃ ।
কৃষ্ণায় প্রথমং দদ্যাৎ দেবকীসহিতায় বৈ ॥
অর্ঘ্যং ঋষিবরশ্রেষ্ঠ সর্ব্বকামফলপ্রদং ।
জাতঃ কংসবধার্থায় ভূভারোত্তারণায় চ ॥
দেবতানাং হিতার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ ।
কৌরবাণাং বিনাশায় দৈত্যানাং নিধনায় চ ॥
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং দেবকীসহিতো মম ।

---

তিলময়ে তিলপূরিতে অন্যচ্চ সর্ব্বং স্পষ্টার্থমেব ॥ ২১৮ ॥

---

স্থিত আপনাকে পূজা করিব ॥ ২১৭ ॥

হে দেব ! আমার বাঞ্ছিত প্রদান করুন এবং দুষ্কৃতি সকল বিনাশ করুন । হে দেব ! হে সংসারদুঃখনাশন ! আমার প্রতি দয়া প্রকাশ করুন ॥

তিলময়পাত্রে অবস্থিত গোবিন্দকে এই প্রকার পূজা করিবে ॥২১৮

তদনন্তর চন্দ্রের উদয় হইলে শুচি হইয়া অর্ঘ্য প্রদান করিবে । প্রথমতঃ দেবকী সহিত শ্রীকৃষ্ণকে অর্ঘ্য দিবে, হে ঋষিবরশ্রেষ্ঠ ! অর্ঘ্য সমস্ত কামফল প্রদান করে ॥

অর্ঘ্যমন্ত্র যথা ॥

হে দেব ! আপনি কংসের বধ, ভূভারহরণ, দেবগণের হিত, ধর্ম্মের সংস্থাপন, কৌরবদিগের বিনাশ এবং দৈত্যগণের নিধন নিমিত্ত জন্মগ্রহণ করিয়াছেন, আমি অর্ঘ্য প্রদান করিতেছি, দেবকীর সহিত

শ্রীকৃষ্ণায় দেবকীসহিতায় সপরিবারায়
লক্ষ্মীসহিতায় অর্ঘ্যং নমঃ ॥
দধিপুষ্পাক্ষতৈর্মিশ্রং ততোঽর্ঘ্যং শশিনে মুদা।
ক্ষীরোদার্ণবসম্ভূত অত্রিনেত্রসমুদ্ভব।
অর্ঘ্যমিন্দো গৃহাণ ত্বং রোহিণ্যা সহিতো মম।
নারিকেলেন শুভ্রেণ দদ্যাদর্ঘ্যং বিচক্ষণঃ ॥
কৃষ্ণায় পরয়া ভক্ত্যা শঙ্খে কৃত্বা বিধানতঃ।
দদ্যাদ্ভূমণ্ডলং কৃৎস্নং সসাগরনগান্বিতং ॥
অর্ঘ্যদানেন তৎপুণ্যং লভতে মানবো ভুবি।
গীতশাস্ত্রকথালাপৈঃ কুর্য্যাজ্জাগরণং নিশি ॥
ধূপদীপঞ্চ নৈবেদ্যং তাম্বূলং দাপয়েদ্ধরেঃ।

আপনি আমার অর্ঘ্য গ্রহণ করুন। দেবকীর সহিত, পরিবারের সহিত লক্ষ্মীর সহিত শ্রীকৃষ্ণকে অর্ঘ্য নমঃ ॥

তদনন্তর আনন্দসহকারে দধি, পুষ্প ও অক্ষতমিশ্রিত অর্ঘ্য চন্দ্রকে প্রদান করিবে ॥

চন্দ্রার্ঘ্যের মন্ত্র ॥

হে চন্দ্র! আপনি ক্ষীরোদসমুদ্রসম্ভূত এবং অত্রিনেত্রসমুদ্ভব, আপনি রোহিণীর সহিত অর্ঘ্য গ্রহণ করুন ॥

বিচক্ষণ ব্যক্তি শুভ্র নারিকেলোদক দ্বারা অর্ঘ্য প্রদান করিবেন। আর পরম ভক্তিসহকারে যথাবিধি শঙ্খে অর্ঘ্য স্থাপন করিয়া শ্রীকৃষ্ণকে অর্ঘ্য দান করিবেন। মনুষ্য পৃথিবীতে এই প্রকার অর্ঘ্য দান করিলে সসাগর পর্ব্বতসমন্বিত সমস্ত ভূমণ্ডল দান করিলে যে পুণ্য হয়, তাহা প্রাপ্ত হইয়া থাকে। গীত ও শাস্ত্রকথার আলাপ দ্বারা রাত্রিতে জাগরণ করিবে এবং ধূপ, দীপ, নৈবেদ্য ও তাম্বূল হরিকে নিবেদন করিবে ॥

এবং জন্মাষ্টমীং কৃত্বা কর্ত্তব্যং নাবশিষ্যতে ।
সর্ব্বং পুণ্যফলং প্রাপ্য অন্তে যাতি পদং হরেঃ ॥
ব্রহ্মপুরাণে চ ॥
অথ ভাদ্রপদে মাসি কৃষ্ণাষ্টম্যাং কলৌ যুগে ।
অষ্টাবিংশতিমে জাতঃ কৃষ্ণোঽসৌ দেবকীসুতঃ ॥
ভারাবতারণার্থায় ক্ষত্রিয়াণাং ক্ষয়ায় চ ।
তস্মাৎ স তত্র সংপূজ্যো যশোদা দেবকী তথা ।
গন্ধমাল্যৈস্তথা যাবৈর্যবগোধূমসম্ভবৈঃ ।
সগোরসৈর্ভক্ষ্যভোজ্যৈঃ ফলৈশ্চ বিবিধৈরপি ॥
রাত্রৌ প্রজাগরঃ কার্য্যো নৃত্যগীতসমাকুল ইতি ॥ ২১৯ ॥
যো ভবিষ্যোত্তরাদ্যুক্তো বিধিস্তদনুসারতঃ ।

ভক্ষ্যভোজ্যানাং চর্ব্ব্যাচর্ব্ব্যত্বেন ভেদঃ ॥ ২১৯ ॥

ভবিষ্যোত্তরে চ আদিশব্দাৎ ভবিষ্যপুরাণাদ্যুক্তো যো বিধিস্তস্যানুসারতঃ। একীকৃত্য

যে ব্যক্তি এই প্রকার জন্মাষ্টমীর ব্রত করে, তাহার কোন কর্ত্তব্যের অবশেষ থাকে না, সমস্ত পুণ্যফল প্রাপ্ত হইয়া অন্তে হরিপদে গমন করে ॥

ব্রহ্মপুরাণেও ॥

অথ অষ্টাবিংশতিচতুর্যুগের কলিযুগে ভাদ্রমাসে কৃষ্ণপক্ষের অষ্টমীতে ভূভারহরণ ও ক্ষত্রিয়দিগের নিধন নিমিত্ত এই দেবকীপুত্র কৃষ্ণ জন্ম গ্রহণ করিয়াছেন, অতএব ঐ কৃষ্ণাষ্টমীর রাত্রিতে গন্ধ, পুষ্প তথা যবগোধূমসম্ভব যাব, গোরস নির্ম্মিত ভক্ষ্য ভোজ্য ও বিবিধ প্রকার ফল দ্বারা সতত পূজা এবং নৃত্য গীতসহকারে রাত্রি জাগরণ করিবে ॥ ২১৯ ॥

ভবিষ্যোত্তরাদিতে যে বিধি উক্ত হইয়াছে, তদনুসারে সমস্ত

সর্ব্বং জন্মাষ্টমীকৃত্যমেকীকৃত্যাত্র লিখ্যতে ॥ ২২০ ॥
একভক্তানন্তরন্তু দন্তধাবনপূর্ব্বকং।
সপ্তম্যামথবাষ্টম্যাং প্রাতঃসঙ্কল্পমাচরেৎ ॥ ২২১ ॥
তত্র মন্ত্রঃ ॥
অদ্য স্থিত্বা নিরাহারঃ শ্বোভূতে পরমেশ্বর !
ভোক্ষ্যেঽহং দেবকীপুত্র অস্মিন্ জন্মাষ্টমীব্রত ইতি ॥ ২২২ ॥
কুর্ব্বীত প্রাতরষ্টম্যাং স্নপনাদি তিলৈঃ প্রভোঃ।

ক্রমেণ সংযোজ্য এবং ভবিষ্যোত্তরভবিষ্যাদ্যুক্তদৃষ্ট্যা তত্রাপি তৎপদ্ধতিকার পরমপ্রামাণিক শ্রীকৃষ্ণদেবাচার্য্যাদি লিখনদৃষ্ট্যা তত্তদেকবাক্যতয়াত্রেদং লিখ্যতে ন চ কেবলমেক গ্রন্থদৃষ্ট্যেতি ভাবঃ ॥ ২২০ ॥

এবং সর্ব্বব্রতসাধারণবিধিমুল্লিখ্যাধুনাত্র বিশেষং লিখতি একেত্যাদিনা। সপ্তম্যামেকভক্তানন্তরং দন্তধাবনপূর্ব্বকং সঙ্কল্পং কুর্য্যাৎ অথবাষ্টম্যাং প্রাতঃ কুর্য্যাৎ ॥ ২২১ ॥

তত্রাষ্টমী প্রাতঃ সঙ্কল্পমন্ত্রং লিখতি অদ্যেতি। যদ্যপি সঙ্কল্পমন্ত্রে সর্ব্বভোগবিবর্জ্জিত ইত্যাদি ভবিষ্যোত্তরে পাঠস্তথাপি শ্বোভূতে পরমেশ্বরেত্যাদি ভবিষ্যোক্তঃ পাঠোঽত্র লিখিতঃ দেবকীপুত্রেত্যাদি বিশেষনির্দ্দেশেন শিষ্টগণাদৃতত্বাৎ ভবিষ্যোত্তরে চ শ্রীযুধিষ্ঠিরং প্রতি শ্রীভগবতা স্বয়ং তথানোক্তং পরমলজ্জাগুণশীলত্বাৎ এবমন্যত্রাপ্যূহ্যং ॥ ২২২ ॥

অথ লোকে জন্মতিথি কৃত্যবৎ প্রাতঃ শ্রীভগবতোঽপি তিলস্নপনাদিকং লৌকিকভক্তিরীত্যপেক্ষয়া কার্য্যমিতি লিখতি কুর্ব্বীতেতি। প্রভোঃ শ্রীকৃষ্ণস্য স্নপনাদি তিলৈঃ কৃষ্ণৈঃ কুর্ব্বীত আদিশব্দাৎ উদ্বর্ত্তনাদি। তথাচোক্তং। তিলোদ্বর্ত্তী তিলস্নায়ী তিলহোতা তিলপ্রদঃ। তিলবাপী তিলাশী চ ষট্‌তিলী নাবসীদতীতি। অত্র চ শিষ্টাচারানুসারেণাষ্টোত্তরশত দূর্ব্বাগ্রাদিযুক্তেন সহস্রচ্ছিদ্রঘটেন ধারয়া স্নপনাদিকমপি জ্ঞেয়ং। সর্ব্বং বস্ত্রাদিকং

জন্মাষ্টমীর কৃত্য একত্র করিয়া এস্থানে লিখিত হইতেছে ॥ ২২০ ॥

সপ্তমীতে দন্তধাবন পূর্ব্বিক এক ভক্ত অর্থাৎ একবার মাত্র ভোজন রূপ সংযম করিয়া অষ্টমীর প্রাতঃকালে সঙ্কল্প করিবে ॥ ২২১ ॥

সঙ্কল্পমন্ত্র যথা ॥

হে পরমেশ্বর ! হে দেবকীপুত্র ! এই জন্মাষ্টমীব্রতে অদ্য নিরাহার থাকিয়া পরদিবস ভোজন করিব ॥ ২২২ ॥

অষ্টমীতে প্রাতঃকালে প্রভু শ্রীকৃষ্ণকে তিলের দ্বারা স্নান ও উদ্ব-

অর্পয়েচ্চ নবং সর্ব্বং শিষ্টাচারানুসারতঃ ॥ ২২৩ ॥
মধ্যাহ্নে চ শুভে তীর্থেঽন্যত্র বা সজ্জলে ব্রতী।
মূর্দ্ধ্নি ধাত্রীফলং দত্ত্বা স্নায়াৎ কৃষ্ণতিলৈঃ শুভৈঃ ॥ ২২৪ ॥
অথ মাধ্যাহ্নিকং নিত্যকৃত্যমন্যৎ সমাপ্য হি।
সুদেশে রচয়েদ্দিব্যং দেবক্যাঃ সূতিকাগৃহং ॥ ২২৫ ॥
ভূষিতং মণিভির্বস্ত্রৈর্বিতানৈস্তোরণৈরপি।
আবদ্ধৈঃ ফলপুষ্পৈশ্চ ঘৃতপক্কাদিভিস্তথা।
যবদূর্ব্বাম্বুজাদ্যাঢ্যং বাদ্যগীতাদি সঙ্কুলং।

নবমেব ভগবতেঽর্পয়েচ্চ। শিষ্টাচারানুসারত ইতি সর্ব্বত্রাপ্যগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং। সৎ সম্প্রদায়াচারানুসারেণৈবাত্রাখিলবিধিলিখনাৎ ॥ ২২৩ ॥

শুভে তীর্থে শ্রীকালিন্দ্যাদৌ তত্রাপি শ্রীবিশ্রান্ত্যাদৌ। তদলাভে চ অন্যত্র সজ্জলে পবিত্র নির্ম্মলসলিলে। তথাচাগ্রে লেখ্যং ভবিষ্যোত্তরবচনং নদ্যাদৌ বিমলে জল ইতি। ব্রতী উপবাসপরোজনঃ। ধাত্রীফলং মূর্দ্ধ্নি দত্ত্বা তেন মস্তকং সংমৃজ্য শুভৈঃ শ্রীভগবৎ স্নানাদ্যবশিষ্টৈর্ম্মহাপ্রসাদরূপৈঃ কৃষ্ণৈস্তিলৈঃ কৃত্বা স্নানং কুর্য্যাৎ। তথাচ ভবিষ্যে। উপোষিতস্তু মধ্যাহ্নে স্নাত্বা কৃষ্ণতিলৈঃ শুভৈঃ। ধাত্রীফলং শিরে দদ্যান্মহাপুণ্যবিবৃদ্ধয় ইতি ॥ ২২৪ ॥

অন্যৎ ইষ্টদেবপূজাদি। সুদেশে শোভনপ্রদেশে দিব্যং পরমশোভনং ॥ ২২৫ ॥

তৎপ্রকারং দর্শয়ন্ তদেব বিশিনষ্টি ভূষিতমিতি দ্বাভ্যাং। তোরণাদিভিশ্চ ভূষিতং

র্ত্তনাদি করিবে এবং শিষ্টচারানুসারে সমুদায় নূতন দ্রব্য অর্পণ করিবে ॥ ২২৩ ॥

উপবাস পরায়ণ ব্রতী ব্যক্তি মধ্যাহ্নকালে শ্রীকালিন্দ্যাদি পবিত্র তীর্থে তন্মধ্যে বিশ্রান্তিঘাটে, তদভাবে অন্যত্র বা পবিত্র জলে মস্তকে আমলকী ফল প্রদান পূর্ব্বক পবিত্র কৃষ্ণতিল দ্বারা স্নান করিবে ॥২২৪॥

অনন্তর অন্যান্য মাধ্যাহ্নিক নিত্য কৃত্য সমাপন করিয়া শোভন প্রদেশে দেবকীর সূতিকাগৃহ রচনা করিবে ॥ ২২৫ ॥

ঐ সূতিকাগৃহ মণি, বস্ত্র, বিতান, তোরণ ও ফলপুষ্প বন্ধন দ্বারা ভূষিত তথা ঘৃতপক্ক ও যব দূর্ব্বা পদ্মযুক্ত, বাদ্য গীতাদি সঙ্কুল এবং

দ্বারে চ শৃঙ্খলালোহ খড়্গচ্ছাগাদিসংযুতং।
গোকুলং বিলিখেত্তত্র গোপগোপীজনাবৃতং।
রক্ষপালাংশ্চ গেহস্য সর্ব্বতোঽবস্থিতান্ লিখেৎ।
তন্মধ্যে সর্ব্বতোভদ্রমণ্ডলে স্থাপয়েদ্ঘটং॥
পাত্রং তদুপরি ন্যস্যেদ্ধৈমং বৈণবমেব বা।
দেবকীং স্থাপয়েত্তত্র স্বর্ণেনান্যেন বা কৃতাং।
সল্লক্ষণং সুপর্য্যঙ্কে সুপ্তাং স্নুত পয়োধরাং।
তত্রৈব ভগবন্তঞ্চ তদুৎসঙ্গে স্তনন্ধয়ং॥
নিজলক্ষণসম্পন্নং স্থাপয়েচ্ছয়িতং সুখং।
তথা কচিৎ প্রদেশে চ শ্রীযশোদাং সকন্যকাং।
শ্রীনন্দং রোহিণীং রামং গোপান্ গোপীশ্চ গা অপি॥
বসুদেবঞ্চ দেবক্যাঃ সমীপে মুদিতাননং।

কৃত্বা গোকুলাদি সর্ব্বং লিখিত্বা স্বস্ব যোগ্যস্থানে তত্তন্মূর্ত্তীশ্চ সংস্থাপ্যার্চ্চনং প্রারভেত পূজা-ব্রতং কুর্য্যাৎ। নিশীতি নিশি পূজা বিধাতব্যা দেবক্যাঃ কেশবস্য চেতি ভবিষ্যোক্তেঃ।

দ্বারে শৃঙ্খল লোহ খড়্গ ও ছাগাদি সংযুক্ত করিবে। ঐ সূতিকাগৃহে গোপীজনাবৃত সমুদায় গোকুল, তথা, গৃহের সকল দিকে অবস্থিত রক্ষপালদিগকে লিখিবে। ঐ গৃহের মধ্যে সর্ব্বতোভদ্রমণ্ডলে ঘট স্থাপন করিবে। তদনন্তর সেই ঘটের উপরি হৈম অথবা বৈণব পাত্র বিন্যস্ত করিবে। তৎপরে ঐ পাত্রে স্বর্ণ বা অন্য ধাতু নির্ম্মিতা সল্লক্ষণসম্পন্না পর্য্যঙ্কে সুপ্তা স্নুতস্তনী দেবকীর প্রতিমা স্থাপন করিবে। ঐ প্রকারই স্তনন্ধয় নিজলক্ষণসম্পন্ন পর্য্যঙ্কে সুখশয়িত শ্রীকৃষ্ণ মূর্ত্তিকে দেবকীর ক্রোড়ে স্থাপন করিবে।

তথা ঐ সূতিকাগৃহের কোন প্রদেশে সকন্যকা যশোদা, শ্রীনন্দ, রোহিণী, রাম, গোপ, গোপী ও গোসমূহ এবং দেবকীর সমীপে

খড়্গপাণিং স্তবন্তঞ্চ বিস্ময়োৎফুল্ললোচনং।
দেবান্ মুনীংশ্চ তত্রোর্দ্ধে প্রণতান্ পুষ্পবর্ষিণঃ।
গন্ধর্ব্বাপ্সরসাদীংশ্চ গীতনৃত্যাদি তৎপরান্
কংসঞ্চ তৎপরীবারান্ গৃহীতাস্ত্রাংশ্চ নিদ্রয়া।
মোহিতান্ স্থাপয়েৎ ক্বাপি কৃষ্ণায়াং কালিয়ং লিখেৎ ॥
ইত্থং কৃত্বা যথাশোভং স্বশক্ত্যা সূতিকাগৃহং।
তত্তন্মূর্ত্তীশ্চ বিন্যস্য প্রারভেতার্চ্চনং নিশি ॥ ২২৬ ॥
গন্ধপুষ্পাক্ষতাদীনি বস্ত্রালঙ্করণানি চ।

তত্র চ চন্দ্রোদয়ে চন্দ্রার্ঘ্যদানাৎ পূর্ব্বং দেবক্যা ভগবতশ্চ ভবিষ্যে পূজোক্তেঃ শিষ্টবর্গাচারানুসারাচ্চ প্রথমরাত্র এব পূজারম্ভো জ্ঞেয় ইতি দিক্ ॥ ২২৬ ॥

পূজারম্ভ প্রকারমেব লিখতি গন্ধেতি। আদিশব্দেন পঞ্চামৃতোদ্বর্ত্তন সুগন্ধি শুদ্ধোদকাদীনি চন্দ্রার্ঘ্যার্থং নারিকেলাদি চ। বস্ত্রঞ্চ শ্রীভগবদর্থং পরিধানোত্তরীয়ং শুক্লবস্ত্রযুগ্মং জ্ঞেয়ং শুক্লবস্ত্রযুগচ্ছন্নমিতি ভবিষ্যোক্তেঃ। নৈবেদ্যানি ঘৃতশর্করাসহিত পায়স ঘৃতপক্কদধ্যাদীনি তথেতি সমুচ্চয়াৎ বিচিত্রাণীত্যস্য ফলানীত্যনেনাপি সম্বন্ধঃ তানি চ স্পষ্টং তত্র তত্রৈবোক্তানি। অর্ঘ্যপাদ্যাদি দ্রব্যাণি চ সর্ব্বপূজা সাধারণান্যেবেত্যত্র বিশেষতো নোল্লিখিতানি।

প্রফুল্লবদন, খড়্গপাণি, স্তবপরায়ণ ও বিস্ময়োৎফুল্ললোচন বসুদেব মূর্ত্তি চিত্রপটে লিখিয়া স্থাপন করিবে, তৎপরে ঐ সূতিকাগৃহের ঊর্দ্ধদিকে প্রণত ও পুষ্পবর্ষণকারি দেব, মুনি, গীত নৃত্যাদি তৎপর গন্ধর্ব্ব ও অপ্সরোগণ, তথা গৃহীতাস্ত্র ও নিদ্রাকর্ত্তৃক অভিভূত কংস ও কংসের পরিবারবর্গ এবং কোন স্থানে যমুনার মধ্যবর্ত্তি কালিয়নাগের মূর্ত্তি চিত্রপটে লিখিয়া স্থাপন করিবে ॥

স্বীয় শক্তির অনুসারে এই প্রকার যথাশোভাসম্পন্ন সূতিকাগৃহ নির্ম্মাণ করিয়া ঐ সকল মূর্ত্তি বিন্যাস পূর্ব্বক রাত্রিতে পূজা আরম্ভ করিবে ॥ ২২৬ ॥

ঐ অর্চ্চন স্থানে গন্ধ পুষ্প অক্ষত বস্ত্র অলঙ্কার বিবিধ নৈবেদ্য ও

নৈবেদ্যানি বিচিত্রাণি ফলানি স্থাপয়েত্তথা ॥ ২২৭ ॥
ততঃ শাস্ত্রোক্তমন্ত্রেণ বিধিনাবাহ্য দেবকীং।
প্রতিষ্ঠাপ্য চ তস্যৈ প্রাক্ পুষ্পাঞ্জলিমথার্পয়েৎ ॥
শ্রীদেবকীধ্যানঞ্চোক্তং ॥
গায়দ্ভিঃ কিন্নরাদ্যৈঃ সতত পরিবৃতা বেণুবীণাদিনাদৈ-
র্ভৃঙ্গারাদর্শ কুম্ভপ্রকরকৃতকরৈঃ কিন্নরৈঃ সেব্যমানা।
পর্য্যঙ্কে সাস্তৃতে যা মুদিততরমুখী পুত্রিণী সম্যগাস্তে

যদ্যপি গন্ধপুষ্পাদীন্যপি পূজোপকরণানি সর্ব্বপূজাসাধারণান্যেব তথাপি মহোৎসব বিশেষেহস্মিন্ বিশেষতস্তত্তদ্দ্রব্যসমাহরণার্থং দ্রব্যবিশেষোপাহরণার্থঞ্চ তান্যুল্লিখিতানীতি দিক্ ॥ ২২৭ ॥

দেবক্যাবাহনে শাস্ত্রোক্তমন্ত্রশ্চ নমোদেব্যৈ শ্রিয় ইতি লক্ষ্মীমন্ত্র এব। পুষ্পাঞ্জলিসমর্পণে চ গায়দ্ভিরিত্যাদি শ্লোক এব শিষ্টসম্মতোমন্ত্রঃ। বিধিনেতি আবাহন মুদ্রাদি গীতবাদ্যনৃত্য পুরাণপঠনাদি চ সর্ব্বপূজাসাধারণোবিধির্জ্ঞেয়ঃ। ভৃঙ্গারঃ সৌবর্ণ লঘুজলপানপাত্রং। ভৃঙ্গারাদীনাং প্রকরে সমূহে কৃতাঃ ন্যস্তাঃ করা যৈস্তৈর্ভৃঙ্গারাদিপাণিভিরিত্যর্থঃ। পাদাবভ্যঞ্জয়ন্তী শ্রীর্দেবক্যাশ্চরণান্তিকে। নিষণ্ণা পঙ্কজে পূজ্যেতি ভবিষ্যোত্তরোক্তং। যদ্দেবকীপূজনানন্তরং লক্ষ্মীপূজনং প্রায়ঃ শিষ্টবর্গানাদৃতত্বাৎ তথাগ্রে নবম্যাং প্রাতঃ শ্রীদুর্গাপূজনমপি

নানাপ্রকার ফল স্থাপন করিবে ॥ ২২৭ ॥

তদনন্তর শাস্ত্রোক্ত মন্ত্র দ্বারা যথাবিধি দেবকীকে আহ্বান করিয়া প্রতিষ্ঠা পূর্ব্বক অগ্রে তাঁহাকে পুষ্পাঞ্জলি প্রদান করিবে ॥

শ্রীদেবকীদেবীর ধ্যান উক্ত হইয়াছে যথা ॥

বেণু বীণা নিনাদ সহকারে গান শীল কিন্নর প্রভৃতিতে যিনি সতত পরিবৃতা, ভৃঙ্গার, আদর্শ ও কুম্ভসমূহ হস্তে ধারণ করিয়া কিন্নরগণ যাঁহাকে সতত সেবা করিতেছে এবং যিনি প্রফুল্লমুখে পুত্রবিশিষ্ট হইয়া আস্তৃত পর্য্যঙ্কে অবস্থিত আছেন সেই সতনয়া দেবমাতা কান্ত-

সা দেবী দেবমাতা জয়তি সুতনয়া দেবকী কান্তরূপেতি ॥২২৮

তথা শ্রীকৃষ্ণদেবস্য প্রাগ্বদাবাহনং বুধঃ ।
প্রতিষ্ঠাঞ্চ বিধায়াস্মৈ দদ্যাৎ পুষ্পাঞ্জলিং ততঃ ॥ ২২৯ ॥
চন্দ্রোদয়ে বহির্গেহাৎ সংমার্জ্যাব্জোপরীন্দবে ।
নারিকেলাদিকং শঙ্খে কৃত্বা তেনার্ঘ্যমর্পয়েৎ ॥
তত্র মন্ত্রঃ ॥
ক্ষীরোদার্ণবসম্ভূত অত্রিনেত্রসমুদ্ভব ।
গৃহাণার্ঘ্যং শশাঙ্কেশ রোহিণ্যা সহিতো মম ॥

নাত্র লিখিতং ॥

প্রাগ্বদিতি নিত্যপূজায়াং যথাবাহনাদিকং লিখিতমস্তি তথেত্যর্থঃ । তথা জয়ন্তীব্রতে চ মন্ত্রবিশেষো লিখিতোঽস্তি সোঽপ্যত্র সর্ব্বো জ্ঞেয়ঃ । রোহিণীযোগেন দ্বয়োরপ্যনয়োরভেদাৎ। তত্র এহি জগন্নাথেত্যাদিরাবাহনমন্ত্রঃ । মনোজ্যোতিরিতি প্রতিষ্ঠামন্ত্রঃ । পুষ্পাঞ্জলিসমর্পণে চ বিশ্বেশ্বরায়েত্যাদি মন্ত্র এব শিষ্টবর্গসম্মতঃ ॥ ২২৯ ॥

নারিকেলং তস্য শুভ্রশস্যমাদিশব্দাদ্দধিপুষ্পাক্ষতানি । দধিপুষ্পাক্ষতৈর্মিশ্রং ততোঽর্ঘ্যং শশিনে মুনে ইতি ভবিষ্যোক্তেঃ । তচ্চ সর্ব্বং শঙ্খে নিধায় তেন নারিকেলাদিনা কমলো-

রূপা দেবকীদেবী জয়যুক্তা হউন ॥ ২২৮ ॥

অনন্তর পণ্ডিত ব্যক্তি শ্রীকৃষ্ণদেবের পূর্ব্ববৎ আহ্বানপূর্ব্বক প্রতিষ্ঠা বিধান করিয়া পুষ্পাঞ্জলি প্রদান করিবেন ॥ ২২৯ ॥

তৎপরে চন্দ্রোদয় হইলে গৃহের বহির্ভাগে আগমন পূর্ব্বক স্থান সম্মার্জ্জন করিয়া পদ্মের উপরে চন্দ্রদেবকে শঙ্খে নারিকেলাদি অর্পণ করিয়া অর্ঘ্য সমর্পণ করিবে ॥

অর্ঘ্যমন্ত্র যথা ॥

হে ক্ষীরোদার্ণবসম্ভূত ! হে অত্রিনেত্রসমুদ্ভব ! হে শশাঙ্ক ! হে ঈশ ! এই অর্ঘ্য প্রদান করিতেছি, আপনি রোহিণীর সহিত গ্রহণ করুন ॥

জ্যোৎস্নাপতে নমস্তুভ্যং নমস্তে জ্যোতিষাং পতে।
নমস্তে রোহিণীকান্ত অর্ঘ্যং মে প্রতিগৃহ্যতামিতি ॥
ততো গৃহান্তরাগত্য কৃত্বা জয় জয় ধ্বনিং।
ধ্যাত্বা শ্রীভগবজ্জন্ম কৃষ্ণায়ার্ঘ্যং নিবেদয়েৎ ॥
তত্র মন্ত্রঃ ॥
জাতঃ কংসবধার্থায়েত্যাদি ॥ ২৩০ ॥

পরি চন্দ্রায়ার্ঘ্যং দদ্যাৎ। যদ্যপি দেবক্যৈ শ্রীভগবতে চার্ঘ্যার্পণানন্তরমেব চন্দ্রার্ঘ্যার্পণং ভবিষ্যোত্তরে ভবিষ্যে চোক্তমস্তি তথাপি প্রামাণিকশিষ্টলিখিতপদ্ধত্যনুসারেণ ব্যুৎক্রমেণাত্র লিখিতমিতি জ্ঞেয়ং। গৃহান্তঃপুজামন্দিরাভ্যন্তরে আগত্য শ্রীভগবতো জন্মপ্রাদুর্ভাবং। তমদ্ভুতং বালকমম্বুজেক্ষণমিত্যাদিনা শ্রীদশমস্কন্ধাদ্যুক্তপ্রকারং ধ্যাত্বা শিষ্টাচারানুসারেণ তমদ্ভুতমিত্যাদি শ্লোকাংশ্চ পঠন্। শুভ্রনারিকেলশস্যেনৈব শঙ্খনিহিতেনার্ঘ্যমর্পয়েৎ। নারিকেলেন শুভ্রেণ দদ্যাদর্ঘ্যং বিচক্ষণঃ। কৃষ্ণায় পরয়া ভক্ত্যা শঙ্খে কৃত্বা বিধানত ইতি ভবিষ্যোক্তেঃ। জাতঃ কংসবধার্থায় ইত্যস্য পরভাগোহত্র ন সংগৃহীতঃ ভবিষ্যপুরাণবচন-মধ্যে তথা পূর্ব্বং জয়ন্তীব্রতে চ লিখিতত্বাৎ এবমগ্রেঽপ্যূহ্যং ॥ ২৩০ ॥

হে রোহিণীকান্ত! আপনাকে নমস্কার করি, আপনি জ্যোৎস্না-পতি, আপনাকে নমস্কার, আপনি জ্যোতিস্ সকলের পতি, আপনাকে নমস্কার করি, আপনি আমার অর্ঘ্য গ্রহণ করুন ॥

অনন্তর জয় জয় ধ্বনি করিতে করিতে গৃহ মধ্যে আগমন করিয়া ভগবজ্জন্ম ধ্যান পূর্ব্বক শ্রীকৃষ্ণকে অর্ঘ্য নিবেদন করিবে ॥

অর্ঘ্যমন্ত্র যথা ॥

হে দেব! আপনি কংসবধ, ভূভারহরণ, দেবগণের হিত, ধর্ম্মের সংস্থাপন, কৌরবদিগের বিনাশ এবং দৈত্যগণের নিধন নিমিত্ত জন্ম গ্রহণ করিয়াছেন, আমি অর্ঘ্য প্রদান করিতেছি, দেবকীর সহিত আপনি আমার অর্ঘ্য গ্রহণ করুন। দেবকীর সহিত, পরিবারের সহিত, লক্ষ্মীর সহিত শ্রীকৃষ্ণকে অর্ঘ্য দিবে ॥ ২৩০ ॥

ততঃ ক্ষীরাদিনা শুদ্ধোদকেন তু যথাবিধি।
দেবকীসহিতং ভক্ত্যা শ্রীকৃষ্ণং স্নাপয়েৎ কৃতী ॥ ২৩১ ॥
তত্র মন্ত্রঃ ॥
যোগেশ্বরায় যোগসম্ভবায় যোগপতয়ে
গোবিন্দায় নমোনমঃ। ইতি ॥
ক্বচিচ্চ ॥
যোগেশ্বরায় দেবায় দেবকীনন্দনায় চ।
যোগোদ্ভবায় নিত্যায় গোবিন্দায় নমোনমঃ। ইতি ॥
অদিতে দেবমাতস্ত্বমিত্যাদি প্রার্থ্য দেবকীং।
গন্ধাদীন্যর্পয়েত্তস্যৈ নমোদেব্যৈ শ্রিয়ে ইতি ॥ ২৩২ ॥

---

যথাবিধীতি নিত্যপূজায়াং স্নপনবিধির্নৃত্যগীতবাদ্যাদিপূর্ব্বকো যো লিখিতস্তদনুসারেণেত্যর্থঃ। কৃতী তত্তৎপ্রকারকুশলঃ ॥ ২৩১ ॥

অদিতে দেবমাতস্ত্বমিত্যাদি চ প্রার্থনমন্ত্রঃ। নমোদেব্যৈ শ্রিয়ে ইতি চ গন্ধাদ্যর্পণমন্ত্রঃ ইতি বিবেচনীয়ং। এবমগ্রেঽপ্যূহ্যং। আদিশব্দাৎ পুষ্পধূপনৈবেদ্যাদীনি ॥ ২৩২ ॥

---

তদনন্তর কৃতী ব্যক্তি ভক্তিসহকারে যথাবিধি ক্ষীর ও শুদ্ধোদক দ্বারা শ্রীকৃষ্ণকে স্নান করাইবে ॥ ২৩১ ॥

তদ্বিষয়ে মন্ত্র যথা ॥

আপনি যোগেশ্বর, যোগসম্ভব, যোগপতি এবং গোবিন্দ আপনাকে নমস্কার নমস্কার ॥

অন্য কোন স্থানে ॥

আপনি যোগেশ্বর, দেব, দেবকীনন্দন, যোগের উদ্ভব ও গোবিন্দ আপনাকে নমস্কার নমস্কার ॥

হে অদিতে! হে দেবমাতঃ! ইত্যাদি মন্ত্র দ্বারা দেবকীকে প্রার্থনা করিয়া তাঁহাকে "নমোদেব্যৈ শ্রিয়ে" এই মন্ত্র দ্বারা গন্ধাদি সমুদায় অর্পণ করিবে ॥ ২৩২ ॥

অবতারসহস্রাণীত্যাদিনাভ্যর্থ্য চ প্রভুং।
পাদ্যাদি বস্ত্রভূষাদি ধূপদীপাদি চার্পয়েৎ ॥
তত্র পাদ্যাদি দীপান্তমন্ত্রঃ ॥
ওঁ যজ্ঞেশ্বরায় যজ্ঞসম্ভবায় যজ্ঞপতয়ে
গোবিন্দায় নমোনমঃ। ইতি ॥
নৈবেদ্যমন্ত্রঃ ॥
বিশ্বেশ্বরায় বিশ্বসম্ভবায় বিশ্বপতয়ে
গোবিন্দায় নমোনমঃ। ইতি ॥ ২৩৩ ॥
বসুদেবং যশোদাঞ্চ নন্দং রামঞ্চ রোহিণীং।

পাদ্যাদীতি প্রথমেনাদিশব্দেন মধুপর্কাচমনীয়াদি। দ্বিতীয়েন গন্ধপুষ্পাদি। তৃতীয়েন নৈবেদ্যাদি। তত্তদ্বিশেষশ্চ সর্ব্বপূজা সাধারণত্বাদত্র নোল্লিখিতঃ। এবমত্রোল্লিখিতো-ঽন্যোঽপ্যুপচারঃ পূজাসাধারণত্বাদশেষ এবোহ্যঃ যতোঽত্র প্রায়ো বিশেষভাগ এব দর্শিত ইতি অতএব লিখিতং কৃতীতি ॥ ২৩৩ ॥

শ্রীরামং শ্রীবলদেবং অন্যান্ গোপগোপীগবাদীন্ দেবাদীংশ্চ। তত্তন্মূর্ত্তিনির্ম্মাণাশক্তৌ চ স্থণ্ডিলে আবাহনাদিকং কৃত্বা পূজয়েদিতি লিখিতভবিষ্যোত্তরবচনতো বোদ্ধব্যং। স্থণ্ডিলে স্থাপয়েদ্দেবং শশাঙ্কং রোহিণীং তথা। দেবকীং বসুদেবঞ্চ যশোদাং নন্দমেব চ। বলভদ্রং তথা গোপান্ গোপীর্গোকুলমেব বেতি ভবিষ্যোত্তরোক্তেঃ। তস্য তস্য বসুদেবাদে-র্নামাত্মকৈর্মন্ত্রৈঃ তৎপ্রকারশ্চ পূর্ব্বং সর্ব্বত্র লিখিতোঽস্ত্যেব। অত্র ভবিষ্যে ভবিষ্যোত্তরে

"অবতারসহস্রাণি" ইত্যাদি মন্ত্র দ্বারা প্রভুকে অর্চ্চনা করিয়া পাদ্য বস্ত্র ভূষণ ধূপ দীপ প্রভৃতি অর্পণ করিবে ॥

এই বিষয়ে পাদ্যাদি দীপমন্ত্র যথা ॥

যজ্ঞেশ্বরায়েত্যাদি ॥

নৈবেদ্যমন্ত্র ॥

বিশ্বেশ্বরায়েত্যাদি ॥ ২৩৩ ॥

তৎপরে বসুদেব, যশোদা, নন্দ, রাম, রোহিণী ও অন্যান্য সক-

অন্যাংশ্চ পূজয়েত্তন্নামমন্ত্রৈর্যথাবিধি ॥ ২৩৪ ॥
পক্কান্নানি বিচিত্রাণি খাদ্যানি বিবিধানি চ ।
তৎকালীন ফলান্যত্র তাম্বূলঞ্চ সমর্পয়েৎ ।
তত্র মন্ত্রঃ ॥
ধর্ম্মেশ্বরায় ধর্ম্মসম্ভবায় ধর্ম্মপতয়ে
গোবিন্দায় নমোনমঃ । ইতি ॥ ২৩৫ ॥
নিশীথে গুড়সর্পির্ভ্যাং বসোর্ধারাঞ্চ পাতয়েৎ ॥ ২৩৬ ॥
অথ কুর্য্যাদ্ভগবতোজাতকর্ম্ম মহোৎসবং ।

---

চোক্তঃ। স্বনামভিশ্চতুর্থ্যন্তৈঃ প্রণবাদি নমোঽন্তকৈঃ। পূজয়েয়ুর্দ্বিজাঃ সর্ব্বে স্ত্রীশূদ্রা মন্ত্রবর্জ্জিতা ইতি। অতোঽয়ং প্রয়োগঃ। ওঁ বসুদেবায় নম ইত্যাদি। যথাবিধীতি আবাহনাদিকং কৃত্বা। কশ্যপোবসুদেবোঽয়মিত্যাদি তথা ধ্যাত্বাবতারং প্রাগুক্তমিত্যাদেশ্চ ভবিষ্যোত্তরোক্তস্যানুসারতস্তত্তদ্ধ্যানং কৃত্বা পাদ্যাদি নৈবেদ্যান্তোপচারান্ সমর্পয়েদিত্যেবং সর্ব্বপূজা সাধারণবিধ্যনুসারেণ পূজয়েদিত্যর্থঃ ॥ ২৩৪ ॥

অথ মহোৎসববিশেষস্যাস্য লক্ষণং পুনর্দ্রব্যবিশেষসমর্পণং লিখতি পক্কান্নানীতি। খাদ্যানি চর্ব্ব্যবীজেক্ষু কুড়ুকাদীনি তৎকালীনানি। জন্মাষ্টমীসময়োদ্ভবানি ফলানি কুষ্মাণ্ডকদলিকাদীনি চ ॥ ২৩৫ ॥

নিশীথে স্বর্দ্ধরাত্রে গুড়যুক্তেন গবাঘৃতেন বসোর্ধারাং পাতয়েৎ। তত্র মন্ত্রঃ। বসোঃ পবিত্রমসীতি এতচ্চ লোকজন্মানন্তরসাধরণকৃত্যং ॥ ২৩৬ ॥

কিঞ্চ শ্রীনালস্য শ্রীনাভিনাড্যা বর্দ্ধনং ছেদনং। তচ্চ হৈরণ্যক্ষুরেণ কুর্য্যাৎ। যথো-

---

লকে তত্তন্নাম দ্বারা যথাবিধি পূজা করিবে ॥ ২৩৪ ॥

বিচিত্র পক্কান্ন ও বিবিধ প্রকার খাদ্য তৎকালোৎপন্ন ফল সমুদায় ও তাম্বূল সমর্পণ করিবে ॥

আপনি ধর্ম্মেশ্বর, ধর্ম্মসম্ভব ও ধর্ম্মপতি গোবিন্দ আপনাকে নমস্কার নমস্কার ॥ ২৩৫ ॥

নিশীথকালে গুড় ও ঘৃত দ্বারা বসুধারা পাত করিবে ॥ ২৩৬ ॥

অনন্তর ভগবানের জাতকর্ম্মমহোৎসব, তৎপরে স্বর্ণক্ষুর দ্বারা নাড়ী

শ্রীনালবর্দ্ধনং কুর্য্যাৎ ষষ্ঠীনিঃসরণং ততঃ ॥
শ্রীনামকরণং তত্তল্লীলানুকরণন্তথা।
অথাচার্য্যং সমভ্যর্চ্চ্য কুর্য্যাজ্জাগরণং মুদা ॥
গীতনৃত্যাদিনা বাল্যক্রীড়াশ্রবণপূর্ব্বকং ॥ ২৩৭ ॥
স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে ॥
আজন্মোপার্জ্জিতং পাপং তৎক্ষণাদেব লীয়তে।
রাত্রৌ জাগরণে বিপ্র দৃষ্টে নশ্যতি দেহিনাং ॥ ২৩৮ ॥
প্রভাতে সতি নির্ব্বর্ত্ত্য নিত্যকর্ম্মাণি বৈষ্ণবঃ।

পচারৈঃ ষষ্ঠিকায়ৈ নম ইতি ষষ্ঠীং সংপূজ্য। বিধিবন্নিঃসরণং কুর্য্যাদিতি জ্ঞেয়ং। সর্ব্বঞ্চ ভগবন্নিবেদিত শেষেণৈব সিদ্ধ্যতীতি স্থাপনে পৃথক্ ন লিখিতং। তস্যাঃ তস্যাঃ সুপ্রসিদ্ধায়াঃ লীলায়াঃ পূতনাবধাদি কংসবধান্তক্রীড়ায়াঃ অনুকরণং। আচার্য্যং নিজগুরুং। যদ্বা ব্রতার্থে গুরুত্বেন বৃতং বিপ্রং সমভ্যর্চ্চ্য বস্ত্রালঙ্করণাদিনা সম্যক্ পূজয়িত্বা বাল্যক্রীড়া শ্রীভগবতঃ পূতনাবধাদিচরিতং তচ্ছ্রবণপূর্ব্বকং জাগরণং কুর্য্যাৎ। জাগরণবিধিশ্চ সর্ব্বব্রতসাধারণ এবেত্যত্র বিশেষতোনোল্লিখিতঃ ॥ ২৩১ ॥

কথং লীয়তে ইত্যপেক্ষায়ামুক্তপোষণ্যায়েনাহ রাত্রাবিতি। হে বিপ্র। দৃষ্টে তম ইতি পাঠে চ তমোঽজ্ঞানং ॥ ২৩৮ ॥

নিত্যকর্ম্মাণি স্নানাদীনি। সংপ্রার্থ্য ক্ষমস্বেত্যাদিকমভ্যর্থ্য বিসর্জ্জয়েদিতি জন্মাষ্টমী-

চ্ছেদন করিবে, তাহার পর ষষ্ঠীর পূজা করিয়া যথাবিধি তাঁহার নিঃসরণ, শ্রীভগবানের নামকরণ, তথা পূতনাবধাদি ও কংসবধান্ত ক্রীড়ার অনুকরণ, তদনন্তর বস্ত্রালঙ্কারাদি দ্বারা আচার্য্যকে সম্যক্‌রূপে পূজা করিয়া আনন্দসহকারে শ্রীকৃষ্ণের বাল্যলীলা শ্রবণপূর্ব্বক গীত নৃত্যাদি দ্বারা রাত্রিতে জাগরণ করিবে ॥ ২৩৭ ॥

স্কন্দপুরাণে ব্রহ্মা নারদসম্বাদে যথা ॥

হে বিপ্র! রাত্রিতে জাগরণ দর্শন করিলে দেহধারিমানব সকলের আজন্মার্জ্জিত পাপ তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥ ২৩৮ ॥

প্রভাত হইলে বৈষ্ণব ব্যক্তি নিত্য কর্ম্ম সমাধা করিয়া দেবকে

দেবমভ্যর্চ্চ্য সংপ্রার্থ্য প্রণম্য চ বিসর্জ্জয়েৎ।
প্রণাম মন্ত্রঃ॥
যং দেবমিত্যাদি সার্দ্ধপদ্যং।
প্রার্থনমন্ত্রঃ॥
শান্তিরস্ত্বিত্যাদিঃ॥ ২৩৯॥
অথাচার্য্যায় তৎসর্ব্বং শ্রীমূর্ত্ত্যাদি সদক্ষিণং।
প্রদায় বিপ্রান্ সম্ভোজ্য বিদধ্যাৎ পারণোৎসবং॥ ২৪০॥
অথ পার্শ্বপরিবর্ত্তনোৎসবঃ॥
ভাদ্রস্য শুক্লৈকাদশ্যাং শয়নোৎসববৎ প্রভোঃ।

ব্রতার্থ নির্ম্মিত শ্রীমূর্ত্তিবিশেষস্য ব্রতান্তে গুরৌ সমর্পণার্থমিত্যেষা দিক্॥ ২৩৯॥

তৎ সূতিকাগৃহোপকরণং তত্তদ্ভগবদাদি প্রতিমাঃ আদি শব্দেন পূজোপকরণাদিকঞ্চ সর্ব্বং দক্ষিণাসহিতং প্রকর্ষেণ শ্রীকৃষ্ণঃ প্রীয়তামিত্যেবং দত্ত্বা তথৈব বিপ্রান্ সম্যক্ ভোজয়িত্বা ব্রতসমাপ্তিরূপ মহোৎসবং কুর্য্যাৎ পরমহর্ষেণ বন্ধুভিঃ সমং ভগবন্মহাপ্রসাদান্নাদিকং ভুঞ্জীতেত্যর্থঃ॥ ২৪০॥

শয়নোৎসববদিতি যথা শয়নে ক্ষীরাব্ধিমহোৎসব প্রকারোলিখিতস্তথেত্যর্থঃ। তত্র যদ্যপি ভবিষ্যোত্তরে একাদশ্যামিত্যুক্তং তথাপি পূর্ব্বলিখিতশয়নাদিকালনির্ণয়ানুসারেণ

অভ্যর্চ্চনা, প্রার্থনা ও প্রণাম পূর্ব্বক বিসর্জ্জন করিবে॥

প্রণাম মন্ত্র যথা॥

"যং দেবমিত্যাদি" সার্দ্ধ পদ্য দ্বারা প্রণাম করিবে।

প্রার্থনমন্ত্র যথা॥

"শান্তিরস্তু" ইত্যাদি॥ ২৩৯॥

অনন্তর সূতিকাগৃহোপকরণ এবং ভগবৎ প্রতিমাদি সমুদায় দক্ষিণার সহিত আচার্য্যকে প্রদান পূর্ব্বক ব্রাহ্মণভোজন করাইয়া পারণোৎসব বিধান করিবে॥ ২৪০॥

অথ পার্শ্বপরিবর্ত্তনোৎসব॥

ভাদ্রমাসের শুক্লা একাদশীতে বৈষ্ণব ব্যক্তি বৈষ্ণবগণের সহিত

কটিদানোৎসবং কুর্য্যাদ্বৈষ্ণবৈঃ সহ বৈষ্ণবঃ ॥ ২৪১ ॥

ভবিষ্যোত্তরে ॥

প্রাপ্তে ভাদ্রপদে মাসি একাদশ্যাং সিতেঽহনি।

কটিদানং ভবেদ্বিষ্ণোর্মহাপাতকনাশনং।

জলাশয়ান্তিকং নীত্বা সম্যগভ্যর্চ্চ্য চ প্রভুং।

কর্ণিকাপরিবৃত্তিঞ্চ দক্ষিণাঙ্গে প্রকল্পয়েৎ ॥ ২৪২ ॥

অভ্যর্থন মন্ত্রঃ ॥

দেবদেব জগন্নাথ যোগিগম্য নিরঞ্জন।

কটিদানং কুরুষ্বাদ্য মাসি ভাদ্রপদে শুভে।

---

দ্বাদশ্যামিতি লিখিতং। তদ্বিশেষশ্চ পূর্ব্বমেব শয়নোৎসবপ্রকরণে লিখিতোঽস্তি। ভবিষ্যোত্তরে চ একাদশী দ্বাদশ্যোরভেদাভিপ্রায়েণোক্তমিতি বোদ্ধব্যং ॥ ২৪১ ॥

শয়নোৎসবাৎ কঞ্চিদ্বিশেষমনুবাদপূর্ব্বকং লিখতি জলেতি ত্রিভিঃ। কর্ণিকায়াঃ কট্যাঃ পরিবৃত্তিং; দক্ষিণাঙ্গে প্রকল্পয়েৎ ইতি পূর্ব্বং বামাঙ্গেন সুপ্তস্যাধুনা দক্ষিণাঙ্গেন স্বাপয়েদিত্যর্থঃ। তৎকালবিশেষশ্চ পূর্ব্বমেব নির্ণীতোঽস্তি ॥ ২৪২ ॥ ২৪৩ ॥

---

ভগবানের কটিদানোৎসব করিবেন ॥ ২৪১ ॥

ভবিষ্যোত্তরে যথা ॥

ভাদ্রমাস প্রাপ্ত হইলে শুক্লপক্ষের একাদশীতে মহাবিষ্ণুর যে কটি দান, তাহা মহাপাতকের নাশকারী হয় ॥

জলাশয়ের নিকটে ভগবৎ প্রতিমা লইয়া গিয়া তাঁহাকে সম্যক্ রূপে অর্চ্চনা করত কর্ণিকার (কটির) পরিবৃত্তি দক্ষিণাঙ্গে কল্পনা করিবে অর্থাৎ পূর্ব্বে বামাঙ্গে শয়ন করান হইয়াছিল এক্ষণে দক্ষিণাঙ্গে শয়ন করাইবে ॥ ২৪২ ॥

অভ্যর্থন মন্ত্র যথা ॥

হে দেবদেব! হে জগন্নাথ! হে যোগিগম্য! হে নিরঞ্জন! শুভ ভাদ্রমাসে অদ্য কটিদান করুন ॥

মহাপূজাং ততঃ কৃত্বা বৈষ্ণবান্ পরিতোষ্য চ।
দেবং স্বমন্দিরে নীত্বা যথাপূর্ব্বং নিবেশয়েৎ ॥ ২৪৩ ॥

অথ শ্রবণদ্বাদশীব্রতং ॥

ভাদ্রস্য শুক্লদ্বাদশ্যাং যুক্তায়াং শ্রবণেন হি।
উপোষ্য সঙ্গমে স্নাত্বা দেবং বামনমর্চ্চয়েৎ ॥

অথ তন্মাহাত্ম্যং ॥

মাসি ভাদ্রপদে শুক্লা দ্বাদশী শ্রবণান্বিতা।
মহতী দ্বাদশী জ্ঞেয়া উপবাসে মহাফলা।
অর্চ্চয়িত্বাঽচ্যুতং ভক্ত্যা লভেৎ পুণ্যং দশাব্দিকং ॥ ২৪৪ ॥
ফলং দত্তহুতানাঞ্চ তস্যাং লক্ষগুণং ভবেৎ ॥

দশাব্দিকং দশাব্দ ভগবদর্চ্চনজং পুণ্যং তস্যামর্চ্চয়িত্বা লভেৎ ॥ ২৪৪ ॥

তদনন্তর ভগবানের মহাপূজা করিয়া বৈষ্ণবগণকে পরিতোষ পূর্ব্বক দেবকে স্বীয় মন্দিরে আনয়ন করত যেমন পূর্ব্বে ছিলেন, তদ্রূপ স্থাপন করিবেন ॥ ২৪৩ ॥

অথ শ্রবণদ্বাদশীব্রত ॥

ভাদ্রমাসের শ্রবণানক্ষত্রযুক্ত শুক্ল দ্বাদশীতে উপবাস পূর্ব্বক নদী-সঙ্গমে স্নান করিয়া বামনদেবের অর্চ্চনা করিবে ॥

অথ তন্মাহাত্ম্য ॥

ভাদ্রমাসের শ্রবণানক্ষত্রযুক্তা শুক্লা দ্বাদশীকে মহাদ্বাদশী বলিয়া জানিবে, উহার উপবাসে মহাফল হয়। ঐ দিবস ভক্তিপূর্ব্বক ভগবানের পূজা করিলে দশবৎসর ভগবৎপূজাজনিত পুণ্য প্রাপ্তি হয়॥২৪৪

ঐ শ্রবণদ্বাদশীতে দান হোম প্রভৃতি কার্য্য করিলে তাহার লক্ষগুণ ফল হয় ॥

স্কান্দে ॥
মাসি ভাদ্রপদে শুক্লা দ্বাদশী শ্রবণান্বিতা।
মহতী দ্বাদশী জ্ঞেয়া উপবাসে মহাফলা ॥
সঙ্গমে সরিতঃ পুণ্যে দ্বাদশীং তামুপোষিতঃ।
আপ্লবাদেব চাপ্নোতি দ্বাদশ দ্বাদশীফলং ॥ ২৪৫ ॥
বুধশ্রবণসংযুক্তা সৈব চেদ্দ্বাদশী ভবেৎ।
অত্যন্তমহতী তস্যাং দত্তং ভবতি চাক্ষয়ং ॥
অর্চ্চয়িত্বাঽচ্যুতং ভক্ত্যা লভেৎ পুণ্যং দশাব্দিকং।
ফলং দত্তহুতানাঞ্চ তস্যাং লক্ষগুণং ভবেৎ ॥
ব্রহ্মবৈবর্ত্তে পিতাপুত্রসম্বাদে ॥
মাসি ভাদ্রপদে শুক্লপক্ষে যদি হরের্দিনে।
বুধশ্রবণসংযোগঃ প্রাপ্যতে তত্র পূজিতঃ ॥

আপ্লবাৎ সঙ্গম এব স্নানাৎ ॥ ২৪৫ ॥

স্কন্দপুরাণে যথা ॥

ভাদ্রমাসে শ্রবণান্বিতা যে শুক্লা দ্বাদশী, তাহাকে মহাদ্বাদশী জানিবে, তাহার উপবাসে মহাফল হয়। দ্বাদশীর উপবাস করিয়া নদীর পুণ্যসঙ্গমে স্নান করিলে দ্বাদশ দ্বাদশীর ফল হয় ॥ ২৪৫ ॥

যদি বুধবার ও শ্রবণানক্ষত্রযুক্তা দ্বাদশী হয়, তাহা হইলে ঐ দ্বাদশীকে অতিশয় মহতী বলে; তাহাতে যে কিছু দান করা যায় তাহা অক্ষয় হইয়া থাকে এবং উহাতে ভক্তিপূর্ব্বক অচ্যুতের পূজা করিলে তাহা দশবৎসরের পূজার ফল হয় এবং উহাতে দান ও হোম করিলে তাহার লক্ষ গুণ ফল হয় ॥

ব্রহ্মবৈবর্ত্তে পিতাপুত্র সম্বাদে ॥

ভাদ্রমাসের শুক্লপক্ষে যদি হরিবাসরে বুধবার ও শ্রবণার যোগ হয়, তাহাতে বামনদেব পূজিত হইয়া মনস্থিত শুভ কামনা সকল দান

প্রযচ্ছন্তি শুভান্ কামান্ বামনো মনসি স্থিতান্।
বিজয়া নাম সা প্রোক্তা তিথিঃ প্রীতিকরী হরেঃ।
সঙ্গমে সর্ব্বতীর্থানাং সঙ্গমস্তত্র জায়তে॥
শুক্লা ভাদ্রপদে স্বর্গং কৃষ্ণা কলুষসংক্ষয়ং।
ফাল্গুনে কুরুতে মোক্ষমপি ব্রহ্মবধান্নৃণাং।
মহাপুণ্যপ্রদা হ্যেষা সঙ্গমে বিজয়া তিথিঃ॥
সর্ব্বপাপক্ষয়ো নূনং জায়তে তদুপোষিণাং॥
কিঞ্চ॥
সর্ব্বতীর্থানি ভূপৃষ্ঠে সঙ্গমে যান্তি সঙ্গমং।
বিজয়া বাসরে সর্ব্বদেবানাং সঙ্গমো ভুবি॥
ইদং সর্ব্বপুরাণেষু রহস্যং পরিগীয়তে।

ভাদ্রপদে শুক্লা শ্রবণদ্বাদশী স্বর্গং কুরুতে। ফাল্গুনে কৃষ্ণা কলুষসংক্ষয়ং কুরুতে। পূজা পূজয়িত্বা॥ ২৪৬॥

করেন। ঐ তিথির নাম বিজয়া, উহা হরির প্রীতিকরী হয়। সঙ্গমে ঐ তিথিতে সকল তীর্থের সঙ্গম হয়। ভাদ্রমাসে শ্রবণানক্ষত্রযুক্ত শুক্লা দ্বাদশী স্বর্গ এবং শ্রবণানক্ষত্রযুক্ত কৃষ্ণাদ্বাদশী পাপ বিনষ্ট করেন। আর যদি ফাল্গুনমাসে শ্রবণানক্ষত্রযুক্ত শুক্লা দ্বাদশী হয়, তাহা হইলে ঐ দ্বাদশী ব্রহ্মবধ হইতে মনুষ্য সকলকে মুক্ত করিয়া থাকেন। এই বিজয়াতিথি সঙ্গমে মহাপুণ্য প্রদান করেন। ইহাতে উপবাস করিলে উপবাসকারি ব্যক্তির নিশ্চয় পাপ সমুদায় বিনষ্ট হয়॥

আরও॥

পৃথিবীতে সঙ্গমে সমুদায় তীর্থের সঙ্গম হয়। বিজয়াবাসরে পৃথিবীতে সমস্ত দেবতার সঙ্গম হইয়া থাকে। সকল পুরাণে এই রহস্য কীর্ত্তন করেন যে, সঙ্গমে বামনদেবকে পূজা করিলে আর প্রেত-

সঙ্গমে বামনং পূজ্য প্রেতযোনৌ ন জায়তে ॥ ২৪৬ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
শ্রীপরশুরাম উবাচ ॥
উপবাসাসমর্থানাং কিং স্যাদেকমুপোষিতং।
মহাফলং মহাদেব তন্মমাচক্ষ সুব্রত ॥
শ্রীশঙ্কর উবাচ ॥
যা রাম শ্রবণোপেতা দ্বাদশী মহতী তু সা।
তস্যামুপোষিতঃ স্নাতঃ পূজয়িত্বা জনার্দ্দনং।
প্রাপ্নোত্যযত্নাৎ ধর্ম্মজ্ঞ দ্বাদশদ্বাদশীফলং ॥ ২৪৭ ॥
কিঞ্চ ॥
শ্রবণদ্বাদশীযোগে বুধবারো ভবেদযদি।

---

উপোষিতমুপোষণং ॥ ২৪৭ ॥

---

যোনিতে জন্ম গ্রহণ করে না ॥ ২৪৬ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

শ্রীপরশুরাম কহিলেন, হে মহাদেব! যে সকল ব্যক্তি উপবাস করিতে অসমর্থ, তাহারা যে কোন একটী উপবাস করিলে মহাফল হয়, হে সুব্রত! তাহাই আমাকে বলিতে আজ্ঞা হউক ॥

শ্রীমহাদেব কহিলেন, হে রাম! শ্রবণানক্ষত্রযুক্তা যে দ্বাদশী তাহার নাম মহতী। হে ধর্ম্মজ্ঞ! উহাতে উপবাস, স্নান এবং জনার্দ্দনের পূজা করিয়া বিনা যত্নে দ্বাদশ দ্বাদশীর ফল প্রাপ্ত হয় ॥ ২৪৭ ॥

আরও ॥

হে রাম! শ্রবণাদ্বাদশীর যোগে যদি বুধবার হয় তাহা হইলে

অত্যন্তমহতী রাম দ্বাদশী সা প্রকীর্ত্তিতা ॥
স্নানং জপ্যং তথা হোমো দানং শ্রাদ্ধং সুরার্চ্চনং।
সর্ব্বমক্ষয়মাপ্নোতি তস্যাং ভৃগুকুলোদ্বহ।
তস্মিন্ দিনে তথা স্নাতো যোহপি ক্বচন সঙ্গমে।
স গঙ্গাস্নানজং রাম ফলং প্রাপ্নোত্যসংশয়ং।
শ্রবণে সঙ্গমাঃ সর্ব্বে পরিপুষ্টিপ্রদাঃ সদা ॥ ২৪৮ ॥
বিশেষাদ্দ্বাদশীযুক্তে বুধযুক্তে বিশেষতঃ ॥
ভবিষ্যোত্তরে যুধিষ্ঠির উবাচ ॥
উপবাসাসমর্থানাং সদৈব পুরুষোত্তম ॥
একা যা দ্বাদশী পুণ্যা তাং বদস্ব মমানঘ ॥
শ্রীকৃষ্ণ উবাচ ॥

পরিপুষ্টিপ্রদাঃ পুণ্যাতিশয়করাঃ ॥ ২৪৮ ॥

ঐ দ্বাদশীকে অত্যন্ত মহতী বলিয়া কীর্ত্তন করা যায়।

হে ভৃগুকুলোদ্ভব! ঐ দ্বাদশীতে স্নান, জপ, হোম, দান, শ্রাদ্ধ এবং দেবার্চ্চন প্রভৃতি যাহা২ করিবে তৎসমুদায় অক্ষয় হয়।

হে রাম! ঐ দিনে যে ব্যক্তি কোন নদীসঙ্গমে স্নান করে তাঁহার গঙ্গাস্নান জনিত ফল হয়, ইহাতে কোন সংশয় নাই। শ্রাবণমাসে সমস্ত সঙ্গম সর্ব্বদা পরিপুষ্টিপ্রদ অর্থাৎ পুণ্যাতিশয় প্রদান করেন। বিশেষতঃ দ্বাদশী ও বুধবার যুক্ত হইলে বিশেষ ফল প্রদান করিয়া থাকেন ॥

ভবিষ্যোত্তরে ॥

যুধিষ্ঠির কহিলেন, হে পুরুষোত্তম! যাহারা সর্ব্বদা উপবাস করিতে অক্ষম একটী যে পুণ্যস্বরূপা দ্বাদশী, হে অনঘ! আমাকে তাহাই বল ॥

মাসি ভাদ্রপদে শুক্লা দ্বাদশী শ্রবণান্বিতা।
সর্ব্বকামপ্রদা পুণ্যা উপবাসে মহাফলা ॥
সঙ্গমে সরিতাং স্নাত্বা গঙ্গাস্নানাদিজং ফলং।
সোপবাসঃ সমাপ্নোতি নাত্র কার্য্যা বিচারণা ॥
কিঞ্চ ॥
বুধশ্রবণসংযুক্তা সৈব চেদ্দ্বাদশী ভবেৎ।
অতীব মহতী তস্যাং সর্ব্বং দত্তমিহাক্ষয়ং ॥
কিঞ্চ তত্রৈব বণিগুপাখ্যানে ॥
শ্রবণদ্বাদশীযোগে পূজয়িত্বা জনার্দ্দনং।
দানঞ্চ দত্ত্বা বিপ্রেভ্যঃ সোপবাসো জিতেন্দ্রিয়ঃ।
মহানদী সঙ্গমে চ স্নাত্বা দিষ্টান্তমাগতঃ।
অবাপ পরমং স্থানং দুর্ল্লভং সর্ব্বমানবৈঃ ॥

শ্রীকৃষ্ণ কহিলেন ভাদ্রমাসের শ্রবণান্বিতা শুক্লা দ্বাদশী সর্ব্বকামপ্রদা ও পুণ্য স্বরূপা, উহার উপবাসে মহাফল হয়। সরিৎ সকলের সঙ্গমে স্নান করিয়া উপবাস পর ব্যক্তি গঙ্গাস্নানাদি জনিত ফল প্রাপ্ত হয়, ইহাতে কোন বিচার নাই ॥

আরও ॥

যদি বুধবার ও শ্রবণা নক্ষত্রযুক্তা দ্বাদশী হয় তাহা হইলে তাহার নাম অতীব মহতী, উহাতে দান করিলে তৎসমুদায় অক্ষয় হয় ॥

আরও ঐ স্থানেই বণিকের উপাখ্যানে ॥

একজন জিতেন্দ্রিয় বণিক্ শ্রবণা দ্বাদশীর যোগে উপবাস পূর্ব্বক জনার্দ্দনকে পূজা এবং ব্রাহ্মণদিগকে দান করিয়া মহানদীর সঙ্গমে স্নান করত মৃত্যু প্রাপ্ত হয়, তাহাতে ঐ বণিক্ মানব সকলের দুর্ল্লভ পরম স্থান প্রাপ্ত হইয়াছিল। যে স্থানে বৃক্ষ সকল কাম ফল, নদী

যত্র কামফলা বৃক্ষা নদ্যঃ পায়সকর্দ্দমাঃ।
শীতলামলপানীয়াঃ পুষ্করিণ্যোমনোহরাঃ ॥
তং দেশমাসাদ্য বণিঙ্মহাত্মা সুমৃষ্টজাম্বূনদভূষিতাঙ্গঃ।
কল্পং সমগ্রং সুরসুন্দরীভিঃ সাকং স রেমে মুদিতঃ সদৈব ॥
কিঞ্চান্তে ॥
বুধশ্রবণসংযুক্ত দ্বাদশ্যাং সঙ্গমোদকং।
দানং বহ্বোদনং শস্তমুপবাসঃ পরোবিধিঃ।
সগরেণ ককুৎস্থেন ধুন্ধুমারেণ গাধিনা।
এতৈশ্চান্যৈশ্চ রাজেন্দ্র কামদা দ্বাদশী কৃতা ॥ ২৪৯ ॥
যা দ্বাদশী বুধযুতা শ্রবণেন সার্দ্ধং
স্যাৎ সা জয়েতি কথিতা মুনিভির্নভস্যে।

বহব ওদনা যস্মিন্ তৎ। শস্তং মঙ্গলং ॥ ২৪৯ ॥
নভস্যে ভাদ্রে সিদ্ধিং মোক্ষং শ্রীবৈকুণ্ঠলোকস্থা ॥ ২৫০ ॥

সকল কর্দ্দম পায়স এবং মনোহর পুষ্করিণী সকল শীতল অমল জল ॥

মহাত্মা বণিক্ সেই দেশ প্রাপ্ত হইয়া উজ্জ্বল স্বর্ণালঙ্কারে ভূষিতাঙ্গ হওত হর্ষসহকারে সমস্ত কল্প কাল দেবাঙ্গনাগণের সহিত নিরন্তর বিহার করিয়াছিল ॥

আরও ঐ প্রসঙ্গের অন্তে ॥

বুধ এবং শ্রবণানক্ষত্রযুক্ত দ্বাদশীতে সঙ্গমের উদক ও বহু ২ অন্নদান মঙ্গল স্বরূপ কিন্তু উপবাসই শ্রেষ্ঠ বিধি ॥

হে রাজেন্দ্র! সগর, ককুৎস্থ, ধুন্ধুমার ও গাধি এই সকল তথা অন্যান্য ব্যক্তিগণ কামপ্রদা দ্বাদশীর ব্রত করিয়াছেন ॥ ২৪৯ ॥

ভাদ্রমাসে বুধবার ও শ্রবণানক্ষত্রযুক্ত যে দ্বাদশী মুনিগণ তাহাকে জয়া নামে অভিহিত করিয়াছেন। মনুষ্য যদি আদর পূর্ব্বক জয়া

তামাদরেণ সমুপোষ্য নরোহি সম্যক্
প্রাপ্নোতি সিদ্ধিমণিমাদি গুণোপপন্ন ইতি ॥ ২৫০ ॥
অথ শ্রবণদ্বাদশীব্রতনির্ণয়ঃ ॥
দ্বাদশ্যেকাদশী বা স্যাদুপোষ্যা শ্রবণান্বিতা।
বিষ্ণুশৃঙ্খলযোগশ্চ তত্ৰয়ং মিশ্রিতং যদি ॥
অথ শ্রবণ দ্বাদশ্যুপবাসঃ ॥

দ্বাদশীতি শ্রবণনক্ষত্রযুক্তা যদি দ্বাদশী স্যাং তদা শক্তৈরশক্তৈশ্চ সর্ব্বৈরেব দ্বাদশ্যেবো-পোষ্যা যদি বৈকাদশী শ্রবণান্বিতা স্যাদ্দ্বাদশ্যাং শ্রবণং নাস্তি তদা সর্ব্বৈরেকাদশ্যেবো-পোষ্যা। যদি চ তিথিক্ষয়াত্তত্রয়ং দ্বাদশ্যেকাদশী শ্রবণঞ্চ মিশ্রিতং একস্মিন্নেব দিনে অন্যো-হন্যমিলিতং স্যাত্তদা বিষ্ণুশৃঙ্খলো নাম যোগঃ। বিষ্ণুদৈবত্যানাং ত্রয়াণামেব তেষা-

দ্বাদশীতে উপবাস করেন, তাহা হইলে তিনি অনিমাদি গুণসম্পন্ন হইয়া মোক্ষ অথবা বৈকুণ্ঠলোক প্রাপ্ত হয়েন ॥

অথ শ্রবণ দ্বাদশীব্রত নির্ণয় ॥

দ্বাদশী অথবা একাদশী শ্রবণা নক্ষত্রযুক্ত হইলে তাহাতে উপবাস করিবে, আর যদি তিন একত্র মিশ্রিত হয় তাহা হইলে তাহার নাম বিষ্ণুশৃঙ্খলযোগ।

তাৎপর্য্য। দ্বাদশী যদি শ্রবণা নক্ষত্রযুক্তা হয় তাহা হইলে সমর্থ ও অসমর্থ সকলে দ্বাদশীতেই উপবাস করিবে। আর যদি একাদশী শ্রবণানক্ষত্রযুক্তা হয় এবং দ্বাদশীতে শ্রবণা না থাকে তবে সমর্থ ও অসমর্থ সকলেই একাদশীতে উপবাস করিবে। কিন্তু যদি তিথির ক্ষয়ে দ্বাদশী, একাদশী ও শ্রবণা এই তিন একদিনেই হয় তাহা হইলে উহার নাম বিষ্ণুশৃঙ্খলযোগ অর্থাৎ ঐ তিনের বিষ্ণুই দেবতা। যে হেতু তাহাদের শৃঙ্খলের ন্যায় গ্রথিত হওয়ায় তাহাই উপবাসের যোগ্য। এই বিষয়ের উদাহরণ অগ্রে প্রদর্শিত হইবে ॥

অথ শ্রবণ দ্বাদশীর উপবাস ॥

শ্রীমার্কণ্ডেয়ঃ ॥
শ্রবণর্ক্ষসমাযুক্তা দ্বাদশী যদি লভ্যতে।
উপোষ্যা দ্বাদশী তত্র ত্রয়োদশ্যান্তু পারণং ॥ ২৫১ ॥
যমশ্চ ॥
যদা তু শুক্লদ্বাদশ্যাং নক্ষত্রং শ্রবণং ভবেৎ।
তদাসৌ তু মহাপুণ্যা দ্বাদশী বিজয়া স্মৃতা ॥
তত্র দানোপবাসাদ্যমক্ষয়ং পরিকীর্ত্তিতং ॥
একাদশ্যা বিশুদ্ধত্বে দ্বাদশ্যান্তু পরেঽহনি।
শ্রবণে সতি শক্তস্য ব্রতযুগ্মং বিধীয়তে ॥
কিঞ্চ ॥
অসমাপ্তে ব্রতে পূর্ব্বে নৈব কুর্য্যাদ্ব্রতান্তরং।

মেকত্র শৃঙ্খলাবৎ গ্রথিতত্বাৎ ততশ্চ স এবোপোষ্য ইত্যর্থঃ। তত্তদ্বিশেষশ্চোদাহরিষ্যমাণ বচনতোঽগ্রে ব্যক্তোভাবী ॥ ২৫১ ॥

নচৈবং শুদ্ধৈকাদশীত্যাগেন দোষঃ স্যাদিতি লিখতি। উপোষ্যেতি ত্রিভিঃ। বিষ্ণু-

শ্রীমার্কণ্ডেয় কহিয়াছেন ॥

শ্রবণা নক্ষত্রযুক্ত দ্বাদশী যদি লাভ হয়, তাহা হইলে দ্বাদশীতে উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণ করিবে ॥ ২৫১ ॥

যম বলিয়াছেন ॥

যখন শুক্লা দ্বাদশীতে শ্রবণা নক্ষত্র হয়, তখন ঐ দ্বাদশী মহা পুণ্য স্বরূপা বিজয়া নামে কথিত হয়। উহাতে দান ও উপবাস প্রভৃতি সমুদায় অক্ষয় বলিয়া কীর্ত্তিত হইয়াছে, পূর্ব্বদিবস একাদশী যদি শুদ্ধা হয়, আর পরদিবস দ্বাদশীতে যদি শ্রবণা থাকে তাহা হইলে সমর্থ ব্যক্তি দুই ব্রত করিবেন ॥

আরও ॥

পূর্ব্ব ব্রত সমাপ্ত না হইলে অন্য ব্রত করিবে না ইত্যাদি যে

ইত্যাদি বচনস্যাত্র বাধকত্বং ন বিদ্যতে ॥
তথাহি ভবিষ্যোত্তরে ॥
একাদশীমুপোষ্যৈব দ্বাদশীং সমুপোষয়েৎ।
নচাত্র বিধিলোপঃ স্যাদুভয়োর্দেবতা হরিরিতি ॥
অশক্তস্তু ব্রতদ্বন্দ্বে ভুঙ্‌ক্তে বৈকাদশীদিনে।
উপবাসং বুধঃ কুর্য্যাচ্ছ্রবণদ্বাদশী দিনে।
তথাচ নারদীয়ে ॥
উপোষ্য দ্বাদশীং পুণ্যাং বিষ্ণুঋক্ষেণ সংযুতাং।
একাদশ্যুদ্ভবং পুণ্যং নরঃ প্রাপ্নোত্যসংশয়ং ॥
বাজপেয়ে যথাযজ্ঞে কর্ম্মহীনোঽপি দীক্ষিতঃ।
সর্ব্বং ফলমবাপ্নোতি অস্নাতোঽপ্যহুতোঽপি সন্।
এবমেকাদশীং ত্যক্ত্বা দ্বাদশ্যাং সমুপোষণাৎ।

ঋক্ষেণ শ্রবণেন কেচিচ্চেদমুপবাসদ্বয়ে প্রাপ্তে সত্যসমর্থবিষয়কমিতি ব্যবস্থাপয়ন্তি। তদযুক্তং।

বচন আছে তাহার এস্থলে বাধকত্ব নাই ॥

এই বিষয়ের প্রমাণ ভবিষ্যোত্তরে যথা ॥

একাদশীতে উপবাস করিয়াও দ্বাদশীতে উপবাস করিবে, ইহাতে বিধি লোপ হইবে না যে হেতু হরি উভয় তিথির দেবতা ॥

বিদ্বান্ ব্যক্তি উপবাস দ্বয়ে অসমর্থ হইলে একাদশীতে ভোজন করিয়া শ্রবণদ্বাদশী দিনে উপবাস করিবেন ॥

এই বিষয়ের প্রমাণ নারদপুরাণে যথা ॥

মনুষ্য শ্রবণা নক্ষত্রযুক্ত দ্বাদশীতে উপবাস করিয়া একাদশীর উপবাস জনিত পুণ্য প্রাপ্ত হইবে, ইহাতে সংশয় নাই। যেমন কর্ম্ম-হীন ব্যক্তিও বাজপেয় যজ্ঞে দীক্ষিত হইয়া স্নান হোম না করিয়াও সমস্ত ফল প্রাপ্ত হয়, সেই প্রকার একাদশী ত্যাগ করিয়া দ্বাদশীতে উপবাস করিলে পূর্ব্ব বাসর অর্থাৎ একাদশীর উপবাস জন্য সমস্ত পুণ্য

পূর্ব্ববাসরজং পুণ্যং সর্ব্বং প্রপ্নোত্যসংশয়মিতি ॥
অত্যল্পোঽপ্যনয়োর্যোগো ভবেত্তিথিভয়োর্যদি।
উপাদেয়ঃ স এব স্যাদিত্যত্রোপবসেদ্বুধঃ ॥
তথাচ শ্রবণদ্বাদশীং প্রকৃত্য তত্রৈবোক্তং ॥
তিথিনক্ষত্রয়োর্যোগো যোগশ্চৈব নরাধিপ।
দ্বিকলো যদি লভ্যেত স জ্ঞেয়োহ্যষ্টযামিকঃ।
তথৈব মাৎস্যে ॥
দ্বাদশী শ্রবণাযুক্তা কৃৎস্না পুণ্যতমা তিথিঃ।
ন তু সা তেন যুক্তা চ তাবত্যেব প্রশস্যতে ॥ ২৫২ ॥
অথ শ্রবণানক্ষত্রযুক্তৈকাদশ্যুপবাসঃ।

---

বৈষ্ণবানাং দ্বাদশ্যাং শ্রবণযোগে মহাদ্বাদশীত্বেন তত্রোপবাসাৎ। তথা নারদীয়াদি বচনেষ্বত্র শক্তাশক্তাদি বিশেষ পরিত্যাগেন নর ইত্যাদি সামান্য নির্দ্দেশাচ্চ ॥ ২৫২ ॥

---

প্রাপ্ত হইবে, ইহাতে সংশয় নাই ॥

তিথি ও নক্ষত্রের যোগ যদি অত্যল্পও হয় তথাপি তাহাই উপাদেয়, পণ্ডিত ব্যক্তি তাহাতেই উপবাস করিবেন ॥

তথাচ শ্রবণ দ্বাদশীকে অধিকার করিয়া
সেই নারদপুরাণেই কথিত হইয়াছে ॥

হে নরাধিপ! তিথি নক্ষত্রের যোগরূ যোগ যদি দ্বিকলা মাত্র লাভ হয়, তাহা হইলে তাহাকেই অষ্টযামিক অর্থাৎ দিবারাত্র ব্যাপি জানিতে হইবে ॥

ঐ প্রকার মৎস্যপুরাণেও কহিয়াছেন ॥

শ্রবণা নক্ষত্রযুক্তা দ্বাদশী সমস্ত পুণ্যতমা তিথি, সমুদায় দ্বাদশী শ্রবণাযুক্ত হইবে এ ব্যবস্থা নহে, যাহা যোগ হইবে তাহাতেই প্রশস্ত হইবে ॥ ২৫২ ॥

অথ শ্রবণা নক্ষত্রযুক্ত একাদশীর উপবাস ॥

নারদীয়ে।

যদি ন প্রাপ্যতে ঋক্ষং দ্বাদশ্যাং বৈষ্ণবং ক্বচিৎ।
একাদশী তদোপোষ্যা পাপঘ্নী শ্রবণান্বিতা।
উভয়োর্দ্দেবতা বিষ্ণুঃ পুরাণঃ পুরুষোত্তমঃ।
বিভেদোঽত্র ন কর্ত্তব্যোবিভেদাৎ পততে নরঃ॥

অতএব ভবিষ্যোত্তরে॥

একাদশী যদা চ স্যাৎ শ্রবণেন সমন্বিতা।
বিজয়া সা তিথিঃ প্রোক্তা ভক্তানাং বিজয়প্রদা॥ ২৫৩॥

বিষ্ণুপুরাণে॥

যাঃ কাশ্চিত্তিথয়ঃ প্রোক্তাঃ পুণ্যা নক্ষত্রযোগতঃ।

---

বৈষ্ণবমৃক্ষং শ্রবণং ক্বচিদিতি রাত্র্যাদৌ কস্মিংশ্চিৎ সময়েঽপীত্যর্থঃ। অতএবোক্তং মাৎস্যে। দ্বাদশী শ্রবণস্পৃষ্টেতি। নারদীয়ে চৈতৎপ্রকরণ এব। তিথিনক্ষত্রযোগানাং যোগশ্চৈব নরাধিপ। দ্বিকলো যদি লভ্যেত স জ্ঞেয়োহষ্টযামিক ইতি॥ ২৫৩॥

যাঃ কাশ্চিদিতি যেন কেনচিন্নক্ষত্রবিশেষযোগেন যাঃ কাশ্চিত্তিথয়ঃ পুণ্যাঃ প্রোক্তাঃ তাসু যদ্বিহিতং ব্রতং তত্তাস্বেব কুর্য্যাৎ ন তিথ্যন্তরে তত্তন্নক্ষত্রযুক্তে। তথা ফাল্গুনী শুক্লা

---

নারদপুরাণে যথা॥

যদি দ্বাদশীতে রাত্র্যাদি কোন সময়ে শ্রবণা নক্ষত্রের প্রাপ্তি না হয়, তবে শ্রবণান্বিতা পাপঘ্নী একাদশীতে উপবাস করিবে। পুরাণ পুরুষোত্তম বিষ্ণু উভয় তিথিরই দেবতা, ইহাতে বিভেদ করিবে না, মনুষ্য বিভেদ করিলে নরকে পতিত হইবে॥

অতএব ভবিষ্যোত্তরে॥

একাদশী যদি শ্রবণা নক্ষত্র সমন্বিতা হয়, তাহা হইলে ঐ তিথির নাম বিজয়া, উনি ভক্তগণকে বিজয় প্রদান করেন॥ ২৫৩॥

বিষ্ণুপুরাণে॥

যে কোন তিথি নক্ষত্রযোগে পুণ্য বলিয়া কথিত হইয়াছে, শ্রবণ

তাস্বেব তদ্ব্রতং কুর্য্যাচ্ছ্রবণদ্বাদশীং বিনেতি ॥ ২৫৪ ॥

একাদশ্যুপবাসে চ দ্বাদশ্যাং কৃষ্ণমর্চ্চয়েৎ।

প্রাদুর্ভূতোঽহি ভগবান্ দ্বাদশ্যামেব বামনঃ।

তথাচ মৎস্যপুরাণে ॥

উপোষ্যৈকাদশীং তত্র দ্বাদশ্যাং পূজয়েদ্ধরিমিতি।

অতো যদি ন লভ্যেত মধ্যাহ্নে দ্বাদশী তদা।

দ্বাদশীমধ্য এবার্চ্চ্যো বামনস্তর্হি সূরিভিরিতি ॥

অথ বিষ্ণুশৃঙ্খলযোগঃ ॥

মাৎস্যে ॥

দ্বাদশীশ্রবণস্পৃষ্টা স্পৃশেদেকাদশীং যদা।

---

দ্বাদশী পুষ্যার্ক্ষেণ যুক্তা গোবিন্দদ্বাদশী নাম তস্যামুপবাসব্রতং বিহিতং তস্যামেব কুর্য্যান্ন চ পুষ্যান্বিতায়ামেকাদশ্যাং এবং নিয়মশ্চ শ্রবণদ্বাদশীং বিনা। শ্রবণদ্বাদশীব্রতন্তু শ্রবণৈকাদশ্যামপি ভবতীত্যর্থঃ ॥ ২৫৪ ॥

নমু তর্হি ভগবতো বামনস্যার্চ্চনমপি তথৈব প্রসজ্যেত নেতি লিখতি একেতি। কৃষ্ণং

---

দ্বাদশী ব্যতিরেকে সেই সকল তিথিতে ব্রত করিবে ॥ ২৫৪ ॥

একাদশীতে উপবাস হইলে দ্বাদশীতে শ্রীকৃষ্ণের অর্চ্চনা করিবে, যে হেতু ভগবান্ বামন দ্বাদশীতেই জন্মগ্রহণ করিয়াছিলেন ॥

এই বিষয়ের প্রমাণ মৎস্যপুরাণে যথা ॥

একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতে হরির পূজা করিবে। অতএব মধ্যাহ্নকালে যদি দ্বাদশী লাভ না হয়, তাহা হইলে বিদ্বান্ ব্যক্তিগণ দ্বাদশীর মধ্যেই বামনদেবের অর্চ্চনা করিবেন ॥

অথ বিষ্ণুশৃঙ্খলযোগ ॥

মৎস্যপুরাণে ॥

শ্রবণস্পৃষ্টা দ্বাদশী যদি একাদশীকে স্পর্শ করে অর্থাৎ ব্রতবিহিত একাদশী দিনে যদি শ্রবণস্পৃষ্টা দ্বাদশীর যোগ হয়, তাহা হইলে ঐ

স এষ বৈষ্ণবো যোগো বিষ্ণুশৃঙ্খলসংজ্ঞিতঃ।
তস্মিন্নুপোষ্য বিধিবন্নরঃ সংক্ষীণকল্মষঃ।
প্রাপ্নোত্যনুত্তমাং সিদ্ধিং পুনরাবৃত্তিদুর্ল্লভামিতি।
একাদশীপদেনাত্র তদহোরাত্র উচ্যতে॥
অন্যথা দ্বাদশীস্পর্শস্তস্যাং নিত্যং হি বিদ্যতে।
তিথিনক্ষত্রয়োর্যোগ ইত্যাদ্যং যত্তু দর্শিতং।
তেনাল্পকালসংযোগেঽপ্যষ্টযামিকতেষ্যতে॥
অত্রৈব দ্বাদশীমধ্যে পারণং শ্রবণেঽধিকে।
বক্ষ্যমাণঞ্চ ঘটতেঽন্যথা প্রাগ্বদ্দ্বিধা ব্রতং॥
দ্বাদশী শ্রবণর্ক্ষঞ্চেত্যস্মিন্ পাঠে ভবেদিদং।

শ্রীবামনরূপং অবতারত্বেনাভেদাৎ। হি যতঃ ভগবান্ শ্রীকৃষ্ণো দ্বাদশ্যামেব বামনরূপেণ

বৈষ্ণবযোগ বিষ্ণুশৃঙ্খল নামে কথিত হয়। মনুষ্য ঐ দিনে যথাবিধি উপবাস করিলে সমুদায় পাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া যাহাতে পুনর্ব্বার সংসারে আগমন করিতে না হয়, এমত অত্যুত্তমা সিদ্ধি প্রাপ্ত হইয়া থাকে॥

একাদশী শব্দে এস্থলে অহোরাত্র জানিতে হইবে অর্থাৎ একাদশী অল্প পরিমাণে থাকিলেও উহা অষ্ট প্রহর বলিয়া অভিহিত হয়, ইহা না বলিলে একাদশীতে দ্বাদশী স্পর্শ নিত্যই বিদ্যমান আছে॥

তিথি নক্ষত্রের যোগ ইত্যাদি যাহা দর্শিত হইয়াছে, তাহা অল্পকাল সংযোগ হইলেও অষ্টযামিকত্বরূপে গৃহীত হইয়া থাকে॥

এই বিষ্ণুশৃঙ্খল বিষয়ে দ্বাদশী মধ্যে পারণ বিহিত হওয়াতে যদি শ্রবণানক্ষত্র অধিক হয়, তবে বক্ষ্যমাণ বিধির ঘটনা হইবে, অন্যথা পূর্ব্বের ন্যায় দুই ব্রত উপস্থিত হয়॥

"দ্বাদশী শ্রবণর্ক্ষঞ্চ" এই পাঠে ইহাই হয়। আর "দ্বাদশী শ্রবণা-

দ্বাদশীশ্রবণস্পৃষ্টেত্যস্মিংশ্চ স্পৃষ্টতা খলু ।
তদ্বৎ সাহিত্যমেবাহ পূর্ব্বস্মাদেব হেতুতঃ ॥
তস্মাদয়ন্তু তত্রৈব বিশেষঃ ॥
যথা বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
দ্বিতীয়বিষ্ণুশৃঙ্খলযোগমাহ ॥
একাদশী দ্বাদশী চ বৈষ্ণব্যমপি ভবেৎ ।
তদ্বিষ্ণুশৃঙ্খলং নাম বিষ্ণুসাযুজ্যকৃদ্ভবেৎ ॥
তস্মিন্নুপোষণাদ্গচ্ছেচ্ছ্বেতদ্বীপপুরং ধ্রুবং ॥ ২৫৫ ॥
দ্বাদশ্যামুপবাসোঽত্র ত্রয়োদশ্যান্তু পারণং ।

জাতঃ। তথা চাষ্টমস্কন্ধে। শ্রোণায়াং শ্রবণদ্বাদশ্যাং মুহূর্ত্তেঽভিজিতি প্রভুরিত্যাদি শ্রোণায়াং শ্রবণস্থ চন্দ্র ইত্যর্থঃ ॥ ২৫৫ ॥

নিষিদ্ধমপীতি একাদশীমুপোষ্যৈব দ্বাদশ্যাং পারণং স্মৃতং। ত্রয়োদশ্যাং ন তৎ কুর্য্যা-দ্বাদশদ্বাদশীক্ষয়াদিত্যাদি মৎস্যপুরাণাদিবচনৈস্ত্রয়োদশ্যাং পারণনিষেধাৎ। এতচ্চ স্থূলদৃষ্ট্যা

স্পৃষ্টা” এই পাঠে নিশ্চয় স্পৃষ্টতা বুঝায়। পূর্ব্বহেতু বশতঃ ঐ প্রকার সাহিত্য বোধ করায় ॥

অতএব এই বিধিই সেই স্থানে বিশেষ ॥

যথা বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

দ্বিতীয় বিষ্ণুশৃঙ্খল যোগ কহিতেছেন ॥

একাদশী, দ্বাদশী এবং শ্রবণানক্ষত্র যদি একদিনে তিনটী হয়, তাহা হইলে তাহার নাম বিষ্ণুশৃঙ্খল, ইহা বিষ্ণুর সাযুজ্য প্রাপ্তি করায়, এই বিষ্ণুশৃঙ্খলে উপবাস করিলে শ্বেতদ্বীপে গতি লাভ হয় ॥ ২৫৫ ॥

ইহাতে দ্বাদশীতে উপবাস ও ত্রয়োদশীতে পারণ। যদিচ ত্রয়ো-

নিষিদ্ধমপি কর্ত্তব্যমিত্যাজ্ঞা পারমেশ্বরীতি ॥ ২৫৬ ॥
যোগোঽয়মন্যো দ্বাদশ্যাঃ ক্ষয় এবেতি লক্ষ্যতে।
দ্বাদশ্যামুপবাসাচ্চ ত্রয়োদশ্যাঞ্চ পারণাৎ।
ত্রয়োদশ্যাং পারণং হি শ্রবণেঽপি নিষেৎস্যতে ॥
অথ বিষ্ণুশৃঙ্খল এব বিশেষান্তরং ॥
দ্বাদশ্যেকাদশী [illegible]ঃ শ্রবণঞ্চ চতুষ্টয়ং।
দেবদুন্দুভিযোগো[illegible]ং যজ্ঞাযুতফলপ্রদ ইতি ॥
পারণাহে তু দ্বাদশ্যাঃ শ্রবণায়াশ্চ বৃদ্ধিতঃ।
রাত্রৌ তু পারণাভাবাদযুক্তং কর্ত্তুং ব্রতদ্বয়ং ॥ ২৫৭ ॥

বৈষ্ণবেতরবিষয়কব্যবস্থাপেক্ষয়া চেতি জ্ঞেয়ং। অতৈব শ্রবণর্ক্ষেত্যাদিনা ত্রয়োদশ্যামেব শ্রীমার্কণ্ডেয়াদিভিঃ পারণোক্তেঃ। তথা প্রায়বৈষ্ণবানাং দ্বাদশ্যুপবাসেন সর্ব্বত্র ত্রয়োদশ্যামেব পারণাপত্তেঃ। অতএবং ব্যাখ্যেয়ং। শ্রীবিষ্ণুসাযুজ্যাদ্যপেক্ষয়া সর্ব্বকর্ম্মাদ্যনাদরেণ নিষিদ্ধমপি কর্ত্তুমুচিতং ইত্যেষা চ পরমেশ্বরস্যাজ্ঞৈব। দ্বাদশীবল্লভস্য ভগবতো দ্বাদশীব্রতপ্রিয়ত্বাৎ। অতএব সর্ব্বত্র বৈষ্ণবানাং দ্বাদশীব্রতগ্রহণাদি শ্রূয়ত ইতি দিক্ ॥ ২৫৬ ॥

পারণাহে ব্রতপারণাদিনে দ্বাদশ্যাঃ শ্রবণায়াশ্চ বৃদ্ধৌ সত্যাং শক্তশ্চেত্তর্হি ব্রতদ্বয়ং কুর্য্যাৎ ॥ ২৫৭ ॥

দশীতে পারণ নিষিদ্ধ তথাচ পরমেশ্বরের আজ্ঞা হেতু মহাদ্বাদশী বৈষ্ণবব্রতে ত্রয়োদশীতে পারণ বিহিত ॥ ২৫৬ ॥

দ্বাদশীর ক্ষয়ে অন্য একটী লক্ষিত হইতেছে, ইহাতে দ্বাদশীতে উপবাস হেতু ত্রয়োদশীতে পারণ বিহিত, কিন্তু শ্রবণায় ত্রয়োদশীতে পারণ নিষিদ্ধ ॥

অথ বিষ্ণুশৃঙ্খলযোগেই বিশেষ প্রকার ॥

দ্বাদশী একাদশী, বুধবার ও শ্রবণানক্ষত্র, এই চতুষ্টয় যদি একদিনে হয়, তাহা হইলে তাহার নাম দেবদুন্দুভিযোগ, ইহা অযুত যজ্ঞের ফল প্রদান করে। পারণ দিবসে দ্বাদশী ও শ্রবণার বৃদ্ধিতে রাত্রিকালে পারণ নিষিদ্ধহেতু ব্রতদ্বয় উপযুক্ত হয় ॥ ২৫৭ ॥

ন চাত্র বিধিলোপঃ স্যাদুভয়োর্দেবতা হরিঃ ॥ ২৫৮ ॥
দ্বাদশ্যামুপবাসোঽত্র ত্রয়োদশ্যান্তু পারণং ॥ ২৫৯ ॥
দিনদ্বয়েঽপি শ্রবণাভাবে তদ্যোগহানিতঃ ।
একাদশ্যামুপোষ্যৈব দ্বাদশ্যাং বামনং যজেৎ ॥
বিষ্ণুশৃঙ্খলকেঽপি স্যাৎ বৃত্তির্নিশি পরত্র চেৎ ।
যদাধিক্যং তিথিভয়োঃ শক্তঃ কুর্য্যাদ্ব্রতদ্বয়ং ॥
পারণায়া অনৌচিত্যং তাবত্যাং নিশি চেদ্ভবেৎ ।

ননু পারণান্তং ব্রতং জ্ঞেয়ং। ব্রতান্তে দ্বিজভোজনং। অসমাপ্তে ব্রতে পূর্ব্বে নৈব কুর্য্যাদ্ব্রতান্তরমিতি বিষ্ণুধর্ম্মোত্তরোক্তেরপ্যারম্ভে দোষঃ স্যাৎ। তত্রাহ ন চাত্রেতি। উভয়োঃ একাদশীদ্বাদশ্যোঃ ॥ ২৫৮ ॥

এবমসমর্থো ব্রতমেকমেব কুর্য্যাদিত্যায়াতং। তত্র চ। শ্রবণেন সিতা যত্র দ্বাদশী লভ্যতে ক্বচিৎ। উপোষ্যৈকাদশীং তত্র দ্বাদশ্যামর্চ্চয়েদ্ধরিমিতি শ্রীযমাছাক্তেরশক্তস্যৈকাদশ্যামেবোপবাসশঙ্কা স্যাৎ অতো লিখতি দ্বাদশ্যামিতি। বৈষ্ণবেষ্বষ্টমহাদ্বাদশীব্রতস্য নিত্যত্বাৎ। তচ্চ পূর্ব্বমেব তত্রৈব লিখিতমস্তি ॥ ২৫৯ ॥

ননু যথা জন্মাষ্টম্যাং রোহিণ্যাদিযোগাভাবেঽপ্যুপবাসঃ তথাত্র শ্রবণযোগাভাবেঽপি শ্রীবামনদেবপ্রাদুর্ভাবাপেক্ষয়া সমর্থেনোপবাসদ্বয়পক্ষে দ্বাদশ্যামুপবাসঃ কর্ত্তব্যো ন বেত্যাশঙ্ক্য লিখতি দিনেতি। তস্য দ্বাদশ্যাং শ্রবণযোগস্য হানিতঃ অভাবাৎ। যতস্তদ্যোগা-

যখন দুই তিথির দেবতা হরি, তখন ইহাতে বিধি লোপ হয় না॥২৫৮
ইহাতে দ্বাদশীতে উপবাস ও ত্রয়োদশীতে পারণ ॥ ২৫৯ ॥

একাদশী ও দ্বাদশী এই দুই দিনে যদি শ্রবণার অভাব হয়, তাহা হইলে কথিত যোগের হানিহেতু একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতে বামনদেবের অর্চ্চনা করিবে ॥

বিষ্ণুশৃঙ্খলেও যদি পর দিবস রাত্রে তিথি নক্ষত্রের আধিক্য হয়, তাহা হইলে সমর্থ ব্যক্তি দুই উপবাস করিবে ॥

রাত্রিতে পারণের অনৌচিত্যপ্রযুক্ত, যোগের গৌরবহেতু অশক্ত

অশক্তস্তূত্তরং কুর্য্যাদেযাগস্তৈবাস্ত গৌরবাৎ ॥ ২৬০ ॥

অথ তত্র পারণকালনির্ণয়ঃ ॥

স চ ব্রতবিকল্পে দ্বিতীয়বিষ্ণুশৃঙ্খলে চ।

স্পষ্ট এব কেবলশ্রবণনিষ্কর্ষে তু ন তদাদরঃ।

তিথিনক্ষত্রসংযোগ ইত্যাদি বক্ষ্যমাণেভ্যঃ ॥

প্রথমবিষ্ণুশৃঙ্খলে যথা ॥

অনুবৃত্তির্দ্বয়োরেব পারণাহে ভবেদ্যদি।

তত্রাধি[illegible] তিথের্বৃত্তে ভান্তে সত্যেব পারণং ॥

যদুক্তং না[illegible]দীয়ে ॥

তিথিনক্ষত্রয়োর্যোগে উপবা[illegible]সো ভবেদ্যদা।

পারণন্তু ন কর্ত্তব্যং যাবন্নৈকস্য সংক্ষয় ইতি ॥ ২৬১ ॥

পেক্ষয়ৈবাত্র দ্বাদশ্যামুপবাসবিধানমিতি দিক্। যজেৎ পূজয়েৎ ॥ ২৬০ ॥

দ্বয়োঃস্তিথ্যৃক্ষয়োঃ দ্বাদশীশ্রবণয়োঃ পারণাহে অনুবৃত্তিঃ বৃদ্ধিক্রমেণাগমঃ। তিথের্দ্বাদশ্যা আধিক্যে বৃদ্ধৌ বৃত্তে সতি ভান্তে শ্রবণান্তে পারণং। এতচ্চ বিষ্ণুশৃঙ্খলযোগাপেক্ষয়া পূর্ব্বদিনোপবাসাভিপ্রায়েণেত্যাহুঃ ॥ ২৬১ ॥

ব্যক্তি পর দিবস ব্রত করিবেন ॥ ২৬০ ॥

অথ বিষ্ণুশৃঙ্খলে পারণকালনির্ণয় ॥

এই পারণ ব্রতের বিকল্পে দ্বিতীয় বিষ্ণুশৃঙ্খলে স্পষ্টই আছে, কেবল শ্রবণায় তাহার আদর নাই, যে হেতু তিথি নক্ষত্র সংযোগ ইত্যাদি বক্ষ্যমাণ বচনে কেবল শ্রবণা বিহিত নহে ॥

প্রথম বিষ্ণুশৃঙ্খল যথা ॥

পারণ দিবসে যদি তিথি নক্ষত্র দুইয়ের অনুবৃত্তি হয়, তবে তিথির আধিক্যে নক্ষত্রের অন্তে পারণ করিবে ॥

যেহেতু নারদপুরাণে কথিত হইয়াছে ॥

যখন তিথি নক্ষত্র যোগে উপবাস হয়, তখন একের ক্ষয় না হইলে পারণ করিবে না ॥ ২৬১ ॥

ঋক্ষস্য সতি চাধিক্যে তিথিমধ্যে হি পারণং ।
দ্বাদশীলঙ্ঘনে দোষো বহুশো লিখিতো যতঃ ॥ ২৬২ ॥
তথাচোক্তং ॥
তিথিনক্ষত্রসংযোগে উপবাসো যদা ভবেৎ ॥
তাবদেব ন ভোক্তব্যং যাবন্নৈকস্য সংক্ষয়ঃ ।
বিশেষেণ মহীপাল শ্রবণং বর্দ্ধতে যদি ॥
তিথিক্ষয়েণ ভোক্তব্যং দ্বাদশীং নৈব লঙ্ঘয়েদিতি ।
এবং দ্বয়োর্নিশাব্যাপ্তৌ চাহ্নি পারণমীরিতং ।
ন রাত্রৌ পারণং কুর্য্যাদিতি হ্যন্যত্র সম্মতং ॥
অতো রাত্রিগতো দ্বাদশ্যংশো নাত্র বিচার্য্যতে ।

ঋক্ষস্য শ্রবণনক্ষত্রস্যাধিক্যে দ্বাদশীতো বৃদ্ধৌ সত্যামপি দ্বাদশীমধ্য এব পারণং স্যাৎ অত্র ন ঋক্ষান্তোঽপেক্ষণীয় ইত্যর্থঃ । নন্বৃক্ষান্তে পারণং কুর্য্যাদিত্যুক্তং তত্র লিখতি দ্বাদশীতি । লিখিতঃ পূর্ব্বং দ্বাদশীপারণনির্ণয়ে ॥ ২৬২ ॥

তাবদিতি তিথিনক্ষত্রসংযোগং যাবন্ন ভোক্তব্যং এক বিয়োগেন পারণং কর্ত্তব্যং তত্র চ

নক্ষত্রের আধিক্য হইলে তিথিমধ্যে পারণ করিবে, যেহেতু দ্বাদশী লঙ্ঘনে বহু বহু দোষ লিখিত হইয়াছে ॥ ২৬২ ॥

এই বিষয় উক্ত হইয়াছে যথা ॥

যখন তিথি নক্ষত্রযোগে উপবাস হয়, তখন যে পর্য্যন্ত একের ক্ষয় না হইবে, সে পর্য্যন্ত ভোজন করিবে না, হে মহীপাল ! বিশেষ যদি শ্রবণার বৃদ্ধি হয়, তবে তিথিক্ষয়ে ভোজন করিবে, দ্বাদশী লঙ্ঘন করিবে না, দ্বাদশীতেই পারণ বিহিত । এই প্রকার তিথি নক্ষত্র রাত্রি পর্য্যন্ত ব্যাপিয়া থাকিলেও দিবাতেই পারণ কথিত হইয়াছে । রাত্রে পারণ করিবে না, অন্যত্র সম্মত আছে ॥

অতএব রাত্রিগত দ্বাদশীর অংশ বিচারণীয় নহে । "অতো বর্দ্ধত"

অতো বৰ্দ্ধত ইত্যাহ পারণাসময়াত্যয়ং ॥
যতো রাত্রাবৃক্ষলব্ধাবপি দ্বাদশ্যতিক্রমঃ।
অতঃ কৃতং পৌনরুক্তং দ্বাদশীং নৈব লঙ্ঘয়েৎ।
এবকারেণ চ পুনস্তদেব নিরধারি যৎ।
দ্বাদশ্যনাদরো নাতঃ কাৰ্য্যো ভস্য তু স স্মৃতঃ ॥
তথাচ স্কান্দে ॥
যাঃ কাশ্চিৎ তিথয়ঃ প্রোক্তাঃ পুণ্যা নক্ষত্রযোগতঃ।
ঋক্ষান্তে পারণং কুর্য্যাদ্বিনা শ্রবণরোহিণীমিতি।
ত্রয়োদশ্যাং পারণন্তু নৈতদ্বিষয়মিষ্যতে ॥
ত্রয়োদশ্যামপীত্যেতদনুক্তেরদ্বিধা ততঃ।
প্রত্যুতাত্র তু শব্দেন তস্যৈকধ্যং প্রদর্শিতং।

এই যে বলিয়াছেন, ইহাতে পারণের সময় লঙ্ঘন হইয়াছে। যেহেতু রাত্রিতে নক্ষত্র থাকিলেও দ্বাদশীর অতিক্রম করিবে না অর্থাৎ দ্বাদশীতেই পারণ করিবে। এই হেতু পুনর্ব্বার বলিয়াছেন, দ্বাদশী লঙ্ঘন করিবে না, এই বচনে যে "এবকার" আছে, ইহাতে এই নির্দ্ধারিত হইয়াছে, দ্বাদশীর অনাদর না করিয়া নক্ষত্রের অনাদর করিবে অর্থাৎ দ্বাদশীতেই পারণ বিহিত, শ্রবণার অন্তে পারণ বিহিত নহে, শ্রবণা সত্ত্বেই দ্বাদশীতে পারণ করিবে ॥

এই বিষয় স্কন্দপুরাণে যথা ॥

যে কোন তিথি নক্ষত্রযোগে পুণ্যা বলিয়া কথিত হইয়াছে, তাহাতে নক্ষত্রের অন্তে পারণ করিবে, কিন্তু রোহিণী ও শ্রবণাতে এ বিধি নহে, নক্ষত্র মধ্যেই পারণ করিবে ॥

বিষ্ণুশৃঙ্খলযোগে পণ্ডিতগণ ত্রয়োদশীতে পারণ ইচ্ছা করেন না। ত্রয়োদশীতেও এই অনুক্তি হেতু পারণকাল দুই প্রকার হয় না,

পর্য্যবস্যেদতো যুক্ত্যা দ্বাদশীক্ষয় এব তৎ ।
তথাপি সন্দিহানশ্চেদ্দ্বাদশ্যাং স্বীয়াচ্চরণামৃতং ।
পারণায়াঃ পরং সম্যক্ পূরকং তদ্ভবেদযতঃ ॥
গৌতমীয়ে তু স্ফুটমেবোক্তং ॥
যদৃক্ষং বা তিথির্ব্বাপি রাত্রিং ব্যাপ্য ব্যবস্থিতা ।
দিবসে পারণং কুর্য্যাদন্যথা পতনং ভবেদিতি ॥ ২৬৩ ॥
অথ শ্রীবামনব্রতবিধিঃ ॥
নত্বা গুরুমনুজ্ঞাপ্য পশ্চান্নিয়মমাচরেৎ ।
ন হি সিধ্যেদ্গুরোর্ভক্তিং নিয়মশ্চ বিনা ফলং ॥

দ্বাদশ্যাং সত্যাং তস্যামেব পারণং নতু তদতিক্রমেণেত্যর্থঃ ॥ ২৬৩ ॥

গুরুমিতি নিজগুরুর্যদি সন্নিহিতঃ স্যাত্তর্হি তং তদভাবে আচার্য্যত্বেন বৃতং বিপ্রমেকং । পশ্চাদিতি আদৌ গুরুগেহে গত্বা পশ্চান্নিয়মমাচরেৎ। শিরস্তৎ পাদয়োঃ কৃত্বা পাদৌ স্পৃষ্ট্বা চ মৌলিনা। কৃতাঞ্জলিপুটোভূত্বা প্রার্থয়িত্বা গুরুস্ততঃ। ইতি স্কান্দে জয়ন্তীব্রত

প্রত্যুত তু শব্দ দ্বারা পারণের এক প্রকার প্রদর্শিত হইয়াছে, ঐ বিধি দ্বাদশীর ক্ষয়ে পর্য্যবসান করিবে, তাহাতেও যদি সন্দেহ হয় তবে দ্বাদশীতে চরণামৃত গ্রহণ করিবে, যে হেতু চরণোদকপানে পারণের পরিপূর্ণতা হয় ॥

গৌতমীয় তন্ত্রে স্পষ্টরূপে কহিয়াছেন ॥

যে নক্ষত্র বা যে তিথি রাত্রি পর্য্যন্ত ব্যাপিয়া থাকে, তাহাতে দিবসে পারণ করিবে, ইহার অন্যথা হইলে পতন হইবে ॥ ২৬৩ ॥

অথ শ্রীবামনব্রতবিধি ॥

গুরুদেবকে নমস্কার পূর্ব্বক তাঁহার অনুমতি গ্রহণ করিয়া পশ্চাৎ নিয়ম আচরণ করিবে, যে হেতু গুরুভক্তি ব্যতিরেকে ফল সিদ্ধি হয় না ॥

নিয়মমন্ত্রঃ ॥

একাদশ্যাং নিরাহারঃ স্থিত্বা চৈবাপরেঽহনি।
ভোক্ষ্যে শ্রীবামনানন্ত শরণাগতবৎসলেতি ॥ ২৬৪ ॥
একাদশ্যা রজন্যাম্বা দ্বাদশ্যাং চার্চ্চয়েৎ প্রভুং ॥ ২৬৫ ॥
স্বর্ণরূপ্যময়ে পাত্রে তাম্রবংশময়েঽপি বা।
কুণ্ডিকাং স্থাপয়েৎ পার্শ্বে ছত্রিকাপাদুকাস্তথা।
শুভাঞ্চ বৈণবীং যষ্টিমক্ষসূত্রং পবিত্রকং ॥ ২৬৬ ॥
পুষ্পৈর্গন্ধৈঃ ফলৈর্ধূপৈর্বামনং চার্চ্চয়েদ্ধরিং।

প্রসঙ্গোক্তেঃ। নিয়মং সঙ্কল্পাদিকং। তথাচ তত্রৈব নিয়মাৎ ফলমাপ্নোতি ন শ্রেয়োনিয়মং বিনেতি ॥ ২৬৪ ॥

একাদশ্যারজন্যামিতি দ্বাদশীক্ষয়াভিপ্রায়েণ। কদাচিচ্চ স্বল্পায়াং বৃদ্ধায়ামপি তস্যাং পারণাপেক্ষয়েতি দিক্ ॥ ২৬৫ ॥

স্বর্ণময়ে রূপ্যময়ে তাম্রময়ে বংশময়ে বা পূর্ব্বপূর্ব্বাভাবে উত্তরোত্তরস্মিন্ ইতি জ্ঞেয়ং। অত্র কুম্ভস্থাপনাদিকং সর্ব্বং পূর্ব্বলিখিত নিজগ্রাদি ব্রতানুসারেণ দ্রষ্টব্যমেব। অত্র চ কচিৎ বিশেষ এব কিঞ্চিদনুবাদপূর্ব্বকং লিখিতং ইতি জ্ঞেয়ং ॥ ২৬৬ ॥

সঙ্কল্পমন্ত্র ॥

হে বামন! হে অনন্ত! হে শরণাগতবৎসল! একদশীতে নিরাহার থাকিয়া পরদিবস ভোজন করিব ॥ ২৬৪ ॥

দ্বাদশীর যদি ক্ষয় হয় তবে একাদশীর রাত্রিতে অথবা পরদিবস দ্বাদশীতে বামনদেবের অর্চ্চনা করিবে ॥ ২৬৫ ॥

স্বর্ণময়, রজতময়, তাম্রময় অথবা বংশময় পাত্রে কুণ্ডিকা অর্থাৎ তাম্রকুণ্ড স্থাপন করিবে, পার্শ্বদেশে ছত্র ও পাদুকা তথা উত্তম বেণু-নির্ম্মিত যষ্টি, অক্ষসূত্র এবং পবিত্রক স্থাপন করিবে ॥ ২৬৬ ॥

পুষ্প, গন্ধ, ফল ও ধূপ তথা নানবিধ গুড়ৌদন প্রভৃতি ভোক্ষ্য

নানাবিধৈশ্চ নৈবেদ্যৈর্ভক্ষ্যভোজ্যৈর্গুড়ৌদনৈঃ ।
জাগরং নিশি কুর্ব্বীত গীতবাদ্যাদি নর্ত্তনৈঃ ॥ ২৬৭ ॥
এবমারাধ্য দেবেশং প্রভাতে বিমলে সতি ।
আদাবর্ঘ্যং প্রদাতব্যং পশ্চাদ্দেবং প্রপূজয়েৎ ।
নারিকেলেন শুভ্রেণ দদ্যাদর্ঘ্যঞ্চ পূর্ব্ববৎ ॥
তত্র মন্ত্রঃ ॥
বামনায় নমস্তুভ্যং ক্রান্তত্রিভুবনায় চ ।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং বামনায় নমোঽস্তু তে ॥
বামনায় অর্ঘ্যং নমঃ ॥ ২৬৮ ॥
মৎস্যং কূর্ম্মং বরাহঞ্চ নরসিংহঞ্চ বামনং ।
রামং রামঞ্চ কৃষ্ণঞ্চ ক্রমাদ্দ্বৌ বুদ্ধকল্কিনৌ ।

গুড়ৌদনৈর্গুড়পাচিতোদনৈর্মিষ্টান্নৈর্বা ॥ ২৬৭ ॥

পূর্ব্ববদিতি পুষ্পাদিসহিতেন শঙ্খনিহিতেনেত্যর্থঃ ॥ ২৬৮ ॥

মন্ত্রবিশেষেণ পূজাবিশেষং লিখতি মৎস্যমিতি দ্বাভ্যাং। মৎস্যাদীন্ পাদদ্বয়াদিষ্বঙ্গেষু ক্রমাদর্চ্চয়েৎ। তত্র বুদ্ধকল্কিনৌ দ্বৌ সর্ব্বাঙ্গেষ্বেকত্রৈব পূজয়েদিতি বোদ্ধব্যং। পার্থক্যেন

ভোজ্য দ্বারা বামনদেবের অর্চ্চনা করিবে এবং গীত বাদ্য ও নৃত্য সহকারে রাত্রিজাগরণ করিবে ॥ ২৬৭ ॥

এইরূপ দেবেশ্বরকে আরাধনা করিয়া প্রভাতকালে অগ্রে অর্ঘ্যপ্রদান করিয়া পশ্চাৎ দেবকে পূজা করিবে। পূর্ব্বের ন্যায় শুভ্র নারিকেলোদক দ্বারা অর্ঘ্য প্রদান করিতে হইবে ॥

অর্ঘ্যমন্ত্র যথা ॥

প্রভো ! আপনি বামন, ত্রিভুবন আক্রমণ করিয়াছেন, আমার দত্ত এই অর্ঘ্য গ্রহণ করুন, বামন মূর্ত্তি আপনাকে নমস্কার করি "বামনায় অর্ঘ্যং নমঃ" এই বলিয়া অর্ঘ্য প্রদান করিবে ॥ ২৪৮ ॥

মৎস্য। ১। কূর্ম্ম। ২। বরাহ। ৩। নৃসিংহ। ৪। বামন। ৫।

পাদয়োর্জানুনোর্গুহ্যে নাভ্যামুরসি কক্ষয়োঃ।
ভুজয়োর্মূর্দ্ধ্নি সর্ব্বাঙ্গেষ্বর্চ্চয়েদায়ুধানি চ ॥ ২৬৯ ॥
মহাপূজান্ততঃ কৃত্বা গোমহীং কাঞ্চনাদিকং।
শক্ত্যাচার্য্যায় দাতব্যং ব্রাহ্মণেভ্যশ্চ মন্ত্রতঃ ॥ ২৭০ ॥
ব্রাহ্মণশ্চাপি মন্ত্রেণ প্রতিগৃহ্নাতি মন্ত্রবিৎ।
দদাতি মন্ত্রতোহ্প্যেব দাতা ভক্তিসমন্বিতঃ ॥
তত্র দানমন্ত্রঃ ॥
বামনো বুদ্ধিদো দাতা দ্রব্যস্থো বামনঃ স্বয়ং।
বামনশ্চ প্রতিগ্রাহী তেন মে বামনে রতিঃ।

নরকলিখনাৎ। অতএব সমস্তত্বেন তৌ লিখিতৌ তথা দ্বাবিতি চ। কস্যচিন্মতে চ রামদ্বয়মেকত্র এবমাদিরত্র বিবিধোঽর্চ্চাবিধিঃ তত্র যথা সম্প্রদায়মনুসর্ত্তব্যঃ। প্রয়োগঃ। ওঁ মৎস্যায় নমঃ পাদয়োরিত্যাদি। মন্ত্রাশ্চেত্তত এব পূর্ব্ববজ্জ্ঞেয়ং। আয়ুধানি চ পূজয়েৎ। ওঁ সর্ব্বেভ্য আয়ুধেভ্যো নম ইতি ॥ ২৬৯ ॥

ব্রাহ্মণেভ্যশ্চ দাতব্যং ॥ ২৭০ ॥

ব্রাহ্মণোঽত্রাচার্য্যোঽন্বেষ্যঃ ॥ ২৭১ ॥

রাম। ৬। রাম। ৭। কৃষ্ণ। ৮। এবং বুদ্ধকল্কী। ৯। এই সকলকে পদদ্বয় ১ জানুদ্বয় ২ গুহ্য ৩ নাভি ৪ বক্ষঃস্থল ৫ কক্ষদ্বয় ৬ ভুজদ্বয় ৭ ও মস্তক ৮ এবং সর্ব্বাঙ্গে ৯ এই সকল স্থানে পূজা করিবে অর্থাৎ "ওঁ মৎস্যায় নমঃ পাদয়োঃ" ইত্যাদি তথা সর্ব্বাঙ্গে "ওঁ বুদ্ধকল্কিভ্যাং নমঃ" এই বলিয়া পূজা করিবে। তথা "ওঁ সর্ব্বেভ্য আয়ুধেভ্যো নমঃ" এইরূপ মন্ত্র রচনা করিয়া পূজা করিবে ॥ ২৬৯ ॥

তদনন্তর মহাপূজা করিয়া শক্তি অনুসারে আচার্য্যকে তথা ব্রাহ্মণদিগকে মন্ত্র পাঠ পূর্ব্বক গো, ভূমি ও হিরণ্যাদি অর্পণ করিবে ॥২৭০॥

মন্ত্রবেত্তা আচার্য্য মন্ত্রপাঠ পূর্ব্বক গ্রহণ করিবেন, দাতাও ভক্তিসমন্বিত হইয়া মন্ত্রোচ্চারণ পূর্ব্বক দান করিবেন ॥

প্রতিগ্রহ মন্ত্রঃ ॥

বামনঃ প্রতিগৃহ্লাতি বামনো বৈ দদাতি চ ।
বামনস্তারকোদ্বাভ্যাং তেনেদং বামনে নম ইতি ॥ ২৭১ ॥
এবং কৃত্বা বিধানেন ভোজনং পৃষদাজ্যকং ।
পূর্ব্বং দদ্যাৎ ব্রাহ্মণেভ্যঃ পশ্চাদ্ভুঞ্জীত বন্ধুভিরিতি ॥ ২৭২ ॥
যদ্বামনপুরাণে চ যদ্ভবিষ্যোত্তরে ব্রতং ।
বামনস্যোদিতং তস্যানুসারাল্লিখিতং ত্বিদং ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

গৃহীত্বা নিয়মং প্রাতর্গত্বা নদ্যোশ্চ সঙ্গমে
সৌবর্ণং বামনং কৃত্বা সৌবর্ণমাষকেণ বা ।

---

দ্বাভ্যাংদ্বয়োঃ দাতৃপ্রতিগ্রাহিণোঃ ॥ ২৭১ ॥
পৃষদাজ্যকং দধিমিশ্রং ঘৃতং ॥ ২৭২ ॥

---

তন্মধ্যে দানমন্ত্র যথা ॥

বামন বুদ্ধিপ্রদ ও দাতা, তথা বামন স্বয়ং দ্রব্যরূপে অবস্থিত এবং বামনই প্রতিগ্রাহী, অতএব বামনে আমার রতি হউক ॥

প্রতিগ্রহ মন্ত্র ॥

বামন প্রতিগ্রহ করেন, বামনই দান করেন এবং বামন দাতা ও প্রতিগ্রহকারী দুইকে উদ্ধার করেন, এই কারণে বামনের প্রতি আমার নমস্কার ॥ ২৭১ ॥

এই প্রকার করিয়া দধিমিশ্রিত ঘৃতভোজন করত পূর্ব্বে ব্রাহ্মণদিগকে ভোজন করাইয়া পশ্চাৎ বন্ধুগণের সহিত স্বয়ং ভোজন করিবে ॥ ২৭২ ॥

বামনপুরাণে এবং ভবিষ্যোত্তরে বামনদেবের যে ব্রত কথিত হইয়াছে, তদনুসারে এই বামনব্রত লিখিত হইল ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

প্রাতঃকালে নদীর সঙ্গমে গিয়া সঙ্কল্প পূর্ব্বক এক মাষক স্বর্ণ বা

যথাশক্ত্যাথ বিত্তস্য কুম্ভোপরি জগৎপতিং।
স্বর্ণপাত্রে স্নাপয়িত্বা মন্ত্রৈরেতৈশ্চ পূজয়েৎ ॥
ও বামনায় নমঃ পাদৌ কটিং দামোদরায় চ।
ঊরূ শ্রীপতয়ে গুহ্যং কামদেবায় পূজয়েৎ।
পূজয়েজ্জগতাং পত্যুরুদরং বিশ্বধারিণে।
হৃদয়ং যোগনাথায় কণ্ঠং শ্রীপতয়ে নমঃ ॥
মুখঞ্চ পঙ্কজাক্ষায় শিরঃ সর্ব্বাত্মনে নমঃ।
ইত্থং সংপূজ্য বাসোহভিরাচ্ছাদ্য চ জগদ্গুরুং।
দদ্যাৎ সুশ্রদ্ধয়াচার্য্যং নারিকেলাদিভিঃ ফলৈঃ ॥
ওঁ নমো নমস্তে গোবিন্দ বুধশ্রবণসংজ্ঞকঃ।
অঘৌঘসংক্ষয়ং কৃত্বা প্রেতমোক্ষপ্রদো ভব ॥
ইত্যর্ঘ্যমন্ত্রঃ ॥
ছত্ত্রোপানহ গোদান দদ্যাদত্র কমণ্ডলুং।

যথাশক্তি বিভবানুসারে বামনদেবের স্বর্ণপ্রতিমা নির্ম্মাণ করিয়া কুম্ভের উপরে স্বর্ণপাত্রে বামনদেবকে স্নান করাইয়া বক্ষ্যমাণ মন্ত্র দ্বারা পূজা করিবে ॥

"ওঁ বামনায় নমঃ" এই বলিয়া পদদ্বয়ে "ওঁ দামোদরায় নমঃ" এই বলিয়া কটিতে "ওঁ শ্রীপতয়ে নমঃ" এই বলিয়া ঊরুদ্বয়ে "ওঁ কামদেবায় নমঃ" এই বলিয়া গুহ্যে পূজা করিবে ॥

তৎপরে জগৎপতির উদরে "ওঁ বিশ্বধারিণে নমঃ" হৃদয়ে "ওঁ যোগনাথায় নমঃ" কণ্ঠে "ওঁ শ্রীপতয়ে নমঃ" মুখে "ওঁ পঙ্কজাক্ষায় নমঃ" এবং মস্তকে "ওঁ সর্ব্বাত্মনে নমঃ ॥"

এই প্রকার জগদ্গুরুর পূজা করিয়া তাঁহাকে বস্ত্র দ্বারা আচ্ছাদন করত অতিশয় শ্রদ্ধাসহকারে নারিকেলাদি ফল দ্বারা অর্ঘ্য প্রদান করিবে ॥

অর্ঘ্যমন্ত্র যথা ॥

"ওঁ নমো নমস্তে গোবিন্দ বুধশ্রবণসংজ্ঞকঃ। অঘৌঘসংক্ষয়ং

বিশেষেণ দ্বিজাগ্র্যায় বামনঃ প্রীয়তামিতি।
যথাশক্ত্যা চ দানানি দ্বিজাগ্রেভ্যঃ প্রদাপয়েৎ॥
কুর্য্যাজ্জাগরণং রাত্রৌ গীতশাস্ত্রসমন্বিতং।
শ্রদ্ধয়া পরয়া যুক্তো নিশামনিমিষেক্ষণঃ।
প্রভাতে ভোজয়েদ্বিপ্রান্ দ্বাদশ্যাং পারণং ততঃ।
কুর্য্যাৎ স্বয়ং শ্রদ্ধয়া তৎ সর্ব্বং সফলতাং ব্রজেৎ॥
তন্মাহাত্ম্যঞ্চ তত্রৈব॥
এবং কৃতে তু কালেয় ব্রতেঽস্মিন্ বিজয়াদিনে।
ন দুর্ল্লভতরং কিঞ্চিদিহলোকেঽথবা পরে।
ফলমস্য ব্রতস্যোক্তং দত্ত্বা পিত্রোর্নরোত্তমঃ।
বংশোদ্ধারকরো মুক্তিং যাতি পৈত্র্যাৎ ঋণাদপি।
ন পাবনতরং কিঞ্চিদতঃ পরমিহোচ্যতে।

কৃত্বা প্রেতমোক্ষপ্রদো ভব” এই মন্ত্রপাঠ পূর্ব্বক অর্ঘ্য প্রদান করিবে।

বামনদেব প্রীতি যুক্ত হউন এই বলিয়া বিশেষতঃ বেদজ্ঞ ব্রাহ্মণকে ছত্র, পাদুকা, গো এবং কমণ্ডলু দান করিবে॥

অনন্তর নিশাযোগে অনিমিষ লোচন হইয়া পরম শ্রদ্ধা সহকারে গীত বাদ্য সমন্বিত জাগরণ করিবে। তদনন্তর প্রভাতে ব্রাহ্মণদিগকে ভোজন করাইয়া দ্বাদশীর মধ্যে স্বয়ং পারণ করিবে। এই সকল কার্য্য শ্রদ্ধা পূর্ব্বক কৃত হইলে সফলতা প্রাপ্ত হয়॥

তন্মাহাত্ম্য ঐ ব্রহ্মবৈবর্ত্তপুরাণে যথা॥

হে কালেয়! বিজয়ার ব্রত দিন এই প্রকার কৃত হইলে ইহলোকে বা পরলোকে কিছুই দুর্ল্লভ থাকে না, কোন নরোত্তম যদি পিতা মাতার উদ্দেশে এই ব্রতের ফল দান করেন, তাহা হইলে তিনি বংশোদ্ধারক হইয়া পিতৃঋণ হইতেও মুক্তি লাভ করেন। এই বিজয়া ব্রতের পর অন্য কোন পবিত্রকারক ব্রত নাই এবং এই ব্রত তুল্য

বিজয়াব্রততুল্যঞ্চ ন পরং পরিপঠ্যতে।
ভবিষ্যোত্তরে চ ॥
সমাপ্তে তু ব্রতে তস্মিন্ যৎপুণ্যং তন্নিবোধ মে।
চতুর্যুগানি রাজেন্দ্র সপ্তসপ্ততি সংখ্যয়া ॥
প্রাপ্য বিষ্ণুপুরং রাজন্ ক্রীড়তে কালমক্ষয়ং।
ইহাগত্য ভবেদ্রাজা প্রতিপক্ষভয়ঙ্করঃ ॥
হস্ত্যশ্বরথযানানাং দাতা ভোক্তা বিমৎসরঃ।
রূপসৌভাগ্যসম্পন্নোদীর্ঘায়ুর্নীরুজো ভবেৎ ॥
পুত্রপৌত্রৈঃ পরিবৃতো জীবেচ্ছ শরদাং শতং ॥ ২৭৩ ॥
অথাশ্বিনকৃত্যং ॥
আশ্বিনস্য সিতে পক্ষে দশম্যাং বিজয়োৎসবঃ।

বামনপুরাণে প্রোক্তেন শ্রবণদ্বাদশীব্রতমুক্তং। ভবিষ্যোত্তরে চ স্বয়ং ভগবতা শ্রীযুধিষ্ঠিরং প্রতি বামনব্রতং শ্রবণদ্বাদশীব্রতঞ্চ পৃথক্ নিরূপিতং। তদনুসারতশ্চ বামনস্য ব্রতমিদং লিখিতং অতোঽত্র গ্রন্থৈকমাত্রদৃষ্ট্যাঽনাদরো ন কার্য্য ইতি ভাবঃ ॥ ২৭৩ ॥

আর কোন ব্রত শ্রেষ্ঠ বলিয়া পরিপঠিতও হয় নাই ॥

ভবিষ্যোত্তরেতেও ॥

হে রাজেন্দ্র! এই ব্রত সমাপন হইলে যে পুণ্য হয় বলি শ্রবণ করুন, বিষ্ণুলোক প্রাপ্ত হইয়া সপ্তসপ্ততি চতুর্যুগ অক্ষয় কাল তাহাতে ক্রীড়া করে, পশ্চাৎ তথা হইতে পৃথিবীতে আগমন করিয়া রাজা হয়, তৎকালীন তাহার কোন শত্রু প্রবল হয় না। অপর ঐ ব্রতকারী ব্যক্তি হস্তী অশ্ব রথ ও যান সকলের দাতা, ভোক্তা, মৎসরহীন, রূপসৌভাগ্যসম্পন্ন, দীর্ঘায়ুঃ, নিরোগ, তথা পুত্র পৌত্র পরিবৃত হইয়া শত বৎসর জীবিত থাকিবে ॥ ২৭৩ ॥

অথ আশ্বিনকৃত্য ॥

যে ব্যক্তি সর্ব্বত্র জয় প্রার্থনা করিবেন তিনি বৈষ্ণবগণের সহিত

কর্ত্তব্যো বৈষ্ণবৈঃ সার্দ্ধং সর্ব্বত্র বিজয়ার্থিনা ॥ ১৭৪ ॥

অথ বিজয়োৎসববিধিঃ ॥

রথমারোপ্য দেবশং সর্ব্বালঙ্কারশোভিতং।
সাসিতূণধনুর্ব্বাণপাণিং নক্তঞ্চরান্তকং।
স্বলীলয়া জগত্রাতুমাবির্ভূতং রঘূদ্বহং ॥
রাজোপচারৈঃ শ্রীরামং শমীবৃক্ষতলং নয়েৎ।
সীতাকান্তং শমীযুক্তং ভক্তানামভয়ঙ্করং।
অর্চ্চয়িত্বা শমীবৃক্ষমর্চ্চয়েদ্বিজয়াপ্তয়ে ॥

তন্মন্ত্রঃ ॥

শমী শময়তে পাপং শমী লোহিতকণ্টকা।
ধরিত্র্যর্জ্জুনবাণানাং রামস্য প্রিয়বাদিনী।
করিষ্যমাণা যা যাত্রা যথাকালং সুখং ময়া।

---

সর্ব্বত্র অস্মিন্ লোকে পরস্মিংশ্চ বিজয়ার্থিনা উৎকর্ষেচ্ছুনা ॥ ২৭৪ ॥

---

আশ্বিনমাসের শুক্লপক্ষে দশমীতে বিজয়োৎসব করিবেন ॥ ২৭৪ ॥

অথ বিজয়োৎসববিধি ॥

যিনি দেবেশ্বর, সর্ব্বালঙ্কার শোভিত, অসি তূণ ধনুর্ব্বাণ পানি, রাক্ষসকুলনিহন্তা, লীলা বশতঃ যিনি রঘুকুলে আবির্ভূত হইয়াছেন, সেই শ্রীরামচন্দ্রকে রাজোপচারে পূজা করিয়া শমীবৃক্ষের তলে লইয়া যাইবে ॥

তৎপরে ভক্ত সকলের অভয়দাতা শমীযুক্ত সীতাকান্তকে অর্চ্চনা করিয়া বিজয় প্রাপ্তির নিমিত্ত শমীবৃক্ষের পূজা করিবে ॥

পূজামন্ত্র যথা

"শমী শময়তে পাপং শমী লোহিতকণ্টকা। ধরিত্র্যর্জ্জুনবাণানাং রামস্য প্রিয়বাদিনী। করিষ্যমাণা যা যাত্রা যথাকালং সুখং ময়া। তত্র

তত্র নির্ব্বিঘ্নকর্ত্রী ত্বং ভব শ্রীরামপূজিত ইতি।
গৃহীত্বা সাক্ষতামার্দ্রাং শমীমূলগতাং মৃদং ॥
গীতবাদিত্রনির্ঘোষৈস্ততো দেবং গৃহে নয়েৎ।
কৈশ্চিদৃক্ষৈস্তত্র ভাব্যং কৈশ্চিদ্ভাব্যঞ্চ বানরৈঃ।
কৈশ্চিদ্রক্তমুখৈর্ভাব্যং কোশলেন্দ্রস্য তুষ্টয়ে।
নির্জ্জিতা রাক্ষসা দৈত্যা বৈরিণো জগতীতলে।
রামরাজ্যং রামরাজ্যং রামরাজ্যমিতি ব্রুবন্।
আনীয় স্থাপয়েদ্দেবং নিজসিংহাসনে সুখং।
ততো নীরাজ্য দেবেশং প্রণমেদ্দণ্ডবদ্ভুবি ॥
মহাপ্রসাদবস্ত্রাদিধারয়েদ্বৈষ্ণবৈঃ সহ ॥ ২৭৭ ॥
ইতি শ্রীবিষ্ণুধর্ম্মোক্তানুসারেণ ব্যলেখ্যয়ং।

ঋক্ষাদিভির্ভাব্যমিতি তচ্চেষ্টাদিকমনুসর্ত্তব্যমিত্যর্থঃ ॥ ২৭৫ ॥

নির্ব্বিঘ্নকর্ত্রী ত্বং ভব শ্রীরামপূজিতে ॥”

এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক, শমীবৃক্ষের পূজা করিবে। তদনন্তর অক্ষতের সহিত শমীবৃক্ষমূলের আর্দ্রমৃত্তিকা গ্রহণ করিয়া গীতবাদ্য ধ্বনিসহকারে দেবকে গৃহে আনয়ন করিবে॥

তৎকালীন কোন কোন ব্যক্তি শ্রীরামচন্দ্রের তুষ্টি নিমিত্ত আপনাকে ভল্লুক, কেহ কেহ আপনাকে বানর এবং কেহ কেহ বা আপনাকে রক্তমুখ বানর চিন্তা করিবে এবং রামরাজ্য রামরাজ্য ইহাই বলিতে বলিতে শ্রীরামমূর্ত্তি আনয়ন করিয়া নিজসিংহাসনে সুখে স্থাপন করিবে। তৎপরে নীরাজন পূর্ব্বক দণ্ডবৎ পতিত হইয়া দেবেশ্বরকে প্রণাম করত বৈষ্ণবগণের সহিত মহাপ্রসাদ বস্ত্রাদি ধারণ করিবে॥২৭৪

বিষ্ণুধর্ম্মোক্তানুসারে শ্রীরামচন্দ্রের এই বিজয়োৎসব বিধি লিখিত

বিধিঃ শ্রীরামবিজয়োৎসবস্তোৎসবকৃৎ সতাং ॥ ২৭৬ ॥
সীতা দৃষ্টেতি হনুমদ্বাক্যং শ্রুত্বাঽকরোৎ প্রভুঃ ॥
বিজয়ং বানরৈঃ সার্দ্ধং বাসরেঽস্মিন্ শমীতলাৎ ॥ ২৭৭ ॥

॥ ※ ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে দিব্যাবির্ভাবো নাম পঞ্চদশবিলাসঃ ॥ ※ ॥ ১৫ ॥ ※ ॥

---

শ্রীরামবিজয়োৎসবস্য বিধিঃ। উৎসবকৃৎ আনন্দজনকঃ ॥ ২৭৬ ॥
তস্মিন্ দিনে শমীবৃক্ষতলে তৎপূজাদিকারণং লিখতি সীতেতি ॥ ২৭৭ ॥

॥ * ॥ ইতি পঞ্চদশবিলাসঃ ॥ * ॥

---

হইল, ইহা সৎ সকলকে আনন্দ প্রদান করে ॥ ২৭৬ ॥

"আমি সীতা দর্শন করিয়াছি" হনুমানের এই বাক্য শ্রবণ করিয়া শ্রীরামচন্দ্র বানরের সহিত এই দিনে শমীতল হইতে বিজয়োৎসব করিয়াছিলেন ॥ ২৭৭ ॥

॥ ※ ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীরাম-নারায়ণ বিদ্যারত্নানুবাদে দিব্যাবির্ভাব নামক পঞ্চদশ বিলাস ॥ ※ ॥

# ষোড়শবিলাসঃ।

অথ কার্ত্তিককৃত্যং ॥
দামোদরং প্রপদ্যেহং শ্রীরাধারমণং প্রভুং।
প্রভাবাদযস্য তৎপ্রেষ্ঠঃ কার্ত্তিকঃ সেবিতো ভবেৎ ॥ ১ ॥
ভাতি কার্ত্তিককৃত্যাদি স্কান্দ পাদ্মাদিষু স্ফুটং।
তথাপ্যেকত্র সংগৃহ্য সারতোহত্র বিলিখ্যতে ॥ ২ ॥

---

শ্রীভগবৎপ্রিয়তম কার্ত্তিকমাসকৃত্যং লিখন্ তদধিষ্ঠাতৃদেবং শ্রীরাধিকাসহিতং শ্রীদামোদরং শরণং যাতি দামোদরমিতি। সেবিতঃ কৃত্যলিখনাদিদ্বারা ॥ ১ ॥

তৎকৃত্যাদিকঞ্চ সর্ব্বত্রৈব প্রসিদ্ধমিতি লিখতি ভাতীতি। আদিশব্দাৎ তন্মাহাত্ম্যাদি। নমু তর্হি কিমত্র তল্লিখনেন তত্র লিখতি তথাপীতি। সারত ইতি তত্র তত্র বিবিধকর্ম্ম-মিশ্রিতং সাধারণঞ্চ বর্ত্ততে অত্র চ কেবলং তদেব বিশিষ্টং লেখ্যমিতি ॥ ২ ॥

---

অথ কার্ত্তিককৃত্য ॥

আমি রাধারমণ প্রভু দামোদরের শরণাপন্ন হই, যাঁহার প্রভাব হেতু তদীয় প্রিয়তম কার্ত্তিকমাস সেবিত হইবে ॥ ১ ॥

স্কন্দপুরাণ ও পদ্মপুরাণে কার্ত্তিককৃত্যাদি যদিচ স্পষ্টরূপে প্রকাশ পাইতেছে, তথাপি আমি একত্র সারসংগ্রহ করিয়া এস্থানে লিখিতেছি ॥ ২ ॥

কার্ত্তিকেঽস্মিন্ বিশেষেণ নিত্যং কুর্ব্বীত বৈষ্ণবঃ॥
দামোদরার্চ্চনং প্রাতঃস্নানদানব্রতাদিকং॥ ৩॥
তথা দিনবিশেষে যদ্ভগবৎপূজনাদিকং।
কুর্য্যাদ্বিধিবিশেষেণ লেখ্যমগ্রে বিবিচ্য তৎ॥ ৪॥
অথ কার্ত্তিকব্রতনিত্যতা॥
স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে॥
দুষ্প্রাপ্যং প্রাপ্য মানুষ্যং কার্ত্তিকোক্তং চরেন্ন হি।
ধর্ম্মং ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠ স মাতৃপিতৃঘাতকঃ।

তত্রাদৌ কার্ত্তিককৃত্যনিয়মনিত্যতাং লিখিষ্যন্ তদর্থং সংক্ষেপেণ তত্র নিত্যকৃত্যং দিনবিশেষকৃত্যঞ্চ লিখতি কার্ত্তিক ইতি দ্বাভ্যাং। আদিশব্দেন দীপদানরাত্রিশেষে জাগরণাদি তচ্চ সর্ব্বং সবিশেষমগ্রে ব্যক্তং ভাবি॥ ৩॥

তথেতি সমুচ্চয়ে। দিনবিশেষে কৃষ্ণাষ্টম্যাদৌ। আদিশব্দেন স্নানাদি॥ ৪॥

কার্ত্তিকে উক্তং কৃত্যত্বেনাভিমতং ধর্ম্মং ব্রতাদিকং যো নাচরেৎ। অব্রতেন ব্রতং বিনা ব্রতং চাত্রারুণোদয়স্নানাদিনিয়মঃ কিঞ্চিদ্ভক্ষ্যত্যাগরূপনিয়মো বা। তত্র চ সদারুণোদয়স্নানাদিপরাণামন্যমাসতোঽত্র কশ্চিত্তত্তদ্বিশেষঃ ভৈক্ষ্যাহারিণাং তত্র তত্রোক্তানাং যতিপ্রভৃতীনাং

বৈষ্ণব ব্যক্তি বিশেষ করিয়া এই কার্ত্তিক মাসে নিত্য দামোদরের অর্চ্চন, প্রাতঃস্নান ও ব্রত প্রভৃতি কার্য্য সমুদায় করিবেন॥ ৩॥

তথা দিন বিশেষে যে ভগবৎ পূজনাদি করিতে হইবে, অগ্রে লেখ্য বিশেষ বিধি দ্বারা তাহা বিবেচনা করিয়া করিবে॥ ৪॥

অথ কার্ত্তিকব্রতের নিত্যতা॥

স্কন্দপুরাণে ব্রহ্মনারদ সম্বাদে॥

হে ধার্ম্মিকশ্রেষ্ঠ! যে ব্যক্তি দুষ্প্রাপ্য মনুষ্যত্বকে প্রাপ্ত হইয়া যদি কার্ত্তিকোক্ত ধর্ম্ম আচরণ না করে, তাহা হইলে সে ব্যক্তি পিতৃমাতৃ হত্যা নিমিত্তক পাপে পাতকী হয়।

অব্রতেন ক্ষিপেদ্যস্তু মাসং দামোদরপ্রিয়ং।
তির্য্যগ্‌যোনিমবাপ্নোতি সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ ॥ ৫ ॥
স ব্রহ্মহা স গোঘ্নশ্চ স্বর্ণস্তেয়ী সদানৃতী।
ন করোতি মুনিশ্রেষ্ঠ যো নরঃ কার্ত্তিকে ব্রতং ॥ ৬ ॥
বিধবা চ বিশেষেণ ব্রতং যদি ন কার্ত্তিকে।
করোতি মুনিশার্দ্দূল নরকং যাতি সা ধ্রুবং ॥
ব্রতন্তু কার্ত্তিকে মাসে যদা ন কুরুতে গৃহী।
ইষ্টাপূর্ত্তং বৃথা তস্য যাবদাভূতনারকী।
সংপ্রাপ্তে কার্ত্তিকে মাসে দ্বিজো ব্রতপরাঙ্মুখঃ।
ভবন্তি বিমুখাঃ সর্ব্বে তস্য দেবাঃ সবাসবাঃ।

নামসঙ্কীর্ত্তনাদিনিয়মবিশেষো জ্ঞেয় ইতি দিক্‌ ॥ ৫ ॥
অনৃতী মিথ্যাবাদী ॥ ৬ ॥

যে ব্যক্তি কোন নিয়ম ধারণ না করিয়া যদি দামোদরপ্রিয় কার্ত্তিকমাস ক্ষেপণ করে, তাহা হইলে সে সর্ব্বধর্ম্মবহিষ্কৃত হইয়া তির্য্যক্‌ যোনি প্রাপ্ত হয় ॥ ৫ ॥

হে মুনিশ্রেষ্ঠ! যে নর কার্ত্তিকমাসে ব্রত করে না, তাহাকে ব্রহ্মহা, গোঘ্ন, স্বর্ণস্তেয়ী ও সর্ব্বদা মিথ্যাবাদী বলিয়া জানিবে ॥ ৬ ॥

হে মুনিশার্দ্দূল! বিশেষ করিয়া বিধবা যদি কার্ত্তিকমাসে ব্রত না করে, তবে সে নিশ্চয় নরকে যাইবে ॥

গৃহস্থ মনুষ্য যদি কার্ত্তিকমাসে ব্রত না করে, তাহা হইলে তাহার ইষ্টাপূর্ত্ত কর্ম্ম বিফল হইবে এবং সে মহাপ্রলয় পর্য্যন্ত নরকে বাস করিবে ॥

কার্ত্তিকমাস উপস্থিত হইলে যদি কোন ব্রাহ্মণ ব্রতপরাঙ্মুখ হন, তাহা হইলে ইন্দ্রাদি দেবতা সকল তাঁহার প্রতি বিমুখ হয়েন ॥

ইষ্ট্বা চ বহুভির্যজ্ঞৈঃ কৃত্বা শ্রাদ্ধশতানি চ।
স্বর্গং নাপ্নোতি বিপ্রেন্দ্র অকৃত্বা কার্ত্তিকে ব্রতং॥
যতিশ্চ বিধবা চৈব বিশেষেণ বনাশ্রমী।
কার্ত্তিকে নরকং যান্তি অকৃত্বা বৈষ্ণবং ব্রতং।
বেদৈরধীতৈঃ কিন্তস্য পুরাণপঠনৈশ্চ কিং।
কৃতং যদি ন বিপ্রেন্দ্র কার্ত্তিকে বৈষ্ণবং ব্রতং।
জন্ম প্রভৃতি যৎ পুণ্যং বিধিবৎ সমুপার্জ্জিতং।
ভস্মীভবতি তৎসর্ব্বমকৃত্বা কার্ত্তিকব্রতং।
যদ্দত্তঞ্চ পরং জপ্তং কৃতঞ্চ সুমহত্তপঃ।
সর্ব্বং বিফলতামেতি অকৃত্বা কার্ত্তিকে ব্রতং।

হে বিপ্রেন্দ্র! যদি কোন ব্যক্তি কার্ত্তিকমাসে ব্রত না করিয়া বহু ২ যজ্ঞ দ্বারা যাগ এবং শত শত শ্রাদ্ধ করে, তথাপি সে স্বর্গ প্রাপ্ত হয় না॥

যতি, বিধবা এবং বিশেষতঃ বনাশ্রমী যদি কার্ত্তিকমাসে বৈষ্ণব-ব্রত করেন, তাহা হইলে তাঁহারা নরকে গমন করিবেন।

হে বিপ্রেন্দ্র! যদি কার্ত্তিকমাসে বৈষ্ণব ব্রত না করিল তবে তাহার বেদপাঠ বা পুরাণ পাঠে কি হইবে।

যে ব্যক্তি জন্মাবধি যথাবিধি যে পুণ্য উপার্জ্জন করিয়াছে, সে যদি কার্ত্তিকমাসে ব্রত না করে, তাহা হইলে তাহার সেই সকল পুণ্য ভস্মীভূত হয়।

যাহা দান করিয়াছে, যাহা জপ করিয়াছে এবং যে কিছু সুমহৎ তপস্যা করিয়াছে, কার্ত্তিকমাসে ব্রত না করিলে তৎসমুদায় বিফলতা প্রাপ্ত হয়॥

হে নারদ! কার্ত্তিকমাসে উত্তম বৈষ্ণবব্রত না করিলে সপ্তজন্মা-

সপ্তজন্মার্জ্জিতং পুণ্যং বৃথা ভবতি নারদ ॥
অকৃত্বা কার্ত্তিকে মাসি বৈষ্ণবং ব্রতমুত্তমং ॥
পাপভূতাস্তু তে জ্ঞেয়া লোকে মর্ত্ত্যা মহামুনে।
বৈষ্ণবাখ্যং ব্রতং যৈস্তু ন কৃতং কার্ত্তিকে শুভং।
কিঞ্চ ॥
অকৃত্বা নিয়মং বিষ্ণোঃ কার্ত্তিকং যঃ ক্ষিপেন্নরঃ।
জন্মার্জ্জিতস্য পুণ্যস্য ফলং নাপ্নোতি নারদ ॥ ৭ ॥
কিঞ্চ ॥
নিয়মেন বিনা চৈব যো নয়েৎ কার্ত্তিকং মুনে।
চাতুর্ম্মাস্যং তথা চৈব ব্রহ্মহা স কুলাধমঃ ॥ ৮ ॥
কিঞ্চ ॥

বৈষ্ণবমিতি স্বরূপনির্দ্দেশঃ সর্ব্বস্যাপি কার্ত্তিকব্রতস্য বিষ্ণুপরত্বাৎ ॥ ৭ ॥
তথা চাতুর্মাস্যমিতি চাতুর্মাস্যব্রতস্যাপি নিত্যত্বং দর্শয়িত্বা দৃষ্টান্তত্বেনাত্রোদাহৃতমিতি। এবমগ্রেঽপি ॥ ৮ ॥

র্জ্জিত পুণ্য বৃথা হইয়া থাকে॥

হে মহামুনে। যাহারা কার্ত্তিকমাসে পবিত্র বৈষ্ণব নামক ব্রত করে নাই, এই সংসার মধ্যে সেই সকল মনুষ্যকে পাপ স্বরূপ জানিবে॥

আরও ॥

হে নারদ! যে ব্যক্তি বিষ্ণুর নিয়ম ধারণ না করিয়া কার্ত্তিকমাস ক্ষেপণ করেন, তিনি জন্মার্জ্জিত পুণ্যের ফল প্রাপ্ত হয়েন না ॥ ৭ ॥

আরও ॥

হে মুনে! যে ব্যক্তি বিনা নিয়মে কার্ত্তিকমাস অথবা চাতুর্ম্মাস্য যাপন করে, সে কুলাঙ্গার ব্রহ্মহত্যাকারী হয় ॥ ৮ ॥

আরও ॥

পিণ্ডদানং পিতৄণাঞ্চ পিতৃপক্ষে ন বৈ কৃতং।
ব্রতং ন কার্ত্তিকে মাসি শ্রাবণ্যামৃষিতর্পণং।
চৈত্রে নান্দোলিতোবিষ্ণুর্মাঘস্নানং ন সজ্জলে।
ন কৃতামর্দ্দকী পুষ্যে শ্রাবণে রোহিণাষ্টমী ॥
সঙ্গমে ন কৃতা যেন দ্বাদশী শ্রবণান্বিতা ॥
কুত্র যাস্যন্তি তে মূঢ়া নাহং বেদ্মি কলিপ্রিয় ॥ ৯

পাদ্মে চ শ্রীনারদশৌনকাদিমুনিগণসম্বাদে ॥
মানুষঃ কর্ম্মভূমৌ যঃ কার্ত্তিকং নয়তে মুধা।
চিন্তামণিং করে প্রাপ্য ক্ষিপ্যতে কর্দ্দমাম্বুনি ॥
নিয়মেন বিনা বিপ্রাঃ কার্ত্তিকং যঃ ক্ষিপেন্নরঃ।
কৃষ্ণঃ পরাঙ্মুখস্তস্য যস্মাদূর্জ্জোঽস্য বল্লভঃ ॥ ১০ ॥

আমর্দ্দকী আমর্দ্দকীব্রতং। এবমগ্রেঽপি ॥ ৯ ॥
মুধেতি নিয়মং বিনেত্যর্থঃ ॥ ১০ ॥

হে কলিপ্রিয়! যে সকল ব্যক্তি পিতৃপক্ষে পিতৃগণকে পিণ্ড দান করে নাই, তথা কার্ত্তিকমাসে ব্রত, শ্রাবণী পূর্ণিমায় ঋষিতর্পণ, চৈত্রমাসে বিষ্ণুর দোলোৎসব, পবিত্রজলে মাঘস্নান, পুষ্যায় আমর্দ্দকীব্রত, শ্রাবণমাসে রোহিণ্যষ্টমী এবং সঙ্গমে শ্রবণান্বিতা দ্বাদশীব্রত করে নাই সেই সকল মূঢ় যে কোথায় গমন করিবে তাহা আমি জানি না ॥ ৯ ॥

পদ্মপুরাণে শ্রীনারদ ও শৌনকাদি মুনিগণ সম্বাদে ॥

কর্ম্মভূমিতে যে মানুষ কার্ত্তিকমাস বৃথা ক্ষেপণ করে সে হস্ত প্রাপ্ত চিন্তামণিকে কর্দ্দম জলে নিক্ষেপ করিয়া থাকে।

হে বিপ্রগণ! নিয়ম ব্যতিরেকে যাহারা কার্ত্তিকমাস ক্ষেপণ করে, তাহাদের প্রতি শ্রীকৃষ্ণ পরাঙ্মুখ হয়েন, যে হেতু কার্ত্তিকমাস শ্রীকৃষ্ণের অতিশয় প্রিয় ॥ ১০ ॥

তত্র বিশেষেণ স্নানদানাদি সৎকর্ম্মনিত্যতা ॥
স্কান্দে তত্রৈব ॥
যৈর্ন দত্তং হুতং জপ্তং ন স্নানং ন হরের্ব্রতং।
ন কৃতং কার্ত্তিকে পুত্র দ্বিজাস্তে বৈ নরাধমাঃ ॥
কিঞ্চ ॥
যৈর্নদত্তং হুতং জপ্তং কার্ত্তিকে ন ব্রতং কৃতং।
তেনাত্মা হারিতো নূনং ন প্রাপ্তং প্রার্থিতং ফলং ॥ ১১ ॥
কিঞ্চ ॥
সংপ্রাপ্তে কার্ত্তিকে মাসি যে রতা ন জনার্দ্দনে।
তেষাং সৌরিপুরে বাসঃ পিতৃভিঃ সহ নারদঃ ॥ ১২ ॥

এবং সামান্যতো ব্রতস্য নিত্যতাং লিখিত্বেদানীং দানাদিককর্ম্মবিশেষস্ত লিখতি যৈর্ন দত্তমিত্যাদি ষড়্ভিঃ। ব্রতং কৃচ্ছ্রাদি কিঞ্চিদ্ভক্ষ্যত্যাগাদি বা। কিম্বা দত্তাদিরূপমেতদ্ধরের্ব্রতং। পুত্র হে শ্রীনারদ ॥ ১১ ॥
ন রতাঃ পূজাদিনা ন ভক্তাঃ প্রীতিং ন কৃতবন্তো বা ॥ ১২ ॥

ঐ কার্ত্তিকমাসে বিশেষতঃ স্নান দানাদি
সৎকর্ম্মের নিত্যতা ॥
স্কন্দপুরাণে সেই ব্রহ্মনারদ সম্বাদে ॥

হে পুত্র! যে সকল ব্রাহ্মণ কর্ত্তিকমাসে দান, হোম, জপ, স্নান ও হরির ব্রত না করে, তাহারা নরাধম ॥

আরও ॥

যাহারা কর্ত্তিকমাসে দান, হোম, জপ বা ব্রত না করে, তাহারা নিশ্চয় আত্মাকে বঞ্চিত করিয়াছে, কখন প্রার্থিত ফলপ্রাপ্ত হয় না ॥ ১১

আরও ॥

হে নারদ! কার্ত্তিকমাস উপস্থিত হইলে যাহার জনার্দ্দনে রত অর্থাৎ পূজানাদি দ্বারা ভক্ত না হয়, পিতৃগণের সহিত তাহাদের যমপুরে

কিঞ্চ ॥

কার্ত্তিকেনার্চ্চিতোযৈস্তু ভক্তিভাবেন কেশবঃ।
নরকং তে গমিষ্যন্তি যমদূতৈস্তু যন্ত্রিতাঃ ॥ ১৩ ॥
জন্মকোটিসহস্রৈস্তু মানুষ্যং প্রাপ্য দুর্ল্লভং।
কার্ত্তিকেনার্চ্চিতোবিষ্ণুর্হারিতং তেন জন্ম বৈ ॥
বিষ্ণোঃ পূজা কথা বিষ্ণোর্বৈষ্ণবানাঞ্চ দর্শনং।
ন ভবেৎ কার্ত্তিকে যস্য হন্তি পুণ্যং দশাব্দিকমিতি ॥ ১৪ ॥

অথ কার্ত্তিকমাহাত্ম্যং ॥

কার্ত্তিকস্য তু মাহাত্ম্যং প্রাক্ সামান্যেন লিখ্যতে।
ততোবিশেষতস্তত্র কর্ম্ম দেশাদিভেদতঃ ॥ ১৫ ॥

ভক্তৌ ভাব একাগ্রতা তেনেত্যর্থঃ ॥ ১৩ ॥
স্নানমিতি পাঠে স্নপনমিত্যর্থঃ। তেনাপি পূজৈব লক্ষ্যতে ॥ ১৪ ॥
তত্র কার্ত্তিকে কর্ম্মাদিভেদেন যো বিশেষস্তেন। আদিশব্দাত্তীর্থাদি ॥ ১৫ ॥

বাস হইয়া থাকে ॥ ১২ ॥

আরও ॥

যাহারা কার্ত্তিকমাসে ভক্তিভাবে কেশবকে অর্চ্চনা করে না, তাহারা যমদূত কর্ত্তৃক যন্ত্রিত হইয়া নরকে গমন করিবে ॥ ১৩ ॥

যে ব্যক্তি সহস্র কোটি জন্মের পর দুর্ল্লভ মনুষ্যত্ব প্রাপ্ত হইয়া যদি কার্ত্তিকমাসে বিষ্ণুর অর্চ্চনা না করে, তাহা হইলে তাহার সেই জন্মটী হারান হয় ॥

যাহার সম্বন্ধে কার্ত্তিকমাসে বিষ্ণুর পূজা, বিষ্ণুর কথা এবং বৈষ্ণবদিগের দর্শন না ঘটে, তাহার দশবৎসরের পুণ্য বিনষ্ট হয় ॥ ১৪ ॥

অথ কার্ত্তিকমাহাত্ম্য ॥

কার্ত্তিকমাসের যে মাহাত্ম্য তাহা প্রথমতঃ সামান্যরূপে লিখিত হইতেছে, পরে কর্ম্ম দেশাদিভেদে বিশেষরূপে লিখিত হইবে ॥ ১৫ ॥

অথ সামান্যতঃ স্কান্দে তত্রৈব ॥

কার্ত্তিকস্য তু মাসস্য কোট্যংশেনাপি নার্হতি।
সর্ব্বতীর্থেষু যৎস্নানং সর্ব্বদানেষু যৎ ফলং ॥ ১৬ ॥
একতঃ সর্ব্বতীর্থানি সর্ব্বে যজ্ঞাঃ সদক্ষিণাঃ
একতঃ পুষ্করে বাসঃ কুরুক্ষেত্রে হিমাচলে।
মেরুতুল্যসুবর্ণানি সর্ব্বদানানি চৈকতঃ।
একতঃ কার্ত্তিকো বৎস সর্ব্বদা কেশবপ্রিয়ঃ ॥ ১৭ ॥
যৎ কিঞ্চিৎ ক্রিয়তে পুণ্যং বিষ্ণুমুদ্দিশ্য কার্ত্তিকে।
তদক্ষয়ং ভবেৎ সর্ব্বং সত্যোক্তং তব নারদ ॥ ১৮ ॥

কার্ত্তিকস্য কার্ত্তিককৃতমাহাত্ম্যস্য কোট্যংশানামেকেনাপ্যংশেন সর্ব্বতীর্থস্নানাদিফলং সমতাং নার্হতীত্যর্থঃ ॥ ১৬ ॥

সর্ব্বদা কলিকালাদাবপি ॥ ১৭ ॥

সত্যোক্তং সত্যমুক্তং ॥ ১৮ ॥

অথ সামান্যতঃ কার্ত্তিক মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণের সেই ব্রহ্মনারদ সম্বাদে ॥

সমুদায় তীর্থে স্নান করিলে যে ফল হয়, সর্ব্বপ্রকার দান করিলে যে ফল হয়, কার্ত্তিকমাসের ফলের সহিত সেই সকল কোট্যংশের একাংশও হইতে যোগ্য হয় না ॥ ১৬ ॥

হে বৎস! একদিকে সকল তীর্থ, একদিকে দক্ষিণার সহিত সমুদায় যজ্ঞ, একদিকে পুষ্করে, কুরুক্ষেত্রে ও হিমাচলে বাস এবং একদিকে মেরু তুল্য সুবর্ণ ও সর্ব্বপ্রকার দান, আর একদিকে সর্ব্বদা কেশবপ্রিয় কার্ত্তিক ॥ ১৭ ॥

হে নারদ! তোমাকে সত্য বলিতেছি বিষ্ণুকে উদ্দেশ করিয়া কার্ত্তিকমাসে যে কিছু পুণ্য কর্ম্ম করে তৎসমুদায় অক্ষয় অর্থাৎ তাহার ফল বিনাশ হয় না ॥ ১৮ ॥

কার্ত্তিকং খলু বৈ মাসং সর্ব্বমাসেষু চোত্তমং।
পুণ্যানাং পরমং পুণ্যং পাবনানাঞ্চ পাবনং ॥ ১৯ ॥
কিঞ্চ ॥
যথা নদীনাং বিপ্রেন্দ্র শৈলানাঞ্চৈব নারদ।
উদধীনাঞ্চ বিপ্রর্ষে ক্ষয়োনৈবোপপদ্যতে ॥
পুণ্যং কার্ত্তিকমাসে তু যৎকিঞ্চিৎ ক্রিয়তে মুনে।
ন তস্যাস্তি ক্ষয়ো ব্রহ্মন্ পাপস্যাপ্যেবমেব চ ॥ ২০ ॥
ন কার্ত্তিকসমো মাসো ন কৃতেন সমং যুগং।
ন বেদসদৃশং শাস্ত্রং ন তীর্থং গঙ্গয়া সমং।
কার্ত্তিকঃ প্রবরো মাসো বৈষ্ণবানাং প্রিয়ঃ সদা ॥
কার্ত্তিকং সকলং যস্তু ভক্ত্যা সেবেত বৈষ্ণবঃ।

কার্ত্তিকং উত্তমং বিদ্ধীতি শেষঃ ॥ ১৯ ॥

পাপস্যাপ্যেবমিতি কার্ত্তিকে কৃতস্য পাপস্য ক্ষয়োনাস্তীত্যর্থঃ অতঃ কার্ত্তিকে যত্নতঃ সর্ব্বথা পাপং পরিহরণীয়মিতি ভাবঃ ॥ ২০ ॥

তত্র শ্রীনারদশৌনকাদি সম্বাদ এব ॥ ২১ ॥

কার্ত্তিকমাস সকল মাসের মধ্যে উত্তম, পুণ্য সকলের মধ্যে পরম পুণ্য এবং পবিত্র সকলের মধ্যে পরম পবিত্র ॥ ১৯ ॥

আরও ॥

হে বিপ্রেন্দ্র! হে নারদ! যেমন নদী, পর্ব্বত এবং সমুদ্র সকলের ক্ষয় উপপন্ন হয় না, তদ্রূপ কার্ত্তিকমাসে যে কিছু পুণ্য করুক বা পাপই করুক, তাহার কখন ক্ষয় হয় না ॥ ২০ ॥

হে ব্রহ্মন্! কার্ত্তিকের সমান মাস নাই, সত্যযুগের সমান যুগ নাই, বেদের সদৃশ শাস্ত্র নাই, গঙ্গার সমান তীর্থ নাই, অতএব বৈষ্ণবদিগের সম্বন্ধে কার্ত্তিকমাস সর্ব্বদা প্রিয় ॥

হে মহামুনে! যে বৈষ্ণব ভক্তিপূর্ব্বক সমস্ত কার্ত্তিকমাস সেবন

পিতৄনুদ্ধরতে সর্ব্বান্ নরকস্থান্ মহামুনে ॥ ২১ ॥
পাদ্মে চ তত্রৈব ॥
দ্বাদশস্বপি মাসেষু কার্ত্তিকঃ কৃষ্ণবল্লভঃ।
তস্মিন্ সংপূজিতো বিষ্ণুরল্পকৈরপ্যুপায়নৈঃ।
দদাতি বৈষ্ণবং লোকমিত্যেবং নিশ্চিতং ময়া।
যথা দামোদরো ভক্তবৎসলো বিদিতো জনৈঃ।
তস্যায়ং তাদৃশো মাসঃ স্বল্পমপ্যুরুকারকঃ।
দুর্ল্লভো মানুষো দেহো দেহিনাং ক্ষণভঙ্গুরঃ।
তত্রাপি দুর্ল্লভঃ কালঃ কার্ত্তিকো হরিবল্লভঃ ॥
দীপেনাপি হি যত্রাসৌ প্রীয়তে হরিরীশ্বরঃ।
সুগতিঞ্চ দদাত্যেব পরদীপপ্রবোধনাৎ ॥ ২২ ॥
অথ ব্রতমাহাত্ম্যং ॥

উপায়নৈঃ উপচারৈঃ ॥ ২২ ॥

করেন, তিনি নরকস্থ সমুদায় পিতৃগণকে উদ্ধার করেন ॥ ২১ ॥

পদ্মপুরাণের সেই স্থানেই ॥

দ্বাদশমাসের মধ্যে কার্ত্তিকমাস বিষ্ণুর প্রিয়তম। সেই মাসে যদি অল্প উপায়ন দ্বারাও বিষ্ণু পূজিত হয়েন, তাহা হইলে তিনি নিশ্চয় বিষ্ণুলোক প্রদান করেন ॥

দামোদর যেমন ভক্তবৎসল বলিয়া সকল লোকের নিকট বিদিত, তদ্রূপ তাঁহার এই কার্ত্তিকমাস অল্পকেও অধিক করিয়া থাকেন। দেহধারিদিগের সম্বন্ধে মনুষ্যদেহ দুর্ল্লভ এবং তাহা ক্ষণভঙ্গুর, তাহাতেও আবার হরিবল্লভ কার্ত্তিকমাস অতিশয় দুর্ল্লভ। যে মাসে প্রদীপ মাত্র প্রদান করিলেও ভগবান্ হরি প্রীতিযুক্ত হয়েন এবং পরদীপ প্রবোধন করিলে সুগতিও প্রদান করিয়া থাকেন ॥ ২২ ॥

অথ কার্ত্তিকব্রত মাহাত্ম্য ॥

স্কান্দে তত্রৈব ॥

ব্রতানামিহ সর্ব্বেষামেকজন্মানুগং ফলং।
কার্ত্তিকে তু ব্রতস্যোক্তং ফলং জন্মশতানুগং ॥ ২৩ ॥
অক্রূরতীর্থে বিপ্রেন্দ্র কার্ত্তিক্যাং সমুপোষ্য চ।
স্নাত্বা যৎফলমাপ্নোতি তচ্ছ্রুত্বা বৈষ্ণবং ব্রতং ॥ ২৪ ॥
বারাণস্যাং কুরুক্ষেত্রে নৈমিষে পুষ্করেঽর্ব্বুদে।
গত্বা যৎফলমাপ্নোতি ব্রতং কৃত্বা তু কার্ত্তিকে।
অনিষ্ট্বা চ সদা যজ্ঞৈর্ন কৃত্বা পিতৃভিঃ স্বধাং।

ব্রতং কার্ত্তিককৃতানিয়মস্তস্য যৎ ফলং কার্ত্তিকব্রতোৎপন্নং পুণ্যং তজ্জন্মশতান্যনুগচ্ছতীত্যর্থঃ। পাঠান্তরে তু তথৈবার্থঃ ॥ ২৩ ॥

বৈষ্ণবং ব্রতং কার্ত্তিকনিয়মং শ্রুত্বাপি তদাপ্নোতি ॥ ২৪ ॥

পিতৃভিঃ পিতৃভ্যঃ। যদ্যকরণাদিনা পাতিত্যং সূচিতং তথাপি কার্ত্তিকব্রতেন বৈষ্ণব-

স্কন্দপুরাণের সেই ব্রহ্মনারদ সম্বাদে ॥

হে নারদ! যত যত ব্রত আছে, তৎসমুদায়ের ফল একজন্মমাত্র অনুগামী হয়, কিন্তু কার্ত্তিকমাসের ব্রতোক্ত ফল শতজন্ম অনুগামী হইয়া থাকে ॥ ২৩ ॥

হে বিপ্রেন্দ্র। কার্ত্তিকমাসে কার্ত্তিকী পূর্ণিমায় উপবাস পূর্ব্বক অক্রূরতীর্থে স্নান করিলে যাহা প্রাপ্তি হয়, কার্ত্তিকমাসের বৈষ্ণবব্রত শ্রবণ করিলেও তাহাই লাভ হইয়া থাকে ॥ ২৪ ॥

বারাণসী, কুরুক্ষেত্র, নৈমিষারণ্য, পুষ্কর ও অর্ব্বুদ তীর্থে গমন করিলে যে পুণ্য হয়, কার্ত্তিকে ব্রত করিলে তাহাই লাভ হইয়া থাকে ॥

যে ব্যক্তি কখন যজ্ঞ করে নাই বা পিতৃগণকে পিণ্ডদান করে নাই, সে যদি কার্ত্তিকমাসে ব্রত করে, তাহা হইলে সে বিষ্ণুর পরম পদে

এতেন কার্ত্তিকে মাসি বৈষ্ণবস্তু পদং ব্রজেৎ ॥ ২৫ ॥
প্রবৃত্তানাঞ্চ ভক্ষ্যাণাং কার্ত্তিকে নিয়মে কৃতে।
অবশ্যং কৃষ্ণরূপত্বং প্রাপ্যতে মুক্তিদং শুভং ॥
কিঞ্চ ॥
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রো বা মুনিসত্তম।
বিযোনিং ন ব্রজন্ত্যেব ব্রতং কৃত্বা তু কার্ত্তিকে ॥
কিঞ্চ ॥
কার্ত্তিকে মুনিশার্দ্দূল স্বশক্ত্যা বৈষ্ণবং ব্রতং।
যঃ করোতি যথোক্তন্তু মুক্তিস্তস্য করে স্থিতা ॥

পদং যাতি ॥ ২৫ ॥

প্রবৃত্তানাং নিত্যং ভক্ষ্যমাণানামিত্যর্থঃ। নিয়মে সঙ্কোচে কিঞ্চিৎ ত্যাগে কৃতে সতীত্যর্থঃ। কৃষ্ণরূপত্বং কৃষ্ণসারূপ্যং। মুক্তিদং সংসারদুঃখমোচনং শুভং পরমমঙ্গলং সুখঘন-

গমন করিবে ॥ ২৫ ॥

যে সকল দ্রব্য নিত্য ভক্ষণ করে, কার্ত্তিকমাসে যদি তাহার কিছু সঙ্কোচ করা যায়, তাহা হইলে সে অবশ্য মুক্তিপ্রদ পরম মঙ্গল শ্রীকৃষ্ণের সারূপ্য প্রাপ্ত হইবে ॥

আরও ॥

হে মুনিসত্তম! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য অথবা শূদ্র, ইহারা যদি কার্ত্তিকমাসে ব্রত করে, তাহা হইলে কখন বিযোনি প্রাপ্ত হইবে না॥

আরও ॥

হে মুনিশার্দ্দূল! যে ব্যক্তি কার্ত্তিকমাসে যথোক্ত বৈষ্ণবব্রত ধারণ করে, মুক্তি তাহার করে অবস্থিত হয় ॥

সুপুণ্যে কার্ত্তিকে মাসি দেবর্ষিপিতৃসেবিতে।
ক্রিয়মাণে ব্রতে নৃণাং স্বল্পেঽপি স্যান্মহাফলং॥

অথ তত্র কর্ম্মবিশেষমাহাত্ম্যং॥

স্কান্দে তত্রৈব॥

দানং দত্তং হুতং জপ্তং তপশ্চৈব তথা কৃতং।
তদক্ষয়ং ফলং প্রোক্তং কার্ত্তিকে চ দ্বিজোত্তম॥

কিঞ্চ॥

যৎকিঞ্চিৎ কার্ত্তিকে দত্তং বিষ্ণুমুদ্দিশ্য মানবৈঃ।
তদক্ষয়ং লভ্যন্তে বৈ অন্নদানং বিশেষতঃ॥ ২৬॥

কিঞ্চ॥

যস্তু সম্বৎসরং পূর্ণমগ্নিহোত্রমুপাসতে।

---

মিতার্থঃ। তত্রৈব শ্রীরুক্মাঙ্গদমোহিনীসম্বাদে তু মুক্তিসাধকমিতি পাঠে মুক্তিঃ সাধিকা যস্য তৎ। যদ্বা অকারপ্রশ্লেষেণ অমুক্তিঃ কৃষ্ণে ন ত্যাগস্তৎ সাধকং। বিযোনিং কুজন্ম পাপৈর্বর্জ্জিতৈরপি ন প্রাপ্নোতি। দীয়ত ইতি দানমন্নাদি॥ ২৬॥

---

দেবর্ষি-পিতৃসেবিত-সুপুণ্য-কার্ত্তিকমাসে অল্প ব্রত আচরিত হইলেও তাহা মনুষ্যদিগকে মহাফল প্রদান করিয়া থাকেন॥

অথ কার্ত্তিকমাসে কর্ম্মবিশেষের মাহাত্ম্য॥

স্কন্দপুরাণের সেই ব্রহ্মনারদসম্বাদে॥

হে দ্বিজোত্তম! কার্ত্তিমাসে অন্নাদি দান, হুত, জপ ও তপস্যা কৃত হইলে তাহার অক্ষয় ফল কীর্ত্তিত হইয়াছে॥

আরও॥

মানবগণ কার্ত্তিকমাসে যদি বিষ্ণুকে উদ্দেশ করিয়া যাহা কিছু দান বা বিশেষতঃ অন্নদান করে, তাহা হইলে তাহার অক্ষয় ফল প্রাপ্তি হয়॥ ২৬॥

আরও॥

যে ব্যক্তি সম্বৎসরপূর্ণ অগ্নিহোত্র যাগের উপাসনা করিয়া যে ফল

কার্ত্তিকে স্বস্তিকং কৃত্বা সমমেতন্ন সংশয়ঃ ॥ ২৭ ॥
কার্ত্তিকে যা করোত্যেবং কেশবালয়মণ্ডলং।
স্বর্গস্থা শোভতে সা তু কপোতী পক্ষিণী যথা।
যঃ করোতি নরো নিত্যং কার্ত্তিকে পত্রভোজনং।
ন স দুর্গতিমাপ্নোতি যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ।
জন্মপ্রভৃতি যৎপাপং মানবৈশ্চ কৃতং ভবেৎ।
তৎসর্ব্বং নাশমাপ্নোতি ব্রহ্মপত্রেষু ভোজনাৎ ॥
সর্ব্বকামফলং তস্য সর্ব্বতীর্থফলং লভে
ন চাপি নরকং পশ্যেদ্ব্রহ্মপত্রেষু ভোজনাৎ ॥ ২৮ ॥
ব্রহ্ম চৈষ স্মৃতঃ সাক্ষাৎ পলাশঃ সর্ব্বকামদঃ।

যশ্চ কার্ত্তিকে স্বস্তিকং কৃত্বা স্থিতং কুর্য্যাদিতি বা পাঠঃ ॥ ২৭ ॥
ব্রহ্ম পলাশবৃক্ষস্তস্য পত্রেষু ॥ ২৮ ॥

প্রাপ্ত হয়, কার্ত্তিকমাসে স্বস্তিক করিলে তত্তুল্য ফল লাভ করে, ইহাতে সংশয় নাই ॥ ২৭ ॥

যে স্ত্রী কার্ত্তিকমাসে বিষ্ণুর আলয়ে মণ্ডল নির্ম্মাণ করে, যেমন আকাশে কপোতীপক্ষিণী শোভা পায়, তাহার ন্যায় সে স্বর্গে শোভিতা হইয়া থাকে ॥

যে মনুষ্য কার্ত্তিকমাসে পত্র ভোজন করে, চতুর্দ্দশ ইন্দ্রের অধিকারকাল পর্য্যন্ত সে দুর্গতি প্রাপ্ত হয় না। মনুষ্যগণ জন্ম প্রভৃতি যে সকল পাপ করিয়াছে, কার্ত্তিকমাসে পলাশপত্রে ভোজন করিলে তৎসমুদায় বিনষ্ট হয়। যে ব্যক্তি কার্ত্তিকমাসে পলাশপত্রে ভোজন করে, তাহার সকল কামের ও সকল তীর্থের ফল লাভ হয় এবং সে কখনই নরক দর্শন করে না ॥ ২৮ ॥

এই পলাশবৃক্ষ সাক্ষাৎ ব্রহ্ম ও সর্ব্বকামপ্রদ, হে মুনিসত্তম! শূদ্র

মধ্যমং বর্জ্জিতং পত্রং শূদ্রস্য মুনিসত্তম।
ভুঞ্জন্নরকমাপ্নোতি যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ॥
তিলদানং নদীস্নানং সৎকথা সাধুসেবনং।
ভোজনং ব্রহ্মপত্রেষু কার্ত্তিকে মুক্তিদায়কং॥
জাগরং কার্ত্তিকে মাসি যঃ করোত্যরুণোদয়ে।
দামোদরাগ্রে বিপ্রেন্দ্র গোসহস্রফলং লভেৎ।
জাগরং পশ্চিমে যামে যঃ করোতি মহামুনে।
কার্ত্তিকে সন্নিধৌ বিষ্ণোস্তৎপদং করসংস্থিতং॥ ২৯॥
সাধুসেবা গবাং গ্রাসঃ কথা বিষ্ণোস্তথার্চ্চনং।
জাগরঃ পশ্চিমে যামে দুর্ল্লভঃ কার্ত্তিকে কলৌ॥ ৩০॥
কিঞ্চ॥

পশ্চিমে অন্ত্যে। তস্য বিষ্ণোঃ পদং তস্য করসংস্থিতং॥ ২৯॥
দুর্ল্লভঃ মহাভাগ্যেনৈব সিদ্ধ্যতীত্যর্থঃ॥ ৩০॥

সকল পলাশের মধ্যম পত্র বর্জন করিবে, যদি তাহাতে ভোজন করে, তাহা হইলে তাহার চতুর্দ্দশ মন্থর অধিকারকাল পর্য্যন্ত নরকবাস হইবে॥

কার্ত্তিকমাসে তিলদান, নদীস্নান, সৎকথা শ্রবণ, সাধুসেবন এবং ব্রহ্মপত্রে (পলাশপত্রে) ভোজন, এই সকল মুক্তি প্রদান করে॥

হে বিপ্রেন্দ্র! যে ব্যক্তি কার্ত্তিকমাসে অরুণোদয়ে দামোদরের অগ্রে জাগরণ করে, তাহার গোসহস্র দানের ফল লাভ হয়॥

হে মহামুনে! যে ব্যক্তি কার্ত্তিকমাসের শেষ প্রহরে বিষ্ণুর সন্নিধানে জাগরণ করে, বিষ্ণুপদ তাহার করস্থিত হয়॥ ২৯॥

হে ব্রহ্মন্! সাধুসেবা, গোগ্রাস, বিষ্ণুর কথা, বিষ্ণুর অর্চ্চন এবং শেষ প্রহরে জাগরণ, কলিযুগে কার্ত্তিকমাসে এই সকল দুর্ল্লভ॥ ৩০॥

আরও॥

জলধেনুসহস্রঞ্চ বৃষসংস্থে দিবাকরে।
তোয়ং দত্ত্বা যদাপ্নোতি স্নানং কৃত্বা তু কার্ত্তিকে॥
সন্নিহত্যাং কুরুক্ষেত্রে রাহুগ্রস্তে দিবাকরে।
সূর্য্যবারেণ যৎস্নানং তদেকাহেন কার্ত্তিকে॥
পিতৄনুদ্দিশ্য যদ্দত্তং কার্ত্তিকে কৃষ্ণবল্লভে।
অম্বোদকং মুনিশ্রেষ্ঠ অক্ষয়ং জায়তে নৃণাং॥ ৩১॥
কিঞ্চ॥
গীতশাস্ত্রবিনোদেন কার্ত্তিকং যো নয়েন্নরঃ।
ন তস্য পুনরাবৃত্তির্ময়া দৃষ্টা কলিপ্রিয়॥
কিঞ্চ॥
প্রদক্ষিণঞ্চ যঃ কুর্য্যাৎ কার্ত্তিকে বিষ্ণুসদ্মনি।

সন্নিহত্যা নাম হ্রদস্তাং প্রাপ্যেত্যর্থঃ॥ ৩১॥

জলধেনু ( দানার্থ কৃত্রিম ধেনু ) সহস্র এবং বৃষরাশিস্থ দিবাকরে অর্থাৎ জ্যৈষ্ঠমাসে জলদান করিয়া যাহা প্রাপ্ত হয়,কার্ত্তিকমাসে তাহাই লাভ হইয়া থাকে॥

রবিবারে, সূর্য্যগ্রহণে, কুরুক্ষেত্রে, সন্নিহিত নামক হ্রদে, যে স্নান তাঁহা কার্ত্তিকমাসের এক দিবসেই লাভ হয়॥

হে মুনিশ্রেষ্ঠ! মানবগণ কৃষ্ণবল্লভ কার্ত্তিকমাসে পিতৃলোককে উদ্দেশ করিয়া অন্ন জল প্রভৃতি যাহা দান করে তৎসমুদায় অক্ষয় হয়॥ ৩১॥

আরও॥

হে কলিপ্রিয় নারদ! যে মনুষ্য গীত শাস্ত্রের ক্রীড়াতে কার্ত্তিক-মাস যাপন করে, তাহার পুনরাবৃত্তি দৃষ্ট হয় না॥

আরও॥

যে নর কার্ত্তিকমাসে বিষ্ণুমন্দির প্রদক্ষিণ করে, সে পদে পদে

পদে পদেঽশ্বমেধস্য ফলভাগী ভবেন্নরঃ ॥
গীতং বাদ্যঞ্চ নৃত্যঞ্চ কার্ত্তিকে পুরতো হরেঃ ।
যঃ করোতি নরো ভক্ত্যা লভতে চাক্ষয়ং পদং ॥
হরের্নাম সহস্রাখ্যং গজেন্দ্রস্য চ মোক্ষণং ।
কার্ত্তিকে পঠতে যস্তু পুনর্জন্ম ন বিদ্যতে ।
কার্ত্তিকে পশ্চিমে যামে স্তবং গানং করোতি যঃ ।
বসতে শ্বেতদ্বীপে তু পিতৃভিঃ সহ নারদ ॥
নৈবেদ্যদানেন তু হরেঃ কার্ত্তিকে যবসংখ্যয়া ।
যুগানি বসতে স্বর্গে তাবন্তি মুনিসত্তম ॥ ৩২ ॥
অগুরুন্তু সকর্পূরং যো দহেৎ কেশবাগ্রতঃ ।
কার্ত্তিকে তু মুনিশ্রেষ্ঠ যুগান্তে ন পুনর্ভবঃ ॥ ৩৩ ॥
কিঞ্চ ॥

যবমাত্রসংখ্যয়া যাবন্তি নৈবেদ্যানি তাবন্তি যুগানি । সিক্থেতি পাঠেপি তথৈবার্থঃ ॥৩২
যুগান্তেঽপি সতি ॥ ৩৩ ॥

অশ্বমেধ যজ্ঞের ফলভাগী হয় ॥

যে মনুষ্য কার্ত্তিকমাসে হরির অগ্রে ভক্তিপূর্ব্বক গীত, বাদ্য ও নৃত্য করে, সে অক্ষয় পদ প্রাপ্ত হয় ॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে বিষ্ণুর সহস্র নাম ও গজেন্দ্রমোক্ষণ পাঠ করে, তাহার পুনর্জন্ম হয় না ॥

হে নারদ ! যে ব্যক্তি কার্ত্তিকমাসের শেষপ্রহরে স্তব ও গান করে, পিতৃগণের সহিত তাহার শ্বেতদ্বীপে বাস হয় ॥

হে মুনিসত্তম ! যে ব্যক্তি কার্ত্তিকমাসে বিষ্ণুকে যব নৈবেদ্য দান করে, তাহার যব সংখ্যায় তত যুগ স্বর্গে বাস হয় ॥ ৩২ ॥

হে মুনিশ্রেষ্ঠ ! যে ব্যক্তি কার্ত্তিকমাসে কেশবের অগ্রে সকর্পূর-অগুরু দাহ করে, যুগান্তেও তাহার পুনর্জন্ম হয় না ॥ ৩৩ ॥

আরও ॥

নিয়মেন কথাং বিষ্ণোর্যে শৃণ্বন্তি চ ভাবিতাঃ।
শ্লোকার্দ্ধং শ্লোকপাদম্বা কার্ত্তিকে গোশতং ফলং ॥ ৩৪ ॥
সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য কার্ত্তিকে কেশবাগ্রতঃ।
শাস্ত্রাবতরণং পুণ্যং শ্রোতব্যঞ্চ মহামুনে।
শ্রেয়সা লোভবুদ্ধ্যা বা যঃ করোতি হরেঃ কথাং।
কার্ত্তিকে মুনিশার্দ্দূল কুলানাং তারয়েচ্ছতং।
নিত্যং শাস্ত্রবিনোদেন কার্ত্তিকং যঃ ক্ষিপেন্নরঃ।
নির্দ্দহেৎ সর্ব্বপাপানি যজ্ঞাযুতফলং লভেৎ ॥
ন তথা তুষ্যতে দানৈর্ন যজ্ঞৈর্গোগজাদিকৈঃ।
যথা শাস্ত্রকথালাপৈঃ কার্ত্তিকে মধুসূদনঃ ॥
কার্ত্তিকে মুনিশার্দ্দূল যঃ শৃণোতি হরেঃ কথাং।

ভাবিতা ভাবযুক্তাঃ। তেষাং গোশতদানফলং স্যাৎ ॥ ৩৪ ॥
বিশেষতঃ কার্ত্তিকে সদ্ভিঃ সহ ভগবৎকথামাহাত্ম্যমাহ সর্ব্বেতি পঞ্চভিঃ। দুর্গাণি

যে সকল মনুষ্য ভক্তিসহকারে কার্ত্তিকমাসে নিয়ম করিয়া বিষ্ণুর কথা শ্রবণ করে, তাহা যদি শ্লোকের অর্দ্ধ বা শ্লোকের একপাদও হয়, তাহাতেই শতগোদানের ফল লাভ হইয়া থাকে ॥ ৩৪ ॥

হে মহামুনে! সর্ব্বধর্ম্ম পরিত্যাগ করিয়া কার্ত্তিকমাসে কেশবের অগ্রে পুণ্য স্বরূপ শাস্ত্রাবতরণ শ্রবণ করিবে ॥

হে মুনিশার্দ্দূল! কল্যাণবুদ্ধিতে হউক বা লোভবুদ্ধিতে হউক, যে ব্যক্তি কার্ত্তিকমাসে হরিকথা কীর্ত্তন করেন, তাঁহার শতকুল উদ্ধার হয়। যে ব্যক্তি নিত্য শাস্ত্রবিনোদন দ্বারা কার্ত্তিকমাস যাপন করেন, তিনি সর্ব্বপাপ দাহপূর্ব্বক অযুত যজ্ঞের ফল প্রাপ্ত হয়েন ॥

যেমন কার্ত্তিকমাসে মধুসূদন পরিতুষ্ট হয়েন, তদ্রূপ গো গজাদি দান ও যজ্ঞ প্রভৃতি দ্বারা পরিতুষ্ট হয়েন না ॥

হে মুনিশার্দ্দূল! যে ব্যক্তি কার্ত্তিকমাসে হরিকথা শ্রবণ করেন,

স নিস্তরতি দুর্গাণি জন্মকোটিশতানি চ ॥ ৩৫ ॥
যঃ পঠেৎ প্রযতো নিত্যং শ্লোকং ভাগবতং মুনে।
অষ্টাদশপুরাণানাং কার্ত্তিকে ফলমাপ্নুয়াৎ ॥ ৩৬ ॥
কিঞ্চ ॥
সর্ব্বান্ ধর্ম্মান্ পরিত্যজ্য ইষ্টাপূর্ত্তাদিকান্নরঃ।
কার্ত্তিকে পরয়া ভক্ত্যা বৈষ্ণবৈঃ সহ সংবসেৎ ॥ ৩৭ ॥
পাদ্মে চ তত্রৈব ॥
কার্ত্তিকে ভূমিশায়ী যো ব্রহ্মচারী হবিষ্যভুক্।
পলাশপত্রং ভুঞ্জানো দামোদরমথার্চ্চয়েৎ।
স সর্ব্বপাতকং হিত্বা বৈকুণ্ঠে হরিসন্নিধৌ।
মোদতে বিষ্ণুসদৃশো ভজনানন্দনির্বৃতঃ ॥ ৩৮ ॥

আপদঃ ॥ ৩৫ ॥
ভাগবতং ভগবৎপরং ভাগবতীয়ং বেত্যর্থঃ ॥ ৩৬ ॥
অতএব বিশেষতঃ সৎসঙ্গমাহাত্ম্যমাহ সর্ব্বানিতি ॥ ৩৭ ॥
বিষ্ণুসদৃশঃ সারূপ্যাদি প্রাপ্তেঃ ॥ ৩৮ ॥

তিনি শতকোটি জন্ম দুর্গতি হইতে নিস্তার পাইয়া থাকেন ॥ ৩৫ ॥

হে মুনে! যে ব্যক্তি কার্ত্তিকমাসে যত্নবান্ হইয়া নিত্য ভাগবতের শ্লোক পাঠ করেন, তাঁহার অষ্টাদশপুরাণ পাঠের ফল হয় ॥ ৩৬ ॥

আরও ॥

মনুষ্য ইষ্টাপূর্ত্ত প্রভৃতি সকল ধর্ম্ম পরিত্যাগ করিয়া কার্ত্তিকমাসে পরম ভক্তিসহকারে বৈষ্ণবগণের সহিত বাস করিবে ॥ ৩৭ ॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে ভূমিশায়ী, ব্রহ্মচারী ও হবিষ্যাশী হইয়া পলাশপত্রে ভোজন করত দামোদরের অর্চ্চন করে, সে সকল পাপ পরিত্যাগ করিয়া বিষ্ণুসদৃশ ও ভজনানন্দে নির্বৃত হওত বৈকুণ্ঠে হরিসন্নিধানে আমোদিত হয় ॥ ৩৮ ॥

কিঞ্চ ॥

কার্ত্তিকং সকলং মাসং প্রাতঃস্নায়ী জিতেন্দ্রিয়ঃ।
জপন্ হবিষ্যভুগ্দান্তঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৩৯ ॥
কার্ত্তিকন্তু নরো মাসং যঃ কুর্য্যাদেকভোজনং।
শূরশ্চ বহুবীর্য্যশ্চ কীর্ত্তিমাংশ্চ স জায়তে ॥ ৪০ ॥

কিঞ্চ ॥

পলাশপত্রভোজী চ কার্ত্তিকে পুরুষো নরঃ।
নিষ্পাপঃ স্যাত্তু নৈবেদ্যং হরের্ভুক্ত্বা বিমুচ্যতে।
মধ্যস্থমৈশ্বরং পত্রং বর্জ্জয়েদ্ব্রাহ্মণেতরঃ ॥

কিঞ্চ ॥

---

দান্তঃ জিতক্রোধাদিঃ। শান্ত ইতি বা পাঠঃ ॥ ৩৯ ॥
শূরঃ সর্ব্বশক্তিমান্। বহুবীর্য্যঃ মহাপরাক্রমঃ ॥ ৪০ ॥
যজ্ঞসাম্যং যজ্ঞসমফলং লভত ইতি শেষঃ ॥ ৪১ ॥

---

আরও ॥

সমস্ত কার্ত্তিকমাসে প্রাতঃস্নায়ী, জিতেন্দ্রিয়, জপপরায়ণ, হবিষ্যাশী ও জিতেন্দ্রিয় হইলে সকল পাপ হইতে মুক্ত হয় ॥ ৩৯ ॥

যে মনুষ্য কার্ত্তিকমাসে একভোজন করে, সে সর্ব্বশক্তিমান্, মহা-পরাক্রম ও কীর্ত্তিমান্ হইয়া জন্মগ্রহণ করে ॥ ৪০ ॥

আরও ॥

যে পুরুষ কার্ত্তিকমাসে পলাশপত্রে বিষ্ণুর নৈবেদ্য ভোজন করে, সে নিষ্পাপ হইয়া বিমুক্ত হয়। ব্রাহ্মণ হইতে ইতরজাতি পলাশপত্রের মধ্যপত্র বর্জন করিবে,যে হেতু ঐ পত্র ঈশ্বরসম্বন্ধীয় হয় অর্থাৎ উহাতে রুদ্রের অধিষ্ঠান আছে জানিতে হইবে ॥

আরও ॥

অপরাধ সহস্রাণি পাতকানি মহান্ত্যপি।
ক্ষমতেঽস্য হরির্দেবঃ পূজিতঃ কার্ত্তিকে প্রভুঃ॥
নৈবেদ্যং পায়সং বিষ্ণোঃ প্রিয়ং খণ্ডং ঘৃতান্বিতং।
বিভজ্য তচ্চ ভুঞ্জানো যজ্ঞসাম্যং দিনে দিনে॥ ৪১॥
তত্রৈব শ্রীকৃষ্ণসত্যা সম্বাদে॥
স্নানং জাগরণং দীপং তুলসীবনপালনং।
কার্ত্তিকে যে প্রকুর্ব্বন্তি তে নরা বিষ্ণুমূর্ত্তয়ঃ॥ ৪২॥
ইত্থং দিনত্রয়মপি কার্ত্তিকে যে প্রকুর্ব্বতে।
দেবানামপি তে বন্দ্যাঃ কিং যৈরাজন্ম তৎকৃতং॥
তত্রৈব কার্ত্তিকব্রতাঙ্গানি॥

স্নানং জাগরণং নিত্যং রাত্র্যন্তযামবিষয়কং। বিষ্ণুমূর্ত্তয়ঃ বিষ্ণুসারূপ্যং প্রাপ্নুবন্তীত্যর্থঃ॥ ৪২॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে ভগবান্ হরির পূজা করেন তিনি তাহার সহস্র সহস্র অপরাধ ও মহা মহা পাতক সকল ক্ষমা করিয়া থাকেন॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে বিষ্ণুপ্রিয় খণ্ড ও ঘৃতান্বিত পায়স নৈবেদ্য বিষ্ণুকে নিবেদন করিয়া ভোজন করে, তাহার দিন দিন যজ্ঞ তুল্য ফল লাভ হয়॥ ৪১॥

সেই স্কন্দপুরাণে শ্রীকৃষ্ণ সত্যভামা সম্বাদে॥

যাহারা কার্ত্তিকমাসে স্নান, জাগরণ, দীপ এবং তুলসীবন পালন করে, সেই সকল মনুষ্য বিষ্ণুর মূর্ত্তি॥ ৪২॥

যে সকল মনুষ্য কার্ত্তিকমাসে তিন দিন মাত্র এই নিয়ম ধারণ করে তাহারা দেবগণের বন্দনীয় হয়, আর যাহারা যাবজ্জীবন এই নিয়ম পালন করে তাহাদের কথা আর কি বলিব॥

ঐ স্কন্দপুরাণের কার্ত্তিকব্রতের অঙ্গ সকল যথা॥

হরিজাগরণং প্রাতঃস্নানং তুলসিসেবনং।
উদযাপনং দীপদানং ব্রতান্যেতানি কার্ত্তিকে।
পঞ্চভির্ব্রতকৈরেভিঃ সম্পূর্ণং কার্ত্তিকে ব্রতী।
ফলমাপ্নোতি তৎপ্রোক্তং ভুক্তিমুক্তিফলপ্রদং॥
বিষ্ণোঃ শিবস্য বা কুর্য্যাদালয়ে হরিজাগরং।
কুর্য্যাদশ্বত্থমূলে বা তুলসীনাং বনেষু চ॥
আপদ্গতো যদাপ্যম্ভো ন লভেৎ সবনায় সঃ॥
ব্যাধিতো বা পুনঃ কুর্য্যাদ্বিষ্ণোর্নামাপমার্জ্জনং।
উদযাপনং বিধিং কর্ত্তুমশক্তোযোব্রতে স্থিতঃ।
ব্রাহ্মণান্ ভোজয়েচ্ছক্ত্যা ব্রতসম্পূর্ণহেতবে॥
অশক্তো দীপদানস্য পরদীপান্ প্রবোধয়েৎ।
তেষাং বা রক্ষণং কুর্য্যাৎ বাতাদিভ্যঃ প্রযত্নতঃ।

কল্পকোটিসহস্রাণি বাপ্য যানি পাতকানি। কৃত্বা ইতি পাঠে স্থিতানীতি শেষঃ। বহূনি

হরিজাগরণ, প্রাতঃস্নান, তুলসীসেবন, উদযাপন ও দীপ দান, কার্ত্তিকমাসের এই সকল ব্রত, ব্রতী ব্যক্তি কার্ত্তিকমাসে এই পঞ্চব্রত সম্পূর্ণ করিলে যাহাতে ভুক্তি মুক্তি ফলপ্রদ ফল আছে, সেই ফল প্রাপ্ত হয়॥

বিষ্ণু অথবা শিব কিম্বা অশ্বত্থমূল বা তুলসীকানন এই সকল স্থানে হরিজাগরণ করিবে। যদি আপদ্গত হইয়া স্নানের নিমিত্ত জল প্রাপ্ত না হয় অথবা ব্যাধিগ্রস্ত থাকে তাহা হইলে বিষ্ণুনাম দ্বারা অপমার্জ্জন অর্থাৎ জলস্পর্শ করিবে॥

যে ব্যক্তি ব্রতস্থ হইয়া উদযাপন বিধি করিতে অসমর্থ হয়, সে ব্রত সম্পূর্ণ নিমিত্ত যথাশক্তি ব্রাহ্মণ ভোজন করাইবে॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে দীপদানে অশক্ত হয়, সে পরদীপকে প্রবোধিত করিবে অথবা যত্নসহকারে বায়ু প্রভৃতি হইতে সেই দীপ

অভাবে তুলসীনাঞ্চ পূজয়েদ্বৈষ্ণবং দ্বিজং।
সর্ব্বাভাবে ব্রতী কুর্য্যাদ্ব্রাহ্মণানাং গবামপি।
সেবাং বা বোধিবটয়োর্ব্রতসম্পূর্ণহেতবে॥
অথ তত্র দীপদানমাহাত্ম্যং॥
স্কান্দে তত্রৈব॥
কৃত্বা কোটিসহস্রাণি পাতকানি বহূন্যপি।
নিমেষার্দ্ধেন দীপস্য বিলয়ং যান্তি কার্ত্তিকে॥ ॥ ৪৩॥
কিঞ্চ॥
শৃণু দীপস্য মাহাত্ম্যং কার্ত্তিকে কেশবপ্রিয়ং।
দীপদানেন বিপ্রেন্দ্র ন পুনর্জায়তে ভুবি॥
রবিগ্রহে কুরুক্ষেত্রে নর্ম্মদায়াং শশিগ্রহে।

মহান্ত্যপি বিবিধান্যপীতি বা॥ ৪৩॥
কুরুক্ষেত্রাদৌ বিষয়ে রবিগ্রহাদৌ দানাদিনা যৎফলং। মন্ত্রহীনং জনার্দ্দনে যৎকর্ম্ম তৎ।

গুলিকে রক্ষা করিবে। অভাবে তুলসী ও বৈষ্ণব ব্রাহ্মণের পূজা করিবে। সকল অভাব হইলে ব্রতী ব্যক্তি ব্রতের সম্পূর্ণতা নিমিত্ত ব্রাহ্মণ, গো, তথা পিপ্পল ও বটবৃক্ষের সেবা করিবে॥

অথ দীপদান মাহাত্ম্য॥

স্কন্দপুরাণে ব্রহ্ম নারদ সম্বাদে॥

যে ব্যক্তি কোটি সহস্র বহু বহু পাপ করিয়াও যদি কার্ত্তিকমাসে বিষ্ণুর আলয়ে অর্দ্ধনিমেষের জন্য দীপদান করে তাহা হইলে তাহার সমুদায় পাপ বিনষ্ট হয়॥ ৪৩॥

আরও॥

হে বিপ্রেন্দ্র! কার্ত্তিকমাসে কেশবপ্রিয় দীপদানের মাহাত্ম্য বলি শ্রবণ কর, কার্ত্তিকমাসে বিষ্ণুর আলয়ে দীপদান করিলে পুনরায় পৃথিবীতে জন্ম হয় না॥

তৎফলং কোটিগুণিতং দীপদানেন কার্ত্তিকে ॥
ঘৃতেন দীপকো যস্য তিলতৈলেন বা পুনঃ।
জ্বলতে মুনিশার্দ্দূল অশ্বমেধেন তস্য কিং ॥
মন্ত্রহীনং ক্রিয়াহীনং শৌচহীনং জনার্দ্দনে।
সর্ব্বং সম্পূর্ণতাং যাতি কার্ত্তিকে দীপদানতঃ ॥ ৪৪ ॥
তেনেষ্টং ক্রতুভিঃ সর্ব্বৈঃ কৃতং তীর্থাবগাহনং।
দীপদানং কৃতং যেন কার্ত্তিকে কেশবাগ্রতঃ।
তাবদ্গর্জ্জন্তি পুণ্যানি স্বর্গে মর্ত্ত্যে রসাতলে।
যাবন্ন জ্বলতে জ্যোতিঃ কার্ত্তিকে কেশবাগ্রতঃ ॥ ৪৫ ॥
শ্রূয়তে চাপি পিতৃভির্গাথা গীতা পুরা দ্বিজ।

যদ্বা জনার্দ্দনে দীপদানত ইতি সম্বন্ধঃ ॥ ৪৪ ॥
জ্যোতিঃ দীপঃ ॥ ৪৫ ॥
আয়তনে দেবালয়ে। বাসুদেবস্য পুরতো দীপং দদ্যাৎ। মহাফলং বৈকুণ্ঠলোকপ্রাপ্তি

সূর্য্যগ্রহণে কুরুক্ষেত্রে, চন্দ্রগ্রহণে এবং নর্ম্মদায় দানাদি করিলে যে ফল হয়, কার্ত্তিকমাসে দীপদানে তদপেক্ষা কোটিগুণ ফল হইয়া থাকে॥

বিষ্ণুর আলয়ে যে ব্যক্তির ঘৃতপ্রদীপ বা তিলতৈলপ্রদীপ প্রজ্বলিত হয়, হে মুনিশার্দ্দূল! তাহার আর অশ্বমেধ যজ্ঞে প্রয়োজন কি? অপর মন্ত্রহীন, ক্রীয়াহীন ও শৌচহীন কর্ম্ম, কার্ত্তিকমাসে জনার্দ্দনকে দীপদান করিলে তৎসমুদায় সম্পূর্ণ হয় ॥ ৪৪ ॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে কেশবের অগ্রে দীপ দান করিয়াছে, তাহাদের সর্ব্বপ্রকার যজ্ঞ ও সকল তীর্থে অবগাহন করা হইয়াছে। স্বর্গ, মর্ত্ত্য ও রসাতলে সেই পর্য্যন্ত পুণ্য সকল গর্জন করে, কার্ত্তিকমাসে যে পর্য্যন্ত কেশবের অগ্রে প্রদীপ প্রজ্বলিত না হইয়াছে ॥ ৪৫ ॥

হে দ্বিজ! পূর্ব্বকালে পিতৃলোকের গাথা শুনিতে পাওয়া যায় যে,

ভবিষ্যতি কুলেঽস্মাকং পিতৃভক্তঃ সুতো ভুবি।
কার্ত্তিকে দীপদানেন যস্তোষয়তি কেশবং।
মুক্তিং প্রাপ্স্যামহে নূনং প্রসাদাচ্চক্রপাণিনঃ॥
কিঞ্চ॥
মেরুমন্দারমাত্রাণি কৃত্বা পাপান্যশেষতঃ।
দহতে নাত্র সন্দেহো দীপদানাত্তু কার্ত্তিকে॥
গৃহে বায়তনে বাপি দীপং দদ্যাচ্চ কার্ত্তিকে।
পুরতো বাসুদেবস্য মহাফলবিধায়িনঃ॥ ৪৬॥
স জাতো মানুষো লোকে স ধন্যঃ স চ কীর্ত্তিমান্।
প্রদত্তঃ কার্ত্তিকে মাসি দীপো বৈ মধুহাগ্রতঃ।
নিমিষার্দ্ধার্দ্ধমাত্রেণ দীপদানেন কার্ত্তিকে।

লক্ষণং তদ্বিধায়িন ইতি দীপদানমাহাত্ম্যং সূচিতং॥ ৪৬॥

পিতৃগণ বলেন, যদি আমাদের কুলে পৃথিবীতে এমন কোন সন্তান হয়, সে কার্ত্তিকমাসে দীপ দান দ্বারা কেশবকে সন্তোষ করে, তাহা হইলে আমরা চক্রপাণির প্রসাদে নিশ্চয় মুক্তি প্রাপ্ত হইব॥

আরও॥

মন্দরপর্ব্বত তুল্য অশেষ পাপ করিয়া যদি কার্ত্তিকমাসে বিষ্ণু-মন্দিরে দীপদান করে, তাহা হইলে তাহাতেই সমুদায় পাপ বিনষ্ট হয়, ইহাতে সন্দেহ নাই॥

কার্ত্তিকমাসে বাসুদেবের গৃহে বা আয়তনে অথবা সম্মুখে দীপদান করিলে তাহাতে মহাফল প্রাপ্তি হয়॥ ৪৬॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে মধুসূদনের সমক্ষে দীপদান করে, সে মনুষ্যলোক মধ্যে ধন্য ও কীর্ত্তিমান্ হইয়া জন্মগ্রহণ করে॥

কার্ত্তিকমাসে এক নিমিষ বা অর্দ্ধ নিমিষ বিষ্ণুমন্দিরে দীপ প্রদত্ত

ন তৎক্রতুশতৈঃ প্রাপ্যং ফলং তীর্থশতৈরপি।
সর্ব্বানুষ্ঠানহীনোঽপি সর্ব্বপাপরতোঽপি সন্।
পূয়তে নাত্র সন্দেহো দীপং দত্ত্বা তু কার্ত্তিকে।
তন্নাস্তি পাতকং কিঞ্চিত্রিষু লোকেষু নারদ।
যন্ন শোধয়তে দীপঃ কার্ত্তিকে কেশবাগ্রতঃ।
পুরতো বাসুদেবস্থ দীপং দত্ত্বা তু কার্ত্তিকে।
প্রাপ্নোতি শাশ্বতং স্থানং সর্ব্ববাধাবিবর্জ্জিতং।
যঃ কুর্য্যাৎ কার্ত্তিকে মাসি কর্পূরেণ তু দীপকং।
দ্বাদশ্যাঞ্চ বিশেষেণ তস্য পুণ্যং বদামি তে।
কুলে তস্থ প্রসূতা যে যে ভবিষ্যন্তি নারদ।
সমতীতাশ্চ যে কেচিদ্যেষাং সংখ্যা ন বিদ্যতে॥

হইলে যে ফল হয়, শত শত যজ্ঞ বা শত শত তীর্থে সে ফল লাভ হয় না॥

সকল অনুষ্ঠানহীন হউক বা সর্ব্বপ্রকার পাপে রতই হউক, কার্ত্তিকমাসে দীপদান করিয়া পবিত্র হইবে, ইহাতে সন্দেহ নাই॥

হে নারদ! ত্রিলোক মধ্যে এমন কোন পাপ নাই যে, কার্ত্তিক-মাসে কেশবাগ্রে দীপদান তাহা শোধন করিতে না পারে॥

হে মুনে! যে ব্যক্তি কার্ত্তিকমাসে বাসুদেবের অগ্রে দীপদান করে, সে সর্ব্ববাধাবিবর্জ্জিত নিত্য স্থান প্রাপ্ত হয়॥

যে মানব কার্ত্তিকমাসে অথবা কেবল দ্বাদশীতে কর্পূর দ্বারা দীপ-দান করে, তাহার পুণ্য বলি শ্রবণ কর। হে নারদ! কর্পূর দ্বারা দীপদানকর্ত্তার কুলে যাহারা জন্মগ্রহণ করিয়াছে বা জন্মগ্রহণ করিবে এবং যাহারা অতীত হইয়াছে ও যাহাদের সংখ্যা হয় না, সেই সকল

ক্রীড়িত্বা সুচিরং কালং দেবলোকে যদৃচ্ছয়া।
তে সর্ব্বে মুক্তিমায়ান্তি প্রসাদাচ্চক্রপাণিনঃ॥
কিঞ্চ॥
দ্যূতব্যাজেন বিপ্রেন্দ্র কার্ত্তিকে কেশবালয়ং।
দ্যোতয়েদ্যো মহাভাগ পুনাত্যাসপ্তমং কুলং॥
কার্ত্তিকে দীপদানন্তু কুর্য্যাদ্যো বৈষ্ণবালয়ে।
ধনং পুত্ত্রো যশঃ কীর্ত্তির্ভবেত্তস্য চ সর্ব্বদা॥ ৪৭॥
যথা চ মথনাদ্বহ্নিঃ সর্ব্বকাষ্ঠেষু দৃশ্যতে।
তথা চ দৃশ্যতে ধর্ম্মো দীপদানে ন সংশয়ঃ॥ ৪৮॥
কিঞ্চ॥

---

নিমিষার্দ্ধার্দ্ধমাত্রেণ যৎ স্যাৎ॥ ৪৭॥

ইদানীং মাহাত্ম্যখ্যাপনৈরেব নিত্যতামপ্যাহ যথেতি ত্রিভিঃ। সর্ব্বকাষ্ঠেষু স্থিতোঽপি বহ্নির্যথা মথনাদেব দৃশ্যতে প্রকটো ভবতি তথা সর্ব্বকর্ম্মসু স্থিতোঽপি ধর্ম্মো দীপদানে সত্যেব দৃশ্যতে নান্যথা অত্র চ সংশয়ো নাস্তি অতো দীপদানং বিনা সর্ব্বধর্ম্মো বিফলঃ স্যাদিত্যর্থঃ॥ ৪৮॥

---

ব্যক্তি সুচিরকাল দেবলোকে যদৃচ্ছাক্রমে ক্রীড়া করিয়া চক্রপাণির প্রসাদে মুক্তি প্রাপ্ত হয়॥

আরও॥

হে বিপ্রেন্দ্র! যদি কোন ব্যক্তি কার্ত্তিকমাসে দ্যূতক্রীড়াচ্ছলেও বিষ্ণুর আলয় আলোকিত করে, তাহা হইলে সে আপনার সপ্তকুল পবিত্র করিয়া থাকে॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে বৈষ্ণবের আলয়ে দীপদান করে, তাহার সর্ব্বদা ধন, পুত্ত্র, যশঃ ও কীর্ত্তি লাভ হইয়া থাকে॥ ৪৭॥

যেমন মথনহেতু বহ্নি কাষ্ঠ সকলে দৃষ্ট হয়, তদ্রূপ দীপদানেতেও ধর্ম্ম দৃষ্ট হইয়া থাকে, ইহাতে সংশয় নাই॥ ৪৮॥

আরও॥

নির্ধনেনাপি বিপ্রেন্দ্র কৃত্বা চৈবাত্মবিক্রয়ং।
কর্ত্তব্যং দীপদানন্তু যাবৎ কার্ত্তিকপূর্ণিমা ॥ ৪৯ ॥
বৈষ্ণবো ন স মন্তব্যঃ সংপ্রাপ্তে কার্ত্তিকে মুনে।
যো ন যচ্ছতি মূঢ়াত্মা দীপং কেশবসদ্মনি ॥ ৫০ ॥
নারদীয়ে শ্রীরুক্মাঙ্গদমোহিনীসম্বাদে ॥
একতঃ সর্ব্বদানানি দীপদানানি চৈকতঃ।
কার্ত্তিকে ন সমং প্রোক্তং দীপদো হ্যধিকঃ স্মৃতঃ ॥ ৫১ ॥
পাদ্মে চ তত্রৈব ॥
কার্ত্তিকেঽখণ্ডদীপং যো দদাতি হরিসন্নিধৌ।
দিব্যকান্তিবিমানাগ্রে রমতে স হরেঃ পুরে ॥ ৫২ ॥

আত্মবিক্রয়ং কৃত্বা বেতনাদিকং কৃত্বাপি ॥ ৪৯ ॥
বৈষ্ণবানাং চৈতদাবশ্যকমিত্যাহ বৈষ্ণব ইতি ॥ ৫০ ॥
এতৎকর্ম্মদ্বয়ং সমং ন প্রোক্তং ব্রহ্মাদিভিঃ ॥ ৫১ ॥
অখণ্ডদীপো রাত্রিং দিনমবিচ্ছেদেন যো জ্বলতি তং ॥ ৫২ ॥

হে বিপ্রেন্দ্র! নির্ধন ব্যক্তিও আত্মবিক্রয় করিয়া কার্ত্তকীপূর্ণিমা পর্য্যন্ত দীপদান করিবে ॥ ৪৯ ॥

হে মুনে! যে মূঢ় কার্ত্তিকমাসে বিষ্ণুমন্দিরে দীপদান না করে, তাহাকে বৈষ্ণব বলিয়া মানিবে না ॥ ৫০ ॥

নারদপুরাণে রুক্মাঙ্গদমোহিনীসম্বাদে ॥

একদিকে সমস্ত দান, আর একদিকে কার্ত্তিকমাসের দীপদান সমান না হওয়ায়, দীপদানই অধিক বলিয়া কথিত হইল ॥ ৫২ ॥

পদ্মপুরাণের সেই স্থানেই ॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে হরিসন্নিধানে অখণ্ড অর্থাৎ দিবারাত্র ব্যাপী দীপ দান করে, সে দিব্যকান্তি বিমানাগ্রে বিষ্ণুলোকে বিহার করিয়া থাকে ॥ ৫২ ॥

অথ তত্র পরদীপপ্রবোধনমাহাত্ম্যং ॥

স্কান্দে তত্রৈব ॥

পিতৃপক্ষেঽন্নদানেন জ্যৈষ্ঠাষাঢ়ে চ বারিণা।
কার্ত্তিকে তৎ ফলং পুংসাং পরদীপপ্রবোধনাৎ।
বোধনাৎ পরদীপস্য বৈষ্ণবানাঞ্চ সেবনাৎ।
কার্ত্তিকে ফলমাপ্নোতি রাজসূয়াশ্বমেধয়োঃ ॥ ৫৩ ॥
দীয়মানন্তু যে দীপং বোধয়ন্তি হরের্গৃহে।
পরেণ নৃপশার্দ্দূল নিস্তীর্ণা যমযাতনা ॥ ৫৪ ॥
ন তদ্ভবতি বিপ্রেন্দ্র ইষ্টৈরপি মহামখৈঃ।
কার্ত্তিকে যৎ ফলং প্রোক্তং পরদীপপ্রবোধনাৎ ॥

অস্তু তাবদ্দীপদানমাহাত্ম্যং কার্ত্তিকে পরদীপপ্রবোধনেনাপি কৃতার্থতা স্যাদিত্যাহ পিতৃপক্ষ ইতি পঞ্চভিঃ ॥ ৫৩ ॥

পরেণ দীয়মানং ॥ ৫৪ ॥

অথ তন্মধ্যে পরদীপপ্রবোধনমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণের ব্রহ্মনারদসম্বাদে যথা ॥

পিতৃ পক্ষে অন্নদান এবং জ্যৈষ্ঠ আষাঢ়মাসে জল দান করিলে যে ফল হয়, কার্ত্তিকমাসে পরদীপ প্রবোধন করিলেও পুরুষ সকলের সেই পুণ্য লাভ হইয়া থাকে ॥

কার্ত্তিকমাসে পরদীপ প্রবোধন এবং বৈষ্ণবগণের সেবন করিলে রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞের ফল প্রাপ্ত হয় ॥ ৫৩ ॥

হে নৃপশার্দ্দূল! যে সকল ব্যক্তি কার্ত্তিকমাসে হরিগৃহে পরকর্ত্তৃক দীয়মান দীপ প্রবোধিত করে, তাহারা যমযাতনা হইতে নিস্তীর্ণ হয় ॥ ৫৪ ॥

হে বিপ্রেন্দ্র! কার্ত্তিকমাসে পরদীপ প্রবোধনে যে ফল কথিত হইয়াছে মহাযজ্ঞ সকল দ্বারা যাগ করিলেও সে ফল লাভ হয় না ॥

একাদশ্যাং পরৈর্দত্তং দীপং প্রজ্বাল্য মূষিকা।
মানুষ্যং দুর্ল্লভং প্রাপ্য পরাং গতিমবাপ সা॥ ৫৫॥
অথ শিখরদীপমাহাত্ম্যং॥
স্কান্দে তত্রৈব॥
যদা যদা ভাসয়তে দীপকঃ কলসোপরি।
তদা তদা মুনিশ্রেষ্ঠ দ্রবতে পাপসঞ্চয়ঃ॥ ৫৬॥
যো দদাতি দ্বিজাতিভ্যো মহীমুদধিমেখলাং।
হরেঃ শিখরদীপস্য কলাং নার্হতি ষোড়শীং॥
যো দদাতি গবাং কোটিং সবৎসাং ক্ষীরসংযুতাং॥

তৎফলং সাক্ষাদৃষ্টমেবাস্তীত্যাহ একাদশ্যামিতি। অয়মিতিহাসশ্চ পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে প্রসিদ্ধ এব॥ ৫৫॥

কলসো যঃ প্রসাদোপরি বর্ত্ততে তস্যোপরি ভাসয়তে দিশঃ প্রকাশয়তি স্বার্থে বা ইনৃ ভাসত ইত্যর্থঃ॥ ৫৬॥

মূষিকা একাদশীতে পরদত্ত দীপ প্রজ্বলিত করিয়া দুর্ল্লভ মনুষ্য জন্ম লাভ করত পরম গতি প্রাপ্ত হইয়া ছিল॥ ৫৫॥

অথ শিখরদীপ মাহাত্ম্য॥

স্কন্দপুরাণের ব্রহ্মনারদসম্বাদে॥

বিষ্ণুমন্দিরের উপরিস্থ কলসের উপরে দীপ যত ২ দিক্ সকলকে প্রকাশ করে, হে মুনিশ্রেষ্ঠ! তত তত পাপ সঞ্চয় দ্রবীভূত হয়॥৫৬॥

যে ব্যক্তি ব্রাহ্মণদিগকে আসমুদ্রা পৃথিবী দান করিয়া যে ফল প্রাপ্ত হয়, তাহা হরির শিখর দীপদান ফলের ষোড়শাংশের একাংশেরও তুল্য হয় না॥

যে ব্যক্তি সবৎসা ক্ষীরসংযুক্তা কোটি গোদান করিয়া তাহার যে ফল প্রাপ্ত হয়, তাহা হরির শিখর দীপ দানের ষোড়শ অংশের একাং-

হরেঃ শিখরদীপস্য কলাং নার্হতি ষোড়শীং ॥ ৫৭ ॥
সর্ব্বস্বদানং কুরুতে বৈষ্ণবানাং মহামুনে।
কেশবোপরি দীপস্য কলাং নার্হতি ষোড়শীং ॥ ৫৮ ॥
কিঞ্চ ॥
যঃ করোতি পরং দীপং মূল্যেনাপি মহামুনে।
শিখরোপরি মধ্যে চ কুলানাং তারয়েচ্ছতং ॥
বিমানং জ্যোতিষা দীপ্তং যে নিরীক্ষন্তি কার্ত্তিকে।
কেশবস্য মহাভক্ত্যা কুলে তেষাং ন নারকী ॥ ৫৯ ॥
দিবি দেবা নিরীক্ষন্তে বিষ্ণুদীপপ্রদং নরং।

কলাং অংশং নার্হতি তৎসদৃশমপি ফলং নাপ্নোতীত্যর্থঃ। এবমগ্রেঽপি ॥ ৫৭ ॥
বৈষ্ণবানাং বৈষ্ণবেভ্যঃ ॥ ৫৮ ॥
অস্তু তাবচ্ছিখরদীপস্য দানমাহাত্ম্যং তদ্দর্শনাদপি কৃতার্থতা স্যাদিত্যাহ বিমানমিতি। কেশবস্য বিমানং বিমানবদাকাশগমুচ্চতরং প্রাসাদমিত্যর্থঃ ॥ ৫৯ ॥

শেরও তুল্য হয় না ॥ ৫৭ ॥

হে মহামুনে! বৈষ্ণবদিগকে সর্ব্বস্ব দান করিয়া যে ফল লাভ হয়, তাহা হরির শিখরদীপ দানের শোল অংশের একাংশেরও তুল্য হয় না ॥ ৫৮ ॥

আরও ॥

হে মহামুনে! যে ব্যক্তি মূল্য গ্রহণ করিয়াও যদি শিখর অথবা হরিমন্দিরের মধ্যে দীপ দান করে, তাহা হইলে সে তাহাতেই শত-কুল উদ্ধার করে ॥

হে বিপ্রেন্দ্র! শিখরদীপ দানের মাহাত্ম্য থাকুক, যে সকল ব্যক্তি ভক্তিসহকারে কার্ত্তিকমাসে কেবলমাত্র জ্যোতিঃ দ্বারা দীপ্ত বিমান সদৃশ বিষ্ণুমন্দির দর্শন করে, তাহাদের কুলে কেহ নারকী হয় না ॥ ৫৯

স্বর্গে দেবগণ বিষ্ণুগৃহে দীপপ্রদ মনুষ্যকে এই বলিয়া নিরীক্ষণ

কদা ভবিষ্যত্যস্মাকং সঙ্গমঃ পুণ্যকর্ম্মণা ॥
কার্ত্তিকে কার্ত্তিকীং যাবৎ প্রাসাদোপরি দীপকং।
যো দদাতি মুনিশ্রেষ্ঠ তস্যেন্দ্রত্বং ন দুর্ল্লভং ॥ ৬০ ॥
অথ তত্র দীপমালামাহাত্ম্যং ॥
স্কান্দে তত্রৈব ॥
দীপপঙ্‌ক্তেশ্চ রচনাং সবাহ্যাভ্যন্তরে হরেঃ।
বিষ্ণোর্বিমানে কুরুতে স নরঃ শঙ্খচক্রধৃক্ ॥ ৬১ ॥
দীপপঙ্‌ক্তেশ্চ রচনাং কুরুতে কেশবালয়ে।
তস্যান্বয়ে প্রসূতানাং লক্ষাণাং নরকং নহি ॥
বিষ্ণোর্বিমানে দীপাঢ্যং সবাহ্যাভ্যন্তরে মুনে।
দীপোদ্যতকরে মার্গে তেন প্রাপ্তং পরং পদং ॥ ৬২ ॥

অতএব দিবিস্থিতা নিরীক্ষন্তে। পুণ্যকর্ম্মণা দীপপ্রদেনানেন নরেণ সহ ॥ ৬০ ॥ সবাহ্যাভ্যন্তরে বিমানস্য বহিরন্তশ্চেত্যর্থঃ। শঙ্খচক্রধৃক্ সারূপ্যং প্রাপ্নোতীত্যর্থঃ ॥৬১॥ দীপাঢ্যং যেন কৃতমিতি শেষঃ ॥ ৬২ ॥

করেন যে কবে এই পুণ্যকর্ম্মার সহিত আমাদের সঙ্গ হইবে ॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে কার্ত্তিকী পূর্ণিমা পর্য্যন্ত বিষ্ণুমন্দিরের উপরে দীপ দান করে, হে মুনিশ্রেষ্ঠ! তাহার ইন্দ্রত্ব দুর্ল্লভ নহে ॥৬০

অথ দীপমালামাহাত্ম্য ॥

স্কন্দপুরাণের সেই ব্রহ্ম নারদ সম্বাদেই ॥

যে ব্যক্তি হরিমন্দিরের বাহে ও অভ্যন্তরে দীপ পঙ্‌ক্তি রচনা করে, সে মনুষ্য বিষ্ণুর সারূপ্য প্রাপ্ত হয় ॥ ৬১ ॥

যে ব্যক্তি কেশবালয়ে দীপপঙ্‌ক্তির রচনা করে, তাহার বংশপ্রসূত লক্ষ পুরুষের নরক দর্শন হয় না ॥

যে মানব বিষ্ণুবিমানের বাহ্য ও অন্তরে দীপযুক্ত করে, সে দীপোদ্যোতিত মার্গে বিষ্ণুর পরমপদ প্রাপ্ত হয় ॥ ৬২ ॥

ভবিষ্যে চ ॥
যঃ কুর্য্যাৎ কার্ত্তিকে মাসি শোভনাং দীপমালিকাং ।
প্রবোধে চৈব দ্বাদশ্যামেকাদশ্যাং বিশেষতঃ ॥
সূর্য্যাযুতপ্রকাশস্তু তেজসা ভাসয়ন্ দিশঃ ।
তেজোরাশিবিমানস্থো জগদুদ্দ্যোতয়ংস্ত্বিষা ॥
যাবৎ প্রদীপসংখ্যা তু ঘৃতেনাপূর্য্য বোধিতা ।
তাবদ্বর্ষসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ॥ ৬৩ ॥
অথ আকাশদীপমাহাত্ম্যং ॥
পাদ্মে তত্রৈব ॥
উচ্চৈঃ প্রদীপমাকাশে যো দদ্যাৎ কার্ত্তিকে নরঃ ।
সর্ব্বং কুলং সমুদ্ধৃত্য বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥
বিষ্ণুকেশবমুদ্দিশ্য দীপং দদ্যাত্তু কার্ত্তিকে ।

বোধিতা প্রজ্বালিতা বোধিতানাং প্রদীপানাং যাবতী সংখ্যা ইত্যর্থঃ ॥ ৬৩ ॥

ভবিষ্যপুরাণেও ॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে বিশেষতঃ বিষ্ণুর উত্থানকালে দ্বাদশী বা একাদশীতে শোভন দীপমালা রচনা করেন, তিনি অযুত সূর্য্য সদৃশ প্রকাশ বিশিষ্ট হইয়া তেজঃ দ্বারা দিক্ সকল আলোকিত করত তেজোরাশি বিমানে অবস্থিত হইয়া স্বীয় কান্তিসমূহে জগৎ উদ্দ্যোতিত করেন এবং তিনি ঘৃত দ্বারা যত প্রদীপ প্রজ্বলিত করিয়াছেন, দীপ-সংখ্যায় তত সহস্র বৎসর বিষ্ণুলোকে আমোদিত হয়েন ॥ ৬৩ ॥

অথ আকাশদীপমাহাত্ম্য ॥

পদ্মপুরাণের সেই স্থানেই ॥

যে মনুষ্য কার্ত্তিকমাসে আকাশে উচ্চ প্রদীপ দান করে,সে আপনার সমস্ত কুল উদ্ধার করিয়া বিষ্ণুলোক প্রাপ্ত হয় ॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে বিষ্ণু কেশবকে উদ্দেশ করিয়া আকাশে বা

আকাশস্থং জলস্থঞ্চ শৃণু তস্যাপি যৎফলং।
ধনধান্যং সমৃদ্ধিশ্চ পুত্রবানীশ্বরো গৃহে।
লোচনে চ শুভে তস্য বিদ্বানপি চ জায়তে ॥ ৬৪ ॥
কিঞ্চ ॥
বিপ্রবেশ্মনি যো দদ্যাৎ কার্ত্তিকে মাসি দীপকং।
অগ্নিষ্টোমফলং তস্য প্রবদন্তি মনীষিণঃ ॥
চতুষ্পথেষু রথ্যাসু ব্রাহ্মণাবসথেষু চ।
বৃক্ষমূলেষু গোষ্ঠেষু কান্তারে গহনেষু চ।
দীপদানাদ্ধি সর্ব্বত্র মহাফলমবাপ্নুয়াৎ ॥ ৬৫ ॥
আকাশদীপদানমন্ত্রঃ ॥
তত্রৈব ॥

অস্যাপি যৎফলং তৎ শৃণুত ভো বিপ্রাঃ ॥ ৬৪ ॥

এবমাকাশে জলদ্দীপদানমাহাত্ম্যং লিখিত্বা আদিশব্দলিখনেন গৃহীতং ব্রাহ্মণগৃহাদৌ দীপদানমাহাত্ম্যং লিখতি বিপ্রেতি দ্বাভ্যাং। রথ্যাসু রাজমার্গেষু ॥ ৬৫ ॥

জলে দীপ দান করে, তাহার যে ফল হয়, বলি শ্রবণ কর। এইরূপ দীপদানকারী ধন, ধান্য, সমৃদ্ধি, পুত্রবান্ তথা গৃহে ঈশ্বর অর্থাৎ ঐশ্বর্য্য-সম্পন্ন হয়েন এবং তাঁহার লোচনদ্বয় কল্যাণযুক্ত হয় ও তিনি বিদ্বান্ হইয়া জন্মগ্রহণ করেন ॥ ৬৪ ॥

যে ব্যক্তি কার্ত্তিকমাসে ব্রাহ্মণগৃহে দীপ দান করে, তাহার অগ্নিষ্টোম যজ্ঞের ফল হয়, পণ্ডিতগণ এইরূপ বলিয়া থাকেন ॥

অপর চতুষ্পথ, রাজমার্গ, ব্রাহ্মণগৃহ, বৃক্ষমূল, গোষ্ঠ, কান্তার, (দুর্গমপথ) এবং গহন অর্থাৎ দুষ্প্রবেশ্য স্থান, এই সকল স্থলে দীপ দান করিলে মহাফল প্রাপ্ত হয় ॥ ৬৫ ॥

আকাশদীপদানমন্ত্রঃ ॥

দামোদরায় নভসি তুলায়াং লোলয়া সহ।
প্রদীপন্তে প্রযচ্ছামি নমোঽনন্তায় বেধসে। ইতি॥ ৬৬॥
অথ দেশবিশেষে কার্ত্তিকমাহাত্ম্যবিশেষঃ॥
পাদ্মে তত্রৈব॥
যত্র কুত্রাপি দেশে যঃ কার্ত্তিকস্নানদানতঃ।
অগ্নিহোত্র সমফলঃ পূজায়াঞ্চ বিশেষতঃ।
কুরুক্ষেত্রে কোটিগুণো গঙ্গায়াঞ্চাপি তৎসমঃ।
ততোঽধিকঃ পুষ্করে স্যাদ্দ্বারকায়াঞ্চ ভার্গব।
কৃষ্ণসালোক্যদো মাসঃ পূজাস্নানৈশ্চ কার্ত্তিকে॥ ৬৭॥
অন্যাঃ পূর্য্যস্তৎসমানা মুনয়ো মথুরাং বিনা।

তুলায়াং কার্ত্তিকে লোলয়া লক্ষ্ম্যা। যদ্বা লক্ষ্ম্যাংশকত্বাভিপ্রায়েণ প্রেমবিশেষেণ বা চঞ্চলয়া। অকারপ্রশ্লেষেণ বা ধীরয়া শ্রীরাধয়া সহ সহিতায়॥ ৬৬॥

ভার্গব হে শৌনক। দ্বারকায়াঞ্চ কৃষ্ণসালোক্যদঃ॥ ৬৭॥

হে মুনয়ঃ। অন্যা অযোধ্যাদয়ঃ। তত্র মথুরায়াং কার্ত্তিকে চ॥ ৬৮॥

হে দামোদর! কার্ত্তিকমাসে আকাশে লক্ষ্মীর সহিত তোমাকে প্রদীপ দান করিতেছি, তুমি অনন্ত বিধাতা, তোমাকে নমস্কার॥ ৬৬॥

অথ দেশবিশেষে কার্ত্তিকমাসের মাহাত্ম্যবিশেষ॥

পদ্মপুরাণের সেই স্থানেই॥

যে কোন স্থানে কার্ত্তিকমাসে স্নান দান করিলে অগ্নিষ্টোম তুল্য ফল হয় এবং পূজায় তদপেক্ষা বিশেষ ফল হইয়া থাকে, কিন্তু সাধারণ স্থান অপেক্ষা কুরুক্ষেত্রে কোটিগুণ, গঙ্গাতেও তত্তুল্য, আবার তদপেক্ষা পুষ্করে ও দ্বারকায় অধিক ফল হয়। হে শৌনক! কার্ত্তিকমাস স্নান দান দ্বারা কৃষ্ণের সালোক্য দান করিয়া থাকে॥ ৬৭॥

হে মুনিগণ! মথুরা ব্যতিরেকে অযোধ্যা প্রভৃতি অন্যান্য পুরী সকল উল্লিখিত ফলের সমান ফল প্রদান করেন, কিন্তু মথুরা সর্ব্বা-

দামোদরত্বং হি হরেস্তত্রৈবাসীদযতঃ কিল ॥ ৬৮ ॥
মথুরায়াং ততশ্চোর্জ্জে বৈকুণ্ঠপ্রীতিবর্দ্ধনঃ।
কার্ত্তিকে মথুরায়াং বৈ পরমাবধিরিষ্যতে ॥ ৬৯ ॥
যথা মাঘে প্রয়াগঃ স্যাদ্বৈশাখে জাহ্নবী যথা।
কার্ত্তিকে মথুরা সেব্যা ততোৎকর্ষপরো ন হি ॥ ৭০ ॥
মথুরায়াং নরৈরূর্জ্জে স্নাত্বা দামোদরোঽর্চ্চিতঃ।
কৃষ্ণরূপা হি তে জ্ঞেয়া নাত্র কার্য্যা বিচারণা ॥ ৭১ ॥
দুর্ল্লভঃ কার্ত্তিকো বিপ্র মথুরায়াং নৃণামিহ।
যত্রার্চ্চিতঃ স্বকং রূপং ভক্তেভ্যঃ সংপ্রযচ্ছতি ॥

---

শ্রীবৈকুণ্ঠে শ্রীকৃষ্ণে প্রীতিঃ প্রেমা তস্য বর্দ্ধনঃ অতিশয়েনোৎপাদকঃ। অতএব পরমাবধিঃ ফলে পরমকাষ্ঠাং প্রাপ্ত ইত্যর্থঃ ॥ ৬৯ ॥

ততঃ কার্ত্তিকে মথুরাসেবনাৎ। বিসর্গলোপেঽপি সন্ধিবার্ষঃ। অথেতি পাঠেঽপি স এবার্থঃ ॥ ৭০ ॥

নরৈর্যৈঃ। কৃষ্ণং রূপয়ন্তি পশ্যন্তীতি তথা তে। যদ্বা কৃষ্ণবৎ পূজ্যা ইতি ভাবঃ। যদ্বা তৎসারূপ্যং প্রাপ্তা ইতি জ্ঞেয়া ইত্যর্থঃ ॥ ৭১ ॥

---

পেক্ষা অধিক ফল দিয়া থাকেন, যে হেতু ঐ মথুরায় শ্রীকৃষ্ণের দামোদরত্ব প্রকাশ হইয়াছিল ॥ ৬৮ ॥

কার্ত্তিকে মথুরায় পূজা ও স্নানাদিতে শ্রীকৃষ্ণের প্রীতি বৃদ্ধি হয়, অতএব কার্ত্তিকে মথুরায় ফলের পরমকাষ্ঠা হইয়া থাকে ॥ ৬৯ ॥

যেমন মাঘমাসে প্রয়াগ ও বৈশাখমাসে জাহ্নবী সেবনীয়া হন, তদ্রূপ কার্ত্তিকমাসে মথুরা সেবনীয়া, ইহার তুল্য আর উৎকর্ষ নাই ॥ ৭০ ॥

যে সকল মনুষ্য মথুরায় কার্ত্তিকমাসে স্নান করিয়া দামোদরের অর্চ্চনা করেন, তাঁহারা সকল কৃষ্ণরূপী, ইহাতে কোন বিচার নাই ॥ ৭১

হে বিপ্র! মনুষ্য সকলের সম্বন্ধে মথুরায় কার্ত্তিকমাস দুর্ল্লভ, যে স্থানে অর্চ্চিত হইয়া শ্রীকৃষ্ণ ভক্তদিগকে স্বীয় রূপ প্রদান করেন ॥

ভুক্তিং মুক্তিং হরির্দদ্যাদর্চ্চিতোঽন্যত্র সেবিনাং।
ভক্তিঞ্চ ন দদাত্যেষ যতোবশ্যকরী হরেঃ॥
সা ত্বঞ্জসা হরের্ভক্তির্লভ্যতে কার্ত্তিকে নরৈঃ।
মথুরায়াং সকৃদপি শ্রীদামোদরপূজনাৎ॥ ৭২॥
মন্ত্রদ্রব্যবিহীনঞ্চ বিধিহীনঞ্চ পূজনং।
মন্যতে কার্ত্তিকে দেবো মথুরায়াং সদর্চ্চনং॥ ৭৩॥
যস্য পাপস্য যুজ্যেত মরণান্তা হি নিষ্কৃতিঃ।
তচ্ছুদ্ধ্যর্থমিদং প্রোক্তং প্রায়শ্চিত্তং সুনিশ্চিতং॥
কার্ত্তিকে মথুরায়াং বৈ শ্রীদামোদরপূজনং॥ ৭৪॥
কার্ত্তিকে মথুরায়াং বৈ পূজনাদ্দর্শনাদ্ধ্রুবং।

অন্যত্র মথুরাব্যতিরিক্তস্থানে। সেবিনাং অর্চ্চনাদিকারিণাং তেভ্যঃ॥ ৭২॥
তচ্চ যথা কথঞ্চিৎ পূজনেন সিদ্ধ্যেদিত্যাহ মন্ত্রেতি॥ ৭৩॥
নচাত্র কথঞ্চিৎ পাপে জাতেঽপি প্রায়শ্চিত্তান্তরাপেক্ষেত্যাহ যস্যেতি সার্দ্ধেন॥ ৭৪॥

মথুরা ব্যতিরিক্ত স্থানে হরি অর্চ্চিত হইয়া সেবাকারিদিগকে ভুক্তি মুক্তি দিয়া থাকেন, কিন্তু ভক্তি প্রদান করেন না, যে হেতু ভক্তিই শ্রীকৃষ্ণের বশ্যকরী অর্থাৎ ভক্তিই শ্রীকৃষ্ণকে বশীভূত করিয়া থাকেন। পরন্তু যে সকল মনুষ্য কার্ত্তিকমাসে মথুরায় একবার মাত্র শ্রীদামোদরের অর্চ্চনা করেন, হরিভক্তি তাঁহাদিগেরই সুখলভ্য হয়॥ ৭২॥

হে বিপ্র! কার্ত্তিকমাসে মথুরায় মন্ত্রহীন, দ্রব্যহীন ও বিধিহীন যে অর্চ্চন, শ্রীকৃষ্ণ তাহাকে সদর্চ্চন বলিয়া মানিয়া থাকেন॥ ৭৩॥

যে পাপের মরণ পর্য্যন্ত প্রায়শ্চিত্ত, তাহার শুদ্ধির নিমিত্ত কার্ত্তিকমাসে মথুরায় শ্রীদামোদর অর্চ্চন, ইহাই সুনিশ্চিত প্রায়শ্চিত্ত কথিত হইয়াছে॥ ৭৪॥

কার্ত্তিকমাসের এই যে ফল বলিলাম, ইহা কেবল শাস্ত্রপ্রমাণ

শীঘ্রং সংপ্রাপ্তবান্ বালো দুর্ল্লভং যোগতৎপরৈঃ ॥ ৭৫ ॥
সুলভা মথুরাভূমৌ প্রত্যব্দং কার্ত্তিকস্তথা।
তথাপি সংসরন্তীহ নরা মূঢ়া ভবাম্বুধৌ ॥ ৭৬ ॥
কিং যজ্ঞৈঃ কিন্তপোভিশ্চ তীর্থৈরন্যৈশ্চ সেবিতৈঃ।
কার্ত্তিকে মথুরায়াঞ্চেদর্চ্চ্যতে রাধিকাপ্রিয়ঃ ॥ ৭৭ ॥
যানি সর্ব্বাণি তীর্থানি নদা নদ্যঃ সরাংসি চ।
কার্ত্তিকে নিবসন্ত্যত্র মাথুরে সর্ব্বমণ্ডলে ॥

তৎ ফলঞ্চ ন কেবলং শাস্ত্রপ্রমাণকং কিন্তু সাক্ষাদনুভবপ্রমাণকঞ্চেত্যাহ কার্ত্তিক ইতি বৈ প্রসিদ্ধৌ। যোগতৎপরৈঃ সনকাদিভিরপি দুর্ল্লভং শ্রীভগবদ্দর্শনং বালোঽপি শীঘ্রমেব মাসপঞ্চকেন সম্যক্ প্রকর্ষেণ আপ্তবান্ লেভে ॥ ৭৫ ॥

কৃপয়া তদ্বিমুখান্ শোচন্নিবাহ সুলভেতি পঞ্চভিঃ। ভূমৌ ভারতে বর্ষে মধ্যদেশান্তর্বর্ত্তিত্বাৎ ॥ ৭৬ ॥

যজ্ঞাদি ফলঞ্চ তেনৈব সিদ্ধ্যেদিত্যাহ কিমিতি। রাধিকাপ্রিয়ঃ শ্রীদামোদরঃ ॥ ৭৭ ॥

কার্ত্তিকেঽন্যত্র গমনঞ্চ বিফলমেবেত্যাশয়েনাহ যানীতি। অস্তু তাবৎ সমস্ত মথুরা-

নহে, কিন্তু সাক্ষাৎ অনুভব প্রমাণ, এই অভিপ্রায়ে বলিতেছেন। কার্ত্তিকমাসে মথুরায় জনার্দ্দনের পূজা করিয়া যোগতৎপর সনকাদি মুনিগণের দুর্ল্লভ যে ভগবৎসন্দর্শন, তাহা ধ্রুব বালক হইয়াও শীঘ্র অর্থাৎ পাঁচমাসের মধ্যে সম্যক্ প্রকারে প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৭৫ ॥

হায়! ভূমিতে মথুরা সুলভা এবং প্রতি বৎসর কার্ত্তিকমাসও সুলভ, তথাপি মূঢ়তা বশতঃ নর সকল ভবসাগরে নিমগ্ন হইতেছে ॥ ৭৬

যদি কোন ব্যক্তি কার্ত্তিকমাসে মথুরায় শ্রীদামোদরের অর্চ্চন করেন, তবে তাঁহার যজ্ঞ, তপস্যা ও অন্যান্য তীর্থসেবায় প্রয়োজন কি? ॥ ৭৭ ॥

নদ, নদী ও সরোবর প্রভৃতি যত যত তীর্থ আছেন, তৎসমুদায় কার্ত্তিকমাসে মথুরামণ্ডলে অবস্থিতি করেন ॥

কার্ত্তিকে জন্মসদনে কেশবস্য চ যে নরাঃ।
সকৃৎ প্রবিষ্টাঃ শ্রীকৃষ্ণং তে যান্তি পরমব্যয়ং ॥ ৭৮ ॥
পরোপহাসমুদ্দিশ্য কার্ত্তিকে হরিপূজয়া।
মথুরায়াং লভেদ্ভক্ত্যা কিং পুনঃ শ্রদ্ধয়া নর। ইতি ॥ ৭৯ ॥

সেবন শ্রীদামোদরপূজনং বা শ্রীভগবজ্জন্মস্থানপ্রবেশমাত্রেণৈব শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্তিরিত্যাহ কার্ত্তিক ইতি ॥ ৭৮ ॥

তত্রাশক্তৌ চ যত্র কুত্রাপি শ্রীমথুরামধ্যে শ্রীকৃষ্ণপূজাভাসেনাপি দুর্ল্লভং লভত ইত্যাহ পরোপেতি। অত্র চেতিহাসস্তত্রৈব খ্যাতঃ। যথা ধূম্রকেশনামা মহাপাতকী রাজকুমারঃ পিত্রা বিবাসিতো দস্যুবৃত্ত্যা ক্রমেণ বৃন্দাবনং গতো মথুরাপুর্য্যাং চৌর্য্যার্থং গতো বেশ্যারতস্তত্র প্রীত্যৈ বৃন্দাবনান্তর্বর্ত্তি ভগবৎপর সত্যব্রতাখ্য বিপ্রচেষ্টিতমুপহসন্ প্রভাতে রাজপুরুষৈঃ প্রাপ্য হতো ধর্ম্মরাজেন বহুসংকৃতস্তস্মাদ্ধর্ম্মতত্ত্বং প্রকাশ্য বৈকুণ্ঠলোকং গত ইতি ॥ ৭৯ ॥

যে সকল মানব কার্ত্তিকমাসে শ্রীকৃষ্ণের জন্মস্থান মথুরায় একবার মাত্র প্রবেশ করেন, তাঁহারা পরম অব্যয় শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হয়েন ॥৭৮॥

কার্ত্তিকমাসে মথুরায় হরিপূজা করা দূরে থাকুক, মথুরায় কার্ত্তিকমাসে হরিপূজক ব্যক্তিকে দেখিয়া উপহাস করিয়াও যখন দুর্ল্লভ লাভ করিয়াছে, তখন মনুষ্য ভক্তি শ্রদ্ধাসহকারে পূজা করিলে যে প্রাপ্ত হইবে না, তাহার কথা কি ? ॥

এই বিষয়ে একটী প্রাচীন ইতিহাস আছে, যথা—ধূম্রকেশ নামে একজন মহাপাপী রাজকুমার, পিতা কর্ত্তৃক বিবাসিত হইয়া দস্যুবৃত্তি করিতে করিতে ক্রমে বৃন্দাবনে আগমন করে, পরে বেশ্যাসক্ত হইয়া তাহার প্রীতি নিমিত্ত মথুরাপুরীতে চুরি করিতে গিয়া বৃন্দাবনান্তর্ব্বর্ত্তি ভগবৎপর সত্যব্রত নামক ব্রাহ্মণের চেষ্টা দেখিয়া উপহাস করিয়াছিল। পরদিবস প্রভাতে রাজপুরুষগণ তাহাকে ধরিয়া বধ করিলে সে যমালয়ে গিয়া যমরাজ কর্ত্তৃক সম্মানিত হয়। অনন্তর ধর্ম্মতত্ত্ব প্রকাশ করিয়া সে তথা হইতে বৈকুণ্ঠলোকে গমন করিয়াছিল ॥ ৭৯ ॥

ইত্থং কার্ত্তিককৃত্যানি ব্যক্তান্যেব স্বতোঽভবন্।
তত্র কিঞ্চিদ্বিশেষেণ তদ্বিধির্লিখ্যতেঽধুনা ॥ ৮০ ॥
অথ কার্ত্তিককৃত্যবিধিঃ ॥
তত্রোপক্রমকালশ্চোক্তঃ।
শ্রীকৃষ্ণসত্যাসম্বাদীয়-কার্ত্তিকমাহাত্ম্যে ॥
আশ্বিনস্য তু মাসস্য যা শুক্লৈকাদশী ভবেৎ।
কার্ত্তিকস্য ব্রতানীহ তস্যাং কুর্য্যাদতন্দ্রিতঃ।
নিত্যং জাগরণায়ান্ত্যে যামে রাত্রেঃ সমুত্থিতঃ।
শুচির্ভূত্বা প্রবোধ্যাথ স্তোত্রৈর্নীরাজয়েৎ প্রভুং ॥ ৮১ ॥
নিশম্য বৈষ্ণবান্ ধর্ম্মান্ বৈষ্ণবৈঃ সহ হর্ষিতঃ।

---

ইত্থং মাহাত্ম্যাদি লিখনপ্রকারেণ। অতশ্চ পূর্ব্বমালিখিতান্যন্যান্যপি কার্ত্তিককৃত্যানি জ্ঞেয়ানীতি ভাবঃ ॥ ৮০ ॥

কার্ত্তিকে শেষযামজাগরণস্য মাহাত্ম্যবিশেষোক্তেস্তদত্র বিশেষতো লিখিতং। এবমগ্রেঽপ্যূহ্যং। উত্থানাদি চান্যৎ সাধারণমেবেতি দিক্ ॥ ৮১ ॥

---

এইরূপ কার্ত্তিককৃত্য সকল আপনা হইতেই ব্যক্ত হইয়া রহিয়াছে, সম্প্রতি তাহাতে কিঞ্চিৎ বিশেষ করিয়া তদ্বিধি লিখিত হইতেছে ॥ ২০

অথ কার্ত্তিককৃত্য বিধি ॥

ব্রত ধারণের বিহিতকাল শ্রীকৃষ্ণ সত্যভামাসম্বন্ধীয়
কার্ত্তিকমাহাত্ম্যে কথিত হইয়াছে যথা ॥

আশ্বিনমাসে যে শুক্লা একাদশী হইবে, অলস পরিত্যাগ পূর্ব্বক তাহাতেই কার্ত্তিকব্রত সকল ধারণ করিবে ॥

নিত্য কার্ত্তিকমাসের রাত্রির শেষ প্রহরে জাগরণের নিমিত্ত গাত্রোত্থান করিয়া শুচি পূর্ব্বক স্তোত্র পাঠসহকারে প্রভুকে জাগরিত করত নীরাজন অর্থাৎ আরাত্রিক করিবে ॥ ৮১ ॥

বৈষ্ণবধর্ম্ম সকল শ্রবণ করিয়া বৈষ্ণবগণ সহ সহর্ষে গীতাদি করিয়া

কৃত্বা গীতাদিকং প্রাতর্দেবং নীরাজয়েৎ প্রভুং ॥ ৮২ ॥
নদ্যাদৌ চ ততো গত্বাচম্য সঙ্কল্পমাচরেৎ ॥
প্রভুং প্রার্থ্যাথ তস্মৈ চ দদ্যাদর্ঘ্যং যথাবিধি ॥ ৮৩ ॥
তত্র সঙ্কল্পমন্ত্রঃ ॥
কার্ত্তিকেঽহং করিষ্যামি প্রাতঃস্নানং জনার্দ্দন।
প্রীত্যর্থং তব দেবেশ দামোদর ময়া সহেতি ॥ ৮৪ ॥
প্রার্থনামন্ত্রং ॥
তব ধ্যানেন দেবেশ জলেঽস্মিন্ স্নাতুমুদ্যতঃ।
ত্বৎপ্রসাদাচ্চ মে পাপং দামোদর বিনশ্যত্বিতি ॥

---

পুনর্নীরাজয়েদিতি মঙ্গলনীরাজনং লিখিতং ॥ ৮২ ॥

যথা বিধীত্যস্য পূর্ব্বত্রাপি সর্ব্বত্রৈবানুষঙ্গঃ। প্রাতরুত্থানাদি বিধিশ্চ পূর্ব্বমেব লিখিতোঽস্তি। অপেক্ষ্যস্তদ্বিশেষস্তু তত্র এব জ্ঞেয়ঃ অত্র চ মধ্যে মধ্যে কিঞ্চিদ্বিশেষলিখনায় পুনস্তৎ কিঞ্চিদুল্লিখিতং ॥ ৮৩ ॥

মা লক্ষ্মীঃ শ্রীরাধারূপা তয়া সহিতস্য তব প্রীত্যর্থং ॥ ৮৪ ॥

---

প্রাতঃকালে প্রভুকে নীরাজন করিবে ॥ ৮২ ॥

তদনন্তর নদ্যাদিতে গমন করিয়া আচমন পূর্ব্বক সঙ্কল্প করিবে, পশ্চাৎ প্রভুকে প্রার্থনা করিয়া যথাবিধি অর্ঘ্য প্রদান করিবে ॥ ৮৩ ॥

সঙ্কল্পমন্ত্র যথা ॥

হে জনার্দ্দন! হে দেবেশ! হে দামোদর! শ্রীরাধার সহিত তোমার প্রীতি নিমিত্ত আমি কার্ত্তিকমাসে প্রাতঃস্নান করিব ॥ ৮৪ ॥

প্রার্থনামন্ত্র যথা ॥

হে দেবেশ! তোমার ধ্যানসহকারে এই জলে স্নান করিতে উদ্যত হইয়াছি, হে দামোদর! তোমার প্রসন্নতা হেতু আমার পাপ বিনষ্ট হউক ॥

অর্ঘ্যমন্ত্রঃ ॥

ব্রতিনঃ কার্ত্তিকে মাসি স্নাতস্য বিধিবন্মম।
দামোদর গৃহাণার্ঘ্যং দনুজেন্দ্রনিসূদন।
নিত্যে নৈমিত্তিকে কৃৎস্নে কার্ত্তিকে পাপশোষণে।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং রাধয়া সহিতো হরে ইতি ॥
তিলৈরালিপ্য দেহং স্বং নামোচ্চারণপূর্ব্বকং।
স্নাত্বা সবিধিনা সন্ধ্যামুপাস্য গৃহমাব্রজেৎ ॥ ৮৫ ॥
উপলিপ্যাথ দেবাগ্রে নির্ম্মায় স্বস্তিকং প্রভুং।
তুলসী মালতী পদ্মাগস্ত্যপুষ্পাদিনার্চ্চয়েৎ ॥ ৮৬ ॥
নিত্যং বৈষ্ণবসঙ্গত্যা সেবেত ভগবৎকথাং।

স্বং স্বকীয়ং দেহং। নাম শ্রীকৃষ্ণনারায়ণেত্যাদি তদুচ্চারণপূর্ব্বকং ॥ ৮৫ ॥
আদিশব্দেন কেতকী বিল্বপত্রাদি ॥ ৮৬ ॥
বিশেষতঃ অন্যমাসতঃ কিঞ্চিদাধিক্যেনোত্তমতয়া চেত্যর্থঃ। তথা বিশেষতঃ প্রণামাং-

অর্ঘ্যমন্ত্র যথা ॥

হে দামোদর! আমি কার্ত্তিকমাসে যথাবিধি ব্রতধারণ করিয়া স্নান করিয়াছি, হে অসুরনাশন! আমার অর্ঘ্য গ্রহণ করুন ॥

কার্ত্তিকমাসে নিত্য নৈমিত্তিক যে সমুদায় কার্য্য করা যায় তৎসমুদায়ই পাপ নাশক, হে হরে! আপনাকে এই অর্ঘ্য প্রদান করিলাম, আপনি শ্রীরাধার সহিত গ্রহণ করুন ॥

অনন্তর তিল দ্বারা আপনার অঙ্গ লেপন করিয়া শ্রীকৃষ্ণ নারায়ণ ইত্যাদি নামোচ্চারণ পূর্ব্বক যথাবিধি স্নান ও সন্ধ্যা উপাসনা করিয়া গৃহে আগমন করিবে ॥ ৮৫ ॥

তদনন্তর দেবাগ্রে উপলেপন পূর্ব্বক স্বস্তিক নির্ম্মাণ করিয়া তুলসী, মালতী, পদ্ম ও অগস্ত্য পুষ্পাদি দ্বারা শ্রীদামোদরের পূজা করিবে ॥

কার্ত্তিকমাসে নিত্য বৈষ্ণবদিগের সহিত ভগবৎকথা সেবন করিবে

সর্পিষাহর্নিশং দীপং তিলতৈলেন চার্চ্চয়েৎ।
বিশেষতশ্চ নৈবেদ্যান্যর্পয়েদাচরেত্তথা।
প্রণামাংশ্চ যথাশক্ত্যা একভক্তাদিকং ব্রতং ॥ ৮৭ ॥

তথাচ পাদ্মে তত্রৈব ॥

প্রাতরুত্থায় শৌচাদি কৃত্বা গত্বা জলাশয়ে।
কৃত্বা চ বিধিবৎ স্নানং ততো দামোদরার্চ্চনং ॥

কিঞ্চ ॥

মৌনেন ভোজনং কার্য্যং কার্ত্তিকে ব্রতধারিণা।
ঘৃতেন দীপদানং স্যাত্তিলতৈলেন বা পুনঃ ॥ ৮৮ ॥

শ্চাচরেৎ। যথাশক্তীত্যস্য পূর্ব্বে পরেঽপি সর্ব্বত্রৈব সম্বন্ধঃ। একভক্তাদিকং ব্রতমপ্যাচরেৎ। আদিশব্দেন একান্তরোপবাসাদি ॥ ৮৭ ॥

স্বলিখিতং পুরাণোক্তিভিঃ প্রমাণয়ন্ পরং কৃত্যবিধিং দর্শয়তি প্রাতরিত্যাদিনা ভাবিনীত্যন্তেন ॥ ৮৮ ॥

এবং দিবারাত্র ঘৃত বা তিলতৈল দ্বারা প্রদীপ দিয়া অর্চ্চনা করিবে। অন্যান্য মাস অপেক্ষা কার্ত্তিকমাসে বিশেষ করিয়া নৈবেদ্যাদি অর্পণ ও বিশেষরূপে প্রণামাদি করিয়া যথাশক্তি একভক্তাদি অর্থাৎ একবার মাত্র ভোজনরূপ ব্রতধারণ করিবে ॥ ৮৭ ॥

তথাচ পদ্মপুরাণে

সেই নারদ শৌনকাদি সম্বাদে ॥

প্রাতঃকালে গাত্রোত্থান পূর্ব্বক শৌচাদি কর্ম্ম করিয়া জলাশয়ে গিয়া স্নান, তদনন্তর দামোদরের অর্চ্চনা করিবে ॥

আরও ॥

ব্রতধারি ব্যক্তি কার্ত্তিকমাসে মৌন হইয়া ভোজন তথা ঘৃত বা তিলতৈল দ্বারা দীপদান করিবে ॥ ৮৮ ॥

দিনঞ্চ কৃষ্ণকথয়া বৈষ্ণবানাঞ্চ সঙ্গমৈঃ।
নীয়তাং কার্ত্তিকে মাসি সঙ্কল্পব্রতপালনং ॥ ৮৯ ॥
আশ্বিনে শুক্লপক্ষস্য প্রারম্ভো হরিবাসরে।
অথবা পৌর্ণমাসীতঃ সংক্রান্তৌ বা তুলাগমে।
দীপদানমখণ্ডশ্চ দদ্যাদ্বৈ বিষ্ণুসন্নিধৌ।
দেবালয়ে তুলস্যাম্বা আকাশে বা তদুত্তমং ॥
কিঞ্চ ॥
রজতং কনকং দীপান্মণিমুক্তাফলাদিকং।
দামোদরস্য প্রীত্যর্থং প্রদদ্যাৎ কার্ত্তিকে নরঃ ॥
স্কান্দে চ ॥
শ্রীরুক্মাঙ্গদমোহিনীসম্বাদে ॥
ন গৃহে কার্ত্তিকে কুর্য্যাদ্বিশেষেণ তু কার্ত্তিকং ॥

---

সঙ্কল্পস্য ব্রতস্য চ। যদ্বা সঙ্কল্পেন যদ্গৃহীতং ব্রতং তস্য পালনং ॥ ৮৯ ॥

---

কার্ত্তিকমাসে বৈষ্ণব সকলের সঙ্গে কৃষ্ণকথায় দিন যাপন পূর্ব্বক সঙ্কল্পিত ব্রতের পালন করিবে ॥ ৮৯ ॥

আশ্বিনমাসের শুক্লপক্ষের একাদশীতে অথবা পৌর্ণমাসীতে কিম্বা তুলাসংক্রান্তি দিবসে কার্ত্তিক ব্রত আরম্ভ করিবে। কার্ত্তিকমাসে বিষ্ণুসন্নিধানে বা দেবালয়ে অথবা তুলসী সমীপে কিম্বা আকাশে উত্তম দীপদান করিবে ॥

আরও ॥

মনুষ্য কার্ত্তিকমাসে দামোদরের প্রীতি নিমিত্ত রজত, স্বর্ণ, দীপসকল, মণি, মুক্তা ও ফলাদি প্রদান করিবে ॥

স্কন্দপুরাণে শ্রীরুক্মাঙ্গদমোহিনী সম্বাদে ॥

হে ভাবিনি! কার্ত্তিকমাসে বিশেষ করিয়া কার্ত্তিকব্রত গৃহে

তীর্থে তু কার্ত্তিকীং কুর্য্যাৎ সর্ব্বযত্নেন ভাবিনীতি ॥
অথ কার্ত্তিকে বর্জ্জ্যানি ॥
তত্রৈব ব্রহ্মনারদসম্বাদে ॥
কার্ত্তিকে তু বিশেষেণ রাজমাষাংশ্চ ভক্ষয়ন্।
নিষ্পাবান্ মুনিশার্দ্দূল যাবদাহূতনারকী।
কলিঙ্গানি পটোলানি বৃন্তাকং সন্ধিতানি চ।
ন ত্যজেৎ কার্ত্তিকে মাসি যাবদাহূতনারকী ॥ ৯০ ॥
কার্ত্তিকে মাসি ধর্ম্মাত্মা মৎস্যং মাংসং ন ভক্ষয়েৎ।

ব্রতগ্রহণকালমাহ আশ্বিনে ইতি। হরিবাসরে একাদশ্যাং। অস্য বৈষ্ণবপক্ষত্বাদাদৌ নির্দ্দেশঃ। অশক্ত্যাদ্যপেক্ষয়া বিকল্প উক্তঃ। বিশেষেণেতি অন্যদাপি ভক্ষয়ন্ নারক্যেব কার্ত্তিকে তু ভক্ষয়ন্ বিশেষতো যাবদাহূতনারকীত্যর্থঃ ॥ ৯০ ॥

তত্রৈবেতি ধর্ম্মাপেক্ষয়া মাংসঞ্চ ন ভক্ষয়েদেব যদি বা কশ্চিন্মহারোগগ্রস্তস্তদভাবাদ্বা রোগী স্যাত্তদা তেনাপি যত্নতঃ শশ শূকরয়োর্মাংসং বর্জ্জনীয়মেবেত্যর্থঃ ॥ ৯১ ॥

করিবে না, সর্ব্বপ্রকার যত্নসহকারে তীর্থে কার্ত্তিকব্রত করিবে ॥

অথ কার্ত্তিকমাসে যে সকল বর্জ্জন করিতে হইবে ॥

ঐ স্কন্দপুরাণের ব্রহ্মনারদ সম্বাদে যথা ॥

হে মুনিশ্রেষ্ঠ! যে ব্যক্তি বিশেষতঃ কার্ত্তিকমাসে রাজমাষ ( বরবটী কলাই ) এবং নিষ্পাব ( শিম্বী ) ভোজন করে, সে মহাপ্রলয় পর্য্যন্ত নারকী হইবে। যে মনুষ্য কার্ত্তিকমাসে কলিঙ্গ ( কলমীর শাক ), পটোল, বৃন্তাক ( বার্ত্তাকী ) এবং সন্ধিত ( আসবাদি ) যদি পরিত্যাগ না করে,তাহা হইলে সে মহাপ্রলয় পর্য্যন্ত নারকী হইবে॥৯০

ধর্ম্মাত্মা মনুষ্য কার্ত্তিকমাসে মৎস্য, মাংস প্রভৃতি কিছুই ভোজন করিবেন না, যদি কোন রোগী ব্যক্তি মাংস ব্যতিরেকে জীবন রক্ষা হয় না, এমত ঘটনা হয়, তবে সে শশক ও শূকর মাংস বর্জ্জন

তত্রৈব যত্নতস্ত্যাজ্যং শাশকং শৌকরং তথা ॥ ৯১ ॥

কিঞ্চ ॥

পরান্নং পরশয্যাঞ্চ পরদারং পরাঙ্গনাং ।
সর্ব্বদা বর্জ্জয়েৎ প্রাজ্ঞো বিশেষেণ তু কার্ত্তিকে ॥ ৯২ ॥
তৈলাভ্যঙ্গং তথা শয্যাং পরান্নং কাংস্যভোজনং ।
কার্ত্তিকে বর্জ্জয়েদ্যস্তু পরিপূর্ণব্রতী ভবেৎ ॥
সংপ্রাপ্তে কার্ত্তিকে দৃষ্ট্বা পরান্নং যস্তু বর্জ্জয়েৎ ।
দিনে দিনে তু কৃচ্ছ্রস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥

তত্রৈব শ্রীরুক্মাঙ্গদমোহিনীসম্বাদে ॥

কার্ত্তিকে বর্জ্জয়েত্তৈলং কার্ত্তিকে বর্জ্জয়েন্মধু ।
কার্ত্তিকে বর্জ্জয়েৎ কাংস্যং কার্ত্তিকে শুক্তসন্ধিতং ॥

---

কার্ত্তিকে তু বিশেষেণ বর্জ্জয়েদিতি তৎসঙ্কল্পাদিকমপি ন কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৯২ ॥
শুক্তং কাঞ্জিকাদি পর্য্যুষিতাম্লদ্রব্যং সন্ধিতঞ্চ বর্জ্জয়েৎ ॥ ৯৩ ॥

---

করিবে ॥ ৯১ ॥

আরও ॥

প্রাজ্ঞ মনুষ্য বিশেষ করিয়া কার্ত্তিকমাসে পরান্ন, পরশয্যা এবং পরস্ত্রী বর্জ্জন করিবেন অর্থাৎ ঐ সকল বিষয়ে ইচ্ছাও করিবেন না॥৯২

যে ব্যক্তি কার্ত্তিকমাসে তৈলমর্দ্দন, শয্যা, পরান্ন এবং কাংস্যপাত্রে ভোজন বর্জ্জন করেন, তাহার ব্রত পরিপূর্ণ হয় ॥

যে মানব কার্ত্তিকমাস প্রাপ্ত হইয়াছে দেখিয়া পরান্ন বর্জ্জন করেন, তিনি দিন দিন কৃচ্ছ্র প্রায়শ্চিত্তের ফল প্রাপ্ত হয়েন ॥

ঐ স্কন্দপুরাণের রুক্মাঙ্গদ ও মোহিনীসম্বাদে ॥

হে সুন্দরি ! কার্ত্তিকমাসে তৈল, মধু, কাংস্য, শুক্ত ( কাঞ্জিকাদি পর্য্যুষিত অম্ল দ্রব্য ), সন্ধিত ( আসবাদি মদ্যবিশেষ ), মৎস্য, কূর্ম্ম,

ন মাৎস্যং ভক্ষয়েন্মাংসং ন কৌর্ম্মং নান্যদেব হি।
চাণ্ডালঃ স ভবেৎ সুভ্রু কার্ত্তিকে মাংসভক্ষণাৎ ॥ ৯৩॥
অথ শ্রীরাধাদামোদরপূজাবিধিঃ ॥
পাদ্মে তত্রৈব ॥
ততঃ প্রিয়তমা বিষ্ণো রাধিকা গোপিকাসু চ।
কার্ত্তিকে পূজনীয়া চ শ্রীদামোদরসন্নিধৌ ॥
দ্বিজং দামোদরং কৃত্বা তৎপত্নীং রাধিকাং তথা।
কার্ত্তিকে পূজনীয়ৌ তৌ বাসোঽলঙ্কারভোজনৈঃ ॥ ৯৪ ॥
রাধিকাং প্রতিমাং বিপ্রাঃ পূজয়েৎ কার্ত্তিকে তু যঃ।

ততঃ পূর্ব্বজন্মকৃতারাধনাদ্ধেতোঃ। গোপিকাসু মধ্যে প্রিয়তমা। তদ্বৃত্তঞ্চ তত্রৈব প্রথিতং। যথা শ্রীগোপালদেবস্য শ্রীমূর্ত্তেঃ সৌন্দর্য্যবিশেষং বিলোক্য তেন সহ ক্রীড়িতুকামাংশেনাবতীর্য্য যোষিদ্বিশেষেণ প্রেমনৃত্যাদিনা তমারাধ্য তদীপ্সয়া তদ্যোগ্য তদ্দিব্যরূপা ভূত্বা তদেকভক্ত শ্রীব্রাহ্মণমাদায় তেন সহ স্বয়মেব সর্ব্বাংশৈরবতীর্য্য গোপশ্রীবৃষভানুকন্যাঽভূদিতি ॥ ৯৪ ॥

মাংস এবং অন্য মাংস ভোজন করিবে না। যে ব্যক্তি কার্ত্তিকমাসে মাংস ভোজন করে, সে চণ্ডাল হয় ॥ ৯৩ ॥

অথ শ্রীরাধাদামোদরের পূজাবিধি ॥

পদ্মপুরাণে শ্রীনারদ শৌনকাদি সম্বাদে যথা ॥

যত যত গোপী আছেন, তন্মধ্যে শ্রীরাধিকাই বিষ্ণুর প্রিয়তমা, অতএব কার্ত্তিকমাসে শ্রীদামোদরের সন্নিধানে শ্রীরাধার পূজা করিবে॥

কার্ত্তিকমাসে একজন ব্রাহ্মণকে দামোদর এবং তাঁহার পত্নীকে শ্রীরাধা কল্পনা করিয়া বস্ত্র, অলঙ্কার ও ভোজনাদি দ্বারা তাঁহাদিগের পূজা করিবে ॥ ৯৪ ॥

হে বিপ্রগণ! যে ব্যক্তি কার্ত্তিকমাসে শ্রীরাধিকার প্রীতি নিমিত্ত

তস্য তুষ্যতি তৎপ্রীত্যৈ শ্রীমান্ দামোদরো হরিরিতি ॥৯৫॥
দামোদরাষ্টকং নাম স্তোত্রং দামোদরার্চ্চনং।
নিত্যং দামোদরাকর্ষি পঠেৎ সত্যব্রতোদিতং ॥ ৯৬ ॥
অথ শ্রীদামোদরাষ্টকং ॥
তত্রৈব ॥
নমামীশ্বরং সচ্চিদানন্দরূপং
লসৎকুণ্ডলং গোকুলে ভ্রাজমানং।

তস্যাঃ রাধিকায়াঃ প্রীত্যৈ সন্তোষার্থং ॥ ৯৫ ॥

নিত্যং পঠেৎ দামোদরমাকৃষ্টুং বশীকর্ত্তুং শীলমস্য সত্যব্রতনাম মুনিনা উদিতং প্রোক্তং। যদ্বা তস্মাৎ উদিতং। পূর্ব্বসিদ্ধমেবাস্মাৎ প্রকটতাং গতমিত্যর্থঃ ॥ ৯৬ ॥

শ্রীরাধাসহিতং নত্বা শ্রীদামোদরমীশ্বরং। দামোদরাষ্টকব্যাখ্যা দিগেষা দর্শ্যতেঽধুনা। তত্রাগ্রে কিমপি প্রার্থয়িতুমাদৌ তস্য তত্ত্বরূপলীলাগুণাদি বিশেষেণোৎকর্ষবিশেষং গোকুল-প্রকটিত নিজভগবত্তাসারসর্ব্বস্বভূতং বর্ণয়ন্ ভক্ত্যাদৌ নমস্করোতি নমামীতি। তচ্চ মঙ্গলার্থং সর্ব্বকর্ম্মসু প্রাগেব দাস্যবিশেষেণ বিধানাদাদৌ নির্দ্দিষ্টং। কং ঈশ্বরং সর্ব্বশক্তি-মন্তং জগদেকনাথং নিজপ্রভুং বা। তত্রাদ্য পক্ষঃ স্তুত্যাদিশক্ত্যর্থঃ। দ্বিতীয়ঃ পরমবন্দ্য-তার্থঃ। অন্ত্যশ্চ ভক্তিবিশেষেণেতি দিক্। কথম্ভূতং সচ্চিদানন্দরূপং সচ্চিদানন্দঘনবিগ্রহ-

শ্রীরাধার প্রতিমা পূজা করেন, শ্রীমান্ দামোদর হরি তাঁহার প্রতি পরিতুষ্ট হয়েন ॥ ৯৫ ॥

কার্ত্তিকমাসে দামোদরের অর্চ্চনপূর্ব্বক সত্যব্রত নামক মুনি কথিত দামোদরাষ্টক নামক স্তোত্র নিত্য পাঠ করিবে, তাহাতেই দামোদর বশীভূত হইয়া থাকেন ॥ ৯৬ ॥

শ্রীদামোদরাষ্টক সেই পদ্মপুরাণের
শ্রীনারদ শৌনকাদি সম্বাদে যথা ॥

যিনি সচ্চিদানন্দরূপ, যাঁহার কর্ণে কুণ্ডল আন্দোলিত হইতেছে, যিনি গোকুলে অতিশয় শোভমান হইয়াছেন এবং যিনি শিক্যস্থিত

যশোদাভিয়োলূখলাদ্ধাবমানং
পরামৃষ্টমত্যং ততোদ্রুত্যগোপ্যা ॥ ৯৭ ॥

মিত্যর্থঃ। ইতি তত্ত্ববিশেষেণোৎকর্ষবিশেষ উক্তঃ। সৌন্দর্য্যবিশেষেণোৎকর্ষবিশেষমাহ লসন্তি শ্রীযশোদাভিয়া ধাবমানাৎ সতত বাল্যক্রীড়াবিশেষপরত্বাদ্বা নিরন্তরং লোলতয়া গণ্ডয়োঃ ক্রীড়ন্তী কুণ্ডলে যস্য তং ইতি শ্রীমুখশোভাবিশেষ উক্তঃ। যদ্বা। শ্রীগণ্ডচুম্বন মহা-সৌভাগ্যতঃ কুণ্ডলয়োঃ সর্ব্বভূষণেষু মুখ্যত্বাৎ তাভ্যাং তানি সর্ব্বাণ্যেবোপলক্ষ্যন্তে। ততশ্চ লসন্তী শোভমানে কুণ্ডলে যস্মাৎ তং ভূষণভূষণাঙ্গমিত্যর্থঃ। অতএবোক্তং শ্রীগোপীভি-র্দশমস্কন্ধে। ত্রৈলোক্য সৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং যদ্গোদ্বিজদ্রুমমৃগাঃ পুলকান্যবিভ্র-ন্নিতি। উদ্ধবেন চ তৃতীয়স্কন্ধে। বিস্মাপনং স্বস্য চ সৌভগর্দ্ধেঃ পরং পদং ভূষণভূষণাঙ্গ-মিতি। পরিবারবিশেষেণোৎকর্ষবিশেষমাহ। গোকুলে গোপগোপী গোবৎসাদি নিবাসে ভ্রাজমানং যোগ্যস্থানবিশেষে পূর্ব্বতোপ্যুৎকর্ষবিশেষ প্রকটনেন গোকুলস্য স্বাভাবিকশোভা-বিশেষেণ বা শোভমানং। তচ্চ শ্রীদশমস্কন্ধাদৌ। চকাস গোপীপরিষদ্গতোঽর্চ্চিতস্ত্রৈলোক্য-লক্ষ্ম্যেকপদং বপুর্দ্দধদিত্যাদিনোক্তং। লীলাবিশেষেণোৎকর্ষবিশেষমাহ। যশোদেতি সার্দ্ধেন। যশোদায়া মাতুঃ সকাশাৎ ভিয়া দধিভাণ্ডভেদনাদ্যপরাধকৃতভীত্যা উদূখলাৎ শিক্যস্থিত নবনীত চৌর্য্যার্থমুদ্বর্ত্ত্য তলে সমারূঢ়াদুদূখলতঃ ধাবমানং ত্বরয়াপসরন্তং অত্র চ বিশেষাপেক্ষকৈর্দশমস্কন্ধনবমাধ্যায়োক্তং উদূখলাঙ্ঘ্রেরুপরি ব্যবস্থিতং মর্কায় কামং দদতং শিচি স্থিতং। হৈয়ঙ্গবং চৌর্য্যবিশঙ্কিতেক্ষণং নিরীক্ষ্য পশ্চাৎ সুতমাগমচ্ছনৈঃ। তামাত্ত-যষ্টিং প্রসমীক্ষ্য সত্বরস্ততোঽবরুহ্যাপসসার ভীতবৎ। গোপ্যন্বধাবন্ন যমাপ যোগিনাং ক্ষমং প্রবেষ্টুং তপসেরিতং মনঃ। ইত্যাদ্যনুসন্ধেয়ং। ততশ্চ অত্যন্তং ততো দ্রুত্য বেগেন ধাবিত্বা সমাসৈকপদ্যেন যথাদেশঃ। গোপ্যা শ্রী যশোদয়া পরা আমৃষ্টং পৃষ্ঠতোধৃতং। অত্র চ অত্যন্ততোদ্রুত্যেত্যনেন শ্রীযশোদায়া অপি স্তন নিতম্ব গৌরবাদিসৌন্দর্য্যবিশেষঃ স্নেহ-বিশেষশ্চ সূচিতঃ। গোপ্যেতি প্রেমোক্তিপরিপাট্যা গোপজাতীনামেব তাদৃশং মহাসৌভা-গ্যমিতি ধ্বনিতং। পরামৃষ্টমিত্যনেন তস্যাং ভগবতঃ স্নেহবিশেষোধ্বনিত ইতি দিক্। অত্র চ অন্বঞ্চমানা জননী বৃহচ্চলচ্ছ্রোণীভরাক্রান্তগতিঃ সুমধ্যমা। জবেন বিস্রংসিতকেশ-বন্ধনচ্যুতপ্রসূনানুগতিঃ পরামৃষদিত্যর্থোঽনুসন্ধেয়ঃ ॥ ৯৭ ॥

নবনীত হরণ করায় যশোদার ভয়ে উদূখলের উপরিভাগ হইতে লম্ফ দিয়া অতিশয় বেগে যিনি ধাবমান হইয়াছিলেন ও যশোদা পশ্চাৎ ২ গিয়া যাঁহার পৃষ্ঠদেশ ধারণ করেন, সেই ঈশ্বরকে নমস্কার করি ॥ ৯৭ ॥

রুদন্তং মুহুর্নেত্রযুগ্মং মৃজন্তং
করাম্ভোজযুগ্মেন সাতঙ্কনেত্রং ॥
মুহুশ্বাসকম্পাত্রিরেখাঙ্ককণ্ঠ

তদনন্তর লীলাবিশেষং বদন্ কৃতাগসং তং প্ররুদন্তমক্ষিণী কর্ষন্তমঞ্জন্মসিনী স্বপাণিনা। উদ্বীক্ষ্যমাণা ভয়বিহ্বলেক্ষণং হস্তে গৃহীত্বা ভিষয়ন্ত্যবাগুরদিত্যর্থমাহ রুদন্তমিতি। মাতৃহস্তে যষ্টিং দৃষ্ট্বা তয়া তাড়নমাশঙ্ক্য ভীতত্বাদিপ্রদর্শনেন তৎ পরিহরণায় ক্রন্দন্তং। অতএব করাম্ভোজযুগ্মেন নেত্রযুগ্মং মৃজন্তং যুগপন্মার্জ্জয়ন্তং এতচ্চ বাললীলাবিশেষস্বভাবতঃ। যদ্বা ভয়াবেশেন সদ্যোঽনুগচ্ছতোঽশ্রুণোনিষ্কাসণার্থং। যদ্বা অশ্রুধারাপসারণার্থমিতি দিক্। যতঃ সাতঙ্কে সশঙ্কে নেত্রে অপি কিম্পুনর্মনো যস্য তং। যদ্বা সভয়নিরীক্ষণ নেত্রযুগমিত্যর্থঃ। ততশ্চ তাড়ন পরিহারার্থমিদমপি লীলান্তরমূহ্যং। কিঞ্চ। মুহুঃ শ্বাসেন রোদনাবেশকৃতেন কম্পং কম্পমানং ত্রিরেখাঙ্কে কম্বুবদ্রেখাত্রয়চিহ্নে কণ্ঠে স্থিতং গ্রৈবং গ্রৈবেয়কং সর্ব্বং গ্রীবাভূষণং মুক্তাহারাদি যস্য দাম উদরে যস্য। অনেন চ গোপিকোলূখলে দাম্না ববন্ধ প্রাকৃতং যথেত্যুক্তং। দামোদরে উলূখলে চোভয়তো বন্ধনমুক্তং তদেবাভিব্যঞ্জয়ন্ ভক্তবশ্যতাবিশেষেণোৎকর্ষবিশেষমাহ। ভক্ত্যেব মাতুঃ স্ববিষয়কয়া তস্য বা মাতৃবিষয়কয়া বদ্ধং স্বীকৃতবন্ধনং ন তু পাশবর্গবলাৎ। সর্ব্বতঃ সমুচ্চিতৈরপ্যনন্তৈঃ পাশৈর্ন্যূনং দ্ব্যঙ্গুলাপূরণাৎ। তচ্চোক্তং তদ্দাম বধ্যমানস্য স্বার্ভকস্য কৃতাগসঃ। দ্ব্যঙ্গুলোনমভূত্তেন সন্দধেঽন্যচ্চ গোপিকা। যদাসীত্তদপি ন্যূনং। তেনান্যদপি সন্দধে। তদপি দ্ব্যঙ্গুলং ন্যূনং যদ্যদাদত্তবন্ধনং। এবং স্বগেহদামানি যশোদাসন্দধত্যপি ইত্যাদি। যদ্বা দামোদরত্বে হেতুঃ। ভক্ত্যেব বদ্ধং বশীকৃতং তথাপি স এবার্থঃ পর্য্যবসাতি। কিঞ্চ। স্বমাতুঃ স্বিন্নগাত্রায়া বিস্রস্তকবরস্রজঃ। দৃষ্ট্বা পরিশ্রমং কৃষ্ণঃ কৃপয়াসীৎ স্ববন্ধনে। এবং সন্দর্শিতা হ্যঙ্গ হরিণা ভক্তবশ্যতা। স্ববশেনাপি কৃষ্ণেন যস্যেদং সেশ্বরং বশে। নেমং বিরিঞ্চো ন ভবো ন শ্রীরপ্যঙ্গসংশ্রয়া। প্রসাদং লেভিরে গোপী যত্তৎ প্রাপ বিমুক্তিদাৎ। নায়ং সুখাপো ভগবান্ দেহিনাং গোপিকাসুতঃ। জ্ঞানিনাঞ্চাত্মভূতানাং যথা ভক্তিমতামিহেত্যেষামর্থঃ। তথা দেবর্ষির্মে প্রিয়তমো যদিমৌ ধনদাত্মজৌ। তত্তথা সাধয়িষ্যামি যদ্গীতং তন্মহাত্মনে-

যিনি জননীর হস্তে যষ্টি দেখিয়া রোদন ও করপদ্মযুগল দ্বারা মুহুর্মুহু নেত্রদ্বয় মার্জন করিতেছেন, যিনি সাতঙ্ক নেত্র এবং যাঁহার মুহুর্মুহুঃ শ্বাসনিবন্ধন কম্প হেতুক কণ্ঠস্থ মুক্তাহার আন্দোলিত হইতেছে

স্থিতস্তৈরেব দামোদরং ভক্তিবদ্ধং ॥ ৯৮ ॥
ইতীদৃক্ স্বলীলাভিরানন্দকুণ্ডে
স্বঘোষং নিমজ্জন্তমাখ্যাপয়ন্তং।
তদীয়েশিতজ্ঞেষু ভক্তৈর্জিতত্বং
পুনঃ প্রেমতস্তং শতাবৃত্তি বন্দে ॥ ৯৯ ॥

ত্যাদেরর্থোপি শ্রীনারদভক্তাপেক্ষয়া যমলার্জ্জুনভঞ্জনাদি তত্তল্লীলারূপোঽনেন সূচিতঃ ॥৯৮॥

গুণবিশেষেণোৎকর্ষবিশেষমাহ ইতীতি এবং ভক্তবশতয়া। যদ্বা ইত্যনয়া দামোদর-লীলয়া ঈদৃশীভিশ্চ দামোদরলীলা সদৃশীভিঃ পরমমনোহরাভিঃ শৈশবীভিঃ স্বস্য স্বাভির্বা অসাধারণীভিঃ লীলাভিঃ ক্রীড়াভিঃ। গোপীভিঃ স্তোভিতোঽনৃত্যদ্ভগবান্ বালবৎ ক্বচিৎ। উদ্গায়তি ক্বচিন্মুগ্ধস্তদ্বশোদারুবন্ত্রবৎ। বিভর্ত্তি ক্বচিদাজ্ঞপ্তঃ পীঠকোন্মানপাদুকং। বাহুক্ষেপঞ্চ কুরুতে স্বানাং প্রীতিং সমুদ্বহন্নিত্যাদ্যুক্তাভিঃ স্বঘোষং নিজগোকুলবাসি প্রাণিজাতং সর্ব্বমেব আনন্দকুণ্ডে আনন্দরসময় গভীরজলাশয়বিশেষে নিতরাং মজ্জন্তং মজ্জয়ন্তং। এতদেবোক্তং স্বানাং প্রীতিং সমুদ্বহন্নিতি। যদ্বা ঘোষঃ কীর্ত্তিঃ মাহাত্ম্যোৎকীর্ত্তনং বা। স্বস্য স্বানাং বা গোপগোপ্যাদীনাং ঘোষো যথাস্যাত্তথা স্বয়মেবানন্দকুণ্ডে নিমজ্জন্তং পরমসুখবিশেষমনু-ভবন্তমিত্যর্থঃ। কিঞ্চ। তাভিরেব তদীয়েশিতজ্ঞেষু ভগবদৈশ্বর্য্যজ্ঞানপরেষু ভক্তৈর্জিতত্বং আত্মনোভক্তবশ্যতাং আখ্যাপয়ন্তং ভক্তিপরাণামেব বশ্যোঽহং ন তু জ্ঞানপরাণামিতি প্রথ-য়ন্তং। অনেন চ দর্শয়ংস্তদ্বিদাং লোকে আত্মনো ভৃত্যবশ্যতামিত্যস্যার্থোদর্শিতঃ। তস্যার্থঃ। তং ভগবন্তং বিদন্তীতি তথা তেষাং তজ্জ্ঞানপরাণামিত্যর্থঃ। তান্ প্রতি দর্শয়ন্নিতি। যদ্বা তদীয়ানাং ভাগবতানাং প্রভাবাভিজ্ঞেষ্বেব নচান্যেষ্বাখ্যাপয়ন্তং। বৈষ্ণবমাহাত্ম্যবিশেষা-নভিজ্ঞেষু কেবল জ্ঞানপরেষু ভক্তের্বিশেষতস্তন্মাহাত্ম্যস্য চ পরমগোপ্যত্বেন প্রকাশনাযোগ্য-ত্বাৎ। এবঞ্চ তদ্বিদামিতি ভৃত্যবশ্যতাবিদামিত্যর্থোদ্রষ্টব্যঃ। অতঃ প্রেমতঃ ভক্তিবিশেষেণ শতাবৃত্তি যথাস্যাত্তথা শতশত বারান্ তমীশ্বরং পুনর্ব্বন্দে। অতো ভক্তানামবশ্যকৃত্যং ভক্তি-প্রকারবিশেষরূপং বন্দনমেব মম প্রার্থ্যং নত্বৈশ্বর্য্যজ্ঞানাদীতি ভাবঃ ॥ ৯৯ ॥

ও যাঁহার উদরে রজ্জুবন্ধন সেই ভক্তিবদ্ধ দামোদরকে বন্দনা করি ॥৮৯

যিনি এই প্রকার শৈশবলীলার দ্বারা গোকুলবাসি জনমাত্রকে আনন্দ সরোবরে নিমগ্ন করিতেছেন এবং যিনি ভগবদৈশ্বর্য্যজ্ঞান পর ভক্ত সকলেতে "আমি ভক্ত কর্ত্তৃক জিত" ইহাই প্রকাশ করিতেছেন, আমি প্রেমহেতু পুনর্ব্বার সেই ঈশ্বরকে শতবার বন্দনা করি ॥ ৯৯ ॥

বরং দেব মোক্ষং ন মোক্ষাবধিং বা
নচান্যং বৃণেহহং বরেশাদপীহ।
ইদন্তে বপুর্নাথ গোপালবালং

এবমুৎকর্ষবিশেষবর্ণনেন স্তুত্বা প্রার্থয়তে বরমিতি দ্বাভ্যাং। দেব হে পরমদ্যোতমান হে মধুরক্রীড়াবিশেষপরেতি বা। বরেশাৎ সকলবরপ্রদানসমর্থাৎ অপি ত্বত্তঃ মোক্ষং চতুর্থ-পুরুষার্থং মোক্ষস্যাবধিং বা পরমকাষ্ঠারূপং ঘনসুখবিশেষাত্মকং শ্রীবৈকুণ্ঠলোকং অন্যঞ্চ শ্রবণাদিভক্তিপ্রকারমহং বরং প্রাপ্য। যদ্বা অন্যৈর্বরণীয়মপি। যদ্বা বরতয়া ইহ বৃন্দা-বনে ন বৃণে। ইহেত্যস্য পরেণাপি সম্বন্ধঃ অত্র চ মোক্ষাদিত্রয়স্য যথোত্তরশ্রৈষ্ঠ্যমূহ্যং। তত্র মোক্ষাদ্বৈকুণ্ঠলোকস্য শ্রৈষ্ঠ্যং শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে ব্যক্তমেবাস্তি। বৈকুণ্ঠলোকাচ্ছ্র-বণাদি প্রকারস্য চ শ্রৈষ্ঠ্যং কামং ভবঃ স্ববৃজিনৈর্নিরয়েষু নস্তাদিত্যাদিবচনতঃ শ্রবণাদি সিদ্ধ্যা নরকাদিষ্বপি যত্র তত্র সর্ব্বত্রৈব বৈকুণ্ঠবাসসিদ্ধেরিতি দিক্। তর্হি কিং বৃণুষে তদাহ। হে নাথ ইহ বৃন্দাবনে ইদং বর্ণিতং গোপালবালরূপং তে বপুঃ সদা মে মনসি আবিরাস্তাং অন্তর্যামিত্যাদিনা স্থিতমপি সাক্ষাদিব সর্ব্বাঙ্গসৌন্দর্য্যাদি প্রকাশনেন প্রকটং ভূয়াৎ। নন্বু মোক্ষাদয়োপি পরমোপাদেয়াস্তানপি বৃণু। তত্রাহ কিমন্যৈরিতি। অন্যৈর্মোক্ষাদিভি-র্মম প্রয়োজনং নাস্তীত্যর্থঃ। তস্য সর্ব্বানন্দকদম্বাত্মকত্বাত্তৎসিদ্ধ্যৈব সর্ব্বসিদ্ধেঃ। তথা তদলাভে নিজেপ্সিতাসিদ্ধ্যা বিশেষতশ্চ তুচ্ছলাভেন লোকবিশেষোৎপাদনাদন্যৈরপি কিমিতি ভাবঃ। যদ্বা। নন্বু মোক্ষাদয়ো ন ব্রিয়ন্তাং নাম পরমাপেক্ষাণি মদীয় শ্রীচতুর্ভুজাদি মূর্ত্তিদর্শন সম্ভাষণাদীনি। ব্রিয়তাং তত্রাহ কিমন্যৈরিতি চিত্তে ত্বদেতচ্ছ্রীমদ্বপুঃ সদা স্ফূর্ত্তাবেব মমা-ত্যন্তপ্রীতির্নান্যত্রেতি ভাবঃ। অন্তর্দর্শনমাহাত্ম্যঞ্চ শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে তপোলোকে শ্রীপিপ্পলায়নেন বিবৃত্যোক্তমস্তি। এবং তস্য প্রার্থনাপি স্তুতাবেব পর্য্যবস্যতি তস্যৈব

হে দেব! আপনি সকল বরদানে সমর্থ আপনার নিকট মোক্ষ-অর্থাৎ চতুর্থপুরুষার্থ বা মোক্ষের অবধি অর্থাৎ বৈকুণ্ঠলোক কিম্বা অন্য অর্থাৎ শ্রবণাদি ভক্তিপ্রকার এই সকলকে বর বলিয়া গ্রহণ করিতে ইচ্ছা করি না, যদি বলেন তবে তুমি কি বর গ্রহণ করিবা, তাহাতে প্রার্থনা এই যে, হে নাথ! এই বৃন্দাবনে বর্ণিত এই বালগোপাল রূপ আপনার বপুঃ আমার মনে সর্ব্বদা আবির্ভূত হউক অর্থাৎ সর্ব্বদা অন্তর্যামিস্বরূপে অবস্থিত থাকিলেও সাক্ষাতের ন্যায় সর্ব্বাঙ্গ সৌন্দ-

সদা মে মনস্যাবিরাস্তাং কিমন্যৈঃ ॥ ১০০ ॥
ইদন্তে মুখাম্ভোজমব্যক্তনীলৈ-
র্ব্বৃতং কুণ্ডলস্নিগ্ধরক্তৈশ্চ গোপ্যা।
মুহুশ্চুম্বিতং বিম্বরক্তাধরং মে
মনস্যাবিরাস্তামলং লক্ষলাভৈঃ ॥ ১০১ ॥
নমো দেব দামোদরানন্ত বিষ্ণো

সর্ব্বোৎকৃষ্টত্বেন প্রার্থনাৎ এবমগ্রেঽপি ॥ ১০০ ॥

তত্র চ তব শ্রীমুখং পরমমনোহরং বিশেষেণ দিদৃক্ষু ইত্যাহ ইদমিতি। কদাচিদ্ধ্যানেঽনুভূয়মানমনির্ব্বচনীয়সৌন্দর্য্যাদিকং তদেব নির্দ্দিশতি মুখমেবাম্ভোজং প্রফুল্লকমলাকরত্বনিখিলসন্তাপহারিত্ব পরমানন্দরসবত্ত্বাদিনা। তন্মে মনসি মুহুরাবিরাস্তাং কথম্ভূতং। অত্যন্তনীলৈঃ পরমশ্যামলৈঃ স্নিগ্ধৈশ্চ রক্তৈশ্চ কুন্তলৈঃ কেশৈরলকৈর্ব্বা বৃতং কমলং ভ্রমরৈরিবোপরিবেষ্টিতং। গোপ্যা শ্রীযশোদয়া শ্রীরাধয়া বা চুম্বিতং। মুহুরিত্যস্যাত্রাপি সম্বন্ধঃ। যথা পাঠক্রমাত্রৈব সম্বন্ধঃ। ততশ্চ তয়া মহাধন্যয়া মুহুশ্চুম্বিতমপি মম মনসি সকৃদপ্যাবিরাস্তামিত্যর্থঃ। যদ্বা সদেতি পূর্ব্বগতস্যাত্রাপ্যর্থবলাদন্বয় এব স্যাৎ। বিম্ববদ্রক্তৌ অধরৌ যস্মিন্ তৎ। ততশ্চ লক্ষলাভৈরন্যৈর্লক্ষসংখ্যৈর্লব্ধৈরপি প্রয়োজনং নাস্তীত্যর্থঃ। লিখিতার্থমেবৈ তৎ ॥ ১০১ ॥

এবং স্তুতিপ্রভাবাৎ সদ্যঃ সমুদিতেন প্রেমবিশেষেণ সাক্ষাদ্দিদৃক্ষমাণস্তত্র চৈকং নাম-

র্য্যাদি প্রকাশন দ্বারা প্রকট হউক। অন্য মোক্ষাদিতে আমার প্রয়োজন নাই ॥ ১০০ ॥

হে দেব! আপনার বপুর মধ্যে বিশেষতঃ তদীয় বদনকমলের মাধুর্য্য আর কি বলিব, আহা! যাহা পরম শ্যামল, স্নিগ্ধ ও রক্তবর্ণ কেশ বা অলকাসমূহে আবৃত এবং গোপী যশোদা আপনার যে মুখপদ্মস্থ বিম্বফল তুল্য রক্তবর্ণ অধর বারম্বার চুম্বন করিতেছেন, তাহাই আমার মনোমধ্যে আবির্ভূত হউক, অন্য লক্ষ লাভে আমার প্রয়োজন নাই ॥ ১০১ ॥

অপর হে দেব! হে দামোদর! হে অনন্ত! হে বিষ্ণো! আমার

প্রসীদ প্রভো দুঃখজালাব্ধিমগ্নং।
কৃপাদৃষ্টিবৃষ্ট্যাতিদীনং বতানু-
গৃহাণেশ মামজ্ঞমেধ্যক্ষিদৃশ্যঃ ॥ ১০২ ॥
কুবেরাত্মজৌ বদ্ধমূর্ত্যৈব যদ্ব-

সঙ্কীর্ত্তনমেব পরমসাধনং মন্যমানস্তথৈব সকাতর্য্যং প্রার্থয়তে নম ইতি। তুচ্ছাগিত্যাধ্যাহার্য্যমেব। তচ্চ ভয়গৌরবাদিনা প্রেমবৈকল্যেন বা সাক্ষান্ন প্রযুক্তং। হে প্রভো মদীশ্বর প্রসীদ। প্রসাদমেবাহ। দুঃখং সাংসারিকং তদ্দর্শনজং বা তস্য জালং পরম্পরা তদেবাব্ধিঃ আনন্ত্যাদিনা তস্মিন্মগ্নং মাং অতএব অতিদীনং পরমার্ত্তং। যদ্বা তত্র সৎসহায়সাধনাদিহীনত্বাৎ পরমাকিঞ্চনং। যদ্বা মুমূর্ষুং জীবন্মৃতং বা তত্র চাজ্ঞং তৎপ্রতিকারাবানভিজ্ঞং। কৃপয়া দৃষ্টির্নিরীক্ষণং তস্যা বৃষ্ট্যা পরম্পরয়া। কৃপাদৃষ্টিরূপামৃতবৃষ্ট্যা বা অনুগৃহাণ সমুদ্ধৃত্য জীবয়েত্যর্থঃ। তদেবাভিব্যঞ্জয়তি। অক্ষিদৃশ্যো মল্লোচনগোচর এধি ভব। এবং প্রার্থনাক্রমেণ প্রার্থনং কৃতং প্রার্থ্যস্য পরমদৌর্লভ্যেন সহসা প্রাগেব নির্দ্দেশানর্হত্বাৎ। অন্তর্দর্শনাৎ সাক্ষাদ্দর্শনমাহাত্ম্যঞ্চ শ্রীভগবৎপার্ষদৈঃ সন্ত্যায়মুক্তং শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডতো বিশেষতো জ্ঞেয়ং। তত্র দেব হে দিব্যরূপেতি দিদৃক্ষায়াং হেতুঃ। দামোদরেতি ভক্তবাৎসল্যবিশেষেণাক্ষিদর্শনযোগ্যতায়াং। অতো নান্তো যস্মাদিত্যনন্তেতি কৃপাদৃষ্ট্যনুগ্রহণে। প্রভো হে অচিন্ত্যানন্তাদ্ভুত মহাশক্তিযুক্তেতি ইন্দ্রিয়াগ্রাহ্যস্যাপ্যক্ষিদৃশ্যত্বা সম্ভাবনায়াং। ঈশ হে পরম স্বতন্ত্রেতি অযোগ্যং প্রতি তাদৃশানুগ্রহকরণে কস্যাচিদনপেক্ষতায়াং জ্ঞেয়ঃ। কিঞ্চ। বিষ্ণো হে সর্ব্বব্যাপক। যদ্বা হে বৃন্দাবননিকুঞ্জকুহরাদিপ্রবেশশীল। ইতি চাক্ষিদৃশ্যতার্থং দূরাগমনশ্রমাদিকং নাস্তীতি। অথবা হে অনন্ত অপরিচ্ছিন্ন বিষ্ণো সর্ব্বব্যাপিন্ তথাপি হে দামোদরেত্যেবং পরমবাৎসল্যবিশেষেণ তবাকৃতং কিমপি নাস্তীতি ধ্বনিতং। অন্যৎ সমানমিত্যেষা দিক্ ॥ ১০২ ॥

ইত্থং প্রেমবিশেষেণ পরমোৎকণ্ঠয়া সহ সাক্ষাদ্দর্শনং প্রার্থ্য তত এব সদ্যোজাতপ্রেমভক্তিবিশেষেণ তস্য পরমদৌর্ল্লভ্যাং মন্যমানস্তত্র চ পরমোপায়ভূতাং প্রেমভক্তিমভিজ্ঞায়।

প্রতি প্রসন্ন হউন, হে প্রভো! হে ঈশ! আমি দুঃখপরম্পরারূপ সমুদ্রে নিমগ্ন হইয়া অতিশয় পীড়িত হইয়াছি, কৃপাদৃষ্টি বৃষ্টি দ্বারা আমাকে উদ্ধার করুন এবং আমার নেত্রগোচর হউন ॥

হে দামোদর! আপনি যেমন বদ্ধমূর্ত্তিতে অর্থাৎ গোরজ্জুতে

ত্বয়া মোচিতৌ ভক্তিভাজৌ কৃতৌ চ।
তথা প্রেমভক্তিং স্বকাং মে প্রযচ্ছন্
মোক্ষে গ্রহো মেঽস্তি দামোদরেহ ॥ ১০৩॥

যদ্বা সকৃদ্দর্শনে মনোঽতৃপ্তিং বিরহদুঃখো ভবতাঞ্চাশঙ্ক্য সদা তদ্বশীকরণায় প্রেমভক্তিমেবৈকমুপায়মভিজ্ঞায়। তত্র চ পরমাপরাধিনো মম কথং সা সম্ভবেদিত্যাশঙ্ক্য শ্রীভগবদ্বাৎসল্যমহিম্না চাগম্ভাব্যমপি সর্ব্বমেব সম্ভবেদিতি নিশ্চিত্য মোক্ষত্যাগেন প্রেমভক্তিমেব প্রার্থয়তে কুবেরেতি। বদ্ধয়া গোপাশৈরুদূখলে শৃঙ্খলিতয়া মূর্ত্ত্যা শ্রীবিগ্রহেণৈবেতি তয়োর্মধ্যে স্বয়ং প্রবেশাৎ পরমসুন্দরলীলাদি বিশিষ্টস্য ভগবতঃ সাক্ষাদ্দর্শনস্পর্শনাদিকং সূচিতং। মোচিতৌ শ্রীনারদশাপাৎ সংসারাচ্চ। ন কেবলং তাবদেব পরমভক্তিশ্চ তাভ্যাং দত্তেত্যাহ ভক্তিং ভজতঃ পরমসাধ্যত্বেনাশ্রয়তঃ ন কথঞ্চিদপি ত্যজত ইতি তথা তৌ। এবঞ্চ প্রেমভক্তিরেব দত্তেত্যভিপ্রেতং। তথাচ শ্রীভগবদ্বচনং। সংজাতো ময়ি ভাবো বামীপ্সিতঃ পরমো ভব ইতি। অস্যার্থঃ। বাং যুবয়োরীপ্সিতোঽপেক্ষিতঃ পরমো ভাবো প্রেমা ময়ি সম্যগ্ জাত এব। ন ভবঃ পুনর্জন্ম সংসারদুঃখং বা যস্মাৎ স ইতি। হে দামোদর তথা তদ্বৎ স্বকাং ত্বচ্চরণারবিন্দৈকাশ্রয়াং এতদ্রূপৈকবিষয়াং বা মে মহ্যং প্রকর্ষেণ যচ্ছ দেহি। নমু কিমত্রাগ্রহেণ কুবেরাত্মজবন্মোক্ষোঽপি গৃহ্যতাং অন্যথা জন্মমরণাদি সংসারাপত্তেঃ। তত্রাহ নেতি। ইহ অস্যাং প্রেমভক্তাবেব মম গ্রহ আগ্রহোঽস্তি ন চ মোক্ষে গ্রহোঽস্তি। অয়মর্থঃ। প্রেমভক্ত্যা সংসারধ্বংসো ভবতি চেত্তর্হি ভবতু নাম। ন স্যাচ্চেত্তর্হি মাস্তু নাম। তত্র মমাপেক্ষা নাস্তীতি। অত্র গূঢ়োঽয়ং ভাবঃ। চিন্তামণৌ করস্থে সর্ব্বমেব স্বয়ং সেৎস্যতি কিং তদেকমাত্র তুচ্ছদ্রব্যগ্রহণেনেতি। যদ্বা হে দামোদর স্বকাং প্রেমভক্তিং প্রযচ্ছেত্যেবং পাশবদ্ধোদর ভগবদ্বিষয়কপ্রেমভক্তিপ্রার্থনয়া নিত্যমুদরে পাশবন্ধনাগ্রহমাশঙ্ক্যাহ মোক্ষে পাশবন্ধনাত্তব মোচনে মমাগ্রহো নাস্তি কিং কাক্কা অস্ত্যেবেত্যর্থঃ। কিন্তু ইহ অস্মিন্নেব রূপে স্বকামসাধারণাং প্রেমভক্তিং প্রযচ্ছেতি। যদ্বা ইহ বৃন্দাবনে প্রেমভক্তিং প্রযচ্ছেত্যন্বয়ঃ। ততশ্চ তত্রৈব তস্যাঃ সুখবিশেষাবির্ভাবকত্বাৎ প্রাদুর্ভাববিশেষাচ্চ তথা তস্য সাক্ষাদ্দর্শনবিশেষাকারত্বাচ্চ তথা তত্রৈব তদ্বিহারি শ্রীভগবদ্দিদৃক্ষা বিশেষাচ্চ তত্র সদা নিবাসোঽপি প্রার্থিতঃ। ইত্যূহং। অন্যচ্চ পূর্ব্ববদেব ॥ ১০৩॥

উদূখলে বন্ধনগ্রস্ত হইয়া কুবের পুত্রদ্বয়কে অর্থাৎ নলকূবর ও মণিগ্রীবকে মুক্ত এবং তাহাদিগকে ভক্তিভাজন করিয়াছেন, তদ্রূপ আমাকে স্বীয় প্রেমভক্তি প্রদান করুন, এই প্রেমভক্তিই আমার

নমস্তেঽস্তু দাম্নে স্ফুরদ্দীপ্তিধাম্নে
ত্বদীয়োদরায়াথ বিশ্বস্য ধাম্নে।
নমো রাধিকায়ৈ ত্বদীয়প্রিয়ায়ৈ

এবং স্তুতিং সমাপয়ন্ স্বপ্রার্থিতসিদ্ধয়ে ভক্তিবিশেষেণ বা তদীয়াসাধারণপরিকরাবয়ব-পরিবারাদীনপি প্রত্যেকং পৃথক্ প্রণমতি নমস্তেঽস্ত্বিতি। তে তব দাম্নে উদরবন্ধনমহা-পাশায় নমোঽস্তু। কথম্ভূতায় স্ফুরন্ত্যা দীপ্তেস্তেজসো ধাম্নে আশ্রয়ায়। এবং তস্যাপি ব্রহ্ম-ঘনরূপতাভিপ্রেতা। অথানন্তরং ত্বদীয়ায় উদরায় নমোঽস্তু পাশবন্ধনে তেনৈব সৌন্দর্য্যাদে-র্বাৎসল্যাদের্বাল্যলীলাদেশ্চ বিশেষতঃ প্রকাশনাৎ। কথম্ভূতায় বিশ্বস্য চরাচর প্রপঞ্চ জাতস্য ধাম্নে আধারায়। তত এব চতুর্দ্দশভুবনাত্মককমলোৎপত্তেঃ তত্রৈব চ মাতরং প্রতি বারদ্বয়ং বিশ্বরূপপ্রদর্শনাদিতি দিক্। এবমুদরবন্ধনেন বিশ্বস্যাপি বন্ধনাপত্তেঃ শ্রীযশোদয়া বিশ্বমপি বশীকৃতমিতি ধ্বনিতং। তথা ঈশস্য বন্ধনাসম্ভবেঽপি বন্ধনস্বীকারেণ ভক্তবাৎ-সল্যবিশেষস্তথা বন্ধনেন প্রপঞ্চাসঙ্কোচাবস্থিত্যাদি সমাবেশস্য তর্কাগোচরত্বাদৈশ্বর্য্যবিশেষশ্চ ধ্বনিত ইতি দিক্। দাম নমস্কারানন্তরমুদর নমস্কারশ্চোদরোপরি দাম্নো বর্ত্তমানত্বাৎ। যথোত্তরমুৎকর্ষবিবক্ষয়া বা ইদানীং তদীয়প্রিয়তমজনকৃপয়ৈব বাঞ্ছিতং বাঞ্ছাতীতমপি সর্ব্ব-মেব সুসিদ্ধ্যেদিত্যাশয়েন ভগবতীং শ্রীরাধাং প্রণমতি নম ইতি। তথাচ সর্ব্বা এব গোপিকা উপলক্ষ্যন্তে কিম্বা তাসু মুখ্যতমাত্র সেবৈবোক্তা। রাধিকেতি সর্ব্বদৈব শ্রীভগ-বদারাধনবিশেষাদন্বর্থসংজ্ঞা। অতএব ত্বদীয়প্রিয়েতি। যদ্বা রাধিকেতি রূঢ়িসংজ্ঞা। ততশ্চারাধনাদ্যনপেক্ষয়া সা নিত্যধিয়ৈবেতি। তত্র চ ত্বদীয়া অপি সর্ব্বে জনাঃ প্রিয়াস্ত্বৎ-প্রীত্যা যস্যাঃ কিমুত বক্তব্যং ত্বমিতি। এবং তস্যাস্তস্মিন্ প্রেমবিশেষঃ সূচিতঃ। তস্মৈ নমঃ। যদ্বা ত্বৎপ্রিয়ায়ৈ ইতি। ততশ্চ যস্য ত্বং প্রিয়োঽসি সোঽপি জগদ্বন্দ্যঃ স্যাৎ। এষা চ তবৈব প্রিয়া অতস্তস্যৈ নমোঽস্তু। ততশ্চ তয়া সহ রাসক্রীড়াদিকং পরমস্তুতি-ত্বেনান্তে বর্ণয়িতুমিচ্ছন্ তচ্চ পরমগোপ্যত্বেনানভিব্যঞ্জয়ন্ মধুরেণ সমাপয়েদিতি ন্যায়েন কিঞ্চিদেব সঙ্কেতেনোদ্দিশন্ প্রণমতি। দেবায় লোকোত্তরায়েতি লীলানামপি লোকোত্তর-

আগ্রহ, কিন্তু মোক্ষের প্রতি আমার আগ্রহ নাই ॥ ১০৩ ॥

হে দেব! আপনার তেজোময় উদরবন্ধন রজ্জুতে এবং বিশ্বের আধার স্বরূপ ত্বদীয় উদরে আমার প্রণাম থাকুক। তথা আপনার প্রিয়তমা রাধিকাকে নমস্কার, অপর আপনি অনন্তলীলাশালী ও দেব,

নমোঽনন্তলীলায় দেবায় তুভ্যং ॥ ১০৪ ॥

অথ তত্র কৃষ্ণাষ্টমীকৃত্যং।

পাদ্মে তত্রৈব ॥

গোবর্দ্ধনগিরৌ রম্যে রাধাকুণ্ডং প্রিয়ং হরেঃ।
কার্ত্তিকে বহুলাষ্টম্যাং তত্র স্নাত্বা হরেঃ প্রিয়ঃ।
নরো ভক্তো ভবেদ্বিপ্রাস্তদ্ধি তস্য প্রতোষণং ॥ ১০৫ ॥
যথা রাধা প্রিয়া বিষ্ণোস্তস্যাঃ কুণ্ডং প্রিয়ন্তথা।
সর্ব্বগোপীষু সৈবৈকা বিষ্ণোরত্যন্তবল্লভা ॥ ১০৬ ॥

তাভিপ্রেতা। যদ্বা শ্রীরাধিকয়া সহ নিরন্তরক্রীড়াপরায় অতএবানন্তলীলায় তুভ্যং নম ইতি। এবং গোকুলবিষয়িকা সর্ব্বাপি লীলোদ্দিষ্টা তস্যৈ চ নম ইতি ভাব ইত্যেষা দিক্ ॥ ১০৪ ॥

শ্রীরাধাপ্রাণনাথায় শ্রীমদ্দামোদরায় তে। সর্ব্বং চৈতন্যদেবায় গুরবেঽর্পিতমেব মে। তত্র কুণ্ডে নরঃ স্নাত্বা হরেঃ প্রিয়তমো ভবেৎ। হি যতঃ। তত্র তত্র স্নানং তস্য হরেঃ প্রতোষণং। প্রকর্ষেণ তোষয়তীত্যর্থঃ ॥ ১০৫ ॥

তত্র হেতুমাহ যথেতি ন চ সাধারণপ্রিয়েত্যাহ সর্ব্বাসু গোপীষ্বপি মধ্যে ॥ ১০৬ ॥

আপনাকে নমস্কার ॥ ১০৪ ॥

অথ কার্ত্তিকমাসের কৃষ্ণাষ্টমীকৃত্য ॥

ঐ পদ্মপুরাণের শ্রীনারদশৌনকাদি সম্বাদে ॥

হে বিপ্রগণ! রমণীয় গোবর্দ্ধন পর্ব্বতে শ্রীকৃষ্ণের প্রিয়তম রাধা-কুণ্ড আছে। কার্ত্তিকমাসের কৃষ্ণপক্ষের অষ্টমীতে মনুষ্য তাহাতে স্নান করিলে হরির প্রিয় ভক্তশ্রেষ্ঠ হয়, যে হেতু তাহাতে স্নান করিলে হরিপরিতোষণ হইয়া থাকে ॥ ১০৫ ॥

হে মুনিগণ! যেমন শ্রীরাধা বিষ্ণুর প্রিয়তমা, তদ্রূপ তাঁহার কুণ্ডও প্রিয়তম, কেননা যত যত গোপী আছেন, সেই সকলের মধ্যে এক শ্রীরাধাই শ্রীকৃষ্ণের অতিশয় বল্লভা ॥ ১০৬ ॥

কিঞ্চ তত্রৈব শ্রীরাধিকোপাখ্যানান্তে।

বৃন্দাবনাধিপত্যঞ্চ দত্তং তস্যাঃ প্রতুষ্যতা।
কৃষ্ণেনান্যত্র দেবী তু রাধা বৃন্দাবনে বনে।
তৎকুণ্ডে কার্ত্তিকাষ্টম্যাং স্নাত্বা পূজ্যো জনার্দ্দনঃ।
সুবোধন্যাং যথা প্রীতস্তথা প্রীতস্ততো ভবেৎ ॥ ১০৭ ॥

অথ কৃষ্ণত্রয়োদশীকৃত্যং ॥

পাদ্মে চ তত্রৈব ॥

কার্ত্তিকে কৃষ্ণপক্ষে তু ত্রয়োদশ্যাং নশামুখে।
যমদীপং বহির্দদ্যাদপমৃত্যুর্বিনশ্যতি ॥

তস্যাঃ তস্যৈ শ্রীরাধায়ৈ। অন্যত্র বৃন্দাবনেতরস্থানে সা দেবী লক্ষ্যাদিরূপা বৃন্দাবনাখ্যে চ বনে রাধৈব স্বয়ং স্বনামাদিনৈব প্রসিদ্ধেত্যর্থঃ। সুবোধন্যাং উত্থানৈকাদশ্যাং এতচ্চাগ্রে তৎপ্রসঙ্গে ব্যক্তং ভাবি ॥ ১০৭ ॥

আরও ঐ পদ্মপুরাণেই শ্রীরাধিকার
উপাখ্যানের অন্তে ॥

শ্রীকৃষ্ণ শ্রীরাধার প্রতি পরিতুষ্ট হইয়া তাঁহাকে বৃন্দাবনের আধিপত্য প্রদান করিয়াছেন, এজন্য শ্রীরাধা অন্য স্থানে লক্ষ্মীরূপে থাকেন এবং বৃন্দাবনে স্বয়ং রাধারূপে অবস্থিত আছেন। কর্ত্তিকমাসের কৃষ্ণাষ্টমীতে স্নান করিয়া জনার্দ্দনকে পূজা করিলে উত্থান একাদশীতে তিনি পূজিত হইয়া যেমন প্রীত হয়েন, ইহাতেও তদ্রূপ প্রীত হইয়াথাকেন ॥ ১০৭ ॥

অথ কৃষ্ণা ত্রয়োদশী কৃত্য ॥

পদ্মপুরাণের সেই স্থানেই ॥

কার্ত্তিকমাসের ত্রয়োদশীর সন্ধ্যাকালে গৃহের বহির্ভাগে যমদীপ প্রদান করিলে অপমৃত্যু বিনষ্ট হয় ॥

তত্র মন্ত্রঃ ॥

মৃত্যুনা পাশদণ্ডাভ্যাং কালঃ শ্যামলয়া সহ।
ত্রয়োদশ্যাং দীপদানাৎ সূর্য্যজঃ প্রীয়তামিতি ॥ ১০৮ ॥

অথ কৃষ্ণচতুর্দ্দশীকৃত্যং ॥

তত্রৈব ॥

চতুর্দ্দশ্যাং ধর্ম্মরাজপূজা কার্য্যা প্রযত্নতঃ।
স্নানমাবশ্যকং কার্য্যং নরৈর্নরকভীরুভিঃ ॥
অরুণোদয়তোঽন্যত্র রিক্তায়াং স্নাতি যো নরঃ।
তস্যাব্দিকভবো ধর্ম্মো নশ্যত্যেব ন সংশয়ঃ ॥

স্কান্দে চ তত্রৈব ॥

কার্ত্তিকে কৃষ্ণপক্ষে তু চতুর্দ্দশ্যাং বিধূদয়ে।

---

নিশামুখে প্রদোষে ॥ ১০৮ ॥

চতুর্দ্দশ্যাং স্নানং চারুণোদয়ে সত্যেব কার্য্যং নিত্যত্বাদিত্যাহ অরুণেতি ॥ ১০৯ ॥

---

তদ্বিষয়ে মন্ত্র যথা ॥

মৃত্যু, পাশ দণ্ড ও শ্যামলার সহিত সূর্য্যপুত্র কাল ত্রয়োদশীতে দীপদান হেতু প্রীত হউন ॥ ২০৮ ॥

অথ কৃষ্ণচতুর্দ্দশীকৃত্য ॥

ঐ স্থানেই ॥

যাঁহারা নরকভয়ে ভীত হইয়াছেন, তাঁহাদের চতুর্দ্দশীতে ধর্ম্মরাজের পূজা এবং স্নান করা কর্ত্তব্য ॥

যে মনুষ্য অরুণোদয় ভিন্ন রিক্তায় অর্থাৎ চতুর্দ্দশীতে স্নান করে, তাহার এক বৎসরের ধর্ম্ম বিনষ্ট হইবে, হইাতে সংশয় নাই ॥

স্কন্ধপুরাণেও সেই স্থলে ॥

কার্ত্তিকমাসে কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীতে চন্দ্রের উদয় হইলে নরক-

অবশ্যমেব কর্ত্তব্যং স্নানং নরকভীরুভিঃ ॥ ১০৯ ॥
কিঞ্চ পাদ্মে তত্রৈব।
ততশ্চ তর্পণং কার্য্যং ধর্ম্মরাজস্য নামভিঃ।
জীবৎপিতা ন কুর্ব্বীত তর্পণং যমভীষ্ময়োঃ ॥ ১১০ ॥
যজ্ঞোপবীতিনা কার্য্যং প্রাচীনাবীতিনা তথা।
দেবত্বঞ্চ পিতৃত্বঞ্চ যমস্যাস্তি দ্বিরূপতা ॥ ১১১ ॥
নক্তং যমচতুর্দ্দশ্যাং যঃ কুর্য্যাচ্ছিবসন্নিধৌ।
ন তৎ ক্রতুশতেনাপি প্রাপ্যতে পুণ্যমীদৃশং ॥ ১১২ ॥
কুমারী বটুকান্ পূজ্য তথা শৈব তপোধনান্।

চতুর্দ্দশীকৃত্যমন্যদপি লিখতি ততশ্চেতি ষড়্ভিঃ নামভিঃ যমায় ধর্ম্মরাজায়েত্যাদি-নোক্তৈঃ ॥ ১১০ ॥
দ্বিরূপতা দেবরূপতা পিতৃরূপতা চ ॥ ১১১ ॥
নক্তং নক্তং ভোজনব্রতং ॥ ১১২ ॥

ভীরু ব্যক্তির অবশ্য স্নান করা কর্ত্তব্য ॥ ১০৯ ॥

আরও পদ্মপুরাণের সেই স্থানেই ॥

তদনন্তর ধর্ম্মরাজের "যমায় ধর্ম্মরাজায়" ইত্যাদি নামোল্লেখ পূর্ব্বক তর্পণ করিবে, কিন্তু যাহার পিতা জীবিত আছে সে যম ও ভীষ্মের তর্পণ করিবে না ॥ ১১০ ॥

যমতর্পণ করিতে হইলে যজ্ঞোপবীতী এবং প্রাচীনাবীতি অর্থাৎ বাম কর বহিষ্কৃত করিয়া দক্ষিণস্কন্ধার্পিত যজ্ঞসূত্র হইয়া করিবে, যে হেতু যমের দেবত্ব ও পিতৃত্ব দুই রূপই আছে ॥ ১১১ ॥

যে ব্যক্তি যমচতুর্দ্দশীতে শিবসন্নিধানে নক্তভোজন ব্রত করে, শত শত যজ্ঞ করিলেও তৎসদৃশ পুণ্য প্রাপ্ত হয় না ॥ ১১২ ॥

কুমারী, বালক তথা শিবভক্ত তাপস এই সকলকে পূজা করিলে

রাজসূয়ফলং তেন প্রাপ্যতে নাত্র সংশয়ঃ ॥ ১১৩ ॥
কার্ত্তিকে ভৌমবারেণ চিত্রা কৃষ্ণা চতুর্দ্দশী ।
তস্যাং ভূতেশমভ্যর্চ্চ্য গচ্ছেচ্ছিবপুরং নরঃ ॥
কিঞ্চ ॥
অমাবস্যাচতুর্দ্দশ্যোঃ প্রদোষে দীপদানতঃ ।
যমমার্গান্ধকারেভ্যোমুচ্যতে কার্ত্তিকে নরঃ ॥
অথামাবস্যাকৃত্যং ॥
পাদ্মে তত্রৈব ॥
দিবা তত্র ন ভোক্তব্যং বিনা বালাতুরান্ জনান্ ।
প্রদোষসময়ে লক্ষ্মীং পূজয়েচ্চ যথাক্রমং ॥ ১১৪ ॥
কিঞ্চ ॥
প্রদোষসময়ে বিপ্রাঃ কর্ত্তব্যা দীপমালিকাঃ ।

পূজ্য পূজয়িত্বা ॥ ১১৩ ॥
তত্র অমাবাস্যায়াং ॥ ১১৪ ॥

তাহাতে রাজসূয় যজ্ঞের ফল প্রাপ্তি হয়, ইহাতে সংশয় নাই ॥ ১১৩ ॥

কার্ত্তিকমাসে মঙ্গলবারে যে চতুর্দ্দশী হয়, তাহা অতি আশ্চর্য্য, তাহাতে ভূতেশ্বর শিবের অর্চ্চনা করিলে মনুষ্য শিবপুরে গমন করে ॥

আরও ॥

কার্ত্তিকমাসে অমাবস্যা ও চতুর্দ্দশীর প্রদোষে দীপদান করিলে যমমার্গে অন্ধকারসমূহ হইতে মনুষ্য মুক্তি প্রাপ্ত হয় ॥

অথ অমাবস্যাকৃত্য ॥

পদ্মপুরাণের সেই নারদ ও শৌনকাদি সম্বাদে ॥

বালক ও আতুর ব্যতিরেকে অমাবস্যার দিবায় ভোজন করিবে না, প্রদোষ সময়ে যথাক্রমে লক্ষ্মীর পূজা করিবে ॥ ১১৪ ॥

হে বিপ্রগণ ! প্রদোষ সময়ে দীপমালা প্রদান করিবে, দীপদানের

দীপদানাত্ততঃ পশ্চাল্লক্ষ্মীং সুপ্তাং প্রবোধয়েৎ ॥ ১১৫ ॥
ত্বং জ্যোতিঃ শ্রীরবিশ্চন্দ্রো বিদ্যুৎসৌবর্ণতারকাঃ।
সর্ব্বেষাং জ্যোতিষাং জ্যোতির্দীপজ্যোতিঃস্থিতে নমঃ॥১১৬॥
মন্ত্রেণানেন কমলাং দীপহস্তাঃ স্ত্রিয়ো দ্বিজাঃ।
দেবীং প্রবোধয়েয়ুশ্চ ততঃ কুর্য্যুশ্চ ভোজনং।
প্রদোষসময়ে লক্ষ্মীং ভোজয়িত্বা ভুনক্তি যঃ।
পুমান্ সম্বৎসরং যাবল্লক্ষ্মীস্তং নৈব মুঞ্চতি ॥
অথামাবস্যানির্ণয়ঃ ॥
যথা নির্ণয়ামৃতে ॥
উপবাসাদিষ্বমাবাস্যা প্রতিপদযুতা গ্রাহ্যা তদুক্তং।

হে বিপ্রাঃ ॥ ১১৫ ॥
বিদ্যুচ্চ সৌবর্ণঞ্চ সুবর্ণজাতং তারকাশ্চ ॥ ১১৬ ॥

পর পশ্চাৎ সুপ্তা লক্ষ্মীকে চেতন করাইবে ॥ ১১৫ ॥

মন্ত্র যথা ॥

তুমি জ্যোতিঃ, তুমি শ্রী, তুমি সূর্য্য, তুমি চন্দ্র, তুমি বিদ্যুৎ, তুমি সুবর্ণ, তুমি তারকা এবং যত জ্যোতিঃ আছে, তৎসমুদায়ের তুমি জ্যোতিঃ ও তুমি দীপ-জ্যোতিতে অবস্থিত, তোমাকে নমস্কার ॥১১৬॥

হে বিপ্রবৃন্দ! এই মন্ত্র দ্বারা স্ত্রী সকল হস্তে দীপ গ্রহণ করিয়া দেবী কমলাকে চেতন করাইবে। তদনন্তর ভোজন করিবে ॥

যে পুরুষ সন্ধ্যাকালে লক্ষ্মীকে ভোজন করাইয়া ভোজন করে, লক্ষ্মী সম্বৎসরকাল তাহাকে পরিত্যাগ করেন না ॥

অথ অমাবস্যা নির্ণয় ॥

নির্ণয়ামৃতে যথা ॥

উপবাসাদি সকলে প্রতিপৎযুক্ত অমাবস্যা গ্রহণ করিবে ॥

এই বিষয়ের বচন যথা ॥

অমাবাস্যা তৃতীয়া চ তা উপাস্যাঃ পরান্বিতা। ইতি ॥
চতুর্দ্দশী বিদ্ধা নিষেধশ্চ নিগমে ॥
ভূতবিদ্ধা ত্বমাবাস্যা নিষ্ফলং স্যাত্রয়স্ত্বিদমিতি।
ক্বচিৎ স্কান্দেঽপি ভূতবিদ্ধা ত্বমাবাস্যা ন গ্রাহ্যা মুনিপুঙ্গবৈরিতি ॥
অথ শুক্লপ্রতিপৎ স্কান্দে ॥
প্রাতর্গোবর্দ্ধনং পূজ্য দ্যূতঞ্চৈব সমাচরেৎ।
ভূষণীয়াস্তথা গাবঃ পূজ্যাশ্চ দোহবাহনাঃ ॥ ১১৭ ॥
শ্রীকৃষ্ণদাসবর্য্যোঽয়ং শ্রীগোবর্দ্ধনভূধরঃ।
শুক্লপ্রতিপদি প্রাতঃ কার্ত্তিকেঽর্চ্চ্যোঽত্র বৈষ্ণবৈঃ।

দোহো দোহনপাত্রাদিঃ বাহনঞ্চ শকটাদি তৎসহিতা ইত্যর্থঃ। যদ্বা ন বিদ্যতে দোহো দোহনং বাহনং চ যাসাং তাঃ তস্মিন্ দিনে গাবো ন দোহ্যা বৃষাশ্চ ন বাহ্যা ইত্যর্থঃ। পাঠান্তরেঽপি তথৈবার্থঃ ॥ ১১৭ ॥

অমাবস্যা ও তৃতীয়া পরান্বিত অর্থাৎ পর তিথির সহিত সংযুক্ত হইলে তাহাতে উপবাস করিবে ॥

চতুর্দ্দশী বিদ্ধা অমাবস্যা নিষেধ ॥

নিগমে যথা ॥

চতুর্দ্দশী বিদ্ধা অমাবাস্যা এই তিনটী নিষ্ফল হয় ॥

ক্বচিৎ স্কন্দপুরাণেও ॥

মুনিশ্রেষ্ঠ সকল চতুর্দ্দশী বিদ্ধা অমাবাস্যা গ্রহণ করিবেন না ॥

অথ শুক্লপ্রতিপৎকৃত্য ॥

স্কন্দপুরাণে যথা ॥

প্রাতঃকালে গোবর্দ্ধনপূজা করিয়া দ্যূতক্রীড়া করিবে, তথা গো-সকলকে বিভূষিত ও দোহ বাহন সমুদায় পূজা করিবে ॥

এই গোবর্দ্ধনভূধর শ্রীকৃষ্ণদাস সকলের মধ্যে শ্রেষ্ঠ। বৈষ্ণবগণ

প্রাতর্গোবর্দ্ধনং পূজ্য রাত্রৌ জাগরণং চরেদিতি ক্বচিৎ পাঠঃ ॥

তস্মাত্তদিদং কর্ম্ম গোবর্দ্ধনপ্রাধান্যেন গোপ্রাধান্যেন চ খ্যাতমপ্যেব জ্ঞেয়ং ॥

তত্র দিননির্ণয়ঃ ॥

যদাহ দেবলঃ ॥

প্রতিপদ্দর্শসংযোগে ক্রীড়নন্তু গবাং মতং।
পরবিদ্ধান্তু যঃ কুর্য্যাৎ পুত্রদারধনক্ষয়ঃ ॥
নির্ণয়ামৃতধৃতং পুরাণান্তরবচনং ॥
যা কুহূঃ প্রতিপন্মিশ্রা তত্র গাঃ পূজয়েন্নৃপ।
পূজামাত্রেণ বর্দ্ধন্তে প্রজাগাবো মহীপতিঃ ॥
ততঃ প্রাতর্গোবর্দ্ধনং পূজ্যেতি পূর্ব্বাহ্নতাৎপর্য্যকং ॥

কার্ত্তিকমাসে শুক্লপ্রতিপদের প্রাতে গোবর্দ্ধনের পূজা করিবে অথবা প্রাতঃকালে গোবর্দ্ধনপূজা করিয়া রাত্রিতে জাগরণ করিবে। এইরূপ পাঠ কোন স্থানে আছে ॥

অতএব এই কর্ম্ম গোবর্দ্ধন ও গো প্রাধান্যরূপে খ্যাত, ইহাই জানিতে হইবে ॥

গোবর্দ্ধনপূজাবিষয়ে দিননির্ণয় ॥

দেবলবচন যথা ॥

প্রতিপৎ ও অমাবাস্যার সংযোগ যে দিনে হইবে, সেই দিনেই গোসকলের ক্রীড়াই সম্মত, যিনি দ্বিতীয়া সংযুক্ত প্রতিপৎ তিথিতে গোক্রীড়া করেন, তাঁহার পুত্র, কলত্র ও ধনের ক্ষয় হয় ॥

নির্ণয়ামৃতধৃত পুরাণান্তর বচন যথা ॥

হে নৃপ! যে অমাবাস্যা প্রতিপৎযুক্তা হইবে, তাহাতেই গোসকলের পূজা করিবে, পূজামাত্রে প্রজা সকল, গোগণ ও রাজা বৃদ্ধি প্রাপ্ত হয়েন ॥

অতএব প্রাতঃ শব্দ পূর্ব্বাহ্নে তাৎপর্য্য অর্থাৎ অমাবাস্যাতেই পূজা করিবে, দ্বিতীয়া বিদ্ধা প্রতিপদে পূজা করিবে না ॥

দ্বিতীয়াসময়ে তু সর্ব্বথা নিষিদ্ধং ॥
তদ্যথা ॥
নন্দায়াং দর্শনে রক্ষা * বলিদানং দশাসু চ § ।
ভদ্রায়াং গোকুলক্রীড়া দেশনাশায় জায়তে ।
পুরাণসমুচ্চয়ে তু সম্ভাবিত চন্দ্রোদয়
দ্বিতীয়াসংযোগ এব নিষিধ্যতে ।
গবাং ক্রীড়া দিনে যত্র রাত্রৌ দৃশ্যেত চন্দ্রমাঃ ।

দ্বিতীয়া সময়ে সর্ব্বথা গোক্রীড়া নিষিদ্ধ অর্থাৎ দ্বিতীয়ায় গোক্রীড়া করিবে না ॥

এই বিষয়ের বচন যথা ॥

নন্দায় দর্শনে অর্থাৎ প্রতিপদে পৌর্ণমাস্যুক্ত রক্ষাবন্ধনে এবং দশাসু অর্থাৎ দশমী তিথিতে বলিদান, আর ভদ্রাতে অর্থাৎ দ্বিতীয়ায় গোসমূহের ক্রীড়া করা হইলে দেশের নাশ হয় ॥

পুরাণসমুচ্চয়েতেও যে দ্বিতীয়ায় চন্দ্রোদয় সম্ভাবনা হইবে, সেই দ্বিতীয়ার যদি প্রতিপদে সংযোগ হয়, তবে সেই প্রতিপদে গোক্রীড়া নিষেধ করিয়াছেন, যথা ॥

যে দিবস গোক্রীড়া করা যায়, সেই দিবস রাত্রিতে যদি চন্দ্র দৃষ্ট হয়েন, তাহা হইলে সোমরাজা চন্দ্র পশু সকল বিনষ্ট করেন এবং

* শ্রাবণী পৌর্ণমাস্যাং রক্ষাবন্ধনপ্রমাণমাহ ব্রতরাজগ্রন্থধৃত ভবিষ্যপুরাণং তত্র ইন্দ্রং প্রতি শচীবাক্যং অদ্য ভূতদিনং দেব প্রাতঃ পর্ব্ব ভবিষ্যতি। অহং রক্ষাং বিধাস্যামি যেনাজেয়ো ভবিষ্যসি। ইত্যুক্ত্বা পৌর্ণমাস্যাং সা পৌলমী কৃতমঙ্গলা। ববন্ধ দক্ষিণে পাণৌ রক্ষাপোটলিকাং ততঃ। ইত্যারভ্য উক্তগ্রন্থে রক্ষাবন্ধনপ্রমাণানি বহূনি সন্তি বিস্তরভয়াদুপেক্ষিতানীতি ॥

§ দশাশব্দস্য দশমী পরত্বমাহ তিথ্যাদিতত্ত্বধৃত ভবিষ্যপুরাণং। একাদশী দশাবিদ্ধেত্যাদিকং। তত্র বলিদানে দোষমাহ দুর্গোৎসবতত্ত্বধৃত ভবিষ্যপুরাণং। দশম্যাং দীয়তে যত্র বলিদানন্তু মানবৈঃ। তদ্রাষ্ট্রনাশমায়াতি মরকোপদ্রবৈঃ স্ফুটমিতি ॥

সোমো রাজা পশূন্ হন্তি সুরভীপূজকাংস্তথা ॥
তদুদয়সম্ভাবনাঞ্চ নির্ণয়ামৃতে নির্ণীতং ॥
প্রতিপদ্যাপরাহ্নিকত্রিমুহূর্ত্তব্যাপিন্যাং দ্বিতীয়ায়াং
চন্দ্রদর্শনং সম্ভাব্যতে তদুক্তমগ্ন্যাধানবিষয়ে ॥
বৃদ্ধশাতাতপেন ॥
দ্বিতীয়া ত্রিমুহূর্ত্তা চেৎ প্রতিপদ্যাপরাহ্নিকী ॥
* অগ্ন্যাধানঞ্চতুর্দ্দশ্যাং পরতঃ সোমদর্শনাদিতি ॥
অপরাহ্নশ্চ পঞ্চধা বিভক্তস্যাহ্নশ্চতুর্থো ভাগঃ ॥

যাহারা যাহারা গোপূজা করে, তাহাদিগকেও বিনষ্ট করিয়া থাকেন ॥

চন্দ্রোদয়সম্ভাবনা নির্ণয়ামৃতে
নির্ণীত হইয়াছে যথা ॥

যে প্রতিপদ্দিবসে অপরাহ্নকাল অবধি করিয়া দ্বিতীয়া ত্রিমুহূর্ত্ত-কালব্যাপিনী হয়, সেই দ্বিতীয়ায় চন্দ্রোদয়ের সম্ভাবনা হইয়া থাকে ॥

এই প্রকরণে অগ্ন্যাধানবিষয়ে বৃদ্ধ
শাতাতপ বলিয়াছেন যথা ॥

প্রতিপদ্দিবসে অপরাহ্নে ত্রিমুহূর্ত্ত অর্থাৎ ছয়দণ্ড ব্যাপিনী দ্বিতীয়া হইলে চন্দ্রোদয় সম্ভাবনা হয়, এপ্রযুক্ত অমাবাস্যা ও পূর্ণিমোক্ত অগ্ন্যা-ধান চতুর্দ্দশীতে হইবে ॥

অপরাহ্ন যথা ॥

দিবসকে পাঁচভাগে বিভক্ত করিয়া চারিভাগের ভাগকে অপরাহ্ন

* পৌর্ণমাস্যামগ্ন্যাধানপ্রমাণমাহ মলমাসতত্ত্বধৃতা শ্রুতিঃ। দ্বে হ বৈ পৌর্ণমাস্যৌ দ্বেঽমাবাস্যে। পৌর্ণমাস্যৌ পূর্ণিমা প্রতিপদৌ। অমাবস্যা প্রতিপদৌ। শাতপথ-ব্রাহ্মণেঽপি পূর্ব্বেদ্যুরগ্নিং গৃহ্নাতি উত্তরমহর্দেবতা যজতি। পক্ষান্তা উপবস্তব্যাঃ পক্ষাদয়োঽভি-যষ্টব্যাঃ। তত্রোপবাসো নাহোরাত্রভোজনপরং কিন্তু কৃতেঽগ্ন্যাধানে দেবা যজমানস্য সমীপমুপবসন্তীত্যুপবাসশব্দেনাগ্ন্যাধানমুচ্যতে ইত্যাদি মলমাসতত্ত্বং ॥

তত*চ যত্র প্রতিপদি ষণ্মুহূর্ত্তব্যাপিনী
দ্বিতীয়া তত্র চন্দ্রদর্শনসম্ভাবনমিতি।
অন্যদা তু পুরৈব প্রতিপত্তত্র গৃহীতা।
তথৈব পুরাণসমুচ্চয়ে ॥
বর্দ্ধমানতিথৌ নন্দা যদা সার্দ্ধত্রিযামিকা।
দ্বিতীয়া বৃদ্ধিগামিত্বাদুত্তরা তত্র চোচ্যতে ॥
কিঞ্চ ॥
যদা পূর্ণপ্রতিপৎ পরত্র নিষ্ক্রামতি তদাপ্যুত্তরৈব কার্য্যা ॥
যথোক্তং ভবিষ্যোত্তরে ॥
যথা দ্বাদশভির্মাসৈর্মাসো বৃদ্ধো মলিম্লুচঃ ॥
তথৈবাহো রাত্রিবৃদ্ধ্যা তিথিঃ প্রোক্তো মলিম্লুচঃ ॥

বলে অর্থাৎ দিবস ত্রিশদণ্ড, পাঁচভাগে বিভক্ত করিলে একভাগে ছয়দণ্ড হয়, ইহার চতুর্থভাগের ভাগ আঠার দণ্ডের পর ছয়দণ্ড এই কালকে অপরাহ্ন বলে ॥

অতএব যে প্রতিপদ্ দিবসে আঠার দণ্ডের পর বার দণ্ডব্যাপিনী দ্বিতীয়া হয় অর্থাৎ আঠার দণ্ডের পর দ্বিতীয়া প্রবৃত্ত হইলে সেই দ্বিতীয়ায় চন্দ্রোদয়ের সম্ভাবনা হইবে ॥

এই প্রকারই পুরাণসমুচ্চয়ে বলিয়াছেন ॥

তিথির বৃদ্ধিকালে যে প্রতিপৎ সাড়েতিনপ্রহর অর্থাৎ সওয়া ছাব্বিশ দণ্ড থাকিবে এবং দ্বিতীয়া যদি বৃদ্ধিগামিনী হয়, তাহা হইলে পর প্রতিপৎ গ্রহণ করিবে ॥

আরও ॥

যখন পূর্ণপ্রতিপৎ পর দিবসকে আক্রমণ করে অর্থাৎ বৃদ্ধি প্রাপ্ত হইয়া পর দিনে অবস্থিতি করে, তখন পর প্রতিপদই গ্রহণ করিবে ॥

এই বিষয়ের প্রমাণ ভবিষ্যোত্তরে যথা ॥

যেমন দ্বাদশমাস দ্বারা একমাস বৃদ্ধি হইয়া একমাস মলমাস হয়, তদ্রূপ অহোরাত্রির বৃদ্ধিতে তিথি মলযুক্ত হয় ॥

যথা মলিম্লুচঃ পূর্ব্বো মাসো দৈবস্তথা পরঃ।
ত্যাজ্যা তিথিস্তথা পূর্ণা গ্রাহ্যা চৈব তথোত্তরেতি ॥
নির্ণয়ামৃতমতং ॥
কিন্তু বঞ্জুলীন্যায়েন পূর্ব্বৈব মন্তুং শক্যতে।
তদ্বদত্রাপি দেবলাদিবচনপ্রামাণ্যমস্তীতি ॥ ১১৮ ॥
অথ গোবর্দ্ধনপূজাবিধিঃ ॥
পাদ্মে তত্রৈব ॥
মথুরায়াস্তথান্যত্র কৃত্বা গোবর্দ্ধনং গিরিং।
গোময়েন মহাস্থূলং তত্র পূজ্যো গিরির্যথা ॥ ১১৯ ॥
মথুরায়াং তথা সাক্ষাৎ কৃত্বা চৈব প্রাদক্ষিণং ॥

শ্রীগোবর্দ্ধন পূজা চ শুক্ল প্রতিপৎ প্রভাতে বৈষ্ণবৈরবশ্যং কার্য্যেতি লিখতি শ্রীকৃষ্ণেতি হন্তায়মদ্রিরবলা হরিদাসবর্য্য ইত্যাদ্যুক্তেঃ ॥ ১১৮ ॥
মথুরায়াঃ অন্যত্র মথুরামণ্ডল ব্যতিরিক্তদেশে যথা যথাবৎ ॥ ১১৯ ॥

যেমন পূর্ব্ব মলমাস ত্যাগযোগ্য, তৎপর মাস পবিত্র, তেমনি পূর্ব্ব পূর্ণতিথি পরিত্যাগ করিয়া পর তিথি গ্রহণ করিবে, নির্ণয়ামৃতে এই ব্যবস্থা করিয়াছেন ॥

কিন্তু যেমন বঞ্জুলীব্রতের ন্যায় পূর্ব্ব গ্রহণ করা যায়, তদ্রূপ এস্থলে দেবলাদি বচনের প্রামাণ্য আছে ॥ ১১৮ ॥

অথ গোবর্দ্ধনপূজাবিধি ॥

পদ্মপুরাণের সেই ব্রহ্ম নারদসম্বাদে ॥

মথুরামণ্ডল ব্যতিরিক্ত দেশে গোময় দ্বারা মহাস্থূল পর্ব্বত নির্ম্মাণ করিয়া যেমন গোবর্দ্ধনকে পূজা করা যায়, তদ্রূপ তাহাতে গোবর্দ্ধনের পূজা করিবে ॥ ১১৯ ॥

মথুরায় সাক্ষাৎ গোবর্দ্ধনের পূজা করিয়া তাঁহাকে প্রদক্ষিণ করিলে

বৈষ্ণবং ধাম সংপ্রাপ্য মোদতে হরিসন্নিধৌ ॥ ১২০ ॥

পূজামন্ত্রঃ ॥

গোবর্দ্ধনধরাধার গোকুল ত্রাণকারক।

বিষ্ণুবাহুকৃতোচ্ছ্রায়ো গবাং কোটিপ্রদো ভব ইতি ॥

গোপূজামন্ত্রঃ।

স্কান্দে তত্রৈব ॥

লক্ষ্মীর্যা লোকপালানাং ধেনুরূপেণ সংস্থিতা।

ঘৃতং বহতি যজ্ঞার্থে যমপাশং ব্যপোহতু।

অগ্রতঃ সন্তু মে গাবো গাবো মে সন্তু পৃষ্ঠতঃ।

গাবো মে পার্শ্বতঃ সন্তু গবাং মধ্যে বসাম্যহমিতি ॥

---

সাক্ষাৎ পূজয়িত্বেতি শেষঃ ॥ ১২০ ॥

---

বৈষ্ণব ধাম প্রাপ্ত হইয়া বিষ্ণুর সন্নিধানে আমোদিত হয় ॥ ১২০ ॥

শ্রীগোবর্দ্ধন পূজার মন্ত্র ॥

হে গোবর্দ্ধন! হে ধরাধার! হে গোকুলত্রাণকারক! তুমি বিষ্ণুর বাহু দ্বারা উচ্চীকৃত হইয়াছিলে, অতএব কোটি গো প্রদান কর ॥

গোপূজা মন্ত্র ॥

স্কন্দপুরাণের সেই প্রকরণে ॥

যিনি লোকপাল সকলের লক্ষ্মী ধেনুরূপে অবস্থিতি করিতেছেন এবং যজ্ঞের ঘৃত বহন করিতেছেন, তিনি যমপাশকে ছেদন করুন ॥

আমার অগ্রে গো সকল অবস্থিতি করুন, আমার পৃষ্ঠদেশে গো সকল অবস্থিতি করুন এবং আমার পার্শ্বদেশে গো সকল অবস্থিতি করুন, আমি গো সকলের মধ্যে বাস করি ॥

অথ গোক্রীড়া তত্রৈব।

ক্রোধাপয়েদ্ধাবয়েচ্চ গোমহিষ্যাদিকং ততঃ।

বৃষান্ কর্ষাপয়েদ্গোপৈরুক্তিপ্রত্যুক্তিবাদনাৎ ॥ ১২১ ॥

পাদ্মে চ তত্রৈব ॥

মহিষ্যাদেস্তথা ভূষা ক্রীড়নং রাবণন্তথা ॥ ১২২ ॥

তন্মাহাত্ম্যঞ্চ তত্রৈব ॥

এবং গোবর্দ্ধনং গাশ্চ পূজনীয়া বিধানতঃ।

গোবর্দ্ধনমখো রম্যঃ কৃষ্ণসন্তোষকারকঃ ॥ ১২৩ ॥

অথ শ্রীবলিদৈত্যরাজপূজা ॥

লিখিত্বা শ্রীবলিং পট্টে বিন্ধ্যাবল্যান্বিতং মুদা।

ক্রোধাপয়েদিত্যার্ষং ক্রোধং কারয়েদিত্যর্থঃ। গোপৈঃ কৃত্বা কর্ষাপয়েৎ আকর্ষয়েৎ॥১২১

ক্রীড়নং আকর্ষাদি ক্রীড়াং কারয়েদিত্যর্থঃ। রাবণং রবং কারয়েদিত্যর্থঃ ॥ ১২২ ॥

গা গাবঃ ॥ ১২৩ ॥

তস্যা গোবর্দ্ধনাদ্রিপূজাসম্বন্ধিন্যাঃ শুক্লায়াঃ প্রতিপত্তিথেঃ প্রদোষে। যতো ভগবতো

অথ গোক্রীড়া সেই স্কন্দপুরাণেই ॥

তদনন্তর গোমহিষ্যাদিকে পরস্পর ক্রোধাবিষ্ট করাইবে, ধাবিত করাইবে এবং উক্তি প্রত্যুক্তি বাক্য প্রয়োগ তথা বাদ্য করিয়া গোপদিগের দ্বারা আকর্ষণ করাইবে॥ ১২১ ॥

পদ্মপুরাণের সেই স্থানে ॥

তদ্রূপ মহিষ্যাদির ভূষণ ও আকর্ষণাদি ক্রীড়া এবং শব্দ করাইবে ॥ ১২২ ॥

এই বিষয়ের মহিমা সেই পদ্মপুরাণেই ॥

যথাবিধি এই প্রকার গোবর্দ্ধন ও গোসকলের পূজা করিবে, ইহার নাম গোবর্দ্ধনযজ্ঞ, ইহা রমণীয় ও শ্রীকৃষ্ণের সন্তোষকারক ॥ ১২৩ ॥

অথ বলিদৈত্যরাজপূজা ॥

গোবর্দ্ধন পর্ব্বত পূজাসম্বন্ধি প্রতিপৎ তিথির সন্ধ্যাকালে বিন্ধ্যা-

প্রদোষে তৎপ্রতিপদো ভগবদ্ভক্তমর্চ্চয়েৎ ॥ ১২৪ ॥
তথাচ স্কান্দে ॥
বলিমালিখ্য দৈত্যেন্দ্রং বর্ণকৈঃ পঞ্চরঙ্গকৈঃ।
সর্ব্বাভরণসম্পূর্ণং বিন্ধ্যাবল্যা সহাসিতং ॥ ১২৫ ॥
কুষ্মাণ্ড ময় জম্ভোরু মুরুদানবসংবৃতং।
সম্পূর্ণহৃষ্টবদনং কিরীটোৎকটকুণ্ডলং ॥
দ্বিভুজং দৈত্যরাজানং কারয়িত্বার্চ্চয়েন্নৃপ ॥ ১২৬ ॥
তৎপূজাকারণং ॥
পাদ্মে তত্রৈব ॥
যথার্পিতং দেহমনেন বিষ্ণবে ভীতেন মিথ্যাবচসো মহাত্মনা।

ভক্তং ॥ ১২৪ ॥
আসিতং আসীনং ॥ ১২৫ ॥
নৃপ ইত্যনেন এতচ্চ রাজকৃত্যমিতি বোধিতং স্বয়মিতি পাঠে চ সর্ব্বোজনঃ স্বয়মেব নত্বন্যহস্তেনার্চ্চয়েদিত্যর্থঃ ॥ ১২৬ ॥

বলীসমন্বিত ভগবদ্ভক্ত শ্রীবলিকে পট্টে লিখিয়া আনন্দসহকারে পূজা করিবে ॥ ১২৪ ॥

এই বিষয় স্কন্দপুরাণে যথা ॥

হে রাজন্! বিন্ধ্যাবলীর সহিত একাসনে উপবিষ্ট নানালঙ্কার-বিভূষিত দৈত্যেন্দ্র বলিকে পঞ্চরঙ্গ বর্ণ দ্বারা পট্টে লিখিয়া ॥ ১২৫ ॥

কুষ্মাণ্ড, ময়, জম্ভ, উরু ও মুরুদানবে সংবৃত এবং সম্পূর্ণ হৃষ্টবদন, কীরীট, উৎকট কুণ্ডল ও দ্বিভুজ, দৈত্যরাজমূর্ত্তি করিয়া অর্চ্চনা করিবে ॥ ১২৬ ॥

বলির পূজাকারণ ॥

পদ্মপুরাণের সেই স্থানেই যথা ॥

এই মহাত্মা বলি যেমন মিথ্যা বাক্যের ভয়ে বিষ্ণুকে দেহ সমর্পণ

দৈত্যেন তেনাথ কঠোরচেষ্টয়া বদ্ধো বলির্বামনমূর্ত্তিনা বত।
বদ্ধা নীতোঽথ পাতালং বিমনাঃ খিন্নমানসঃ।
নাভ্যসূয়দ্ধরিং দৈত্যস্ত্যক্ত্বাহং মমতে সুধীঃ॥
তদোবাচ হরিঃ প্রীতস্তস্মৈ দৈত্যায় ভাগকৃৎ॥
অশ্রোত্রিয়ে দত্তমমন্ত্রকং হুতং
জপ্তং তথা ব্যগ্রধিয়া জনেন যৎ।
তথোর্জ্জশুক্লপ্রতিপদ্দিনে ন তু
ত্বামর্চ্চয়েত্তৎসুকৃতং তবাস্তু॥ ১২৭॥
ইতি তস্মৈ বরো দত্তো হরিণা দিতিজায় চ।
ততোঽবশ্যং প্রপূজ্যোঽসৌ বলিরাজদিনে মুদা।

যস্ত্বাং নার্চ্চয়েত্তস্য যাবৎ সুকৃতং তৎসর্ব্বং তবাস্ত॥ ১২৭॥

এবং শ্রীভগবদাজ্ঞয়াবশ্যং পূজ্য এব। কৃষ্ণসমীপবর্ত্তিত্বাচ্চাবশ্যং ভক্ত্যা পূজ্য ইত্যাহ কৃষ্ণেতি॥ ১২৮॥

করিয়াছিলেন, হায়! তদ্রূপ ভগবান্ বামনমূর্ত্তি কঠোর চেষ্টায় বলিকে বন্ধন করিয়াছিলেন॥

সুধীবর বলি বামন কর্তৃক বদ্ধ ও পাতাল নীত হইলে যখন বিমনা এবং খিন্নমানস হইয়া অহং মম পরিত্যাগ করত হরির প্রতি অসূয়া করেন নাই, তখন ভাগকর্ত্তা হরি প্রীত হইয়া সেই দৈত্যকে কহিলেন॥

হে দৈত্যরাজ! অশ্রোত্রিয় ব্রাহ্মণে দান ও অমন্ত্রক হোম তথা উদ্বেগান্বিত জন কর্ত্তৃক যে জপ, আর কার্ত্তিকমাসের শুক্লপ্রতিপদে যে তোমার পূজা না করে, সেই সকল লোকের যে পূর্ব্ব পুণ্য, তাহা তোমার হউক॥ ১২৭॥

যখন ভগবান্ হরি বলিরাজকে এই বর প্রদান করিয়াছেন, তখন এই বলিরাজের দিনে আনন্দসহকারে ইনি অবশ্য পূজনীয়। যত্ন

কৃষ্ণসান্নিধ্যতশ্চাপি পূজনীয়ঃ প্রযত্নঃ ॥ ১২৮ ॥

অথ বলিপূজাবিধিঃ ॥

স্কান্দে তত্রৈব ॥

গৃহস্য মধ্যে শালায়াং বিশালায়াং ততোঽর্চ্চয়েৎ।
ভ্রাতৃমাতৃজনৈঃ সার্দ্ধং সন্তুষ্টো বন্ধুভিস্তথা ॥ ১২৯ ॥
কমলৈঃ কুমুদৈঃ পুষ্পৈঃ কহ্লারৈঃ রক্তকোৎপলৈঃ।
গন্ধপুষ্পাদিনৈবেদ্যৈরক্ষতৈর্গুড়পূপকৈঃ ॥

তত্র পূজামন্ত্রঃ ॥

বলিরাজ নমস্তুভ্যং বিরোচনসুত প্রভো।
ভবিষ্যেন্দ্রসুরারাতে পূজেয়ং প্রতিগৃহ্যতাং ॥
দীপোৎসবৈর্জনিতসর্ব্বজনপ্রমোদৈঃ

শালায়াং আয়তনবিশেষে। যদ্বা শালায়াং গৃহে। অত্র মধ্য এবেত্যর্থঃ। সন্তুষ্টঃ হর্ষযুক্তঃ সন্ ॥ ১২৯ ॥

পূর্ব্বক শ্রীকৃষ্ণের সন্নিধানে ইহাঁকে পূজা করিবে ॥ ১২৮ ॥

অথ বলিপূজাবিধি ॥

স্কন্দপুরাণের সেই স্থানে ॥

গৃহের মধ্যে বিশাল আয়তন স্থানে ভ্রাতা, মাতা ও বন্ধুবান্ধব জন সকলের সহিত সন্তুষ্ট হইয়া ॥ ১২৯ ॥

কমল, কুমুদ, কহ্লার, রক্তোৎপল, অক্ষত ও গুড়পিষ্টক নৈবেদ্য দ্বারা বলির পূজা করিবে ॥

পূজামন্ত্র ॥

হে বলিরাজ। হে বিরোচনপুত্র! হে প্রভো! হে দেবশত্রো! আপনি ভবিষ্যতে ইন্দ্র হইবেন, আমার এই পূজা গ্রহণ করুন ॥

যে সকল সুবুদ্ধিসম্পন্ন পুরুষ দীপোৎসবজনিত প্রমুদিত জন

কুর্ব্বন্তি যে সুমতয়ো বলিরাজপূজাং।
দানোপভোগসুখবৃদ্ধিশতাকুলানাং
নূনং প্রযাতি সকলং প্রমুদৈব বর্ষং॥ ১৩০॥
অথ যমদ্বিতীয়াকৃত্যং॥
স্কান্দে পাদ্মে চ॥
ঊর্জ্জে শুক্লদ্বিতীয়ায়াং মধ্যাহ্নে যমমর্চ্চয়েৎ।
স্নানং কৃত্বা ভানুজায়াং যমলোকং ন পশ্যতি॥ ১৩১॥
কিঞ্চ॥
তস্যাং নিজগৃহে বিপ্র ন ভোক্তব্যং ততো বুধৈঃ।
স্নেহেন ভগিনীহস্তাদ্ভোক্তব্যং পুষ্টিবর্দ্ধনং॥ ১৩২॥

কহ্লারৈঃ সৌগন্ধিকৈঃ॥ ১৩০॥
ভানুজায়াং শ্রীযমুনায়াং॥ ১৩১॥
তচ্চ পুষ্টিং বর্দ্ধয়তীত্যর্থঃ॥ ১৩২॥

সকলের সহিত বলিরাজের পূজা করেন, তাঁহার শতকুল পর্য্যন্ত দান, উপভোগ ও সুখবৃদ্ধি হয় এবং সমুদায় বৎসর আনন্দে অতিবাহিত হইয়া থাকে॥ ১৩০॥

অথ যমদ্বিতীয়া কৃত্য॥

স্কন্দপুরাণে ও পদ্মপুরাণে॥

কার্ত্তিকমাসের শুক্লপক্ষের দ্বিতীয়ার মধ্যাহ্নকালে যমের পূজা করিবে, এই দিবস যমুনায় স্নান করিলে যমলোক দর্শন করিতে হয় না॥ ১৩১॥

আরও॥

হে বিপ্র! পণ্ডিতগণ এই দ্বিতীয়ায় নিজগৃহে ভোজন করিবেন না, স্নেহসহকারে ভগিনীর হস্তে ভোজন করিবেন, ভগিনীহস্ত দত্ত অন্ন পুষ্টিবর্দ্ধন করে॥ ১৩২॥

দানানি চ প্রদেয়ানি ভগিনীভ্যো বিধানতঃ।
সর্ব্বা ভগিন্যঃ সম্পূজ্যা অভাবে প্রতিপন্নজাঃ॥ ১৩৩॥
কিঞ্চ॥
যস্যাং তিথৌ যমুনয়া যমরাজদেবঃ
সম্ভোজিতস্তিশয়স্বসৃসৌহৃদেন।
তস্যাং স্বসুঃ করতলাদিহ যো ভুনক্তি
প্রাপ্নোতি বিত্তসুভগং ধনমুত্তমং সঃ॥ ১৩৪॥
অথ শুক্লাষ্টমীকৃত্যং॥
পাদ্মে তথৈব কূর্ম্মপুরাণে চ॥
শুক্লাষ্টমী কার্ত্তিকে তু স্মৃতা গোপাষ্টমী বুধৈঃ।

প্রতিপন্নজা বৈমাত্রেয়াঃ॥ ১৩৩॥

বিত্তসুভগং শোভনৈশ্বর্য্যং উত্তমং ধনং ধর্ম্মলক্ষণং। ধর্ম্ম ইষ্টং ধনং পুংসামিত্যেকাদশ-স্কন্ধোক্তেঃ॥ ১৩৪॥

যতঃ পূর্ব্বং বৎসপঃ সন্ তদ্দিনমারভ্য গোপোঽভূৎ॥ ১৩৫॥

ভগিনীগণকে যথাবিধি দান করিবে, যত ভগিনী থাকে সকলকেই পূজা করিতে হইবে, যদি সহোদরা ভগিনী না থাকে, তবে বৈমাত্রেয় ভগিনীদিগের পূজা করিবে॥

আরও॥

যে তিথিতে ভগিনী (যমুনা) সৌহৃদ্যাতিশয়-সহকারে যমরাজকে ভোজন করাইয়াছিলেন, সেই তিথিতে ভগিনীর হস্তে যিনি ভোজন করেন, তিনি শোভন ঐশ্বর্য্য ও উত্তম ধন প্রাপ্ত হয়েন॥ ১৩৪॥

অথ শুক্লাষ্টমীকৃত্য॥

পদ্মপুরাণে এবং কূর্ম্মপুরাণে॥

কার্ত্তিকমাসে যে শুক্লা অষ্টমী, পণ্ডিতগণ তাহাকে গোপাষ্টমী

তদ্দিনে বাসুদেবোঽভূদ্গোপঃ পূর্ব্বন্তু বৎসপঃ ॥ ১৩৫ ॥
তত্র কুর্য্যাদ্গবাং পূজাং গোগ্রাসং গোপ্রদক্ষিণং।
গবানুগমনং কার্য্যং সর্ব্বান্ কামানভীপ্সতা ॥ ১৩৬ ॥
অথ প্রবোধনীকৃত্যং ॥
শয়ন্যামিব কৃত্বাস্যাং ক্ষীরাম্ভোধিমহোৎসবং।
প্রবোধ্য কৃষ্ণং সম্পূজ্য বিধিনারোহয়েদ্রথং ॥ ১৩৭ ॥
অথ প্রবোধনীকৃত্য নিত্যতা স্কান্দে তত্রৈব ॥
জন্মপ্রভৃতি যৎ পুণ্যং নরেণোপার্জ্জিতং ভুবি।
বৃথা ভবতি তৎ সর্ব্বং ন কৃত্বা বোধবাসরং ॥ ১৩৮ ॥

গবামনুগমনং ॥ ১৩৬ ॥
অস্যাং প্রবোধন্যাং ॥ ১৩৭ ॥
বোধবাসরং প্রবোধন্যুক্তকৃত্যমিত্যর্থঃ। এবং রথযাত্রাদের্নিত্যত্বমায়াতং ॥ ১৩৮ ॥

বলেন, বাসুদেব পূর্ব্বে বৎসপ ছিলেন, ঐ দিবস তিনি গোপ হয়েন ॥ ১৩৫ ॥

ঐ তিথিতে সর্ব্বপ্রকার কামাভিলাষী জন গোপূজা, গোগ্রাস, গো-প্রদক্ষিণ ও গবানুগমন প্রভৃতি সমুদায় কার্য্য করিবে ॥ ১৩৬ ॥

অথ প্রবোধনীকৃত্য ॥

শয়নীর ন্যায় প্রবোধনীতে ক্ষীরাম্ভোধি মহোৎসব করিয়া শ্রীকৃষ্ণকে প্রবোধন ও যথাবিধি পূজা করত রথে আরোহণ করাইবে ॥ ১৩৭ ॥

অথ প্রবোধনীকৃত্য নিত্যতা।

স্কন্দপুরাণের সেই স্থানে ॥

পৃথিবীতে মনুষ্য জন্মাবধি যে পুণ্য উপার্জন করিয়াছে, সে যদি প্রবোধনী উক্ত কৃত্য না করে, তাহা হইলে তাহার ঐ সকল পুণ্য বৃথা হয় ॥ ১৩৮ ॥

অথ প্রবোধনীমাহাত্ম্যং তত্রৈব ॥

প্রবোধন্যাশ্চ মাহাত্ম্যং পাপঘ্নং পুণ্যবর্দ্ধনং।
মুক্তিদং কৃতবুদ্ধীনাং শৃণু ত্বং মুনিসত্তম ॥
তাবদ্গর্জ্জতি বিপ্রেন্দ্র গঙ্গা ভাগীরথী ক্ষিতৌ।
যাবন্নায়াতি পাপঘ্নী কার্ত্তিকে হরিবোধনী ॥
তাবদ্গর্জ্জন্তি তীর্থানি আসমুদ্রসরাংসি চ।
যাবৎ প্রবোধনী বিষ্ণোস্তিথির্নায়াতি কার্ত্তিকে।
বাজপেয়সহস্রাণি অশ্বমেধশতানি চ।
একেনৈবোপবাসেন প্রবোধন্যা লভেন্নরঃ ॥
দুর্ল্লভং চৈব দুষ্প্রাপং ত্রৈলোক্যে সচরাচরে।
তদপি প্রার্থিতং বিপ্র দদাতি হরিবোধনী ॥ ১৩৯ ॥

দুর্ল্লভং দুঃখেন প্রাপ্যং দুষ্প্রাপঞ্চ অপ্রাপ্যং যৎ তদপি প্রার্থিতং সৎ ॥ ১৩৯ ॥

অথ প্রবোধনীমাহাত্ম্য
ঐ স্কন্দপুরাণেই ॥

হে মুনিসত্তম! প্রবোধনীর মাহাত্ম্য কৃতবুদ্ধি জনসকলের পাপনাশন, পুণ্যবর্দ্ধন ও মুক্তিপ্রদ, আমি তোমাকে ঐ মাহাত্ম্য বলি শ্রবণ কর ॥

যে পর্য্যন্ত কার্ত্তিকমাসে পাপঘ্নী হরিপ্রবোধনী আগমন না করেন, হে বিপ্রেন্দ্র! তাবৎ পর্য্যন্ত পৃথিবীতে ভাগীরথী গঙ্গা গর্জন করিয়া থাকেন ॥

যে পর্য্যন্ত কার্ত্তিকমাসে বিষ্ণুর প্রবোধনী তিথি আগমন না করেন, সেই পর্য্যন্ত আসমুদ্র সরোবর তীর্থ সকল গর্জন করিতে থাকে ॥

সহস্র বাজপেয় ও শত অশ্বমেধ যজ্ঞ করিলে যে পুণ্য হয়, মনুষ্য এক প্রবোধনীতে উপবাস করিলে তৎসমুদায় প্রাপ্ত হইবে ॥

হে বিপ্র! চরাচর ত্রৈলোক্যে যাহা দুর্ল্লভ ও দুষ্প্রাপ্য, তাহা এবং প্রার্থিত বিষয় হরিবোধনী অর্পণ করেন ॥ ১৩৯ ॥

ঐশ্বর্য্যং সন্ততিং পূজাং রাজ্যঞ্চ সুখসম্পদঃ।
দদাত্যুপোষিতা বিপ্র হেলয়া হরিবোধনী ॥ ১৪০ ॥
মেরুমন্দারতুল্যানি পাপান্যত্যুর্জ্জিতান্যপি।
একেনৈবোপবাসেন দহতে হরিবোধনী ॥
পৃথিব্যাং যানি দানানি দত্ত্বা যৎফলমাপ্নুতে।
একেনৈবোপবাসেন দদাতি হরিবোধনী ॥ ১৪১ ॥
কিঞ্চ ॥
জাতঃ স এব সুকৃতী কুলং তেনৈব পাবিতং।
কার্ত্তিকে মুনিশার্দ্দূল কৃতা যেন প্রবোধনী ॥ ২৪২ ॥
যানি কানি চ তীর্থানি ত্রৈলোক্যে সম্ভবন্তি চ।
তানি তস্য গৃহে সম্যগ্ যঃ করোতি প্রবোধনীং ॥ ১৪৩ ॥

সন্ততিং পুত্রাদীন্ ॥ ১৪০ ॥
দহতে দহতি ॥ ১৪১—১৪৩ ॥

হে বিপ্র! প্রবোধনী উপোষিতা হইলে তিনি ঐশ্বর্য্য, সন্ততি, পূজা, রাজ্য ও সুখসম্পদ্ এই সমুদায় অবহেলায় প্রদান করেন ॥১৪০॥

হরিবোধনী একমাত্র উপবাস দ্বারা মেরুমন্দর তুল্য অত্যুর্জ্জিত পাপ সমুদায় দগ্ধ করেন ॥

পৃথিবীতে যে সকল দান করিয়া যে ফল প্রাপ্তি হয়, এক উপবাস-মাত্রে হরিবোধনী সেই ফল দান করেন ॥ ১৪১ ॥

আরও ॥

হে মুনিশার্দ্দূল! যে ব্যক্তি কার্ত্তিকমাসে প্রবোধনী করিয়াছেন, সেই সুকৃতির যথার্থ জন্ম এবং তিনিই কুল পবিত্র করিয়াছেন ॥১৪২॥

ত্রৈলোক্যে যে কোন তীর্থ আছে, কার্ত্তিকমাসে যিনি প্রবোধনী করেন, তাঁহার গৃহে তৎসমুদায় তীর্থ আগমন করিয়া থাকেন ॥ ১৪৩ ॥

সর্ব্বকৃত্যং পরিত্যজ্য তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ।
উপষ্যৈকাদশী সম্যক্ কার্ত্তিকে হরিবোধনী ॥
কিন্তস্য বহুভিঃ কৃত্যৈঃ পরলোকপ্রদৈর্ম্মুনে।
সকৃচ্ছোপোষিতা যেন কার্ত্তিকে হরিবোধনী ॥ ১৪৪ ॥
স জ্ঞানী স হি যোগী চ স তপস্বী জিতেন্দ্রিয়ঃ।
স্বর্গমোক্ষৌ চ তস্যাস্তামুপাস্তে হরিবোধনীং ॥ ১৪৫ ॥
বিষ্ণোঃ প্রিয়তরা হ্যেষা ধর্ম্মসারস্য দায়িনী।
ইমাং সকৃদুপোষ্যৈব মুক্তিভাগী ভবেন্নরঃ ॥
প্রবোধনীমুপোষ্যৈব ন গর্ব্ভে বিশতে নরঃ।
সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য তস্মাৎ কুর্ব্বীত নারদ ॥ ১৪৬ ॥
স্নানং দানং তপো হোমঃ সমুদ্দিশ্য জনার্দ্দনং।

পরলোকপ্রদৈরিতি তেষাং সংসারদুঃখাবহত্বমুক্তং ॥ ১৪৪ ॥
আস্তাং আসাতাং ভবত ইত্যর্থঃ ॥ ১৪৫ ॥ ১৪৬ ॥

কার্ত্তিকমাসে সমস্ত কর্ম্ম পরিত্যাগ করিয়া চক্রপাণির তুষ্টির নিমিত্ত সম্যক্ প্রকারে হরিবোধনী একাদশীর উপবাস করিবে ॥

হে মুনে ! যে ব্যক্তি একবার মাত্র কার্ত্তিকমাসে হরিবোধনীতে উপবাস করিয়াছেন, তাঁহার পরলোকপ্রদ বহু বহু কৃত্যে প্রয়োজন কি ? ॥ ১৪৫ ॥

এই হরিবোধনী বিষ্ণুর প্রিয়তরা এবং ধর্ম্মের সারদায়িনী, একবার মাত্র ইহাঁকে উপবাস করিলে মনুষ্য মুক্তিভাগী হয় ॥

হে নারদ ! মনুষ্য প্রবোধনীতে উপবাস করিলেই আর গর্ব্ভে প্রবেশ করে না,অতএব সর্ব্বধর্ম্ম পরিত্যাগ করিয়া প্রবোধনীর উপবাস করিবে ॥ ১৪৬ ॥

হে বিপ্র ! মনুষ্যগণ জনার্দ্দনকে উদ্দেশ করিয়া প্রবোধনীতে স্নান,

নরৈর্যৎক্রিয়তে বিপ্র প্রবোধন্যাং তদক্ষয়ং ॥ ১৪৭ ॥
মহাব্রতমিদং পুত্র মহাপাপৌঘনাশনং।
প্রবোধবাসরং বিষ্ণোর্বিধিবৎ সমুপোষয়েৎ ॥
ব্রতেনানেন দেবেশং পরিতোষ্য জনার্দ্দনং।
বিরাজয়ন্ দিশো দীপ্ত্যা প্রযাতি ভুবনং হরেঃ ॥ ১৪৮ ॥
পাদ্মে চ তত্রৈব ॥
দুগ্ধাব্ধিভোগিশয়নে ভগবাননন্তো
যস্মিন্ দিনে স্বপিতি চাথ বিবুধ্যতে চ।
তস্মিন্ননন্যমনসামুপবাসভাজাং
কামং দদাত্যভিমতং গরুড়াঙ্কশায়ী ॥ ১৪৯ ॥
বারাহে চ ॥

প্রবোধনীত্যাদিশব্দেন সামান্যেন তত্র সর্ব্বেষামেব কৃত্যানাং মাহাত্ম্যমুক্ত্বেদানীং বিশেষতস্তানি নির্দিশন্নাহ স্নানমিতি ॥ ১৪৭ ॥ ১৪৮ ॥

দুগ্ধাব্ধৌ যদ্ভোগিশয়নং শেষপর্য্যঙ্কস্তস্মিন্। এতচ্চ তদ্দিনে ক্ষীরাব্ধিকল্পনাভিপ্রায়েণ সাক্ষাদ্বা তদানীং তত্রৈব শয়নাদিতি ॥ ১৪৯—১৫১ ॥

দান, তপস্যা, হোম প্রভৃতি যাহা করিবে, তাহা অক্ষয় হইবে ॥ ১৪৮ ॥

হে পুত্র! বিষ্ণুর প্রবোধবাসরে যথাবিধি উপবাস করিবে, ইহাই মহাব্রত এবং ইহাই মহাপাপের নাশন ॥

এই ব্রতের দ্বারা দেবেশ্বর জনার্দ্দনকে পরিতোষ করিলে দশদিক্ উদ্দীপ্ত করিয়া হরিভবনে গমন করিবে ॥ ১৪৮ ॥

পদ্মপুরাণের সেই স্থানেই ॥

ক্ষীরসমুদ্রে শেষপর্য্যঙ্কে ভগবান্ অনন্ত যে দিন শয়ন করেন ও যে দিন প্রবোধিত হয়েন, সেই দিনে অনন্য মনে যাহারা উপবাস করে, গরুড়াঙ্কশায়ী হরি তাহাদিগকে অভিমত কাম প্রদান করিয়া থাকেন ॥ ১৪৯ ॥

বরাহপুরাণেতেও ॥

উপবাসাসমর্থানাং সদৈব পৃথুলোচনে।
একা সা দ্বাদশী পুণ্যা সমুপোষ্যা প্রবোধনী ॥ ১৫০ ॥
তস্যামারাধ্য বিশ্বেশং জগতামীশ্বরেশ্বরং।
প্রাপ্নোতি সকলং তদ্ধি দ্বাদশ দ্বাদশীব্রতং ॥ ১৫১ ॥
উত্তরাঙ্গারকযুতা যদি সা ভবতি প্রিয়ে।
তদা সা মহতী পুণ্যা কোটি কোটি গুণোত্তরা ॥
শয়নে বোধনে চৈব কোটিদানেন সুন্দরি।
উপোষ্যৈব বিধানেন যান্তি মল্লয়তাং নরাঃ ॥ ১৫২ ॥
একাদশী সোমযুতা কার্ত্তিকে মাসি ভাবিনি।
উত্তরাভাদ্রসংযোগে অনন্তা সা প্রকীর্ত্তিতা ॥ ১৫৩ ॥

উত্তরা উত্তরভাদ্রনক্ষত্রং। অঙ্গারকো ভৌমবারঃ তাভ্যাং যুক্তা সা প্রবোধনী যদি ভবেৎ ॥ ১৫২ ॥

সোমবারযুতাপি পরমমহাপুণ্যেত্যাহ একাদশীতি ॥ ১৫৩ ॥ ১৫৪ ॥

হে বিপুললোচনে! সর্ব্বদা যাহারা উপবাসে অসমর্থ, তাহারা একমাত্র প্রবোধনী দ্বাদশীর উপবাস করিবে ॥ ১৫০ ॥

ঐ প্রবোধনীতে জগতের ঈশ্বরের ঈশ্বর বিশ্বেশ্বরকে আরাধনা করিলে দ্বাদশ দ্বাদশীব্রতের সমুদায় ফল প্রাপ্তি হয় ॥ ১৫১ ॥

হে প্রিয়ে! উত্তরভাদ্রপদ নক্ষত্র এবং মঙ্গলবারযুক্তা যদি প্রবোধনী হয়, তাহা হইলে কোটি কোটি গুণোত্তরা মহতী পুণ্যস্বরূপা হয় ॥

হে সুন্দরি! কোটি কোটি দান করিলে যাহা লাভ হয়, মনুষ্য সকল শয়নী ও বোধনীতে উপবাস করিলে আমাতে লীন হয় ॥ ১৫২ ॥

হে ভাবিনি! কার্ত্তিকমাসে একাদশীতে যদি সোমবার ও উত্তরভাদ্রপদ নক্ষত্রের যোগ হয়, তাহা হইলে তাহাকে অনন্তা বলিয়া কীর্ত্তন করা যায় ॥

তস্যাং যৎ ক্রিয়তে ভদ্র সর্ব্বমানন্ত্যমশ্নুতে।
অনন্তপুণ্যফলদা তেনানন্তা স্মৃতা ফলে ॥ ১৫৪ ॥
তত্রৈব শ্রীযম-নারদসম্বাদে ॥
অন্যচ্চ তে প্রবক্ষ্যামি গুহ্যাদ্গুহ্যতরং মুনে।
কার্ত্তিকেঽমলপক্ষে তু সাক্ষাদেকাদশী স্মৃতা।
ভক্তিপ্রদা হরেঃ সা তু নাম্না খ্যাতা প্রবোধনী ॥ ১৫৫ ॥
যা সা বিষ্ণোঃ পরা মূর্ত্তিরব্যক্তানেকরূপিণী।
সা ক্ষিপ্তা মানুষে লোকে দ্বাদশী মুনিপুঙ্গব ॥ ১৫৬ ॥
শ্রীমথুরায়াঞ্চ বিশেষতঃ ॥
পাদ্মে তত্রৈব ॥
তাবদ্গর্জ্জন্তি তীর্থানি বাজিমেধাদয়োমখাঃ।

---

সাক্ষাদ্ধরের্ভক্তিপ্রদা ॥ ১৫৫ ॥

তৎসেবয়া চ সাক্ষাদ্ধরিসেবৈব সম্পদ্যত ইত্যাশয়েনাহ যা সেতি। দ্বাদশীরূপেণ ক্ষিপ্তা ন্যস্তা ॥ ১৫৬ ॥

---

হে ভদ্র! ঐ তিথিতে যাহা করিবে, তাহা অনন্ত ফল প্রাপ্তি করায়, অনন্ত পুণ্য ফলদা বলিয়া যখন ইহার নাম, তখন ফলবিষয়ে পণ্ডিতগণ ইহাকে অনন্ত বলিয়া স্মরণ করিয়াছেন ॥ ১৫৪ ॥

সেই স্থানেই যম নারদসম্বাদে ॥

হে মুনে! কার্ত্তিকমাসে শুক্লপক্ষে প্রবোধনী নামে যে একাদশী, তাহা সাক্ষাৎ হরির ভক্তিপ্রদা ॥ ১৫৫ ॥

হে মুনিশ্রেষ্ঠ! বিষ্ণুর যে কোন পরা মূর্ত্তি, যাহা অব্যক্তা ও অনেক রূপিণী, তাহাই মনুষ্যলোকে দ্বাদশী নামে ন্যস্ত হইয়াছে ॥ ১৫৬ ॥

শ্রীমথুরায় বিশেষ ॥

পদ্মপুরাণের সেই স্থানেই ॥

সেই পর্য্যন্ত তীর্থ সকল ও অশ্বমেধ প্রভৃতি সমুদায় যজ্ঞ গর্জন

মথুরায়াং প্রিয়া বিষ্ণোর্যাবন্নায়াতি বোধনী ॥
সংসারদাবতপ্তানাং কামসৌখ্যে পিপাসিনাং।
শ্রীকৃষ্ণপাদপদ্মস্য সান্নিধ্যং শীতলং গৃহং।
ভবপান্থজনানাং বৈ প্রাপিকেয়ং প্রবোধনী।
কথং ন সেব্যতে মূঢ় মথুরায়াং কিমন্যতঃ ॥ ১৫৭ ॥
অথ বিশেষতঃ প্রবোধন্যাং শ্রীভগবৎপূজাদিমাহাত্ম্যং ॥
স্কান্দে তত্রৈব ॥
প্রবোধনীমাহাত্ম্যে ॥
যেঽর্চ্চয়ন্তি নরাস্তস্যাং ভক্ত্যা দেবন্তু মাধবং।
সমুপোষ্যে প্রমুচ্যন্তে পাপৈস্তে সমুপার্জ্জিতৈঃ ॥

শ্রীকৃষ্ণপাদপদ্মসান্নিধ্যরূপং শীতলং ত্রিতাপহরং গৃহং ভবপান্থজনানাং সংসারমার্গভ্রমণ-পরিশ্রান্তজনান্ প্রতি প্রাপিকা প্রাপয়েদিত্যর্থঃ। অন্যতঃ তীর্থান্তরেণ কর্ম্মান্তরেণ চ কিং প্রয়োজনং। শ্রীমথুরায়াং তৎ সেবনে সত্যসতি চ ইত্যর্থঃ ॥ ১৫৭ ॥

করে, যাবৎ মথুরায় বোধনী আগমন না করিয়াছে ॥

যাহারা সংসারদাবে উত্তপ্ত এবং কামসৌখ্যে পিপাসান্বিত, তাহাদের শ্রীকৃষ্ণপাদপদ্ম সান্নিধ্যই ত্রিতাপনাশক শীতল গৃহ। সংসার-পথের পথিক জন সকলকে এই প্রবোধনী সেই গৃহ প্রাপ্ত করায়, তীর্থান্তর বা কর্ম্মান্তরের প্রয়োজন কি? হে মূঢ়! কি জন্য মথুরার সেবা না করিতেছ! ॥ ১৫৭ ॥

অথ বিশেষরূপে প্রবোধনীতে
শ্রীভগবৎপূজাদির মাহাত্ম্য ॥
স্কন্দপুরাণের সেই স্থানেই
প্রবোধনী মাহাত্ম্যে ॥

যে সকল মনুষ্য ভক্তিপূর্ব্বক প্রবোধনীতে উপবাস করিয়া মাধবের অর্চ্চনা করে, তাহারা উপার্জ্জিত সমস্ত পাপ হইতে পরিমুক্ত হয় ॥

বাল্যে যচ্চার্জ্জিতং বৎস যৌবনে বার্দ্ধকে চ যৎ।
সপ্তজন্মকৃতং পাপং স্বল্পং বা যদি বা বহু।
শুষ্কার্দ্রং মুনিশার্দ্দূল সুগুহ্যমপি নারদ।
তৎ ক্ষালয়তি গোবিন্দস্তিথৌ তস্যাং প্রপূজিতঃ॥ ১৫৮॥
কিঞ্চ॥
প্রবোধবাসরে বিষ্ণোঃ কুরুতে চ হরেঃ কথাং।
সপ্তদ্বীপাবনী দানে যৎফলং তদ্ভবেন্মুনে॥ ১৫৯॥
বারাহে চ॥
কৌমুদস্য তু মাসস্য যা সিতা দ্বাদশী ভবেৎ।
অর্চ্চয়েদ্যস্তু মাং তত্র তস্য পুণ্যফলং শৃণু।
যাবল্লোকা হি বর্ত্তন্তে যাবত্ত্বৈঞ্চৈব মাধবি।

তত্র চ বিশেষতো ভগবতঃ পূজাং কীর্ত্তনঞ্চ কুর্য্যাদিত্যুপদিশন্নাদৌ পূজামাহাত্ম্যমাহ যে ইতি ত্রিভিঃ। শুষ্কং চিরকৃতং আর্দ্রঞ্চ সাম্প্রতিকং॥ ১৫৮॥

কীর্ত্তনমাহাত্ম্যমাহ প্রবোধেতি। কথামিত্যুপলক্ষণং সর্ব্বকীর্ত্তনপ্রকারস্য॥ ১৫৯॥

বৎস নারদ! বাল্যে, যৌবনে ও বার্দ্ধক্যে যে পাপ উপার্জ্জিত হয়, তথা সপ্তজন্মকৃত পাপ অল্পই হউক বা অনেক হউক অথবা চির-সঞ্চিত কিম্বা বর্ত্তমানকালীনই হউক, প্রবোধনী তিথিতে গোবিন্দ পূজিত হইয়া তৎসমুদায় পাপ ক্ষালন করিয়া থাকেন॥ ১৫৮॥

আরও॥

হে মুনে! যে ব্যক্তি বিষ্ণুর প্রবোধবাসরে হরিকথা কীর্ত্তন করেন, সপ্তদ্বীপা অবনী দানে যে ফল হয়, সেই ফল লাভ হইয়া থাকে॥ ১৫৯॥

বরাহপুরাণেও॥

কার্ত্তিকমাসের যে শুক্লা দ্বাদশী হয়, তাহাতে আমার অর্চ্চনা করিলে যে পুণ্য হয়, বলি শ্রবণ কর। হে মাধবি! যে পর্য্যন্ত লোক থাকিবে

মদ্ভক্তোজায়তে তাবদন্যভক্তো ন জায়তে ॥ ১৬০ ॥

অথ প্রবোধকালনির্ণয়ঃ ॥

ভবিষ্যে ।

আ ভা কার্ত্তিসিতপক্ষেষু মৈত্রশ্রবণরেবতী ।

আদিমধ্যাবসানেষু প্রস্বাপাবর্ত্তনাদিকং ॥ ১৬১ ॥

পাদ্মে ।

পৌষ্ণশেষপদে নাহ্নি মৈত্রাদ্যমপি নো নিশি ।

দ্বাদশ্যামপি তৎ কুর্য্যাদুত্থানং শয়নং হরেঃ ॥ ১৬২ ॥

অন্যস্য ভক্তো ন জায়তে ন স্যাদিতি একান্তিকং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ১৬০ ॥

আ ভা কেতি সঙ্কেতেন আষাঢ়-ভাদ্র-কার্ত্তিকমাসাস্তেষাং সিতপক্ষেষু শুক্লদ্বাদশীষু অনুরাধা শ্রবণ রেবতীনক্ষত্রাণামাদ্যমধ্যান্ত্যপাদেষু শয়নপার্শ্বপরিবর্ত্তনোত্থানানি ক্রমেণ ভবন্তীত্যর্থঃ ॥ ১৬১ ॥

তত্তদ্যোগাভাবে চ দ্বাদশ্যামেবোত্থানাদিকং কুর্য্যাদিতি লিখতি পৌষ্ণেতি। পৌষ্ণং রেবতী তস্য শেষোঽন্ত্যপাদো যদি দিনমধ্যে ন স্যাৎ মৈত্রাদ্যমপি অনুরাধাদ্যপাদো নিশি ন স্যাৎ তদা কেবলায়ামপি দ্বাদশ্যাং হরেরুত্থানাদিকং কুর্য্যাৎ ॥ ১৬২ ॥

এবং যে পর্য্যন্ত তুমি থাকিবা সেই পর্য্যন্ত আমার ভক্ত হইবে অর্থাৎ আমার একান্তিতা লাভ করিবে, অন্যের ভক্ত হইবে না ॥ ১৬০ ॥

অথ প্রবোধকাল নির্ণয় ॥

ভবিষ্যে ॥

আষাঢ়, ভাদ্র ও কার্ত্তিক এই তিন মাসের শুক্লা দ্বাদশীতে অনুরাধা, শ্রবণা এবং রেবতীর আদি মধ্য ও অবসানে শয়ন, পার্শ্বপরিবর্ত্তন ও উত্থান হইয়া থাকে ॥ ১৬১ ॥

রেবতীর শেষভাগ যদি দিন মধ্যে প্রাপ্তি না হয় এবং অনুরাধার মধ্যভাগ যদি রাত্রিতে না পায় তাহা হইলে কেবল দ্বাদশীতে হরির উত্থান ও শয়ন করাইবে ॥ ১৬২ ॥

নিশি স্বাপো দিবোত্থানং সন্ধ্যায়াং পরিবর্ত্তনং।
অন্যত্র পাদযোগেঽপি দ্বাদশ্যামেব কারয়েৎ ॥ ১৬৩ ॥
বারাহে চ ॥
অপাদ নিয়মস্তত্র স্বাপে বা পরিবর্ত্তনে।
পাদযোগো যদা ন স্যাদৃক্ষেণাপি তদা ভবেৎ ॥ ১৬৪ ॥
কিঞ্চ। স্কান্দে ॥
রেবত্যন্তো যদা রাত্রৌ দ্বাদশ্যা চ সমন্বিতঃ।
তদা বিবুধ্যতে বিষ্ণুর্দিনান্তে প্রাপ্য রেবতীং ॥ ১৬৫ ॥

---

পাদযোগে ততোঽন্যত্রাপি পাদযোগাভাবেঽপি দ্বাদশ্যামেব কারয়েৎ ॥ ১৬৩ ॥

আপাদনিয়মঃ পাদযোগনিয়মো নাস্তীত্যর্থঃ ॥ ১৬৪ ॥

এবং সামান্যেন শয়নাদিকালত্রিকং নির্ণীয়েদানীং বিশেষতঃ প্রবোধনকালং লিখতি রেবতীতি দ্বাভ্যাং। দ্বাদশ্যা সমন্বিতঃ সহিতো রেবত্যন্তপাদো যদা রাত্রৌ ভবেৎ তদা দিনান্তে অপরাহ্নে। তথাচোক্তং রেবত্যন্তো যদা রাত্রৌ গতঃ পাদান্তরেঽপি চ। অপরাহ্নে তদা বিষ্ণুর্যোগনিদ্রাং বিমুঞ্চতীতি ॥ ১৬৫ ॥

---

ঐ সকল নক্ষত্রের পাদযোগ হইলে রাত্রিতে শয়ন, দিবায় উত্থান ও সন্ধ্যায় পরিবর্ত্তন করিবে, ইহার অন্যথা হইলে অর্থাৎ পাদযোগের অভাব হইলে কেবল দ্বাদশীতে করিবে ॥ ১৬৩ ॥

বরাহপুরাণেও ॥

শয়নে বা পরিবর্ত্তনে পাদযোগের নিয়ম নাই, পাদযোগ যখন না হইবে তখন কেবল নক্ষত্রে করিবে ॥ ১৬৪ ॥

আরও স্কন্দপুরাণে ॥

যে সময়ে রাত্রিতে দ্বাদশীর সহিত রেবতীর অন্ত্যপাদ হইবে সেই দিবস অপরাহ্নে বিষ্ণুর জাগরণ হইবে ॥ ১৬৫ ॥

রেবত্যাদিরথান্তো বা দ্বাদশ্যা চ বিনা ভবেৎ।
উভয়োরপ্যভাবে তু সন্ধ্যায়াঞ্চ মহোৎসবঃ ॥ ১৬৬ ॥
বারাহে চ ॥
দ্বাদশ্যাং সন্ধিসময়ে নক্ষত্রাণামসম্ভবে ॥

তদভাবে চ সন্ধ্যায়াং প্রবোধয়েদিত্যাহ রেবত্যাদিরিতি। রেবত্যা আদি আদ্যপাদঃ অন্তো বা অন্ত্যপাদঃ দ্বাদশ্যা বিনা ভবেৎ। এবমুভয়োরপ্যভাবে সতি যদি দ্বাদশ্যাং কথঞ্চিদ্রেবত্যা যোগো ন স্যাদিত্যর্থঃ। তদা সন্ধ্যায়ামেব প্রবোধনমহোৎসবঃ স্যাৎ। তচ্চোক্তমন্যত্রাপি। রেবত্যন্তো যদা রাত্রৌ দ্বাদশ্যা চ বিনা ভবেৎ। উভয়োরপ্যভাবে স্যাৎ সন্ধ্যায়াস্তু মহোৎসব ইতি ॥ ১৬৬ ॥

এতদেব বরাহপুরাণবচনেন সম্বাদয়তি দ্বাদশ্যামিতি। আষাঢ়-ভাদ্র-কার্ত্তিকানাং সিতপক্ষেষু যা দ্বাদশী তস্যাং নক্ষত্রাণাং মৈত্রাদীনামন্তরে সর্ব্বথা অভাবে সতি সন্ধিসময়ে সন্ধ্যায়াং শয়নাদিকং স্যাৎ। এতদুক্তং ভবতি ভগবচ্ছয়নাদৌ আষাঢ়াদীনাং শুক্লদ্বাদশীক্রমেণানুরাধাদীনামাদ্যমধ্যান্ত্যপাদযুক্তা রাত্রি সন্ধ্যাদি বা যুক্তা চ সতী পরমপ্রশস্তা। যদা চ তত্র তত্র পাদযোগো ন লভ্যেত তদা দ্বাদশীনক্ষত্রযোগ আদরণীয়ঃ। পাদযোগে চ তত্রায়ং বিশেষঃ। দিবা রেবতীদ্বাদশ্যোর্যোগে তত্র চ রাত্রিগামিনি নক্ষত্রশেষে সতি দিনান্তে প্রবো-

রেবতীর আদি বা অন্ত পাদ যদি দ্বাদশীতে উভয়ের সংস্পর্শ না হয় তবে সন্ধ্যাকালে হরির জাগরণ মহোৎসব করিবে ॥ ১৬৬ ॥

বরাহপুরাণেও ॥

আষাঢ়, ভাদ্র ও কার্ত্তিকমাসের শুক্লপক্ষের দ্বাদশীতে নক্ষত্রের সংযোগ না হইলে সন্ধ্যার সময়ে শয়ন ও আবর্ত্তন প্রভৃতি করিবে ॥

তাৎপর্য্য। আষাঢ়, ভাদ্র ও কার্ত্তিক এই সকল মাসের শুক্লপক্ষে যে দ্বাদশী তাহাতে অনুরাধা, শ্রবণা ও রেবতী প্রভৃতির অত্যন্ত অভাব হইলে সন্ধি সময়ে অর্থাৎ সন্ধ্যায় শয়নাদি কর্ম্ম হইবে। এই বিষয় উক্ত হইয়াছে, ভগবৎ শয়নাদিতে আষাঢ়াদি শুক্লা দ্বাদশীতে ক্রমে অনুরাধাদির আদ্য, মধ্য ও অন্ত্যপাদ যুক্তা হইলে রাত্রিতে শয়ন, সন্ধ্যায়

আ। ভা কা। সিতপক্ষে তু শয়নাবর্ত্তনাদিকং ॥ ১৬৭ ॥

অতএব পুষ্করপুরাণে ॥

যস্য যস্য তু দেবস্য যন্নক্ষত্রং তিথিশ্চ যা।

তস্য দেবস্য তস্মিংশ্চ শয়নাবর্ত্তনাদিকং ॥ ১৬৮ ॥

ধনং দিবোত্থানমিত্যাদ্যুক্তেঃ। যদা চ রেবতীদ্বাদশ্যোর্যোগো ন স্যাত্তদা সন্ধ্যায়ামেব প্রবোধনং সন্ধ্যায়ান্তু মহোৎসব ইত্যাদ্যুক্তেঃ॥ ১৬৭ ॥

এবং দ্বাদশ্যামেব প্রবোধনং নির্ণীতং তত্র চ কার্ত্তিকে শুক্লপক্ষস্য একাদশ্যাং সমাহিতঃ। মন্ত্রেণ চৈব রাজেন্দ্র দেবমুত্থাপয়েদ্দ্বিজ ইত্যাদিভির্ভবিষ্যোত্তরাদিবচনৈঃ সহ বিরোধমাশঙ্ক্য পরিহরতি যস্যেতি। অতো বিষ্ণুতিথৌ দ্বাদশ্যামেব উত্থানং ভবেদিত্যর্থঃ। ইত্থং ইয়ন্তু দ্বাদশী দেবেতি প্রাপ্তা তবেয়ং দ্বাদশী কৌমুদ্যাখ্যেতি মন্ত্রলিঙ্গানুগৃহীতত্বাৎ শিষ্টাচারদর্শনাচ্চ সর্ব্বদা দ্বাদশ্যামেব প্রবোধনং সিদ্ধং। যচ্চ ভবিষ্যোত্তরাদাবেকাদশ্যামুত্থাপয়েদিত্যাদ্যুক্তং তচ্চ একাদশীদ্বাদশ্যোরভেদাপেক্ষয়া উপবাসাদ্যভিপ্রায়েণ চেতি জ্ঞেয়ং। যদি বৈকাদশী-দিন এবোপবাসঃ স্যাত্তর্হি তস্মিন্নুপবাসাদিনা সমাহিতত্বং প্রবোধঞ্চ দ্বাদশ্যামেবেতি বোদ্ধব্যং অতএবোক্তমেকাদশ্যাং সমাহিত ইত্যেষা দিক্ ॥ ১৬৮ ॥

পরিবর্ত্তন ও দিবায় জাগরণ প্রশস্ত। যদি সেই সেই কালে নক্ষত্রের পাদযোগ না হয় তাহা হইলে দ্বাদশী ও নক্ষত্রযোগ আদরণীয়। পাদযোগে সেই স্থলে এই বিশেষ। দিবায় রেবতী ও দ্বাদশীর যোগে তাহাতে রাত্রিগামি নক্ষত্র শেষে দিনের অন্তে প্রবোধন অর্থাৎ দিবোত্থান এই উল্লেখ আছে, যখন রেবতী ও দ্বাদশীর যোগ না হইবে তখন সন্ধ্যায় জাগরণ হইবে, যে হেতু সন্ধ্যায় মহোৎসব করিবে এই উক্তি আছে ॥ ১৬৭ ॥

অতএব পুষ্করপুরাণে ॥

যে যে দেবতার যে নক্ষত্র ও যে তিথি, সেই দেবের তাহাতেই শয়ন ও আবর্ত্তনাদি করিবে ॥ ১৬৮ ॥

অথ ভগবৎপ্রবোধনবিধিঃ ॥

শয়ন্যামিব নিষ্পাদ্য মহাপূজাং জলাশয়ে।
কৃষ্ণং নীত্বাথ সঙ্কল্পং কৃত্বা তঞ্চ প্রবোধয়েৎ ॥ ১৬৯ ॥

তত্র মন্ত্রাঃ ॥

ব্রহ্মেন্দ্ররুদ্রাগ্নিকুবেরসূর্য্যসোমাদিভির্বন্দিতপাদপদ্ম।
বুধ্যস্ব দেবেশ জগন্নিবাস মন্ত্রপ্রভাবেণ সুখেন দেব ॥
ইয়ন্তু দ্বাদশী দেব প্রবোধার্থং বিনির্ম্মিতা।
ত্বয়ৈব সর্ব্বলোকানাং হিতার্থং শেষশায়িনা ॥
উত্তিষ্ঠোত্তিষ্ঠ গোবিন্দ ত্যজ নিদ্রাং জগৎপতে।
ত্বয়ি সুপ্তে জগন্নাথে জগৎসুপ্তং ভবেদিদং।

শয়ন্যামিবেতি তত্র লিখিতপ্রকারানুসারেণাত্রাপি পূজাদিকং কার্য্যমিত্যর্থঃ। জলাশয়ে নীত্বা ইত্যাদিকং বিশেষলিখনায়ানুস্মরণমাত্রং ॥ ১৬৯ ॥

বন্দনীয়েতি পাঠে ব্রহ্মাদিভির্বন্দিতা একান্তভক্তৈস্তৈর্বন্দনীয়েতি ॥ ১৭০ ॥

অথ ভগবৎপ্রবোধনবিধি ॥

শয়নীতে যে প্রকার লিখিত হইয়াছে, সেই অনুসারে শ্রীকৃষ্ণকে জলাশয়ের সমীপে লইয়া গিয়া মহাপূজা সম্পন্ন করত সঙ্কল্প করিয়া তাঁহাকে প্রবোধিত করিবে ॥ ১৬৯ ॥

তদ্বিষয়ক মন্ত্র সকল যথা ॥

হে দেবেশ! হে জগন্নিবাস! ব্রহ্মা, ইন্দ্র, রুদ্র, অগ্নি, কুবের, সূর্য্য ও সোম প্রভৃতি দেবগণ আপনার পাদপদ্ম বন্দনা করেন, হে দেব! আপনি মন্ত্রপ্রভাবে সুখে জাগরিত হউন ॥

হে দেব! আপনি সমস্ত লোকের হিত নিমিত্ত শেষ মূর্ত্তিতে জাগরণের জন্য এই দ্বাদশী নির্ম্মাণ করিয়াছেন ॥

হে গোবিন্দ! উত্থান করুন উত্থান করুন, নিদ্রা পরিত্যাগ করুন। হে জগৎপতে! আপনি জগতের নাথ, আপনি সুপ্ত থাকিলে এই

উত্থিতে চেষ্টতে সর্ব্বমুত্তিষ্ঠোত্তিষ্ঠ মাধবেতি ॥ ১৭০ ॥

বারাহে চ ॥

ব্রহ্মেন্দ্ররুদ্রৈরবিতর্ক্যভাবো ভবানৃষির্বন্দিতবন্দনীয়ঃ।
প্রাপ্তা তবেয়ং দ্বাদশী কৌমুদাখ্যা জাগৃষ্ব জাগৃষ্ব চ লোকনাথ॥১৭১

মেঘা গতা নির্ম্মলপূর্ণচন্দ্রঃ শারদ্যপুষ্পাণি চ লোকনাথ।
অহং দদানীতি চ ভক্তিহেতোর্জাগৃষ্ব জাগৃষ্ব চ লোকনাথ ॥

শ্রুতিশ্চ ॥

ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদং সমূঢ়মস্য পাংশুলে ইত্যাদি।

ততস্তল্পাৎ সমুত্থাপ্য কৃষ্ণং ঘণ্টাদিনিস্বনৈঃ।
তীরে সুখং নিবেশ্যাথ প্রার্থয়েত্তদনুগ্রহং ॥

ঋষির্মন্ত্রদ্রষ্টা ॥ ১৭১ ॥

জগৎ সুপ্ত হইবে এবং উত্থিত হইলে সমস্ত জগৎ চেষ্টান্বিত হইবে, হে মাধব! উত্থিত হউন উত্থিত হউন ॥ ১৭০ ॥

বরাহপুরাণেতেও ॥

হে দেব! ব্রহ্মা, ইন্দ্র ও রুদ্র প্রভৃতি আপনার ভাব তর্ক করিয়া জানিতে সমর্থ নহেন, আপনি ঋষি অর্থাৎ মন্ত্রদ্রষ্টা, বন্দিতের বন্দনীয়, আপনার এই কৌমুদাখ্যা দ্বাদশী উপস্থিত হইয়াছে, হে লোকনাথ! জাগরিত হউন জাগরিত হউন ॥ ১৭১ ॥

হে লোকনাথ! মেঘ সকল নির্গত হইয়াছে, চন্দ্র নির্ম্মল হইয়াছেন, ভক্তি হেতু আমি আপনাকে শরৎকালীন পুষ্প প্রদান করিতেছি, হে লোকনাথ! আপনি জাগরিত হউন জাগরিত হউন ॥

শ্রুতি যথা ॥

ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদং সমূঢ়মস্য পাংশুলে ইত্যাদি ॥

তদনন্তর ঘণ্টাদি বাদ্যসহকারে শয্যা হইতে শ্রীকৃষ্ণকে উত্থিত করিয়া জলাশয়ের তীরে সসুখে উপবেশন করাইয়া অনুগ্রহ প্রার্থনা করিবে ॥

তথাহি তৃতীয়স্কন্ধে।

শ্রীব্রহ্মস্তুতৌ ॥

সোঽসাবদভ্রকরুণো ভগবান্ বিবৃদ্ধ-

প্রেমস্মিতেন নয়নাম্বুরুহং বিজৃম্ভন্।

উত্থায় বিশ্ববিজয়ায় চ নো বিষাদং

মাধ্ব্যা গিরাপনয়তাৎ পুরুষঃ পুরাণ ইতি ॥ ১৭২ ॥

ততঃ পুষ্পাঞ্জলিং দত্ত্বা সংস্থাপ্য বিধিবৎ প্রভুং।

নীরাজ্য ন্যাসপূর্ব্বঞ্চ বস্ত্রাদীনি সমর্পয়েৎ ॥

তথাচ ব্রাহ্ম্যে ॥

একাদশ্যান্তু শুক্লায়াং কার্ত্তিকে মাসি কেশবং।

---

অদভ্রকরুণঃ মহাদয়ালুঃ। অতঃ বিবৃদ্ধপ্রেম্ণা যৎ স্মিতং তেন। বিজৃম্ভয়ন্ উন্মীলয়ন্ বিশ্বস্য বিজয়ায় উদ্ভবায়। যদ্বা। নিজভক্তিপ্রচারণেন বিশ্ববশীকরণায়। যদ্বা। জগন্মহোৎসবায়। চশব্দাদ্বিশেষতোঽনুগ্রহায় চেতি নোঽস্মাকং ভক্তানাং বিষাদং প্রলয়াৎ চিরবাগমৃতপানাভাবতো বা শোকদুঃখং মাধ্ব্যা মধুরয়া গিরা অপনয়তাৎ। শ্লোকশ্চায়ং শিষ্টাচারানুসারেণাত্র লিখিতঃ কিন্ত্বন্যেঽপি যথেষ্টং পঠনীয়াঃ ॥ ১৭২ ॥

একাদশ্যামিতি পূর্ব্বং লিখিতাভিপ্রায়মেব। রাত্রাবিতি পাঠে চ দিনান্তাদ্যভিপ্রায়েণ

---

যথা তৃতীয় স্কন্ধে ৯ অধ্যায়ে ২৫ শ্লোকে ব্রহ্মস্তবে ॥

সেই পুরাতন পুরুষ ভগবান্, অতিশয় দয়াবান্, তিনি প্রবৃদ্ধ প্রেমসহ হাস্য দ্বারা আপনার নয়নাম্বুজবিকসিত করিয়া এই বিশ্বের উদ্ভব এবং আমার প্রতি অনুগ্রহ বিস্তার নিমিত্ত গাত্রোত্থান পূর্ব্বক সুমধুর বাক্যে আমার বিষাদ অপনয়ন করুন ॥ ১৭২ ॥

তদনন্তর প্রভুকে পুষ্পাঞ্জলি দিয়া এবং যথাবিধি সংস্থাপন করিয়া তথা ন্যাস পূর্ব্বক নীরাজন করত বস্ত্রাদি সমর্পণ করিবে ॥

তথাচ ব্রাহ্ম্যে ॥

কার্ত্তিক মাসের শুক্লা একাদশীতে শ্রদ্ধাভক্তিসমন্বিত হইয়া নৃত্য, গীত, বাদ্য, ঋক্ যজুঃ সাম প্রভৃতি মঙ্গল শব্দ, বীণা ও পণব শব্দ, পুরাণ-

প্রসুপ্তং বোধয়েদ্রাত্রৌ শ্রদ্ধাভক্তিসমন্বিতঃ ॥
নৃত্যৈর্গীতৈস্তথা বাদ্যৈর্ঋগ্‌যজুঃসামমঙ্গলৈঃ।
বীণাপণবশব্দৈশ্চ পুরাণশ্রবণেন চ।
বাসুদেবকথাভিশ্চ স্তোত্রৈরন্যৈশ্চ বৈষ্ণবৈঃ।
সুভাষিতৈরিন্দ্রজালৈর্ভূমিশোভাভিরেব চ ॥
পুষ্পৈর্ধূপৈশ্চ নৈবেদ্যৈর্দীপবৃক্ষৈঃ সুশোভনৈঃ।
হোমৈর্ভক্ষ্যৈরপূপৈশ্চ ফলৈঃ শাকৈশ্চ পায়সৈঃ।
ইক্ষোর্বিকারৈর্মধুনা দ্রাক্ষাক্ষৌদ্রৈঃ সদাড়িমৈঃ।
কুচেরকস্য মঞ্জর্য্যা মালত্যা নবনেন চ ॥
হৃদ্যাভ্যাং শ্বেতরক্তাভ্যাং চন্দনাভ্যাঞ্চ সর্ব্বদা ॥ ১৭৩ ॥
কুঙ্কুমালক্তকাভ্যাঞ্চ রক্তসূত্রৈঃ সকুঙ্কুমৈঃ।
তথা নানাবিধৈঃ পুষ্পৈর্দ্রব্যৈর্বীরক্রয়াহৃতৈঃ ॥ ১৭৪ ॥

রাত্রিশব্দঃ। শ্রদ্ধা বিশ্বাসঃ ভক্তিঃ প্রীতিঃ তাভ্যাং সমন্বিতঃ। ঋগাদিমঙ্গলশব্দৈঃ ভূমিশোভাভিঃ স্বস্তিকরচনাদিভিঃ। কুচেরকং কৃষ্ণতুলসীপর্ণাস ইতি কেচিৎ। নবনং পুষ্পবিশেষঃ ॥ ১৭৩ ॥

বীরক্রয়ো নাম বিক্রেতুরুপন্যস্তমূল্য প্রদানেন ক্রয়স্তেনাহৃতৈঃ ॥ ১৭৪ ॥

শ্রবণ, বাসুদেব কথা, অন্যান্য বৈষ্ণবস্তোত্র, সুভাষিত, ইন্দ্রজাল, ভূমিশোভা অর্থাৎ স্বস্তিকরচন, পুষ্প, ধূপ, নৈবেদ্য, সুশোভন দীপবৃক্ষ, হোম, ভক্ষ্য, পিষ্টক, ফল, শাক, পায়স, ইক্ষুবিকার, মধু, দ্রাক্ষা, ক্ষৌদ্র ( মধু বিশেষ ) দাড়িম, কুচেরকের ( কৃষ্ণতুলসীর ) মঞ্জরী, মালতী, নবন ( পুষ্প বিশেষ ) সর্ব্বদা রমণীয় শ্বেত ও রক্তচন্দন ॥১৭৩॥

কুঙ্কুম, অলক্তক, সূত্র তথা নানাবিধ পুষ্প এবং বিক্রেতার উপন্যস্ত বস্তু মূল্য দ্বারা আহৃত এই সমুদায়ের দ্বারা, রাত্রিতে প্রসুপ্ত কেশবকে চেতন করাইবে ॥ ১৭৪ ॥

এবমেব প্রায়ঃ পাদ্মে চ।  তথা স্কান্দে চ॥
বহুপুষ্পৈর্বহুফলৈঃ কর্পূরাগুরুকুঙ্কুমৈঃ।
হরেঃ পূজা বিধাতব্যা কার্ত্তিকে বোধবাসর ইতি॥
ইত্থং কৃত্বা মহাপূজাং মহানীরাজনং তথা।
স্বব্রতান্যর্পয়েৎ কৃষ্ণে সপুষ্পাক্ষতবারিণা॥ ১৭৫॥
বেদস্তুত্যাদিনা স্তুত্বা স্বস্ত্যস্ত্বিত্যাদিনা প্রভুং॥
সংপ্রার্থ্য গীতবাদ্যাদিঘোষৈরারোহয়েদ্রথং॥
তথাচ ভবিষ্যোত্তরে।
শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসম্বাদে॥
মহাতূর্য্যরবৈ রাত্রৌ ভ্রাময়েৎ স্যন্দনে স্থিতং।
উত্থিতং দেবদেবেশং নগরে পার্থিবঃ স্বয়ং॥
দীপোদ্দ্যোতকরে মার্গে নৃত্যগীতসমাকুলে॥ ১৭৬॥

ইত্থং ব্রহ্মপুরাণাদ্যুক্তপ্রকারেণ স্বস্য ব্রতানি চাতুর্ম্মাস্যাদি বিহিতানি॥ ১৭৫॥
স্বস্ত্যস্তু বিশ্বস্য খলঃ প্রসীদতামিত্যাদিনা প্রভুং সংপ্রার্থ্য॥ ১৭৬॥

এই প্রকারই প্রায় পদ্মপুরাণে এবং স্কন্দপুরাণেও॥

কার্ত্তিকমাসের বোধবাসরে বহু পুষ্প, বহু ফল, কর্পূর, অগুরু ও কুঙ্কুম প্রভৃতি দ্বারা হরির পূজা বিধান করিবে॥

এই প্রকার মহাপূজা ও নীরাজন করিয়া পুষ্প অক্ষত ও জল দ্বারা শ্রীকৃষ্ণে আপনার ব্রত সমর্পণ করিবে॥ ১৭৫॥

বেদ স্তুত্যাদি দ্বারা স্তব ও 'স্বস্ত্যস্তু' ইত্যাদি শ্লোক দ্বারা প্রার্থনা করিয়া গীত বাদ্যধ্বনি সহকারে প্রভুকে রথে আরোহণ করাইবে॥

এই বিষয় ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণ যুধিষ্ঠির সম্বাদে যথা॥

রাজা স্বয়ং রাত্রিকালে মহাতূর্য্যরব সহকারে রথস্থিত উত্থিত দেবদেবেশকে নৃত্যগীতসমাকুল দীপালোকিত মার্গে ভ্রমণ করাইবে॥ ১৭৬॥

অথ রথযাত্রামাহাত্ম্যং ॥

ভবিষ্যোত্তরে তত্রৈব ॥

যং যং দামোদরঃ পশ্যেদুত্থিতো ধরণীধরঃ ॥
তং তং প্রদেশং রাজেন্দ্র সর্ব্বং স্বর্গায় কল্পয়েৎ ॥

কিঞ্চ ॥

যাবৎ পদানি কৃষ্ণস্য রথস্যাকর্ষণং নরঃ।
করোতি ক্রতুভিস্তানি তুল্যানি নরনায়ক।
রথস্থং যে নিরীক্ষন্তে কৌতুকেনাপি কেশবং।
দেবতানাং গণাঃ সর্ব্বে ভবন্তি শ্বপচাদয়ঃ ॥ ১৭৭ ॥
স্ত্রিয়োঽপি মুক্তিমায়ান্তি রথযাত্রাপরায়ণাঃ।
পিতৃমাতৃভর্ত্তৃকুলং নয়ন্তি হরিমন্দিরং ॥
কুর্ব্বন্তি নর্ত্তকীরূপং রথাগ্রে কৌতুকান্বিতং।

---

তে শ্বপচাদয়োঽপি দেবগণা ভবন্তি ॥ ১৭৭ ॥
নর্ত্তক্যা ইব রূপং বেশং কুর্ব্বন্তি ॥ ১৭৮ ॥

---

অথ রথযাত্রা মাহাত্ম্য ভবিষ্যোত্তরের সেই স্থানে ॥

হে রাজেন্দ্র! ধরণীধর দামোদর উত্থিত হইয়া যে যে প্রদেশ অবলোকন করেন, সেই সেই দেশ স্বর্গের তুল্য কল্পিত হইবে ॥

আরও ॥

হে নরনাথ! মনুষ্য যত পদ শ্রীকৃষ্ণের রথাকর্ষণ করিবে তত পদ যজ্ঞ স্থান তুল্য হয় ॥

যাহারা কৌতুক সহকারে রথস্থ কেশবকে নিরীক্ষণ করে, চণ্ডাল প্রভৃতি সমুদায় লোক দেবতাদিগের গণ হয় ॥ ১৭৭ ॥

স্ত্রীগণও যদি রথযাত্রা পরায়ণ হয় তাহা হইলে তাহারা মুক্তিপ্রাপ্ত হয় এবং পিতৃকুল ও ভর্ত্তৃকুলকে হরিমন্দির প্রাপ্ত করায় ॥

যাহারা রথের অগ্রে কৌতুকান্বিত হইয়া নর্ত্তকী রূপ ধারণ করে,

অপ্সরোভিঃ সহ ক্রীড়াং কুর্ব্বন্তীন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ১৭৮ ॥
যে রথাগ্রে প্রকুর্ব্বন্তি গীতবাদ্যাদি মানবাঃ।
দেবলোকাৎ পরিভ্রষ্টা জায়ন্তে মণ্ডপেশ্বরাঃ ॥ ১৭৯ ॥
মৌল্যেন স্যন্দনস্যাগ্রে গায়মানাশ্চ গায়কাঃ।
বাদকৈঃ সহ রাজেন্দ্র প্রযান্তি হরিমন্দিরং ॥ ১৮০ ॥
রথোৎসবে মুকুন্দস্য যেষাং হর্ষোঽপি জায়তে।
তেষাং ন নারকী পীড়া যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ১৮১ ॥
রথোৎসবস্য মাহাত্ম্যং কলৌ বিতনুতে হি যঃ।
পুণ্যবুদ্ধ্যা বিশেষেণ লোভেনাপ্যথ বা নরঃ ॥
সপ্তদ্বীপসমুদ্রান্তা রত্নধান্যসমন্বিতা।

দেবলোকাৎ পরিভ্রষ্টা ইতি প্রাক্ দেবলোকে যথেষ্টং ভোগান্ ভুক্ত্বা ততঃ পরিভ্রষ্টাঃ সন্ত ইত্যর্থঃ ॥ ১৭৯ ॥

মৌল্যেন বেতনেনাপি গৃহীতেন ॥ ১৮০ ॥

অস্তু তাবদ্রথযাত্রানিষ্পাদনং তত্রোৎসাহাদিনাপি মহাফলং স্যাদিত্যাহ রথেতি ত্রিভিঃ। হর্ষোঽনুমোদনমুৎসাহো বা ॥ ১৮১ ॥ যত্র যস্যাং বোধন্যাং ॥ ১৮২ ॥

তাহারা চতুর্দ্দশ ইন্দ্রের অধিকার কাল অপ্সরোগণের সহিত ক্রীড়া করিয়া থাকে ॥ ১৭৮ ॥

যে সকল মনুষ্য রথের অগ্রে গীত বাদ্যাদি করে, তাহারা বহুকাল পর্য্যন্ত দেবলোকে বাস করিয়া পরে সেই দেবলোক হইতে ভ্রষ্ট হইয়া মণ্ডলেশ্বর অর্থাৎ রাজা হয় ॥ ১৭৯ ॥

হে রাজেন্দ্র! গায়কগণ যদি বেতন গ্রহণ করিয়াও রথাগ্রে গান করে, তাহা হইলে তাহাদিগের হরিমন্দিরে গতি হয় ॥ ১৮০ ॥

মুকুন্দের রথোৎসবে যাহাদের হর্ষোৎপন্ন হয়, চতুর্দ্দশ ইন্দ্রের অধিকার কাল পর্য্যন্ত তাহাদের নারকী পীড়া হয় না ॥ ১৮১ ॥

যে মনুষ্য কলিযুগে পুণ্য বুদ্ধি বিশেষে অথবা লোভ বশত রথোৎসব মাহাত্ম্য বিস্তার করে, তাহার রত্নধাতুসমন্বিত সশৈল বন পুষ্পা-

সশৈলবনপুষ্পাঢ্যা তেন দত্তা মহী ভবেৎ ॥

অন্যত্র চ ॥

বোধনী জাগরাধারা কার্ত্তিকে শুক্লপক্ষতঃ।

রথস্থো যত্র ভগবাংস্তুষ্টো যচ্ছতি বাঞ্ছিতং ॥ ১৮২ ॥

ভজন্তে যে রথারূঢ়ং দেবং সর্ব্বেশ্বরেশ্বরং।

তেষাং যাত্রাকৃতাং নৃণাং কামানিষ্টান্ প্রযচ্ছতি ॥

শ্রীকৃষ্ণরথশোভাং যে প্রকুর্ব্বন্তি প্রহর্ষিতাঃ।

তেষাং মনোরথাবাপ্তিং যচ্ছতে পুরুষোত্তমঃ ॥ ১৮৩ ॥

শ্রীকৃষ্ণরথসংশোভাং যঃ করোতি স্বশক্তিতঃ।

বাঞ্ছিতং তস্য যচ্ছন্তি নিত্যং সূর্য্যাদয়ো গ্রহাঃ ॥

কৃষ্ণস্য রথশোভাং যঃ পতাকাদিসমন্বিতাং।

করোতি বরনারীণাং ভোক্তা মন্বন্তরাণি ষট্ ॥

মনোরথাবাপ্তিং বাঞ্ছিতফলং ॥ ১৮৩ ॥

যুক্ত আসমুদ্রা সপ্তদ্বীপবতী মহী দান করা হয় ॥

অন্যত্রও ॥

কার্ত্তিক মাসের শুক্ল পক্ষে জাগরের আধার রূপা যে বোধনী তাহাতে ভগবান্ রথারোহণে সন্তুষ্ট হইয়া বাঞ্ছিত ফল প্রদান করিয়া থাকেন ॥ ১৮২ ॥

যাহারা রথারূঢ় সর্ব্বেশ্বর দেবকে ভজন করে, সেই সকল যাত্রাকারি মনুষ্যদিগকে শ্রীকৃষ্ণ বাঞ্ছিত ফল প্রদান করেন ॥ ১৮৩ ॥

যে ব্যক্তি স্বীয় শক্তি অনুসারে শ্রীকৃষ্ণের রথ সংশোভিত করেন, সূর্য্যাদি গ্রহগণ তাহার বাঞ্ছিত প্রদান করিয়া থাকেন ॥

যে ব্যক্তি পতাকাদি সমন্বিত করিয়া শ্রীকৃষ্ণের রথ শোভা করেন, তিনি ছয় মন্বন্তর কাল উত্তম নারী ভোগ করিতে পারেন ॥

কৃষ্ণস্য রথশোভাং যে প্রকুর্ব্বন্তি প্রহর্ষিতাঃ।
পদে পদে তথা পুত্র তেষাং পুণ্যং প্রয়াগজং ॥
রথযাত্রাস্থিতে কৃষ্ণে জয়েতি প্রবদন্তি যে।
জয়েতি চ পুনর্যে বৈ শৃণু পুণ্যং বদাম্যহং।
গঙ্গাদ্বারে প্রয়াগে চ গঙ্গাসাগরসঙ্গমে ॥
বারাণস্যাদি তীর্থেষু দেবানাঞ্চৈব দর্শনে।
যৎ ফলং কবিভিঃ প্রোক্তং কার্ৎস্নেন চ নরেশ্বর।
জয়শব্দে কৃতে বিষ্ণৌ রথস্থে তৎ ফলং স্মৃতং ॥
রথস্থিতো নরৈর্যৈস্তু পূজিতো ধরণীধরঃ।
যথা ... ভোপপন্নৈশ্চ পুষ্পৈর্ভক্ত্যা সমর্চ্চিতঃ।
দদাতি বাঞ্ছিতান্ কামানন্তে চ পরমং পদং।

মঙ্গলং জয়তীত্যাদিকরূপং। বস্তুবিশেষার্পণেন পূজাং ॥ ১৮৪ ॥

হে পুত্র! যে সকল ব্যক্তি অত্যন্ত হৃষ্ট হইয়া শ্রীকৃষ্ণের রথ শোভা করেন তাঁহাদিগের পদে পদে প্রয়াগজনিত পুণ্য হয় ॥

যে সকল ব্যক্তি শ্রীকৃষ্ণ রথযাত্রাস্থিত হইলে জয় জয় শব্দ প্রয়োগ করেন, তাঁদাদিগের যে পুণ্য হয় আমি তাহা বলি শ্রবণ কর ॥

গঙ্গাদ্বার, প্রয়াগ, গঙ্গাসাগরসঙ্গম, বারাণসী প্রভৃতি তীর্থ এবং দেবগণের দর্শনে, পণ্ডিতগণ সাকল্যরূপে যে পুণ্য কীর্ত্তন করিয়াছেন, হে নরেশ্বর! শ্রীকৃষ্ণের রথাবস্থানের পর জয় শব্দ কৃত হইলে সমগ্ররূপে ঐ সমুদায় পুণ্য লাভ হয় ॥

মানবগণ কর্ত্তৃক যথালব্ধ পুষ্পসমূহ দ্বারা ভক্তিসহকারে রথস্থ ধরণীধর পূজিত হইয়া সমস্ত বাঞ্ছিতকাম ও অন্তে পরম পদ প্রদান করেন ॥

মঙ্গলং যে প্রকুর্ব্বন্তি ধূপদীপাংস্তথা স্তবং।
নৈবেদ্যং বস্ত্রপূজাঞ্চ ভক্ত্যা নীরাজনং হরেঃ ॥ ১৮৪ ॥
রথারূঢ়স্য কৃষ্ণস্য সংপ্রাপ্তে হরিবাসরে।
ফলং ন তন্ময়া জ্ঞাতং জানাতি যদি কেশবঃ ॥ ১৮৫ ॥
ব্রহ্মস্বহারী গোঘ্নশ্চ ভ্রূণহা ব্রহ্মনিন্দকঃ।
মহাপাতকযুক্তোঽপি ব্রহ্মহা গুরুতল্পগঃ।
মদ্যপঃ সর্ব্বপাপোঽপি কলিকালেন মোহিতঃ।
রথাগ্রতঃ পদৈকেন মুচ্যতে সর্ব্বপাতকৈঃ ॥ ১৮৬ ॥
কিঞ্চান্যত্র ॥
রথারূঢ়ে মহাবিষ্ণৌ যে কুর্ব্বন্তি জয়স্বনং।

যদীতি সংশয়শ্চানন্ত্যাভিপ্রায়েণ ॥ ১৮৫ ॥
সর্ব্বাণি পাপানি যস্মিন্ সোঽপি ॥ ১৮৬ ॥
পূজাঞ্চ কুর্ব্বন্তি ॥ ১৮৭ ॥

যাঁহারা ভক্তি পূর্ব্বক রথারূঢ় শ্রীকৃষ্ণের মঙ্গল ধূপ, দীপ, স্তব, নৈবেদ্য, বস্ত্র, পূজা এবং নীরাজন করেন ॥ ১৮৪ ॥

এবং হরিবাসর অর্থাৎ একাদশী উপস্থিত হইলে রথারূঢ় শ্রীকৃষ্ণের এই সমুদায় কার্য্য করেন, আমি তাহার ফল জানি না, যদি কেশব জানেন ত জানিতে পারেন ॥ ১৮৫ ॥

যে ব্যক্তি ব্রহ্মস্বহারী, গোহত্যাকারী, ভ্রূণহত্যাকারী, বেদনিন্দক, তথা মহাপাতকযুক্ত, ব্রহ্মহত্যাকারী, গুরুপত্ন্যভিগামী, মদ্যপায়ী ও কলিকাল কর্ত্তৃক বিমোহিত এবং সর্ব্বপাতকযুক্ত হইয়াও যদি রথের অগ্রে এক পদ গমন করে তাহা হইলে সে ব্যক্তি সকল পাতক হইতে বিমুক্ত হয় ॥ ১৮৬ ॥

আরও অন্য স্থলে ॥

মহাবিষ্ণু রথারূঢ় হইলে যে সকল ব্যক্তি জয়ধ্বনি ও পূজা করেন,

পূজাঞ্চাখিলপাপেভ্যো মুক্তা যান্তি হরেঃ পদং ॥ ১৮৭ ॥

কিঞ্চ ॥

রথস্যাকর্ষণং পূর্ব্বং কুরুতে দৈত্যনায়কঃ।

ততঃ সুরাঃ সিদ্ধসঙ্ঘা যক্ষগন্ধর্ব্বমানবা ইতি ॥ ১৮৮ ॥

ইত্থঞ্চ রথযাত্রায়া বিধির্ব্যক্তঃ স্বতোহভবৎ।

তথাপি কশ্চিত্তত্রান্যো বিশেষোহপি বিতন্যতে ॥ ১৮৯ ॥

অথ রথযাত্রাবিধিঃ ॥

শ্রীকৃষ্ণে তু রথারূঢ়ে কৃত্বা জয় জয় ধ্বনিং।

নিষ্পাদ্য চ মহাপূজামাশীর্বাক্যানি কীর্ত্তয়েৎ ॥

তথাচ বিষ্ণুধর্ম্মে ॥

---

নচায়ং রথো মনুষ্যমাত্র শক্ত্যা চলতি কিন্তু ভগবদ্ভক্তানাং মহতামেবেত্যাশয়েনাহ রথস্যেতি দৈত্যনায়কঃ শ্রীপ্রহ্লাদঃ ॥ ১৮৮ ॥

ইত্থং মাহাত্ম্যলিখনদ্বারেত্যর্থঃ। স্বতএব ব্যক্তঃ প্রকটোঽভবৎ অতস্তদ্বিস্তারণেনালমিত্যর্থঃ। বিশেষ আশীর্ব্বাক্যকীর্ত্তনাদি ॥ ১৮৯ ॥

---

তাঁহারা অখিল পাপ হইতে মুক্ত হইয়া হরিলোকে গমন করেন ॥১৮৭

আরও ॥

অগ্রে দৈত্যনায়ক শ্রীপ্রহ্লাদ, তৎপরে দেবতা, সিদ্ধ, যক্ষ, গন্ধর্ব্ব ও মনুষ্য সকল রথের আকর্ষণ করিয়া থাকেন ॥ ১৮৮ ॥

এই প্রকার রথযাত্রার বিধি স্বতই ব্যক্ত হইয়াছে তথাপি ঐ রথযাত্রার অন্য কোন বিশেষ বিধি অর্থাৎ আশীর্ব্বাক্য কীর্ত্তনাদি বিধি বিস্তার করিতেছি ॥ ১৮৯ ॥

অথ রথযাত্রাবিধি ॥

শ্রীকৃষ্ণ রথারূঢ় হইলে পুনঃ পুনঃ জয়ধ্বনি করিয়া মহাপূজা সম্পাদন পূর্ব্বক আশীর্ব্বচন সকল কীর্ত্তন করিবে ॥

বিষ্ণুধর্ম্মে যথা ॥

বক্তুং নীলোৎপলরুচি লসৎ কুণ্ডলাভ্যাং প্রমৃষ্টং
চন্দ্রাকারং রচিততিলকং চন্দনেনাক্ষতৈশ্চ।
গত্যা লীলাং জনসুখকরীং প্রেক্ষণেনামৃতৌঘং
পদ্মাবাসাং সততমুরসা ধারয়ন্ পাতু বিষ্ণুঃ॥ ১৯০॥
যুক্তঃ শৈব্যাদিবাহৈর্মধুরতররণৎকিঙ্কিণীজালমালৈ-
রত্নৌঘৈর্মৌক্তিকানামবিরতমণিভিঃ সংভৃতৈশ্চৈব হারৈঃ।

বিশেষমেব লিখন্ তৎপূর্ব্বকৃত্যমনুস্মারয়তি শ্রীকৃষ্ণেতি। চন্দ্রাকারং পূর্ণেন্দুমণ্ডল-সদৃশাকৃতিবক্তুং ধারয়ন্ প্রকটয়ন্। বক্তুমেব বিশিনষ্টি নীলেত্যাদি প্রথমার্দ্ধেন। নীলোৎপলস্যেব রুচিঃ শ্যামকান্তির্যস্মিন্। লসদ্ভ্যাং গণ্ডয়োঃ ক্রীড়দ্ভ্যাং শোভমানাভ্যাং বা কুণ্ডলাভ্যাং প্রমৃষ্টং পরমোজ্জ্বলং। লসদিত্যস্য পূর্ব্বেণৈব বা সম্বন্ধঃ। চন্দনেনাক্ষতৈশ্চ রচিতং ভালে নির্ম্মিতং তিলকং যস্মিন্। পুনর্বিষ্ণুং বিশিনষ্টি। গত্যা রথযাত্রায়া জনসুখকরীং সর্ব্বলোকানন্দবহাং লীলাং কৌতুকবিশেষং ধারয়ন্। কিঞ্চ। প্রেক্ষণেন কৃপাবলোকেন অমৃতৌঘং সুধাপুরং ধারয়ন্। কিঞ্চ উরসা পদ্মাবাসাং লক্ষ্মীং ধারয়ন্ সততং পাতু জগদিতি শেষঃ। ব ইত্যুত্তরশ্লোকস্থস্য বা সম্বন্ধঃ॥ ১৯০॥

শৈব্যঃ আদিশব্দেন সুগ্রীবমেঘপুষ্পবলাহকাঃ তত্তৎ সংজ্ঞকৈর্বাহৈরশ্বৈশ্চতুর্ভির্যুক্তঃ। এবমস্যাপি রথস্য ভগবদারূঢ়ত্বাত্তন্নিত্যরথসাদৃশ্যমভিপ্রেতং। কথম্ভূতৈর্বাহৈঃ। মধুরতরং যথাস্যাত্তথা রণন্তীনাং শব্দায়মানানাং যদ্বা মধুরাণাঞ্চ পরমসুন্দরীণাং রণন্তীনাঞ্চ কিঙ্কিণীনাং জালস্য মালা যেষু তৈঃ। পুনঃ কথম্ভূতৈঃ অবিরতা নিরন্তরা মণয়ো যেষু

নীলোৎপলের ন্যায় শ্যামকান্তি বিশিষ্ট,উজ্জ্বল কুণ্ডলদ্বয়ে দেদীপ্যমান এবং চন্দন ও তণ্ডুল দ্বারা রচিত তিলক সম্পন্ন সুতরাং সম্পূর্ণ-মণ্ডল-শশধরের সদৃশাকৃতি মুখারবিন্দ এবং রথযাত্রার গতি দ্বারা সর্ব্ব লোকানন্দকারিণী লীলা অর্থাৎ কৌতুক বিশেষ এবং কৃপাবলোকন দ্বারা অমৃতরাশি ও সতত লক্ষ্মীকে যিনি বক্ষঃস্থলে ধারণ করিয়াছেন, সেই বিষ্ণু জগৎকে রক্ষা করুন॥ ১৯০॥

যিনি শৈব্য, সুগ্রীব,মেঘপুষ্প ও বলাহক নামক অশ্ব চতুষ্টয়, যাহাদের অঙ্গে মধুর শব্দবিশিষ্ট নানাবিধ রত্নখচিত কিঙ্কিণী মালা ও মধ্যে মধ্যে ঘনসন্নিবিষ্ট মণিগ্রথিত মুক্তাহার শোভা পাইতেছে, সেই

হৈমৈঃ কুম্ভৈঃ পতাকাশিবতররুচিভির্ভূষিতঃ কেতুমুখ্যৈ-
শ্ছত্রৈর্ব্রহ্মেশবন্দ্যো দুরিতহরহরেঃ পাতু জৈত্রো রথো বঃ॥১৯১
মোদন্তাং সুজনা হ্যনিন্দিতধিয়ঃ ত্রস্তাখিলোপদ্রবাঃ
স্বস্থাঃ সুস্থিরবুদ্ধয়ঃ প্রতিহতামিত্রা রমন্তাং সুখং ।
রে দৈত্যা গিরিগহ্বরাণি গহনান্যাশু ব্রজধ্বং ভয়া-
দ্দৈত্যারির্ভগবানয়ং যদুপতির্যানং সমারোহতি ॥
পলায়ধ্বং পলায়ধ্বং রে রে দিতিজ দানবাঃ ।
সংরক্ষণায় লোকানাং রথারূঢ়ো নৃকেশরীতি ॥

তৈর্মৌক্তিকানাং হারৈঃ। রত্নৌঘৈশ্চান্যৈঃ সম্ভৃতৈঃ পরিপূর্ণৈঃ। যদ্বা রথস্যৈব বিশেষণং। ততশ্চ মণয়ো মৌক্তিকগুণকানি যথা জপমালাদিমণয়ঃ। মৌক্তিকানামবিরতৈর্মণিভিঃ রত্নৌঘৈশ্চ সম্ভৃতৈর্গ্রথিতৈর্হারৈর্ভূষিত ইত্যন্বয়ঃ। পতাকানাং শিবতরাভিঃ পরমোত্তমাভিঃ রুচিভির্দীপ্তিভিঃ ছত্রৈশ্চ ভূষিতঃ দুরিতহরস্য হরেঃ জৈত্রঃ জয়শীলঃ ॥ ১৯১ ॥

রথঞ্চ তং শ্রীপ্রহ্লাদাদিভিরাকৃষ্যমাণং সঞ্চিন্ত্য পরিভাব্য স্বয়ং ভ্রাময়েৎ। প্রেরয়ন্নিতি-

অশ্ব চতুষ্টয়ে যিনি যুক্ত, তথা স্বর্ণ কলস, দীপ্তিশালিনী পতাকা, উৎকৃষ্ট কেতু এবং ছত্র প্রভৃতিতে ভূষিত এবং ব্রহ্ম রুদ্রাদি যাঁহার বন্দনা করিতেছেন, সেই সর্ব্বপাপহর হরির সেই জয়শীল রথ তোমাদিগকে রক্ষা করুন ॥ ১৯১ ॥

হে অনিন্দিতবুদ্ধিসম্পন্ন সজ্জনগণ ! তোমাদিগের উপদ্রব সকল বিনষ্ট হইয়াছে, তোমরা আনন্দিত হও, হে স্বস্থব্যক্তিগণ ! তোমারা সুস্থির বুদ্ধি, তোমাদের শত্রুকুল প্রতিহত হইয়াছে, সুখে ক্রীড়া কৌতুক কর, অরে দৈত্য সকল ! ভীতচিত্তে শীঘ্র গিরিগহ্বর এবং নির্জ্জন বনে প্রবেশ কর্, এই দৈত্যারি ভগবান্ যদুপতি রথে আরোহণ করিতেছেন ॥

অরে দৈত্য দানবগণ ! পলায়ন কর্ পলায়ন কর্, লোক সকলের রক্ষা নিমিত্ত নৃসিংহদেব রথে আরোহণ করিলেন ॥

ততোবিচিত্র গদ্যানি পঠিত্বাথ মহাপ্রভোঃ।
মহাপ্রসাদমালাঞ্চ স্বীকুর্য্যাৎ পরয়া মুদা ॥
তন্মাহাত্ম্যং চোক্তং ॥
ভক্ত্যা গৃহ্নাতি যো মালাং বৈষ্ণবীং মঙ্গলাশ্রয়াং।
ন তেষাং দুর্ল্লভং কিঞ্চিদিহ লোকে পরত্র চ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন সর্ব্বকামসমৃদ্ধয়ে।
মালামেতাং প্রগৃহ্নীয়াৎ সৌখ্যমোক্ষপ্রদায়িনীমিতি।
সঞ্চিন্ত্যাকৃষ্যমাণঞ্চ শ্রীপ্রহ্লাদাদিভীরথং।
আকর্ষয়েদ্রাজপুর্য্যাং ভ্রাময়েদ্বৈষ্ণবৈঃ সমং ॥ ১৯২ ॥
তথাচ ভবিষ্যোত্তরে তত্রৈব ॥
নৃত্যমানৈর্ভাগবতৈর্গীতবাদিত্রনিস্বনৈঃ।

পাঠে পশ্চাচ্চালয়ন্ ॥ ১৯২ ॥
নৃত্যমানৈর্নৃত্যদ্ভির্ভাগবতৈর্ভগবদ্ভক্তৈঃ সহ ॥ ১৯৩ ॥

তদনন্তর বিচিত্র গদ্য সকল পাঠ করিয়া অতিশয় আনন্দ সহকারে মহাপ্রভুর মহাপ্রসাদ মালা গ্রহণ করিবে ॥

মহাপ্রসাদ মালা মাহাত্ম্য উক্ত হইয়াছে যথা ॥

যে ব্যক্তি ভক্তি সহকারে মঙ্গলের আধারস্বরূপ বিষ্ণুসম্বন্ধিমালা গ্রহণ করেন, তাঁহার ইহলোক বা পরলোক কোন স্থানেই কিছু দুর্ল্লভ নাই। অতএব সম্যক্ প্রযত্ন সহকারে কাম সমৃদ্ধির নিমিত্ত সুখ এবং মোক্ষপ্রদায়িনী এই মালা গ্রহণ করিবে ॥

"শ্রীপ্রহ্লাদ প্রভৃতি রথ আকর্ষণ করিতেছেন" এই চিন্তা করিয়া বৈষ্ণবগণের সহিত স্বয়ং রাজপুরীতে রথ ভ্রমণ করাইবে ॥ ১৯২ ॥

তথা ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণ যুধিষ্ঠির সম্বাদে ॥

নৃত্যশীল বৈষ্ণবগণের সহিত গীত বাদ্য ধ্বনি সহকারে পুর মধ্যে

ভ্রাময়েৎ স্যন্দনং বিষ্ণোঃ পুরমধ্যে সমন্ততঃ ॥

কিঞ্চ ॥

প্রবোধবাসরে প্রাপ্তে কার্ত্তিকে পাণ্ডুনন্দন ।
দেবালয়েষু সর্ব্বেষু পুরমধ্যে সমন্ততঃ ॥
ভ্রাময়েত্তূর্য্যনির্ঘোষৈ রথস্থং ধরণীধরং ॥ ১৯৩ ॥
রথাগমে মুকুন্দস্য পুরশোভাস্তু কারয়েৎ ।
সর্ব্বতো রমণীয়স্তু পতাকৈরুপশোভিতং ।
তোরণৈর্বহুভির্যুক্তং রম্ভাস্তম্ভৈঃ সুশোভিতং ॥
স্থানে স্থানে মহীপাল কর্ত্তব্যং পুণ্যসংযুতং ।
বিচিত্র রথশোভা চ কর্ত্তব্যা ভাবিতৈর্ন রৈরিতি ॥ ১৯৪ ॥

রথস্যাগমে যত্র যত্র রথো যাতি তত্র তত্রৈবেত্যর্থঃ । এবং পুরশোভাকর্ম্মণস্তাৎকালিকত্বমুক্তং পূর্ব্বমপি সর্ব্বমহাযাত্রাসাধারণ্যাৎ কার্য্যমেবেতি জ্ঞেয়ং । পুরশোভামেব বিবৃত্যাহ সর্ব্বত ইতি সার্দ্ধেন । রমণীয়ং পুরমিতিশেষঃ পুণ্যসংযুতং মঙ্গলতরং । ভাবিতৈঃ ভাবযুক্তৈঃ সদ্ভির্বিচিত্রা রথশোভা চ স্থানে স্থানে কর্ত্তব্যা ॥ ১৯৪ ॥

সর্ব্বদিকে বিষ্ণুর রথ ভ্রমণ করাইবে ॥

আরও ॥

হে পাণ্ডুনন্দন ! কার্ত্তিক মাসের উত্থান একাদশীর দিবস পুর মধ্যে সকল দিকে সকল দেবালয়ে তূর্য্যধ্বনি সহকারে রথস্থ ধরণীধর শ্রীকৃষ্ণকে ভ্রমণ করাইবে ॥ ১৯৩ ॥

হে মহীপাল ! মুকুন্দের রথাগমে অর্থাৎ রথ যে যে স্থানে যাইবে সেই সেই স্থানে পুরশোভা করিবে অর্থাৎ মনুষ্য দ্বারা সর্ব্বতোভাবে স্থানে স্থানে রমণীয় পতাকা বহু ২ তোরণ, কদলীবৃক্ষ ও মঙ্গল সংযুক্ত করিয়া সুশোভিত করিবে এবং রথেরও শোভা করিবে ॥ ১৯৪ ॥

রথেন গচ্ছন্ ভগবাননুগম্যোঽখিলৈর্জ্জনৈঃ।
স্বস্বগেহাগ্রতশ্চার্চ্চ্যোঽন্যথা দোষো মহান্ ভবেৎ ॥ ১৯৫ ॥

অথ রথানুগমনাদি নিত্যতা ॥

তত্রৈব ॥

রথেন সহ গচ্ছন্তি পুরতঃ পৃষ্ঠতোঽগ্রতঃ।
বিষ্ণুনৈব সমাঃ সর্ব্বে ভবন্তি শ্বপচাদয়ঃ ॥ ১৯৬ ॥
রথস্থং যে ন গচ্ছন্তি ভ্রমমাণং জনার্দ্দনং।
বিপ্রাধ্যয়নসম্পন্না ভবন্তি শ্বপচাধমাঃ ॥ ১৯৭ ॥

অখিলৈরাত্মারামাদিভিরপি স্বস্বগেহাগ্রতঃ নিজনিজালয়াগ্রতঃ প্রাপ্তঃ সন্ অর্চ্চ্যঃ পূজ্যঃ। অন্যথা অনুগমনার্চ্চনে ন কৃতে সতীত্যর্থঃ ॥ ১৯৫ ॥

অকরণে প্রত্যবায় দ্বারা নিত্যত্বং লিখিতুমাদৌ করণেন পরমগুণং লিখতি রথেনেতি। মহাবিপ্রেতি পাঠে মহাবিপ্রাঃ জ্ঞাননিষ্ঠা মুনয়স্তৈঃ সমা স্তুল্যাঃ। যদ্যপি মহাব্রাহ্মণশব্দেন চাণ্ডালোঽভিধীয়তে তথাপি বিপ্রশব্দ প্রয়োগাত্তৎপরিহারো জ্ঞেয়ঃ ॥ ১৯৬ ॥

অধ্যয়নসম্পন্নাঃ অধীতশাস্ত্রা অপি বিপ্রাঃ। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥ ১৯৭ ॥

ভগবান্ যখন রথে আরোহণ করিয়া গমন করিবেন তৎকালীন সমুদায় জন এবং আত্মারামাদিগণও অনুগামী হইয়া নিজ নিজ আলয়ের অগ্রে উপস্থিত হইলে দেবকে অর্চ্চনা করিবেন, অন্যথা অর্থাৎ অনুগমন ও অর্চ্চন না করিলে মহান্ দোষ হইবে ॥ ১৯৫ ॥

অথ রথানুগমনাদি নিত্যতা।

ঐ ভবিষ্যোত্তরে ॥

যাঁহারা রথের সহিত পশ্চাৎদেশে বা অগ্রে গমন করেন তাঁহারা শ্বপচ হইলেও বিষ্ণুর সহিত সমান হয়েন ॥ ১৯৬ ॥

রথস্থ ভ্রমমাণ জনার্দ্দনের সহিত যাহারা গমন না করে, তাহারা অধ্যয়নসম্পন্ন ব্রাহ্মণ হইলেও চণ্ডাল অপেক্ষা অধম হয় ॥ ১৯৭ ॥

কিঞ্চ ॥

যেষাং গৃহাগ্রতো যাতি রথস্থো মধুসূদনঃ।
পূজা তৈস্তৈঃ প্রকর্ত্তব্যা বিত্তশাঠ্যবিবর্জ্জিতৈঃ।
অনর্চ্চিতো যদা যাতি গৃহাদ্যস্য মহীধরঃ।
পিতরস্তস্য বিমুখা বর্ষাণাং দশপঞ্চ চ ॥ ১৯৮ ॥
যঃ পুনঃ কুরুতে পূজাং গৃহায়াতে তু মাধবে।
বসতে শ্বেতদ্বীপে তু যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ১৯৯ ॥

অন্যত্র চ ॥

নানুব্রজতি যো মোহাদ্‌ব্রজন্তং পরমেশ্বরং।

পশ্যন্তীতি পাঠে দর্শনস্যাপি নিত্যত্বং জ্ঞেয়ং। ততশ্চানুগমনস্য নিত্যত্বং নানুব্রজতীতি শ্লোকাদবগন্তব্যং ॥ ১৯৮ ॥

ন চ কেবলমকরণপ্রত্যবায়পরিহারার্থমেব পূজা কার্য্যা কিন্তু তয়া মহাফলঞ্চ স্যাদিত্যাহ য ইতি ॥ ১৯৯ ॥

জ্ঞানাগ্নিনা দগ্ধানি কর্ম্মাণি যস্য জীবন্মুক্তস্য সোঽপি ভগবদ্বিষয়কমহাপরাধবলেন পরম-

মধুসূদন রথস্থ হইয়া যাহাদিগের গৃহের সম্মুখ দিয়া গমন করেন, বিত্তশাঠ্য বর্জন পূর্ব্বক তাহাদিগের পূজা করা কর্ত্তব্য। ধরণীধর ভগবান্ যখন যাহার গৃহ হইতে অপূজিত হইয়া গমন করেন, তখন তাহার পিতৃলোক পঞ্চদশ বৎসর বিমুখ হয়েন ॥ ১৯৮ ॥

মাধব গৃহে আগমন করিলে যে ব্যক্তি, পূজা করে, সে চতুর্দ্দশ ইন্দ্রের অধিকার কাল পর্য্যন্ত শ্বেতদ্বীপে বাস করে ॥ ১৯৯ ॥

অন্যস্থলেও ॥

যে ব্যক্তি মোহবশতঃ গমনশীল পরমেশ্বরের অনুগমন করে না, সে জ্ঞানাগ্নি দ্বারা কর্ম্ম সকলকে দগ্ধ করিলেও ব্রহ্মরাক্ষস হয় অর্থাৎ ভগবদ্বিষয়ক অপরাধ বলে দুষ্কর্ম্মের উৎপত্তিনিবন্ধন তদ্ভো-

জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাপি স ভবেদ্ব্রহ্মরাক্ষসঃ ॥ ২০০ ॥
অথ স্বমন্দিরং নীত্বা পূর্ব্ববৎ পূজয়েৎ প্রভুং।
রাত্রৌ জাগরণং কুর্য্যাদ্বিধিবদ্বৈষ্ণবৈঃ সমং ॥ ২০১ ॥
অথ প্রবোধনীজাগরণমাহাত্ম্যং ॥
স্কান্দে তত্রৈব ॥
পূর্ব্বজন্মসহস্রেষু পাপং যৎ সমুপার্জ্জিতং।
জাগরেণ প্রবোধন্যা দহতে তূলরাশিবৎ ॥ ২০২ ॥
কৃত্বাপি পাতকং ঘোরং ব্রহ্মহত্যাদিকং নরঃ।
কৃত্বা জাগরণং বিষ্ণোর্ধূতপাপোভবেন্মুনে ॥

দুষ্কর্ম্মোৎপত্তেস্তদ্ভোগার্থং দুর্জ্জন্ম লভত ইত্যর্থঃ ॥ ২০০ ॥

পূর্ব্ববদিতি শয়ন্যাদৌ যথালিখিতং তদ্বদিত্যর্থঃ। বিধিবদ্যথাবিধীত্যর্থঃ। রথযাত্রারাত্রৌ জাগরণমুন্মীলনীত্বাদিনা দ্বাদশ্যামুপবাসাৎ। অন্যথা পূর্ব্বস্মিন্নুপবাসদিনে জাগরণং পারণাদিনে উত্থানানন্তরং রথযাত্রেতি ॥ ২০১ ॥

তত্র জাগরণতঃ প্রথমং পাপক্ষয়মাহ পূর্ব্বেতি ত্রিভিঃ ॥ ২০২ ॥

গার্থ তাহার অসৎ জন্ম হয় ॥ ২০০ ॥

অনন্তর ভগবান্‌কে স্বীয়গৃহে লইয়া গিয়া পূর্ব্বের ন্যায় পূজা এবং বৈষ্ণবগণের সহিত যথাবিধি রাত্রি জাগরণ করিবে ॥ ২০১ ॥

অথ প্রবোধনী জাগরণমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণের সেই স্থলেই ॥

পূর্ব্ব সহস্রজন্মে যে পাপ উপার্জিত হইয়াছে, প্রবোধনীর জাগরণে সেই পাপ তূলরাশির ন্যায় দগ্ধ হইয়া যায় ॥ ২০২ ॥

হে মুনে! মনুষ্য ঘোর ব্রহ্মহত্যা পাপ করিয়া যদি বিষ্ণুর জাগরণ করে, তাহা হইলে সমস্ত পাপ হইতে বিনির্ম্মুক্ত হয় ॥

কর্ম্মণা মনসা বাচা পাপং যৎ সমুপার্জ্জিতং।
ক্ষালয়েত্তচ্চ গোবিন্দঃ প্রবোধন্যাস্তু জাগরে॥
দুষ্প্রাপং যৎ ফলং বিপ্রৈরশ্বমেধাদিভির্ম খৈঃ।
প্রাপ্যতে তৎ সুখেনৈব প্রবোধন্যাস্তু জাগরে॥ ২০৩॥
আপ্লুত্য সর্ব্বতীর্থানি দত্ত্বা চ কাঞ্চনং মহীং।
ন তৎ ফলমবাপ্নোতি যৎকৃত্বা জাগরং হরেঃ॥
চন্দ্রসূর্য্যোপরাগে তু যৎ ফলং পরিকীর্ত্তিতং।
তৎ সহস্রগুণং পুণ্যং প্রবোধন্যাস্তু জাগরে।
স্নানং দানং তপোহোমঃ স্বাধ্যায়শ্চার্চ্চনং হরেঃ॥
তৎ সর্ব্বং কোটিগুণিতং প্রবোধন্যাস্তু জাগরে॥ ২০৪॥
সমতীতং ভবিষ্যঞ্চ বর্ত্তমানং কুলাযুতং।

যজ্ঞতীর্থদানাদিতোঽপ্যাধিক্যমাহ দুষ্প্রাপমিতি ত্রিভিঃ॥ ২০৩॥
কিঞ্চ। স্নানমিতি॥ ২০৪॥
সর্ব্বকুলসমেতস্য শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকত্বঞ্চাহ সমতীতমিতি ত্রিভিঃ। কৃষ্ণস্য জাগ-

কর্ম্ম মনঃ বাক্য দ্বারা যে পাপ উপার্জন করিবে, প্রবোধনীর জাগরণে গোবিন্দ সেই পাপ ক্ষালন করিয়া দেন॥

ব্রাহ্মণগণ অশ্বমেধাদি যজ্ঞ দ্বারা যে ফল প্রাপ্ত হয়েন না, প্রবোধনীর জাগরণে অনায়াসে সেই ফল লাভ হইয়া থাকে॥ ২০৩॥

সকল তীর্থে স্নান, স্বর্ণদান ও মহীদান করিয়া যে ফল প্রাপ্ত হয় না, হরির জাগরণ করিয়া সেই ফল লাভ হইয়া থাকে॥

চন্দ্রগ্রহণ বা সূর্য্যগ্রহণে যে ফল কীর্ত্তিত হইয়াছে, প্রবোধনীর জাগরণে তাহার সহস্র গুণ ফল লাভ হইয়া থাকে॥

স্নান, দান, তপস্যা, হোম এবং হরির অর্চ্চন করিলে যে ফল হয়, প্রবোধনীর জাগরণে তৎসমুদায়ের কোটি গুণিত ফল হয়॥ ২০৪॥

যে অযুত কুল অতীত হইয়াছে, হইবে এবং বর্ত্তমান আছে, জাগ-

বিষ্ণুলোকং নয়ত্যাশু জাগরেণ প্রবোধনী ॥
চলন্তি পিতরোহৃষ্টা বিষ্ণুলোকমলঙ্কৃতাঃ।
বিমুক্তা নারকৈর্দুঃখৈঃ কর্ত্তুঃ কৃষ্ণপ্রজাগরং ॥
ভার্য্যাপক্ষে তু যে জাতা মাতৃতঃ পিতৃতস্তথা।
তারয়েন্নাত্র সন্দেহঃ প্রবোধন্যাস্তু জাগরঃ ॥ ২০৫ ॥
কিঞ্চ ॥
ফলৈর্নানাবিধৈর্দ্রব্যৈঃ প্রবোধন্যাস্তু জাগরে।
শঙ্খে তোয়ং সমাদায় অর্ঘ্যং দদ্যাজ্জনার্দ্দনে ॥
যৎ ফলং সর্ব্বদানেষু সর্ব্বতীর্থেষু যৎ ফলং।
তৎ সর্ব্বং কোটিগুণিতং দত্ত্বার্ঘ্যং বোধবাসরে ॥ ২০৬ ॥

রণং কর্ত্তুঃ যঃ করোতি তস্য যে পিতরস্তে ইত্যর্থঃ ॥ ২০৫ ॥
জাগরে অর্ঘ্যদানমাহাত্ম্যং লিখতি ফলৈরিতি দ্বাভ্যাং ॥ ২০৬ ॥

রণ দ্বারা প্রবোধনী শীঘ্র সেই সকলকে বিষ্ণুলোক প্রাপ্ত করায় ॥

কৃষ্ণজাগরণকর্ত্তার পিতৃগণ সমুদায় নরকদুঃখ হইতে বিমুক্ত হইয়া অলঙ্কৃত ও হৃষ্টচিত্তে বিষ্ণুলোকে গমন করেন ॥

ভার্য্যাপক্ষে যাহারা জন্মিয়াছে, মাতৃপক্ষে বা পিতপক্ষে যাহারা জন্মিয়াছে, প্রবোধনীর জাগরণ তাহাদিগকে উদ্ধার করেন, ইহাতে সন্দেহ নাই ॥ ২০৫ ॥

আরও ॥

প্রবোধনীর জাগরণে শঙ্খে জল দিয়া ফল ও নানাবিধ দ্রব্য দ্বারা জনার্দ্দনকে অর্ঘ্য প্রদান করিবে ॥

সমস্ত দানে যে ফল ও সকল তীর্থে যে ফল, বোধবাসরে অর্থাৎ প্রবোধনীতে বিষ্ণুকে অর্ঘ্য দিলে তৎসমুদায় কোটি গুণিত হইয়া থাকে ॥ ২০৬ ॥

পাদ্মে চ তত্রৈব ॥

অন্যত্রাপি প্রিয়া বিষ্ণোর্জাগরে স্যাৎ প্রবোধনী।
কিং পুনর্ম্মথুরায়াং সা ততো বৈ জন্মসদ্মনি ॥ ২০৭ ॥
একৈবৈকাদশী কৃষ্ণজন্মগেহে কৃতা নরৈঃ।
ততোঽধিকং ন কর্ত্তব্যং লোকে কিঞ্চন বিদ্যতে ॥
রাত্রৌ জাগরণং তত্র প্রীত্যা কুর্ব্বন্তি যে নরাঃ।
সংসারমোহস্বপ্নান্তে সদা জাগ্রতি জাগ্রতি ॥ ২০৮ ॥

কিঞ্চ তত্রৈব।

শ্রীরাধিকোপাখ্যানান্তে ॥

প্রবোধনীজাগরপুণ্যবৈভবাৎ

---

অন্যত্র মথুরাব্যতিরিক্তস্থানেঽপি ॥ ২০৭ ॥

সংসারে যোমোহঃ অজ্ঞানং স এব স্বপ্নস্তস্য অন্তে নাশে নিমিত্তে সদা জাগ্রতি সংসার-মোহস্তস্য কদাচিদপি ন তিষ্ঠেদিত্যর্থঃ। বীপ্সা নিশ্চয়ার্থা ॥ ২০৮ ॥

বিধিবাক্যং সর্ব্বসু গোপীষু মধ্যে অহং শ্রীকৃষ্ণস্য পরমপ্রেয়সী ভবামীতি স্বর্গে চন্দ্রকান্তি

---

পদ্মপুরাণের সেই স্থানেই ॥

মথুরা ব্যতিরিক্ত স্থানেও জাগরণ বিষয়ে যখন বোধনী বিষ্ণুর প্রিয়া হয়েন, তখন জন্মভূমি মথুরায় জাগরণ করিলে তাহার কথা আর কি বলিব ॥ ২০৭ ॥

লোক সকল যদি শ্রীকৃষ্ণের জন্মভূমি মথুরায় একটীমাত্র একাদশী করে, তাহা হইলে লোক মধ্যে ততোঽধিক আর তাহার কিছু কর্ত্তব্য নাই ॥

যে সকল মনুষ্য মথুরায় প্রীতিবশতঃ জাগরণ করেন, তাঁহারা সংসার মোহরূপ স্বপ্নের অন্তে সর্ব্বদা জাগরূক থাকেন ॥ ২০৮ ॥

আরও ঐ পদ্মপুরাণে শ্রীরাধিকার উপাখ্যানের অন্তে ॥

প্রবোধনী জাগরণরূপ পুণ্যবৈভব হেতু বিধাতার বাক্য * সত্য

---

* ব্রহ্মার বাক্যের তাৎপর্য্য এই যে স্বর্গে চন্দ্রকান্তি নামা অপ্সরা বিধাতাকে আরাধনা

প্রসন্ন ঈশোবিধিবাক্যসত্যকৃৎ।
চকার রাসোৎসবনর্ত্তনং সহ
বৃন্দাবনেঽন্যাভিরপীহ রাধয়া ॥ ২০৯ ॥
সা নৃত্যমানাদ্ভুতগোপরূপিণা
কৃষ্ণেন জন্মান্তরবাঞ্ছিতেন।
রাধা মহাপ্রেম-জবাকুলেন্দ্রিয়া
নিন্যেঽন্যলোকং কথয়া কৃতার্থতাং ॥ ২১০ ॥
তস্মাৎ সুবোধনীং কৃত্বা রাত্রৌ কৃত্বা চ জাগরং।
সুপ্তোত্থিতং হরিং দৃষ্ট্বা কা ভীঃ সংসারজা দ্বিজাঃ ॥ ২১২ ॥

নামাপ্সরসঃ প্রার্থনয়া তথাস্ত্বিতি ব্রহ্মা যদাহ তৎ সত্যং করোতীতি সঃ এতচ্চ পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে সবিস্তরং বর্ত্তত এব। তত্র যদ্যপি ভগবতী শ্রীরাধা স্বতএব তস্য নিত্য-পরমপ্রেয়সী তথাপি বিধিবাক্য সত্যতার্থং কৃতমিত্যন্যজনের্ষাপরিহারার্থমুক্তমিতি দিক্। রাধয়া সহ অন্যাভিরপি গোপীভিঃ সহ ॥ ২০৯ ॥

অন্যলোকং পরমপি জনং সর্ব্বকথয়া নিজচরিতাদি বার্ত্তয়া কৃতার্থতাং শ্রীকৃষ্ণপ্রিয়তমতাং নিন্যে। তত্র হেতুঃ মহান্ প্রেম্ণো জবঃ বেগস্তেনাকুলানীন্দ্রিয়াণি যস্যাঃ সা। অতস্তদ্বার্ত্তা-শ্রবণমাত্রেণৈব স্বতঃ প্রেমভরোৎপত্তেরিত্যর্থঃ ॥ ২১০ ॥ ২১১ ॥

করিবার নিমিত্ত শ্রীকৃষ্ণ বৃন্দাবনে শ্রীরাধা এবং অন্যান্য গোপীগণের সহিত রাসোৎসব বিষয়ক নর্ত্তন করিয়াছিলেন ॥ ২০৯ ॥

অনন্তর সেই চন্দ্রকান্তি নামা অপ্সরা জন্মান্তরবাঞ্ছিত অদ্ভুত গোপরূপি শ্রীকৃষ্ণের সহিত নৃত্য করিতে থাকিলে শ্রীরাধা প্রেমবেগে আকুলেন্দ্রিয় হইয়া অন্য জনকেও নিজ চরিত বার্ত্তা দ্বারা কৃতার্থতা অর্থাৎ শ্রীকৃষ্ণের প্রিয়তমতা প্রাপ্ত করাইয়াছিলেন ॥ ২১০ ॥

অতএব হে দ্বিজগণ! প্রবোধনী করিয়া এবং রাত্রিতে জাগরণ করিয়া সুপ্তোত্থিত হরিকে দর্শন করিলে সংসার জনিত ভয় কি? ॥২১১

করিয়া প্রার্থনা করিয়াছিল, ব্রহ্মন্! সকল গোপীর মধ্যে আমি শ্রীকৃষ্ণের পরম প্রেয়সী হই, ব্রহ্মা তথাস্ত বলিয়া ঐ বর প্রদান করিয়াছিলেন ॥

মথুরায়াস্তু কিং বাচ্যং জাগরে হরিসন্নিধৌ।
কার্ত্তিকে বোধনীং প্রাপ্য ততঃ শ্রেয়ঃ পরং ন হি ॥
মথুরায়াং প্রবোধন্যাং কৃতজাগরণস্য হি।
ক্ষণার্দ্ধদানতো বৈশ্যোঽমোচয়দ্ব্রহ্মরাক্ষসং ॥ ২১২ ॥
জাগরস্য চ মাহাত্ম্যং গীতবাদিত্রকীর্ত্তনং।
হরেঃ প্রীতিকরং রাত্রৌ বক্তুং মে নৈব শক্যতে ॥ ২১৩ ॥
যস্তু গায়তি কৃষ্ণাগ্রে কৌমুদীং দ্বাদশীং ক্ষণং।
সর্ব্বলোকান্ পরিত্যজ্য বিষ্ণুলোকং স গচ্ছতি ॥ ২১৪ ॥
অতএবোক্তং তত্রৈব ॥

ব্রহ্মরাক্ষসঞ্চ বৈশ্যোঽমোচয়দিত্যত্রেতিহাসো মথুরামাহাত্ম্যে ব্যক্তং বর্ত্তত এব যথা সুধন-নামা বণিক্ জাগরণার্থমক্রূরতীর্থং গচ্ছন্ পথি ব্রহ্মরাক্ষসেন গৃহীতঃ পুনরাগমনার্থং শপথে কৃতে সতি পরিত্যক্তো জাগরণং কৃত্বা পুনরায়াতস্তং দৃষ্ট্বা রাক্ষসেন সকাকু প্রার্থিতো জাগরণকৃতনৃত্যলেশমাত্র দানেন তং মোচয়ামাসেতি ॥ ২১২ ॥

মাহাত্ম্যং বক্তুং নৈব শক্যতে। যতঃ রাত্রৌ গানাদিকং প্রত্যেকং হরেঃ প্রীতিকর-মিতি ॥ ২১৩ ॥

কৌমুদীং প্রবোধনীমিত্যর্থঃ ॥ ২১৪ ॥

কার্ত্তিক মাসে বোধনী প্রাপ্ত হইয়া মথুরায় হরিসন্নিধানে জাগরণ করিলে ইহা অপেক্ষা আর মঙ্গল নাই ॥

সুধন নামক বৈশ্য এক ব্রহ্মরাক্ষস দৈন্য করায় তাহাকে মথুরায় প্রবোধনীতে জাগরণের ক্ষণার্দ্ধ দান করিয়া মুক্ত করিয়াছিলেন ॥২১২॥

রাত্রিতে জাগরণের মাহাত্ম্য আমি বলিতে সমর্থ হই না, যে হেতু গীত বাদ্য ও কীর্ত্তন প্রভৃতি সমুদায় হরির প্রীতি কর ॥ ২১৩ ॥

যে ব্যক্তি প্রবোধনী দ্বাদশীতে শ্রীকৃষ্ণাগ্রে ক্ষণকাল গান করেন, তিনি সকল লোক পরিত্যাগ করিয়া বিষ্ণুলোকে গমন করেন ॥ ২১৪ ॥

অতএব সেই স্থানেই উক্ত হইয়াছে ॥

রাজ্যমন্যত্র সংত্যজ্য স্ফীতং নিহতকণ্টকং।
কার্ত্তিকে মথুরায়াং বৈ কৌমুদ্যাং জাগরঞ্চরেৎ ॥
অথ পারণাদিনকৃত্যং।
পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে ॥
পারণং কার্ত্তিকে শুক্লে দ্বাদশ্যান্তু ততশ্চরেৎ।
কৃষ্ণস্যাগ্রে নিবেদ্যাথ ব্রতং কৃচ্ছাগ্র্যমুত্তমং।
বিষ্ণুলোকমবাপ্নোতি ভক্ত্যাভ্যর্চ্চ্য জনার্দ্দনং ॥
মহাভারতে ॥
চতুর্দ্ধা গৃহ্য বৈ চীর্ণং চাতুর্ম্মাস্যব্রতং নরঃ।
কার্ত্তিকে শুক্লপক্ষে তু দ্বাদশ্যাং তৎ সমাচরেৎ ॥
প্রাতর্নিত্যক্রিয়াং কৃত্বা শক্ত্যা সংভোজ্য ভূসুরান্।

কৃতানাং চতুর্মাসেষু বিশেষতঃ কার্ত্তিকে চ বিহিতানাং ব্রতানামচ্ছিদ্রং অচ্ছিদ্রতাং গৃহ্নন্। যথা ব্রতমিতি যদ্ব্রতে যদ্দানমুক্তং তদনুসারেণেত্যর্থঃ। তচ্চাগ্রে বিশেষতো ব্যক্তং

অন্যত্র বিস্তৃত অকণ্টক রাজ্য পরিত্যাগ করিয়া মথুরায় কার্ত্তিক মাসে প্রবোধনীর জাগরণ করিবে ॥

অথ পারণাদিন কৃত্য ॥

পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে ॥

কার্ত্তিকমাসের শুক্লপক্ষের দ্বাদশীতে পারণ করিবে তদনন্তর শ্রীকৃষ্ণের অগ্রে কৃচ্ছ্রের অগ্রগণ্য উত্তম ব্রত নিবেদন করিয়া ভক্তি পূর্ব্বক বিষ্ণুকে অর্চ্চনা করিলে বিষ্ণুলোক প্রাপ্তি হয় ॥

মহাভারতে ॥

মনুষ্য চারি প্রকার অনুষ্ঠিত চাতুর্ম্মাস্য ব্রত গ্রহণ করিয়া কার্ত্তিক-মাসের শুক্লপক্ষের দ্বাদশীতে সমাপন করিবে। প্রাতঃকালে নিত্য-ক্রিয়া পূর্ব্বক যথাশক্তি ব্রাহ্মণদিগকে ভোজন করাইয়া আচরিত

গৃহ্নন্ কৃতব্রতাচ্ছিদ্রং প্রদদ্যাৎ দক্ষিণাদিকং ।
দানং যথাব্রতং তেভ্যো দত্ত্বা পারণমাচরেৎ ।
প্রবর্ত্তয়েচ্চ সন্ত্যক্তং চাতুর্ম্মাস্যব্রতেষু যৎ ॥ ২১৫ ॥
ভবিষোত্তরে তত্রৈব ॥
প্রভাতে বিমলে স্নাত্বা ভোজয়েদন্নবিস্তরৈঃ ।
ঘৃত ক্ষীর দধি ক্ষৌদ্র কাসার গুড় মোদকৈঃ ।
অর্চ্চয়েচ্চন্দনৈশ্চূর্ণৈঃ পুষ্পগন্ধৈর্দ্বিজোত্তমান্ ॥ ২১৬ ॥
আচান্তেভ্যস্ততোদদ্যাত্ত্যক্তং যৎ কিঞ্চিদেব হি ।
সুবাচা সুমনোহভীষ্ট পত্র পুষ্প ফলাদিকং ॥ ২১৭ ॥

ভাবি চাতুর্ম্মাস্যব্রতেষু যৎ সংত্যক্তং তৎ প্রবর্ত্তয়েৎ ভক্ষণাদিকং কুর্য্যাৎ ॥ ২১৫ ॥

বিমলে জল ইতি শেষঃ । যদ্বা । প্রভাত ইত্যস্যৈব বিশেষণং বিমল ইতি । কাসারো মধুরতরপক্বান্নবিশেষঃ । চূর্ণৈঃ পটবাসৈঃ বুক্কাবন্দনেত্যাদি প্রসিদ্ধেঃ ॥ ২১৬ ॥

ত্যক্তং চাতুর্ম্মাস্যাদি নিয়মে বর্জ্জিতং । সুবাচা বিনয়পূর্ব্বকমধুরোক্ত্যা দদ্যাৎ ॥ ২১৭ ॥

ব্রতের অচ্ছিদ্রতা গ্রহণ করত দক্ষিণাদি প্রদান করিবে ॥

যেরূপ ব্রত তদ্রূপ দান দিয়া পারণ করিবে। চাতুর্মাস্য ব্রতে যে সমুদায় ভোজনাদি পরিত্যক্ত হইয়াছিল তাহা প্রবর্ত্তিত করিবে অর্থাৎ তৎসমুদায় ভোজনাদি করিবে ॥ ২১৫ ॥

ভবিষ্যোত্তরের সেই স্থানেই ॥

প্রভাত কালে নির্ম্মল জলে স্নান করিয়া ঘৃত, ক্ষীর, দধি, মধু, কাসার (মধুরতর পক্বান্ন বিশেষ) গুড় ও মোদক প্রভৃতি দ্বারা দ্বিজোত্তমদিগকে ভোজন করাইয়া চন্দন, পটবাস, পুষ্প ও গন্ধ দ্বারা অর্চ্চনা করিবে ॥ ২১৬ ॥

ব্রাহ্মণ সকল আচমন করিলে যে সমুদায় দ্রব্য চাতুর্মাস্যব্রতে পরিত্যক্ত হইয়াছিল বিনয়পূর্ব্বক মধুরবাক্যে মনোহভীষ্ট পত্র পুষ্প ফল সকল প্রদান করিবে ॥ ২১৭ ॥

চতুরো বার্ষিকান্ মাসান্ নিয়মং যস্য যৎ কৃতং।
কথয়িত্বা দ্বিজেভ্যস্তদ্দদ্যাস্তক্ত্যা সুদক্ষিণাং॥
এবমেব পাদ্মে তত্রৈব কিঞ্চাধিকং॥
চাতুর্ম্মাস্যব্রতে বিপ্রাঃ পশ্চাদচ্ছিদ্রবাচনমিতি॥ ২১৮॥
অথ ব্রতেষু দানানি॥
কৃচ্ছ্রযুগ্মে তু গোযুগ্মং দদ্যাদ্বিপ্রাংশ্চ ভোজয়েৎ।
ত্রিরাত্রে মণিকং ছত্রমজাং চোপানহৌ তথা॥ ২১৯॥
একান্তরোপবাসে চ দদ্যাদ্গাং সমলঙ্কৃতাং।

হে বিপ্রাঃ পশ্চাদ্বিপ্রভোজন দক্ষিণাদানানন্তরং চাতুর্ম্মাস্যব্রতেঽচ্ছিদ্রবাচনং অচ্ছিদ্রমস্ত্বিতি ব্রাহ্মণান্ বাচয়েদিত্যর্থঃ॥ ২১৮॥

মণিকং বৃহজ্জলভাণ্ডবিশেষং অজামেকাং ছাগীং॥ ২১৯॥

নক্তে নক্তব্রতে ষড্রসান্ মধুরাদীন্ বস্ত্রে বস্ত্রযুগ্মঞ্চ দদ্যাৎ। অথ অযাচিতব্রতে তু স্বর্ণেন

চাতুর্ম্মাস্যব্রতে যে বিষয়ের যে নিয়ম করিয়াছিলেন, তাহা উল্লেখ করিয়া ভক্তিপূর্ব্বক দক্ষিণা সহকারে ব্রাহ্মণদিগকে তাহাই অর্পণ করিবেন॥

এই প্রকারই পদ্মপুরাণের সেই স্থানেই আরও অধিক বলিয়াছেন॥

হে বিপ্রগণ! পশ্চাৎ অর্থাৎ বিপ্রভোজন ও দক্ষিণাদানানন্তর চাতুর্ম্মাস্য ব্রতে অচ্ছিদ্রতাবাচন অর্থাৎ অচ্ছিদ্র হউক ব্রাহ্মণদিগকে ইহাই বলাইবেন॥ ২১৮॥

অথ ব্রতে দান সকল যথা॥

কৃচ্ছ্র ( সান্তর্পণাদি ব্রত ) দ্বয়ে দুইটী গোদান করিবে এবং ব্রাহ্মণ সকলকে ভোজন করাইবে। ত্রিরাত্র ব্রতে মণিক ( বৃহৎ জলভাণ্ড বিশেষ ) ছত্র, একটী ছাগী এবং পাদুকাদ্বয় দান করিবে॥ ২১৯॥

একান্তরোপবাসব্রতে সমলঙ্কৃতা গোদান করিবে। একভক্তব্রতে বৈভব থাকিলে বৃষযুক্ত আটটী হল দান করিবে। নক্তব্রতে মধুরাদি

বিভবে চ হলান্যষ্টৌ বলীবর্দ্দযুতানি তু।
ভোজয়েদেকভক্তে তু বিপ্রান্নক্তে তু যড়্রসান্ ॥
বস্ত্রে চাযাচিতে দদ্যাৎ বৃষং সস্বর্ণচন্দনং।
শালীন্ দদ্যাৎ ফলাহারে গাঞ্চ দদ্যাৎ পয়োব্রতে ॥
শাকাহারে তু বিতরেদঘৃতং রাজতভাজনৈঃ।
তৈলে ত্যক্তে ঘৃতং দদ্যাৎ ঘৃতে তু বিতরেৎ পয়ঃ ॥ ২২০ ॥
বর্জ্জিতে দধ্নি তু স্বর্ণং ক্ষীরে চ রজতং বুধঃ ॥
অপূপে স্বর্ণগোধূমবস্ত্রাণি ব্রীহিষু প্রিয়ান্।
শালীন্ স্বর্ণং চ ধান্যে তু শালীন্ বা ধান্যমেব চ ॥
লবণে লাবণীং ধেনুং স্বর্ণং চাভ্যঞ্জনেত্বথ।

চন্দনেন চ সহিতং বৃষমনড্বাহং দদ্যাৎ ঘৃতে চ ত্যক্তে বর্জ্জিত ইতি সর্ব্বত্রাগ্রে পঞ্চমশ্লোকং যাবৎ সপ্তম্যন্তেষনুবর্ত্তনীয়ং। তথা বিতরেদিতি যথাস্থানমগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং ॥ ২২০ ॥

প্রিয়ান্ অভীষ্টান্ উত্তমানিত্যর্থঃ। লাবণীং লবণনির্ম্মিতাং ধেনুং তদ্বিশেষশ্চ তিলধেন্বাদি প্রসঙ্গে ভবিষ্যোত্তরাদ্যুক্তোজ্ঞেয়ঃ। অথ অভ্যঞ্জনে তৈলেন শিরোভ্যঙ্গে তৈলপূর্ণঘটং

ছয় রস দ্বারা ব্রাহ্মণ ভোজন করাইবে। বস্ত্রব্রতে বস্ত্র দিবে অযাচিত-ব্রতে স্বর্ণ ও চন্দনের সহিত বৃষ দান করিবে। ফলাহারব্রতে শালি (ধান্য) দান করিবে। পয়োব্রতে অর্থাৎ দুগ্ধভোজনব্রতে গাভী দান করিবে। শাকাহার ব্রতে রজতপাত্রে ঘৃত দান করিবে। তৈল-ত্যক্তব্রতে ঘৃত দিবে এবং ঘৃতব্রতে দুগ্ধ প্রদান করিবে ॥ ২২০ ॥

পণ্ডিত ব্যক্তি দধিবর্জনব্রতে স্বর্ণ এবং ক্ষীরত্যক্তব্রতে রজত দান করিবেন। অপূপব্রতে স্বর্ণ গোধূম বস্ত্র। ব্রীহিব্রতে উত্তম শালী অথবা স্বর্ণ। ধান্যব্রতে শালী অথবা ধান্য। লবণব্রতে লবণনির্ম্মিত ধেনু অথবা স্বর্ণ। অভ্যঞ্জনে অর্থাৎ তৈল দ্বারা শিরোভ্যঙ্গে তৈলপূর্ণ

তৈলপূর্ণং ঘটং কিঞ্চ সাজ্যপায়সভোজনং ॥ ২২১ ॥
পাদাভ্যঙ্গে তু সম্পূজ্য বিপ্রান্ সংবাহ্য তৎপদৌ।
দক্ষিণামথ তাম্বূলৈর্বিতরেদম্বরদ্বয়ং।
পুষ্পে চ পুষ্পং সৌবর্ণমুপানহমুপানহি।
খট্টায়াং শয়নং কাংস্যে সঘৃতং কাংস্যভাজনং ॥ ২২২ ॥
ত্যক্তে মধুনি সংদদ্যাৎ পায়সং সসিতাঘৃতং।
মৌনী চ ঘণ্টাং সতিলাং দদ্যাৎ কনকসংযুতাং।
ভূমিভোজী কাংস্যপাত্রং গাঞ্চ দীপস্য দানতঃ।
সঘৃতং তাম্রপাত্রঞ্চাদর্শং কেশাদিরক্ষণে ॥ ২২৩ ॥
দদ্যাৎ স্বর্ণপ্রতিমাং দম্পত্যোর্ব্রহ্মচর্য্যতঃ ॥

সাজ্যপায়সভোজনঞ্চ বিতরেৎ। কিঞ্চেতি সমুচ্চয়ে ॥ ২২১ ॥
অম্বরদ্বয়ং বস্ত্রযুগ্মং শয়নং শয্যাং ॥ ২২২ ॥
সিতয়া শর্করয়া ঘৃতেন চ সহিতং পায়সং দদ্যাদিত্যগ্রেঽপ্যনুবর্ত্ততে। দীপস্য দানে ঘৃতসহিতং তাম্রপাত্রং। আদিশব্দেন নখশ্মশ্রাদি ॥ ২২৩ ॥
ব্রহ্মচর্য্যে গ্রাম্যধর্ম্মত্যাগে। ননু তত্তদলাভে কিং কার্য্যং তত্র লিখতি। সর্ব্বেষাং

ঘট অথবা সঘৃত পায়স ভোজন বিতরণ করিবে ॥ ২২১ ॥

পাদাভ্যঙ্গে ব্রাহ্মণদিগকে পূজা করিয়া তাঁহাদিগের পদদ্বয় সম্বাহন করিয়া দক্ষিণা দিবে অথবা তাম্বূলের সহিত দুই খানি বস্ত্র দান করিবে। পুষ্পে স্বর্ণপুষ্প, পাদুকায় পাদুকা, খট্টায় শয্যা এবং কাংস্যে সঘৃত কাংস্যপাত্র দান করিবে ॥ ২২২ ॥

মধু পরিত্যক্ত হইলে শর্করা ও ঘৃত মিশ্রিত পায়স দান করিবে। মৌনী ব্যক্তি তিল এবং স্বর্ণসংযুক্ত ঘণ্টা, ভূমিভোজী কাংস্যপাত্র ও গাভী। দীপদানে সঘৃত তাম্রপাত্র ও কেশাদি রক্ষণে দর্পণ দান করিবে ॥ ২২৩ ॥

দম্পতীর ব্রহ্মচর্য্যে অর্থাৎ গ্রাম্যধর্ম্ম ত্যাগে স্বর্ণপ্রতিমা দান

সর্ব্বাভাবে চ সন্তোষ্যাচ্ছিদ্রং বিপ্রাংস্তু বাচয়েৎ ॥ ২২৪ ॥

তথাচ স্কান্দে ॥

সর্ব্বেষামপ্যভাবে তু যথোপকরণং বিনা।
বিপ্রবাক্যং স্মৃতং সম্যক্ ব্রতস্য পরিপূর্ত্তয়ে ॥ ২২৫ ॥
বৃথা বিপ্রবচো যস্তু গৃহ্নাতি মনুজোঽবুধঃ।
অদত্ত্বা দক্ষিণাং পাপো যাত্যসৌ নরকং ধ্রুবং ॥ ২২৬ ॥
ব্রতবৈফল্যমাসাদ্য কুষ্ঠী অন্ধশ্চ জায়তে ॥ ২২৭ ॥

লিখিতানাং গোযুগ্মাদিদ্রব্যাণামভাবে সতি বিপ্রান্ সন্তোষ্য দক্ষিণাদিনা প্রীণয়িত্বা অচ্ছিদ্রং অচ্ছিদ্রমস্ত্বিতি বাচয়েৎ ব্রতং সম্পূর্ণমস্ত্বিতি তদ্বচনং গৃহ্নীয়াত্তেনৈব সর্ব্বং সম্পূর্ণং স্যাদিত্যর্থঃ ॥ ২২৪ ॥

যথোপকরণং যত্র ব্রতে যদ্বিহিতং দানদ্রব্যং তদ্বিনা চ ॥ ২২৫ ॥

বৃথেত্যেব বিবৃণোতি অদত্ত্বা দক্ষিণামিতি। অতএবাবুধঃ পাপশ্চ ॥ ২২৬ ॥

নরকভোগানন্তরং কুষ্ঠী অন্ধশ্চ সন্ কুযোনিষু জায়তে শ্রাবণাদৌ শাকাদিবর্জ্জনব্রতে চ সর্ব্বপাপক্ষয়াৎ তথা ব্রহ্ম বিষ্ণু শিবানাং প্রত্যেকং সমুচ্চয়েন চ শ্রাবণাদৌ শাকাদিষু সংক্রমণাত্তাস্তবশ্যবর্জ্জ্যান্যেবেতি শাকাদিবর্জ্জনব্রতদানং বিশেষতো নোদ্দিষ্টং কিন্তু সর্ব্বব্রত-সাধারণত্বাদ্ব্রাহ্মণভোজনং ন তদ্ব্রতসমাপ্তৌ তত্তদ্দ্রব্যদানপ্রধানকং কর্ত্তব্যমিত্যাহঃ ত্যক্তং

করিবে। পূর্ব্ব পূর্ব্ব বস্তু সমুদায়ের অভাব হইলে বিপ্রগণকে সন্তোষ করিয়া অর্থাৎ দক্ষিণাদি দ্বারা পরিতৃপ্ত করিয়া তাঁহাদিগের দ্বারা অচ্ছিদ্র বাচন করাইবে ॥ ২২৪ ॥

তথাচ স্কন্দপুরাণে ॥

সকলের অভাব হইলে যথোপকরণ ব্যতিরেকে অর্থাৎ যে ব্রতে যাহা বিহিত সেই দান দ্রব্য ভিন্ন সমগ্র ব্রত পরিপূর্ণ নিমিত্ত ব্রাহ্মণ-বাক্য জানিতে হইবে ॥ ২২৫ ॥

যে মনুষ্য দক্ষিণা প্রদান না করিয়া বৃথা ব্রাহ্মণবাক্য গ্রহণ করে, সে মূর্খ ও পাপ স্বরূপ, নিশ্চয় নরক গমন করিবে ॥ ২২৬ ॥

ব্রতবৈফল্য প্রাপ্ত হইলে কুষ্ঠী ও অন্ধ হইয়া জন্ম গ্রহণ করে ॥ ২২৭ ॥

তন্মাহাত্ম্যঞ্চ সামান্যতঃ ভবিষ্যোত্তরে।

তত্রৈব বিশেষঃ।

এবং য আচরেৎ পার্থ শোভনং ধর্ম্মমাপ্নুয়াৎ।

অবসানে তু রাজেন্দ্র বাসুদেবপুরং ব্রজেৎ॥ ২২৮॥

অথ ভীষ্মপঞ্চকাদি॥

আরভ্যৈকাদশীং পঞ্চ দিনানি ব্রতমাচরেৎ।

ভগবৎপ্রীতয়ে ভীষ্মপঞ্চকং যদি শক্নুয়াৎ॥ ২২৯॥

তথা ধাত্রীব্রতং পৌর্ণমাস্যাং কুর্ব্বীত কার্ত্তিকে।

তথা নবম্যাং শুক্লায়ামক্ষয়ং নবমীব্রতং॥ ২৩০॥

যৎ কিঞ্চিদেবহীত্যুক্তেঃ। কিঞ্চ পূর্ব্বং শয়নীপ্রকরণে লিখিতং ব্রতমত্র লিখিতানুসারেণ পরমমপি তত্রোহমিতি দিক্॥ ২২৭॥

শোভনং ধর্ম্মং তৎফলং চিরং ব্রহ্মলোকাদি ভোগমিত্যর্থঃ। যদ্বা ভগবদ্ধর্ম্মং প্রেমভক্তি-লক্ষণং॥ ২২৮॥

ইদানীং সংক্ষেপেণ পৌর্ণমাসীকৃত্যং লিখন্ পরমপ্যলিখিতং কার্ত্তিককৃত্যং সংগৃহ্ণাতি আরভ্যেতি ত্রিভিঃ। যদি শক্নুয়াদিতি কাম্যত্বমিতি দিক্। এবমগ্রেঽপ্যূহ্যং॥ ২২৯॥

তথা স্বয়ং সমুচ্চয়ে॥ ২৩০॥

সামান্যতঃ ব্রতমাহাত্ম্য ভবিষ্যোত্তরে॥

সেই স্থানেই বিশেষ যথা॥

হে পৃথাতনয়! হে রাজেন্দ্র! এই প্রকার যিনি আচরণ করেন তিনি শোভন ধর্ম্ম পাপ্ত হয়েন এবং অবসানে বিষ্ণুলোকে গমন করেন॥২২৮

অথ ভীষ্মপঞ্চকাদি॥

যদি সমর্থ হয় তবে একাদশী আরম্ভ করিয়া পাঁচ দিবস পর্য্যন্ত ভগবৎপ্রীতি নিমিত্ত ভীষ্মপঞ্চক ব্রত করিবে॥ ২২৯॥

এই প্রকার কার্ত্তিকপৌর্ণমাসী দিবসে ধাত্রী ব্রত করিবে, তদ্রূপ শুক্লা নবমীতে অক্ষয় নবমী ব্রত করিবে॥ ২৩০॥

পৈতামহাদি কৃচ্ছ্রাণি মাসোপোষণমেব চ ।
সমর্থঃ কার্ত্তিকে কুর্য্যাৎ জ্ঞাত্বা পাদ্মোদিতোবিধিং ॥ ২৩১ ॥
অথাধিমাসকৃত্যং ॥
ভবিষোত্তরে ।
অধিমাসে তু সংপ্রাপ্তে স্মৃত্বা গোপীপ্রিয়ং হরিং ।
সুবর্ণং চাজ্যসংযুক্তং ত্রয়স্ত্রিংশদপূপকং ।
দদ্যাচ্চ বেদবিদুষে শ্রোত্রিয়ায় কুটুম্বিনে ।

পৈতামহং নাম কৃচ্ছ্রং চোক্তং পাদ্মে । অপঃ ক্ষীরং দধি ঘৃতং সপ্তম্যাদি চতুর্দ্দিনং ॥ কার্ত্তিকস্য সিতে পীত্বা একাদশ্যামুপোষিতঃ । কৃচ্ছ্রং পৈতামহং কুর্ব্বন্ দিনং সম্পূজয়েদ্ধরি-মিতি । আদিশব্দেন বৈষ্ণবমাহেন্দ্রাদীনি সমর্থশ্চেত্তর্হি কুর্য্যাৎ । নমু ভীষ্মপঞ্চকাদীনাং ব্রতানামেষাং বিধিঃ সমর্থৈরপেক্ষ্যঃ কুতোজ্ঞাতব্যস্তত্রাহ জ্ঞাত্বেতি পদ্মপুরাণস্য ব্রতখণ্ডং কার্ত্তিকমাহাত্ম্যং আদিশব্দাৎ স্কন্দপুরাণ বিষ্ণুরহস্যাদি ততোবিধিং জ্ঞাত্বা । তত্র চাবশ্যকত্বা-ভাবেনাসৌ বিস্তার্য্য ন লিখিত ইতি জ্ঞেয়ঃ ॥ ২৩১ ॥

অধিমাসো নাম মলমাসস্তস্মিন্ । তত্র সুবর্ণাদিদানস্য নিত্যত্বমাহ নশ্যতীতি । এত-

যদি সমর্থ হয় তবে পদ্মপুরাণাদিতে বিধি পরিজ্ঞাত হইয়া কার্ত্তিক-মাসে পৈতামহাদি কৃচ্ছ্র * এবং মাসোপবাস ব্রত করিবে ॥ ২৩১ ॥

অথ অধিমাস অর্থাৎ মলমাসকৃত্য ॥

ভবিষ্যোত্তরে ॥

মলমাস উপস্থিত হইলে গোপীপ্রিয় শ্রীকৃষ্ণকে স্মরণ করিয়া সুবর্ণ এবং ঘৃত সংযুক্ত ত্রয়স্ত্রিশৎপিষ্টক বেদজ্ঞ কুটম্বি ব্রাহ্মণকে প্রদান করিবে, যদি এইরূপ না করে, তাহা হইলে শীঘ্র দ্বাদশমাসজনিত

* কার্ত্তিক মাসের শুক্ল পক্ষের সপ্তমী, অষ্টমী নবমী ও দশমী এই চারি দিনে জল, দুগ্ধ, দধি ও ঘৃত ভোজন করিয়া একাদশী দিনে উপবাস পূর্ব্বক যে হরিপূজন তাহাকে পিতা-মহ কৃচ্ছ বলে ॥

নশ্যত্যকরণে শীঘ্রং পুণ্যং দ্বাদশমাসজং ॥ ২৩২ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীদামোদরপ্রিয়ো নাম ষোড়শো বিলাসঃ ॥ * ॥ ১৬ ॥ * ॥

দপি শক্তবিষয়কমেব। সর্ব্বেষামপি কর্ম্মণাং এতএব সমর্থবিষয়কত্বাদিত্যেষা দিক্ ॥ ২৩২ ॥

॥ * ॥ ইতি ষোড়শঃ ॥ * ॥

পুণ্য বিনষ্ট হয় ॥ ২৩২ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নানুবাদিতে শ্রীদামোদরপ্রিয় নামক ষোড়শ বিলাস সম্পূর্ণ ॥ * ॥

# শ্রীহরিভক্তিবিলাসঃ।

## সপ্তদশবিলাসঃ।

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ ॥

কস্মাচ্চিদাশ্রয়াদযস্য প্রোদ্যদ্ভক্তিবিলাসতঃ।
দীনোঽপি রঞ্জয়েদ্বিশ্বং তং শ্রীচৈতন্যমাশ্রয়ে ॥ ১ ॥
প্রত্যহং প্রতিপক্ষঞ্চ প্রতিমাসমপি ক্রমাৎ।
বিলিখ্য কৃত্যমধুনা কাদাচিৎকং বিলিখ্যতে ॥ ২ ॥

অথ পুরশ্চরণং ॥

---

শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ ॥

ইদানীং পুরশ্চরণং লিখিষ্যন্ তত্র সর্ব্বশক্তিবিহীনস্যাপ্যাত্মনো ভগবতি প্রপত্ত্যাভ্যাসেনাপি জগদ্রঞ্জকতামপি সম্ভাব্য তং শরণং যাতি কস্মাচ্চিদিতি। যস্য শ্রীচৈতন্যস্য কস্মাচ্চিদপ্যাশ্রয়াৎ প্রপত্তের্যঃ প্রকর্ষেণ উদ্যন্ উদয়ং প্রাপ্নুবন্ ভক্তের্বিলাসস্তেন দীনঃ সর্ব্বশক্তিরহিতোঽপি জনঃ বিশ্বং জগদপি রঞ্জয়েৎ তং আশ্রয়ে শরণত্বেন প্রপদ্যে ॥ ১ ॥

এবমভীষ্টসুসিদ্ধয়ে পরমগুরুং ভগবন্তমাশ্রিত্য ইদানীং বিলাসচতুষ্কেণ লেখ্যং প্রতিজানীতে প্রত্যহমিতি। প্রত্যহং যৎ কৃত্যং প্রতিপক্ষঞ্চ যৎ কৃত্যং প্রতিমাসমপি যৎ কৃত্যং তৎ ক্রমাৎ যথাক্রমং বিলিখ্যাধুনা কাদাচিৎকং কদাচিৎ করণীয়ং কৃত্যং কর্ম্ম লিখ্যতে ॥ ২ ॥

---

যাঁহার কথঞ্চিৎ আশ্রয় হেতু প্রকৃষ্ট রূপ উদয় প্রাপ্ত ভক্তিবিলাস দ্বারা দীন অর্থাৎ সর্ব্বশক্তিরহিত জনও জগৎ রঞ্জন করিতে সমর্থ হয়, সেই শ্রীচৈতন্যদেবকে আমি আশ্রয় করি ॥ ১ ॥

প্রত্যহ, প্রতিপক্ষ ও প্রতিমাসের যাহা কর্ত্তব্য, তাহা ক্রমে লিখিয়া এক্ষণে চারি বিলাসে কদাচিৎ করণীয় অর্থাৎ কোন ২ সময়ের কর্ত্তব্য কর্ম্ম লিখিত হইতেছে ॥ ২ ॥

অথ পুরশ্চরণ ॥

শ্রীগুরোর্মন্ত্রমাসাদ্য পুরশ্চরণকর্ম্মণি।
দীক্ষাং কৃত্বা পুনস্তেনানুজ্ঞাতঃ প্রারভেত তৎ ॥ ৩ ॥

অথ পুরশ্চরণাবশ্যকতা চ ॥

আগমে ॥

বিনা যেন ন সিদ্ধঃ স্যান্মন্ত্রো বর্ষশতৈরপি।
কৃতেন যেন লভতে সাধকো বাঞ্ছিতং ফলং ॥
পুরশ্চরণসম্পন্নো মন্ত্রো হি ফলদায়কঃ।
অতঃ পুরস্ক্রিয়াং কুর্য্যান্মন্ত্রবিৎ সিদ্ধিকাঙ্ক্ষয়া ॥ ৪ ॥
কিং হোমৈঃ কিং জপৈশ্চৈব কিং মন্ত্রায়াসবিস্তরৈঃ।
রহস্যানাং হি মন্ত্রাণাং যদি ন স্যাৎ পুরস্ক্রিয়া ॥ ৫ ॥

শ্রীগুরোঃ সকাশাৎ পুরশ্চরণকর্ম্মণি নিমিত্তে পুনর্দীক্ষাং কৃত্বা তেন শ্রীগুরুণানুজ্ঞাতঃ সন্ তৎ পুরশ্চরণকর্ম্ম প্রকর্ষেণারভেৎ। তথাচ ক্রমদীপিকায়াং। চৈত্রে কৃত্বৈতন্মাসি কর্ম্মাচ্ছ-পক্ষে পুণ্যর্ক্ষে ভূয়ো দেশিকাৎ প্রাপ্য দীক্ষাং। তেনানুজ্ঞাতঃ পূর্ব্বসেবাং দ্বিতীয়ে মাসি দ্বাদশ্যামারভেতামলায়ামিতি ॥ ৩ ॥ যেন পুরশ্চরণেন ॥ ৪ ॥
মন্ত্রেষু আয়াসবিস্তরৈঃ। অন্যৈরপি বহুলশ্রমৈঃ কিং ॥ ৫ ॥

শ্রীগুরুদেবের নিকট মন্ত্র প্রাপ্ত হইয়া পুরশ্চরণ কর্ম্ম বিষয়ে পুন-র্ব্বার দীক্ষা করত তাঁহার অনুমতি লইয়া পুরশ্চরণ কর্ম্ম আরম্ভ করিবে ॥ ৩ ॥

অথ পুরশ্চরণের আবশ্যকতা আগমে যথা ॥

যে পুরশ্চরণ ব্যতিরেকে শতবর্ষ জপ করিলেও মন্ত্র সিদ্ধ হয় না, আর যে পুরশ্চরণ করিলে সাধক বাঞ্ছিতফল লাভ করিতে সমর্থ হয়েন। সেই পুরশ্চরণসম্পন্ন মন্ত্র ফলদায়ক হয় অতএব মন্ত্রজ্ঞ সাধক সিদ্ধি আকাঙ্ক্ষা করিয়া পুরশ্চরণ করিবেন ॥ ৪ ॥

যদি রহস্য মন্ত্র সকলের পুরশ্চরণ না হয়, তবে হোমেতেই বা কি প্রয়োজন, জপেতেই বা কি প্রয়োজন অথবা মন্ত্র বিষয়ক বহুল শ্রমেই বা কি প্রয়োজন? ॥ ৫ ॥

পুরস্ক্রিয়া হি মন্ত্রাণাং প্রধানং বীর্য্যমুচ্যতে।
বীর্য্যহীনো যথা দেহী সর্ব্বকর্ম্মসু ন ক্ষমঃ।
পুরশ্চরণহীনো হি তথা মন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ ॥ ৬ ॥
অথ পুরশ্চরণমাহাত্ম্যং।
অগস্ত্যসংহিতায়াং ॥
সংসারে দুঃখভূয়িষ্ঠে য ইচ্ছেৎ সুখমাত্মনঃ।
পঞ্চাঙ্গোপাসনেনৈব রামং ভজতু ভক্তিতঃ ॥
পঞ্চাঙ্গোপাসনং ভক্তৈঃ পুরশ্চরণমুচ্যতে।
এতদ্ধি বিদুষাংশ্রেষ্ঠ সংসারচ্ছেদকারণং ॥ ৭ ॥
নানেন সদৃশো ধর্ম্মো নানেন সদৃশস্তপঃ।

বীর্য্যং শক্তিঃ। বীজমিতি পাঠে কারণং মূলমিত্যর্থঃ ॥ ৬ ॥
বিদুষাং শ্রেষ্ঠ হে সুতীক্ষ্ণ ॥ ৭ ॥
অনেন পুরশ্চরণেন ॥ ৮ ॥

মন্ত্র সকলের পুরশ্চরণই প্রধান বীর্য্য বলিয়া কীর্ত্তিত হয়, বীর্য্যহীন দেহী যেমন সকল কর্ম্মে অক্ষম, তদ্রূপ পুরশ্চরণহীন মন্ত্রও অক্ষম বলিয়া কীর্ত্তিত হয় ॥ ৬ ॥

অথ পুরশ্চরণমাহাত্ম্য ॥

অগস্ত্যসংহিতায় ॥

দুঃখ বহুল সংসারে যিনি আপনার সুখ ইচ্ছা করেন, তিনি ভক্তি-ভাবে পঞ্চাঙ্গোপাসনা দ্বারা শ্রীরামচন্দ্রকে ভজনা করুন। ভক্তগণ পঞ্চাঙ্গোপাসনাকেই পুরশ্চরণ কহেন, হে বিদ্বজ্জনাগ্রগণ্য সুতীক্ষ্ণ! ইহাই সংসারচ্ছেদের কারণ জানিবেন ॥ ৭ ॥

হে তপোধন! পুরশ্চরণের সদৃশ ধর্ম্ম নাই, পুরশ্চরণের সদৃশ তপস্যা নাই এবং ইহার সদৃশ অভীষ্ট বিষয়ের আর কোন সাধন

নানেন সাধনং কিঞ্চিদিষ্টার্থস্য তপোধন ॥ ৮ ॥
পূজা ত্রৈকালিকী নিত্যং জপস্তর্পণমেব চ।
হোম ব্রাহ্মণভুক্তিশ্চ পুরশ্চরণমুচ্যতে ॥ ৯ ॥
গুরোর্লব্ধস্য মন্ত্রস্য প্রসাদেন যথাবিধি।
পঞ্চাঙ্গোপাসনা সিদ্ধ্যৈ পুরশ্চৈতদ্বিধীয়তে ॥ ১০ ॥
নিষ্কামাণামনেনৈব সাক্ষাৎকারো ভবিষ্যতি।
অর্থসিদ্ধিঃ সকামানাং সর্ব্বাং বৈ ভক্তিমালভেৎ ॥
পঞ্চাঙ্গমেতৎ কুর্ব্বীত যঃ পুরশ্চরণং বুধঃ।
স বৈ বিজয়তে লোকে বিদ্যৈশ্বর্য্যসুতাদিভিঃ ॥ ১১ ॥

পঞ্চাঙ্গোপাসনমেব বিশিষ্যাহ পূজেতি ॥ ৯ ॥

পঞ্চাঙ্গোপাসনস্যাস্য পুরশ্চরণমিতি নাম নির্ব্বক্তি গুরোরিতি। গুরোঃ প্রসাদেন লব্ধস্য মন্ত্রস্য এতৎ পঞ্চাঙ্গোপাসনং পুরঃ প্রথমং বিধীয়ত ইতি পুরশ্চরণমুচ্যত ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। প্রসন্নেনেতি পাঠে প্রসন্নচিত্তেন সতা বিধীয়তে। যদ্বা ভাবে ক্ত প্রত্যয়ঃ। পূর্ব্ববদেব ॥ ১০ ॥

বিদ্যাদিভির্লোকে বিজয়তে পরমোৎকৃষ্টো ভবতি ॥ ১১ ॥

নাই ॥ ৮ ॥

নিত্য ত্রিকালীন পূজা, নিত্য জপ, নিত্য তর্পণ, নিত্য হোম এবং নিত্য ব্রাহ্মণ ভোজন এই পঞ্চাঙ্গকে পুরশ্চরণ বলে ॥ ৯ ॥

শ্রীগুরুদেবের অনুগ্রহে লব্ধ মন্ত্রের সিদ্ধির নিমিত্ত পঞ্চাঙ্গোপাসনাই প্রথমত কর্ত্তব্য, এই হেতু ইহার নাম পুরশ্চরণ হইল ॥ ১০ ॥

নিষ্কামদিগের এই পুরশ্চরণদ্বারা দেবতা সাক্ষাৎ হয়, সকামদিগের অর্থ সিদ্ধি এবং সর্ব্বপ্রকার ভক্তি লাভ হয় ॥

যে পণ্ডিত ব্যক্তি এই পঞ্চাঙ্গ পুরশ্চরণ করেন, তিনি এই লোকে বিদ্যা, ঐশ্বর্য্য ও সন্তান প্রভৃতির সহিত পরম উৎকৃষ্ট হয়েন ॥ ১১ ॥

ক্রমদীপিকায়াঞ্চ ॥

য ইমং ভজতে বিধিং নরো ভবিতাসৌ দয়িতঃ শরীরিণাং।
অচিরাৎ কমলৈকমন্দিরং পরমন্তে সমুপৈতি তন্মহ ইতি ॥ ১২ ॥

গোপালোপাসনাগ্রন্থসারশ্রীক্রমদীপিকাং।
প্রায়োঽনুসৃত্য লিখ্যেত পৌরশ্চরণিকোবিধিঃ ॥ ১৩ ॥

অথ তত্র স্থাননিয়মঃ ॥

গিরিশৃঙ্গং সরিত্তীরং বিল্বমূলং জলান্তরং।
গোষ্ঠং বিষ্ণ্বালয়োঽশ্বত্থতলং বাথাম্বুধেস্তটং ॥ ১৪ ॥

ক্বচিচ্চ।

বিধিং বিধানং পুরশ্চরণলক্ষণং অচিরাৎ শীঘ্রং কমলায়াঃ সর্ব্বসম্পত্তেরেকং মুখ্যং মন্দিরঞ্চ ভাজনং ভবতি। অপি বাক্কমলৈক মন্দিরমিতি পাঠান্তরে বাচঃ সরস্বত্যাঃ কমলায়াশ্চৈকমন্দিরমপি ভবতি ॥ ১২ ॥

তত্র চ বহুবিধেষু পুরশ্চরণবিধিষু মধ্যে ক্রমদীপিকোক্তানুসারেণ পুরশ্চরণবিধিলিখনং প্রতিজানীতে গোপালেতি। গোপালোপাসনায়া গ্রন্থেষু মধ্যে সারঃ শ্রেষ্ঠভূতা যা শ্রীমতী ক্রমদীপিকা তামনুসৃত্য তত্রোক্তানুসারেণেত্যর্থঃ। প্রায়োবাহুল্যেনেতি তত্তদ্বিশেষজ্ঞানাদ্যর্থমন্যাকরগ্রন্থোক্তমপি কিঞ্চিদনুসৃত্য লেখ্যমিত্যর্থঃ ॥ ১৩ ॥

জলস্য অন্তরং মধ্যং। অশ্বত্থস্য আমলক্যাশ্চ মূলং ॥ ১৪ ॥

ক্রমদীপিকায় যথা ॥

যে ব্যক্তি এই পুরশ্চরণ লক্ষণ বিধি ভজনা করেন তিনি শরীরিমাত্রের প্রিয় ও অতিশীঘ্র সর্ব্বসম্পত্তির একমাত্র আলয় হয়েন এবং অন্তে পরমার্থ লাভ করেন ॥ ১২ ॥

শ্রীগোপালোপাসনা গ্রন্থ সকলের মধ্যে ক্রমদীপিকা সর্ব্বশ্রেষ্ঠ, প্রায় তদুক্তানুসারে পুরশ্চরণের বিধি লিখিত হইতেছে ॥ ১৩ ॥

অথ পুরশ্চরণবিষয়ে স্থান নিয়ম ॥

পর্ব্বতশৃঙ্গ, নদীতীর, বিল্বমূল, জলমধ্য, গোষ্ঠ, বিষ্ণুর আলয়, অশ্বত্থমূল, আমলকীমূল এবং সমুদ্রের তট ॥ ১৪ ॥

কোন গ্রন্থে ॥

পুণ্যক্ষেত্রং নদীতীরং গুহা পর্ব্বতমস্তকং।
পুণ্যপ্রদেশঃ সিন্ধূনাং সঙ্গমঃ পাবনং বনং ॥
উদ্যানানি বিবিক্তানি বিল্বমূলং তটং গিরেঃ।
তুলসীকাননং গোষ্ঠং বৃষশূন্যঃ শিবালয়ঃ।
অশ্বত্থামলকীমূলং গোশালা জলমধ্যতঃ।
দেবতায়তনং কূলং সমুদ্রস্য নিজং গৃহং।
গুরূণাং সন্নিধানঞ্চ চিত্তৈকাগ্রস্থলং তথা।
প্রেতভূম্যাদিকঞ্চৈব তত্তৎকল্পপ্রকাশিতং।
এষামন্যতমস্থানমাশ্রিত্য জপমাচরেৎ ॥ ১৫ ॥
অন্যত্র চ ॥
সমুদ্রগায়াঃ সরিতঃ সঙ্গমঃ পাপনাশনঃ।
পশ্চিমাভিমুখং লিঙ্গং পুরাণোক্তং স্বয়ম্ভুবং ॥

তস্য তস্য মন্ত্রসাধনস্য কল্পেন কল্পাখ্যেন শাস্ত্রেণ প্রকাশিতং এষাং মধ্যে অন্যতমমেকং ॥ ১৫ ॥

পুণ্যক্ষেত্র, নদীতীর, গিরিগহ্বর, পর্ব্বতের শৃঙ্গ, নদীসকলের সঙ্গম, পুণ্যপ্রদেশ, পবিত্র বন। নির্জন উদ্যান, বিল্বমূল, পর্ব্বতের তট, তুলসীকানন, গোষ্ঠ, বৃষশূন্য শিবালয়। অশ্বত্থমূল, আমলকীমূল, গোশালা, জলমধ্য, দেবালয়, সমুদ্রের তট, নিজগৃহ, গুরুদিগের সন্নিধান, যে স্থানে চিত্ত প্রসন্ন হয় সেই স্থান এবং প্রেতভূমি প্রভৃতি সেই সেই মন্ত্রসাধনকল্পের শাস্ত্র প্রকাশিত এই সকল স্থানের মধ্যে যে কোন স্থান আশ্রয় করিয়া জপ করিবে ॥ ১৫ ॥

অন্যশাস্ত্রেও ॥

সমুদ্রগামিনী নদীর পাপ নাশক সঙ্গম, পুরাণোক্ত পশ্চিমাভিমুখ স্বয়ম্ভুলিঙ্গসমীপ ॥

সর্ব্বোৎকৃষ্টং মহাবিষ্ণোঃ স্থানং চান্যন্মনোরমং।
গৃহং বা শুচি সংস্কার স্বভাবাভ্যাং প্রসিদ্ধিকৃৎ॥ ১৬॥
অথ স্থানবিশেষে ফলবিশেষঃ॥
উক্তশ্চ শ্রীযাজ্ঞবল্ক্যেন॥
গৃহে ত্বেকগুণং জপ্যং নদ্যান্তু দ্বিগুণং স্মৃতং।
গবাং গোষ্ঠে দশগুণং অগ্ন্যাগারে দশাধিকং॥ ১৭॥
সিদ্ধক্ষেত্রেষু তীর্থেষু দেবতানাঞ্চ সন্নিধৌ।
সহস্রং শতকোটীনামনন্তং বিষ্ণুসন্নিধৌ॥ ১৮॥
অথ তত্র ভূমিপরিগ্রহঃ।

শুচি পবিত্রং গৃহং বা। সংস্কারেণ স্থানাদিশোধনেন স্বভাবেন চ নিজসৌশীল্যেন প্রকৃষ্টাং সিদ্ধিং করোতীতি তথা। এতচ্চ সর্ব্বেষামেব বিশেষণং॥ ১৬॥
জপ্যং জপঃ জপফলম্বা॥ ১৭॥
দেবতানাং শ্রীরুদ্রাদীনাং॥ ১৮॥

সর্ব্বোৎকৃষ্ট মহাবিষ্ণুর স্থান, অন্য মনোরম স্থান এবং পবিত্র গৃহ ও সংস্কার অর্থাৎ স্থানাদি শোধন তথা নিজ সুশীলতা দ্বারা প্রকৃষ্ট সিদ্ধি করে এমন স্থান॥ ১৬॥

অথ স্থানবিশেষে ফলবিশেষ॥

শ্রীযাজ্ঞবল্ক্যও কহিয়াছেন যথা॥

গৃহে এক গুণ, নদীতীরে দ্বিগুণ, গোসকলের গোষ্ঠে দশ গুণ এবং অগ্নিগৃহে জপ করিলে ক্রমশঃ দশ গুণের অধিক ফল হয়॥ ১৭॥

তথা সিদ্ধক্ষেত্রে, তীর্থে এবং রুদ্র প্রভৃতি দেবগণের সন্নিধানে সহস্র শত কোটি গুণ ফল হয় এবং বিষ্ণুসন্নিধানে অনন্ত ফল হইয়া-থাকে॥ ১৮॥

অথ পুরশ্চরণবিষয়ে ভূমিগ্রহণ॥

শুভে দিনে চ সঙ্কল্প্য স্ববিহারাদিহেতবে।
ক্রোশমেকমুভৌ বা তৌ স্বক্ষেত্রং পরিকল্পয়েৎ ॥ ১৯ ॥
ক্ষীরিবৃক্ষভবানষ্টকীলকান্ দ্বাদশাঙ্গুলান্ ॥
দশকৃত্বোঽস্ত্রমন্ত্রেণ প্রত্যেকমভিমন্ত্রয়েৎ ॥
ততোঽভ্যর্চ্চ্যাষ্ট দিক্পালান্ ক্ষেত্রপালঞ্চ মধ্যতঃ ॥
বলিং দত্ত্বা চ নিখনেৎ কীলকানষ্টদিক্ষু তান্।
তথাচাগমে।
গ্রামে ক্রোশমিতং স্থানং নদ্যাদৌ স্বেচ্ছয়া মিতং।
নগরাদাবথ ক্রোশং ক্রোশযুগ্মমথাপি বা ॥
আহারাদিবিহারার্থং তাবতীং ভূমিমাক্রমেৎ ॥
ক্ষীরিবৃক্ষোদ্ভবান্ কীলানস্ত্রমন্ত্রাভিমন্ত্রিতান্।

আদিশব্দেন আহারাদি চেষ্টা। তৌ ক্রোশৌ ব্যাপ্য ॥ ১৯ ॥

শুভদিনে সঙ্কল্প করিয়া আপনার বিহার অর্থাৎ পরিভ্রমণাদির নিমিত্ত এক ক্রোশ অথবা দুই ক্রোশ পর্য্যন্ত স্বীয় ক্ষেত্র কল্পনা করিবে ॥ ১৯ ॥

ক্ষীরিবৃক্ষসম্ভূত দ্বাদশাঙ্গুল আট্টী কীলক প্রস্তুত করিয়া দশবার অস্ত্র মন্ত্র ( ফট্ ) জপ দ্বারা প্রত্যেককে অভিমন্ত্রিত করিবে ॥

অনন্তর ঐ অষ্টকীলকে অষ্ট দিক্পালের অভ্যর্চ্চনা করিয়া এবং মধ্যে ক্ষেত্রপালের পূজা করত বলি প্রদান পূর্ব্বক আট্দিকে ঐ আট্টী কীলককে প্রোথিত করিবে ॥

এই বিষয় আগমে যথা ॥

গ্রামে একক্রোশ পরিমিত স্থান, নদ্যাদিতে ইচ্ছামত কল্পিত স্থান, নগরাদিতে একক্রোশ অথবা দুই ক্রোশ পরিমিত স্থান, আহার বিহারাদির নিমিত্ত উক্ত পরিমিত ভূমি আক্রমণ করিবে ॥

অস্ত্র ( ফট্ ) মন্ত্রাভিমন্ত্রিত ক্ষীরিবৃক্ষোদ্ভব অষ্টকীলক প্রোথিত করিয়া তাহাতে অস্ত্র পূজা করিবে ॥

নিখনেদ্দশদিগ্ভাগে তেষ্বস্ত্রঞ্চ প্রপূজয়েৎ।
ক্ষেত্রে চ কীলিতে মন্ত্রী ন বিঘ্নৈঃ পরিভূয়তে।
ক্ষেত্রপালাদিকং তত্র পূজয়েদ্বিধিবত্ততঃ।
দিক্পতিভ্যো বলিং দত্ত্বা ততঃ ক্ষেত্রং সমাশ্রয়েৎ।
ক্ষেত্রমধ্যং সমাশ্রিত্য কূর্ম্মচক্রং বিচিন্তয়েৎ॥
কিঞ্চ॥
কূর্ম্মচক্রেণ সংশোধ্য দীপস্থানে কুটীং শ্রয়েৎ।
চতুরস্রচতুর্হস্তাং হস্তোন্নতস্থবেদিকাং।
চন্দ্রাতপপতাকাভ্যাং তোরণৈরপ্যলঙ্কৃতাং।
বিবিক্তামভিলিপ্তাঞ্চ প্রাকারেণাভিবেষ্টিতামিতি॥ ২০॥
অথ কূর্ম্মচক্রং॥
তদুক্তং॥

কুটীং বিশিনষ্টি চতুরস্রেতি সার্দ্ধেন॥ ২০॥

পুরশ্চরণের ক্ষেত্র কীলিত হইলে মন্ত্রী বিঘ্ন সকল কর্ত্তৃক পরিভূত হয়েন না। তাহাতে যথাবিধি ক্ষেত্রপালাদিকে পূজা করিবে, তৎপরে দিক্পাল সকলকে বলি দিয়া ক্ষেত্রকে আশ্রয় করিবে। ক্ষেত্রমধ্যকে আশ্রয় করিয়া কূর্ম্মচক্র চিন্তা করিবে॥

আরও॥

কূর্ম্মচক্র দ্বারা সংশোধন করিয়া দীপস্থানে (মুখস্থানে) কুটী আশ্রয় করিবে। কুটী নির্ম্মাণের প্রকার এই যে, কুটী চতুষ্কোণ, চারি হস্ত ও হস্তোন্নত বেদিকা বিশিষ্ট, চন্দ্রাতপ, পতাকা তথা তোরণ সকলে অলঙ্কৃত, নির্জন, অভিলিপ্ত এবং প্রাকার দ্বারা অভিবেষ্টিতা হইবে॥ ২০॥

অথ কূর্ম্মচক্র॥

তদ্বিষয় উক্ত হইয়াছে যথা॥

বর্ত্তুলং নবকোষ্ঠং তৎ কৃত্বা কূর্ম্মাকৃতিং লিখেৎ।
কূর্ম্মস্যাঙ্গানি চাষ্টৌ স্যুর্ম্মুখং হস্তৌ চ পার্শ্বকৌ।
পাদৌ পুচ্ছমিতি প্রোক্তং প্রশস্তং মুখমেব তু॥ ২১॥
স্বরদ্বন্দ্বং ক্রমাদ্দিক্ষু পূর্ব্বাদিষ্বষ্টসু ন্যসেৎ।
তথা কাদীন্ সপ্তবর্গান্ ন্যসেচ্ছিবদিশং বিনা॥
গ্রাম নামাদ্যবর্ণস্তু যস্যাং দিশি চ তিষ্ঠতি।
তত্র কূর্ম্মমুখং জ্ঞেয়মন্যান্যানীতরত্র চ॥
কচিচ্চ॥
স্বরযুগ্মং ক্রমেণৈব ঐন্দ্রাদ্যষ্টসু দিক্ষু চ।
কাদীন্ বর্গান্ ক্ষমৈশান্যাং তথা মধ্যস্থলাধিপং।

অথ কূর্ম্মস্যাঙ্গানি তথাত্রাষ্টকোষ্ঠানীত্যেবং কূর্ম্মাকৃতিত্বে হেতুমাহ কূর্ম্মস্যেতি॥ ২১॥
স্বরানাং অকারাদীনাং ষোড়শানাং দ্বন্দ্বং অ আ ইত্যেবং অষ্টযুগলং পূর্ব্বাদিষু অষ্টসু

বর্ত্তুল (গোলাকৃতি) নবকোষ্ঠ (নয়টী গৃহ) করিয়া মধ্যে কূর্ম্মাকৃতি লিখিবে, কূর্ম্মের আটটী অঙ্গ হইবে। যথা—মুখ, হস্তদ্বয়, পার্শ্বদ্বয়, পাদদ্বয় ও পুচ্ছ, কিন্তু কূর্ম্মের মুখস্থান প্রশস্ত হইবে॥ ২১॥

স্বরদ্বন্দ্ব অর্থাৎ অ আ ইত্যাদি দুইটী দুইটী স্বর পূর্ব্বাদি দিকে কূর্ম্মের অষ্ট কোষ্ঠে লিখিবে, তথা ককারাদি সাত বর্গ অর্থাৎ কবর্গ, চবর্গ, টবর্গ, তবর্গ, পবর্গ, অন্ত্যস্থবর্গ ও উষ্মবর্গ, ঐশান্যদিক্ ব্যতিরেকে সাতদিকে লিখিবে॥

গ্রাম নামের আদ্যবর্ণ যে দিকে থাকিবে সেই দিকে কূর্ম্মের মুখ জানিবে, অন্যান্য অঙ্গ সকলকে অন্যদিকে জানিবে॥

কোন স্থানেও॥

অ আ প্রভৃতি দুইটী দুইটী স্বর ক্রমে পূর্ব্বাদি অষ্টদিকে এবং কবর্গাদি সাতবর্গ সাতদিকে ও ক্ষ এই অক্ষর ঐশান্যদিকে এবং স্থলাধিপের আদ্যক্ষর মধ্যকোষ্ঠে লিখিবে, ঐ আদ্যক্ষর যে দিকে পড়িবে

তন্নামাদ্যাক্ষরং যত্র কূর্ম্মাস্যং তচ্চ দীপকং ॥
তৎপার্শ্বকোষ্ঠৌ হস্তৌ দ্বাবধোধঃ কুক্ষিপাদকৌ।
শেষকোষ্ঠং ভবেৎ পুচ্ছং মুখে সিদ্ধিরনুত্তমা।
করস্থানে মহাক্লেশঃ কুক্ষৌ দুঃখমবাপ্নুয়াৎ ॥
পদে হানিস্তথা পুচ্ছে পীড়া স্যাদ্বন্ধনানি চ ॥
দীপস্থানে জপঃ কার্য্যঃ সর্ব্বকার্য্যমভীপ্সুভিঃ।
কূর্ম্মচক্রমবিজ্ঞায় যঃ কুর্য্যাজ্জপসংজ্ঞকং।

দিক্ষু তত্রত্য কোষ্ঠেষু ন্যসেৎ। কাদয়ঃ পঞ্চবর্গাঃ যাদয়োহন্ত্যস্থা একো বর্গঃ। শাদয় উষ্মাণশ্চৈকো বর্গঃ। এবং সপ্তবর্গান্ সপ্তদিক্ষু ন্যসেৎ। শিবদিশং বিনেতি ঐশান্যাং ন কিঞ্চিন্ন্যসেদিত্যর্থঃ। গ্রামশব্দেন কৃতাজপক্ষেত্রং তস্য যন্নাম মথুরাদি তস্যাদ্যোবর্ণঃ মকারাদিরিত্যর্থঃ। তথাচ শারদাতিলকে। চতুরস্রাং ভুবং ভিত্বা কোষ্ঠানাং নবকং লিখেৎ। পূর্ব্বকোষ্ঠাদি বিলিখেৎ সপ্তবর্গাননুক্রমাৎ। লক্ষমীশে মধ্যকোষ্ঠে স্বরযুগ্মং ক্রমাল্লিখেৎ। দিক্ষু পূর্ব্বাদিতো যত্র ক্ষেত্রাখ্যাদ্যক্ষরং স্থিতং। মুখং তত্তস্য জানীয়াদিতি। কেষাঞ্চিন্মতে। ক্ষেত্রাধিপতের্নামাদ্যাক্ষরমিতি মতান্তরং দর্শয়ন্ হস্তাদি বিভাগং তত্তৎফলাদিকঞ্চ লিখতি স্বরযুগ্মমিতি পঞ্চভিঃ। কাদীংশ্চ বর্গান্ ক্রমেণৈবৈন্দ্রাদ্যষ্টদিক্ষু লিখেৎ। ক্ষকারঞ্চ ঐশান্যাং দিশি। স্থলাধিপঞ্চাধিষ্ঠাতারং মধ্যে কোষ্ঠে লিখেৎ। তস্য স্থলাধিপস্য যন্নাম তদাদ্যাক্ষরং যৎ স্যাত্তৎ কূর্ম্মস্যাস্যং তচ্চ দীপকং দীপস্থানমিত্যর্থঃ। তথাচোক্তং। যুগ্মং স্বরাণাং

তাহাই কূর্ম্মের মুখ এবং তাহাই দীপক অর্থাৎ দীপস্থান জানিবে ॥

পার্শ্বদ্বয়ের দুই কোষ্ঠ কূর্ম্মের দুই হস্ত, তাহার নীচের দুই কোষ্ঠ কূর্ম্মের কুক্ষি ও তাহার নীচের দুই কোষ্ঠ কূর্ম্মের পদদ্বয়, শেষ কোষ্ঠ কূর্ম্মের পুচ্ছ। কূর্ম্মের মুখে বসিয়া জপ করিলে উত্তম সিদ্ধি হয়। করস্থানে মহাক্লেশ এবং কুক্ষিতে দুঃখ প্রাপ্তি হয়। পদে হানি ও পুচ্ছে পীড়া এবং বন্ধনাদি হইয়া থাকে। সর্ব্বসিদ্ধির অভিলাষী সাধক, দীপ (মুখ) স্থানে জপ করিবেন ॥

যে ব্যক্তি কূর্ম্মচক্র না জানিয়া জপ করে, তাহার জপ জনিত

তস্য জপ্যফলং নাস্তি সর্ব্বানর্থায় কল্পতে ॥ ২২ ॥

অথ ভক্ষ্যনিয়মঃ ॥

তন্ত্রে ॥

শাকং মূলং ফলং বাপি গব্যং ক্ষীরঞ্চ বা দধি।
সাধুভ্যো ভৈক্ষ্যমন্নম্বা শক্তবঃ পায়সং হি বা ॥ ২৩ ॥

ক্বচিচ্চ ॥

বৈদিকাচারযুক্তানাং শুচীনাং শ্রীগতাং সতাং।
সৎকুলস্থানজাতানাং ভিক্ষাশীলোঽগ্রজন্মনাং ॥
ভুঞ্জানো বা হবিষ্যান্নং শাকং যাবকমেব বা।
পয়ো মূলং ফলং বাপি যদযদত্রোপপদ্যতে ॥ ২৪ ॥

ক্রমতো বিলিখ্য কাদীংশ্চ বর্গান্ ক্রমতঃ ক্ষমীশে। স্থানাধিপস্যাক্ষরমস্তি যত্র তং দীপদেশং মুনয়ো বদন্তীতি ॥ ২২ ॥

শক্তবো যবনির্ম্মিতা জ্ঞেয়াঃ। তথাচ সারদাতিলকে। ভৈক্ষ্যং হবিষ্যং শাকানি বিহিতানি ফলং পয়ঃ। মূলং শক্তুর্যবোঽপন্নে ভক্ষ্যাণ্যেতানি মন্ত্রিণামিতি ॥ ২৩ ॥

উক্তানাং মধ্যে যদ্যদ্দ্রব্যমনায়াসেন যত্রোপপদ্যতে তদেব বা ভুঞ্জানঃ ॥ ২৪ ॥

ফল হয় না এবং সেই জপ সকল প্রকার অনর্থের নিমিত্ত কল্পিত হইয়া থাকে ॥ ২২ ॥

অথ ভক্ষ্যবস্তুর নিয়ম ॥

তন্ত্রে যথা ॥

শাক, মূল, ফল, গব্যক্ষীর, গব্যদধি, সাধুদিগের নিকট হইতে ভিক্ষালব্ধ অন্ন, যবচূর্ণ ও পায়স, এই সকল বস্তু খাদ্য হয় ॥ ২৩ ॥

কোনস্থানেও ॥

বৈদিকাচারযুক্ত, শৌচসম্পন্ন, শ্রীমন্ত, সংস্থানাবস্থিত, সংকুল-সম্ভূত ব্রাহ্মণগণের মধ্যে যে যে স্থানে অর্থাৎ যাঁহার যাঁহার নিকটে হবিষ্যান্ন, শাক, যাবক ( অর্দ্ধপক্ক যব ) দুগ্ধ, মূল, ফল, প্রভৃতি যে যে বস্তু ভিক্ষা প্রাপ্ত হয়, সেই সকল বস্তুমাত্র ভক্ষণ করিবে ॥ ২৪ ॥

নারদপঞ্চরাত্রে ॥

মৃদুকোষ্ণং সুপক্কঞ্চ কুর্য্যাদ্বৈ লঘুভোজনং।
নেন্দ্রিয়াণাং যথা বৃদ্ধিস্তথা ভুঞ্জীত সাধকঃ ॥

কিঞ্চ ॥

ব্রহ্মপাত্রে চ ভুঞ্জীত মধ্যপত্রবিবর্জ্জিতে।
দক্ষং ব্রহ্মোত্তরং বিষ্ণুর্ম্মধ্যপত্রং মহেশ্বরঃ ॥ ২৫ ॥

অথাবশ্যবর্জ্জ্যানি সংহিতাসু ॥

মধু মাংসং তথা ক্ষারলবণং তৈলমেব চ।
স্বিন্নং পর্য্যুষিতঞ্চৈব নিঃস্নেহং কীটদূষিতং ॥ ২৬ ॥

ব্রহ্ম পলাশবৃক্ষস্তস্য পত্রে পত্রেষ্বিতি পাঠে মধ্যপত্রং বিবর্জ্জয়েদিতি পাঠঃ। দক্ষং দক্ষিণ-পত্রং। উত্তরং বামপত্রং ॥ ২৫ ॥

নিঃস্নেহং রূক্ষং বিষমিতি মূর্দ্ধন্যান্তপাঠে ঔষধাদিপ্রযুক্তমপি। আদিশব্দেন রাজমাষাদি ॥ ২৬ ॥

নারদপঞ্চরাত্রে ॥

সাধক ব্যক্তি মৃদু, ঈষদুষ্ণ, সুপক্ক এমত উক্ত বস্তুর লঘু ভোজন করিবে, যাহাতে ইন্দ্রিয়ের বৃদ্ধি না হয় এইরূপ ভোজন করিবে ॥

আরও ॥

পলাশবৃক্ষের মধ্য পত্র বর্জ্জন করিয়া অপর পত্রে ভোজন করিবে। পলাশবৃক্ষের দক্ষিণ পত্র ব্রহ্মা, বামপত্র বিষ্ণু এবং মধ্য পত্র মহেশ্বর ॥ ২৫ ॥

অথ অবশ্য বর্জনীয়।
সংহিতা সকলে যথা ॥

মধু, মাংস, ক্ষারলবণ, তৈল, স্বিন্ন ( সিদ্ধ চাউল ) পর্য্যুষিত, রূক্ষ এবং কীটদূষিত ॥ ২৬ ॥

কাঞ্জিকং গৃঞ্জনং বিল্বং কলঞ্জং লশুনং বিষং ॥
মসূরং কোদ্রবং মাষং মণ্ডূকং চণকাদিকং।
তাম্বূলং কাংস্যপাত্রঞ্চ দিবাভোজনমেব চ ॥
কিঞ্চ ॥
অসংসঙ্গং পরান্নঞ্চ বর্জ্জয়েদন্যপূজনং।
বিনা কর্ম্মোচিতং নিত্যমথ নৈমিত্তিকঞ্চরেৎ।
স্ত্রী শূদ্র পতিত ব্রাত্য নাস্তিকোচ্ছিষ্টভোজনং ॥
অসত্যভাষণং জৈহ্ম্যভাষণঞ্চ পরিত্যজেৎ ॥
সর্ব্বৈরপি ন ভাষেত জপহোমার্চ্চনাদিষু।
বর্জ্জয়েদ্গীতবদ্যাদি শ্রবণং নৃত্যদর্শনং।

---

কাঞ্জিক ( পর্য্যুষিতান্নের অম্ল জল ) গৃঞ্জন ( গাজর ) বিল্ব, কলঞ্জ, লশুন, মৃণাল অথবা ঔষধাদিপ্রযুক্ত বিষ, মসূর, কোদ্রব (কোদো ধান) মাষ, মণ্ডূক, চণক, রাজমাষ ( বর্ব্বট কলায় ) তাম্বূল, কাংস্য পাত্রে ভোজন এবং দিবা ভোজন ॥

আরও ॥

অসৎ সঙ্গ, পরান্ন, অন্যদেবতার পূজন এবং নিজবর্ণাশ্রমযোগ্য নিত্যনৈমিত্তিক যে কর্ম্ম তদ্ভিন্ন অন্য কাম্য কর্ম্ম বর্জন করিবে। অপর স্ত্রী, শূদ্র, পতিত, ব্রাত্য ( সংস্কার হীন ) ও নাস্তিক এই সকল ব্যক্তির সহিত আলাপ তথা উচ্ছিষ্ট মুখে বাক্য কহিবে না এবং অসত্যভাষণ ও কুটিলভাষণ পরিত্যাগ করিবে ॥

জপ হোম ও অর্চ্চনাদি সময়ে সভ্যগণের সহিতও বাক্য প্রয়োগ করিবে না, গীতবাদ্যশ্রবণ ও নৃত্যদর্শন বর্জন করিবে। অভ্যঙ্গ

অভ্যঙ্গমঙ্গলেপঞ্চ পুষ্পধারণমেব চ।
মৈথুনং তৎকথালাপং তদ্গোষ্ঠীং পরিবর্জ্জয়েৎ ॥
অস্নাতাংশ্চ দ্বিজান্ শূদ্রান্ স্ত্রিয়োনৈব স্পৃশেত্তথা।
ত্যজেদুষ্ণোদকস্নানমনিবেদিতভোজনং ॥
কিঞ্চ ॥
বিহায় বহ্নিং ন হি বস্তু কিঞ্চিদ্গ্রাহ্যং পরেভ্যঃ সতি সম্ভবে চ।
অসম্ভবে তীর্থবহির্বিশুদ্ধাৎ পর্ব্বাতিরিক্তে প্রতিগৃহ্য জপ্যাৎ।
তত্রাসমর্থোঽনুদিনং বিশুদ্ধাৎ যাচেত যাবদ্দিনমাত্র ভক্ষ্যং।
গৃহ্নাতি রাগাদধিকং ন সিদ্ধিঃ প্রজায়তে কল্পশতৈরমুষ্য ॥
অথ কৃত্যানি।
বৈশম্পায়নসংহিতায়াং ॥

(তৈল মর্দ্দনাদি) অঙ্গলেপ (অনুলেপন) পুষ্প ধারণ, মৈথুন, মৈথুন কথার আলাপ ও মৈথুনগোষ্ঠী পরিত্যাগ করিবে। অস্নাত দ্বিজ, শূদ্র ও স্ত্রী ইহাদিগকে স্পর্শ করিবে না। উষ্ণোদকে স্নান ও অনিবেদিত ভোজন বর্জন করিবে ॥

সম্ভাবনা সত্ত্বে সাধকব্যক্তি, অগ্নি ভিন্ন কোন বস্তু পরের নিকট গ্রহণ করিবে না, অসম্ভবে অর্থাৎ অপ্রতুল হইলে, তীর্থের বহিঃপ্রদেশে, পর্ব্ব ভিন্ন সময়ে বিশুদ্ধ ব্যক্তির নিকট হইতে প্রতিগ্রহ করত জপ করিবে। তাহাতে অসমর্থ হইলে প্রতিদিন বিশুদ্ধ ব্যক্তির নিকট হইতে তদ্দিন মাত্রের ভোজনযোগ্য বস্তু যাচ্ঞা করিয়া লইবে, অভিলাষ বশতঃ যদি অধিক বস্তু গ্রহণ করে তাহা হইলে সেই ব্যক্তির শত কল্পেও মন্ত্রসিদ্ধি হয় না ॥

অথ কৃত্য সকল।

বৈশম্পায়ন সংহিতায় যথা ॥

স্নানং ত্রিসবনং প্রোক্তমশক্তৌ দ্বিঃ সকৃত্তথা।
অস্নাতস্য ফলং নাস্তি ন বা তর্পয়তঃ পিতৄন্।
শয়ীত দর্ভশয্যায়াং শুচিঃ প্রযতমানসঃ॥ ২৭॥
তদ্বাসঃ ক্ষালয়েন্নিত্যমন্যথা বিঘ্নমাবহেৎ॥
কিঞ্চান্যত্র।
মন্ত্রং সাধয়মানস্তু ত্রিসন্ধ্যং দেবমর্চ্চয়েৎ।
দ্বিসন্ধ্যমেকসন্ধ্যম্বা ন মন্ত্রং কেবলং জপেৎ॥
একগ্রামস্থিতো নিত্যং গত্বা বন্দেত স্বং গুরুং।
নিত্যং নৈমিত্তিকং কুর্য্যাৎ সঙ্গমঃ সাধুভিঃ সদা॥
স্নায়াচ্চ পঞ্চগব্যেন কেবলামলকেন বা।

উচিতং নিজবর্ণাশ্রমযোগ্যং নিত্যং নৈমিত্তিকঞ্চ যৎ কর্ম্ম তদ্বিনা২ন্যৎ কাম্যং বর্জ্জয়েদিত্যর্থঃ॥ ২৭॥

তদ্বাসঃ শয়নবাসঃ। যদ্বা যেন বাসসা জপ্তং তৎ॥ ২৮॥

অস্নাত ব্যক্তির এবং পিতৃতর্পণ না করে এমন ব্যক্তির কোন ফল হয় না, এই হেতু ব্রতিব্যক্তি ত্রিকালীন স্নান করিবে, তাহাতে অশক্ত হইলে দুইবার অথবা একবার স্নান করিবে। শুচি ও মনঃসংযমন পূর্ব্বক কুশাসনে শয়ন করিবে॥ ২৭॥

আরও অন্য স্থলে॥

যে ব্যক্তি মন্ত্র সাধন করিবেন তিনি ত্রিসন্ধ্যা দেবার্চ্চন করিবেন, অথবা দ্বিসন্ধ্যা কিম্বা একসন্ধ্যা পূজা করিবেন, পূজা ব্যতিরেকে কেবল মন্ত্র জপ করিবেন না॥

স্বীয় গুরুদেব যদি এক গ্রামে স্থিত হয়েন তবে প্রতিদিন নিকটে গিয়া বন্দনা করিবেন, নিত্য নৈমিত্তিক কর্ম্ম করিবেন এবং সর্ব্বদা সাধুসঙ্গ করিবেন॥

পঞ্চগব্য অথবা কেবল আমলক দ্বারা স্নান করিবেন, তদনন্তর

শ্রুতিস্মৃতিপুরাণোক্তমন্ত্রৈঃ স্নায়াদনন্তরং ॥

কিঞ্চ ॥

গ্রাসদানাদিনা কুর্ব্বন্ গবাং শুশ্রূষণং সদা ।

ভূতানুকম্পী প্রজপেৎ শুভ্রপদ্মাক্ষমালয়া ॥ ২৮ ॥

পঞ্চবিংশতি বারাংশ্চ প্রজপ্তেন স্বমন্ত্রতঃ ॥

শিরোঽম্ভসাভিষিঞ্চেত্ত্রিঃ স্নানকালে নিজং বুধঃ ।

তথৈবাচমনং কুর্য্যাদ্ভোজনাবসরেঽপি চ ।

অন্নঞ্চ সপ্তকৃত্বস্তন্মন্ত্রজপ্তং হি ভক্ষয়েৎ ॥ ২৯ ॥

কিঞ্চ ॥

যস্য দেবে চ মন্ত্রে চ গুরৌ ত্রিষ্বপি নিশ্চলা ।

---

পঞ্চবিংশতিবারান্ স্বমন্ত্রতো নিজমন্ত্রেণ জপ্তমভিমন্ত্রিতং যৎ অম্ভো জলং তেন নিজশিরো বারত্রয়মভিষিঞ্চেৎ। তথৈবেতি পঞ্চবিংশতিবার স্বমন্ত্র জপ্তেন জলেন স্নানকালে ভোজনকালেচাচমনং কুর্য্যাদিত্যর্থঃ। তেন স্বকীয়েন মন্ত্রেণ জপ্তং। তথাচ ক্রমদীপিকায়াং। কুর্ব্বন্নাত্মীয়ং কর্ম্ম বর্ণাশ্রমস্থং মন্ত্রং জপ্ত্বাদ্ভিঃ স্নানকালেঽভিষিঞ্চেৎ। আচামপাথস্তম্বগংখ্য প্রজপ্তং ভুঞ্জানশ্চান্নং সপ্তজপ্তাম্বুনার্চ্চ্যমিতি ॥ ২৯ ॥

---

শ্রুতিস্মৃতিপুরাণোক্তমন্ত্র দ্বারা স্নান করিবে ॥

আরও ॥

গ্রাস দানাদি দ্বারা সর্ব্বদা গো সকলের শুশ্রূষা করত শুভ্র পদ্মবীজমালা দ্বারা জপ করিবে ॥ ২৮ ॥

পণ্ডিত ব্যক্তি পঞ্চবিংশতিবার নিজ মন্ত্র জপ দ্বারা অভিমন্ত্রিত জল দিয়া স্নানকালে আপনার মস্তক সেচন করিবেন, ঐ প্রকার ভোজনাবসরেও অভিমন্ত্রিত জল দ্বারা আচমন করিবেন, অন্নে সাতবার মন্ত্র জপ করিয়া সেই অন্ন ভোজন করিবেন ॥ ২৯ ॥

যে ব্যক্তির দেব, মন্ত্র ও গুরু এই তিনে নিশ্চলা বুদ্ধি থাকে, কথন

ন ব্যবচ্ছিদ্যতে বুদ্ধিস্তস্য সিদ্ধিরদূরতঃ ॥
মন্ত্রাত্মা দেবতা জ্ঞেয়া দেবতা গুরুরূপিণী।
তেষাং ভেদো ন কর্ত্তব্যো যদীচ্ছেদিষ্টমাত্মন ইতি ॥ ৩০ ॥
অথাসননিয়মঃ ॥
সর্ব্বসিদ্ধ্যৈ ব্যাঘ্রচর্ম্ম জ্ঞানসিদ্ধ্যৈ মৃগাজিনং।
বস্ত্রাজিনং রোগহরং বেত্রজং শ্রীবিবর্দ্ধনং ॥
কৌশেয়ং পৌষ্টিকং প্রোক্তং কম্বলং দুঃখমোচনং।
অভিচারে কৃষ্ণবস্ত্রং রক্তং বশ্যাদিকর্ম্মণি।
শান্তিকে ধবলং প্রোক্তং চিত্রকং সর্ব্বকর্ম্মসু ॥
কিঞ্চ ॥

ন ব্যবচ্ছিদ্যতে ন ভিদ্যতে। মন্ত্রাত্মা মন্ত্রাত্মিকা ॥ ৩০ ॥
কর্ম্মবিশেষে বস্ত্রাদীনাং বর্ণবিশেষং লিখতি অভিচার ইতি। চিত্রকং বিবিধবর্ণং ॥ ৩১ ॥

ভেদ জ্ঞান হয় না সেই ব্যক্তির শীঘ্র সিদ্ধি লাভ হয়। মন্ত্র স্বরূপকে দেবতা এবং দেবতাকে গুরু স্বরূপ জানিতে হইবে, অতএব যে ব্যক্তি আপনার ইষ্ট ইচ্ছা করেন, তিনি কখন গুরু, দেবতা, মন্ত্র, এই তিনের ভেদ করিবেন না ॥ ৩০ ॥

অথ আসন নিয়ম ॥

সমস্ত সিদ্ধির নিমিত্ত ব্যাঘ্র চর্ম্মের আসন করিবে, জ্ঞান সিদ্ধির নিমিত্ত মৃগচর্ম্মের আসন করিবে। বস্ত্রাজিন (বস্ত্র প্রাবৃত চর্ম্ম) রোগ নাশ ও বেত্রজনিত আসন শ্রীবর্দ্ধন করে। কৌশেয় অর্থাৎ পট্টবস্ত্র জাত আসন পুষ্টিকর হয়, কম্বল দুঃখ মোচন করিয়া থাকে। অভিচারে কৃষ্ণবর্ণ বস্ত্র, বশীকরণ কর্ম্মে রক্ত বস্ত্র, শান্তি কর্ম্মে ধবল বস্ত্র এবং সমুদায় কর্ম্মে বিবিধবর্ণ বস্ত্রের আসন করিবে ॥

আরও ॥

কুশাজিনাম্বরেণাঢ্যং চতুরস্রং সমন্ততঃ।
একহস্তং দ্বিহস্তম্বা চতুরঙ্গুলমুচ্ছ্রিতং॥ ৩১॥
অথ জপমালা তন্নিত্যতা চ॥
বারাহে॥
যস্তু ভাগবতো ভূত্বা ন গৃহ্নাতি গণিত্রিকাং।
আসুরী তস্য দীক্ষা তু ন সা ধর্ম্মায় বিদ্যতে॥ ৩২॥
গণিত্রিকাং গৃহীত্বা যো মন্ত্রং চিন্তয়তে বুধঃ।
জন্মান্তরসহস্রাণি চিন্তিতোঽহঞ্চ তেন বৈ।
মাঙ্গল্যা কুশলা সিদ্ধা সর্ব্বসংসারমোক্ষণী॥ ৩৩॥
অথ মালামণিনির্ণয়স্তৎপরিমাণাদি।
তত্রৈব॥

গণ্যতেঽনয়েতি গণিত্রিকা জপমালা তাং॥ ৩২॥
তেনাহং চিন্তিতো ভবামি। সিদ্ধা সিদ্ধিকরীত্যর্থঃ॥ ৩৩॥

কুশ, অজিন এবং বস্ত্রযুক্ত চতুর্দ্দিকে চতুষ্কোণ এক হস্ত বা দ্বিহস্ত পরিমিত ও চার অঙ্গুলি উচ্চ আসন করিবে॥ ৩১॥

অথ জপমালা॥

তাহার নিত্যতাও বরাহপুরাণে॥

যে ব্যক্তি ভগবদ্ভক্ত হইয়া মালা গ্রহণ না করেন, তাঁহার দীক্ষা আসুরী, ঐ দীক্ষা ধর্ম্মের নিমিত্ত কল্পিত হয় না॥ ৩২॥

যে বিদ্বান্ মনুষ্য মালা গ্রহণ করিয়া মন্ত্র চিন্তা করেন, সহস্র জন্ম আমি তাঁহাকর্ত্তৃক চিন্তিত হই, তাঁহার মাঙ্গল্য ঐ মালা কুশল-সিদ্ধিকরী এবং সংসারমোক্ষণী হয়॥ ৩৩॥

অথ মালামণি নির্ণয় ও তৎপরিমাণাদি॥

ঐ বরাহপুরাণে॥

পরিমাণন্তু বক্ষ্যামি শৃণু তত্ত্বেন মাধবি।
উত্তমা মধ্যমা চৈব কন্যসী তু মণিত্রিকা॥
অষ্টোত্তরশতৈঃ পূর্ব্বা পঞ্চাশদ্ভিস্তু মধ্যমা।
কন্যসী পঞ্চবিংশত্যা পরিমাণং বিধীয়তে॥ ৩৪॥
রুদ্রাক্ষৈশ্চোত্তমাং তাঞ্চ পুত্রজীবৈশ্চ মধ্যমাং।
কুশৈঃ কনীয়সীং বিদ্যাদেতত্তে কথিতং ময়া॥ ৩৫॥
শ্রীনারদপঞ্চরাত্রে॥
অষ্টোত্তরশতং পূর্ণং তদর্দ্ধং পাদমেব বা।
কুর্য্যাত্তত্র বিধানোক্তং বিধিনা সর্ব্বকর্ম্মসু॥
হারীতস্মৃতৌ॥
শঙ্খ রূপ্যময়ী মালা কাঞ্চনী নীরজোৎপলৈঃ।

মাধবি হে ধরণি। কন্যসী কনীয়সী। অষ্টোত্তরশতৈর্মণিভিঃ পূর্ব্বা উত্তমা॥ ৩৪॥
তত্রাপি মণিভেদেন ত্রিবিধত্বমাহ রুদ্রাক্ষৈরিতি। পুত্রজীবৈরিতি সানুনাসিকঞ্চ ক্বচিৎ॥৩৫

হে ধরণি! আমি মালার পরিমাণ যথার্থরূপে বলিতেছি শ্রবণ কর। উত্তম, মধ্যম ও কনিষ্ঠ এই তিন প্রকার মালা হয়। তন্মধ্যে একশত অষ্ট মালা উত্তম, পঞ্চাশৎ মালা মধ্যম এবং পঞ্চবিংশতি পরিমাণ মালা কনিষ্ঠ বলিয়া অভিহিত হয়॥ ৩৪॥

রুদ্রাক্ষের মালা উত্তম, পুত্রজীবের (জীয়াপুতার) মালা মধ্যম এবং কুশের মালা কনিষ্ঠ জানিবা, এই ত্রিবিধ মালা তোমার সম্বন্ধে কীর্ত্তন করিলাম॥ ৩৫॥

শ্রীনারদপঞ্চরাত্রে॥

অষ্টোত্তর শত মালা পূর্ণ, তাহার অর্দ্ধ বা তাহার পাদ, বিধাতা সকল কর্ম্মে মালা বিধান উল্লেখ করিয়াছেন॥

হারীত স্মৃতিতে॥

শঙ্খময়ী, রৌপ্যময়ী, কাঞ্চনময়ী, পদ্মময়ী, কুমুদময়ী, পদ্মবীজ,

পদ্মাক্ষৈশ্চাপি রুদ্রাক্ষৈর্বিদ্রুমৈর্মণিমৌক্তিকৈঃ ॥
নির্ম্মিতেন্দ্রাক্ষকৈর্মালা তথৈবাঙ্গুলিপর্ব্বভিঃ ।
পুত্রজীবময়ী মালা সা শস্তা জপকর্ম্মণি ॥ ৩৬ ॥
গৌতমীয়ে ॥
অথামলকসম্ভূতৈস্তুলসীকাষ্ঠনির্ম্মিতৈরিতি ॥
আগমে চ ।
আদিক্ষান্তার্ণযোগত্বাদক্ষমালেতি কীর্ত্তিতা ।
তদ্বর্ণসংখ্যৈর্মণিভির্জপমালাং প্রকল্পয়েৎ ॥
কিঞ্চ ॥
অনুলোমবিলোমবর্ণৈর্মাতৃকায়াঃ সবিন্দুকৈঃ ।

নীরজানি পদ্মানি উৎপলানি চ কুমুদানি তৈঃ। তথাচোক্তং। রুদ্রাক্ষ শঙ্খ পদ্মাক্ষ পুত্রজীবক মৌক্তিকৈঃ। স্ফটিকৈর্মণিরত্নৈশ্চ সৌবর্ণৈর্বিদ্রুমৈস্তথা। কুশৈঃ পদ্মৈর্দশ স্থাগৃহস্থস্যাক্ষমালিকা ইতি ॥ ৩৬ ॥

আদি ক্ষান্তানাং অকারাদি ক্ষকারাবসানানাং অর্ণানাং মাতৃকাবর্ণানাং যোগত্বাৎ

রুদ্রাক্ষ, বিদ্রুম (প্রবাল), মণি, মুক্তা এবং ইন্দ্রাক্ষ দ্বারা নির্ম্মিতা মালা তথা অঙ্গুলিপর্ব্ব এবং পুত্রজীবময়ী মালা, জপকর্ম্মে এই সকল মালা প্রশস্তা ॥ ৩৬ ॥

গৌতমীয়ে ॥

আমলকসম্ভূত এবং তুলসীকাষ্ঠ নির্ম্মিত মালা ইত্যাদি ॥

আগমেতেও

অকারাদি ক্ষকারান্ত মাতৃকাবর্ণকে অক্ষমালা বলিয়া কীর্ত্তিত হইয়াছে। পঞ্চাশৎ বর্ণ সংখ্যক মণি দ্বারা জপমালা কল্পনা করিবে ॥

আরও

সানুস্বার মাতৃকাবর্ণের অনুলোম বিলোম ক্রমে ক্ষ বর্ণকে মেরু

ক্ষমেরুকৈঃ কাষ্টবর্গৈর্মালা স্যাদযোগিনাং শুভা ॥ ৩৭ ॥

অথ মালানাং মণিবিশেষেণ বৈশিষ্ট্যং ॥

আগ্নেয়ে ॥

হিরণ্য শঙ্খ মণিভির্জপ্যং শতগুণং ভবেৎ।

সহস্রগুণমিন্দ্রাক্ষৈঃ পদ্মাক্ষৈরযুতং ভবেৎ।

নিযুতং চাপি রুদ্রাক্ষৈর্ভদ্রাক্ষৈশ্চ ন সংশয়ঃ ॥

পুত্রজীবকজপ্যস্য পরিসংখ্যা ন বিদ্যতে ॥ ৩৮ ॥

শিবপুরাণে ॥

অঙ্গুল্যা পরিসংখ্যানমেবমেবমুদাহৃতং।

রেখয়াষ্টগুণং বিদ্যাৎ পুত্রজীবৈর্দশাধিকং ॥

শতং স্যাচ্ছঙ্খমণিভিঃ প্রবালৈশ্চ সহস্রকং।

---

নিযোজনীয়ত্বাৎ গণনীয়ত্বাদ্বা। তদ্বর্ণসংখ্যোঃ পঞ্চাশত্তিরিত্যর্থঃ ক্ষকারস্য মেরুত্বেন কল্পনীয়ত্বাৎ। মুখ্যতমামক্ষমালামাহ অনুলোমেতি ॥ ৩৭ ॥

হিরণ্যশঙ্খয়োর্মণিভির্জপ্যং জপ ইত্যর্থঃ। ভদ্রাক্ষৈরিতি রুদ্রাক্ষবিশেষণং ফলবিশেষৈর্বা। রেখয়া রেখান্তরিতাঙ্গুলি পর্ব্বেণেত্যর্থঃ। ভূমিলিখিতাঙ্কেন বা ॥ ৩৮ ॥

অঙ্গুলীভির্জপস্য সংখ্যানং গণনং ॥ ৩৯ ॥

---

করিয়া কাদি আট বর্গে যে মালা নির্ম্মিত হয়, তাহা যোগিদিগের সম্বন্ধে শুভ স্বরূপা জানিতে হইবে ॥ ৩৭ ॥

অথ মালা সকলের মণি বিশেষে বৈশিষ্ট্য ॥

অগ্নিপুরাণে যথা ॥

হিরণ্য (স্বর্ণ) ও শঙ্খের মণি অর্থাৎ মালা দ্বারা জপ করিলে ঐ জপ শত গুণ হয়, ইন্দ্রাক্ষ দ্বারা সহস্র গুণ, পদ্মাক্ষ দ্বারা অযুত গুণ, রুদ্রাক্ষ ও ভদ্রাক্ষ দ্বারা নিযুতগুণ ফল হয়, ইহাতে সংশয় নাই এবং পুত্রজীব মালায় জপ করিলে তাহার সংখ্যার ইয়ত্তা নাই ॥ ৩৮ ॥

শিবপুরাণে ॥

অঙ্গুলির পরিসংখ্যা এই এই প্রকারে উদাহৃত হইয়াছে। অঙ্গুলীর রেখান্তরিত পর্ব্ব দ্বারা জপ করিলে আট গুণ ফল হয়, পুত্রজীবে

স্ফাটিকৈর্দশসাহস্রং মৌক্তিকৈর্লক্ষমুচ্যতে ॥ ৩৯ ॥
পদ্মাক্ষৈর্দশলক্ষন্তু রাজতৈঃ কোটিরুচ্যতে ॥
সৌবর্ণৈঃ সা দশগুণা সর্ব্বৈর্দশগুণা স্মৃতা।
কুশগ্রন্থ্যা চ রুদ্রাক্ষৈরনন্তগুণিতং ফলং।
শ্বেতপদ্মাক্ষমালাভিরপি স্যাদমিতং ফলং।
মাতৃকং বর্ণসম্ভূতমালায়ান্তু তদেব হি ॥ ৪০ ॥
অথ মালানির্ম্মাণবিধিঃ ॥
শিবাগমে ॥
মুখে মুখং প্রকর্ত্তব্যং মুখং মূলে বিবর্জ্জয়েৎ।
ধাত্রীফলপ্রমাণেন শ্রেষ্ঠমেতদুদাহৃতং।

সা কোটির্দশগুণা দশকোটয় ইত্যর্থঃ। সর্ব্বৈঃ পুত্রজীবাদিভিঃ সৌবর্ণাদ্যৈর্দশগুণা দশকোটিগুণিতা। যদ্বা সৌবর্ণেভ্যো দশগুণেতি শতকোটিগুণেতি জ্ঞেয়ং। এবং মন্ত্রভেদেশ্চ মন্ত্রভেদেন কামফলাদি ভেদেন বা। এবমন্ত্রাপ্যূহমিতি পূর্ব্বং লিখিতমেব ॥ ৪০ ॥

দশাধিক, শঙ্খমণি দ্বারা শত, প্রবাল দ্বারা সহস্র, স্ফটিক দ্বারা দশ সহস্র, মৌক্তিক দ্বারা লক্ষ ॥ ৩৯ ॥

পদ্মবীজ দ্বারা দশলক্ষ, রজত মালা দ্বারা কোটি এবং স্বর্ণ মালা-দ্বারা দশকোটি গুণ ফল হয়। পুত্রজীব প্রভৃতি যত যত মালা বলিয়াছি, তৎসমুদায় ক্রমশ দশ গুণোত্তর বৃদ্ধি জানিতে হইবে। কুশগ্রন্থি ও রুদ্রাক্ষ ইহাতে অনন্ত গুণিত ফল হয়, তথা শ্বেতপদ্মবীজ মালায় অপরিমিত ফল হইয়া থাকে এবং মাতৃকাসম্ভূত মালাতেও ঐ প্রকার ফল জানিতে হইবে ॥

অথ মালানির্ম্মাণ বিধি ॥

হে ধরণি! মালার মুখের দিকে মুখ নিযোজিত করিবে, মূলে মুখ নিযোজিত করিবে না, ধাত্রীফল পরিমিত মালা শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তিত

বদরাণ্ডপ্রমাণেন গণ্যতে মধ্যমাধমে।
নব ত্রিতন্তুনা চৈতদ্গ্রন্থনীয়মসংস্পৃশৎ।
উর্দ্ধবক্ত্রঞ্চ মের্ব্বাখ্যং কর্ত্তব্যং তন্ন লঙ্ঘয়েৎ॥ ৪১॥

শ্রীনারদপঞ্চরাত্রে চ॥

অক্ষাস্থিমাত্রৈর্মণিভির্জ্যেষ্ঠং কুর্য্যাত্তু বর্ত্তুলং।
ধাত্রীফলানাং গর্ভেণ প্রমাণং মধ্যমং স্মৃতং।
বদরাস্থিপ্রমাণেন কন্যসং সমুদাহৃতং॥ ৪২॥

এতন্মালায়া অক্ষং বদরস্যাণ্ডং বীজং তৎপ্রমাণেন চেত্যর্থঃ। ক্রমান্মধ্যমমধমঞ্চোদাহৃতং। পাঠান্তরে বদরফলস্য তদণ্ডস্য চ প্রমাণেন ক্রমান্মধ্যমাধমে গণিতে। নবেন নূতনেন ত্রিতন্তুনা ত্রিগুণীকৃতসূত্রেণেত্যর্থঃ। যদ্বা। নবেতি নবসংখ্যা প্রাপ্তেন তন্তুত্রয়েণ। প্রথমং ত্রিগুণীকৃত্য পশ্চাচ্চ ত্রিগুণীকৃত্য নবগুণীকৃতেন সূত্রেণেত্যর্থঃ। ত্রিগুণং ত্রিগুণীকৃতোত্যগ্রে লেখ্যত্বাৎ। অসংস্পৃশৎ অন্যোন্যং স্পর্শমপ্রাপ্নুবৎ সৎ। এতৎ অক্ষং গ্রন্থনীয়ং প্রত্যেক মধ্যে ব্রহ্মগ্রন্থির্বিরচনীয় ইত্যর্থঃ॥ ৪১॥

অক্ষং রুদ্রাক্ষং বিভীতকং বা তদস্থিপ্রমাণৈঃ। কন্যসং কনিষ্ঠং॥ ৪২॥

হয়, বদর এবং বদরবীজ তুল্য মালাকে মধ্যম ও কনিষ্ঠ বলিয়া গণ্য করা যায়॥

প্রথম ত্রিগুণ করিয়া পশ্চাৎ তাহাকে ত্রিগুণ করিয়া নব গুণিত সূত্রে মালা গ্রন্থন করিবে, কিন্তু যাহাতে পরস্পর সংস্পৃষ্ট না হয়, এমত করিয়া প্রত্যেক মালাদ্বয়ের মধ্যে ২ ব্রহ্মগ্রন্থি সংযুক্ত করিবে। উর্দ্ধমুখ করিয়া মেরু সংস্থাপন করিবে, জপকালীন মেরু লঙ্ঘন করিবে না॥ ৪১॥

শ্রীনারদপঞ্চরাত্রেও॥

রুদ্রাক্ষ বীজ প্রমাণ বর্ত্তুলাকার মালা শ্রেষ্ঠ ধাত্রীফলের বীজ তুল্য মালা মধ্যম, বদরফলের বীজ তুল্য মালা কনিষ্ঠ বলিয়া উদাহৃত হইয়াছে॥ ৪২॥

কিঞ্চ ॥

গ্রন্থিবন্ধাবধৌ তত্র মণিসঙ্খ্যাধিকং দ্বিজাঃ।
মেরুং প্রকল্পয়েন্মধ্যে একেন গুণকেন তু ॥ ৪৩ ॥

শিবাগমে তত্রৈব রুদ্রাক্ষানুদ্দিশ্য ॥

একবক্ত্রৈস্ত্রিবক্ত্রৈশ্চ চতুর্ব্বক্ত্রৈশ্চ পঞ্চভিঃ।
ষড়্‌বক্ত্রৈর্বাথ কর্ত্তব্যং মিথো মিশ্রাংস্তু বর্জ্জয়েৎ ॥

কিঞ্চান্যত্র ॥

কৃতনিত্যক্রিয়ঃ শুদ্ধ উক্তেম্বক্ষেষু মন্ত্রবিৎ।
যথাকামং যথালাভমক্ষাণ্যানীয় যত্নতঃ ॥
অন্যোন্য সমরূপাণি নাতিস্থূলকৃশানি চ।
কীটাদিভিরদুষ্টানি অজীর্ণানি নবানি চ।

গ্রন্থিবন্ধস্যাবধৌ অন্তে ॥ ৪৩ ॥

আরও ॥

হে দ্বিজগণ! গ্রন্থিবন্ধের অন্তে মালাসংখ্যার অধিক একটী মালাকে মেরু কল্পনা করিবে ॥ ৪৩ ॥

শিবাগমের সেই স্থানেই রুদ্রাক্ষ সকলকে উদ্দেশ করিয়া ॥

একমুখ, ত্রিমুখ, চতুর্মুখ, পঞ্চমুখ বা ছয়মুখ রুদ্রাক্ষের এক জাতীয় লইয়া মালা গ্রন্থন করিবে, পরস্পর অসমান জাতীয় অর্থাৎ এক মুখের সহিত ত্রিমুখ রুদ্রাক্ষের মালা করিবে না ॥

আরও অন্যত্র ॥

মন্ত্রজ্ঞ ব্যক্তি নিত্যক্রিয়া সমাপন পূর্ব্বক শুদ্ধ হইয়া উক্ত রুদ্রাক্ষ সকলের মধ্যে যেমন ইচ্ছা যথালাভ যত্নপূর্ব্বক রুদ্রাক্ষ সকল আনয়ন করিবে, মালা গুলি পরস্পর সমান হইবে, অতিস্থূল বা কৃশ হইবে না, কীটাদি কর্ত্তৃক অদুষ্ট, অজীর্ণ এবং নূতন হইবে। ঐ সকল মালা পৃথক্ পৃথক্ পঞ্চগব্যে প্রক্ষালন করিবে। অনন্তর শ্রেষ্ঠ ব্রাহ্মণের

গব্যৈস্তু পঞ্চভিস্তানি প্রক্ষাল্য তু পৃথক্ পৃথক্।
ততো দ্বিজেন্দ্রপুণ্যস্ত্রীনির্ম্মিতং গ্রন্থিবর্জ্জিতং ॥
ত্রিগুণং ত্রিগুণীকৃত্য সূত্রং প্রক্ষাল্য পূর্ব্ববৎ।
শুক্লং রক্তং তথা কৃষ্ণং শান্তিবশ্যাভিচারিকে ॥
সূত্রং সংস্থাপয়েদ্বিদ্বান্ পট্টসূত্রমথাপি বা।
অশ্বত্থপত্রৈর্নবকৈঃ পদ্মাকারেণ কল্পিতৈঃ ॥
সূত্রং মণীংশ্চ গন্ধাদ্ভিঃ ক্ষালিতাংস্তত্র নিক্ষিপেৎ ॥ ৪৪ ॥
তারং শক্তিং মাতৃকাঞ্চ সূত্রে চৈব মণিস্বথ ॥
বিন্যস্য পূজয়েদাদৌ জুহুয়াচ্চৈব শক্তিতঃ ॥ ৪৫ ॥
হোমকর্ম্মণ্যশক্তশ্চেৎ দ্বিগুণং জপমাচরেৎ।
মণিমেকৈকমাদায় সূত্রে চ যোজয়েৎ সুধীঃ ॥

নবকৈর্নূতনৈরশ্বত্থপত্রৈঃ সহিতং। গন্ধাদ্ভিরশ্বত্থস্য পত্রাণ্যপি ক্ষালয়েদিত্যর্থঃ। তত্র পদ্মাকার কল্পিতাশ্বত্থপত্রেষু ॥ ৪৪ ॥

তারং প্রণবং। শক্তিং মায়াবীজং ॥ ৪৫ ॥

ক্ষালয়েৎ পঞ্চগব্যেন উত্তমজলেন চ প্রক্ষালয়েৎ। তদুক্তং। ক্ষালয়েৎ পঞ্চগব্যেন

সাধ্বী স্ত্রীকর্ত্তৃক নির্ম্মিত গ্রন্থিবর্জিত পূর্ব্ববৎ নবগুণিত সূত্র প্রক্ষালন করিয়া শান্তিতে শুক্ল, বশীকরণে রক্ত এবং মারণবিষয়ে কৃষ্ণবর্ণ সূত্র অথবা পট্টসূত্র পদ্মাকারে কল্পিত নূতন অশ্বত্থ পত্রের সহিত সূত্র ও মালা সকলকে গন্ধ জলে প্রক্ষালন করিয়া বিদ্বান্ ব্যক্তি সেই পদ্মাকারে কল্পিত অশ্বত্থ পত্র সকলে স্থাপন করিবেন ॥ ৪৪ ॥

অনন্তর সূত্র ও মালায় প্রণব ও মায়াবীজ (হ্রীঁ) সহিত মাতৃকা বর্ণ সকল মালা সকলে বিন্যাস করিয়া অগ্রে পূজা করিবেন, পরে যথাশক্তি হোম করিবেন ॥ ৪৫ ॥

হোমকর্ম্মে অশক্ত হইলে দ্বিগুণ জপ করিবেন, তদনন্তর সুধী ব্যক্তি এক একটী মালা গ্রহণ করিয়া সূত্রে গ্রন্থন করিবেন, মুখে মুখ

মুখে মুখন্তু সংযোজ্য পুচ্ছে পুচ্ছন্তু যোজয়েৎ।
গোপুচ্ছসদৃশী কার্য্যা যদ্বা সর্পাকৃতিঃ শুভা॥
তৎ সজাতীয়মেকাক্ষং মেরুত্বেনাগ্রতো ন্যসেৎ।
একৈকমণিমধ্যে তু ব্রহ্মগ্রন্থিং প্রকল্পয়েৎ।
জপমালাং বিধায়েত্থং তৎসংস্কারান্ সমাচরেৎ॥
অথ মালাসংস্কারঃ॥
শিবাগমে॥
ক্ষালয়েৎ সদ্যোজাতেন বামদেবেন ঘর্ষয়েৎ।
ধূপয়েদপ্যঘোরেণ লেপয়েৎ পুরুষেণ তু।

---

সদ্যোজাতেন সজ্ঞৈরিতি। সদ্যোজাতাদিকং প্রায়ো মন্ত্রাদ্যবর্ণৈর্মন্ত্র নাম। ওঁ সদ্যোজাতং প্রপদ্যামি সদ্যোজাতায় বৈ নমঃ। ভবে ভবে নাভিভবে ভজস্ব মাং ভবোদ্ভবায় নমঃ। ঘর্ষয়েচ্চন্দনাদিভিঃ। তথাচোক্তং। চন্দনাগুরুগন্ধাদ্যৈর্বামদেবেন ঘর্ষয়েৎ। ওঁবামদেবায় নমো জ্যেষ্ঠায় নমঃ শ্রেষ্ঠায় নমো রুদ্রায় নমঃ কলায় নমঃ কলবিকরণায় নমো বলবিকরণায় নমো বলপ্রমথনায় নমঃ সর্ব্বভূতদমনায় নমো মনোন্মনায় নমঃ। ওঁ অঘোরেভ্যোঽথ ঘোরেভ্যো ঘোরতরেভ্যঃ সর্ব্বতঃ সর্ব্বসর্ব্বেভ্যো নমস্তেঽস্তু রুদ্ররূপেভ্যঃ শিবেভ্যঃ। লেপয়েচ্চন্দনাদিনা। ওঁ তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ। পঞ্চমস্থাসুং ওঁ ঈশানঃ সর্ব্ববিদ্যানামীশ্বরঃ সর্ব্বভূতানাং ব্রহ্মাধিপতির্ব্রহ্মণোঽধিপতির্ব্রহ্মা

---

এবং পুচ্ছে পুচ্ছ সংযোজন করিবেন। গোপুচ্ছসদৃশী অথবা সুন্দর সর্পাকৃতি করিয়া গ্রন্থন করিবেন। ঐ সজাতীয় মালার মধ্যে একটী মালাকে অগ্রে মেরুরূপে বিন্যাস করিবেন। এক একটী মালামধ্যে ব্রহ্মগ্রন্থি রচনা করিবেন। এইরূপে জপমালা নির্ম্মাণ করিয়া তাহার সংস্কার করিবেন॥

অথ মালাসংস্কার॥

শিবাগমে॥

সদ্যোজাত মন্ত্র দ্বারা মালাকে ক্ষালন করিবে, বামদেব মন্ত্র দ্বারা ঘর্ষণ করিবে, অঘোরমন্ত্র দ্বারা ধূপন করিবে, তৎপুরুষমন্ত্র দ্বারা

মন্ত্রয়েৎ পঞ্চমেনৈব প্রত্যেকন্তু শতং শতং।
মেরুঞ্চ পঞ্চমেনৈব তথাঘোরেণ মন্ত্রয়েৎ ॥ ৪৬ ॥
মুদ্রাষ্টকঞ্চ দর্শয়িত্বা প্রত্যেকং পূজয়েৎ ক্রমাৎ।
গ্রথিতং পঞ্চভিঃ পূজ্য পূর্ব্ববচ্চ যথাশিরঃ ॥ ৪৭ ॥
অথ মালাভেদেনাধিকারিভেদশ্চ।
নারদপঞ্চরাত্রে ॥
কুশপত্রৈর্জপেদ্বিপ্রঃ স্বর্ণমণিভির্নৃপঃ।

শিবো মেহস্তু সদাশিবোমিতি। ননু মন্ত্রেণ দ্রব্যাভিমন্ত্রণস্য সঙ্খ্যাদিনিয়মঃ সর্ব্বত্র শ্রূয়তে তদত্র কথং মন্ত্রয়েদিত্যপেক্ষায়ামাহ। প্রত্যেকং একৈকং মণিং শতং শতং বারান্মন্ত্রয়েদিতি। কেচিচ্চ ক্ষালনাদিকমপি তত্তন্মন্ত্রেণ প্রত্যেকং মণিং শতং বারান্ কুর্য্যাদিত্যাহুঃ। কেচিত্তু সদ্যোজাতাদি মন্ত্রাণামেকৈকং মন্ত্রং ক্ষালনাদিকর্ম্মণি বারশতং পঠেদিতি ব্যাচক্ষতে। অত্র চ যথাসম্প্রদায়ং ব্যবহর্ত্তব্যমিতি দিক্ ॥ ৪৬ ॥

মুদ্রাষ্টকং আবাহনাদিকং। সংস্কৃত্যৈবং বুধো মালাং তৎ প্রাণান্ স্থাপয়েত্ত ইত্যুক্তেঃ। পূজ্য পূজয়িত্বা যথাশিরঃ মস্তকক্রমেণ গ্রথিতং। মালা চ প্রথমং স্বগুরুহস্তাদেব গ্রাহ্যা। গুরুং সংপূজ্য তদ্ধস্তাদ্গৃহ্ণীয়াৎ সর্ব্বসিদ্ধয় ইতি তন্ত্রোক্তেঃ ॥ ৪৭ ॥

লেপন করিবে এবং পঞ্চম মন্ত্র ( ঈশানাদি ) মন্ত্র দ্বারা প্রত্যেককে এক শতবার মন্ত্রিত করিবে, তথা মেরুকে পঞ্চম মন্ত্র অর্থাৎ ঈশানাদি মন্ত্র ও অঘোর মন্ত্র দ্বারা মন্ত্রিত করিবে ॥ ৪৬ ॥

পূর্ব্বে যেমন পঞ্চমন্ত্র দ্বারা পূজা করিয়া মস্তকাদি ক্রমে মালা-গ্রন্থন করিয়াছে, তদ্রূপ আবাহনাদি অষ্টমুদ্রা প্রদর্শন করিয়া যথা-ক্রমে প্রত্যেককে পূজা করিবে ॥ ৪৭ ॥

অথ মালাভেদ দ্বারা অধিকারি ভেদ ॥

নারদপঞ্চরাত্রে যথা ॥

ব্রাহ্মণ কুশপত্রের মালা দ্বারা জপ করিবেন, ক্ষত্রিয় স্বর্ণ মালায়

পুত্রজীবফলৈর্বৈশ্যঃ পদ্মাক্ষৈঃ সর্ব্ব এব চ।
মোক্ষার্থী পঞ্চবিংশত্যা ধনার্থী ত্রিংশতা জপেৎ।
পুষ্ট্যর্থী সপ্তবিংশত্যা ন পঞ্চদশভিঃ ক্বচিৎ।
জপস্য গণনাঞ্চাহুঃ পদ্মাক্ষৈর্ভক্তিবর্দ্ধনৈঃ।
অথাঙ্গুলীভিরেবাপি জপমন্বহমাচরেৎ ॥ ৪৮ ॥
কিঞ্চান্যত্র ॥
রুদ্রাক্ষং মালিকাসূত্রে জপেন স্বমনোরথান্।
পদ্মাক্ষৈর্বিহিতা মালা শত্রূণাং নাশিনী মতা ॥
কুশগ্রন্থিময়ী মালা সর্ব্বপাপবিনাশিনী।
পুত্রজীবফলৈঃ ক্লৃপ্তা কুরুতে পুত্রসম্পদঃ ॥ ৪৯ ॥

ভক্তিবর্দ্ধনৈরিতি ভগবদ্ভক্ত্যর্থী পদ্মাক্ষৈর্জপেদিত্যর্থঃ ॥ ৪৮ ॥
ক্লৃপ্তা রচিতা ॥ ৪৯ ॥

জপ করিবেন, পুত্রজীবফলের মালা দ্বারা বৈশ্য জপ করিবে এবং ব্রাহ্মণাদি সমুদায় লোক পদ্মবীজমালা দ্বারা জপ করিবেন ॥

মোক্ষার্থী ব্যক্তি পঞ্চবিংশতি, ধনার্থী ত্রিংশৎ এবং পুষ্টিকামী ব্যক্তি সপ্তবিংশতি মালা দ্বারা জপ করিবে, কিন্তু পঞ্চদশ মালা দ্বারা কখনও জপ করিবে না ॥

পণ্ডিতগণ পদ্মবীজ দ্বারা জপের গণনা কহিয়াছেন, উহাতে ভগবদ্ভক্তি বৃদ্ধি প্রাপ্ত হয়, অথবা অঙ্গুলী দ্বারা প্রত্যহ জপ করিবেন ॥ ৪৮ ॥

আরও অন্যস্থানে ॥

রুদ্রাক্ষ মালিকাসূত্রে জপ দ্বারা স্বীয় মনোরথ প্রাপ্তি হয়, পদ্মবীজ রচিতা মালা শত্রুদিগের নাশিনী বলিয়া সম্মতা, কুশগ্রন্থিময়ী মালা সমস্ত পাপ বিনাশিনী হয়েন এবং পুত্রজীবফলরচিত মালা পুত্রসম্পদ্ প্রদান করিয়া থাকেন ॥ ৪৯ ॥

নির্ম্মিতা রূপ্যমণিভির্জপমালেপ্সিতপ্রদা।
হিরণ্ময়ৈর্ব্বিরচিতা মালা কামান্ প্রযচ্ছতি।
প্রবালৈর্বিহিতা মালা প্রযচ্ছেৎ পুষ্কলং ধনং।
সৌভাগ্যং স্ফাটিকী মালা মৌক্তিকৈর্বিহিতা শ্রিয়ং॥
নির্ম্মিতা শঙ্খমণিভিঃ কুরুতে কীর্ত্তিমক্ষয়াং।
সর্ব্বৈরেতৈর্বিরচিতা মালা স্যান্মুক্তয়ে নৃণাং॥
কিঞ্চ॥
তুলসীকাষ্ঠঘটিতৈর্মণিভির্জপমালিকা।
সর্ব্বকর্ম্মণি সর্ব্বেষামীপ্সিতার্থফলপ্রদা॥
গৌতমীয়ে॥
পুণ্ডরীকভবা মালা গোপালমনুসিদ্ধিদা।
আমলক্যা ভবা মালা সর্ব্বসিদ্ধিপ্রদা মতা।
তুলসীসম্ভবা যা তু সা মোক্ষং তনুতেঽচিরাৎ॥

রূপ্যমণি দ্বারা জপমালা নির্ম্মিত হইলে ঈপ্সিত প্রদান করেন, স্বর্ণ দ্বারা বিরচিতা মালা কাম সকল দান করেন। প্রবাল রচিত মালা যথেষ্ট ধনপ্রদা হয়েন। স্ফাটিকী মালা সৌভাগ্য, মুক্তামালা শ্রী, এবং শঙ্খমণিনির্ম্মিত মালা অক্ষয় কীর্ত্তি প্রদান করেন। এই সকলে বিরচিতা মালা মনুষ্যদিগের মুক্তির নিমিত্ত হয়॥

তুলসীকাষ্ঠমণিনির্ম্মিতা জপমালিকা সকলকর্ম্মে সকলের ঈপ্সিত-ফল প্রদান করেন॥

গৌতমীয়ে॥

শ্বেতপদ্ম রচিতা মালা গোপালমন্ত্রের সিদ্ধিপ্রদা হয়েন, আমলকী রচিতা মালা সর্ব্বসিদ্ধিপ্রদারূপে সম্মতা এবং তুলসীসম্ভবা যে মালা তিনি শীঘ্র মোক্ষকে বিস্তার করেন॥

অথ জপাঙ্গুল্যাদি নির্ণয়ঃ ॥

শিবাগমে ॥

অনামা মধ্যমাক্রম্য জপং কুর্য্যাত্তু মানসং।
মধ্যমা মধ্যমাক্রম্য জপং কুর্য্যাদুপাংশুকং ॥
তর্জনীং তু সমাক্রম্য জপং নৈব তু কারয়েৎ।
একৈকমণিমঙ্গুষ্ঠেনাকর্ষন্ প্রজপেন্মনুং ॥
মেরৌ তু লঙ্ঘিতে দেবি ন মন্ত্রফলভাগ্ ভবেৎ ॥

অন্যত্র চ ॥

অত্রাঙ্গুলিজপং কুর্ব্বন্ সাঙ্গুষ্ঠাঙ্গুলিভির্জপেৎ।
অঙ্গুষ্ঠেন বিনা কর্ম্ম কৃতং তদফলং ভবেৎ ॥
কনিষ্ঠানামিকা মধ্যা চতুর্থী তর্জ্জনী মতা।
তিস্রোঽঙ্গুল্যস্ত্রিপর্ব্বাঃ স্যুর্মধ্যমা চৈকপর্ব্বিকা ॥ ৫০ ॥

---

সাঙ্গুষ্ঠাভিরঙ্গুলীভিরত্র হেতুরঙ্গুষ্ঠেনেতি। তিস্রঃ কনিষ্ঠানামিকা তর্জ্জন্যঃ ॥ ৫০ ॥

---

অথ জপের অঙ্গুল্যাদি নির্ণয় ॥

শিবাগমে যথা ॥

অনামিকার মধ্যকে আক্রমণ করিয়া মানস জপ করিবে, মধ্যমার মধ্য আক্রমণ করিয়া উপাংশু জপ করিবে, কিন্তু কখন তর্জনীকে আক্রমণ করিয়া জপ করিবে না, এক একটী মণিকে অঙ্গুষ্ঠ দ্বারা আকর্ষণ করিয়া মন্ত্র জপ করিবে। হে দেবি! মেরু লঙ্ঘিত হইলে মন্ত্র জপের ফলভাগী হয়েন না ॥

অন্যত্রেও ॥

অঙ্গুলি জপ করিতে হইলে, অঙ্গুষ্ঠের সহিত অঙ্গুলি দ্বারা জপ করিবে, অঙ্গুষ্ঠ ব্যতিরিক্ত কর্ম্ম করিলে তাহা অফল হয় ॥

কনিষ্ঠা, অনামিকা, মধ্যমা এবং চতুর্থী তর্জনী তিন অঙ্গুলীর তিন তিন পর্ব্ব এবং মধ্যমার এক পর্ব্ব এই দশ পর্ব্বে জপ করিবে ॥ ৫০ ॥

পর্ব্বদ্বয়ং মধ্যমায়া জপকালে বিবর্জ্জয়েৎ।
এবং মেরুং বিজানীয়াদ্ব্রহ্মণা দূষিতং স্বয়ং ॥ ৫১ ॥
আরভ্যানামিকামধ্যাৎ প্রদক্ষিণমনুক্রমাৎ।
তর্জ্জনীমূলপর্য্যন্তং ক্রমাদ্দশসু পর্ব্বসু ॥ ৫২ ॥
অঙ্গুলীর্ন বিযুঞ্জীত কিঞ্চিৎ সঙ্কোচয়েত্তলং।
অঙ্গুলীনাং বিয়োগে তু ছিদ্রেষু স্রবতে জপঃ ॥
ক্বচিচ্চ ॥
আরভ্যানামিকামূলাৎ প্রাদক্ষিণ্যেন বৈ ক্রমাৎ।
মধ্যমামূলপর্য্যন্তং জপেদ্দশসু পর্ব্বসু ॥
গৌতমীয়ে ॥

এবং মধ্যমা পর্ব্বদ্বয়ং ॥ ৫১ ॥
দশসু পর্ব্বসু গণয়েদিতি শেষঃ ॥ ৫২ ॥
আরভ্যানামিকা মধ্যাদিত্যত্র আরভ্যানামিকা মূলাদিতি মতান্তরং ॥ ৫৩ ॥

জপকালে মধ্যমার অপর দুই পর্ব্ব পরিত্যাগ করিবে। এই প্রকারে মধ্যমার ঐ দুই পর্ব্বকে মেরু জানিতে হইবে, ব্রহ্মা স্বয়ং তাহাকে দূষিত করিয়াছেন ॥ ৫১ ॥

অনামিকার মধ্য হইতে আরম্ভ করিয়া দক্ষিণাবর্ত্ত ক্রমে তর্জনীর মূল পর্য্যন্ত দশ পর্ব্ব গণনা করিবে ॥ ৫২ ॥

অঙ্গুলীকে পৃথক্ পৃথক্ করিবে না, তলভাগ কিঞ্চিৎ সঙ্কোচ করিবে, অঙ্গুলী সকলের বিয়োগ করিলে ছিদ্র দিয়া জপ স্রাবিত হয় ॥

কোন স্থানেও ॥

অনামিকার মূল হইতে আরম্ভ করিয়া দক্ষিণাবর্ত্ত ক্রমে মধ্যমার মূল পর্য্যন্ত দশ পর্ব্বে জপ করিবে ॥

গৌতমীয় তন্ত্রে ॥

আরভ্যানামিকামূলাৎ পরিবর্ত্তেত বৈ ক্রমাৎ।
তর্জ্জনীমধ্যপর্য্যন্তং জপেদ্দশসু পর্ব্বসু ॥ ৫৩ ॥
অথ মালায়া নিয়মান্তরং ॥
তর্জ্জন্যা ন স্পৃশেৎ সূত্রং কম্পয়েন্ন বিধূনয়েৎ।
অঙ্গুষ্ঠপর্ব্বমধ্যস্থং পরিবর্ত্তং সমাচরেৎ ॥
কিঞ্চ ॥
ন স্পৃশেৎ বামহস্তেন করভ্রষ্টাং ন কারয়েৎ ॥
অন্যত্র চ ॥
অশুচির্নস্পৃশেদেনাং করভ্রষ্টাং ন কারয়েৎ।
অঙ্গুষ্ঠস্থামক্ষমালাং চালয়েন্মধ্যমাগ্রতঃ ॥
তর্জ্জন্যা ন স্পৃশেৎ সোঽয়ং মুক্তিদো গণনক্রমাৎ ॥

সূত্রমিতি মালামিত্যর্থঃ। ন কম্পয়েৎ নো বিধূনয়েচ্চ ন প্রক্ষিপেৎ।

অনামিকার মূল হইতে আরম্ভ করিয়া ক্রমে পরিবর্ত্তন পূর্ব্বক তর্জ্জনীর মধ্যপর্ব্বপর্য্যন্ত দশ পর্ব্বে জপ করিবে ॥ ৫৩ ॥

অথ মালার অন্য নিয়ম ॥

তর্জ্জনী দ্বারা সূত্র অর্থাৎ মালা স্পর্শ করিবে না, কম্পিত করিবে না, নিক্ষেপ করিবে না, অঙ্গুষ্ঠ পর্ব্বের মধ্যে রাখিয়া পরিবর্ত্ত (ঘূর্ণন) আচরণ করিবে ॥

আরও ॥

বামহস্তে স্পর্শ করিবে না এবং করভ্রষ্ট করিবে না ॥

অন্য স্থানেও ॥

অশুচি হইয়া মালা স্পর্শ করিবে না, করভ্রষ্ট করিবে না, অঙ্গুষ্ঠের মধ্যে অক্ষমালা রাখিয়া মধ্যমার অগ্রভাগ দিয়া চালনা করিবে ॥

তর্জ্জনী দ্বারা মালা স্পর্শ করিবেন না, এই প্রকার করিলে সেই

ভুক্তৌ মুক্তৌ তথা কৃষ্টৌ মধ্যমায়াং জপেৎ সুধীঃ।
অঙ্গুষ্ঠানামিকাভ্যাস্তু জপেদুত্তমকর্ম্মণি ॥
তর্জ্জন্যঙ্গুষ্ঠসংযোগাদ্বিদ্বেষোচ্চাটনে জপেৎ।
কনিষ্ঠাঙ্গুষ্ঠসংযোগাজ্জপেন্মারণকর্ম্মণি ॥ ৫৪ ॥
ক্বচিচ্চ ॥
অঙ্গুষ্ঠং মোক্ষদং বিদ্যাত্তর্জ্জনীং শত্রুনাশিনীং।
মধ্যমা ধনসিদ্ধ্যৈ স্যাচ্ছান্তিকর্ম্মণ্যনামিকা।
কনিষ্ঠাকর্ষণে জ্ঞেয়া জপকর্ম্মণি সিদ্ধিদা ॥ ৫৫ ॥
অথ জপে গুণাঃ ॥
মন্ত্রার্ণবে ॥

উত্তমকর্ম্মণি শান্তি স্বস্ত্যয়নাদৌ। বিদ্বেষে উচ্চাটনে চ ॥ ৫৪ ॥
তত্রৈব মতান্তরং লিখতি অঙ্গুষ্ঠমিতি। আকর্ষণে আকৃষ্টিকর্ম্মণি ॥ ৫৫ ॥

জপ মুক্তিপ্রদ হয় ॥

বুদ্ধিমান্ ব্যক্তি ভুক্তি, মুক্তি ও আকর্ষণবিষয়ে মধ্যমায় রাখিয়া জপ করিবেন, উত্তম কর্ম্মে অর্থাৎ শান্তি স্বস্ত্যয়নাদিতে অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা জপ করিবেন। বিদ্বেষ ও উচ্চাটন বিষয়ে তর্জ্জনী ও অঙ্গুষ্ঠ যোগে জপ করিবেন, মারণকর্ম্মে কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ যোগে জপ করিবেন ॥ ৫৪ ॥

কোন স্থানেও ॥

অঙ্গুষ্ঠকে মোক্ষপ্রদ, তর্জ্জনীকে শত্রুনাশিনী জানিবে। ধন সিদ্ধির নিমিত্ত মধ্যমা, শান্তি কর্ম্মে অনামিকা এবং আকর্ষণ বিষয়ে জপকর্ম্মে কনিষ্ঠা সিদ্ধিপ্রদা জানিবে ॥ ৫৫ ॥

অথ জপবিষয়ে গুণ সকল ॥

মন্ত্রার্ণবে যথা ॥

মনঃসংহরণং শৌচং মৌনং মন্ত্রার্থচিন্তনং ।
অব্যগ্রত্বমনির্ব্বেদো জপসম্পত্তিহেতবঃ ॥ ৫৬ ॥
অন্যত্র চ ॥
জপান্যকালে মালান্তু পূজয়িত্বা সুগোপয়েৎ ।
গুরুং প্রকাশয়েদ্বিদ্বান্ মন্ত্রং নৈব প্রকাশয়েৎ ॥ ৫৭ ॥
অক্ষমালাঞ্চ মুদ্রাঞ্চ গুরোরপি ন দর্শয়েৎ ।
ভূত রাক্ষস বেতালাঃ সিদ্ধগন্ধর্ব্বচারণাঃ ।
হরন্তি প্রকটং যস্মাত্তস্মাদ্গুপ্তং জপেৎ সুধীঃ ॥ ৫৮ ॥
অথ জপে দোষাঃ ॥
নারদপঞ্চরাত্রে ॥

মনসঃ সংহরণং বিষয়েভ্যঃ প্রত্যাহারঃ ॥ ৫৬ ॥
জপাদন্যস্মিন্ কালে । গুরুমপি প্রকাশয়েৎ ॥ ৫৭ ॥
গুরোঃ গুরুং প্রত্যপি ॥ ৫৮ ॥

মনের সংহরণ অর্থাৎ বিষয় হইতে প্রত্যাহারের নাম শৌচ, মন্ত্রার্থ চিন্তনের নাম মৌন, অব্যগ্রতার নাম অনির্ব্বেদ, এই সমস্ত গুলি জপ-রূপ সম্পত্তির হেতু হয় ॥ ৫৬ ॥

অন্যস্থানেও ॥

জপ ভিন্ন কালে মালাকে পূজা করিয়া গোপন করিবে। বিদ্বান্ ব্যক্তি গুরুকে প্রকাশ করিবেন কিন্তু কখনই মন্ত্র প্রকাশ করিবেন-না ॥ ৫৭ ॥

অক্ষমালা ও মুদ্রা গুরুকেও দর্শন করাইবেন না। যে হেতু মালা প্রকাশ পূর্ব্বক জপ করিলে ভূত, রাক্ষস, বেতাল, সিদ্ধ ও গন্ধর্ব্ব প্রভৃতি সেই জপ হরণ করে অতএব বুদ্ধিমান্ মনুষ্য মালা গোপন করিয়া জপ করিবেন ॥ ৫৮ ॥

অথ জপে দোষ সকল নারদপঞ্চরাত্রে যথা ॥

অপবিত্রকরো নগ্নঃ শিরসি প্রাবৃতোঽপি বা।
প্রলপন্ বা জপেদ্যাবত্তাবন্নিষ্ফলমুচ্যতে ॥ ৫৯ ॥
কিঞ্চ ॥
বদন্ন গচ্ছন্ন স্বপন্নান্যৎ কিমপি সংস্মরন্।
ন ক্ষুজ্জৃম্ভণ হিক্কাদি বিকলীকৃত মানসঃ।
মন্ত্রসিদ্ধিমবাপ্নোতি তস্মাদযত্নপরো ভবেৎ ॥
কিঞ্চ ॥
স্ত্রী শূদ্রাভ্যাং ন ভাষেত রাত্রৌ জপপরো ন চ ॥
ব্যাসস্মৃতৌ ॥
অঙ্গুল্যগ্রেষু যজ্জপ্তং যজ্জপ্তং মেরুলঙ্ঘনে ॥
অসংখ্যাতঞ্চ যজ্জপ্তং তৎসর্ব্বং নিষ্ফলং ভবেৎ ॥

অপবিত্রঃ কুশহীনঃ করো যস্য সঃ ॥ ৫৯ ॥

অপবিত্রকর অর্থাৎ কুশহীনহস্ত, নগ্ন, মস্তক প্রাবৃত এবং কথা কহিতে কহিতে যে জপ তাহা নিষ্ফল বলিয়া কথিত হইয়াছে ॥ ৫৯ ॥

বলিতে বলিতে, গমন করিতে করিতে, শয়ন করিতে করিতে, অন্য কিছু স্মরণ করিতে করিতে এবং ক্ষুৎ, জৃম্ভণ ও হিক্কাদি দ্বারা ব্যাকুলিত চিত্ত হইয়া জপ করিলে মন্ত্রসিদ্ধি হয় না, একারণ এ সমুদায়ের ত্যাগ বিষয়ে যত্ন পর হইবে ॥

আরও ॥

স্ত্রী ও শূদ্রের সহিত সম্ভাষণা করিবে না এবং রাত্রিতে জপপর হইবে না ॥

ব্যাসস্মৃতিতে ॥

অঙ্গুল্যগ্রে যে জপ, মেরু লঙ্ঘনে যে জপ এবং সংখ্যা না রাখিয়া যে জপ, তৎসমুদায় জপ নিষ্ফল হয় ॥

বৈশম্পায়নসংহিতায়াং ॥
নৈকবাসা জপেন্মন্ত্রং বহুবস্ত্রাকুলো ন চ ॥
উপর্য্যধো বহির্বস্ত্রে পুরশ্চরণকৃৎ ত্যজেৎ ॥ ৬০ ॥
অতএব মন্ত্রার্ণবে ॥
উষ্ণীষী কুঞ্চুকী নগ্নো মুক্তকেশো গলাবৃতঃ ॥
অপবিত্রকরোঽশুদ্ধঃ প্রলপন্ন জপেৎ ক্বচিৎ ॥ ৬১ ॥
অপাবৃতকরোভূত্বা শিরসি প্রাবৃতোঽপি চ।
চিন্তাব্যাকুলচিত্তো বা ক্রুদ্ধো ভ্রান্তঃ ক্ষুধান্বিতঃ ॥
অনাসনঃ শয়ানোবা গচ্ছন্নুত্থিত এব বা।
রথ্যায়ামশিবে স্থানে ন জপেত্তিমিরান্তরে ॥

উপরি অধশ্চ যে বহির্বস্ত্রে পরিধানোত্তরীয় ব্যতিরিক্তং বস্ত্রদ্বয়ং তে ত্যজেৎ ॥ ৬০ ॥
গলে আবৃতঃ বস্ত্রাদিপ্রাবৃতঃ। অশুদ্ধঃ শৌচাদিরহিতঃ ॥ ৬১ ॥
অশিবে অমঙ্গলে স্থানে শ্মশানাদৌ। যচ্চ প্রেতভূম্যাদিকমিতি স্থাননিয়মে লিখিতং

বৈশম্পায়নসংহিতায় ॥

পুরশ্চরণকারী ব্যক্তি একবস্ত্র পরিধান করিয়া জপ করিবে না, বহুবস্ত্রে আকুল হইবে না, পরিধেয় ও উত্তরীয় ব্যতিরিক্ত উপরি বস্ত্র ও অধোবস্ত্র এই বহির্বস্ত্রদ্বয় ত্যাগ করিবে ॥ ৬০ ॥

অতএব মন্ত্রার্ণবে ॥

মস্তকে উষ্ণীষ, গাত্রে কঞ্চুক পরিধান করিয়া, নগ্ন, মুক্তকেশ ও গলে বস্ত্রাদি প্রাবৃত করিয়া, অপবিত্র হস্তে শৌচাদি রহিত হইয়া এবং বাক্যালাপ করিতে করিতে কখন জপ করিবে না ॥ ৬১ ॥

হস্ত আবরণ না করিয়া, মস্তক আচ্ছাদন করিয়া, চিন্তাব্যাকুল চিত্ত হইয়া, ক্রুদ্ধ, ভ্রান্ত ও ক্ষুধান্বিত হইয়া, আসনে না বসিয়া, শয়ান হইয়া, গমন করিতে করিতে, উত্থিত হইয়া, রথ্যায়, (উচ্চপথে) শ্মশানাদি অমঙ্গল স্থানে এবং অন্ধকার মধ্যে জপ করিবে না ॥

উপানদ্গূঢ়পাদো বা যান শয্যাগতস্তথা।
প্রসার্য্য ন জপেৎ পাদাবুৎকটাসন এব বা ॥ ৬২ ॥
যাজ্ঞবল্ক্যসংহিতায়াং ॥
ন চংক্রমন্ন চ হসন্ন পার্শ্বমবলোকয়ন্।
নাপাশ্রিতো ন জল্পংশ্চ ন প্রাবৃতশিরাস্তথা ॥ ৬৩ ॥
ন পদা পদমাক্রম্য নচৈব হি তথা করৌ।
নচাসমাহিতমনা ন চ সংশায়নো জপেৎ ॥ ৬৪ ॥
ধ্যায়েত মনসা মন্ত্রং জিহ্বোষ্ঠৌ ন তু চালয়েৎ।
ন কম্পায়েচ্ছিরো গ্রীবাং দন্তান্নৈব প্রকাশয়েৎ ॥ ৬৫ ॥

তচ্চ তামসানাং তুষ্কামবিশেষাপেক্ষয়া। তিমিরস্য অন্ধকারস্য অন্তরে মধ্যে যানগতঃ শয্যাগতো বা ॥ ৬২ ॥

চংক্রমন্ ইতস্ততো ভ্রমন্ অপাশ্রিতঃ কিঞ্চিদবষ্টব্ধবান্ সন্ ॥ ৬৩ ॥

ন চ করৌ আক্রম্য সংশায়নঃ সংশয়ং কুর্ব্বন্ ॥ ৬৪ ॥

গ্রীবাঞ্চ ন কম্পয়েৎ ॥ ৬৫ ॥

অপিচ, পদে পাদুকা দিয়া, যান বা শয্যায় থাকিয়া, পদদ্বয় বিস্তার করিয়া এবং উৎকটাসনে উপবিষ্ট হইয়া জপ করিবে না ॥ ৬২ ॥

যাজ্ঞবল্ক্যসংহিতায় যথা ॥

ইতস্ততঃ ভ্রমণ বা হাস্য অথবা পার্শ্বদেশ অবলোকন করিতে করিতে অনাশ্রয়ে, কথা কহিতে কহিতে এবং মস্তক আবরণ করিয়া জপ করিবে না ॥ ৬৩ ॥

পদ দ্বারা পদকে বা কর দ্বারা করকে আক্রমণ করিয়া, চঞ্চল চিত্তে অথবা সংশয়িত চিত্ত হইয়া জপ করিবে না ॥ ৬৪ ॥

জপকালে মনের দ্বারা মন্ত্র ধ্যান করিবে, জিহ্বা ও ওষ্ঠ চালনা করিবে না, মস্তক ও গ্রীবাকে কম্পিত করিবে না এবং দন্ত সকল প্রকাশ করিবে না ॥ ৬৫ ॥

যক্ষ রাক্ষস ভূতানি সিদ্ধ বিদ্যাধরা গণাঃ।
হরন্তি প্রসভং যস্মাত্তস্মাদ্গুপ্তং সমাচরেৎ।
স্ত্রীশূদ্র পতিতাংশ্চৈব রাসভঞ্চ রজস্বলাং।
জপকালে ন ভাষেত ব্রতহোমাদিকেষু চ ॥ ৬৬ ॥
ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে চ ॥
নচ্ছায়ামাক্রমেদ্বিদ্বান্ বিভীতক করঞ্জয়োঃ।
ন দদ্যাৎ কস্যচিৎ কিঞ্চিন্ন গৃহ্ণীয়াজ্জপান্তরে ॥
অথ দোষপ্রায়শ্চিত্তানি। তত্রৈব ॥
তূষ্ণীমাসীত সংজপংশ্চাণ্ডালপতিতাদিকান্।

এবং সর্ব্বথা জপং নৈব প্রকাশয়েদিত্যভিপ্রেতং তত্র হেতুমাহ যক্ষেতি ॥ ৬৬ ॥
আভাষ্য সম্ভাষ্য। অশুচীনাং মলমূত্রাদীনাং দর্শনে সতি ॥ ৬৭ ॥

জপ প্রকাশ করিলে যখন যক্ষ, রাক্ষস, ভূত, সিদ্ধ ও বিদ্যাধরগণ বলপূর্ব্বক সেই জপ হরণ করিয়া লয়, তখন প্রকাশ্যভাবে জপ করিবে না ॥

জপকালে স্ত্রী, শূদ্র, পতিত, গর্দ্দভ ও রজস্বলার সহিত সম্ভাষণা করিবে না এবং ব্রত ও হোমাদি সময়েও তাহাদের সহিত আলাপ করিবে না ॥

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রেতেও যথা ॥

বিদ্বান্ ব্যক্তি জপকালে বিভীতক ( বয়ড়া ) ও করঞ্জ ( করম্‌জা ) বৃক্ষের ছায়া আক্রমণ করিবেন না, জপের মধ্যে কাহাকে কিছু দিবেন না, কাহার নিকট কিছু গ্রহণ করিবেন না ॥

অথ দোষের প্রায়শ্চিত্ত সকল ॥

তূষ্ণীম্ভূত হইয়া বসিবে, জপ করিতে করিতে চণ্ডাল ও পতিত প্রভৃতিকে অবলোকন করিলে আচমন করিবে, তাহাদের সহিত সম্ভা-

দৃষ্ট্বা তান্ বার্য্যুপস্পৃশ্যাভাষ্য স্নাত্বা পুনর্জপেৎ।
আচম্য প্রযতো নিত্যং জপেদশুচিদর্শনে॥ ৬৭॥
কিঞ্চ॥
যদি বা যমলোপঃ স্যাজ্জপাদিষু কথঞ্চন।
ব্যাহরেদ্বৈষ্ণবং মন্ত্রং স্মরেদ্বা বিষ্ণুমব্যয়ং॥ ৬৮॥
মন্ত্রার্ণবে॥
পতিতানামন্ত্যজানাং দর্শনে ভাষণে শ্রুতে।
ক্ষুতেঽধোবায়ুগমনে জৃম্ভণে জপমুৎসৃজেৎ॥ ৬৯॥
প্রাপ্তাবাচম্য চৈতেষাং প্রাণায়ামং ষড়ঙ্গকং।

যমঃ জপবিষয়ক নিয়মস্তস্য লোপো ভঙ্গঃ। বাগ্‌যমেতি পাঠে মৌনলোপঃ। মন্ত্রং নামাত্মকং বিষ্ণুমন্ত্রান্তরং বা॥ ৬৮॥

ভাষণে সম্ভাষণে শ্রুতে চ শ্রবণে সতি। যদ্বা ভাষণে চ বচনে শ্রুতে সতি। অশুভ ইতি পাঠে দর্শনাদীনাং সর্ব্বেষামেব বিশেষণং উৎসৃজেদিত্যত্র হেতুত্বেন॥ ৬৯॥

ষণা করিলে স্নান করিয়া পুনর্ব্বার জপ করিবে এবং অশুচি অর্থাৎ মল ও মূত্রাদি দর্শনে আচমন পূর্ব্বক যত্নবান্ হইয়া জপ করিবে॥ ৬৭॥

আরও॥

কোন ক্রমে যদি জপ করিতে করিতে জপবিষয়ক নিয়মের ভঙ্গ হয়, তাহা হইলে বিষ্ণুনামাত্মক মন্ত্র অথবা অব্যয় বিষ্ণুকে স্মরণ করিবে॥ ৬৮॥

মন্ত্রার্ণবে॥

পতিত ও অন্ত্যজদিগের দর্শনে তাহাদিগের সহিত সম্ভাষণে ও তাহাদিগের বাক্য শ্রবণে অথবা ক্ষুৎ (হাঁচি) অধোবায়ুগমনে ও জৃম্ভণে জপ পরিত্যাগ করিবেন॥ ৬৯॥

আচমন পূর্ব্বক পতিত ও অন্ত্যজ সকলের দর্শন প্রাপ্তি হইলে

কৃত্বা সম্যগ্ জপেচ্ছেষং যদ্বা সূর্য্যাদিদর্শনং ॥ ৭০ ॥
মার্জ্জারং কুক্কুটং ক্রৌঞ্চং শ্বানং শূদ্রং খরং কপিং।
দৃষ্ট্বাচম্যাচরেৎ কর্ম্ম স্পৃষ্ট্বা স্নানং বিধীয়তে ॥ ৭১ ॥
নারদপঞ্চরাত্রে চ ॥
সকৃদুচ্চারিতে শব্দে প্রণবং সমুদীরয়েৎ।
প্রোক্তে চাচম্য বাণ্যাপি প্রাণায়ামং সকৃচ্চরেৎ।
বহুপ্রলাপে চাচম্য ন্যস্তাঙ্গানি ততো জপেৎ।
ক্ষুতেহপ্যেবং তথাস্পৃশ্যস্থানানাং স্পর্শনে ভবেৎ।
কিঞ্চান্যত্র ॥

এতেষাং পতিতান্ত্যজদর্শনাদীনাং প্রাপ্তৌ সত্যাং। প্রাণায়ামং ষড়ঙ্গন্যাসঞ্চ কৃত্বা ॥ ৭০ ॥ কর্ম্ম জপলক্ষণং ॥ ৭১ ॥

আচমন পূর্ব্বক প্রাণায়াম ও ষড়ঙ্গ ন্যাস করিয়া অথবা সূর্য্য দর্শন করিয়া অবশিষ্ট জপ করিবে ॥ ৭০ ॥

মার্জার, কুক্কুট, ক্রৌঞ্চ (বক) কুক্কুর, শূদ্র, গর্দ্দভ ও বানর ইহাদিগকে অবলোকন করিলে আচমন এবং স্পর্শ করিলে স্নান করিয়া জপ করিবে ॥ ৭১ ॥

নারদপঞ্চরাত্রেও ॥

একবারমাত্র শব্দ উচ্চারিত হইলে প্রণব উচ্চারণ করিবে, বাক্য দ্বারা কহিলে একবার প্রাণায়াম করিবে। বহু বাক্যালাপ করিলে আচমন পূর্ব্বক অঙ্গন্যাস করিয়া জপ করিবে, তথা ক্ষুৎ ও শরীরের অস্পৃশ্য স্থান স্পর্শেও এই প্রকার করত জপ করিবে ॥

আরও অন্যস্থানে ॥

জীর্ণে সূত্রে পুনঃ সূত্রং গ্রথয়িত্বা শতং জপেৎ।
প্রমাদাৎ পতিতে হস্তাচ্ছতমষ্টোত্তরং জপেৎ।
তাবন্নিষিদ্ধসংস্পর্শে ক্ষালয়িত্বা যথোদিতং ॥ ৭২ ॥
অথ জপভেদাঃ ॥
তল্লক্ষণাদি চ ॥
নারসিংহে ॥
ত্রিবিধো জপযজ্ঞঃ স্যাৎ তস্য ভেদান্নিবোধত।
বাচিকশ্চ উপাংশুশ্চ মানসশ্চ ত্রিধা মতঃ।
ত্রয়াণাং জপযজ্ঞানাং শ্রেয়ান্ স্যাদুত্তরোত্তরঃ।
যদুচ্চ নীচ স্বরিতৈঃ স্পষ্টশব্দবদক্ষরৈঃ।

তাবদষ্টোত্তরশতং যথোদিতমিতি পূর্ব্বলিখিতমন্ত্র পঞ্চগব্যাদিনা প্রক্ষাল্যেত্যর্থঃ ॥ ৭২ ॥
উচ্চনীচস্বরিতৈঃ উচ্চেন নীচেন বা উদাত্তানুদাত্তস্বরিতসংজ্ঞৈঃ স্বরৈরিত্যর্থঃ। স্বরেণ

মালার সূত্র জীর্ণ হইলে, পুনর্ব্বার সূত্র গ্রন্থন করিয়া শতবার জপ করিবে এবং অনবধান বশতঃ হস্ত হইতে পতিত হইলে অষ্টোত্তর শত জপ করিবে তথা পূর্ব্ববৎ নিষিদ্ধ সংস্পর্শ হইলে পূর্ব্বলিখিত মন্ত্র ও পঞ্চগব্যাদি দ্বারা ক্ষালন করিয়া অষ্টোত্তর শত জপ করিবে ॥ ৭২ ॥

অথ জপভেদ জপের লক্ষণাদি নৃসিংহপুরাণে যথা—

জপ যজ্ঞ তিন প্রকার হয়, তাহার ভেদ সকল শ্রবণ কর, যথা—বাচিক, উপাংশু ও মানস এই ত্রিবিধ। এই তিন প্রকার জপযজ্ঞের মধ্যে উত্তরোত্তর শ্রেষ্ঠ ॥

উচ্চ নীচ স্বরিত অর্থাৎ উদাত্ত, অনুদাত্ত ও স্বরিত সংজ্ঞক স্বরে

মন্ত্রমুচ্চারয়েদ্ব্যক্তং জপযজ্ঞঃ স বাচিকঃ ॥ ৭৩ ॥
শনৈরুচ্চারয়েন্মন্ত্রমীষদোষ্ঠৌ প্রচালয়েৎ।
কিঞ্চিচ্ছব্দং স্বয়ং বিদ্যাদুপাংশুঃ স জপঃ স্মৃতঃ ॥ ৭৪ ॥
ধিয়া যদক্ষরশ্রেণ্যা বর্ণাদ্বর্ণং পদাৎ পদং।
শব্দার্থচিন্তনাভ্যাসঃ স উক্ত মানসো জপঃ ॥ ৭৫ ॥
তত্র চ যাজ্ঞবল্ক্যঃ ॥
উপাংশু জপযুক্তস্য তস্মাচ্ছতগুণো ভবেৎ।
সহস্রো মানসঃ প্রোক্তো যস্মাদ্ধ্যানসমো হি সঃ ॥ ৭৬ ॥

যুক্তৈঃ স্পষ্টশব্দবদ্ভিরক্ষরৈঃ অতএব ব্যক্তং মন্ত্রমুচ্চারয়েদযৎ ॥ ৭৩ ॥

স্বয়মেব বিদ্যাৎ জানীয়াৎ শৃণুয়াদিত্যর্থঃ ॥ ৭৪ ॥

বর্ণাদেকস্মাৎ ক্রমেণান্যবর্ণং ব্যাপ্য এবং পদাৎ পদং ব্যাপ্য ইত্থং শব্দস্য অর্থস্য চ যচ্চিন্তনমনুসন্ধানং তস্য অভ্যাসঃ পুনঃ পুনরাবৃত্তিঃ ॥ ৭৫ ॥

উপাংশুজপযুক্তস্য জপঃ শতগুণঃ স্যাদ্বাচিকাজ্জপাচ্ছতগুণো ভবেদিত্যর্থঃ ॥ ৭৬ ॥

স্পষ্ট শব্দ বিশিষ্ট অক্ষর দ্বারা যে মন্ত্র স্পষ্ট করিয়া উচ্চারণ করা হয়, সেই জপ যজ্ঞের নাম বাচিক ॥ ৭৩ ॥

ধীরে ধীরে মন্ত্র উচ্চারণ করিবে, ওষ্ঠদ্বয় ঈষৎ চালিত করিবে, যাহাতে কিঞ্চিন্মাত্র শব্দ স্বয়ং শুনিতে পাওয়া যায়, তাহার নাম উপাংশু জপ ॥ ৭৪ ॥

যে অক্ষর শ্রেণীর বর্ণ হইতে বর্ণ ও পদ হইতে পদের যে অর্থ বুদ্ধি দ্বারা চিন্তন অর্থাৎ অনুসন্ধান, তাহার যে অভ্যাস অর্থাৎ পুনঃ পুনঃ আবৃত্তি, তাহাকে মানস জপ বলে ॥ ৭৫ ॥

এই বিষয়ে যাজ্ঞবল্ক্যের বচন যথা ॥

উপাংশুজপযুক্ত যে জপ তাহা বাচিক জপ হইতে শত গুণ শ্রেষ্ঠ এবং উপাংশু জপ হইতে মানস জপ সহস্রগুণ শ্রেষ্ঠ, যেহেতু মানস জপ ধ্যান তুল্য হয় ॥ ৭৬ ॥

মন্ত্রার্ণবে ॥

পশুভাবে স্থিতা মন্ত্রাঃ কেবলং বর্ণরূপিণঃ।

সৌষুম্নাধ্বন্যুচ্চরিতাঃ প্রভুত্বং প্রাপ্নুবন্তি হি ॥ ৭৭ ॥

ন দোষো মানসে জপ্যে সর্ব্বদেশেঽপি সর্ব্বদা।

জপনিষ্ঠো দ্বিজশ্রেষ্ঠাঃ সর্ব্বযজ্ঞফলং লভেৎ ॥ ৭৮ ॥

অশুচির্বা শুচির্বাপি গচ্ছংস্তিষ্ঠন্ স্বপন্নপি।

মন্ত্রৈকশরণো বিদ্বান্ মনসৈব সদাভ্যসেৎ।

কিঞ্চান্যত্র ॥

মানসঃ সিদ্ধিকামৈস্তু পুষ্টিকামৈরুপাংশুকঃ।

---

সৌষুম্নে সুষুম্নাখ্যা নাড়ীসম্বন্ধিনি অধ্বনি ছিদ্রমার্গে উচ্চরিতাঃ সন্তঃ। প্রভুত্বং সামর্থ্যং ॥ ৭৭ ॥

অতএব মানসো জপঃ পরমোত্তম ইত্যাহ ন দোষ ইতি। দ্বিজশ্রেষ্ঠা ইতি তত্রত্য-বিপ্রাণাং সম্বোধনং। দ্বিজশ্রেষ্ঠ ইত্যেকবচনান্তপাঠোঽপি ক্বচিৎ ॥ ৭৮ ॥

মন্ত্রৈকশরণ ইত্যনেন পুরশ্চরণাদিপরস্তু যথোক্তদেশকালাদাবেবাভ্যসেদিত্যভি-

---

মন্ত্রার্ণবে ॥

কেবল বর্ণরূপি মন্ত্র পশুভাবে অবস্থিত থাকে, উহা সুষুম্নাখ্যা নাড়ী সম্বন্ধি ছিদ্র মার্গে উচ্চরিত হইলে প্রভুত্ব প্রাপ্ত হয় ॥ ৭৭ ॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! সকল দেশে ও সর্ব্বকালে মানস জপে দোষ নাই, অতএব যে ব্যক্তি জপনিষ্ঠ হয়েন, তাঁহার সর্ব্ব যজ্ঞের ফল লাভ হয় ॥ ৭৮ ॥

বিদ্বান্ ব্যক্তি অশুচি হউন্ বা শুচি হউন্ অথবা গমন, অবস্থান ও শয়ন করিয়া থাকুন্, একমাত্র মন্ত্রের আশ্রিত হইয়া সর্ব্বদা মনে মনেই মন্ত্র আবৃত্তি করিবেন ॥

আরও অন্য স্থানে ॥

সিদ্ধি কাম পুরুষ মানস ও পুষ্টিকাম ব্যক্তি উপাংশু জপ করিবে।

বাচিকো মারণোচ্চাটে প্রশস্তো জপ ঈরিতঃ ॥ ৭৯ ॥

অথ জপমাহাত্ম্যং ॥

যাজ্ঞবল্ক্যসংহিতায়াং ॥

পাকযজ্ঞাশ্চ চত্বারো বিধিযজ্ঞসমন্বিতাঃ।
সর্ব্বে তে জপজজ্ঞস্য কলাং নার্হন্তি ষোড়শীং ॥ ৮০ ॥

পদ্মনাভীয়ে ॥

যাবন্তঃ কর্ম্মযজ্ঞাশ্চ প্রদীপ্তানি তপাংসি চ।
সর্ব্বে তে জপযজ্ঞস্য কলাং নার্হন্তি ষোড়শীং।
জপেন দেবতা নিত্যং স্তূয়মানা প্রসীদতি।
প্রসন্না বিপুলান্ ভোগান্ দদ্যান্মুক্তিঞ্চ শাশ্বতীং ॥ ৮১ ॥

স্পষ্টং ॥ ৭৯ ॥

পাকযজ্ঞা ব্রহ্মযজ্ঞব্যতিরিক্তা দেবযজ্ঞাদয়ঃ। বিধিযজ্ঞাঃ জ্যোতিষ্টোমাদয়ঃ ॥ ৮০ ॥

শাশ্বতীং মুক্তিং শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্তিলক্ষণাং ॥ ৮২ ॥

আর মারণ ও উচ্চাটন বিষয়ে বাচিক জপ প্রশস্ত বলিয়া কথিত হয় ॥ ৭৯ ॥

অথ জপমাহাত্ম্য ॥

যাজ্ঞবল্ক্যসংহিতায় ॥

পাকযজ্ঞ অর্থাৎ ব্রহ্মযজ্ঞ ব্যতিরিক্ত দেবযজ্ঞ প্রভৃতি চারি যজ্ঞ যদি বিধিযজ্ঞ অর্থাৎ জ্যোতিষ্টোমাদি যুক্ত হয় তাহা হইলে ঐ সকল যজ্ঞ জপযজ্ঞের ষোড়াংশের একাংশেরও যোগ্য হয় না ॥ ৮০ ॥

পদ্মনাভীয়ে ॥

যত কর্ম্ম, যজ্ঞ ও উৎকট তপস্যা তৎসমুদায় জপযজ্ঞের ষোড়শাংশের একাংশেরও যোগ্য হয় না ॥

নিত্য জপ দ্বারা স্তূয়মান হইলে দেবতা প্রসন্ন হয়েন, দেবতা প্রসন্ন হইয়া বিপুল ভোগ ও শাশ্বতী মুক্তি প্রদান করেন ॥ ৮১ ॥

অথ জপপ্রকারবিশেষেণ ফলবিশেষঃ।
ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে।
শ্রীমহাদেবোমাসম্বাদে॥
অথেদানীং প্রবক্ষ্যামি মন্ত্রজপ্যবিধিং প্রিয়ে।
কেবলং জপমাত্রেণ যস্য সিদ্ধ্যন্তি সিদ্ধয়ঃ॥ ৮২॥
শ্রীবীজপুটিতং মন্ত্রং যদি জপ্যেত মন্ত্রবিৎ।
কমলা তদ্বশে তিষ্ঠেদ্যথা কৃষ্ণে রমেত সা॥ ৮৩॥
কামেন পুটিতং মন্ত্রং প্রজপেদ্যদি ভামিনি।
মোহয়ত্যেব সকলং জগদেব ন সংশয়ঃ॥
মায়াবীজেন পুটিতং যদি জপ্যেন্মহামনুং।

কেবলং পূজাদিকং বিনাপীত্যর্থঃ॥ ৮৩॥
কমলা সর্ব্বসম্পত্তিরিত্যর্থঃ॥ ৮৩॥
কামেন তদ্বীজেন॥ ৮৪॥

অথ জপ প্রকার বিশেষে ফল বিশেষ॥
ত্রৈলোক্য সম্মোহন তন্ত্রে॥
শ্রীমহাদেব উমা সম্বাদে॥

হে উমে! এক্ষণে মন্ত্র জপের বিধি বলি, কেবল জপমাত্রে যাহার সিদ্ধি সকল, সিদ্ধি প্রাপ্ত হয়॥ ৮২॥

মন্ত্রজ্ঞ ব্যক্তি যদি শ্রীবীজ পুটিত মন্ত্র জপ করেন, কমলা অর্থাৎ সর্ব্বসম্পত্তি যেমন শ্রীকৃষ্ণে রত হয়েন, তদ্রূপ তাঁহার বশে অবস্থিতা হয়েন॥ ৮৩॥

হে ভামিনি! যদি কোন ব্যক্তি কামবীজ (ক্লীং) দ্বারা মন্ত্র-পুটিত করিয়া জপ করে, তাহা হইলে সেই মানব সমস্ত জগৎ মোহিত করিতে পারে ইহাতে সংশয় নাই, আর যদি মায়াবীজ (হ্রীঁ) পুটিত

অষ্টৈশ্বর্য্যাণি সম্ভূয় তস্য পাদে গতানি বৈ ॥ ৮৪ ॥
বাগ্‌ভবেনাপি পুটিতং যদি জপ্যেৎ সমাহিতঃ।
বেদবেদাঙ্গপারজ্ঞঃ সর্ব্বজ্ঞো ভবতি ধ্রুবং ॥ ৮৫ ॥
ধ্রুবেণ পুটিতং মন্ত্রং যদি জপ্যেন্মহেশ্বরি।
বীজং কূটঞ্চ বিচ্ছিদ্য মুক্তিভাগী, ভবেন্নরঃ।
ইদানীং শৃণু দেবি ত্বং কেবলস্য মনোর্বিধিং।
দশকৃত্বো জপেন্মন্ত্রমাপৎকল্পেন মুচ্যতে ॥ ৮৬ ॥
বিংশত্যা জপমাত্রেণ রক্ষয়েন্মন্ত্র এব হি।
শতজপ্তেন মন্ত্রেণ দিনপাপৈঃ প্রমুচ্যতে।
সহস্রজপ্তেন তথা মুচ্যতে মহতৈনসা।

বাগ্‌ভবেন সরস্বতীবীজেন ॥ ৮৫ ॥

ধ্রুবেণ প্রণবেণ। বীজরূপং কূটরূপঞ্চ কর্ম্ম বিচ্ছিদ্য নিরস্য আপৎকল্পেন সর্ব্বোপদ্রবেণ ॥ ৮৬ ॥

করিয়া মহামন্ত্র জপ করে, তাহা হইলে অষ্ট ঐশ্বর্য্য সকল মিলিত হইয়া তাহার পদতল গত হয় ॥ ৮৪ ॥

সাবধান পূর্ব্বক যদি বাগ্‌ভব অর্থাৎ সরস্বতী বীজ ( ঐং ) দ্বারা পুটিত করিয়া মন্ত্র জপ করে, তাহা হইলে নিশ্চয় বেদবেদাঙ্গপারগ ও সর্ব্বজ্ঞ হয় ॥ ৮৫ ॥

হে মহেশ্বরি ! যদি কোন মনুষ্য মন্ত্রকে প্রণব পুটিত করিয়া এবং বীজরূপ ও কূটরূপ কর্ম্ম নিরাস করিয়া মন্ত্র জপ করেন, তাহা হইলে তিনি মুক্তিভাগী হয়েন ॥

হে দেবি ! তুমি এক্ষণে কেবল মন্ত্রের বিধি শ্রবণ কর, দশবার মন্ত্র জপ করিলে সর্ব্বোপদ্রব হইতে মুক্ত হইবে ॥ ৮৬ ॥

বিংশতিবার মন্ত্র জপ করিলে তাহাকে রক্ষা করেন, এক শতবার মন্ত্র জপ করিলে দিন গত পাপ হইতে মুক্ত হয়। সহস্রবার মন্ত্র

অযুতস্য জপেনৈব মহাপাতকনাশনং।
অথ লক্ষজপান্মন্ত্রী দেববন্মোদতে দিবি।
কোটিজপ্তেন মন্ত্রেণ মুক্তিভাগী ভবেন্নরঃ।
অহর্নিশং জপেদ্যস্তু মন্ত্রী নিয়তমানসঃ।
স পশ্যতি ন সন্দেহো গোপবেশধরং হরিং॥ ৮৭॥
অথবা যানি মন্ত্রস্য পদানি কথিতানি তে।
তেষামন্যতমং জপ্যাদ্যত্র বৈ রোচতে মনঃ।
বীজং জপ্ত্বা বিশালাক্ষি ভৌমৈশ্বর্য্যেণ যুজ্যতে।
দ্বিতীয়েন সুখাস্বাদং কুরুতে মন্ত্রিসত্তমঃ॥ ৮৮॥

বিংশত্যা বিংশতিবারানিত্যর্থঃ। মন্ত্র এব রক্ষয়েদিতি দ্বারপাল যামিকাদি ব্যতিরেকেণাপি তস্য সর্ব্বত্র দুষ্টাদিভ্যো রক্ষা স্যাদিত্যর্থঃ॥ ৮৭॥

তেষাং মধ্যে যত্র যস্মিন্ পদে মনো রোচতে তৎ অন্যতমমেকং পদং জপেৎ। সুখাস্বাদং স্বর্গভোগং॥ ৮৮॥

জপ করিলে মহৎ পাপ হইতে মুক্ত হয়, অযুত জপ করিলে মহাপাতক বিনষ্ট হয়। লক্ষবার মন্ত্র জপ করিলে মন্ত্রী ব্যক্তি স্বর্গে দেবতার ন্যায় আমোদিত হয়, কোটি মন্ত্র জপ দ্বারা মনুষ্য মুক্তি ভাগী হয়। অপর যে মন্ত্রী ব্যক্তি মনঃসংযমন পূর্ব্বক দিবারাত্র মন্ত্র জপ করেন, তিনি গোপবেশধর হরিকে দর্শন করেন, ইহাতে সন্দেহ নাই॥ ৮৭॥

অথবা যে সকল মন্ত্রের পদ তোমাকে কহিয়াছি, তাহার মধ্যে যাহার যাহাতে অভিরুচি হয় তাহার অন্যতম অর্থাৎ একতম পদ জপ করিবে। হে বিশালাক্ষি! বীজ জপ করিয়া ভৌম ঐশ্বর্য্য (পার্থিবৈশ্বর্য্য) প্রাপ্ত হয়। মন্ত্রিসত্তম ব্যক্তি দ্বিতীয় প্রকারে পুটিত মন্ত্র জপ দ্বারা স্বর্গ ভোগ করিয়া থাকেন॥ ৮৮॥

জ্ঞানবান্ স্যাৎ তৃতীয়েন তুরীয়েণ জগদ্গুরুঃ।
ভবেৎ পঞ্চমজপ্যেন মুক্তিভাগী ন সংশয়ঃ॥ ৮৯॥
অজ্ঞানী চ জপেদ্বাপি নিজরুচ্যনুসারতঃ।
প্রথমং জ্ঞানসিদ্ধিস্তু দ্বিতীয়ং ত্বণিমাদিকং॥ ৯০॥
তৃতীয়ং সর্ব্বসৌখ্যঞ্চ চতুর্থং দেবতাত্মতাং।
পঞ্চমং বৈষ্ণবং লোকং ষষ্ঠং মুক্তিং প্রযচ্ছতি॥ ৯১॥
অথ জপবিধিঃ॥
গুরুং সংপূজ্য বিপ্রাংশ্চ সন্তর্প্যান্নরসাদিভিঃ।
আরভেত জপং কালে মঙ্গলেঽনুজ্ঞয়া গুরোঃ॥ ৯২॥

তুরীয়েণ চতুর্থেন। জগদ্গুরুঃ সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বোপদেষ্টা॥ ৮৯॥
প্রথমজ্ঞানসিদ্ধিং প্রযচ্ছতীত্যুত্তরেণান্বয়ঃ। এবমগ্রেঽপি॥ ৯০॥
দেবতাত্মতাং শ্রীকৃষ্ণসারূপ্যং তদেকচিত্ততাং বা॥ ৯১॥
পুরশ্চরণকর্ম্মারম্ভে প্রথমং শ্রীগুরুপূজাং ব্রাহ্মণভোজনাদিকঞ্চ লিখতি গুরুমিতি। মঙ্গলে শুভে কালে। গুরোরনুজ্ঞয়া জপমারভেৎ। তথাচোক্তং। বিপ্রান্ সন্তর্পয়েদন্নভোজনাচ্ছাদনাদিভিঃ। বহুভির্বস্ত্রভূষাভিঃ সম্পূজ্য গুরুমাত্মনঃ। আরভেত জপং পশ্চাত্তদনুজ্ঞাপুরঃসরমিতি॥ ৯২॥

ঐরূপ তৃতীয় জপ দ্বারা জ্ঞানবান্, চতুর্থ জপ দ্বারা জগদ্গুরু এবং পঞ্চম জপ দ্বারা মুক্তিভাগী হয়, ইহাতে সংশয় নাই॥ ৮৯॥

অজ্ঞানী ব্যক্তি স্বীয় রুচির অনুসারে জপ করিবে। প্রথম জপ জ্ঞানসিদ্ধি, দ্বিতীয় জপ অণিমাদিসিদ্ধি, তৃতীয় জপ সর্ব্বসৌখ্য, চতুর্থ জপ দেবতাস্বরূপতা, পঞ্চম জপ বিষ্ণুলোক এবং ষষ্ঠ জপ মুক্তি প্রদান করে॥ ৯০॥ ৯১॥

অথ জপবিধি॥

গুরুদেবকে পূজা এবং ব্রাহ্মণদিগকে অন্ন ও রসাদি দ্বারা পরিতৃপ্ত করিয়া গুরুদেবের অনুজ্ঞাক্রমে শুভকালে জপ আরম্ভ করিবে॥ ৯২॥

প্রাতঃস্নানাদিকং কৃত্বা দত্ত্বা চার্ঘ্যং বিবস্বতে।
আচম্য জপসঙ্কল্পং বিদধীত যথাবিধি ॥ ৯৩ ॥
বিধায় বিধিনা পূর্ব্বং লিখিতেনার্চ্চনং প্রভোঃ।
আত্মার্পণান্তং শক্ত্যাথ জপং পূজাঙ্গমাচরেৎ ॥ ৯৪ ॥
সমর্প্য তঞ্চ দত্ত্বার্ঘ্যং কৃত্বা পুষ্পাঞ্জলিং পুনঃ।
স্তুত্বা কৃষ্ণং প্রণম্যাথ প্রাশ্নীয়াচ্চরণামৃতং ॥ ৯৫ ॥

তত্র নিত্যকৃত্যং লিখতি প্রাতরিতি পঞ্চভিঃ। যথাবিধীত্যস্য পূর্ব্বেণাপি সর্ব্বেণ সম্বন্ধঃ। তত্র সঙ্কল্পবিধিশ্চায়ং। অদ্যাষ্টাদশাক্ষরসংমোহনমন্ত্রস্য সিদ্ধিকাম ইয়ংসংখ্যজপ তদ্দশাংশামুকদ্রব্যকহোম তদ্দশাংশামুকতর্পণ তদ্দশাংশাভিষেক তদ্দশাংশব্রাহ্মণভোজনাত্মকপুরশ্চরণং করিষ্যে ইতি ॥ ৯৩ ॥

পূর্ব্বং নিত্যকৃত্যলিখনে লিখিতেন বিধিনা প্রভোঃ শ্রীকৃষ্ণদেবস্যার্চ্চনং আত্মার্পণান্তং বিধায় পূজায়া অঙ্গভূতং জপমাচরেৎ স্বমন্ত্রং জপেৎ। শক্ত্যা যথাশক্তীত্যর্থঃ। ততশ্চ শক্তৌ সত্যাং অষ্টোত্তরসহস্রমন্যথাষ্টোত্তরশতং। তথাশক্তৌ সপ্তাবরণসহিতস্য অন্যথা আবরণসহিতস্য কেবলস্য ধ্যানমাত্রেণ বেত্যাদিকমূহ্যং। এতচ্চাগ্রে স্পষ্টং ভাবি ॥ ৯৪ ॥

তঞ্চ জপং ॥ ৯৫ ॥

প্রাতঃস্নানাদি পূর্ব্বক সূর্য্যদেবকে অর্ঘ্য দিয়া আচমন করত যথাবিধি সঙ্কল্প করিবে ॥ ৯৩ ॥

পূর্ব্ব লিখিত বিধানক্রমে আত্মসমর্পণ পর্য্যন্ত শ্রীকৃষ্ণদেবের অর্চ্চনা বিধান করিয়া যথাশক্তি পূজার অঙ্গস্বরূপ স্বীয় মন্ত্র জপ করিবে ॥ ৯৪ ॥

ঐ জপ শ্রীকৃষ্ণকে সমর্পণ পূর্ব্বক অর্ঘ্য প্রদান করিয়া পুনর্ব্বার পুষ্পাঞ্জলি এবং শ্রীকৃষ্ণকে স্তব ও প্রণাম করিয়া চরণামৃত পান করিবে ॥ ৯৫ ॥

ক্ষমস্বেতি বদন্ প্রার্থ্য চেদুদ্বাস্যং হৃদম্বুজে।
উদ্বাস্য বিধিবন্মানসোপচারৈর্যজেৎ পুনঃ॥ ৯৬॥
কৃষ্ণে সমর্প্য চাত্মানমৃষ্যাদিন্যাসপূর্ব্বকং।
নিজং মন্ত্রং জপেদ্ভক্ত্যা সম্প্রদায়ানুসারতঃ॥ ৯৭॥
অগ্নিপুরাণে॥
দর্ভহস্তস্তথাসীনো দর্ভেষূদকপাণিনা।
প্রাঙ্মুখোদ্বর্ত্তয়েন্মালাং সহস্রং শতমেব বা॥

উদ্বাস্যং উদ্বাসনযোগ্যং চেদ্যদি স্যাত্তদা ক্ষমস্বেতি বদন্ প্রার্থ্য স্বস্থানমলং কুর্ব্বিত্যভ্যর্থ্য হৃদম্বুজে উদ্বাস্যং বিধিবদিত্যস্য পূর্ব্বেণ পরেণাপি সম্বন্ধঃ। তত্রোদ্বাসনবিধিশ্চায়ং। উদ্বাসনমুদ্রয়োদ্বাস্য দক্ষিণনাসাপুটকণ্ঠমার্গেণ হৃৎকমলে নিধায়াঙ্কুশমুদ্রয়া নিরোধয়েদিত্যাদিক-মানসোপচারপূজাবিধিশ্চ পূর্ব্বং সংক্ষেপেণ লিখিত এবাস্তি। স চ যথাশক্তি স্বরুচ্যনুসারেণৈব সর্ব্বত্র জ্ঞেয়ঃ। পুনরিতি পুরশ্চরণার্থং পুনঃ পূজনং জ্ঞেয়ং। শক্তৌ সত্যাং কিঞ্চিদ্বহিঃ পূজনমপি কেচিদিচ্ছন্তি॥ ৯৬॥

কৃষ্ণে চাত্মানং সমর্প্যেতি দানবিশেষো দর্শিতঃ। সম্প্রদায়ানুসারত ইতি জপসংখ্যা-নিয়মাদিভেদেন বহুবিধঃ পুরশ্চরণবিধিঃ স্যাত্তত্র যথা স্বগুরুসম্প্রদায়মেব মন্ত্রং জপেদি-ত্যর্থঃ॥ ৯৭॥

দর্ভেষু আসীনঃ প্রাঙ্মুখঃ সন্ উদকযুক্তপাণিনা মালাং উদ্বর্ত্তয়েৎ পরিবর্ত্তয়েৎ বিসর্গ-

যদি উদ্বাসনযোগ্য হয়, তাহা হইলে "ক্ষমস্ব" এই বলিয়া বাক্য দ্বারা প্রার্থনা অর্থাৎ স্বস্থান অলঙ্কৃত করুন, এই বলিয়া হৃৎপদ্মে উদ্বাসন করিয়া পুনর্ব্বার যথাবিধি মানসোপচারে পূজা করিবে॥ ৯৬॥

ঋষ্যাদি ন্যাসপূর্ব্বক শ্রীকৃষ্ণে আত্মসমর্পণ করিয়া সম্প্রদায়ানুসারে ভক্তিসহকারে নিজ মন্ত্র জপ করিবে॥ ৯৭॥

অগ্নিপুরাণে॥

কুশাসনে উপবেশন পূর্ব্বক পূর্ব্বমুখ হইয়া সজলহস্তে সহস্রবার বা শতবার মালা পরিবর্ত্তন করিবে॥

মন্ত্রদেবপ্রকাশিন্যাং ॥
সূর্য্যস্যাগ্রে গুরোরিন্দোর্দীপস্য চ জলস্য চ।
বিপ্রাণাঞ্চ গবাঞ্চৈব সন্নিধৌ সম্মুখে জপেৎ ॥
নারদপঞ্চরাত্রে চ ॥
শনৈঃ শনৈঃ সুবিস্পষ্টং ন দ্রুতং ন বিলম্বিতং।
ন ন্যূনং নাধিকং বাপি জপং কুর্য্যাদ্দিনে দিনে ॥
কিঞ্চ ॥
সম্পূজ্যাথ জপং কুর্য্যাদ্যাবদ্বৈ প্রহরদ্বয়ং।
তদূর্দ্ধে পূর্ব্ববৎ স্নাত্বা বিশেষেণ বিধানবিৎ।
ন্যাসাবসানমখিলং সর্ব্বং কুর্য্যাৎ পুরোদিতং।
পূজাগ্নিহোমপর্য্যন্তং ততশ্চ জপমাচরেৎ।
যাবদ্দিনাবসানন্তু ভূয়ঃ স্নায়াত্ততো দ্বিজ।

---

লোপেঽপি সন্ধিরার্ষঃ। সহস্রং বারান্ অশক্তৌ চ শতং বা। এতচ্চ পূজাঙ্গনিত্যজপাভি-

---

মন্ত্রদেবপ্রকাশিনীতে ॥

সূর্য্য, গুরু, চন্দ্র, দীপ, জল, ব্রাহ্মণ তথা গো সকলের সন্নিধানে ও সম্মুখে জপ করিবে ॥

নারদপঞ্চরাত্রে ॥

ধীরে ধীরে উত্তমরূপে সুবিস্পষ্ট করিয়া দ্রুত বা বিলম্বিত কিম্বা ন্যূন অথবা অধিক না করিয়া প্রতি দিন জপ করিবে ॥

আরও ॥

দ্বিতীয় প্রহর পর্য্যন্ত পূজা পূর্ব্বক জপ করিবে, তাহার ঊর্দ্ধ হইলে বিধানজ্ঞ পূর্ব্বের ন্যায় স্নান করিয়া ন্যাসাবসান পূজাগ্নি-হোম-পর্য্যন্ত সমুদায় কার্য্য পূর্ব্ববৎ করিয়া পশ্চাৎ জপ আচরণ করিবেন। হে দ্বিজ! যে পর্য্যন্ত দিবাবসান না হয়, তাবৎ পর্য্যন্ত জপ করিবে, দিবা

উপাস্য বিধিবৎ সন্ধ্যাং দেবেশং পূজয়েৎ পুনঃ ॥ ৯৮ ॥
বিসর্জ্য ভোজনং কুর্য্যাৎ সততং তারকোদয়ে।
ভুক্ত্বা শয়ীত শয়নে মৃৎস্নিগ্ধে বাথ ভূতলে ॥ ৯৯ ॥
অর্দ্ধরাত্রে সমুত্থায় পাদশৌচং চরেদ্দ্বিজ।
আচম্য দেবং সংস্মৃত্য শীঘ্রং সম্পূজ্য পূর্ব্ববৎ।
জপং কুর্য্যাদ্যথাশক্তি অর্পয়েচ্চ তদেশ্বরে ॥
অন্যত্র চ ॥
নৈরন্তর্য্য বিধিঃ প্রোক্তস্তদ্দিনং নাতিলঙ্ঘয়েৎ।
দিবসাতিক্রমাত্তেষাং সিদ্ধিরোধঃ প্রজায়তে ॥
কিঞ্চ ॥

প্রায়েণোক্তং দর্ভহস্তত্বাদিকঞ্চ সমানমেবেত্যত্র লিখিতং। অথ স্নানানন্তরং ॥ ৯৮ ॥
বিসর্জ্য দেবং ॥ ৯৯ ॥

অবসান হইলে যথাবিধি সন্ধ্যার উপাসনা করিয়া পুনর্ব্বার দেবেশের পূজা করিবে ॥ ৯৮ ॥

অনন্তর বিসর্জ্জন করিয়া নক্ষত্রের উদয় হইলে সতত ভোজন করিবে, তৎপরে মৃত্তিকা দ্বারা স্নিগ্ধ শয্যায় অথবা ভূতলে শয়ন করিবে ॥ ৯৯ ॥

অর্দ্ধরাত্রে উত্থান করিয়া পাদশৌচ ও আচমনপূর্ব্বক দেবকে স্মরণ করিয়া শীঘ্র পূর্ব্বের ন্যায় পূজা করিবে, তৎপরে যথাশক্তি জপ করিয়া ঐ জপ দেবেশ্বরে সমর্পণ করিবে ॥

অন্যত্রও ॥

নৈরন্তর্য্যবিধি এই যে, প্রতিদিন জপ করিবে, দিবস লঙ্ঘন করিবে না, দিবসের অতিক্রম করিলে সিদ্ধি হানি হয় ॥

আরও ॥

অনন্যমানসঃ প্রাতঃকালান্মধ্যন্দিনাবধীতি ॥ ১০০ ॥
অতঃ কুর্য্যাজ্জপং নিত্যং শক্ত্যা নিয়তসংখ্যয়া।
সংখ্যাপূর্ত্তৌ চ কুর্ব্বীত প্রাণায়ামং পুনঃ কৃতী ॥ ১০১ ॥
অথ হোমনিয়মঃ।
নারদপঞ্চরাত্রে ॥
জপস্য তু দশাংশেন হোমঃ কার্য্যো দিনে দিনে।
অথবা লক্ষপর্য্যন্তং হোমঃ কার্য্যো বিপশ্চিতেতি ॥ ১০২ ॥

প্রাতঃকালমারভ্য মধ্যাহ্নপর্য্যন্তং জপং কুর্য্যাদিত্যত্রোক্তং। নারদপঞ্চরাত্রে চ। শ্রীভগবতোক্তং মধ্যাহ্নাৎ পরতো নহীত্যাদিভেদো মন্ত্রভেদেন শক্ত্যাদিভেদেন বা দ্রষ্টব্যঃ ॥ ১০০ ॥

শক্ত্যা যথাশক্তি যা নিয়তা নিয়মিতা জপসংখ্যা তয়ৈব নিত্যং জপং কুর্য্যাৎ। ন ন্যূনং নাধিকং বাপি জপং কুর্য্যাদ্দিনে দিন ইত্যাদ্যুক্তেঃ। সংখ্যায়াস্তস্যাঃ পূর্ত্তৌ চ সমাপ্তৌ সত্যাং ॥ ১০১ ॥

লক্ষসংখ্যায়াং পূর্ণায়াং একৈকলক্ষজপে সম্পূর্ণে সতি। এতচ্চ ফলবিশেষার্থলক্ষচতুষ্টয়াদি জপাভিপ্রায়েণ ॥ ১০২ ॥

অনন্য মানস হইয়া প্রাতঃকাল অবধি মধ্য দিবস পর্য্যন্ত জপ করিবে ॥ ১০০ ॥

অনন্তর প্রতিদিন যথাশক্তি সমান সংখ্যায় জপ করিবে, জপসংখ্যা পূর্ণ হইলে কৃতী ব্যক্তি পুনর্ব্বার প্রাণায়াম করিবে ॥ ১০১ ॥

অথ হোমনিয়ম।

নারদপঞ্চরাত্রে ॥

যত জপ করিবেন, প্রত্যহ তাহার দশাংশ হোম করিবেন, অথবা বিপশ্চিত ব্যক্তি লক্ষসংখ্যক জপ হইলে তাহার দশাংশ হোম করিবেন ॥ ১০২ ॥

হোমে চ কুণ্ডনির্ম্মাণাদিকস্তু লিখিতো বিধিঃ।
পূর্ব্বং দীক্ষাবিধাবত্র বিশেষঃ কোঽপি লিখ্যতে ॥ ১০৩ ॥
কুর্য্যাদ্রক্তাম্বুজৈর্হোমং গুড়াজ্য মধুসংপ্লুতৈঃ।
তদলাভে পায়সেন সিতাসর্পির্যুতেন হি ॥ ১০৪ ॥
হোমাশক্তৌ জপং হোমসংখ্যায়াস্তু চতুর্গুণং।
ষড়্গুণং চাষ্টগুণিতং ক্রমাৎ কুর্য্যুর্দ্বিজাস্ত্রয়ঃ ॥ ১০৫ ॥
কেচিচ্চাহুঃ ॥
হোমকর্ম্মাণ্যশক্তানাং বিপ্রাণাং দ্বিগুণো জপঃ।

পূর্ব্বং দীক্ষাবিধৌ লিখিতঃ তত্র চ পুরশ্চরণবিধৌ কোঽপি বিশেষো লিখ্যতে ॥ ১০৩ ॥
তদেব লিখতি কুর্য্যাদিতি। তদলাভে রক্তাম্বুজাদ্যপ্রাপ্তৌ সত্যাং ॥ ১০৪ ॥
মুখ্যকল্পাশক্তৌ গৌণকল্পং লিখতি হোমাশক্তাবিতি। ত্রয়ো দ্বিজা বিপ্র ক্ষত্রিয় বৈশ্যাঃ ক্রমাৎ হোমসংখ্যায়াঃ হোমস্য যাবতী সংখ্যা লিখিতা জপদশমাংশরূপা তস্যাশ্চতুর্গুণং জপং বিপ্রঃ ষড়্গুণং ক্ষত্রিয়ঃ অষ্টগুণং বৈশ্যঃ কুর্য্যাদিত্যর্থঃ। তথাচোক্তং। হোমাশক্তৌ জপং কুর্য্যাৎ হোমসংখ্যা চতুর্গুণং। ষড়্গুণঞ্চাষ্টগুণিতং যথাসংখ্যং দ্বিজাতয় ইতি ॥ ১০৫ ॥
ইতরেষাং ক্ষত্রিয় বৈশ্য শূদ্রাণাং ত্রিগুণাদিঃ। ক্ষত্রিয়স্য ত্রিগুণঃ বৈশ্যস্য চতুর্গুণঃ

পূর্ব্বে দীক্ষাবিধিতে হোমবিষয়ক কুণ্ডনির্ম্মাণবিধি লিখিত হইয়াছে, এস্থলে তাহারই কোন বিশেষ বিধি লিখিত হইতেছে ॥ ১০৩ ॥

গুড়, আজ্য ও মধুম্রক্ষিত রক্তপদ্ম দ্বারা হোম করিবে, রক্তাম্বুজাদির অপ্রাপ্তি হইলে শর্করা ও ঘৃতযুক্ত পায়স দ্বারা হোম করিবে ॥ ১০৪ ॥

হোমকর্ম্মে অশক্ত হইলে ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য ইহাঁরা যথাক্রমে হোম সংখ্যার চতুর্গুণ, ষড়্গুণ ও অষ্টগুণ জপ করিবেন ॥ ১০৫ ॥

কেহ কেহ বলিয়াছেন ॥

হোমকর্ম্মে অশক্ত হইলে বিপ্রাদির দ্বিগুণ জপ, ইতর বর্ণের

ইতরেষান্তু বর্ণানাং ত্রিগুণাদির্বিধীয়তে ॥ ১০৬ ॥

অথ জপসংখ্যা নিয়মঃ ॥

সহোমস্তু ত্রিবর্ণানাং তুল্য এব জপঃ স্মৃতঃ।

জপো যো হোমরহিতস্তেষাং তদ্যোষিতাং হি সঃ ॥ ১০৭ ॥

স্বামিস্ত্রিয়া জপো যশ্চ শূদ্রস্য বিহিতঃ স হি।

শূদ্রস্য পঞ্চগুণ ইত্যর্থঃ ॥ ১০৬ ॥

এবং হোমাসমর্থস্য বর্ণত্রয়স্য হোমপরিবর্ত্তকৃত্যং জপভেদং লিখিত্বেদানীং হোমসমর্থস্য তত্ত্রয়স্য জপঃ সমান এবেতি জপনিয়মং লিখতি সহোমশ্চেতি। ত্রিবর্ণানাং বিপ্র ক্ষত্রিয় বৈশ্যানাং তৎস্ত্রীণাঞ্চ। জপনিয়মং লিখতি জপ ইতি। তেষাং ত্রিবর্ণানাং হোমরহিতো যো জপঃ চতুর্গুণাদিরূপঃ স তদ্যোষিতামপি। বিপ্রস্ত্রীণাং বিপ্রতশ্চতুর্গুণো জপস্তথা ক্ষত্রিয়-স্ত্রীণাং ষড়্গুণো বৈশ্যস্ত্রীণাঞ্চাষ্টগুণ ইতি। তথাচ ক্রমদীপিকায়াং। অশক্তানাং হোমে নিগমরসনাগেন্দ্রগুণিতো জপঃ কার্য্যো বেতি দ্বিজ নৃপ বিশামাহুরপরে। সহোমশ্চেদেষাং সম ইহ জপো হোমরহিতো য উক্তো বর্ণানাং স খলু বিহিতস্তচ্চলদৃশামিতি। অস্যার্থঃ। হোমে অসমর্থানাং বিপ্র ক্ষত্রিয় বৈশ্যানাং যথাসংখ্যং নিগমা বেদাশ্চত্বারঃ রসাঃ ষট্‌-নাগেন্দ্রা অষ্টৌ এতৈর্গুণিতো জপঃ কার্য্যঃ। স্বর্থে বা শব্দঃ। অপর ইতি হোমকর্ম্মণ্য-শক্তানাং ইত্যাদি লিখিতমতান্তরাপেক্ষয়োক্তং। অন্যৎ সুগমমেবেতি ॥ ১০৭ ॥

শূদ্রস্য জপনিয়মং লিখতি। স্বামী ভর্ত্তা গুরুর্বা তস্য স্ত্রিয়া যো জপঃ স এব শূদ্রস্য বিহিত আচার্য্যৈঃ। তথাচ ক্রমদীপিকায়াং। যং বর্ণমাশ্রিতো যঃ শূদ্রঃ স চ তদ্বর্ণবিহিতং। বিদধীত জপং বিধিবচ্ছ্রদ্ধাবান্ ভক্তিপরনম্রতনুরিতি। এবং বর্ণাদিভেদেন জপসংখ্যা-ভেদং লিখিত্বেদানীং পৌরশ্চরণিকমূলমন্ত্রজপনিয়মং লিখতি এবমিতি লিখিতসংখ্যা-

ত্রিগুণাদি জপ বিহিত হয় ॥ ১০৬ ॥

অথ জপসংখ্যা নিয়ম ॥

হোমরহিত ত্রিবর্ণের হোম তুল্য জপ বিহিত, হোমরহিতের যে জপ, তাহাদের স্ত্রীগণেরও তাহাই জানিতে হইবে ॥ ১০৭ ॥

স্বামি ভর্ত্তা অথবা গুরু তাঁহার স্ত্রীর যে জপ, শূদ্রেরও তাহাই

এবমষ্টাদশার্ণস্তু মন্ত্রো জপ্যোঽযুতদ্বয়ং ॥ ১০৮ ॥

তথাচ শারদায়াং ॥

মন্ত্রমেনং যথান্যায়মযুতদ্বিতয়ং পঠেৎ ।
জুহুয়াদরুণাম্ভোজৈস্তদ্দশাংশং সমাহিতঃ ॥

প্রপঞ্চসারেঽপি ॥

জপঃ স্যাদসমর্থস্য অযুতদ্বিতয়াবধিরিতি ॥ ১০৯ ॥

শ্রীমৎ সনৎকুমারাদি প্রোক্তস্য ত্বনুসারতঃ ।
মন্ত্রং ফলবিশেষায় জপেল্লক্ষচতুষ্টয়ং ॥

---

ভেদেন । অযুতদ্বয়ং বিংশতিসহস্রাণি । তথাচ ক্রমদীপিকায়াং । প্রজপেদযুতচতুষ্কং দশাক্ষরং মনুবরং ক্রমশঃ । অষ্টাদশাক্ষরঞ্চেদযুতদ্বয়মিত্যুদীরিতা সংখ্যেতি । অত্র চ ক্রমশ ইতি তন্ত্রোক্তেষদ্রিশৃঙ্গাদ্যাষ্টস্থানেষু ক্রমাজ্জপেদিত্যর্থঃ । তত্র চ প্রতিস্থানমযুতদ্বয়ং জপেদিতি ন মন্তব্যং কিন্তু তত্র তত্রাদিশৃঙ্গাদিক্রমেণ তথা জপ্তব্যং যথা সর্ব্বত্র কৃতেন তজ্জপেনাযুতদ্বয়-সংখ্যা স্যাৎ অন্যথাষ্টস্থানেষু প্রত্যেকমযুতদ্বয়জপেন ষোড়শাযুতজপঃ স্যাৎ স চ শারদাদি-মূলগ্রন্থোক্তেন বিরুদ্ধ্যেত ইতি দিক্ ॥ ১০৮ ॥

অতএব শারদাদ্যুক্তং লিখতি মন্ত্রমিতি সার্দ্ধেন ॥ ১০৯ ॥

এবং মহামন্ত্রবরস্যাস্যাযুতদ্বয়েনৈব পুরশ্চরণসিদ্ধির্ভবেদেব তথাপি ফলবিশেষার্থমধিকা-

---

বিহিত, এই প্রকার অষ্টাদশাক্ষর মন্ত্রের অযুতদ্বয় জপ অর্থাৎ বিংশতি-সহস্র জপ বিহিত ॥ ১০৮ ॥

তথাচ শারদাগ্রন্থে ॥

এই মন্ত্র যথাবিধি দুই অযুত জপ করিবে এবং রক্তপদ্ম দ্বারা ইহার দশাংশ হোম করিবে ॥

প্রপঞ্চসারগ্রন্থেও ॥

অসমর্থ ব্যক্তির দুই অযুত পর্য্যন্ত জপ বিহিত ॥ ১০৯ ॥

শ্রীমৎ সনৎকুমারাদির কথিতানুসারে ফলবিশেষের নিমিত্ত চারি-লক্ষ জপ করিবে ॥

তথাচ সনৎকুমারকল্পে ॥

উক্তং লক্ষং কৃতযুগে ত্রেতায়াং তু দ্বয়ং স্মৃতং।
লক্ষত্রয়ং দ্বাপরে চ চতুর্লক্ষং কলৌ যুগে ॥ ১১০ ॥

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে চ ॥

বেদলক্ষং জপেন্মন্ত্রমিতি।

অতএবোক্তং ॥

যস্মিংশ্চ নিগদেনৈব জপসংখ্যা বিধীয়তে।
তত্র সর্ব্বত্র মন্ত্রাণাং সংখ্যাবৃদ্ধির্যুগক্রমাৎ।
কল্পোক্তৈব কৃতে সংখ্যা ত্রেতায়াং দ্বিগুণা স্মৃতা।
দ্বাপরে ত্রিগুণা জ্ঞেয়া কলৌ সংখ্যা চতুর্গুণেতি ॥ ১১১ ॥

সদ্যঃ ফলবিশেষার্থং জপেদ্বা লক্ষপঞ্চকং।

---

ধিকমপি জপেদিতি লিখতি শ্রীমদিত্যাদিনা পঞ্চকমিত্যন্তেন। মন্ত্রমষ্টাদশাক্ষরং ॥ ১১০ ॥

নিগদেন সাক্ষাদুক্ত্যা। এতচ্চ সত্যযুগোক্তমেব জ্ঞেয়ং ॥ ১১১ ॥

সদ্যোঽচিরাদেব ফলবিশেষসিদ্ধ্যর্থং। বাশব্দো লক্ষচতুষ্টয়াপেক্ষয়া। বিকল্পে লক্ষপঞ্চকং জপেৎ। তস্য লক্ষচতুষ্টয়স্য লক্ষপঞ্চকস্যাপি দশানামংশানামেকমংশং লিখিতেন কুর্ষ্যা-

---

তথাচ সনৎকুমারকল্পে ॥

সত্যযুগে এক লক্ষ, ত্রেতাযুগে দুই লক্ষ, দ্বাপরযুগে তিন লক্ষ এবং কলিতে চারি লক্ষ জপ উক্ত হইয়াছে ॥ ১১০ ॥

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রেও ॥

বেদ অর্থাৎ চারি লক্ষ মন্ত্র জপ করিবে, অতএব কথিত হইয়াছে যে—

যে স্থানে সাক্ষাৎ উক্তিতে জপসংখ্যার বিধান হইয়াছে, সেই স্থানে যুগক্রমে মন্ত্র সকলের সংখ্যা বৃদ্ধি হয়। প্রথমত সত্যযুগে এক-গুণ, ত্রেতাযুগে দ্বিগুণ, দ্বাপরযুগে ত্রিগুণ এবং কলিযুগে চারিগুণ সংখ্যা বৃদ্ধিতে জপ জানিতে হইবে ॥ ১১১ ॥

শীঘ্র কোন বিশেষ ফলসিদ্ধির নিমিত্ত পঞ্চলক্ষ জপ করিবে, পূর্ব্ব-

হোমং কুর্য্যাত্তদ্দশাংশং বিধিনা লিখিতেন হি ॥ ১১২ ॥
কেচিচ্চ পূর্ব্বসেবাখ্যং শুদ্ধ্যর্থং তজ্জপং পুরঃ।
অযুতদ্বয়মন্তে চ মন্যন্তে লক্ষপঞ্চকং ॥ ১১৩ ॥
অন্তে মহোৎসবং কুর্ব্বন্ কৃষ্ণং ভক্ত্যার্চ্চয়েন্মহৎ।

দ্রব্যাম্বুজৈরিত্যাদিবিধানৈব কুর্য্যাৎ। তত্র লক্ষচতুষ্টয়ে চত্বারিংশৎ সহস্রাণি লক্ষপঞ্চকে চার্দ্ধলক্ষমিতি। তথাচ ক্রমদীপিকায়াং। যুগলশুষিরবর্ণং চেন্মনুং পঞ্চলক্ষং প্রজপতু জুহুয়াচ্চ প্রোক্তকৢপ্তার্দ্ধলক্ষমিতি। অস্যার্থঃ। যুগলশুষিরবর্ণং অষ্টাদশাক্ষরং মন্ত্রং যদি জপেৎ তদা লক্ষপঞ্চকং জপতু পূর্ব্বোক্তবিধিনা অর্দ্ধলক্ষং জুহুয়াচ্চ হোমস্য জপদশাংশকত্বাদিতি ॥ ১১২ ॥

তত্রৈব সদ্যঃ ফলবিশেষাপেক্ষয়া মতান্তরং লিখতি কেচিচ্চেতি। অযুতদ্বয়ং লিখিতং। তস্য বাষ্টাদশাক্ষরমন্ত্রস্য জপং শুদ্ধ্যর্থং মন্ত্রাদিশুদ্ধয়ে পুনঃ পুরশ্চরণাদৌ মন্যন্তে। অতঃ পূর্ব্বসেবেত্যাখ্যা যস্য তং। অন্তে চ তৎসমাপ্তৌ লক্ষপঞ্চকং মন্যন্তে। তথাচ ক্রমদীপিকায়াং। এবমৈকৈবামশক্তৌ গদিতমিহ ময়া পূর্ব্বসেবাবিধানং। কিঞ্চ। নির্ব্বৃত্তেঽস্মিন্ পুনশ্চ প্রজপতু বিধিবৎ সিদ্ধয়ে সাধকেশ ইত্যাদি। অস্যার্থঃ। অশক্তৌ পূর্ব্বোক্তাদ্রিশৃঙ্গাদ্যষ্টস্থানগমনাসামর্থ্যে তথা তত্র তত্র ক্রমেণোক্তশাকাদ্যষ্টাহারাসামর্থ্যে চ এষামদ্রিশৃঙ্গাদ্যষ্টস্থানানাং মধ্যে একং স্থানং। তথা শাকাদ্যষ্টবিধাহারেষ্বেকমাহারমাশ্রিত্য জপং কুর্য্যাৎ। অনেন চ প্রকারেণ ইহ গ্রন্থে প্রকারবিশেষে বা পূর্ব্বসেবাভিধানং পুরশ্চরণকর্ম্ম। যদ্বা। পূর্ব্বসেবেতি নাম বিধানং ময়োক্তং। অস্মিন্ পূর্ব্বসেবাখ্য কর্ম্মণি নির্ব্বৃত্তে সমাপ্তে সতি সিদ্ধয়ে বিশিষ্টফলসিদ্ধ্যর্থং পুনঃ প্রজপতু পুরশ্চরণজপবিশেষং করোতু। তচ্চ যুগলশুষিরবর্ণমিত্যাদি বক্ষ্যমাণং লিখিতমেবেতি ॥ ১১৩ ॥

এবং পুরশ্চরণে সম্পূর্ণে চ কৃত্যং লিখতি অন্ত ইতি। যথা লিখিতজপসমাপ্তৌ সত্যাং।

লিখিত বিধানানুসারে ঐ জপের দশাংশ হোম করিবে ॥ ১১২ ॥

কোন কোন ব্যক্তি অষ্টাদশাক্ষর মন্ত্রের জপ শুদ্ধির নিমিত্ত অর্থাৎ মন্ত্রসিদ্ধির জন্য পুরশ্চরণের আদিতে পূর্ব্বসেবাখ্য নামে দুই অযুত এবং অন্তে দুই অযুত জপ করিবে, পাঁচলক্ষ জপ মানিয়া থাকেন ॥ ১১৩ ॥

অন্তে অর্থাৎ যথালিখিত মন্ত্রসমাপ্তিতে ভক্তিসহকারে শ্রীকৃষ্ণের

গুরুং সন্তোষয়েদ্বিপ্রান্ ভোজয়েৎ প্রীণয়েৎ পরান্ ॥ ১১৪ ॥
পুরশ্চরণমেবং হি সিদ্ধ্যেদিতি মতং বুধৈঃ।
তথাপি কুর্য্যাৎ পূর্ব্বেষাং সম্মতং তর্পণাদিকং ॥

অথ তর্পণাদি ॥

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে ॥

অখণ্ডৈররুণাম্ভোজৈর্মধুরাক্তৈর্দশাংশতঃ।
পায়সেন ঘৃতাক্তেন তিলৈরারণ্যকৈশ্চ বা।
জুহুয়াত্তদ্দশাংশেন তর্পয়েচ্ছুদ্ধবারিণা।
বিপ্রাংশ্চ ভোজয়েৎ পশ্চাদ্গুরুং সন্তোষয়েত্ততঃ ॥

মহদ্যথাস্যাত্তথা পরান্ দুঃখিতান্ দীনান্। তে চাগ্রে লেখ্যাশ্চ দীনান্ধেত্যাদিনা ॥ ১১৪ ॥

এবং তর্পণাদিনিয়মং বিনাপি কেবল হোমসহিতেন হোমাশক্তৌ চ চতুর্গুণাদিনা জপেনৈব পুরশ্চরণসিদ্ধিঃ স্যাদিতি কেষাঞ্চিৎ প্রামাণিকানামাচার্য্যাণাং মতমঙ্গীকৃত্য বহুলসাধুকুলসম্মত তর্পণাদিনিয়মঞ্চ লিখতি পুর ইতি। এবং লিখিতপ্রকারেণৈব। পূর্ব্বেষাং পুরাতনানাং সাধুজনানাং ॥ ১১৫ ॥

মহতীপূজা করিবে, পরে গুরুকে সন্তোষ করিয়া বিপ্রগণকে ভোজন করাইবে এবং দুঃখিত দীনজন সকলকে পরিতৃপ্ত করিবে ॥ ১১৪ ॥

পণ্ডিতদিগের মত এই যে, এই প্রকার পুরশ্চরণ করিলে মন্ত্রসিদ্ধি হয়। যদি এই প্রকারে সিদ্ধি হয়, তথাপি পুরাতন সাধুদিগের সম্মত তর্পণাদি করিবে ॥ ১১৫ ॥

অথ তর্পণাদি ॥

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে ॥

মধুসংযুক্ত অখণ্ড রক্তপদ্ম অথবা ঘৃতাক্ত পায়স কিম্বা আরণ্যক তিল দ্বারা জপসংখ্যার দশাংশ হোম ও শুদ্ধ জল দ্বারা তদ্দশাংশ তর্পণ এবং তদ্দশাংশ ব্রাহ্মণ ভোজন করাইয়া পশ্চাৎ গুরুকে সন্তোষ করিবে ॥

অন্যত্র চ ॥

হোমাদ্দশাংশতঃ কুর্য্যাত্তর্পণং দেবতামুখে।
তর্পণস্য দশাংশেন মার্জ্জয়েদাত্মমূর্দ্ধনি।
মার্জ্জনস্য দশাংশেন কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনং ॥

তত্র তর্পণং ॥

তর্পয়েচ্চ বিধানেন শ্রীকৃষ্ণং শুদ্ধবারিণা।
পুষ্পাক্ষতাদিযুক্তেন জলে সংজপ্য পূর্ব্ববৎ ॥ ১১৬ ॥

মার্জ্জনং ॥

তোয়ৈরঞ্জলিনা শুদ্ধৈরভিষিঞ্চেৎ স্বমূর্দ্ধনি।
দশাংশং দেবতাবুদ্ধ্যা তর্পণস্য ততঃ পরং ॥ ১১৭ ॥

ব্রাহ্মণভোজনং ॥

---

পূর্ব্ববদিতি পূর্ব্বং প্রাতঃস্নানে যথা লিখিতং তথেত্যর্থঃ ॥ ১১৬ ॥
দেবতাবুদ্ধ্যেতি নিজেষ্টদেবে স্বাত্মানং সমর্প্যেত্যর্থঃ ॥ ১১৭ ॥

---

অন্যত্রও ॥

হোমের দশাংশ দেবতার মুখে তর্পণ এবং তর্পণের দশাংশ আপনার মস্তকে মার্জন এবং মার্জনের দশাংশ ব্রাহ্মণভোজন করাইবে ॥

তন্মধ্যে তর্পণ যথা ॥

বিধানক্রমে পূর্ব্বে প্রাতঃস্নানে যাহা লিখিত আছে, তদ্রূপ জলে মন্ত্র জপ করিবে, পুষ্পাক্ষতাদিযুক্ত শুদ্ধ জল দ্বারা শ্রীকৃষ্ণকে তর্পণ করিবে ॥ ১১৬ ॥

মার্জন যথা ॥

আপনাকে দেবতাবুদ্ধি করিয়া অঞ্জলিতে পবিত্র জল গ্রহণ করত তদ্দ্বারা তর্পণের দশাংশ স্বীয় মস্তকে সেচন করিবে ॥ ১১৭ ॥

অথ ব্রাহ্মণভোজন ॥

পাদ্যার্ঘ্যৈরর্চ্চয়েদিষ্টদেববুদ্ধ্যা হি ভূসুরান্।
ভক্ষ্যৈর্নানারসোপেতৈর্ভোজয়েদ্ভক্তিভাবিতঃ॥
কিঞ্চ॥
এবং প্রতিদিনং কুর্য্যাদ্যাবৎ সংখ্যা প্রপূর্য্যতে।
তদন্তে মহতীং পূজাং কুর্য্যাদ্বিপ্রাংশ্চ তোষয়েৎ।
গন্ধমাল্যাম্বরৈশ্চৈব ভোক্ষ্যভোজ্যৈঃ সদক্ষিণৈঃ।
দীনান্ধকৃপণানাথান্ প্রীণয়েদ্ভোজনাদিনা।
গোভূহিরণ্যবস্ত্রাদ্যৈঃ সম্পূজ্য গুরুমাত্মনঃ।
মিষ্টান্নং বন্ধুভিঃ সার্দ্ধং ভুঞ্জীতোৎসাহপূর্ব্বকং॥ ১১৮॥
কেচিজ্জপাদ্দশাংশং হি মন্যন্তে তর্পণং বুধাঃ।

এবং তর্পণাদিকং হোমবত্তাবৎ প্রতিদিনং কুর্য্যাৎ যাবজ্জপোক্তসংখ্যা পূর্ত্তির্ভবতি তদন্তে সংখ্যাপূর্ত্তৌ চ সত্যাং॥ ১১৮॥

হোমদশাংশং তর্পণং লিখিতং তত্র মতান্তরং লিখতি অপেক্ষ্য ইতি অত্র পুরশ্চরণ জপাদি-বিধৌ যোঽন্যো বিশেষঃ কশ্চিদপেক্ষ্যঃ স্যাৎ সচান্যগ্রন্থতঃ শারদাতিলকাদি পঞ্চরাত্রাদি

ইষ্টদেববুদ্ধি করিয়া পাদ্যার্ঘ্যাদি দ্বারা ব্রাহ্মণদিগকে পূজা করিবে এবং ভক্তিভাবে নানারস-সমন্বিত অন্ন দ্বারা ভোজন করাইবে॥

আরও॥

সংখ্যাপূর্ণ পর্য্যন্ত এই প্রকার প্রতিদিন করিবে। সংখ্যাপূর্ত্তির অন্তে মহতী পূজা করিয়া গন্ধ, মাল্য, বস্ত্র ও ভক্ষ্য, ভোজ্য এবং দক্ষিণা দ্বারা ব্রাহ্মণদিগকে পরিতুষ্ট করিবে। তৎপরে দীন অন্ধ কৃপণ ও অনাথদিগকে ভোজনাদি দ্বারা পরিতৃপ্ত করিবে। তাহার পর গো, ভূমি, স্বর্ণ ও বস্ত্রাদি দ্বারা আপনার গুরুদেবকে পূজা করিয়া উৎসাহ পূর্ব্বক বন্ধুবর্গের সহিত মিষ্টান্ন ভোজন করিবে॥ ১১৮॥

কোন কোন পণ্ডিত জপের দশাংশ তর্পণ মানিয়া থাকেন। অপর

অপেক্ষ্যোঽন্যোবিশেষোঽত্র জ্ঞেয়োঽন্যগ্রন্থতঃ স চ ॥ ১১৯ ॥

অথ তত্র রিক্তপূরণং।

উক্তঞ্চ ॥

যদ্যদঙ্গং বিহীয়েত তৎসংখ্যা দ্বিগুণো জপঃ।
কর্ত্তব্যঃ সাঙ্গতাসিদ্ধ্যৈ তচ্চাশক্ত্যা ন ভক্তিতঃ ॥ ১২০ ॥
সর্ব্বথা ভোজয়েদ্বিপ্রান্ কৃতসাঙ্গত্বহেতবে।
বিপ্রারাধনমাত্রেণ ব্যঙ্গং সাঙ্গত্বমাপ্নুয়াৎ ॥ ১২১ ॥

শাস্ত্রেভ্যোঽপি জ্ঞেয়ঃ অত্র চ গ্রন্থবিস্তরভয়ান্ন বিস্তার্য্য লিখিত ইতি ভাবঃ ॥ ১১৯ ॥

অঙ্গং তর্পণাদি। তস্য অঙ্গস্য সংখ্যায়া দ্বিগুণঃ। সাঙ্গস্য পুরশ্চরণস্য সিদ্ধ্যর্থং জপঃ কর্ত্তব্যঃ। তচ্চ দ্বিগুণজপকরণং তত্রাশক্ত্যৈব ন চ ভক্তিতঃ। ভক্ত্যা চ প্রযত্নতঃ সর্ব্বমনুষ্ঠেয়মেবেত্যর্থঃ। শক্তিত ইতি পাঠেঽপি শক্তৌ সত্যাং মুখ্যকল্পতর্পণাদিপরিত্যাগেন গৌণকল্পে প্রবৃত্তেরগ্রে দোষোক্ত্যা প্রযত্নতো মুখ্যকল্পেন সাঙ্গং কুর্য্যাদেবেত্যর্থঃ ॥ ১২০ ॥

নন্বু রিক্তনিবারণার্থং জপাশক্ত্যা কিং কার্য্যং তত্রাহ সর্ব্বথেতি। ব্যঙ্গসাঙ্গতার্থং সদ্যঃ ফলবিশেষসিদ্ধ্যর্থঞ্চেত্যাদি সর্ব্বপ্রকারেণ। বিশেষতশ্চ কৃতস্য ব্যঙ্গস্য সাঙ্গত্বহেতবে। যদ্বা সর্ব্বথেতি ভক্ষ্যভোজ্যাদি নানাপ্রকারেণেত্যর্থঃ ॥ ১২১ ॥

এই পুরশ্চরণবিষয়ে যদি কোন বিষয় অপেক্ষ্য হয়, তবে শারদাতিলক ও পঞ্চরাত্র প্রভৃতি শাস্ত্র হইতে তাহা পরিজ্ঞাত হইবে ॥ ১১৯ ॥

অথ পুরশ্চরণবিষয়ে রিক্ত অর্থাৎ অভাবপূরণ।

উক্ত হইয়াছে যথা ॥

অশক্ততাহেতু তর্পণাদি যে যে অঙ্গহীন হইবে, পুরশ্চরণের সাঙ্গতা সিদ্ধির নিমিত্ত সেই সেই অঙ্গসংখ্যার দ্বিগুণ জপ করিবে, কিন্তু ভক্তিপূর্ব্বক সমুদায়ের পুনর্ব্বার অনুষ্ঠান করিবে না ॥ ১২০ ॥

জপাশক্ত ব্যক্তি অভাবপূরণ নিমিত্ত ভোক্ষ্য ভোজ্যাদি দ্বারা সর্ব্বপ্রকারে ব্রাহ্মণভোজন করাইবে। বিপ্রগণের আরাধনামাত্রে ব্যঙ্গ (বিকলাঙ্গ) সাঙ্গত্ব প্রাপ্ত হয় অর্থাৎ যে যে অঙ্গহীন হইয়াছে, তাহা সম্পূর্ণ হয় ॥ ১২১ ॥

অন্যত্র চ ॥

যদ্যদঙ্গং বিহীয়েত জপস্তদ্দ্বিগুণো মতঃ।

তাবৎপুষ্পপ্রদানন্বা তাবতী বা নমস্ক্রিয়া ॥ ১২২ ॥

অথ সংক্ষিপ্তপুরশ্চরণং।

তদুক্তং ॥

পূজাং বিস্তরতঃ কর্ত্তুং যো ন শক্নোতি সাধকঃ।

স বিনাঙ্গেন্দ্রবজ্রাদ্যৈঃ পূজয়েদিষ্টদেবতাং ॥ ১২৩ ॥

অথবা দেবতামাত্রং ধ্যাত্বা সম্যক্ প্রপূজয়েৎ।

অথবা মানসীং কুর্য্যাৎ পূজামাত্মার্পণাবধি ॥ ১২৪ ॥

অথবা কেবলাং পূজাং সাঙ্গাং কুর্য্যাদ্বিচক্ষণঃ।

---

তত্রাপ্যশক্তৌ লিখতি যদ্যদিতি। নমস্ক্রিয়া প্রণামঃ ॥ ১২২ ॥

অঙ্গাদ্যাবরণৈর্বিনা নিজেষ্টদেবমাত্রং পূজয়েৎ ॥ ১২৩ ॥

দেবতামাত্রং কেবল নিজেষ্টদেবমেব ধ্যাত্বা নতু তত্তদুপচার সমর্পণাদ্যুক্ত তত্তদ্ধ্যানং কৃত্বা ॥ ১২৪ ॥

কেবলাং মানসিকপূজা ব্যতিরিক্তাং ॥ ১২৫ ॥

---

অন্যত্রও ॥

যে যে অঙ্গহীন হইবে, তাহার দ্বিগুণ জপ সম্মত অথবা তাবৎ পুষ্প প্রদান কিম্বা তত সংখ্যা নমস্কার করিবে ॥ ১২২ ॥

অথ সংক্ষিপ্তপুরশ্চরণ।

উক্ত হইয়াছে যথা ॥

যে সাধক বিস্তররূপে পূজা করিতে সমর্থ না হয়েন, তিনি ইন্দ্র ও বজ্র প্রভৃতি আবরণপূজা ব্যতিরেকে ইষ্টদেবতার পূজা করিবেন ॥১২৩

অথবা দেবতামাত্রকে ধ্যান করিয়া সম্যক্ প্রকারে পূজা করিবেন, কিম্বা আত্মসমর্পণাবধি মানসী পূজা করিবেন ॥ ১২৪ ॥

অথবা বিচক্ষণ ব্যক্তি কেবল সাঙ্গপূজা করিবেন। পূজা করিয়াই

সম্পূজ্যৈবং জপং কুর্য্যান্ন মন্ত্রং কেবলং জপেৎ ॥ ১২৫ ॥
পূর্ব্বপূর্ব্বস্য চাশক্তাবুত্তরোত্তরমাচরেৎ।
প্রভুঃ প্রথমকল্পস্য যোঽনুকল্পেন বর্ত্তয়েৎ।
ন সাম্পরায়িকং তস্য দুর্ম্মতের্জায়তে ফলং ॥ ১২৬ ॥
অথবান্যপ্রকারেণ পুরশ্চরণমিষ্যতে।
গ্রহণেঽর্কস্য চেন্দোর্বা শুচিঃ পূর্ব্বমুপোষিতঃ ॥ ১২৭ ॥
নদ্যাং সমুদ্রগামিন্যাং নাভিমাত্রোদকে স্থিতঃ।
গ্রহণাদি বিমুক্তান্তং জপেন্মন্ত্রং সমাহিতঃ।
অনন্তরং দশাংশেন ক্রমাদ্ধোমাদিকং চরেৎ।
তদন্তে মহতীং পূজাং কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনং।

প্রথমকল্পস্য মুখ্যপক্ষস্য প্রভুস্তত্র সমর্থশ্চেৎ। অনুকল্পেন গৌণপক্ষেণ বর্ত্তয়েৎ কর্ম্ম কুর্য্যাৎ। সাম্পরায়িকং পারলৌকিকং ॥ ১২৬ ॥

পূর্ব্বমুপোষিতঃ গ্রহণ পূর্ব্বদিনে কৃতোপবাসঃ সন্ ॥ ১২৭ ॥

জপ করিবে কেবল মন্ত্রজপ করিবে না ॥ ১২৫ ॥

পূর্ব্ব পূর্ব্বের অশক্তিতে উত্তরোত্তর আচরণ করিবে। যিনি প্রথম কল্পে সমর্থ হইয়া অনুকল্পে অর্থাৎ গৌণকল্পে কর্ম্ম করেন, সে দুর্ম্মতির পারলৌকিক ফল হয় না ॥ ১২৬ ॥

অথবা অন্য প্রকারে পুরশ্চরণ করিবে, শুচি ও পূর্ব্বে উপবাস করিয়া সূর্য্যগ্রহণ বা চন্দ্রগ্রহণে পুরশ্চরণ করিবে ॥ ১২৭ ॥

সমুদ্রগামিনী নদীতে অর্থাৎ গঙ্গাতে নাভিমাত্র জলে অবস্থিত হইয়া গ্রহণের আরম্ভ ও মুক্তি পর্য্যন্ত সাবধান হইয়া মন্ত্রজপ করিবে ॥

অনন্তর জপের দশাংশ ক্রমে হোমাদি আচরণ করিবে, তদন্তে মহতী পূজা করিয়া ব্রাহ্মণ ভোজন করাইবে। তদনন্তর মন্ত্রসিদ্ধির

ততো মন্ত্রপ্রসিদ্ধ্যর্থং গুরুং সংপূজ্য তোষয়েৎ।
এবঞ্চ মন্ত্রসিদ্ধিঃ স্যাৎ দেবতা চ প্রসীদতি।
অথবান্য প্রকারোঽয়ং পৌরশ্চরণিকে বিধৌ।
চন্দ্রসূর্য্যোপরাগে তু স্নাত্বা প্রযতমানসঃ॥ ১২৮॥
স্পর্শাদ্বিমুক্তিপর্য্যন্তং জপেন্মন্ত্রং সমাহিতঃ।
সর্ব্বং পূর্ব্ববদেবাথ কুর্য্যাদ্ধোমাদিকং কৃতী॥ ১২৯॥
অথবা দেবতারূপং গুরুং ধ্যাত্বা প্রতোষয়েৎ।
তস্য ছায়ানুসারী স্যাদ্ভক্তিযুক্তেন চেতসা।
গুরুমূলমিদং সর্ব্বং তস্মান্নিত্যং গুরুং ভজেৎ।
পুরশ্চরণহীনোঽপি মন্ত্রী সিদ্ধ্যেন্ন সংশয়ঃ।
তথাচোক্তং॥

অথবান্যপ্রকারোঽয়মিত্যত্র সমুদ্রগামি নদী জলান্তঃস্থিতিব্যতিরেকেণ সংক্ষেপে পূর্ব্বতো বিশেষঃ॥ ১২৮॥

স্পর্শাৎ গ্রাসমারভ্য॥ ১২৯॥

কেবল শ্রীগুরুপ্রসাদেনৈব পুরশ্চরণসিদ্ধিঃ স্যাদিতি প্রকারান্তরমাহ অথবেতি ত্রিভিঃ॥১৩০

নিমিত্ত গুরুদেবকে পূজা করিয়া সন্তুষ্ট করিবে। এই প্রকার যদি হয় তবে মন্ত্রসিদ্ধি ও দেবতা প্রসন্ন হয়েন॥

অথবা পুরশ্চরণবিধিতে এইটী অন্য প্রকার। মনঃসংযমন পূর্ব্বক চন্দ্র সূর্য্য গ্রহণে স্নান করিয়া॥ ১২৮॥

সাবধান হওত কৃতী ব্যক্তি স্পর্শ হইতে বিমুক্তি পর্য্যন্ত মন্ত্র জপ করিবে এবং পূর্ব্বের ন্যায় হোমাদি কার্য্য সমুদায় করিবে॥ ১২৯॥

অথবা গুরুকে দেবতারূপে ধ্যান করিয়া পরিতুষ্ট করিবে এবং ভক্তিযুক্ত হইয়া গুরুদেবের ছায়ানুসারী হইবে সমুদায় কার্য্য গুরুমূলক অতএব নিত্য গুরুকে ভজনা করিবে, পুরশ্চরণাদি হীন হইলেও মন্ত্রী ব্যক্তি সিদ্ধ হইবে ইহাতে সংশয় নাই॥

এই বিষয় উক্ত হইয়াছে যথা॥

যথা সিদ্ধরসস্পর্শাত্তাম্রং ভবতি কাঞ্চনং।
সন্নিধানাদ্গুরোরেব শিষ্যো বিষ্ণুময়ো ভবেৎ ॥ ১৩০ ॥
তত্রৈব প্রকারান্তরং গৌতমীয়ে ॥
গবানুগমনং কার্য্যং গোগ্রাসং গোপ্রদক্ষিণং।
নিত্যং তাসু প্রসন্নাসু গোপালোঽপি প্রসীদতি ॥
অথ সিদ্ধমন্ত্রস্য লক্ষণং ॥
উক্তঞ্চ বৌধায়নেন ॥
সিদ্ধস্য ত্রীণি চিহ্নানি দাতা ভোক্তাপ্যযাচকঃ ॥ ১৩১ ॥
কিঞ্চ ॥
সিদ্ধমন্ত্রস্য তন্ত্রোক্তাঃ প্রবর্ত্তন্তেঽত্র সিদ্ধয়ঃ ॥ ১৩২ ॥

দাতা ভোক্তাপি সন্ অযাচকঃ কমপি ন যাচত ইত্যর্থঃ ॥ ১৩১ ॥

নচৈতন্মাত্রমেব কিন্তু সর্ব্বজ্ঞত্বাদি সিদ্ধয়োঽপি তস্য স্যুরিত্যাহ সিদ্ধেতি। অত্র অস্মিন্নেব লোকে দেহে বা ॥ ১৩২ ॥

যেমন সিদ্ধরস ( পারদ ) স্পর্শে তাম্র কাঞ্চন হয়, তদ্রূপ গুরুর সন্নিধানে শিষ্যও বিষ্ণুময় হইয়া থাকে ॥ ১৩০ ॥

ঐ পুরশ্চরণবিষয়ে প্রকারান্তর ॥

গৌতমীয়ে যথা ॥

নিত্য গবানুগমন, গোগ্রাস ও গোপ্রদক্ষিণ করিবে, গোসকল প্রসন্ন হইলে গোপালদেবও প্রসন্ন হইয়া থাকেন ॥

অথ সিদ্ধমন্ত্রের লক্ষণ ॥

বৌধায়ন কহিয়াছেন যথা ॥

সিদ্ধমন্ত্রের এই তিনটী চিহ্ন জানিতে হইবে, সিদ্ধমন্ত্র ব্যক্তি দাতা ভোক্তা হইয়াও অযাচক হয় অর্থাৎ কাহারও নিকট যাচ্ঞা করে না ॥ ১৩১ ॥

আরও ॥

কেবল যে এই মাত্রই হয় এমন নহে, কিন্তু মন্ত্রসিদ্ধ ব্যক্তির বর্ত্তমান দেহেতেই তন্ত্রোক্ত সর্ব্বজ্ঞত্বাদি সিদ্ধি সকল প্রবর্ত্তিত হয় ॥ ১৩২॥

নারদপঞ্চরাত্রে চ শ্রীভগবতা ॥
মন্ত্রারাধনশক্তস্য প্রথমং বৎসরত্রয়ং।
জায়ন্তে বহবো বিঘ্না নিয়মস্থস্য নারদ।
নোদ্বেগং সাধকো যাতি কর্ম্মণা মনসা যদি।
তৃতীয়াদ্বৎসরাদূর্দ্ধং রাজানশ্চ মহীভৃতঃ।
প্রার্থয়ন্তেঽনুরোধেন গর্ব্বিতা অপি মানিনঃ।
প্রসাদঃ ক্রিয়তাং নাথ মমোদ্ধরণকারণং ॥ ১৩৩ ॥
প্রজ্বলন্তঃ প্রপশ্যন্তি তেজসা বিভবেন চ।
অতস্তে মুনিশার্দ্দূল নিষ্ঠুরং বক্তুমক্ষমাঃ।
নবমাদ্বৎসরাদূর্দ্ধং নানাশ্চর্য্যাণি পশ্যতি।
আত্মানন্দপ্রদান্যাশু প্রাত্যক্ষেণ বহিস্তথা ॥

অনুরোধেন আনুকুল্যেনৈব প্রার্থয়ন্তে ॥ ১৩৩ ॥

নারদপঞ্চরাত্রেও শ্রীভগবান্ কহিয়াছেন যথা ॥

হে নারদ! নিয়মস্থ মন্ত্রারাধন সমর্থ ব্যক্তির প্রথম তিন বৎসর বহুতর বিঘ্ন উপস্থিত হয়। সাধক যদি কর্ম্ম ও মনো দ্বারা উদ্বেগ প্রাপ্ত না হয়েন, তাহা হইলে তিন বৎসরের পর মহীপাল রাজা সকলও গর্ব্বিত ও মানী হইয়াও এই বলিয়া অনুকূল হইয়া প্রার্থনা করেন, হে নাথ! আপনি আমার উদ্ধার নিমিত্ত প্রসন্ন হউন ॥ ১৩৩ ॥

যেহেতু তাঁহাকে তেজ ও বিভব দ্বারা প্রজ্বলিত রূপে অবলোকন করেন। অতএব হে মুনিশার্দ্দূল! তাঁহারা নিষ্ঠুর বাক্য বলিতে সক্ষম হয়েন না ॥

নবম বৎসরের ঊর্দ্ধ আত্মার আনন্দপ্রদ নানা আশ্চর্য্য সকল শীঘ্র বাহ্যে প্রত্যক্ষ দেখিতে পান ॥

কিঞ্চ ॥

বলেন পরিপূর্ণশ্চ তেজসা ভাস্করোপমঃ।
পূর্ণেন্দুসদৃশঃ কান্ত্যা গমনে বিহগোপমঃ।
স্বল্পাশনেঽপ্যকৃশতা বহ্বনা ন চ খিদ্যতে ॥ ১৩৪ ॥
বিন্মূত্রয়োরথাল্পত্বং ভবেন্নিদ্রাজয়স্তথা।
জপধ্যানরতো মৌনী ন খেদমধিগচ্ছতি।
বিনা ভোজনপানাভ্যাং পক্ষমাসাদিকং মুনে।
ইত্যেবমাদিভিশ্চিহ্নৈর্মহাবিস্ময়কারিভিঃ।
প্রবৃত্তৈঃ সংপ্রবোদ্ধব্যং প্রসন্নো মন্ত্ররাড়িতি ॥
মন্ত্রপ্রসাদজনিতং লিঙ্গঞ্চ ন গুরোর্বিনা।
প্রকাশনীয়ং বিপ্রেন্দ্র কস্যচিৎ সিদ্ধিমিচ্ছতা ॥ ১৩৫ ॥

---

বহুনা অশনেন ॥ ১৩৪ ॥
লিঙ্গং চিহ্নং ॥ ১৩৫ ॥

---

আরও ॥

বলে পরিপূর্ণ, তেজে ভাস্কর তুল্য, কান্তিতে পূর্ণচন্দ্র সদৃশ, গমনে পক্ষি সম, অল্পভোজনেও কৃশ নহে অর্থাৎ সক্ষম এবং বহুভোজনে খেদান্বিত হয়েন না ॥ ১৩৪ ॥

বিষ্ঠামূত্রের অল্পত্ব ও নিদ্রার জয় হয়, জপ ও ধ্যান রত হয়েন এবং মৌনী হইয়া থাকেন, খেদ প্রাপ্ত হয়েন না, ভোজন পান ব্যতিরেকে মাস ও পক্ষ যাপন করিতে পারেন। হে মুনে! ইত্যাদি বিস্ময়জনক প্রবর্ত্তমান চিহ্ন সকল দ্বারা মন্ত্ররাজ সিদ্ধ হইয়াছে জানিতে হইবে ॥

হে বিপ্রেন্দ্র! সিদ্ধিকামী মনুষ্য গুরু ব্যতিরেকে মন্ত্রসিদ্ধিজনিত চিহ্ন সকল কাহারও নিকট প্রকাশ করিবেন না ॥ ১৩৫ ॥

অথ সিদ্ধমন্ত্রকৃত্যং ॥

তচ্চোক্তং ॥

সিদ্ধমন্ত্রোঽপি নিত্যং হি ত্রিসন্ধ্যং কৃষ্ণমর্চ্চয়েৎ।
নিয়মেনৈকসন্ধ্যাম্বা জপেদষ্টোত্তরং শতং ॥ ১৩৬ ॥

অথাসিদ্ধসাধনোপায়াঃ ॥

তে চোক্তাঃ ॥

অনুষ্ঠিতো যথান্যায়ং যদি মন্ত্রো ন সিদ্ধ্যতি।
পুনস্তাবৎ প্রজপ্তব্যস্ততঃ সিদ্ধো ভবেৎ ধ্রুবং ॥
পুনঃ সোঽনুষ্ঠিতো মন্ত্রো যদি সিদ্ধো ন জায়তে।
উপায়াস্তত্র কর্ত্তব্যাঃ সপ্ত শঙ্করভাষিতাঃ ॥ ১৩৭ ॥

---

একসন্ধ্যং বা অর্চ্চয়েৎ। তত্র চাষ্টোত্তরশতবারান্ নিজমন্ত্রং জপেদিত্যর্থঃ ॥ ১৩৬ ॥
শঙ্করভাষিতাঃ তচ্চ সর্ব্বং শঙ্করেণোদিতমিতি যাবৎ ॥ ১৩৭ ॥

---

অথ সিদ্ধমন্ত্র ব্যক্তির কৃত্য ॥

তদ্বিষয় উক্ত হইয়াছে যথা ॥

সিদ্ধমন্ত্র ব্যক্তি নিত্য ত্রিসন্ধ্যা শ্রীকৃষ্ণের অর্চ্চনা করিবেন অথবা নিয়ম পূর্ব্বক এক সন্ধ্যা পূজা করিবেন এবং অষ্টোত্তর শত মন্ত্র জপ করিবেন ॥ ১৩৬ ॥

অথ মন্ত্রসিদ্ধি না হইলে তাহার সাধনোপায় সকল
উক্ত হইয়াছে যথা ॥

যথাযোগ্য অনুষ্ঠান করিয়া যদি মন্ত্রসিদ্ধি না হয়, তাহা হইলে পুনর্ব্বার জপ করিবে, তাহাতে নিশ্চয় সিদ্ধি হইবে। পুনর্ব্বার অনুষ্ঠান করিলেও যদি মন্ত্রসিদ্ধি না হয়, তাহা হইলে শঙ্করভাষিত সাতটী উপায় করিবে ॥ ১৩৭ ॥

রুদ্রেণ দ্রাবণাদ্যা যে কথিতা মন্ত্রসিদ্ধয়ে ।
সপ্তোপায়া বুধৈর্জ্ঞেয়াস্তেঽন্যমন্ত্রেষু সিদ্ধিদাঃ ॥ ১৩৮ ॥
শ্রীমদ্গোপালমন্ত্রোঽয়ং নৈব কিঞ্চিদপেক্ষতে ।
হৃন্মাত্রস্পৃক্ ফলত্যেব স্পৃষ্টো হি দহনো যথা ॥ ১৩৯ ॥
অথ যন্ত্রং ॥
সনৎকুমারকল্পে ॥
অর্চ্চনার্থে মুনে বক্ষ্যে যন্ত্রং শ্রীকরমুত্তমং ।
স্বগৃহে বা বনে বাথ বিষ্ণোরায়তনেঽথ বা ॥ ১২৪ ॥

দহনান্তমিতি দ্রাবণমারভ্য দহনাবধি উপায়ং কুর্য্যাৎ ॥ ১৩৮ ॥

তেচোপায়া মন্ত্রান্তরেষেব নত্বস্মিন্ মোহনাখ্যাষ্টাদশাক্ষর মন্ত্র ইতি লিখতি শ্রীমদিতি। কিঞ্চিৎ সংস্কারাদিকং। কিন্তু হৃন্মাত্রং স্পৃশতীতি তথা সন্নপি ফলত্যেব। তত্র দৃষ্টান্তত্বেনার্থান্তরমুপন্যস্যতি স্পৃষ্টোহীতি। যথা কথঞ্চিৎ স্পর্শমাত্রেণ দহনো দহেদেব তচ্ছক্তেস্তথাত্বাদিতি ভাবঃ। এতচ্চ পূর্ব্বং মাহাত্ম্যলিখনে ব্যক্তীভূতমেবাস্তি ॥ ১৩৯ ॥

শালগ্রামে মণৌ যন্ত্র ইত্যাদিনা পূর্ব্বং পূজাস্থানেষু যন্ত্রমুল্লিখিতং। তন্মন্ত্রং যন্ত্র আলিখ্যেত্যাদিনা সাধ্যসাধনোপায়েষু চ যন্ত্রমুদ্দিষ্টং। অতোঽপেক্ষিতং যন্ত্রস্য লক্ষণং লিখন্ কেবলযন্ত্রধারণমাত্রেণৈব সর্ব্বসিদ্ধিঃ স্যাদিত্যন্তেন তদ্ধারণমাহাত্ম্যঞ্চ প্রমাণয়ন্ লিখতি অর্চ্চনার্থ ইত্যাদিনা যাবৎ সমাপ্তি। মুনে হে শ্রীনারদ। শ্রীকরং বিভূতিসম্পাদকং ॥ ১৪০ ॥

মন্ত্রসিদ্ধিবিষয়ে রুদ্র দ্রাবণাদি যে সাতটী উপায় কহিয়াছেন, পণ্ডিত ব্যক্তি অন্য মন্ত্র সকলে তৎসমুদায় সিদ্ধিপ্রদ জানিবেন ॥১৩৮॥

এই শ্রীমান্ গোপালমন্ত্র কিছুমাত্র অপেক্ষা করেন না, কেবল হৃদয় স্পর্শ করিলেই ফলিত হয়েন, যেমন অগ্নি স্পর্শমাত্রে দগ্ধ করিয়া থাকে তদ্রূপ ॥ ১৩৯ ॥

অথ যন্ত্র ॥

সনৎকুমারকল্পে যথা ॥

হে নারদ! অর্চ্চনার নিমিত্ত উত্তম বিভূতি সম্পাদক যন্ত্র বলিতেছি, নিজগৃহে বা বনে অথবা বিষ্ণুর আয়তনে ॥ ১৪০ ॥

স্থানমেকান্তমাশ্রিত্য শোধয়েদ্গোময়াম্ভসা।
তত্র সংস্থাপয়েৎ পীঠং ক্ষালিতং শুদ্ধবারিণা॥ ১৪১॥
বিলিখ্য গন্ধপঙ্কেন লিখেদষ্টদলাম্বুজং।
কর্ণিকায়াং লিখেদ্বহ্নিপুটিতং মণ্ডলদ্বয়ং।
তস্য মধ্যে লিখেদ্বীজং সাধ্যাখ্যং কর্ম্মসংযুতং।
ততঃ শিষ্টৈর্মনোর্বর্ণৈস্তং কামং বেষ্টয়েৎ সুধীঃ॥ ১৪২॥
শ্রিয়ং ষট্‌কোণকোণেষু ঐন্দ্রনৈর্ঋতবায়ুষু।
আলিখ্য চ লিখেন্মায়াং বহ্নিবরুণশূলিষু।

একান্তং নির্জ্জনং॥ ১৪১॥

বহ্নিপুটিতং মণ্ডলদ্বয়ং ষট্‌কোণমিত্যর্থঃ অগ্রে ষট্‌কোণকোণেষ্বিত্যুক্তেঃ। তথাচ ক্রমদীপিকায়াং। কর্ণিকায়াস্তু ষট্‌কোণং সুসাধ্যং তত্র মন্মথমিতি। কামং কামবীজং। শিষ্টৈঃ অবশিষ্টৈঃ সপ্তদশভির্বর্ণৈঃ। তথাচ ক্রমদীপিকায়াং। শিষ্টৈস্তু সপ্তদশভিরক্ষরৈর্বেষ্টয়েৎ স্মরমিতি॥ ১৪২॥

ষট্‌কোণস্য তস্য কোণেষু ঐন্দ্রাদিষু শ্রিয়ং লক্ষ্মীবীজং আলিখ্য বহ্ন্যাদিকোণেষু ত্রিষু মায়াং ভুবনেশ্বরীবীজং লিখেৎ। তথাচ ক্রমদীপিকায়াং। প্রাগ্রক্ষোঽনিলকোণেষু শ্রিয়ং

নির্জন স্থানকে আশ্রয় পূর্ব্বক গোময়যুক্ত জল দ্বারা শোধন করিয়া তাহাতে পবিত্র জল প্রক্ষালিত পীঠ সংস্থাপন করিবেন॥ ১৪১॥

গন্ধপঙ্ক দ্বারা অষ্টদল পদ্ম লিখিয়া তাহার কর্ণিকায় বহ্নিপুটিত ও ত্রিকোণপুটিত দুইটী মণ্ডল অর্থাৎ ষট্‌কোণ লিখিবে, তাহার মধ্যে সর্ব্বকর্ম্মের কারণ স্বরূপ গর্ভিত সাধ্যমন্ত্রযুক্ত কামবীজ লিখিবে এবং এই ষট্‌কোণের অন্তরালে (মধ্যে) সাধ্যনাম অর্থাৎ "ক্লীঁ কৃষ্ণায় নমঃ" এই ষড়ক্ষর লিখিবে। তদনন্তর বুদ্ধিমান্ ব্যক্তি অষ্টাদশাক্ষরি মন্ত্রের অবশিষ্ট সপ্তদশ বর্ণ দ্বারা ঐ কামবীজকে বেষ্টন করিবেন ১৪২

অনন্তর ঐ ষট্‌কোণের পূর্ব্ব নৈর্ঋত, বায়ুকোণে লক্ষ্মীবীজ (শ্রীঁ), আর অগ্নিকোণ, পশ্চিম ও ঈশানকোণে মায়া অর্থাৎ ভুবনেশ্বরী বীজ

মন্ত্রং ষড়ক্ষরং তত্র বিলিখেৎ ষট্‌সু সন্ধিষু।
অক্ষরৈঃ কামগায়ত্র্যা বেষ্টয়েৎ কেশরং সুধীঃ।
কামমালামনোর্ব্বর্ণান্ দলেম্বষ্টসু মন্ত্রবিৎ।
লিখেদ্গৃহাঞ্জনৈর্ভদ্রৈর্মাতৃকাং তদ্বহির্ন্যসেৎ।
ভূবিম্বঞ্চ লিখেদ্বাহ্যে শ্রীমায়াং দিগ্বিদিক্ষু চ।
এবং মন্ত্রং সমালিখ্য জাতরূপময়ে পটে॥
রাজতে তাম্রপট্টে বা ভূর্জে ক্ষৌমময়েঽপি বা।
সূক্ষ্মতন্তুপটে বাপি প্রাতিষ্ঠাপ্য সমীরণং।

শিষ্টেষু সন্ধিস্বিতি। তত্র ষট্‌কোণে বহির্যে ষট্‌সন্ধয়স্তেষু ষড়ক্ষরং মন্ত্রং লিখেৎ একৈকস্মিন্ সন্ধৌ একৈকাক্ষরং লিখেদিত্যর্থঃ। ষড়ক্ষরশ্চাত্র কামবীজেন সহিতশ্চতুর্থ্যন্তো নত্যন্তশ্চ কামগায়ত্র্যাশ্চতুর্ব্বিংশতিভিরক্ষরৈঃ প্রত্যেকং কেশরমক্ষরত্রয়মিত্যেবমষ্টদলকমলস্য কেশরাষ্টকং বেষ্টয়েদিত্যর্থঃ। তথাচ ক্রমদীপিকায়াং। ষড়ক্ষরং সন্ধিষু চ কেশরেষু ত্রিশস্ত্রিশঃ। বিলিখেৎ স্মরগায়ত্রীমিতি। কামমালামন্ত্রস্য বর্ণানষ্টচত্বারিংশদক্ষরাণি প্রত্যেকদলং ষট্‌বর্ণানিত্যেবমষ্টদলেষু লিখেৎ। তথাচ ক্রমদীপিকায়াং। মালামন্ত্রং দলাষ্টকে। ষট্‌শঃ সংলিখ্যেতি। কৈর্লিখেৎ ভদ্রৈরুত্তমৈর্গৃহাঞ্জনৈর্মসীবিশেষৈঃ। তেভ্যোঽষ্টদলেভ্যো বহির্মাতৃকা-

(হ্রীঁং) লিখিবে। ছয়টী সন্ধিতে ষড়ক্ষর (ক্লীঁ কৃষ্ণায় নমঃ) মন্ত্র লিখিবে। বুদ্ধিমান্ ব্যক্তি কামগায়ত্রীর চতুর্ব্বিংশতি অক্ষর দ্বারা কেশর বেষ্টন করিবেন। মন্ত্রজ্ঞ ব্যক্তি কামমালা মন্ত্রের অষ্টচত্বারিংশদ্বর্ণ ছয় ছয় বর্ণ করিয়া অষ্টদলে উত্তম গৃহাঞ্জন অর্থাৎ মসীবিশেষ দ্বারা লিখিবেন। তাহার বহির্ভাগে বিন্দুযুক্ত একপঞ্চাশৎ মাতৃকাবর্ণ লিখিবেন। তাহার বাহ্যে অর্থাৎ বহির্ভাগের সকলদিকে ভূবিম্ব (ভূমণ্ডল) তাহার বাহিরে শ্রীবীজ অর্থাৎ লক্ষ্মীবীজ (শ্রীঁ) এবং বিদিক্ অর্থাৎ অগ্ন্যাদি কোণচতুষ্টয়ে মায়াবীজ (হ্রীঁ) লিখিবে॥

এই প্রকার স্বর্ণময়, রাজত, তাম্র, ভূর্জ, ক্ষৌমময় অথবা সূক্ষ্মতন্তুময় পটে মন্ত্র লিখিয়া তাহার প্রাণপ্রতিষ্ঠা করিবে। তদনন্তর মন্ত্র

হুত্বা সহস্রমাজ্যেন মন্ত্রসম্পাতপূর্ব্বকং।
অর্চ্চয়িত্বাযুতং জপ্ত্বা ধারয়েদযন্ত্রমুত্তমং।
ত্রৈলোক্যৈশ্বর্য্যমাপ্নোতি দেবৈরপি সুপূজিতং।
আকর্ষণং সুরস্ত্রীণাং নাগলোকনিবাসিনাং।
পিশাচ যক্ষ রক্ষাংসি ক্রূরভুতগণাশ্চ যে।
দুষ্টসর্পাদয়ঃ সত্ত্বা হ্যপসর্পন্তি দূরতঃ।
মন্ত্ররাজধরং দৃষ্ট্বা বিদ্রবন্তি চ বিভ্যতি।
বহুনা কিমিহোক্তেন সর্ব্বলোকসুখাবহং।
স্ত্রীণামাকর্ষণং সদ্যো রাজ্ঞাং বশ্যকরং ভুবি।
যোগসিদ্ধিকরং পুংসাং ভবসাগরতারকং।

মেকপঞ্চাশদক্ষরাত্মিকাং সবিন্দুকাং ক্রমেণ লিখেচ্চ। তথাচ ক্রমদীপিকায়াং। তদ্বাহে বেষ্টয়েন্মাতৃকাক্ষরৈরিতি। তদ্বাহে মাতৃকাতো বহির্ভূবিম্বং ভূমণ্ডলং পরিতো লিখেৎ। তস্য দিক্ষু প্রাচ্যাদি চতস্বষু শ্রিয়ং লক্ষ্মীবীজং বিদিক্ষু চ অগ্ন্যাদিচতুষ্কোণেষু মায়াবীজঞ্চ লিখেদিত্যর্থঃ। তথাচ ক্রমদীপিকায়াং। ভূবিম্বঞ্চ লিখেদ্বাহে শ্রীমায়ে দিগ্বিদিক্ষ্বপীত্যর্থঃ। তদ্বহিশ্চতুষ্কোণং কোণচতুষ্টয়ে বজ্রচতুষ্টয়সমেতং লেখ্যমিতি সংসম্প্রদায়ঃ। সমীরণং প্রতিষ্ঠাপ্য প্রাণপ্রতিষ্ঠাং

সম্পাত পূর্ব্বক ঘৃত দ্বারা সহস্র হোম করিয়া এবং অর্চ্চনা পূর্ব্বক অযুত মন্ত্র জপ করিয়া এই উত্তম যন্ত্র ধারণ করিবে। এই যন্ত্র ধারণে ত্রৈলোক্যের ঐশ্বর্য্য প্রাপ্তি এবং দেবগণ কর্ত্তৃক সুপূজিত হয়েন, ইহার দ্বারা দেবস্ত্রী ও নাগস্ত্রীদিগেরও আকর্ষণ হয়॥

অপর পিশাচ, যক্ষ, রাক্ষস প্রভৃতি যে সকল ক্রূর ভূতগণ তথা দুষ্টসর্পাদি জন্তু সকল যন্ত্ররাজধারি ব্যক্তিকে অবলোকন করিয়া ভীত হওত দূরে পলায়ন করে। অধিক আর কি বলিব এই যন্ত্ররাজ পৃথিবীতে সর্ব্বলোকের সুখপ্রাপক, স্ত্রীগণের আকর্ষক এবং সদ্য রাজগণের বশ্যকর, পুরুষ সকলের যোগসিদ্ধিকর ও ভবসাগর তারক, তথা

ভুক্তিমুক্তিপ্রদং দিব্যমিতি প্রোক্তঞ্চ বেধসা ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে পৌরশ্চরণিকো নাম সপ্তদশো বিলাসঃ ॥ * ॥ ১৭ ॥ * ॥

কুষ্ঠেত্যর্থঃ। নাগলোকং পাতালং তদ্বাসিনামপি স্ত্রীজনানামিতি শেষঃ। দিব্যং শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকঞ্চেত্যর্থঃ ॥

॥ * ॥ ইতি সপ্তদশঃ ॥ * ॥

দিব্য অর্থাৎ বৈকুণ্ঠলোকপ্রাপক এবং ভুক্তি মুক্তিপ্রদ হয়, বিধাতা এই সকল ফল বলিয়াছেন ॥ ১৪৩ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নানুবাদিতে পৌরশ্চরণিক নাম সপ্তদশ বিলাস ॥ * ॥

# শ্রীহরিভক্তিবিলাসঃ।

অষ্টাদশবিলাসঃ।

যস্য প্রসাদাদজ্ঞোঽপি সদ্যঃ সর্ব্বজ্ঞতাং ব্রজেৎ।
স শ্রীচৈতন্যদেবো মে ভগবান্ সংপ্রসীদতু ॥ ১ ॥
অপেক্ষ্যন্তেঽর্চ্চনেঽবশ্যমধিষ্ঠানানি বৈষ্ণবৈঃ।
শ্রীমূর্ত্তয়শ্চ তত্রাপি সাক্ষাৎকারসুখপ্রদাঃ ॥ ২ ॥
মূর্ত্তীনাং লক্ষণানি লিখিতান্যেব কানিচিৎ।

---

শ্রীকৃষ্ণায় নমঃ ॥

শ্রীগুরুমুখৈকগম্যং শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাবণবিধিং লিখন্ পরমদুর্জ্ঞেয়োঽপি ভগবৎপ্রসাদাৎ সুজ্ঞেয়ো ভবতীতি তৎপ্রসাদং প্রার্থয়তে যস্যেতি ॥ ১ ॥

অর্চ্চনে নিমিত্তানি অধিষ্ঠানানি পূজাস্থানানি। তত্র অধিষ্ঠানেষ্বপি মধ্যে শ্রীমূর্ত্তয়ঃ ভগবৎপ্রতিকৃতয়োঽবশ্যমপেক্ষ্যন্তে। কুতঃ। ভগবৎসাক্ষাৎকারে যৎ সুখং তৎ প্রকর্ষেণ দদতীতি তথা তাঃ ॥ ২ ॥

লিখিতানি পূর্ব্বং বহিঃপূজায়াং চতুর্ব্বিংশতিমূর্ত্ত্যাদি লিখনে কানিচিদিতি অধুনা তান্যপি

---

যাঁহার প্রসন্নতায় অজ্ঞ ব্যক্তিও অতিশীঘ্র সর্ব্বজ্ঞতা প্রাপ্ত হয়, সেই চৈতন্যদেব ভগবান্ আমার প্রতি সুপ্রসন্ন হউন ॥ ১ ॥

বৈষ্ণবগণ পূজাবিষয়ে অবশ্য অধিষ্ঠান অর্থাৎ পূজার স্থান সকলকে অপেক্ষা করেন, তন্মধ্যেও আবার ভগবৎপ্রতিকৃতিসমূহকে অপেক্ষা করেন, যে হেতু ঐ সকল প্রতিমূর্ত্তি ভগবৎসাক্ষাৎকারবিষয়ে যে সুখ, তাহা প্রকৃষ্টরূপে প্রদান করিয়া থাকেন ॥ ২ ॥

পূর্ব্বে বাহ্য পূজায় চতুর্বিংশতি মূর্ত্ত্যাদি লিখনে শ্রীমূর্ত্তি সকলের কতিপয় লক্ষণ লিখিত হইতেছে, এক্ষণে সেই সকল শ্রীমূর্ত্তির প্রাদু-

প্রাদুর্ভূতের্বিধিস্তাসাং প্রতিষ্ঠায়াশ্চ লিখ্যতে ॥ ৩ ॥
অথ শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাবণং ॥
ভক্ত্যৈব ভগবন্মূর্ত্তিপ্রাদুর্ভাবোঽপি চেদ্ভবেৎ।
কর্ত্তব্যোঽথাপ্যুপায়োঽত্র পূর্ব্বৈঃ সদ্ভিঃ প্রদর্শিতঃ ॥ ৪ ॥
তত্রাদৌ শ্রীমূর্ত্ত্যাবির্ভাবণমাহাত্ম্যং ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
প্রতিমাং কারয়িত্বা তু দেবদেবস্য চক্রিণঃ।
ন দুর্গতিমবাপ্নোতি বিষ্ণুলোকং স গচ্ছতি।
দেবস্য প্রতিমায়াস্তু যাবন্তঃ পরমাণবঃ।
তাবদ্বর্ষসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ॥

লেখ্যানীতি ভাবঃ। তাসাং শ্রীমূর্ত্তিনাং প্রাদুর্ভূতেঃ প্রাদুর্ভাবস্য প্রতিষ্ঠায়াশ্চ বিধির্লিখ্যতে ॥ ৩ ॥

নিজভক্ত্যেকসাধ্যোঽপি শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাবণে শিষ্টাচারানুসারেণ যত্নঃ কার্য্য ইতি লিখতি ভক্ত্যৈবেতি। অপি চেৎ যদ্যপি ভক্ত্যৈব ন চ শিল্পাদিশক্ত্যা ভবেৎ তথাপি তত্র ভগবন্মূর্ত্তিপ্রাদুর্ভাবে উপায়ঃ সাধনমনুষ্ঠেয়ঃ স চ ন স্বকল্পিতঃ কিন্তু শাস্ত্রদ্বারা সাধুপরম্পরয়াভিব্যঞ্জিত ইতি লিখতি পূর্ব্বৈরিতি ॥ ৪ ॥

ভাব ও প্রতিষ্ঠার বিধি লিখিত হইতেছে ॥ ৩ ॥

অথ শ্রীমূর্ত্তির প্রাদুর্ভাব ॥

যদিচ ভক্তি দ্বারাই শ্রীভগবন্মূর্ত্তির প্রাদুর্ভাব হয় তথাপি এস্থলে পূর্ব্ব পূর্ব্ব সাধুগণ কর্ত্তৃক প্রদর্শিত উপায়ই কর্ত্তব্য ॥ ৪ ॥

তন্মধ্যে প্রথমতঃ শ্রীমূর্ত্তির আবির্ভাব মাহাত্ম্য ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে যথা ॥

যে ব্যক্তি দেবদেব চক্রপাণির প্রতিমা নির্ম্মাণ করান, তিনি কখন দুর্গতি প্রাপ্ত হয়েন না এবং তিনি বিষ্ণুলোকে গমন করেন ॥

দেবতার প্রতিমায় যত গুলি পরমাণু থাকে তত সহস্র বৎসর বিষ্ণুলোকে গিয়া পূজিত হয়েন ॥

কিঞ্চ ॥

প্রাসাদবত্তথা তস্যাঃ ফলং সম্যগুদাহৃতং।

উত্তরোত্তরতো দ্রব্যৈর্বিনা পক্কেষ্টকাং দ্বিজাঃ ॥ ৫ ॥

নারসিংহে ॥

প্রতিমাং লক্ষণোপেতাং নরসিংহস্য কারয়েৎ।

সর্ব্বপাপানি সন্ত্যজ্য স তু বিষ্ণুপুরে বসেৎ ॥ ৬ ॥

শ্রীমূর্ত্ত্যাবির্ভাবণবিধিঃ ॥

মাৎস্যে ॥

---

প্রাসাদবৎ প্রাসাদনির্ম্মাণে যথাফলমুক্তং তথা তস্যাঃ প্রতিমায়া নির্ম্মাণেঽপীত্যর্থঃ। এতচ্চাগ্রে মন্দিরনির্ম্মাণে লেখ্যং। তথাহি। সুরবেশ্মনি যাবন্তো দ্বিজেন্দ্রাঃ পরমাণবঃ। তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে। প্রাসাদে মৃণ্ময়ে পুণ্যং ময়ৈতৎ কথিতং দ্বিজাঃ। তস্মাদ্দশগুণং পুণ্যং কৃতে শৈলময়ে ভবেৎ। ততো দশগুণং লৌহে তাম্রে শতগুণং ততঃ। সহস্রগুণিতং রৌপ্যে তস্মাৎ ফলমুপাশ্নুতে। ততঃ শতসহস্রং বৈ সৌবর্ণে দ্বিজসত্তমাঃ। অনন্তং ফলমাপ্নোতি রত্নচিত্রে মনোহরে ইতি। সম্যগিতি প্রাসাদতোঽপ্যত্র বিশিষ্টং ফলমিত্যর্থঃ ॥ ৫ ॥

লক্ষণৈরগ্রে লেখ্যৈর্যুক্তাং ॥ ৬ ॥

---

আরও ॥

প্রাসাদবৎ অর্থাৎ ভগবৎ প্রাসাদ নির্ম্মাণে যে প্রকার ফল উক্ত হইয়াছে, তদপেক্ষা তাঁহার প্রতিমা নির্ম্মাণে বিশিষ্ট ফল জানিতে হইবে। হে দ্বিজ সকল! পক্ক ইষ্টক (পাকা ইট্) ব্যতিরেকে উত্তরোত্তর দ্রব্য দ্বারা মন্দির নির্ম্মিত হইলে অধিক ফল হয় ॥ ৫ ॥

নৃসিংহপুরাণে যথা ॥

যে ব্যক্তি নৃসিংহদেবের লক্ষণযুক্ত প্রতিমা নির্ম্মাণ করেন, তিনি সমুদায় পাপ পরিত্যাগ করিয়া বিষ্ণুলোকে গমন করেন ॥ ৬ ॥

শ্রীমূর্ত্তির আবির্ভাবণ বিধি ॥

মৎস্যপুরাণে যথা—

বিষ্ণোস্তাবৎ প্রবক্ষ্যামি যাদৃগ্রূপং প্রশস্যতে।
শঙ্খচক্রধরং শান্তং পদ্মহস্তং গদাধরং।
ছত্রাকারং শিরস্তস্য কম্বুগ্রীবং শুভেক্ষণং।
তুঙ্গনাসং শূর্পকর্ণং প্রশান্তোরুভুজদ্বয়ং।
ক্বচিদষ্টভুজং বিদ্যাচ্চতুর্ভুজমথাপি বা।
দ্বিভুজশ্চাপি কর্ত্তব্যো ভবনে স পুরোধসা ॥ ৭ ॥
দেয়মষ্টভুজস্যাস্য যথাস্থানং নিবোধত ॥
খড়্গো গদা শরঃ পদ্মং দেয়ং দক্ষিণতো হরেঃ।
ধনুশ্চ খেটকঞ্চৈব শঙ্খচক্রঞ্চ বামতঃ।
চতুর্ভুজস্য বক্ষ্যামি যথৈবায়ুধসংস্থিতিঃ।
দক্ষিণে চ গদাং পদ্মং বাসুদেবস্য কারয়েৎ।

ভবনে গৃহপূজায়ামিত্যর্থঃ। স বিষ্ণুঃ দ্বিভুজোঽপি আচার্য্যেণ কার্য্যঃ ॥ ৭ ॥

বিষ্ণুর যে প্রকার রূপ প্রশস্ত হয় সেই প্রকার রূপ বলিতেছি ॥

বিষ্ণুমূর্ত্তি শঙ্খচক্রধর, শান্ত, পদ্মহস্ত ও গদাধর, তাঁহার মস্তক ছত্রাকার, তিনি কম্বুগ্রীব অর্থাৎ শঙ্খের ন্যায় রেখাঙ্কিত গলদেশ বিশিষ্ট। তাঁহার চক্ষু উত্তম, উচ্চ নাসা, শূর্পাকার কর্ণ, ঊরু ও ভুজ-দ্বয় প্রশান্ত। কখন তাঁহাকে অষ্টভুজ অথবা চতুর্ভুজও জানিতে হইবে। আচার্য্য গৃহ পূজায় সেই বিষ্ণুকে দ্বিভুজও করিবেন ॥ ৭ ॥

অষ্টভুজের যে স্থানে যাহা দিতে হইবে তাহা বলি শ্রবণ কর। হরি প্রতিমার দক্ষিণ চারিহস্তে খড়্গ, গদা, শর ও পদ্ম অর্পণ করিবে, আর বাম চারি হস্তে ধনুঃ, চর্ম্ম, শঙ্খ ও চক্র দিবে ॥

চতুর্ভুজ মূর্ত্তির যে প্রকারে অস্ত্র সকলের সংস্থিতি হইবে, তাহার প্রকার বলি শ্রবণ কর। যিনি ঐশ্বর্য্য ইচ্ছা করিবেন তিনি বাসুদেবের

বামতঃ শঙ্খচক্রে চ কর্ত্তব্যে ভূতিমিচ্ছতা।
কৃষ্ণাবতারে তু গদা বামহস্তে প্রশস্যতে।
যথেচ্ছয়া শঙ্খচক্রে উপরিষ্টাৎ প্রকল্পয়েৎ ॥ ৮ ॥
অধস্তাৎ পৃথিবী দেবী কর্ত্তব্যা পাদমধ্যতঃ।
দক্ষিণে প্রণতং তদ্বদ্গরুত্মন্তং নিবেশয়েৎ।
বামতস্তু ভবেল্লক্ষ্মীঃ পদ্মহস্তা সুশোভনা।
গরুত্মানগ্রতো বাপি সংস্থাপ্যো ভূতিমিচ্ছতা।
শ্রীশ্চ পুষ্টিশ্চ কর্ত্তব্যে পার্শ্বয়োঃ পদ্মসংযুতে।
তোরণঞ্চোপরিষ্টাচ্চ বিদ্যাধরসমন্বিতং।
তথা কল্পলতোপেতং স্তুবদ্ভিরমরেশ্বরৈঃ ॥ ৯ ॥

খেটকং চর্ম্ম ॥ ৮ ॥

সর্ব্বেষাং পরিবারপরিচ্ছেদসন্নিবেশমাহ অধস্তাদিতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। শ্রীঃ সর্ব্বসম্পদধিষ্ঠাত্রী মহালক্ষ্ম্যংশভূতা। অমরেশ্বরৈর্ব্রহ্ম রুদ্রাদিভিরুপেতং। প্রণাম স্তবন মুদ্রা চ শিল্পিষু প্রসিদ্ধৈব ॥ ৯ ॥

দক্ষিণহস্তদ্বয়ে গদা ও পদ্ম এবং বামহস্তদ্বয়ে শঙ্খ ও চক্র প্রদান করিবেন ॥

কৃষ্ণাবতারে বামহস্তে গদা প্রশস্ত, যথেচ্ছাক্রমে উপরদিকে শঙ্খ চক্র কল্পনা করিবে ॥ ৮ ॥

পদমধ্যের অধোদিকে পৃথিবীদেবীর মূর্ত্তি করিবে, তদ্রূপ দক্ষিণদিকে প্রণত গরুড়কে সন্নিবিষ্ট করাইবে। বামদিকে পদ্মহস্তা সুশোভনা লক্ষ্মী থাকিবেন। ঐশ্বর্য্যকামী পুরুষ গরুড়কে অগ্রে স্থাপন করিবেন। শ্রী অর্থাৎ সম্পৎরূপা লক্ষ্মী ও পুষ্টিকে পদ্মসংযুক্ত করিয়া দুই পার্শ্বে স্থাপন করিবেন, বিদ্যাধরসমন্বিত তোরণ উপরিদিকে করিবেন। তথা কল্পলতাযুক্ত বিষ্ণুমূর্ত্তিকে দেবেশ্বরগণ স্তব করিতেছেন এইরূপ করিয়া নির্ম্মাণ করিবেন ॥ ৯ ॥

শ্রীমূর্ত্তিপরিমাণং ॥

তত্রৈব ॥

অঙ্গুষ্ঠপর্ব্বাদারভ্য বিতস্তিং যাবদেব তু।
গৃহে বৈ প্রতিমা কার্য্যা নাধিকা শস্যতে বুধৈঃ ॥ ১০ ॥
আষোড়শাত্তু প্রাসাদে কর্ত্তব্যা নাধিকা ততঃ।
মধ্যোত্তম কনিষ্ঠা তু কার্য্যা বিত্তানুসারতঃ ॥ ১১ ॥

বারাহ্যাঞ্চ ॥

সৌম্যা তু হস্তমাত্রা বসুদা হস্তদ্বয়োচ্ছ্রিতা।
প্রতিমা ক্ষেমসুভিক্ষায় ভবেৎত্রিচতুর্হস্তপ্রমাণা চ ॥ ১২ ॥

অথারম্ভে কৃত্যং ॥

---

গৃহে স্বগৃহান্তরর্চ্চনে ॥ ১০ ॥

আষোড়ষাৎ একহস্তমারভ্য ষোড়শহস্তপর্য্যন্তমিত্যর্থঃ। অত্র চ মধ্যমোত্তমত্বাদিকং তত্রৈব মধ্যমত্বস্যাপি কল্পনয়া জ্ঞেয়ং ॥ ১১ ॥

ক্ষেমায় ত্রিহস্তা সুভিক্ষায় চতুর্হস্তেতি যথাসংখ্যং জ্ঞেয়ং ॥ ১২ ॥

---

শ্রীমূর্ত্তির পরিমাণ ॥

ঐ মৎস্যপুরাণে ॥

পণ্ডিত ব্যক্তি নিজগৃহ মধ্যে অর্চ্চনে অঙ্গুষ্ঠপর্ব্ব হইতে আরম্ভ করিয়া বিতস্তিপর্য্যন্ত প্রতিমা নির্ম্মাণ করিবেন, ইহার অধিক প্রশস্ত হয় না ॥ ১০ ॥

প্রাসাদে একহস্ত আরম্ভ করিয়া ষোড়শহস্ত পর্য্যন্ত প্রতিমা করিবেন, তাহার অধিক করিবেন না, স্বীয় বিভবানুসারে উত্তম, মধ্যম ও কনিষ্ঠ করিবেন ॥ ১১ ॥

বরাহপুরাণে ॥

হস্তমাত্র উচ্ছ্রিত প্রতিমা সৌম্য ( প্রশস্ত ), দ্বিহস্ত উচ্ছ্রিত প্রতিমা বসুদা ( ধনপ্রদা ), তিনহস্ত উচ্ছ্রিত প্রতিমা কল্যাণ ও চতুর্হস্ত প্রমাণ প্রতিমা সুভিক্ষের নিমিত্ত হয় ॥ ১২ ॥

অথ কার্য্যপ্রারম্ভে কৃত্য ॥

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে ॥

প্রাসাদস্যোত্তরে ভাগে শিলাং নীত্বা চ দেশিকঃ।
কৃত্বা কর্ম্মকুটীং রম্যাং প্রতিমাকর্ম্ম কারয়েৎ ॥ ১৩ ॥
চতুরস্রায়তাং কৃত্বা শিলাং সংস্থাপ্য চার্চ্চয়েৎ।
শিরোমুখঞ্চ পৃষ্ঠে চ অঙ্কয়িত্বা তু বুদ্ধিমান্।
যজমানানুকূল্যেন গুরুঃ কর্ম্ম সমারভেৎ।
শিলাং পূর্ব্বাননাং কৃত্বা অথবা উত্তরাননাং।
তোয়েন ব্রহ্মঘোষাদ্যৈঃ স্নাপ্য পশ্চাদ্বলিং হরেৎ ॥ ১৪ ॥
দধিদূর্ব্বাক্ষতৈঃ পূজাং নবারম্ভে সমাচরেৎ।
শুক্লৈর্গন্ধৈশ্চ মাল্যৈশ্চ মন্ত্রেণানেন দেশিকঃ ॥
তদ্যথা ॥

প্রতিমায়াঃ কর্ম্মনির্ম্মাণকৃত্যং ॥ ১৩ ॥
স্নাপ্য স্নাপয়িত্বা ॥ ১৪ ॥

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে ॥

আচার্য্য প্রাসাদের উত্তরভাগে শিলা লইয়া গিয়া মনোহর কর্ম্মকুটীর প্রস্তুত করিবেন, তাহাতে প্রতিমার নির্ম্মাণকর্ম্ম করাইবেন ॥১৩॥

বুদ্ধিমান্ গুরু শিলাকে চতুরস্র অর্থাৎ চতুষ্কোণ করিয়া তাহাকে সংস্থাপন পূর্ব্বক অর্চ্চনা করিবেন। তৎপরে সেই শিলার পৃষ্ঠে দেবতার শির ও মুখ অঙ্কিত করিয়া যজমানের আনুকূল্যে কর্ম্ম আচরণ করিবেন। শিলাকে পূর্ব্বমুখ করিয়া অথবা উত্তরমুখ করিয়া বেদধ্বনিসহকারে জল দ্বারা স্নান করাইয়া পশ্চাৎ বলিহরণ অর্থাৎ পূজোপহার আহরণ করিবেন ॥ ১৪ ॥

আচার্য্য প্রতিমার নির্ম্মাণকার্য্য আরম্ভে দধি, দূর্ব্বা, অক্ষত, শুক্লগন্ধ ও মাল্য দ্বারা বক্ষ্যমাণ মন্ত্রে পূজা করিবেন ॥

মন্ত্র যথা ॥

ওঁ তৎ সৎ নমঃ।
যোঽসৌ ভগবান্ সর্ব্বজগতঃ প্রবীর
সঙ্কর্ষণো বাসুদেবঃ প্রবরবরাহ।
জয় জয় সুপ্রতিষ্ঠিতকীর্ত্তিং
প্রবর্দ্ধয়স্ব ওঁ ওঁ নমঃ ফট্ ফট্ নমঃ॥
স্বস্তি বাচ্য দ্বিজান্ সম্যক্ গুরুভক্ত্যা সমর্চ্চয়েৎ।
বস্ত্রপুষ্পাদি দানেন অশাঠ্যেন তু পূজয়েৎ॥ ১৫॥
মঙ্গলৈর্ব্রহ্মঘোষাদ্যৈঃ প্রতিমাং সংবিভাজয়েৎ।
মধ্যসূত্রং সমাস্ফাল্য তীক্ষ্ণশস্ত্রেণ চোৎকিরেৎ॥ ১৬॥
অথাঙ্গপরিমাণবিশেষঃ॥
মাৎস্যে॥
স্বকীয়াঙ্গুলমানেন মুখং স্যাদ্দ্বাদশাঙ্গুলং।

---

বাচ্য বাচয়িত্বা॥ ১৫॥
সমাস্ফাল্য পাতয়িত্বা। উৎকিরেৎ অঙ্কয়েৎ॥ ১৬॥
স্বকীয়ং শ্রীমূর্ত্তেরেব ষদঙ্গুলং তস্য মানেন। অঙ্গুলিরিতি বক্তব্যে অঙ্গুলমিত্যার্ষং।

---

"ওঁ তৎ সৎ নমঃ। যোঽসৌ ভগবান্ সর্ব্বজগতঃ প্রবীরঃ সঙ্কর্ষণো বাসুদেবঃ প্রবরবরাহ জয় জয় সুপ্রতিষ্ঠিতকীর্ত্তিং প্রবর্দ্ধয়স্ব ওঁ ওঁ ফট্ ফট্ নমঃ॥"

ব্রাহ্মণদিগকে স্বস্তিবাচন করাইয়া শঠতা পরিত্যাগ পূর্ব্বক সম্যক্ গুরুভক্তিসহকারে তাঁহাদিগকে বস্ত্র পুষ্পাদি দান দ্বারা পূজা করিবেন॥ ১৫॥

অনন্তর মঙ্গল বেদধ্বনিসহকারে প্রতিমাকে সম্যক্ প্রকারে বিভাগ করিবেন এবং শিলার মধ্যে সূত্রপাত করিয়া তীক্ষ্ণ অস্ত্র দ্বারা অঙ্কিত করিবেন॥ ১৬॥

অথ অঙ্গপরিমাণবিশেষ॥

মৎস্যপুরাণে যথা॥

শ্রীমূর্ত্তির স্বীয় অঙ্গুলি পরিমাণে মুখ দ্বাদশ অঙ্গুল হইবে, মুখের

মুখমানেন কর্ত্তব্যা সর্ব্বাবয়বকল্পনা ॥ ১৭ ॥

অঙ্গুলিপরিমাণং ॥

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে ॥

অভিপ্রেতপ্রমাণন্তু নবধা প্রতিভাজয়েৎ।

নবমে ভাস্করৈর্ভক্তে ভাগঃ স্বাঙ্গুলমুচ্যতে ॥ ১৮ ॥

শ্রীনারদীয়ে চ ॥

বিম্বমানং তু নবধা প্রোচ্ছ্র্যাৎ সংবিভজ্য বৈ।

ভাগং ভাগং ততোভূয়ো ভবেদ্দ্বাদশধা দ্বিজ ॥

তদঙ্গুলং স্যাদ্বিম্বস্যেতি ॥ ১৯ ॥

এবমগ্রেঽপি ॥ ১৭ ॥

স্বকীয়াঙ্গুলিমানমেব লিখতি অভিপ্রেতেত্যাদি সপাদদ্বয়েন। অভিপ্রেতং নিজাভীষ্টপ্রমাণং শ্রীমূর্ত্তিপরিমাণং। ভাস্করৈর্দ্বাদশভির্ভাগৈর্ভক্তে বিভক্তে সতি তদেকভাগঃ স্বস্যাঃ শ্রীমূর্ত্তেরঙ্গুলং ॥ ১৮ ॥

বিম্বং প্রতিমা ॥ ১৯ ॥

পরিমাণে সমুদায় অবয়ব কল্পনা করিবে ॥ ১৭ ॥

অঙ্গুলিপরিমাণ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে যথা ॥

অভিপ্রেত অর্থাৎ নিজাভীষ্ট প্রমাণ শ্রীমূর্ত্তির পরিমাণকে নয়ভাগে বিভক্ত করিবে, সেই নয়ভাগের একভাগকে দ্বাদশভাগ অর্থাৎ সমুদায়ের একশত অষ্টভাগ করিলে তাহার একভাগ শ্রীমূর্ত্তির অঙ্গুলির পরিমাণ হইবে ॥ ১৮ ॥

শ্রীনারদীয়পুরাণেও ॥

হে দ্বিজ! উচ্চ হইতে প্রতিমাকে নয়ভাগে বিভক্ত করিয়া পুনর্ব্বার তাঁহার এক এক ভাগকে দ্বাদশভাগে বিভক্ত করিলে প্রতিমার এক অঙ্গুল পরিমাণ হইবে ॥ ১৯ ॥

এবং পুরাণতন্ত্রাদি দৃষ্ট্বাত্রেদং বিলিখ্যতে ।
ললাটাচ্চিবুকান্তং স্যাৎ শ্রীমুখং দ্বাদশাঙ্গুলং ॥ ২০ ॥
তত্রাননং ভাগ একস্তত্রৈব চতুরঙ্গুলং ।
ললাটং নাসিকা তদ্বদ্গুল্ফমর্দ্ধাঙ্গুলং ভবেৎ ॥ ২১ ॥
অর্দ্ধাঙ্গুলোঽধরস্তূর্দ্ধোঽপরশ্চৈকাঙ্গুলো মতঃ ।
দ্ব্যঙ্গুলং চিবুকং চাথ গ্রীবা স্যাচ্চতুরঙ্গুলা ॥ ২২ ॥
বক্ষোভাগো ভবেদন্যস্তস্মান্নাভ্যবধিঃ পরঃ ।
ততোঽপরশ্চ মেঢ্রান্তস্তস্মাদূরুবিভাগকৌ ॥ ২৩ ॥

অধুনা অবয়বমানং লিখতি এবমিত্যাদি । আদিশব্দাৎ সংগ্রহপুস্তকাদি । ইদমগ্রে লেখ্যং । ললাটাৎ শ্রীমল্ললাটোপরিভাগাদারভ্য । তথাচ শ্রীনারদীয়পঞ্চরাত্রে । চিবুকাচ্চ ললাটান্তমিত্যাদি । এতদাদিকমগ্রে সর্ব্বং তত্র তত্র ব্যক্তং ভাবীতি সম্পূর্ণবচনমত্র ন সংগ্রাহ্যং ॥ ২০ ॥

তত্র তস্মিন্নানন এব ললাটং চতুরঙ্গুলং । তদ্বৎ চতুরঙ্গুলেত্যর্থঃ ॥ ২১ ॥

অপরঃ অধস্তনঃ । শ্রীমুখনিজবিভাগং লিখিত্বা তদধঃ শ্মশ্র্বাদিলিখনেন ভিন্নোপক্রমাদথশব্দঃ । এবমগ্রেঽপি জ্ঞেয়ং ॥ ২২ ॥

অন্যঃ শ্রীমুখবিভাগাদ্ভিন্নঃ । তস্মাদ্বক্ষসঃ ॥ ২৩ ॥

এই প্রকার পুরাণ ও তন্ত্রাদি দেখিয়া এস্থলে এই লিখিত হইতেছে যে, ললাটের উপরিভাগ হইতে চিবুক পর্য্যন্ত শ্রীমুখ দ্বাদশ অঙ্গুলি হইবে ॥ ২০ ॥

তাহাতে মুখ একভাগ, সেই মুখভাগে ললাট চারি অঙ্গুল, তদ্রূপ নাসিকা চারি অঙ্গুল ও গুল্ফ অর্দ্ধাঙ্গুল হইবে ॥ ২১ ॥

অনন্তর অর্দ্ধাঙ্গুল অধর ও তাহার ঊর্দ্ধভাগ অর্থাৎ ওষ্ঠ একাঙ্গুল জানিবে, চিবুক দুই অঙ্গুল এই পর্য্যন্ত মুখভাগ দ্বাদশ অঙ্গুল হইল, তৎপর গ্রীবা চতুরঙ্গুল হইবে ॥ ২২ ॥

অপর, বক্ষঃবিভাগ শ্রীমুখবিভাগের অন্য, ঐ বক্ষোবিভাগের নিম্ন হইতে নাভি পর্য্যন্ত পরভাগ । তাহার পর মেঢ্র ( পুরুষ চিহ্ন ) পর্য্যন্ত অপর ভাগ । তাহার পর ঊরু দুই ভাগ ॥ ২৩ ॥

তথা দ্বিভাগিকে জঙ্ঘে জানুনী চতুরঙ্গুলে।
পাদৌ চ তৎসমাবিত্থং দৈর্ঘ্যভাগা নবোদিতাঃ ॥ ২৪ ॥
কুত্রাপ্যুচ্চাৎ ললাটস্যোপরিষ্টাত্র্যঙ্গুলং শিরঃ।
তদ্বদ্গ্রীবা জানুপাদাস্তথাপি স্যুর্নবৈব তে ॥ ২৫ ॥
ইতি স্যাৎ সর্ব্বতো দৈর্ঘ্যে সাষ্টোত্তরশতাঙ্গুলাঃ।

তথেতি সমুচ্চয়ে। তৎসমৌ চতুরঙ্গুলৌ। তৌ চ গুল্ফাৎ পার্ষ্ণিপর্য্যন্তৌ জ্ঞেয়ৌ দৈর্ঘ্যস্য লিখনাৎ ॥ ২৪ ॥

কুত্রাপি শ্রীনারদীয় এব। এতদাদি প্রমাণবচনানি চ সর্ব্বাণ্যেবাগ্রে তত্র তত্র ব্যক্তী ভবিষ্যন্তীত্যেবেত্যত্র পূর্ব্বং ন লিখ্যন্তে। গ্রীবাদয়োঽপি তদ্বৎ ত্র্যঙ্গুলাঃ। তে ভাগাঃ ॥ ২৫ ॥

তদ্দার্ঢ্যার্থমেব লিখতি ইতীতি। সা শ্রীমূর্ত্তিঃ। মৌলিস্তু ললাটোপরি শ্রীমস্তকে জ্ঞেয়ঃ।

সেই প্রকার অর্থাৎ উরুর ন্যায় জঙ্ঘাও দুই ভাগ ২৪ অঙ্গুল। জানু চারি অঙ্গুল। পদদ্বয় তাহার সমান অর্থাৎ চারি অঙ্গুল, এই দৈর্ঘ্যভাগ নয় প্রকার কথিত হইল * ॥ ২৪ ॥

কুত্রাপি অর্থাৎ নারদপুরাণেতেও ললাটের উপর তিন অঙ্গুল মস্তক উচ্চ, সেই প্রকার গ্রীবা, জানু ও পাদ এই তিন, তিন তিন অঙ্গুল হয়, এইমতেও সম পরিমাণে একশত অষ্ট অঙ্গুলিতে নয় ভাগ হইবে অর্থাৎ মস্তক, গ্রীবা, জানু ও পাদ এই চারিতে এক ভাগ ১২ অঙ্গুল হইল ॥ ২৫ ॥

এই প্রকার হইলেও সর্ব্বতোভাবে প্রতিমার দীর্ঘ পরিমাণ অষ্টো-

* ললাট, নাসিকা, গুল্ফ, অধর, ওষ্ঠ ও চিবুক এই ছয়ে একভাগ ১২ অঙ্গুল। গ্রীবা, জানু ও চরণ এই তিনে একভাগ ১২ অঙ্গুল। বক্ষঃ একভাগ ১২ অঙ্গুল। বক্ষঃ প্রান্ত অবধি নাভি পর্য্যন্ত একভাগ ১২ অঙ্গুল। নাভির পর মেঢ্র পর্য্যন্ত একভাগ ১২ অঙ্গুল। উরু দুইভাগ ২৪ অঙ্গুল। জঙ্ঘা দুইভাগ ২৪ অঙ্গুল। কৃতী ব্যক্তি মনে যত দীর্ঘ পরিমিত প্রতিমা নির্ম্মাণ করিতে ইচ্ছা করিবেন, তত দীর্ঘ পরিমাণকে একশত অষ্টভাগ করিলে তাহার একভাগে প্রতিমার এক অঙ্গুল হইবে, সেই অঙ্গুলের দ্বাদশ অঙ্গুল পরিমাণে প্রতিমার এক এক ভাগ হইবে, নয়ভাগের সমষ্টিতে প্রতিমা একশত অষ্টাঙ্গুল হইবে ॥২৪॥

চতুর্দ্দশাঙ্গুলো মৌলিঃ ক্বচিচ্চ দ্বাদশাঙ্গুলঃ ॥ ২৬ ॥
বিস্তারেঽষ্টাঙ্গুলং তস্যা ললাটং ত্বর্দ্ধচন্দ্রবৎ।
ভ্রুবৌ নেত্রান্তপর্য্যন্তে প্রত্যেকং চতুরঙ্গুলে ॥
তয়োর্মধ্যে দ্ব্যঙ্গুলং স্যাৎ ক্বচিচ্চৈকাঙ্গুলং মতং।
ভ্রূলেখার্দ্ধাঙ্গুলা সা চ মধ্যে স্থূলাগ্রতঃ কৃশা।
তীক্ষ্ণা নতধনুস্তুল্যা কর্ণৌ তু চতুরঙ্গুলৌ ॥ ২৭ ॥
ষড়ঙ্গুলৌ বা তাবুচ্চৌ বিদ্ধৌ চেচ্চিবুকাবধি ॥ ২৮ ॥

---

ক্বচিৎ শ্রীহয়শীর্ষীয়ে। তথাপি দ্বাদশাঙ্গুলত্বং দ্ব্যঙ্গুলালকস্থলত্যাগাদবিরুদ্ধমেব। তথাচ তত্রৈব পরেণ দ্ব্যঙ্গুলৌ শঙ্খাবিত্যাদি। অস্যার্থঃ। পরেণেতি ললাটাৎ পরতঃ তদুপরীত্যর্থঃ। তৎ পার্শ্বয়োরাধিক্যাত্তথালকান্বিতাবিত্যুক্তেশ্চ ॥ ২৬ ॥

এবং দৈর্ঘ্যং লিখিত্বাঙ্গানাং বিস্তারং লিখতি বিস্তার ইত্যাদিনা। তস্যাঃ শ্রীমূর্ত্তেঃ। ক্বচিৎ শ্রীনারদীয়ে। উভয়থাপ্যলিখিতে এব তে ॥ ২৭ ॥

বা শব্দো মতভেদাৎ স চাত্র বিদ্ধত্বাপেক্ষয়া ঘটতএব। উচ্চৈঃ দৈর্ঘ্য ইত্যর্থঃ। এবং মতেঽপি চিবুকাবধীতি বিদ্ধয়োরষ্টাঙ্গুলত্বেন তাবৎ প্রদেশ প্রাপ্তেঃ ॥ ২৮ ॥

---

ত্তর শত অঙ্গুল হইবে। কাহারও মতে মস্তক চতুর্দ্দশ অঙ্গুল ও দ্বাদশ অঙ্গুল হয় অর্থাৎ হয়শীর্ষীয় মতে মস্তক চতুর্দ্দশ অঙ্গুল এবং দ্বাদশাঙ্গুলও উক্ত হইয়াছে, দুই অঙ্গুল অলকাস্থল লইয়া এবং না লইয়া ইহার মীমাংসা জানিবে ॥ ২৬ ॥

বিস্তার পরিমাণ যথা ॥

শ্রীমূর্ত্তির ললাট অর্দ্ধচন্দ্রের ন্যায় বিস্তারে অষ্টাঙ্গুল, নেত্রান্ত পর্য্যন্ত ভ্রূদ্বয় প্রত্যেকে চারি অঙ্গুলি পরিমাণে বিস্তৃত হইবে ॥

ভ্রূদ্বয়ের মধ্যস্থান দুই অঙ্গুল ও কাহারও মতে এক অঙ্গুল জানিবে। ভ্রূলেখা বিস্তারে অর্দ্ধাঙ্গুল মধ্যে স্থূল, অগ্রে কৃশ ও তীক্ষ্ণ এবং আকার নত ধনুর তুল্য। কর্ণদ্বয় দীর্ঘে চারি ২ অঙ্গুল হইবে ॥ ২৭ ॥

যদি চিবুক অবধি বিদ্ধ হয় তাহা হইলে ঐ কর্ণদ্বয় ছয় অঙ্গুল দীর্ঘ হইবে ॥ ২৮ ॥

বিততৌ দ্ব্যঙ্গুলৌ প্রান্তেঽর্দ্ধাঙ্গুলৌ চৈককাঙ্গুলৌ।
কর্ণচ্ছিদ্রন্তু নেত্রান্তসমমেকাঙ্গুলং ভবেৎ ॥ ২৯ ॥
কর্ণোপরিষ্টাৎ শ্রীমস্তমুচ্চত্বে দ্বাদশাঙ্গুলং।
ত্রিগুণঃ পরিধিস্তস্য দ্বিচত্বারিংশদঙ্গুলঃ।
সকেশস্যাথ নয়নে দৈর্ঘ্যে তু দ্ব্যঙ্গুলে মতে।
কুত্রাপি ত্র্যঙ্গুলে তে হি বিস্তারে চৈকলাঙ্গুলে ॥ ৩০ ॥
তারকাত্র তৃতীয়াংশা দৃষ্টিঃ স্যাৎ পঞ্চমাংশিকা।

প্রান্তে অধস্তলান্ত্যভাগে। এককমেকং। একাঙ্গুলৌ বা। ঈদৃক্ মতভেদঃ স্বস্বরুচ্যনুসারেণ সৌন্দর্য্যস্য তত্তৎকালীন শ্রীমদঙ্গে যত্ত্বেদস্য বাপেক্ষয়া। নেত্রান্তাভ্যাং সমং ন তাভ্যামুচ্চং নচ নীচং সমরেখয়োর্বর্ত্তমানমিত্যর্থঃ। যচ্চোক্তং শ্রীহয়শীর্ষদেবেন। ভ্রূসমেত্যাদি। তচ্চ ভ্রুবোঃ প্রান্তভাগস্য প্রায়ো নেত্রান্তব্যাপকতাভিপ্রায়েণ ॥ ২৯ ॥

দ্বাদশাঙ্গুলমিতি কিরীটস্য দ্বাঙ্গুলোচ্চত্বাৎ মৌলের্দ্দশাঙ্গুলতা। পক্ষে কিরীটস্যেব শ্রীমস্তকস্য তাবদুচ্চত্বাৎ। যজমানেচ্ছয়া মৌল্যভাবে চ স্বতএব তাবজ্জ্ঞেয়ং। তস্য শ্রীমস্তকস্য পরিধিঃ পরিণাহঃ ত্রিগুণ্যঃ ষট্‌ত্রিংশদঙ্গুল ইত্যর্থঃ। এবমগ্রেঽন্যত্রাপি। সকেশস্য চ তস্য পরিধিশ্চত্বারিংশদঙ্গুল ইত্যর্থঃ। কেশপাশাস্তু দীর্ঘঃ স্কন্ধোপরি বিন্যস্য। কুত্রাপি শ্রীনারদীয়ে। একলমেকং ॥ ৩০ ॥

কচিত্তত্রৈব। তৎ প্রান্তৌ চার্দ্ধাঙ্গুলৌ জ্ঞেয়ৌ। দ্রোণী চার্দ্ধাঙ্গুলা মতেতি শ্রীহয়শীর্ষ-

ঐ কর্ণদ্বয় দুই অঙ্গুল বিস্তৃত এবং প্রান্তে অর্থাৎ অধস্তনের অন্তভাগে অর্দ্ধ অঙ্গুল বা এক অঙ্গুল বিস্তার হইবে, কর্ণছিদ্র নেত্রান্তের সমান দেশে এক অঙ্গুল পরিমিত হইবে ॥ ২৯ ॥

কর্ণের উপরি মস্তকের উচ্চতা দ্বাদশ অঙ্গুল এবং তাহার তিন গুণ পরিধি (বেড়) ৩৬ অঙ্গুল হইবে। সকেশ মস্তকের পরিধির পরিমাণ দ্বিচত্বারিংশৎ অঙ্গুল। অপর কাহারও মতে নয়নের দৈর্ঘ্য দ্বি অঙ্গুল বা তিন অঙ্গুল এবং বিস্তারে এক অঙ্গুল হয় ॥ ৩০ ॥

চক্ষুর তারকা ঐ নয়ন পরিমাণের পঞ্চমাংশ, কেহ বলেন তৃতীয়াংশ

ক্বচিৎ তৃতীয়ভাগৈব দৃগ্মধ্যং চতুরঙ্গুলং ॥ ৩১ ॥
কুত্রচিৎ ত্র্যাঙ্গুলং কর্ণদৃগ্মধ্যং চতুরঙ্গুলং।
সৃক্কণী কর্ণয়োর্ম্মূলাৎ ষড়ঙ্গুলবিদূরতঃ ॥ ৩২ ॥
হনুকে দ্ব্যঙ্গুলে স্যাতাং নির্গতে কর্ণমূলতঃ।
কপোলৌ দর্পণাকারৌ হন্বগ্রে চতুরঙ্গুলৌ ॥ ৩৩ ॥
নাসোচ্চৈকাঙ্গুলা মূলে দ্ব্যঙ্গুলা চাগ্রতো ভবেৎ।
একাঙ্গুলে পুটে তস্যাস্তয়োস্ত্বর্দ্ধাঙ্গুলং বিলং ॥ ৩৪ ॥

দেবোক্তেঃ। দৃশোর্দ্বয়োর্মধ্যং ॥ ৩১ ॥

কুত্রচিৎ শ্রীনারদীয় এব। কর্ণদৃশোর্মধ্যং। সৃক্কণী ওষ্ঠপ্রান্তভাগৌ অতএব শ্রীমুখ-বিবরস্যাপ্যন্তভাগৌ স্যাতাং। তথাচ শ্রীদশমস্কন্ধে। তং জিহ্বয়া দ্বিশিখয়া পরিলেলিহানং দ্বে সৃক্কণী ইতি। কিঞ্চ প্রতিস্পর্দ্ধেতে সৃক্কাভ্যাং সব্যাসব্যে নগোদরে ইতি। ষড়ঙ্গুলৈর্বিদূরতো বর্ত্তেতে। যচ্চ শ্রীনারদীয়ে। সৃক্কণী চতুরঙ্গুলে ইতি। তত্র সৃক্কশব্দেন সৃক্কদ্বয়পর্য্যন্তং শ্রীমুখবিদারভাগ এবাভিপ্রেতঃ ॥ ৩২ ॥

হনুকং কর্ণপার্শ্বতঃ কপোলপর্য্যন্তভাগঃ। অতঃ কর্ণমূলং কর্ণপার্শ্ব এবেত্যর্থঃ। কর্ণাধঃস্থাচ্চ হনুকং চেত্তথাপি তদুপর্য্যেব কপোলৌ। ততশ্চ হন্বোঃহগ্রে উপরীত্যর্থঃ। গণ্ডয়োর্দর্পণাকারত্বেন সর্ব্বতশ্চতুরঙ্গুলত্বাৎ হনূর্দ্ধভাগব্যাপ্তেঃ। তথাচ মাৎস্যে। হনুকে দ্ব্যঙ্গুল ইত্যাদি। অস্যার্থঃ। হন্বগ্রে মণ্ডলং গণ্ডমণ্ডলং বিস্তারাদ্ধনুতো দ্বিগুণং চতুরঙ্গুলং। তচ্চ সর্ব্বত ইতি জ্ঞেয়ং সর্ব্বত্র তস্য ফলকমুকুরাদি সাদৃশ্যোক্তেরিতি ॥ ৩৩ ॥

পুটে চ সর্ব্বত একাঙ্গুলে জ্ঞেয়ে। করবীর সাদৃশ্যোক্তেঃ ক্বচিত্তিলপুষ্প তুল্যতোক্তেশ্চ। তয়োঃ পুটয়োর্বিলং ছিদ্রং ॥ ৩৪ ॥

হইবে এবং কাহারও মতে চক্ষুর মধ্যদেশ চতুরঙ্গুল হয় ॥ ৩১ ॥

এবং কোন স্থানে অর্থাৎ নারদীয়ে চক্ষুর মধ্যভাগ তিন অঙ্গুল। কর্ণ ও চক্ষুর মধ্যভাগ চারি অঙ্গুল, সৃক্কদ্বয় কর্ণমুল হইতে ছয় অঙ্গুলি দূর হয় ॥ ৩২ ॥

কর্ণের পার্শ্ব হইতে নির্গত হইয়া হনু দুই অঙ্গুল হয়। হনুর অগ্রে ফলক দর্পণাকার কপোলদ্বয় চারি অঙ্গুল হয় ॥ ৩৩ ॥

নাসামূলের উচ্চতা একাঙ্গুল এবং নাসাগ্রের উচ্চতা দুই অঙ্গুল, নাসাপুট একাঙ্গুল এবং নাসাছিদ্র অর্দ্ধাঙ্গুল হয় ॥ ৩৪ ॥

দলঞ্চ নিষ্পাবসমং সা স্থেবং করবীরবৎ।
বিদারভাগং তুণ্ডস্য বিস্তারে চতুরঙ্গুলঃ ॥ ৩৫ ॥
চিবুকং ত্র্যঙ্গুলং তারে গ্রীবা ত্বষ্টাঙ্গুলা ভবেৎ।
পরিধিস্ত্রিগুণস্তস্যাঃ স্কন্ধাবুচ্চৌ ষড়ঙ্গুলৌ ॥ ৩৬ ॥
বিস্তারেঽষ্টাঙ্গুলৌ পীনৌ বৃষস্কন্ধোপমৌ মতৌ।
ভুজৌ সুবৃত্তৌ তত্রোর্দ্ধো বাহুঃ স্যাৎ ষোড়শাঙ্গুলঃ ॥ ৩৭ ॥
অষ্টাদশাঙ্গুলোঽধস্তাৎ প্রবাহুঃ ক্বচিদন্যথা।
বাহোস্তু মধ্যে পরিধির্ভবেদষ্টাদশাঙ্গুলঃ ॥ ৩৮ ॥

দলঞ্চ তয়োরেব স্থৌল্যং নিষ্পাবং দ্বিদলান্নবিশেষঃ। এবমনেনোক্তপ্রকারেণ সা নাসা করবীরপুষ্পসদৃশী ॥ ৩৫ ॥

তারে বিস্তারে উচ্চৌ বাহুমূলাৎ। অতএবোক্তং মাৎস্যে। কক্ষয়োরুপরিষ্টাচ্চেত্যাদি ॥ ৩৬ ॥

বিস্তারশ্চ তয়োর্বাহুমূলাদগ্রীবান্তং। পীনাবিত্যনেন তদুপরিভাগবিস্তারশ্চতুরঙ্গুলো জ্ঞেয়ঃ বৃষস্কন্ধোপমত্বাৎ। তত্র তয়োর্ভুজয়োরূর্দ্ধোভাগঃ বাহুঃ বাহুসংজ্ঞঃ ॥ ৩৭ ॥

তদধস্তাদ্বর্ত্তমানশ্চ প্রবাহুসংজ্ঞঃ। ক্বচিৎ হয়শীর্ষীয়াদৌ ত্বন্যথা তদ্বিপরীতঃ বাহুরষ্টাদশাঙ্গুলঃ প্রবাহুঃ ষোড়শাঙ্গুল ইতি তচ্চ চিন্ত্যং অধস্তাৎ স্কন্ধশিখরাদ্বাহুঃ স্যাৎ ষোড়শাঙ্গুল ইতি শ্রীনারদীয়োক্তেঃ লোকে তদ্দর্শনাচ্চ। ক্বচিৎ প্রবাহুঃ সপ্তদশাঙ্গুলোমতঃ অথবাঙ্গুলহীনস্তু দ্বিতীয়ং পর্ব্বমুচ্যতে ইতি মাৎস্যোক্তেঃ ॥ ৩৮ ॥

ঐ দুইয়ের দল অর্থাৎ স্থৌল্য নিষ্পাবের ( দ্বিদল অন্নবিশেষের ) সমান, সেই নাসা করবীর পুষ্প সদৃশ হইবে, তুণ্ডের বিদার ভাগ বিস্তারে চারি অঙ্গুল হয় ॥ ৩৫ ॥

চিবুক বিস্তারে এক অঙ্গুল, গ্রীবা আট অঙ্গুল ও তাহার পরিধি তিনগুণ অর্থাৎ ২৪ অঙ্গুল এবং স্কন্ধ ছয় অঙ্গুল উচ্চ হইবে ॥ ৩৬ ॥

ঐ স্কন্ধ বিস্তারে অষ্টাঙ্গুল এবং বৃষস্কন্ধ সদৃশ স্থূল হইবে। ভুজদ্বয় সুবর্ত্তুল, তাহার ঊর্দ্ধ ষোড়শাঙ্গুল বাহু বলিয়া অভিহিত হয় ॥ ৩৭ ॥

তাহার অধ অষ্টাদশ অঙ্গুল প্রবাহু। কাহারও মতে বাহু অন্যথাও হয়, বাহুর মধ্যভাগের পরিধি অষ্টাদশাঙ্গুল হইবে ॥ ৩৮ ॥

ষোড়শাঙ্গুলকোঽন্যস্তু তদগ্রে দ্বাদশাঙ্গুলঃ ।
দীর্ঘং পাণিতলং সপ্তাঙ্গুলং পৃথু ষড়ঙ্গুলং ॥ ৩৯ ॥
ক্বাপি পঞ্চাঙ্গুলং নিম্নমধ্যং সল্লক্ষণান্বিতং ।
পঞ্চাঙ্গুলা মধ্যমান্যে চার্দ্ধে চ চতুরঙ্গুলে ॥ ৪০ ॥
কনিষ্ঠাঙ্গুলিরঙ্গুষ্ঠোঽপ্যুক্তৌ দ্বৌ চতুরঙ্গুলৌ ।
শার্দ্ধত্র্যাঙ্গুলকোঽঙ্গুষ্ঠঃ ক্বাপ্যয়ন্তু দ্বিপর্ব্বকঃ ।
অন্যাস্ত্রিপর্ব্বিকাঃ সর্ব্বা গোপুচ্ছাকৃতিশোভনাঃ ।
সমানি সর্ব্বপর্ব্বাণি স্বস্বপর্ব্বানুসারতঃ ॥ ৪১ ॥
কচিচ্চ মধ্যমামধ্যপর্ব্ব দ্ব্যঙ্গুলকং মতং ।

অন্যস্ত প্রবাহোঃ। তস্য প্রবাহোরগ্রে পৃথু বিস্তীর্ণং ॥ ৩৯ ॥
ক্বাপি শ্রীনারদীয়ে । সল্লক্ষণৈঃ রেখাত্মকৈর্ধ্বজবজ্রাদিভিরারণ্যাদিভিশ্চান্বিতং। মধ্যমাঙ্গুলিঃ। অন্যে তর্জ্জন্যনামিকে দ্বে ॥ ৪০ ॥
ক্বাপ তত্রৈব অঙ্গুষ্ঠঃ সার্দ্ধত্র্যাঙ্গুলঃ অয়মঙ্গুষ্ঠস্তু। গোপুচ্ছেতি মূলে স্থূলত্বাৎ ক্রমশোঽগ্রে কৃশত্বাচ্চ। শোভনা ইত্যনেন ততোঽধিকং সৌন্দর্য্যং বোধিতমেব। স্বস্বমানানুরূপত ইতি স্বকীয়ং যদ্দৈর্ঘ্যপরিমাণং তত্তৃতীয়ভাগেনৈকং পর্ব্বেত্যেবং সর্ব্বাসাং পর্ব্বাণীত্যর্থঃ ॥৪১॥
ক্বচিন্মাৎস্যে। সর্ব্বপর্ব্বাণি পঞ্চানামপি সর্ব্বাণি পর্ব্বাণি তথাচ তত্রৈব। যবোষবস্তু

প্রবাহুর মধ্যভাগের পরিধি ষোড়শাঙ্গুল, প্রবাহুর অগ্রভাগের পরিধি দ্বাদশ অঙ্গুল। হস্ততলের দীর্ঘ সাত অঙ্গুল ও বিস্তার ছয় অঙ্গুল হয় ॥ ৩৯ ॥

কোন স্থানে অর্থাৎ নারদীয়ে ঐ হস্ততল বিস্তারে পঞ্চাঙ্গুল, হস্ততলের মধ্যভাগ নিম্ন এবং ধ্বজ বজ্রাদি প্রশস্ত লক্ষণযুক্ত। মধ্যমা পঞ্চাঙ্গুল, অন্য অনামিকা ও তর্জ্জনী সার্দ্ধ চতুরঙ্গুল ॥ ৪০ ॥

কনিষ্ঠাঙ্গুলি ও অঙ্গুষ্ঠ এই দুইয়ের পরিমাণ চারি অঙ্গুল। কাহারও মতে অঙ্গুষ্ঠের পরিমাণ সার্দ্ধ তিন অঙ্গুল এবং দুই পর্ব্ব (গ্রন্থি) অন্য অঙ্গুলি সকল ত্রিপর্ব্ব এবং শোভন গোপুচ্ছাকৃতি স্ব স্ব পর্ব্বের অনুসারে সকল পর্ব্বগুলি সমান হয় ॥ ৪১ ॥

কাহারও মতে মধ্যমার মধ্য পর্ব্ব দুই অঙ্গুলি, অন্য পর্ব্ব সকল

অন্যানি সর্ব্বপর্ব্বাণি ন্যূনানি যবশঃ ক্রমাৎ ॥ ৪২ ॥
অঙ্গুষ্ঠস্যোর্দ্ধপর্ব্বস্থঃ পরিধিশ্চতুরঙ্গুলঃ।
ক্রমশঃ কিঞ্চিদূনাশ্চ সর্ব্বে পরিধয়োঽপরে ॥ ৪৩ ॥
কূর্ম্মপৃষ্ঠসমাঃ স্বস্বপর্ব্বার্দ্ধপ্রমিতা নখাঃ।
চতুর্বিংশত্যঙ্গুলোঽথ বিস্তারো বক্ষসো ভবেৎ।
স্তনয়োস্তু দ্বয়োর্মধ্যে বিস্তারো দ্বাদশাঙ্গুলঃ।
দ্ব্যঙ্গুলঃ স্বস্ববিস্তারে চুচুকৌ যবমাত্রকৌ।
কক্ষে ষড়ঙ্গুলে তদ্বদ্বাহুমূলস্তনান্তরে ॥ ৪৪ ॥
চতুর্দ্দশাঙ্গুলং চারু বিস্তারে জঠরং ভবেৎ।

সর্ব্বস্যা ইত্যাদি। ক্রমাদিতি যস্যা যাবৎপ্রমাণং পর্ব্ব তদনুসারেণ ন্যূনমিত্যর্থঃ এবমগ্রেঽপি জ্ঞেয়ং ॥ ৪২ ॥

পর্ব্বস্থঃ পর্ব্ববর্ত্তী অপরে সর্ব্ব ইতি অঙ্গুষ্ঠস্যাধোবর্ত্তী তথৈব পর্ব্বাণাঞ্চ সর্ব্বেষাং সর্ব্বে পরিধয়ঃ ॥ ৪৩ ॥

স্বস্য স্বস্য তস্য বিস্তারঃ। অতঃ ষড়ঙ্গুলস্তয়োঃ পরিণাহো জ্ঞেয়ঃ বাহুমূলস্তনয়োরন্তরে মধ্যদ্বয়ং ॥ ৪৪ ॥

চারু অশ্বত্থপত্রাকারান্তথা ত্রিবলিসূক্ষ্মরেখাত্রয়াদিনা চ সুন্দরং ॥ ৮৫ ॥

ক্রমশঃ এক এক যব করিয়া ন্যূন হইবে ॥ ৪২ ॥

অঙ্গুষ্ঠের ঊর্দ্ধ পর্ব্বস্থ পরিধি চারি অঙ্গুল এবং অঙ্গুষ্ঠের নিম্ন পর্ব্বের তথা অন্য সকল অঙ্গুলিপর্ব্বের পরিধি ক্রমশঃ তদপেক্ষা কিঞ্চিৎ ন্যূন ॥ ৪৩ ॥

নখ সকল কূর্ম্মপৃষ্ঠ সদৃশ ও স্ব স্ব পর্ব্বের অর্দ্ধপরিমিত হয়। বক্ষঃস্থলের বিস্তার চতুর্ব্বিংশতি অঙ্গুল। দুই স্তনের মধ্যদেশে দ্বাদশাঙ্গুল বিস্তৃত। স্ব স্ব পরিমাণে স্তনদ্বয়ের বিস্তার দুই অঙ্গুল এবং চুচুকের (কুচাগ্রের) পরিমাণ যবমাত্র এবং বাহু ও স্তন এই দুইয়ের অন্তরে কক্ষ ছয় অঙ্গুল হয় ॥ ৪৪ ॥

অশ্বত্থপত্রাকৃতি ও ত্রিবলি তিনটী সূক্ষ্মরেখাযুক্ত সুন্দর ও উদরের

মধ্যে চৈকাঙ্গুলা নাভির্নিম্না চ বিততা তথা ॥ ৪৫ ॥
নাভিমধ্যে তু পরিধির্দ্বিচত্বারিংশদঙ্গুলা।
বিস্তারে পুরুষস্যোক্তা কটিরষ্টাদশাঙ্গুলা ॥ ৪৬ ॥
পরিণাহো ভবেত্তস্যাশ্চতুঃপঞ্চাশদঙ্গুলঃ।
ঊর্ব্বোর্মূলে তু বিস্তারো দ্বাদশাঙ্গুলকো ভবেৎ।
মধ্যেঽধিকঃ ক্রমাদূনঃ পরিধিস্ত্রিগুণোঽখিলঃ ॥ ৪৭ ॥
চতুর্দ্দশাঙ্গুলঃ ক্বাপি পরিণাহস্তু তাদৃশঃ।
উচ্চমেকাঙ্গুলং জানুদ্বয়ং ত্র্যঙ্গুলকং ততং ॥ ৪৮ ॥
তন্মধ্যে পরিধিস্ত্বেকবিংশত্যঙ্গুলকো ভবেৎ।
ক্বাপ্যষ্টাঙ্গুলবিস্তারঃ পরিধৌ ত্রিগুণং হি তৎ ॥ ৪৯ ॥

পুরুষস্যেতি স্ত্রীণাং তদাধিক্যাৎ তচ্চাগ্রে ব্যক্তং ভাবি ॥ ৪৬ ॥

অধিকো বিস্তারস্তদগ্রে চ ক্রমেণোনঃ হস্তিহস্তকদলীবৃক্ষাদ্যাকারসাদৃশ্যাৎ। অখিল ইতি মূলমধ্যাগ্রবর্ত্তী সর্ব্বোঽপি পরিধিঃ স্বস্বমানানুসারেণ ত্রিগুণঃ ॥ ৪৭ ॥

ক্বাপি বারাহ্যাং। তাদৃশস্ত্রিগুণঃ ততং বিস্তীর্ণং ॥ ৪৮ ॥

ক্বাপি শ্রীহয়শীর্ষীয়ে। তৎ জানু ॥ ৪৯ ॥

বিস্তার চতুর্দ্দশ অঙ্গুলি হয়। নাভির মধ্যদেশ নিম্নতায় ও বিস্তারে এক অঙ্গুল হয় ॥ ৪৫ ॥

নাভির মধ্যদেশে শরীরের পরিধি দ্বিচত্বারিংশদঙ্গুল (৪২) পুরুষ-প্রতিমার কটিদেশ বিস্তারে অষ্টাদশ অঙ্গুল উক্ত হইয়াছে ॥ ৪৬ ॥

কটির পরিসর চতুঃপঞ্চাশৎ (৫৪) অঙ্গুল। উরুদ্বয়ের মূলের বিস্তার দ্বাদশ অঙ্গুল। মধ্যে অধিক ও ক্রমে ঊন, সমুদায় পরিধি বিস্তারের তিন গুণ হয় ॥ ৪৭ ॥

কোন স্থানে অর্থাৎ বরাহপুরাণে উরুদ্বয়ের বিস্তার চতুর্দ্দশ অঙ্গুল এবং পরিধিও সেই প্রকার ত্রিগুণ। জানুদ্বয় উচ্চ একাঙ্গুল, বিস্তার তিন অঙ্গুল ॥ ৪৮ ॥

তাহার মধ্যের পরিধি একবিংশতি অঙ্গুল হয়। হয়শীর্ষপঞ্চরাত্রে জানুর বিস্তার অষ্ট অঙ্গুল ও তাহার পরিধি তিনগুণ হয় ॥ ৪৯ ॥

বিস্তারো জঙ্ঘয়োঃ সপ্তাঙ্গুলো মধ্যেঽপি তাদৃশঃ।
পরিধিঃ ক্বাপি তন্মূলে বিস্তারস্তু ষড়ঙ্গুলঃ॥ ৫০ ॥
পরিধিস্ত্রিগুণোঽগ্রে তু চতুর্দ্দশাঙ্গুলঃ।
ক্বচিত্ত্বেকাধিকঃ সোঽঙ্ঘ্রী দ্বৌ চ চতুর্দ্দশাঙ্গুলৌ ॥ ৫১ ॥
দ্বাদশাঙ্গুলকৌ ক্বাপি বিস্তারে তৌ ষড়ঙ্গুলৌ।
কূর্ম্মপৃষ্ঠোন্নতৌ গুল্ফদ্বয়ং দ্ব্যঙ্গুলকং তয়োঃ ॥ ৫২ ॥
দৈর্ঘ্যে ত্র্যঙ্গুলকোঽঙ্গুষ্ঠঃ ক্বচিচ্চ চতুরঙ্গুলঃ।
প্রদেশিনী তু তত্তুল্যা ষোড়শাংশোন মধ্যমা ॥ ৫৩ ॥

অপি শব্দাৎ মধ্য ইত্যস্যোভয়তোঽপ্যন্বয়ঃ। পরিধিস্তাদৃশস্ত্রিগুণঃ। ক্বাপি শ্রীনারদীয়ে॥৫০॥
ক্বচিত্তত্রৈব। সঃ অগ্র্যঃ পরিধিঃ একাধিকঃ পঞ্চদশাঙ্গুল ইত্যর্থঃ। অতস্তন্মতে তয়োরগ্রে বিস্তারঃ পঞ্চাঙ্গুলো জ্ঞেয়ঃ। তথাচ তত্রৈব। জঙ্ঘাবসান ইত্যাদি চতুর্দ্দশাঙ্গুলৌ জ্ঞেয়ৌ দৈর্ঘ্যে। তচ্চ পাষ্ণিপৃষ্ঠতোঽঙ্গুষ্ঠাগ্রান্তং। তথাচ তত্রৈব। পার্ষ্ণ্যোশ্চ পৃষ্ঠত ইত্যাদি ॥৫১॥
ক্বাপি শ্রীহয়শীর্ষীয়ে। দৈর্ঘ্যে দ্বাদশাঙ্গুলৌ দ্ব্যঙ্গুলকং দৈর্ঘ্যে বিস্তারে চ জ্ঞেয়ং। তয়োঃ পাদয়োঃ তচ্চতুরঙ্গুলং বর্ত্তুলং জ্ঞেয়ং ॥ ৫২ ॥
ক্বচিচ্চ শ্রীনারদীয়ে প্রদেশিনীষোড়শাংশেনোনা মধ্যমাঙ্গুলিঃ ॥ ৫৩ ॥

জঙ্ঘাদ্বয়ের মধ্যের বিস্তার সপ্তাঙ্গুল এবং মধ্যের পরিধি তদ্রূপ তিনগুণ। নারদীয়ে ঐ জঙ্ঘার মূলের বিস্তার ছয় অঙ্গুল হয় ॥ ৫০ ॥

ঐ জঙ্ঘার পরিধি তিনগুণ, অগ্রে চতুর্দ্দশ অঙ্গুল, কাহারও মতে সেই অগ্রিম পরিধি পঞ্চদশ অঙ্গুল। চরণদ্বয় দীর্ঘে চতুর্দ্দশ অঙ্গুল ॥৫১

কোন স্থানে অর্থাৎ হয়শীর্ষে। চরণদ্বয় দীর্ঘে দ্বাদশ অঙ্গুল, বিস্তার ছয় অঙ্গুল ও কূর্ম্ম পৃষ্ঠের ন্যায় উন্নত এবং সেই চরণদ্বয়ের গুল্ফ দীর্ঘ ও বিস্তারে দুই অঙ্গুল ॥ ৫২ ॥

অঙ্গুষ্ঠ দীর্ঘে তিন অঙ্গুল এবং কোন স্থানে অর্থাৎ নারদীয়ে চারি অঙ্গুল। তত্তুল্য প্রদেশিনী ( তর্জ্জনী ), মধ্যমাঙ্গুলি ষোড়শাংশে ঊন বলিয়া সম্মত অর্থাৎ পোনেচারি অঙ্গুল হইবে ॥ ৫৩ ॥

অন্যে দ্বে চাষ্টমাংশোনে তাদৃশ্যো বাখিলাঃ ক্রমাৎ।
ক্বাপ্যন্যে দ্বে পাদহীনে উচ্চশ্চৈকাঙ্গুলেন সঃ ॥ ৫৪ ॥
সপাদাঙ্গুলতঃ ক্বাপি পরাঃ সর্ব্বাস্তদর্দ্ধতঃ।
পঞ্চাঙ্গুলোঽস্য পরিধির্দেশিন্যাস্ত্র্যঙ্গুলো ভবেৎ ॥ ৫৫ ॥
অন্যাসাং ত্বষ্টমাংশোনঃ পরিধিঃ স্যাৎ ক্রমেণ হি।
দ্বিপর্ব্বকো মতোঽঙ্গুষ্ঠঃ পরাঃ সর্ব্বাস্ত্রিপর্ব্বিকাঃ ॥ ৫৬ ॥
স্ব স্ব দৈর্ঘ্যে তৃতীয়াংশঃ পর্ব্ব তাসামমুষ্য চ।

অন্যে অনামিকাকনিষ্ঠে। ক্রমাদিতি অনামিকায়া অষ্টমাংশেনোনা কনিষ্ঠা জ্ঞেয়া। অখিলা অঙ্গুলয়স্তাদৃশ্যঃ অঙ্গুষ্ঠাষ্টমাষ্টমাংশোনাঃ। ক্রমাদিতি পূর্ব্বপূর্ব্বত্র উত্তরোত্তরা অপি সর্ব্বাঃ ক্রমেণাষ্টমাংশোনা ইত্যর্থঃ। তথাচ শ্রীহয়শীর্ষীয়ে। অষ্টমাংশাষ্টমাংশোনা ইত্যাদি। মাৎস্যে তু অঙ্গুষ্ঠস্য সমা তদ্বদিত্যাদি। ক্বাপি শ্রীনারদীয়ে। অন্যে অনামিকাকনিষ্ঠে মধ্যমাতঃ পাদহীনে। তত্রাপি ক্রমাদিত্যস্যানুবর্ত্তনাদনামিকাপাদোনা কনিষ্ঠা জ্ঞেয়া। সঃ অঙ্গুষ্ঠঃ ॥ ৫৪ ॥

ক্বাপি শ্রীহয়শীর্ষীয়ে সপাদাঙ্গুলেনোচ্চঃ। পরাঃ প্রদেশিন্যাদ্যাস্তস্যাঙ্গুষ্ঠস্যার্দ্ধেনোচ্চাস্তত্র তত্তৎ পরিণাহানুসারেণৈব জ্ঞেয়াঃ। অস্য অঙ্গুষ্ঠস্য। দেশিন্যাঃ প্রদেশিন্যাঃ ॥ ৫৫ ॥

হি এব ক্রমেণৈব ॥ ৫৬ ॥

অনামিকা মধ্যমাঙ্গুলি হইতে অষ্টমাংশ ন্যূন এবং কনিষ্ঠাঙ্গুলি অনামিকা হইতে অষ্টমাংশে ন্যূন হইবে, অথবা সকল অঙ্গুলি অঙ্গুষ্ঠ হইতে ক্রমে অষ্টমাংশে ন্যূন হইবে। কাহারও মতে অনামিকা মধ্যমাঙ্গুলি হইতে একপাদ হীন ও কনিষ্ঠা অনামিকা হইতে একপাদ হীন, তথা অঙ্গুষ্ঠ উচ্চে একাঙ্গুল হয় ॥ ৫৪ ॥

কোন স্থানে অর্থাৎ হয়শীর্ষে ঐ অঙ্গুষ্ঠ সপাদ অঙ্গুলি অর্থাৎ সওয়া অঙ্গুলি উচ্চ হয়, ঐ মতে অপরা প্রদেশিনী প্রভৃতি সমুদায় অঙ্গুলি ঐ অঙ্গুষ্ঠের অর্দ্ধ উচ্চ। ঐ অঙ্গুষ্ঠের পরিধি পাঁচ অঙ্গুল, প্রদেশিনীর (তর্জ্জনীর) পরিধি তিন অঙ্গুল হয় ॥ ৫৫ ॥

অন্যান্য অঙ্গুলির পরিধি ক্রমশঃ অষ্টাংশ ন্যূন হয়। অঙ্গুষ্ঠ দ্বিপর্ব্ব এবং অন্যান্য অঙ্গুলি সকল তিন পর্ব্ব ॥ ৫৬ ॥

অঙ্গুলি সকলের স্ব স্ব দীর্ঘের তৃতীয়াংশ পর্ব্ব হয়। অঙ্গুষ্ঠের নখ

অঙ্গুষ্ঠস্য নখঃ পাদোনাঙ্গুলোঽর্দ্ধাঙ্গুলোঽন্যতঃ। ৫৭ ॥
ক্রমেণ কিঞ্চিদূনশ্চ কূর্ম্মপৃষ্ঠসমো হি সঃ।
নিতম্বৌ করিকুম্ভাভৌ বিস্তারে ষোড়শাঙ্গুলৌ ॥ ৫৮ ॥
ষট্ত্রিংশদঙ্গুলং স্কন্ধাৎ পৃষ্ঠং নিম্নং ক্রমেণ তৎ।
বিংশত্যঙ্গুলপর্য্যন্তং নতবংশঞ্চ তন্মতং।
মধ্যদেশাচ্চ বিততং মিলিতং মৎস্যযুগ্মবৎ।
অন্যচ্চালিখিতং কার্য্যং লোকদৃষ্ট্যাঽখিলং বুধৈঃ ॥ ৫৯ ॥

অমুষ্য অঙ্গুষ্ঠস্য চ। অন্যতঃ সর্ব্বসামান্যানামিত্যর্থঃ ॥ ৫৭ ॥

স নখঃ। করিকুম্ভাভাবিত্যনেন সুবর্ত্তুলৌ সুবিভক্তৌ চ জ্ঞেয়ৌ। ষোড়শাঙ্গুলবিস্তারত্বেন তয়োঃ পরিধিস্তত্রিগুণো জ্ঞেয় এব ॥ ৫৮ ॥

তৎ পৃষ্ঠং বিংশত্যঙ্গুলপর্য্যন্তং ক্রমেণ নিম্নং নতং পৃষ্ঠবংশং। যদ্যপ্যবষ্টম্ভাচ্ছাদনাদিনা শ্রীমূর্ত্তের্নিতম্বপৃষ্ঠে ন দৃশ্যেতে। অতএবান্যত্র তে দ্বে নোক্তে কেবলং শ্রীনারদীয় এবোক্তে। তথাপি কচিদবষ্টম্ভরাহিত্যাদিনা তদপেক্ষয়াত্র তে লিখিতে। এবং প্রসিদ্ধ প্রধান প্রকট সর্ব্বাঙ্গপরিমাণং লিখিত্বাত্র অলিখিতান্যবিজ্ঞানপ্রকারং লিখতি অন্যচ্চেতি। লিঙ্গাদিকং কর্ণচ্ছিদ্রপার্শ্বদ্বয়নিম্নত্বং নখাগ্রোঽর্দ্ধচন্দ্রাকৃতিত্বং পার্শ্বদ্বয়াদিকঞ্চ। লোকদৃষ্ট্যা লোকেষু তত্তদঙ্গসৌষ্ঠবাদি দৃষ্ট্যা। বুধৈরিতি তত্র তত্রৈব অবুদ্ধ্যা বিচার্য্য তথাপি শাস্ত্রোক্ত ধ্যানেন ধ্যেয় শ্রীভগবদঙ্গসৌন্দর্য্যাদ্যনুসারেণৈব সর্ব্বং কার্য্যমিত্যর্থঃ ॥ ৫৯ ॥

পাদ ঊন এক অঙ্গুল, অন্য অঙ্গুলি সকলের নখ অর্দ্ধাঙ্গুল হয় ॥ ৫৭ ॥

নখ সকল ক্রমে কিঞ্চিৎ ঊন কূর্ম্মপৃষ্ঠের তুল্য হয়। করিকুম্ভের ন্যায় নিতম্ব, ইহার বিস্তার ষোড়শাঙ্গুল হয় ॥ ৫৮ ॥

স্কন্ধ হইতে পৃষ্ঠ বিস্তারে ষট্ত্রিংশদঙ্গুলি (৩৬) এবং সেই পৃষ্ঠ বিংশতি অঙ্গুলি পর্য্যন্ত ক্রমে নিম্ন এবং সেই পৃষ্ঠ নতবংশ অর্থাৎ পৃষ্ঠবংশ (পৃষ্ঠদণ্ড) নত জানিবেন, তথা পৃষ্ঠের মধ্যদেশ হইতে বিস্তৃত এবং মৎস্যযুগলের ন্যায় মিলিত। এতদ্ভিন্ন যাহা লিখিত হয় নাই পণ্ডিত ব্যক্তি লোক দৃষ্টি অনুসারে তাহার কল্পনা করিবেন ॥ ৫৯ ॥

হয়শীর্ষীয়ে ॥

এতত্তে লক্ষণং প্রোক্তমুদ্দেশেন সয়ানঘ।
অনয়ৈব দিশা কার্য্যং স্বয়মপ্যূহ্য দেশিকৈঃ ॥ ৬০ ॥
লোকেষু লক্ষণং দৃষ্ট্বা হসিতাদি নিরীক্ষণং।
তথা তথৈব কর্ত্তব্যমূহ্যং যত্নেন দেশিকঃ ॥ ৬১ ॥

শ্রীনারদীয়ে ॥

মনোহরাঙ্গাবয়বাঃ সর্ব্বে কার্য্যাঃ সুলক্ষণাঃ।
কেশৈরলকজাতঞ্চ ললাটোপরি শোভনং।

উদ্দেশেন সংক্ষেপেণৈব। ন তু সাকল্যেনেত্যর্থঃ। দিশা উদ্দিষ্টৈকাংশেনেত্যর্থঃ। তত্রাপ্যূহ্য বিচার্য্যৈবেত্যর্থঃ লিখিতার্থমেবৈতৎ ॥ ৬০ ॥

লক্ষণং অঙ্গসৌষ্ঠবপ্রকারং। যথা শ্রীমুখস্য পূর্ণচন্দ্রাদ্যাকারেণ শ্রীনেত্রয়োশ্চ পদ্মপত্রেণ সাদৃশ্যমিত্যাদি। তত্তদঙ্গং বা। কিঞ্চ। নিরীক্ষণমবলোকনং হসিতাদি চ দৃষ্ট্বা। তথা তেন লোকত্তরবিষয়কদৃষ্টলক্ষণপ্রকারেণ বীপ্সা তদ্দার্ঢ্যার্থা তত্তল্লক্ষণঞ্চ সামুদ্রকাদাবুক্তং। সাক্ষাৎ কস্মিংশ্চিৎ সুপুরুষে দৃশ্যমানঞ্চ জ্ঞেয়ং ॥ ৬১ ॥

মনোহরা অঙ্গস্য শ্রীমূর্ত্তেরবয়বাঃ কিম্বা অঙ্গং শ্রীমূর্ত্ত্যাদ্যাকারাদিকং অবয়বাশ্চ সুশোভনং লক্ষণং শাস্ত্রোক্তং মহাপুরুষলক্ষণং যেষু তে। কেশৈঃ সহ। শোভনং ভ্রমরা-

হয়শীর্ষে ॥

হে অনঘ! আমি এই শ্রীমূর্ত্তির লক্ষণ সংক্ষেপে কহিলাম, আচার্য্য গণ এই লিখিত অনুসারে স্বয়ং বিচার করিয়া শ্রীমূর্ত্তির নির্ম্মাণ করিবেন ॥ ৬০ ॥

আচার্য্য হাস্য আদি নিরীক্ষণ পর্য্যন্ত লোক সকলের লক্ষণ অর্থাৎ অঙ্গসৌষ্ঠব প্রকার দেখিয়া যত্নসহকারে বিচার পূর্ব্বক তদ্রূপ নির্ম্মাণ করিবেন ॥ ৬১ ॥

নারদপুরাণে ॥

শ্রীমূর্ত্তির অঙ্গের অবয়ব সকল শোভনলক্ষণসম্পন্ন তথা ললাটের উপরি ভাগে কেশের সহিত চূর্ণকুন্তলজনিত শোভা এবং হার, নূপুর,

হার নূপুর কেয়ূর মেখলা মৌলিভূষিতং।
শিষ্টং ধ্যানোদিতং সর্ব্বং ময়ানুক্তং প্রকল্পয়েৎ ॥ ৬২ ॥
বারাহে ॥
দেশানুরূপ-ভূষণ বেশালঙ্কার মূর্ত্তিভিঃ কার্য্যা।
প্রতিমা লক্ষণযুক্তা সংবিহিতা বুদ্ধিদা ভবতি ॥
কিঞ্চ। হয়শীর্ষীয়ে ॥
বাসুদেবং প্রকুর্ব্বীত চতুর্ব্বাহুং সুরেশ্বরং।
দক্ষিণোপরি চক্রং তু পদ্মং চাধঃ প্রকল্পয়েৎ।
বামোপরি গদা কার্য্যা শঙ্খং চাধঃ সুশোভনং।

কার সাদৃশ্যাদিনা বিরাজমানং। কেশৈঃ শোভনমিতি বা মৌলাধঃ কিঞ্চিৎ কেশপাশমূল-দর্শনাৎ হারাদিভিঃ সহৈর্ভূষিতং উপলক্ষণমেতৎ বনমালাকুণ্ডলাদিভিরপি। যচ্চাত্রানুক্তং শিষ্টমবশিষ্টমঙ্গসৌষ্ঠবাদিকং তদ্ধ্যানে উদিতমত্রান্যত্রাপ্যুক্তং প্রকর্ষেণ ততোঽপ্যুৎকৃষ্টতয়া কল্পয়েৎ রচয়েৎ ॥ ৬২ ॥

দেশানুরূপং বিভূষণং যথোক্তদেশে চূড়া গর্ত্তকাদি মধ্যদেশাদৌ চাত্র কঞ্চুকোষ্ণীষাদি। বেশশ্চ কেশবন্ধ বস্ত্রাদিপরিধানপরিপাট্যাদিনা ছন্দঃ। অলঙ্কারঃ কুণ্ডলাঙ্গদাদিঃ। মূর্ত্তিশ্চ সকেশাদিঃ পার্ষদাদিঃ প্রতিমা বা তাভিঃ লক্ষণৈরত্রান্যত্রাপ্যুক্তৈরঙ্গসৌষ্ঠবাদিভির্যুক্তা এবং সম্যগ্বিহিতা নির্ম্মিতা সতী ভক্তাদের্বুদ্ধিদা ॥ ৬৩ ॥

কেয়ূর, মেখলা ও মৌলি ভূষিত করিবেন। অপর অবশিষ্ট অঙ্গসৌষ্ঠবাদি আমি যাহা উল্লেখ করি নাই, তাহা ধ্যানানুসারে উত্তম রূপে কল্পনা করিবেন ॥ ৬২ ॥

বরাহপুরাণে ॥

দেশের অনুরূপ ভূষণ, বেশ, অলঙ্কার ও মূর্ত্তিদ্বারা লক্ষণসম্পন্না প্রতিমা করিবেন। এই প্রকার প্রতিমা সম্যক্ রূপে নির্ম্মিতা হইলে ভক্ত সকলের বুদ্ধি প্রদান করিয়া থাকেন ॥

আরও। হয়শীর্ষে ॥

দেবেশ্বর বাসুদেবের চতুর্ব্বাহু মূর্ত্তি নির্ম্মাণ করিবেন, দক্ষিণদিকের উপরিস্থ হস্তে চক্র এবং অধস্থ হস্তে পদ্ম কল্পনা করিবেন। অপর বাম দিকের উপরিস্থ হস্তে গদা ও অধঃস্থ হস্তে সুশোভন শঙ্খযুক্ত করি-

এতল্লক্ষণসংযুক্তা প্রতিমা শুভদা ভবেৎ।
শ্রীপুষ্টী চাপি কর্ত্তব্যে পদ্মবীণাকরান্বিতে।
উরুমাত্রোচ্ছ্রিতায়ামে কিঞ্চিদাবর্জ্জিতে তথা।
নানাবিদ্যাধরৌ কার্য্যৌ প্রভামণ্ডলসংস্থিতৌ।
প্রভাং বিভূষয়েদ্বস্ত্রাদ্গজ ব্যালাদিভির্বুধঃ।
পাদাভ পাদপীঠঞ্চ তথা শোভা সমন্বিতং।
দেশদেশানুরূপেণ কর্ত্তব্যং দেশিকোত্তমৈঃ ॥ ৬৩ ॥
অথ তত্র কশ্চিদ্বিশেষঃ।
শ্রীগোপালদেবস্য।
বিষ্ণুধর্ম্মোত্তরে।
গোপালপ্রতিমাং কুর্য্যাদ্বেণুবাদনতৎপরাং।
বর্হাপীড়াং ঘনশ্যামাং দ্বিভুজামূর্দ্ধসংস্থিতাং।

বেণুবাদনতৎপরামিতি শ্রীমদধরন্যস্তবেণুবাদনমত্রশোভিতং। শ্রীহস্তদ্বয়ধৃত সহজসংলগ্নেন

বেন। এই প্রকার লক্ষণসম্পন্না প্রতিমা হইলে শুভপ্রদা হয়েন। বামদিকে পদ্ম ও বীণাহস্তান্বিত শ্রী ও পুষ্টি এই শক্তিদ্বয়ের মূর্ত্তি নির্ম্মাণ করিবেন, ঐ দুই মূর্ত্তি উরুমাত্র উচ্ছ্রিত ও আয়ামে কিঞ্চিৎ অবনত করিবেন। প্রভামণ্ডলসংস্থিত নানা বিদ্যাধর দুইটী কল্পনা করিবেন। পণ্ডিত ব্যক্তি গজব্যালাদি দ্বারা প্রভাকে বিভূষিত করিবেন। আচার্য্যগণ দেশদেশানুসারে পাদের আভাসমন্বিত পাদপীঠ নির্ম্মাণ করিবেন ॥৬৩॥

অথ প্রতিমা নির্ম্মাণ বিষয়ে শ্রীগোপালদেবের কোন বিশেষ।
বিষ্ণুধর্ম্মোত্তরে যথা ॥

শ্রীগোপাল প্রতিমা বক্ষ্যমাণ ক্রমে নির্ম্মাণ করিবেন, যথা—

গোপাল প্রতিমা বীণাবাদন তৎপর বর্হাপীড়, ঘনশ্যাম, দ্বিভুজ ও ত্রিভঙ্গ ললিতত্বপ্রযুক্ত ঊর্দ্ধসংস্থিত ॥

গৌতমীয়ে তন্ত্রে ॥

প্রতিমাং কৃষ্ণদেবস্য যত্নতঃ কারয়েৎ সুধীঃ ।
শিল্পিনা কৃষ্ণভক্তেন বিশ্বকর্ম্মোক্তজানতা ॥
দশপঞ্চাঙ্গুলা মুখ্যা মধ্যমা দ্বাদশাঙ্গুলা ।
অষ্টাঙ্গুলাধমা সা তু ন্যূনাধিক্যং ন কারয়েৎ ॥
অজ্ঞানেনাপি মোহেন যদি কুর্য্যান্নরাধমঃ ।
প্রতিমা বিফলা তস্য পূজনান্ন ফলং লভেৎ ॥
মানাঙ্গুলিবিহীনাচ প্রতিমা যত্র তিষ্ঠতি ।
রাজা নিপীড়য়ত্যেব গৃহস্থো নরকং ব্রজেৎ ॥
মানাঙ্গুলেন সা কার্য্যা নান্যথা মুনিসত্তম ॥
কাশ্মীরী জ্ঞানদা প্রোক্তা স্বর্ণজাপি চ মুক্তিদা ।
সম্পত্তিদা শিলাজা তু রাজতী বহুভক্তিদা ।

বংশী বিশেষেত্যর্থঃ। উদ্ধসংস্থিতামিতি ত্রিভঙ্গললিতত্বাৎ ॥ ৩৬ ॥

গৌতমীয় তন্ত্রে ॥

শোভন বুদ্ধিমান্ মনুষ্য বিশ্বকর্ম্মোক্ত শিল্পকর্ম্ম পরিজ্ঞাত ও কৃষ্ণভক্ত শিল্পি দ্বারা যত্নপূর্ব্বক শ্রীকৃষ্ণদেবের প্রতিমা নির্ম্মাণ করিবেন ॥

পঞ্চদশ অঙ্গুল পরিমিত প্রতিমা উত্তম, দ্বাদশ অঙ্গুল মধ্যম ও অষ্টাঙ্গুল অধম, এই কল্পের পরিমাণের ন্যূনাধিক্য করিবে না। যে নরাধম অজ্ঞান বা মোহবশতঃ ন্যূনাধিক্য করে তাহার প্রতিমা বিফল হয়, সেই প্রতিমার পূজা করিলে পূজার ফল লাভ হয় না। উক্ত পরিমাণ অঙ্গুলি হীন প্রতিমা যে স্থানে অবস্থিত হয়েন তথা রাজপীড়া উপস্থিত হয় এবং গৃহস্থ নরকে গমন করে, হে মুনিসত্তম! অতএব উক্ত প্রকার অঙ্গুলি পরিমাণে সেই প্রতিমা নির্ম্মাণ করিবে ইহার অন্যথা করিবে না ॥

কুঙ্কুম নির্ম্মিতা প্রতিমা জ্ঞানপ্রদা, স্বর্ণনির্ম্মিতা মুক্তিদা, শিলাজনিতা সম্পত্তিপ্রদা, রজতনির্ম্মিতা বহু ভক্তিপ্রদা, দারুজা তেজো

হেমোদা দারুজা যা তু রৈত্তিকী শত্রুনাশিনী ।
তাম্রী ধনবিবৃদ্ধিঞ্চ করোতি বহুসৌখ্যদা ।
সদৈব মৃণ্ময়ী প্রোক্তা প্রতিমা শুভলক্ষণা ।
ভোগদা মোক্ষদা সা তু প্রতিমা কথিতা তব ।
লেপ্যা লেখ্যা দ্বিধা চৈব প্রতিমা পরিকীর্ত্তিতা ।
পর্ব্বতাগ্রে নদীতীরে চত্বরে গোষ্ঠভূমিষু ।
সমুদ্রকূলেঽরণ্যে বা মানহীনা ন দূষণী ।
কৃষ্ণপ্রতিকৃতিং কুর্য্যাদ্দিব্যাং বেশসুচিহ্নিতাং ।
তান্তু সংস্থাপয়েন্মন্ত্রী গৃহে বা গোষ্ঠমধ্যতঃ ॥ ৬৪ ॥
অথাঙ্গং স্ত্রীণাঞ্চ ॥
চতুর্দ্দশাঙ্গুলং দৈর্ঘ্যে জঠরং বিততা কটিঃ ।
দ্বাবিংশত্যঙ্গুলা স্ত্রীণাং স্তনৌ চ দ্বাদশাঙ্গুলৌ ॥ ৬৫ ॥

দ্বাবিংশত্যঙ্গুলা বিততা স্তনৌ চ বিততৌ ॥ ৬১ ॥

দায়িনী ও পিত্তল নির্ম্মিতা শত্রুনাশিনী হয়েন। তাম্রময়ী প্রতিমা ধন বৃদ্ধি করেন। শুভলক্ষণা মৃণ্ময়ী প্রতিমা সর্ব্বদা বহুতর সুখভোগ, ও মোক্ষ প্রদান করেন, তোমার সম্বন্ধে এই সকল প্রতিমা কথিত হইল। লেপ্য ও লেখ্য ভেদে প্রতিমা দুই প্রকার হয় ॥

কিন্তু পর্ব্বতাগ্রে, নদীতীরে, চত্বরে, গোষ্ঠভূমিতে, সমুদ্রকূলে ও অরণ্যে পরিমাণ হীন প্রতিমা দূষণীয় হয়েন না ॥

মন্ত্রী ব্যক্তি বেশদ্বারা সুন্দররূপে চিহ্নিত উৎকৃষ্ট কৃষ্ণপ্রতিমা প্রস্তুত করিয়া সেই প্রতিমাকে গৃহে বা গোষ্ঠমধ্যে সংস্থাপন করিবেন ॥ ৬৪ ॥

অথ স্ত্রীপ্রতিমার অঙ্গ যথা—

স্ত্রীমূর্ত্তির জঠর দীর্ঘতায় চতুর্দ্দশ অঙ্গুল, কটি দ্বাবিংশতি অঙ্গুল এবং স্তনদ্বয় দ্বাদশ অঙ্গুল বিস্তৃত হয় ॥ ৬৫ ॥

কিঞ্চিদ্ধ্রস্বৌ ভুজৌ তাসাং কিঞ্চিদ্দীর্ঘমুখং ভবেৎ।
নাসা গ্রীবা ললাটানি সার্দ্ধদ্ব্যঙ্গুলকানি চ ॥ ৬৬ ॥
বিস্তারে কিঞ্চিদধিকার্দ্ধাঙ্গুলোঽধরপল্লবঃ।
নেত্রে চতুর্থভাগোনে পরং শ্রীবচ্চ পূর্ব্ববৎ ॥ ৬৭ ॥
তথাচ মাৎস্যে ॥
স্ত্রিয়ঃ কার্য্যাশ্চ বিদ্বদ্ভিস্তনোরু জঘনাধিকাঃ।
নানাভরণসংযুক্তাঃ কিঞ্চিদ্ধ্রস্বভুজাঃ শুভাঃ ॥ ৬৮ ॥

কিঞ্চিৎ পুরুষাদীবৎ ॥ ৬৬ ॥

পুরুষনেত্রাচ্চতুর্থভাগেন উনে। শ্রীবদিতি অগ্রে লেখ্যলক্ষ্মীমূর্ত্তিবৎ। অতএবোক্তং শ্রীহয়শীর্ষদেবেন। সর্ব্বেষামেব দেবানাং বিষ্ণূক্তং মানমুচ্যতে। দেবীনামপি সর্ব্বাসাং লক্ষ্ম্যুক্তং মানমুচ্যতে ইতি। পূর্ব্ববচ্চেতি পূর্ব্বোক্তপুরুষাঙ্গমানাদি সদৃশমপীতি লক্ষ্মীমূর্ত্তেঃ সর্ব্বাঙ্গমানাম্নুক্তেরিতি ॥ ৬৭ ॥

তথাচ শ্রীমৎস্যপুরাণে। স্বকীয়াঙ্গুলমানেন মুখং স্যাৎ দ্বাদশাঙ্গুলং। প্রতিমা মুখমানেন সমভাগান্ প্রকল্পয়েৎ। চতুরঙ্গুলা ভবেৎ গ্রীবা ভাগেন হৃদয়ং পুনঃ। নাভিস্তস্মাদধঃকল্প্যা ভাগেনৈকেন শোভনা। নিম্নত্বে বিস্তরত্বে চ অঙ্গুলস্তৎ প্রকীর্ত্তিতং। নাভেরধস্তান্মেঢ্রং তু ভাগেনৈকেন কল্পয়েৎ। দ্বিভাগেনায়তাবুরূ জানুনী চতুরঙ্গুলে। জঙ্ঘে দ্বিভাগে বিখ্যাতে

স্ত্রী প্রতিমা সকলের ভুজদ্বয় পুরুষ অপেক্ষা কিঞ্চিৎ হ্রস্ব এবং মুখ কিঞ্চিৎ দীর্ঘ হয়। আর নাসা, গ্রীবা ও ললাট এই তিন অঙ্গ সার্দ্ধ দ্বি অঙ্গুল বিস্তৃত হয় ॥ ৬৬ ॥

স্ত্রী প্রতিমা সকলের অধর পল্লব বিস্তারে কিঞ্চিৎ অধিক অর্দ্ধাঙ্গুল হয়, পুরুষের নয়ন হইতে স্ত্রী প্রতিমা সকলের নয়ন চতুর্থ ভাগের একভাগ হ্রস্ব ও অগ্রে লেখ্য লক্ষ্মীমূর্ত্তির ন্যায় হইবে ॥ ৬৭ ॥

তথাচ মৎস্যপুরাণে ॥

পণ্ডিতগণ পুরুষমূর্ত্তি অপেক্ষা স্ত্রীমূর্ত্তির স্তন, উরু ও জঘন অধিক এবং নানা আভরণসংযুক্ত ও শোভন ভুজ সকল কিঞ্চিৎ হ্রস্ব করিবেন ॥৬৮॥

পাদৌ চ চতুরঙ্গুলৌ। চতুর্দ্দশাঙ্গুলস্তদ্বন্মৌলিরস্য প্রকীর্ত্তিতঃ। ঊর্দ্ধমানমিদং প্রোক্তং পৃথুত্বং চ নিবোধত। সর্ব্বাবয়বমানেষু বিস্তারং শৃণুত দ্বিজাঃ। চতুরঙ্গুলং ললাটং স্যাদূর্দ্ধং নাসা তথৈব চ। দ্ব্যঙ্গুলং তু হনু জ্ঞেয়মোষ্ঠশ্চাঙ্গুলসম্মিতং। অষ্টাঙ্গুলং ললাটং তু তাবন্মাত্রে ভ্রুবৌ মতে। অর্দ্ধাঙ্গুলা ভ্রুবোর্লেখা মধ্যে ধনুরিবোন্নতা। উন্নতাগ্রা ভবেৎ পার্শ্বে শ্লক্ষ্ণা তীক্ষ্ণা প্রশস্যতে। অক্ষিণী দ্ব্যঙ্গুলায়ামে তদর্দ্ধং চৈব বিস্তরে। উন্নতোদরমধ্যে তু বক্ত্রান্তে শুভলক্ষণে। তারকা তত্রিভাগেন দৃষ্টিঃ স্যাৎ পঞ্চভাগিকা। দ্ব্যঙ্গুলং তু ভ্রুবোর্মধ্যং নাসামূলমথাঙ্গুলং। নাসাগ্রবিস্তরং তদ্বৎ স্থপুটদ্বয়মুন্নতং। নাসাপুটবিলং তদ্বদর্দ্ধাঙ্গুলমুদাহৃতং। কপোলে দ্ব্যঙ্গুলে তদ্বৎ কর্ণমূলাদ্বিনিঃসৃতে। হন্বগ্রমণ্ডলং তদ্বদ্বিস্তারাৎ দ্ব্যঙ্গুলং ভবেৎ। অর্দ্ধাঙ্গুলা ভ্রুবোরাজী মৃণালসদৃশী মতা। অর্দ্ধাঙ্গুলসমস্তদ্বদুত্তরোষ্ঠস্ত বিস্তরে। নিষ্পাবসদৃশং তদ্বন্নাসাপুটদলং ভবেৎ। সৃক্কণী যোনিতুল্যে তু কর্ণমূলাৎ ষড়ঙ্গুলে। কর্ণৌ তু ভ্রূসমৌ জ্ঞেয়াবূর্দ্ধঞ্চ চতুরঙ্গুলং। দ্ব্যঙ্গুলে কর্ণপার্শ্বে তু মাত্রামেকাস্তু বিস্তরে। কর্ণয়োরুপরিষ্টাচ্চ মস্তকং দ্বাদশাঙ্গুলং। ললাটং পৃষ্ঠতোর্দ্ধেন প্রোক্তমষ্টাদশাঙ্গুলং। ষট্‌ত্রিংশদঙ্গুলশ্চাপি পরিণাহ শিরোগতঃ। সকেশনিচয়স্যাস্য দ্বিচত্বারিংশদঙ্গুলঃ। কেশান্তাদ্ধনুকান্তদ্বদঙ্গুলানি তু ষোড়শঃ। গ্রীবামধ্যে পরীণাহশ্চতুর্ব্বিংশতিরঙ্গুলঃ। অষ্টাঙ্গুলা ভবেদ্গ্রীবা পৃথুত্বেন বিশিষ্যতে। স্তনগ্রীবান্তরং প্রোক্তমেকতালং স্বয়ম্ভুবা। স্তনয়োরন্তরং তদ্বদ্দ্বাদশাঙ্গুলমিষ্যতে। স্তনয়োর্মণ্ডলং তদ্বৎ দ্ব্যঙ্গুলং পরিকীর্ত্তিতং। চুচুকৌ মণ্ডলস্যান্তর্যবমাত্রাবুভৌ স্মৃতৌ। দ্বিতালং চাপি বিস্তারে বক্ষঃস্থলমুদাহৃতং। কক্ষে ষড়ঙ্গুলে প্রোক্তে বাহুমূলস্তনান্তরে। চতুর্দ্দশাঙ্গুলৌ পাদাবঙ্গুষ্ঠস্তত্রিরঙ্গুলঃ। পঞ্চাঙ্গুলপরীণাহমঙ্গুষ্ঠাগ্রং তথোন্নতং। অঙ্গুষ্ঠস্য সমা তদ্বদায়ামে স্যাৎ প্রদেশিনী। তস্যা ষোড়শভাগেন হীয়তে মধ্যমাঙ্গুলী। অনামিকাষ্টভাগেন কনিষ্ঠা চাপি হীয়তে। পর্ব্বত্রয়েণ চাঙ্গুল্যোগুল্ফৌ তু দ্ব্যঙ্গুলৌ স্মৃতৌ। পার্ষ্ণি দ্ব্যঙ্গুলমাত্রা তু কলোয়োচ্চা প্রকীর্ত্তিতা। দ্বিপর্ব্বাঙ্গুষ্ঠকঃ প্রোক্তঃ পরিণাহশ্চ দ্ব্যঙ্গুলঃ। প্রদেশিনী পরীণাহস্ত্র্যঙ্গুলঃ সমুদাহৃতঃ। অঙ্গুলীনামষ্টভাগেন হীয়তে ক্রমশো দ্বিজাঃ। অঙ্গুলেনোচ্ছ্রয়ঃ কার্য্যো অঙ্গুষ্ঠস্য বিশেষতঃ। তদর্দ্ধেন তু শেষাণামঙ্গুলীনাং সমুচ্ছ্রয়ঃ। জঙ্ঘাগ্রে পরিণাহস্তু অঙ্গুলানি চতুর্দ্দশ। জঙ্ঘামধ্যে পরীণাহস্তথৈবাষ্টাদশাঙ্গুলঃ। জানুমধ্যে পরীণাহ একবিংশতিরঙ্গুলঃ। জানূচ্ছ্রয়োঽঙ্গুলঃ প্রোক্তো মণ্ডলস্তু ত্রিরঙ্গুলং। ঊরুমধ্যে পরীণাহঃ অষ্টাবিংশতিকাঙ্গুলঃ। একবিংশোপরিষ্টাচ্চ বৃষণৌ তু ত্রিরঙ্গুলৌ। ত্র্যঙ্গুলঞ্চ তথামেঢ্রং পরিণাহে ষড়ঙ্গুলং। মণিবন্ধোদয়াং বিদ্যাৎ কোশরেখাং তথৈব চ। মণিকোশপরিণাহশ্চতুরঙ্গুল ইষ্যতে। বিস্তারেণ ভবেত্তদ্বৎ কটিরষ্টাদশাঙ্গুলঃ। দ্বাবিংশতি-

স্তথা স্ত্রীণাং স্তনৌ চ দ্বাদশাঙ্গুলৌ। নাভিমধ্যে পরিণাহো দ্বিচত্বারিংশদঙ্গুলঃ। পুরুষে পঞ্চপঞ্চাশৎকট্যাঞ্চৈব তু বেষ্টনং। কক্ষয়োরুপরিষ্টাচ্চ স্কন্ধৌ প্রোক্তৌ ষড়ঙ্গুলৌ। অষ্টাঙ্গুলাঞ্চ বিস্তারে গ্রীবাঞ্চৈব তু নির্দ্দিশেৎ। পরিণাহে তথা গ্রীবা কলা দ্বাদশনির্দ্দিশেৎ। আয়ামো ভুজয়োস্তদ্বৎ দ্বিচত্বারিংশদ্ব্যঙ্গুলঃ। কার্য্যন্তু বাহুশিখরং প্রমাণে ষোড়শাঙ্গুলং। ঊর্দ্ধং যদ্বাহুপর্ব্বান্তং বিদ্যাদষ্টাদশাঙ্গুলং। তথৈবাঙ্গুলহীনন্তু দ্বিতীয়ং পর্ব্বমুচ্যতে। বাহুমধ্যে পরীণাহো ভবেদষ্টাদশাঙ্গুলঃ। ষোড়শোক্ত প্রবাহুস্ত ষট্কলোহগ্রকরো মতঃ। সপ্তাঙ্গুলং করতলং পঞ্চাঙ্গুলবিস্তৃতং। অনামিকা মধ্যমায়াঃ সপ্তভাগেন হীয়তে। ষোড়শোক্ত-প্রবাহুস্ত ষট্ কলোহগ্রকরোমতঃ। তস্যাস্ত পঞ্চভাগেন কনিষ্ঠা পরিহীয়তে। মধ্যমায়াস্ত হীনা বৈ পঞ্চভাগেন তর্জ্জনী। অঙ্গুষ্ঠস্তর্জ্জনীমূলাদধঃপ্রোক্তস্ত তৎসমঃ। অঙ্গুষ্ঠপরিণাহস্ত বিজ্ঞেয়শ্চতুরঙ্গুলঃ। শেষাণামঙ্গুলীনাস্ত ভাগ ভাগেন হীয়তে। মধ্যমা মধ্যপর্ব্বন্ত অঙ্গুলদ্বয়-মায়তং। যবো যবস্ত সর্ব্বাসাং তস্যাস্তস্যাঃ প্রহীয়তে। অঙ্গুষ্ঠো মধ্যপর্ব্বস্ত তর্জ্জন্যাঃ সদৃশং ভবেৎ। যবদ্বয়াধিকং তদ্বদগ্রপর্ব্বমুদাহৃতং। পর্ব্বার্দ্ধেন নখান্ বিদ্যাদঙ্গুলীষু সমং ততঃ। স্নিগ্ধশ্লক্ষ্ণং প্রকুর্ব্বীত ঈষদ্রক্তং তথাগ্রজং। নিম্নপৃষ্ঠং ভবেন্মধ্যে পার্শ্বতঃ কলয়োচ্ছ্রিতং। তথৈব কেশপর্য্যন্তঃ স্কন্ধোপরিদশাঙ্গুলঃ। স্ত্রিয়ঃ কার্য্যাশ্চ বিবস্তিঃ স্তনোরুজঘনাধিকাঃ। চতুর্দ্দশাঙ্গুলায়ামমুদরং তাসু নির্দ্দিশেৎ। নানাভরণসম্পন্না কিঞ্চিদ্‌হ্রস্বভুজাস্ততঃ। কিঞ্চিদ্দীর্ঘং ভবেদ্বক্ত্রমলকাবলিরুত্তমা। নাসা গ্রীবা ললাটঞ্চ নির্দ্দিষ্টাশ্চতুরঙ্গুলাঃ। অধ্যর্দ্ধাঙ্গুল-বিস্তারঃ শস্যতেঽধরপল্লবঃ। অপরং নেত্রযুগ্মন্তু চতুর্ভাগেন নির্দ্দিশেৎ। গ্রীবাবলিশ্চ কর্ত্তব্যা কিঞ্চিদর্দ্ধাঙ্গুলোচ্ছ্রয়া। এবং নারীষু সর্ব্বাসু দেবানাং প্রতিমাসু চ। নবতালমিদং প্রোক্তং লক্ষণং পাপনাশনং। শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে। শ্রীভগবদ্‌ব্রহ্মসম্বাদে। অতঃপরং প্রবক্ষ্যামি প্রতিমালক্ষণং পরং। যন্ন কস্যচিদাখ্যাতং গুহ্যাদ্গুহ্যতরং পরং। অভিপ্রেতপ্রমাণস্ত নবধা প্রবিভাজয়েৎ। নবমে ভাস্করৈর্ভক্তে ভাগং স্বাঙ্গুলমুচ্যতে। দ্ব্যঙ্গুলং গোলকং নাম্না কলা নেত্রং তদুচ্যতে। ভাগমেকং ত্রিধা ভক্তা পার্ষ্ণিভাগং প্রকল্পয়েৎ। ভাগমেকং তথা জানৌ গ্রীবায়াং ভাগমেব চ। মুকুটং তালমাত্রং স্যাত্তালমাত্রং তথা মুখং। তালমাত্রেণ কণ্ঠস্ত তালেন হৃদয়ং তথা। নাভিমেঢ্রান্তরং তালং দ্বিতালাবুরুকৌ তথা। তালদ্বয়েন জঙ্ঘা তু সূত্রাণি শৃণু সাম্প্রতং। কার্য্যং সূত্রদ্বয়ং পাদে জঙ্ঘামধ্যে তথাপরং। হৃদয়ে চ তথা কার্য্যং কণ্ঠে সূত্রং দ্বয়ং তথা। ললাটে চাপরং কার্য্যং মস্তকে চ তথাপরং। মুকুটোপরি কর্ত্তব্যং সূত্রমেকং বিচক্ষণৈঃ। সূত্রাণ্যর্দ্ধং প্রদেয়ানি সপ্তৈব সুরসত্তম। কক্ষাত্রিকান্তরেণৈব কণ্ঠসূত্রাণি দাপয়েৎ। মধ্যসূত্রাণি সংত্যজ্য সূত্রাণ্যেবং নিবেশয়েৎ। ললাটনাসিকাবক্ত্রং

কর্ত্তব্যং চতুরঙ্গুলং। গ্রীবাকর্ণন্তু কর্ত্তব্যমায়ামাচ্চতুরঙ্গুলং। দ্ব্যঙ্গুলে হনুকে কার্য্যে বিস্তারাচ্চিবুকং তথা। অষ্টাঙ্গুলং ললাটন্তু বিস্তারেণ প্রকীর্ত্তিতং। পরেণ দ্ব্যঙ্গুলৌ শঙ্খৌ কর্ত্তব্যাবলকান্বিতৌ। চতুরঙ্গুলমাখ্যাতমন্তরং কর্ণনেত্রয়োঃ। দ্ব্যঙ্গুলৌ পৃথুকৌ কর্ণৌ কর্ণার্দ্ধাঙ্গুলপঞ্চমে। ভ্রূসমেন তু সূত্রেণ কর্ণসূত্রং প্রকীর্ত্তিতং। বিদ্ধং ষড়ঙ্গুলং কর্ণমবিদ্ধং চতুরঙ্গুলং। চিবুকেন সমং বিদ্ধমবিদ্ধং বা ষড়ঙ্গুলং। খড়্গপাত্রং তথাবর্ত্তং শষ্কুলীঃ কল্পয়েত্তথা। অঙ্গুলেনাধরঃ কার্য্যস্তস্যার্দ্ধেনোত্তরাধরঃ। অর্দ্ধাঙ্গুলং তথা গুলকং বক্ত্রং তু চতুরঙ্গুলং। আয়ামেন তু বৈপুল্যং সার্দ্ধমঙ্গুলমুচ্যতে। অব্যাত্তমেবং স্যাদ্বক্ত্রং ব্যাত্তং দ্ব্যঙ্গুলমুচ্যতে। নাসা বংশসমুচ্ছ্রায়ং মূলেত্বেকাঙ্গুলং গতং। উচ্ছ্রিতা দ্ব্যঙ্গুলং চাগ্রে করবীরোপমা স্মৃতা। অন্তরং চক্ষুষোঃ কার্য্যং চতুরঙ্গুলমানতঃ। দ্ব্যঙ্গুলং চাক্ষিকোষং তদ্ব্যঙ্গুলং চান্তরং তয়োঃ। তারা-নেত্রত্রিভাগেন দৃক্ তারা পঞ্চমাংশিকা। অঙ্গুলং নেত্রবিস্তারং দ্রোণী চার্দ্ধাঙ্গুলা মতা। তৎপ্রমাণা ভ্রুবোর্লেখা ভ্রুবৌ নেত্রসমে মতে। ভ্রূমধ্যং দ্ব্যঙ্গুলং কার্য্যং ভ্রূদৈর্ঘ্যং চতুরঙ্গুলং। ষট্‌ত্রিংশদঙ্গুলায়ামং মস্তকস্য তু বেষ্টনং। মূর্ত্তীনাং কেশবাদীনাং দ্বাত্রিংশদ্বেষ্টনং ভবেৎ। পঞ্চনেত্রাদধো গ্রীবাবিস্তারাদ্বেষ্টনং পুনঃ। ত্রিগুণন্তু ভবেদূর্দ্ধং বিস্তৃতাষ্টাঙ্গুলং পুনঃ। গ্রীবা ত্রিগুণমায়ামং গ্রীবাবক্ষোঽন্তরং ভবেৎ। স্কন্ধাবষ্টাঙ্গুলৌ কার্য্যৌ ত্রিকলাবংশকৌ শুভৌ। সপ্তনেত্রৌ স্মৃতৌ বাহূ প্রবাহূ ষোড়শাঙ্গুলৌ। ত্রিকলং বিস্তৃতৌ বাহূ প্রবাহূ চাপি তৎসমৌ। বাহুদণ্ডোর্দ্ধতো জ্ঞেয়ঃ পরীণাহঃ কলা নবঃ। সপ্তদশাঙ্গুলা মধ্যে কুর্পরোর্দ্ধেন ষোড়শী। কুর্পরস্য ভবেন্নাহস্ত্রিগুণঃ সুরসত্তম। নাহঃ প্রবাহু মধ্যে তু ষোড়শাঙ্গুল উচ্যতে। অগ্রহস্তে পরীণাহো দ্বাদশাঙ্গুল উচ্যতে। বিস্তারেণ করতলং কীর্ত্তিতং তু ষড়ঙ্গুলং। দৈর্ঘ্যেণ সপ্তাঙ্গুলং কার্য্যং মধ্যে পঞ্চাঙ্গুলা মতা। তর্জ্জন্যনামিকা চাপি তস্মাদর্দ্ধাঙ্গুলং বিনা। কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ কার্য্যৌ চতুরঙ্গুলসম্মিতৌ। দ্বিপর্ব্বাঙ্গুষ্ঠকঃ কার্য্যঃ শেষাঙ্গুল্যস্ত্রিপর্ব্বিকাঃ। সর্ব্বাসাং পর্ব্বণোর্দ্ধেন নখমানং বিধীয়তে। স্তনয়োর্বৎ প্রমাণঞ্চ অন্তরং তৎ প্রমাণকং চ। অঙ্গুলৈকং ভবেন্নাভী বেধেন চ প্রমাণতঃ। নাভীমধ্যে পরীণাহো দ্বিচত্বারিংশদঙ্গুলৈঃ চ। অন্তরং স্তনয়োঃ কার্য্যং তালমাত্রং প্রমাণতঃ। চুচুকৌ যবমানৌ তু দ্বিযবং মণ্ডলং ভবেৎ। চতুঃষষ্ট্যাঙ্গুলং কার্য্যং বেষ্টনং বক্ষসঃ স্ফুটং। চতুর্ম্মুখং তু তদধো বেষ্টনং পরিকীর্ত্তিতং। পরীণাহস্তথা কট্যাং চতুঃপঞ্চাশদঙ্গুলৈঃ। বিস্তারশ্চোরুমূলে তু প্রোচ্যতে দ্বাদশাঙ্গুলঃ। তস্মাদভ্যধিকং মধ্যে ততো নিম্নতরং ক্রমাৎ। বিস্তৃতোঽষ্টাঙ্গুলং জানু ত্রিগুণং পরিণাহতঃ। জঙ্ঘামধ্যে তু বিস্তারঃ সপ্তাঙ্গুল উদাহৃতঃ। ত্রিগুণঃ পরিধিশ্চাস্য জঙ্ঘাগ্রং পঞ্চ বিস্তরাৎ। ত্রিগুণঃ পরিধিশ্চাস্য পাদৌ তালপ্রমাণকৌ। আয়ামাদুচ্ছ্রিতৌ পাদৌ চতুরঙ্গুলমেব চ। গুল্ফপর্ব্বং তু কর্ত্তব্যং প্রমাণাচ্চতুরঙ্গুলং। ত্রিকলং বিস্তৃতৌ পাদৌ দ্ব্যঙ্গুলোঽঙ্গুষ্ঠকঃ স্মৃতঃ।

পঞ্চাঙ্গুলং তু নাহোঽস্য দীর্ঘত্বং তু প্রদেশিনী। অষ্টমাংশাষ্টমাংশোনাঃ শেষাঙ্গুল্যঃ ক্রমেণ তু। সপাদাঙ্গুলমুৎসেধমঙ্গুষ্ঠস্য প্রকীর্ত্তিতং। পাদোনমঙ্গুলং কার্য্যমঙ্গুষ্ঠস্য নখং সদা। অর্দ্ধাঙ্গুলং তথান্যাসাং ক্রমাদূনং তু কারয়েৎ। দ্ব্যঙ্গুলৌ বৃষণৌ কার্য্যৌ মেঢ্রন্তু চতুরঙ্গুলং। পরিণাহেন কোষাগ্রং কর্ত্তব্যং চতুরঙ্গুলং। ষড়ঙ্গুলপরীণাহৌ বৃষণৌ পরিকীর্ত্তিতৌ। বৃষণালঙ্কৃতা কার্য্যা প্রসন্নবদনেক্ষণা। প্রতিমা বাসুদেবস্য মানেন সুরসত্তম॥ শ্রীনারদপঞ্চরাত্রে শ্রীভগবন্নারদসম্বাদে॥ চিবুকাচ্চ ললাটান্তং স্যান্মুখং দ্বাদশাঙ্গুলং। ললাটাদূর্দ্ধতো বিপ্রাস্ত্র্যঙ্গুলং চোন্নতং শিরঃ। দ্বাদশাঙ্গুলবিস্তীর্ণং ত্রিগুণং পরিণাহতঃ। বিস্তারাদ্ব্যঙ্গুলৌ কর্ণৌ তন্মাত্রা ত্রিগুণোচ্ছ্রিতৌ। কন্যকাগ্রসমং বিদ্ধি রন্ধ্রং শ্রোত্রস্য চান্তরা। কর্ণাবটাবধশ্চোর্দ্ধৌ মানেনার্দ্ধাঙ্গুলৌ স্মৃতৌ। কর্ণছিদ্রাদধো বাহ্যে কর্ণমধ্যেঽঙ্গুলো বটঃ। অঙ্গুলা কর্ণপাণ্যোশ্চ পার্শ্বঃ স্যাদ্বা যদৃচ্ছয়া। ভ্রূলতা শশিরেখে চ আয়ামাচ্চতুরঙ্গুলা। অর্দ্ধাঙ্গুলেন বৈ কার্য্যা মধ্যাঙ্গুলাগ্রতঃ কৃশা। ভ্রূমধ্যমঙ্গুলসমং নাসা তু চতুরঙ্গুলা। অঙ্গুলা চাগ্রতঃ কার্য্যা তিলপুষ্পাকৃতিস্তথা। নেত্রয়োরন্তরং জ্ঞেয়ং ত্র্যঙ্গুলং নেত্রতস্তথা। দৈর্ঘ্যেণ ত্র্যঙ্গুলং নেত্রং তদায়ামেন চাঙ্গুলং। ত্র্যংশেন তারকং মধ্যে জ্যোতিস্ত ত্র্যংশভাগতঃ। ঘ্রাণাধশ্চাঙ্গুলেনৈব পার্শ্বহীনের্ন গোণ্ডিকা। কল্পাতে মুনিশার্দ্দূল একাংশেন ততোঽধরঃ। উত্তরাধ্যোঽপ্যধস্থশ্চ প্রমাণেনাঙ্গুলং স্মৃতং। দ্ব্যাঙ্গুলং চিবুকং বিপ্র উচ্ছ্রায়েণ প্রকীর্ত্তিতং। বিস্তারস্ত্র্যাঙ্গুলো জ্ঞেয়ঃ সৃক্বণীচতুরঙ্গুলে। ঈষদ্বিহসিতং তেন কর্ণপাণ্যোঃ পরস্পরং। কপোলমর্দ্ধশশিবত্তন্মধ্যে চতুরঙ্গুলৌ। তৌ চ গণ্ডৌ সমৌ কুর্য্যাত্ত্র্যংশপূর্ণৌ মনোরমৌ। কর্ণোচ্ছায়স্ত্র্যাঙ্গুলঃ স্যাদ্বিস্তারেণ তু নারদঃ। অষ্টাঙ্গুলোঽথ পরিধিস্ত্রিগুণঃ পরিকীর্ত্তিতঃ। কণ্ঠাবধিস্থিতং বক্ষো যাবৎ স্যাদবধির্মুনে। উন্নতত্বেন বিহিতং সদৈব দ্বাদশাঙ্গুলং। দ্বিগুণং তচ্চ বিস্তারাদ্দ্ব্যাঙ্গুলং স্তনমণ্ডলং। এতয়োশ্চুচুকং কার্য্যমষ্টমাংশং স্বকাঙ্গুলং। পরস্পরং স্যাৎ স্তনয়োরন্তরং দ্বাদশাঙ্গুলং। অষ্টাঙ্গুলৌ স্মৃতা বংশৌ বিস্তারেণ মহামতে। প্রোন্নতত্বেন কুর্য্যাচ্চ হস্তমূলাৎ ষড়ঙ্গুলং। উচ্ছ্রায়েণ তু নাভ্যন্তং কুর্য্যাদ্বৈ দ্বাদশাঙ্গুলং। কুর্য্যাৎ প্রদক্ষিণাবর্ত্ত নাভিং মেঢ্রাবধি দ্বিজ। উচ্ছ্রায়েণ চ সম্পাদ্যং সুসমং দ্বাদশাঙ্গুলং। নাভেরধস্তাদুদরং সম্পাদ্যং চতুরঙ্গুলং। শেষঃ স্যাৎ কটিভূভাগো বিস্তারেণোদরং মুনে। দ্বিসপ্তাঙ্গুলমানং স্যাৎ পরিধিস্ত্রিগুণস্মৃতঃ। কুর্য্যাৎ প্রজননং বিপ্র উচ্ছ্রায়েণ ষড়ঙ্গুলং। ত্রিগুণঃ পরিধানেন পরিধিস্তু কটেঃ স্মৃতঃ। ত্রিষড়ঙ্গুলবিস্তীর্ণং কটিমানমুদাহৃতং। ষড়্বিংশদঙ্গুলা বিপ্র পরিধিস্তু কটেঃ স্মৃতা। ঊর্ব্বোশ্চ জঘনং বিপ্র উচ্ছ্রায়েণ ষড়ঙ্গুলং। দ্ব্যঙ্গুলেন চ বিস্তীর্ণৌ বৃষণৌ চতুরঙ্গুলৌ। ত্রিচতুষ্কল সম্পূর্ণৌ উরুদণ্ডৌ ততো দ্বিজ। উচ্ছ্রায়েণ চ কর্ত্তব্যং চতুর্ব্বিংশাঙ্গুলং মুনে। পৃথুমূলৌ ক্রমক্ষামৌ সংলগ্নৌ গজপাণিবৎ। বিস্তারেণ তু কুর্ব্বীত

উরুমূলং ষড়ঙ্গুলং। ষট্‌ত্রিংশদঙ্গুলং নাভাবূরুমধ্যং নবাঙ্গুলং। উর্ব্বোরপ্যবসানে তু বেষ্টনং ত্বেকবিংশতিঃ। ত্র্যঙ্গুলং মুনিশার্দ্দূল পরিতো জানুমণ্ডলং। বিস্তারমুন্নতিঞ্চাপি জানোরপ্যধুনা শৃণু। দ্বির্দ্বাদশেনাঙ্গুলেন জানোর্বিস্তার উচ্যতে। ষড়ঙ্গুলেন বিস্তীর্ণং জঙ্ঘামূলং প্রকীর্ত্তিতং। জঙ্ঘামধ্যে তথা নাভাবষ্টাদশাথ বিংশতিঃ। জঙ্ঘাবসানে বিস্তারো জ্ঞেয়ঃ পঞ্চাঙ্গুলো মুনে। তমেব ত্রিগুণীকৃত্য তস্যৈব পরিধির্ভবেৎ। গুল্‌ফাদধস্ত্র্যঙ্গুলঃ স্যাৎ পাদোচ্ছ্রায়স্তু নারদ। পার্ষ্ণোশ্চ পৃষ্ঠতো যাবদঙ্গুষ্ঠাগ্রং দ্বিজোত্তম। পাদস্য তাবদ্দৈর্ঘ্যং স্যাদঙ্গুলানাং দ্বিসপ্তকং। ষড়ঙ্গুলেন বিততং কূর্ম্মপৃষ্ঠোন্নতং ক্রমাৎ। চতুর্ভিরঙ্গুলৈর্দীর্ঘমঙ্গুষ্ঠং পরিকীর্ত্তিতং। ত্রিগুণং বেষ্টনং তস্য দৈর্ঘ্যাত্তস্যা দশাধিকা। পাদপ্রদেশিনী কার্য্যা তৎসমীপস্থিতাঙ্গুলিঃ। অঙ্গুষ্ঠস্য সমা কার্য্যা পাদন্যূনা ত্বনামিকা। অনামিকায়াঃ পাদেন হীনা পাদকনীয়সী। ত্র্যংশেন বিদ্ধি সর্ব্বাসাং পর্ব্বমানং তু নারদ। পর্ব্বার্দ্ধেন নখাঃ কার্য্যা অর্দ্ধেন্দুসদৃশাঃ শুভাঃ। ষট্‌ত্রিংশদঙ্গুলং বিপ্র স্কন্ধাৎ পৃষ্ঠ সমাবধৌ। গোমুখং বা ক্রমান্নিম্নং যাবদঙ্গুলবিংশতি। মধ্যপ্রদেশাদ্বিততং পৃষ্ঠবংশোন্নতক্রমাৎ। সুগুপ্তং প্রবিভক্তঞ্চ বিভক্তঞ্চ তথা মুনে। সুমীলিতং মৎস্যযুগ্মং ক্ষাম পঞ্চাঙ্গুলং মতং। সুবর্ত্তুলৌ স্ফীতৌ কার্য্যৌ বিস্তারাৎ ষোড়শাঙ্গুলৌ। সুবিভক্তৌ চ পীনৌ চ করিকুম্ভোপমৌ স্মৃতৌ। অধস্তাৎ স্কন্ধশিখরাদ্বাহুঃ স্যাৎ ষোড়শাঙ্গুলঃ। অথো বিংশাঙ্গুলং বিদ্ধি উপবাহুং দ্বিজোত্তম। মণিবন্ধপ্রদেশস্তু তত্র ত্র্যঙ্গুল উচ্যতে। মধ্যমাঙ্গুলিপর্য্যন্তং মণিবন্ধাবসানতঃ। দ্বাদশাঙ্গুলমানস্তু স্কন্ধঃ স্যাৎ পরিবর্ত্তুলঃ। চতুরঙ্গুলবিস্তীর্ণঃ পরিধিস্ত্রিগুণো মতঃ। মূলতশ্চোপবাহ্বৈ পঞ্চাঙ্গুল উদাহৃতঃ। ত্রিগুণশ্চ তদুন্নাহস্তং ক্রমাৎ ক্ষাময়েচ্ছনৈঃ। গোপুচ্ছসদৃশং কৃত্বা যথা স্যাৎ কলয়া মুনে। মূলতশ্চোপবাহ্বৈ পঞ্চাঙ্গুল উদাহৃতঃ। মণিবন্ধপ্রদেশাদ্ধি বিস্তরেণাথ বেষ্টনাৎ। তথাঙ্গুলপ্রমাণেন পাণের্মানমতঃ শৃণু। মুনে অঙ্গুলমানান্তং বিদ্ধি সপ্তাঙ্গুলং সদা। পঞ্চাঙ্গুলপ্রমাণেন ত্রিকাদ্বিস্তার উচ্যতে। নিম্নং করতলং কুর্য্যাৎ শুভরেখাবিভূষিতং। তত্র মধ্যাঙ্গুলিং বিপ্র বিদ্ধি পঞ্চাঙ্গুলং সদা। তস্যা অপ্যঙ্গুলিঃ পার্শ্বে উনা অর্দ্ধাঙ্গুলেন বৈ। তৎ পঞ্চমাংশহীনা চ নিত্যং কার্য্যা কনীয়সী। সার্দ্ধদ্ব্যঙ্গুলমঙ্গুষ্ঠং দ্বিপর্ব্বপরিকীর্ত্তিতং। ত্রিপর্ব্বাণ্যাশ্চাঙ্গুলয়ঃ পর্ব্বার্দ্ধেন নখাঃ স্মৃতাঃ। গোপুচ্ছসদৃশী কার্য্যা অঙ্গুল্যোঽঙ্গুলধী মতা। পাদহীনাঃ কনীয়স্যাঃ সপাদাশ্চাঙ্গুলৌ ক্রমাৎ। সপ্রমাণস্য বিস্তারাত্ত্রিগুণং বিদ্ধি বেষ্টনং। কূর্ম্মপৃষ্ঠ নখাঃ সর্ব্বে অগ্রতশ্চার্দ্ধচন্দ্রবৎ। কেশৈরলকজাতং তু ললাটোপরি শোভনং। ললাটোর্দ্ধাঙ্গুলিচ্ছাদীন্ কুর্য্যাৎ ত্রিবলিসংযুতং। বারাহাঞ্চ। দ্বৈরঙ্গুলপরিমাণৈর্দ্বাদশবিস্তীর্ণমায়তঞ্চ মুখং। নগ্নজিতা তু চতুর্দ্দশদৈর্ঘ্যেণ বিস্তারিতং কথিতং। নাসা ললাটে চিবুকগ্রীবাশ্চতুরঙ্গুলাস্তথা কর্ণৌ। দ্বে দ্বেঽঙ্গুলে চ হন্বকে চিবুকং চ দ্ব্যঙ্গুলং

প্রস্থতং। অষ্টাঙ্গুলং ললাটঞ্চ বিস্তারাদ্দ্ব্যাঙ্গুলৌ পরৌ শঙ্খৌ। চতুরঙ্গুলৌ চ শঙ্খৌ কর্ণৌ চ দ্ব্যাঙ্গুলং পৃথুলৌ। কর্ণোপান্তঃ কার্য্যোঽর্দ্ধ পঞ্চমে ভ্রূসমেন সূত্রেণ। কর্ণস্রোতঃ সুকুমারকঞ্চ নয়নপ্রবন্ধসমং। চতুরঙ্গুলং বশিষ্ঠঃ কথয়তি নেত্রান্তকর্ণয়োর্বিবরং। অধরোঽঙ্গুলপ্রমাণস্তস্যা-র্দ্ধেনোত্তরৌষ্ঠশ্চ। অর্দ্ধাঙ্গুলা তু গুল্ফা বক্ত্রং চ চতুরঙ্গুলায়তং কার্য্যং। বিপুলস্তু সার্দ্ধ-মঙ্গুলমধ্যাত্তং ত্র্যঙ্গুলং ব্যাত্তং। দ্ব্যাঙ্গুলতুঙ্গৌ নাসাপুটৌ নাসাপুটাগ্রতো জ্ঞেয়ৌ। সদ্ব্যঙ্গুল-মুচ্ছ্রায়শ্চতুরঙ্গুলমন্তরং চাক্ষ্ণোঃ। দ্ব্যাঙ্গুলমিতোঽক্ষিকোণো দ্বে নেত্রে তত্ত্রিভাগিকা তারা। দৃক্ তারা পঞ্চাংশো নেত্রবিকাশোঽঙ্গুলং ভবতি। পর্য্যন্তাৎ পর্য্যন্তা দশ ভ্রুবোর্দ্ধাঙ্গুলা ভ্রুবোর্লেখা। ভ্রূমধ্যে দ্ব্যাঙ্গুলকং ভ্রূদৈর্ঘ্যেণাঙ্গুলচতুষ্কং চ। কার্য্যা তু কেশরেখা ভ্রূবন্ধসমা-ঙ্গুলার্দ্ধবিস্তীর্ণা। নেত্রান্তে করবীরকমুপন্তসেদঙ্গুলপ্রমিতং। দ্বাত্রিংশৎ পরিণাহাচ্চতুর্দ্দশায়া-মতোঽঙ্গুলানি শিরঃ। দ্বাদশ তু চিত্রকর্ম্মণে দৃশ্যতে বিংশতিরদৃশ্যা। আস্যং সকেশনিচয়ং ষোড়শ দৈর্ঘ্যেণ নগ্নজিৎ প্রোক্তা। গ্রীবা দশ বিস্তীর্ণা পরিণাহাবিংশতিঃ সৈকা। কণ্ঠা-দ্দ্বাদশ হৃদয়ান্নাভিশ্চ তৎপ্রমাণেন। নাভের্ম্মধ্যান্মেঢ্রান্তরঞ্চ তত্তুল্যমেবোক্তং। উরু চাঙ্গুলমানৈশ্চতুর্যুতা বিংশতিস্তথা জঙ্ঘে। জানু কপিত্থে চতুরঙ্গুলে চ পাদৌ তত্তুল্যৌ। দ্বাদশ দীর্ঘৌষ্ঠ পৃথুতয়া পাদৌ ত্রিকলায়তাঙ্গুষ্ঠৌ। পঞ্চাঙ্গুল পরিণাহৌ প্রদেশিনী ত্র্যঙ্গুল-দৈর্ঘ্যং। অষ্টাংশাষ্টাংশোনাঃ শেষাঙ্গুল্যঃ ক্রমেণ কর্ত্তব্যাঃ। চতুর্থভাগমঙ্গুলমুৎসেধোঽঙ্গুষ্ঠ-কস্যোক্তঃ। অঙ্গুষ্ঠ নখঃ কথিতশ্চতুর্ভাগোনমঙ্গুলস্তজ্জ্ঞৈঃ। শেষনখানামর্দ্ধাঙ্গুলং ক্রমাৎ কিঞ্চিদূনঞ্চ। জঙ্ঘাগ্রে পরিণাহশ্চতুর্দশোক্তস্তু বিস্তারাৎ পঞ্চ। মধ্যে চ সপ্তবিপুলাঃ পরিণাহাত্রিগুণিতাঃ সপ্ত। অষ্টৌ তু জানুমধ্যে বৈপুল্যং ত্র্যষ্টকং তু পরিণাহঃ। বিপুলা চতুর্দ্দশোরুর্মধ্যে দ্বিগুণস্তু তৎ পরিধিঃ। কটিরষ্টাদশ বিপুলা চত্বারিংসচ্চতুর্যুতা পরিধেঃ অঙ্গুলমেকং নাভির্বেধেন তথা প্রমাণেন। চত্বারিংশদ্দ্বিযুতা নাভী মধ্যেন মধ্যপরিণাহঃ। স্তনয়োঃ ষোড়শচান্তরমূর্দ্ধং কক্ষে ষড়ঙ্গুলকে। অষ্টাবংসৌ দ্বাদশ বাহু কার্য্যৌ তথা প্রবাহু চ। বাহু ষড়্বিস্তীর্ণৌ প্রতিবাহু দ্ব্যঙ্গুলচতুষ্কৌ। ষোড়শ বাহুমূলে পরিণাহো দ্বাদশাগ্রহস্তে চ। বিস্তারেণ করতলং ষড়ঙ্গুলং সপ্ত দৈর্ঘ্যেণ। পঞ্চাঙ্গুলানি মধ্যপ্রদেশিনী মধ্যপর্ব্ব দলহীনা। অনয়া তুল্যা চানামিকা কনিষ্ঠা তু পর্ব্বোনা। পর্ব্বদ্বয়মঙ্গুষ্ঠঃ শেষাঙ্গুল্যঃ স্ত্রিপর্ব্বিকা জ্ঞেয়াঃ। নখপরিমাণং কার্য্যং সর্ব্বাসাং পর্ব্বণোঽর্দ্ধেন। শেষানুরূপ ভূষণ বেষালঙ্কার মূর্ত্তিভিঃ কার্য্যা। প্রতিমা লক্ষণযুক্তা সংবিহিতা বুদ্ধিদা ভবতীতি ॥ অতঃ পরং সুগমং ॥ ৬৮ ॥

॥ * ॥ ইতি হরিভক্তিবিলাসটীকায়ামষ্টাদশবিলাসঃ ॥ * ॥

কিঞ্চ ॥

গ্রীবাবলিশ্চ কর্ত্তব্যা কিঞ্চিদূর্দ্ধ স্থলোচ্ছ্রয়া।
এবং নারীষু সর্ব্বাস্থ দেবানাং প্রতিমাস্থ চ।
নবতালমিদং প্রোক্তং লক্ষণং পাপনাশনং।

অথ মৃণ্ময়ীনাং শ্রীমূর্ত্তীনাং বিশেষঃ ॥

হয়শীর্ষীয়ে প্রতিমাপ্রসঙ্গে।

মৃত্তিকাং বর্ণপূর্ব্বেণ গৃহ্নীয়ুঃ সর্ব্ববর্ণিনঃ।
নদীতীরেঽথবা ক্ষেত্রে পুণ্যস্থানেঽথ বা পুনঃ।
পাষাণ কর্করা লোহচূর্ণানি সমভাগতঃ।
মৃত্তিকায়াং প্রযোজ্যাথ কষায়েণ প্রপীড়য়েৎ।
খাদিরেণার্জ্জুনেনাথ সর্জ্জ শ্রীবেষ্টকুঙ্কুমৈঃ।

---

আরও ॥

গ্রীবার ত্রিবলী কিঞ্চিৎ ঊর্দ্ধ একাঙ্গুল উচ্চ করিবে, এই প্রকার দেবতাদিগের সমুদায় নারীপ্রতিমায় নবতাল অর্থাৎ বৃদ্ধাঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলির বিস্তার পরিমাণকে তাল বলে, সেই তাল পরিমাণের নয়-তাল পরিমাণ অর্থাৎ সাড়েচারিহাত পরিমাণ করিবে, এই লক্ষণ পাপনাশক বলিয়া কথিত হইয়াছে ॥ ৬৯ ॥

অথ মৃণ্ময়ী শ্রীমূর্ত্তি সকলের বিশেষ ॥

হয়শীর্ষে প্রতিমাপ্রসঙ্গে ॥

নদীতীরে অথবা ক্ষেত্রে কিম্বা পুণ্যস্থানে মৃত্তিকা ব্রাহ্মণাদি বর্ণ ক্রমে সমুদায় বর্ণে ( জাতিতে ) গ্রহণ করিবে ॥

পাষাণ, কর্করা ও লোহচূর্ণ সমভাগে মৃত্তিকায় মিশ্রিত করিয়া কষায় অথবা খাদির কিম্বা অর্জ্জুন কাষ্ঠ দ্বারা উত্তম রূপে পীড়িত করিবে, অনন্তর সর্জ্জ ( ধূপ ), শ্রীবেষ্ট ( সরল বৃক্ষের নির্যাস অর্থাৎ তারপিন ), কুঙ্কুম, কৌটজ ( কুরচীর নির্যাস ), লোহ ও দধিক্ষীর ঘৃতাদি এই সক-

কৌটজৈরাম্রসৈঃ স্নেহৈর্দধিক্ষীরঘৃতাদিভিঃ।
আলোড্য মৃত্তিকাং তৈস্তৈঃ স্থানে স্থাপ্য পুনঃ পুনঃ।
মাসং পর্য্যুষিতং কৃত্বা প্রতিমাং পরিকল্পয়েৎ।
স্থাপয়েৎ প্রতিমাশূলং রত্নন্যাসস্য চোপরি।
শূলঞ্চ খাদিরাদীনাং যজ্ঞিয়ানাং প্রকল্পয়েৎ।
বিংশোত্তরশতং শূলং কুর্য্যাদ্বা পঞ্চবিংশতিঃ।
প্রতিমাঙ্গুলমানেন কৃত্বা সংস্থাপয়েদ্বুধঃ।
চতুর্দ্দশাঙ্গুলং প্রোক্তং সপাদং তলমেব বা।
সপ্তবিংশতি চাধস্তান্নাভ্যুর্দ্ধোর্দ্ধাঙ্গুলং মুখং।
পঞ্চবিংশাঙ্গুলৌ চোরূ সার্দ্ধত্রিকলমস্তকং।
উরূ স্মৃতে সমে জঙ্ঘে পাদোচ্ছ্রায়ং সুসংমিতং।
নেত্রদ্বয়ং সমুদ্দিষ্টমর্দ্ধাঙ্গুলসমন্বিতং।
দ্বিগোলোকা ভবেদ্গ্রীবা চার্দ্ধাঙ্গুলসমন্বিতা।

লের সহিত পুনঃ পুনঃ মৃত্তিকা মিশ্রিত করিয়া সেই ২ স্থানে স্থাপন করিবেন। এই রূপে একমাস পর্য্যন্ত মৃত্তিকা পর্য্যুষিত করিয়া প্রতিমা কল্পনা করিবেন। তৎপরে প্রতিমার শূল (দণ্ড) রত্ন ন্যাসের উপরি স্থাপন করিবেন। ঐ শূল খাদির অথবা যজ্ঞীয় কাষ্ঠ দ্বারা কল্পনা করিবেন। পণ্ডিত ব্যক্তি প্রতিমার অঙ্গুলি ঐ শূল পরিমাণে একশত কুড়ি অথবা একশত পঞ্চবিংশতি অঙ্গুলি নির্ম্মাণ করিয়া স্থাপন করিবেন। পাদের সহিত তলদেশ চতুর্দ্দশ অঙ্গুলি, নাভির অধোভাগ সপ্তবিংশতি অঙ্গুল, নাভির ঊর্দ্ধভাগ সপ্তবিংশতি অঙ্গুল এবং মুখ অর্দ্ধ অঙ্গুল, উরুদ্বয় পঞ্চবিংশতি অঙ্গুল, মস্তক সার্দ্ধ ত্রিকল, (১॥ অঙ্গুল) পাদদ্বয়ের উচ্চতার সহিত জঙ্ঘা উরুদ্বয়ের সমান অর্থাৎ পঞ্চবিংশতি অঙ্গুল, নেত্রদ্বয় অর্দ্ধাঙ্গুলযুক্ত দ্বিগোলক এবং গ্রীবাও অর্দ্ধাঙ্গুল যুক্ত দ্বিগোলক॥

ভাগস্য বৃদ্ধিং বক্ষ্যামি পঞ্চবিংশাংশকে তথা।
অর্দ্ধার্দ্ধমঙ্গুলং দদ্যাৎ হৃদয়াদিষু ভাগশঃ।
পঞ্চবিংশাঙ্গুলং বক্ষো বিস্তারেণ প্রকীর্ত্তিতং।
কটির্বিস্তারতঃ কার্য্যা ষোড়শাষ্টাদশাঙ্গুলা।
পঞ্চবিংশাঙ্গুলৌ বাহূ আয়ামেন প্রকীর্ত্তিতৌ।
তথা সপ্তদশ প্রোক্তাবায়ামেন প্রবাহুকৌ।
মণিবন্ধঃ কলায়ামস্তস্মাত্তং প্রতি মস্তকং।
আয়ামো মধ্যমায়াস্তু ষড়ঙ্গুল ইতি স্মৃতঃ।
এতৎ সঙ্ক্ষেপতঃ প্রোক্তং দশতালস্য লক্ষণং।
প্রতিমায়াশ্চতুর্থেন কর্ম্মার্চ্চা পরিকীর্ত্তিতা।
তত্ত্রিভাগেন তৎ পীঠং কুর্য্যাৎ সিদ্ধ্যর্থমুত্তমং॥
অথ শ্রীমূর্ত্তিবিশেষেণ পরিমাণ বিশেষাদিঃ॥
মাৎস্যে॥

তথা পঞ্চবিংশাংশভাগের বৃদ্ধি বলিতেছি। হৃদয়াদি ভাগ সকলে অর্দ্ধ অর্দ্ধ অঙ্গুলি প্রদান করিবেন। বক্ষের বিস্তার পঞ্চবিংশাঙ্গুল কথিত হইয়াছে। কটির বিস্তার ষোড়শ অথবা অষ্টাদশ অঙ্গুলি করিবে, বাহুদ্বয় বিস্তারে পঞ্চবিংশ অঙ্গুল কথিত হইয়াছে, প্রবাহুর পরিমাণ সপ্তদশ অঙ্গুল। মণিবন্ধ এক কলা বিস্তৃত। সেই প্রকার মস্তকও বিস্তৃত। মধ্যমার বিস্তার ছয় অঙ্গুল কথিত হইয়াছে। এই দশতালের লক্ষণ সংক্ষেপে কথিত হইল। প্রতিমার চতুর্থ ভাগের সহিত কর্ম্মার্চ্চা কীর্ত্তিত হইয়াছে। উত্তম সিদ্ধির নিমিত্ত কর্ম্মার্চ্চার তিন ভাগ দ্বারা প্রতিমার পীঠ নির্ম্মাণ করিবেন॥

অথ মূর্ত্তিবিশেষে পরিমাণাদির বিশেষ॥
মৎস্যপুরাণে॥

অতঃপরং প্রবক্ষ্যামি দেবাকারান্ বিশেষতঃ।
দশতালঃ স্মৃতোরামো বলির্বৈরোচনিস্তথা।
বরাহো নরসিংহশ্চ সপ্ততালস্তু বামনঃ।
মৎস্য কূর্ম্মৌ তু নির্দ্দিষ্টৌ যথাশোভং স্বয়ম্ভুবা।
কিঞ্চ॥
মহাবরাহং বক্ষ্যামি পদ্মহস্তং গদাধরং।
তীক্ষ্ণদংষ্ট্রাগ্রঘোরাস্যং মেদিনীং বামকূর্পরে।
দংষ্ট্রাগ্রেণোদ্ধৃতাং দীপ্তাং ধরণীমুৎপলান্বিতাং।
বিস্ময়োৎফুল্ল নয়নামুপরিষ্টাৎ প্রকল্পয়েৎ।
দক্ষিণাং কটিসংস্থাঞ্চ করং তস্য প্রকল্পয়েৎ।
কূর্ম্মোপরি তথাপাদমেকং নাগেন্দ্রমূর্দ্ধনি।
সংস্তূয়মানং লোকেশৈঃ সমন্তাৎ পরিকল্পয়েৎ।

অতঃপর বিশেষরূপে দেবতাদিগের আকার সকল বলিতেছি। রাম, বৈরোচনি বলি, বরাহ ও নরসিংহ ইহাঁদের পরিমাণ দশতাল। বামনদেবের পরিমাণ সপ্ততাল এবং মৎস্য ও কূর্ম্মের পরিমাণও যে রূপ শোভা হয় স্বয়ম্ভু ব্রহ্মা তদ্রূপ নির্দ্দেশ করিয়াছেন॥

আরও॥

মহাবরাহের মূর্ত্তি বলি। যথা—পদ্মহস্ত, গদাধর, তীক্ষ্ণদংষ্ট্রাগ্র দ্বারা ভয়ানক মুখ, বাম কূর্পরে (বামকুনইয়ে) মেদিনী তথা দংষ্ট্রাগ্র দ্বারা উদ্ধৃতা, দীপ্তা ও উৎপলান্বিতা ধরণী এবং যিনি বিস্ময় বশতঃ উৎফুল্লনয়না তাঁহাকে ঊর্দ্ধদিকে কল্পনা করিবেন। আর তাঁহার দক্ষিণকর কটিস্থিত কল্পনা করিবেন। অপর তাঁহার এক চরণ কূর্ম্মের উপরি অপর চরণ অনন্তের মস্তকে এবং চতুর্দ্দিকে লোকেশগণ স্তব করিতেছেন এইরূপ বরাহমূর্ত্তি কল্পনা করিবেন॥

নারসিংহন্তু কুর্ব্বীত ভুজাষ্টকসমন্বিতং।
রৌদ্রং সিংহাননং তদ্বদ্বিদারিতমুখেক্ষণং।
স্তব্ধপীনসটাকীর্ণং দারয়ন্তং দিতেঃ সুতং।
বিনির্গতান্ত্রজালঞ্চ দানবং পরিকল্পয়েৎ।
বমন্তং রুধিরোদ্গারং ভ্রুকুটিবদনেক্ষণং।
যুধ্যমানং চ কুর্ব্বীত ক্বচিৎ করণবন্ধনৈঃ।
পরিশ্রান্তেন দৈত্যেন তর্জ্জ্যমানং মুহুর্মুহুঃ।
দৈত্যান্ প্রদর্শয়েত্তত্র খড়্গখেটকধারিণঃ।
স্তূয়মানং তথা বিষ্ণুং দর্শয়েদমরাধিপৈঃ।
তথা ত্রিবিক্রমং বক্ষ্যে ব্রহ্মাণ্ডাক্রমণোল্বণং।
পাদপার্শ্বে তথা বাহুমুপরিষ্টাৎ প্রকল্পয়েৎ।
অধস্তাদ্বামনং তদ্বৎ কল্পয়েৎ সকমণ্ডলুং।

নরসিংহমূর্ত্তি যথা॥

নৃসিংহমূর্ত্তি অষ্টভুজসমন্বিত, রৌদ্র, সিংহবদন, মুখ ও নেত্র বিদারিত, স্তব্ধ ও পীন জটায় আকীর্ণ, দিতিপুত্র হিরণ্যকশিপুকে বিদারিত করিতেছেন, ঐ দানবের অন্ত্রজাল বিনির্গত হইতেছে, এইরূপ কল্পনা করিবেন। দানব রুধির উদ্গার (বমন) ভ্রূকুটিযুক্ত বদন ও চক্ষু বিশিষ্ট এবং যুদ্ধশীল করিবেন, তথা কখন ইন্দ্রিয় সকলের বন্ধন হেতু পরিশ্রান্ত দৈত্য কর্ত্তৃক ঐ নৃসিংহমূর্ত্তি মুহুর্মুহুঃ তর্জ্যমান হইতেছেন, ইহা কল্পনা করিবে এবং সেই স্থানে খড়্গ খেটধারি দৈত্যগণকে দেখাইবে অর্থাৎ নির্ম্মাণ করিবেন, তথা অমরাধিপগণ বিষ্ণুকে স্তব করিতেছেন, এরূপ করিয়া নৃসিংহমূর্ত্তি নির্ম্মাণ করিবেন॥

ত্রিবিক্রমমূর্ত্তি॥

ত্রিবিক্রমমূর্ত্তি বলি। ত্রিবিক্রম ব্রহ্মাণ্ড আক্রমণে উগ্র স্বরূপ, উপরদিকে পাদপার্শ্বে বাহু কল্পনা করিবেন এবং অধোদিকে ঐরূপ

দক্ষিণে ছত্রিকাং দদ্যাৎ মুখং দীনং প্রদর্শয়েৎ।
ভৃঙ্গারধারিণং তদ্বদ্বলিং তস্য চ পার্শ্বতঃ।
বন্ধনং চাস্য কুর্ব্বন্তং গরুড়ং তত্র দর্শয়েৎ।
মৎস্যরূপং তথা মাৎস্যং কৌর্ম্মং কূর্ম্মাকৃতিং ন্যসেৎ।
এবং রূপঃ স ভগবান্ কার্য্যো নারায়ণো হরিঃ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে॥
দেবদেবং তথা বিষ্ণুং কারয়েদ্গারুড়স্থিতং।
কৌস্তুভোদ্ভাসিতোরস্কং সর্ব্বাভরণধারিণং।
সজলাম্বুদ সচ্ছায়ং পীতদিব্যাম্বরং তথা।
মুখ্যাশ্চ কার্য্যাশ্চত্বারো বাহবো দ্বিগুণাস্তথা।
সৌম্যেন্দুবদনং পূর্ব্বং নারসিংহন্তু দক্ষিণং।
কপিলং পশ্চিমং বক্ত্রং তথা বারাহমুত্তরং।

সকমণ্ডলু বামনমূর্ত্তি কল্পনা করিবেন। ইহাঁর দক্ষিণদিকে ছত্র দিবেন ও মুখ দীনভাবাপন্ন প্রকাশ করিবেন। পার্শ্বদিকে ভৃঙ্গারধারি বলিরাজের মূর্ত্তি কল্পনা করিবেন। গরুড় বলিরাজকে বন্ধন করিতেছেন, এইরূপ গরুড়ের মূর্ত্তি করিবেন॥

মৎস্যদেবের রূপ মৎস্যাকৃতি ও কূর্ম্মদেবের রূপ কূর্ম্মাকৃতি করিবেন, এই প্রকার ভগবান্ নারায়ণ হরির মূর্ত্তি করা কর্ত্তব্য॥

বিষ্ণুধর্ম্মোত্তরে।

মহাবিষ্ণুর মূর্ত্তি যথা॥

দেবদেব বিষ্ণুকে গরুড়ের উপরিভাগে সংস্থাপিত করিবেন। বক্ষঃস্থলে তেজোময় কৌস্তুভ, সর্ব্বাভরণ ধারণ, সজলমেঘতুল্য বর্ণ, উৎকৃষ্ট পীতবসন পরিধান, উৎকৃষ্ট চারি মুখ, বাহু তাহার দ্বিগুণ অর্থাৎ অষ্ট হস্ত করিবেন। ইহাঁর পূর্ব্ব মুখ মনোহর চন্দ্রবদন, দক্ষিণমুখ নারসিংহ, পশ্চিম মুখ কপিল এবং উত্তর মুখ বারাহ। সেই বন-

তস্য দক্ষিণহস্তেষু বালার্ক মুষলাদয়ঃ।
চর্ম্ম শঙ্খধরাবিন্দু চাপে চ বনমালিনঃ।
কার্য্যাণি বিষ্ণুধর্ম্মোক্ত বামহস্তেম্বনুক্রমাৎ।
ইতি মহাবিষ্ণুঃ।
কিঞ্চ ॥
একবক্ত্রো দ্বিবাহুশ্চ গদা চক্রধরঃ প্রভুঃ।
ইতি লোকপালবিষ্ণুঃ।
কিঞ্চ ॥
একবক্ত্রশ্চতুর্বাহুঃ সৌম্যরূপী সুদর্শনঃ।
সলিলাধ্মাতমেঘাভঃ সর্ব্বাভরণভূষিতঃ।
কণ্ঠেন শুভদেশেন কম্বুতুল্যেন রাজতা।
বরাভরণযুক্তেন কুণ্ডলোত্তমভূষিতঃ।
অঙ্গদী বদ্ধকেয়ূরো বনমালাবিভূষিতঃ।

মালি বিষ্ণুর দক্ষিণ হস্ত সকলে বালসূর্য্য ও মুষলাদি তথা বাম হস্ত সকলে চর্ম্ম, শঙ্খ, চন্দ্র ও ধনু এই সকল ক্রমে নির্ম্মাণ করিবেন ॥

লোকপাল বিষ্ণুমূর্ত্তি যথা—

আরও ॥

প্রভু লোকপাল বিষ্ণু এক মুখ, দুই বাহু, গদা ও চক্রধারী ॥

বাসুদেবমূর্ত্তি।

আরও ॥

বাসুদেব এক মুখ, চারি বাহু, সৌম্যরূপী, মনোহর দর্শন, সজল-জলধরের ন্যায় শ্যামবর্ণ, সর্ব্বাভরণ ভূষিত, মনোহর বিরাজমান কম্বু-তুল্য বরাভরণযুক্ত কণ্ঠদেশ, উত্তম কুণ্ডল, অঙ্গদ, কেয়ূর ও বনমালায় বিভূষিত। বক্ষঃস্থলে কৌস্তুভ, মস্তকে কিরীট ধারণ এবং ইহাঁর

উরসা কৌস্তুভং বিভ্রৎ কিরীটং শিরসা তথা।
শিরঃ পদ্মস্তথৈবাস্য কর্ত্তব্যশ্চারু কর্ণিকঃ।
পুষ্টা শ্লিষ্টায়তভুজস্তনু তাম্রনখাঙ্গুলিঃ।
মধ্যেন ত্রিবলীভঙ্গশোভিতেন সুচারুণা।
স্ত্রীরূপধারিণী কার্য্যা ক্ষৌণী তৎপদমধ্যগা।
তৎকরস্থাঙ্ঘ্রি যুগলো দেবঃ কার্য্যো জনার্দ্দনঃ।
তালান্তপদবিন্যাসঃ কিঞ্চিন্নিষ্ক্রান্তদক্ষিণঃ।
অনুদৃশ্যা মহীকার্য্যা দেবদর্শনবিস্মিতা।
দেবশ্চ কটিবাসেন কার্য্যোজান্ববলম্বিনা।
বনমালা চ কর্ত্তব্যা দেবজান্ববলম্বিনী।
যজ্ঞোপবীতং কর্ত্তব্যং নাভিদেশমুপাগতং।
উৎফুল্লকমলং পাণৌ কুর্য্যাদ্দেবস্য দক্ষিণে।
বামপাণিগতং শেষং শঙ্খাকারং তু কারয়েৎ।
দক্ষিণে তু গদা দেবী তনুমধ্যা সুলোচনা।

মনোহর কর্ণিকাসমন্বিত মস্তকস্থ পদ্ম নির্ম্মাণ করিবে। এই মূর্ত্তির পুষ্ট, আশ্লিষ্ট ও আয়ত ভুজ, সূক্ষ্ম তাম্রবর্ণ নখাঙ্গুলি এবং মধ্যদেশে মনোহর ত্রিবলীভঙ্গ সুশোভিত। বাসুদেবের পদমধ্যগামিনী স্ত্রীরূপধারিণী পৃথিবীর মূর্ত্তি, ইনি হস্ত দ্বারা বাসুদেবের চরণদ্বয় ধারণ করিয়াছেন। এইরূপ বাসুদেবের মূর্ত্তি কল্পনা করিবেন। তালপর্য্যন্ত পাদের বিন্যাস, দক্ষিণ চরণ কিঞ্চিন্নিষ্ক্রান্ত হইবে। দেবদর্শনে বিস্ময়ান্বিতা মহীকে অনুদৃশ্যা করিবেন। দেবের জানুপর্য্যন্ত লম্বিত কটিবস্ত্র ও বনমালা করিবেন। নাভিদেশপর্য্যন্ত যজ্ঞোপবীত কর্ত্তব্য। দেবের দক্ষিণ হস্তে প্রফুল্ল কমল দিবেন। বাম হস্তে শঙ্খাকার অনন্তমূর্ত্তি বিধান

স্ত্রীরূপধারিণী মুগ্ধা সর্ব্বাভরণভূষিতা।
পশ্যন্তী দেবদেবেশং কার্য্যা চামরধারিণী।
কার্য্যং তন্মূর্দ্ধ্নি বিন্যস্তং দেবহস্তং তু দক্ষিণং।
বামভাগগতশ্চক্রঃ কার্য্যো লম্বোদরস্তথা।
সর্ব্বাভরণসংযুক্তো বৃত্ত বিস্ফারিতেক্ষণঃ।
কর্ত্তব্যশ্চামরকরো দেবকীক্ষণতৎপরঃ।
কার্য্যো দেবকরো বামো বিন্যস্তস্তস্য মূর্দ্ধনি॥
ইতি শ্রীবাসুদেবঃ॥
বাসুদেবস্বরূপেণ কার্য্যঃ সঙ্কর্ষণঃ প্রভুঃ।
স তু শুক্লবপুঃ কার্য্যো নীলবাসা যদূত্তমঃ।
গদাস্থানে তু মুষলং চক্রস্থানে তু লাঙ্গলং।
কর্ত্তব্যৌ তনুমধ্যৌ তৌ নৃরূপৌ রূপসংস্থিতৌ॥
ইতি সঙ্কর্ষণঃ॥

করিবেন। দক্ষিণদিকে গদা নাম্নী দেবী, যাঁহার মধ্যদেশ কৃশ ও লোচন সুশোভন। তিনি স্ত্রীমূর্ত্তিধারিণী, মুগ্ধা, সর্ব্বাভরণভূষিতা, চামরধারিণী এবং দেবদেবকে দর্শন করিতেছেন, দেবের হস্ত তাঁহার মস্তকে বিন্যস্ত রহিয়াছে এই প্রকার মূর্ত্তি করিবেন। দেবের বামভাগগত চক্র, ঐ চক্র লম্বোদর স্বরূপ, সর্ব্বাভরণভূষিত, বৃত্ত বিস্ফারিত লোচন, চামরহস্ত, দেবকী-দর্শন-তৎপর এবং দেবের বামহস্ত তাঁহার মস্তকে বিন্যস্ত এইরূপ কল্পনা করিবেন॥

সঙ্কর্ষণমূর্ত্তি॥

বাসুদেবের স্বরূপ সঙ্কর্ষণদেবের মূর্ত্তি করিবেন। ঐ যদুশ্রেষ্ঠ সঙ্কর্ষণ মূর্ত্তি শুক্লবর্ণ ও নীলবসন পরিধান। ইহাঁর গদাস্থানে মুষল ও চক্রস্থানে লাঙ্গল। ঐ মুষল ও লাঙ্গলকে কৃশমধ্য সুন্দর মনুষ্যরূপ করিবেন॥

বাসুদেবস্বরূপেণ প্রদ্যুম্নশ্চ তথা ভবেৎ।
স তু দূর্ব্বাঙ্কুরশ্যামঃ শ্বেতবাসা বিধীয়তে।
চক্রস্থানে ভবেচ্চাপং গদাস্থানে তথা শরঃ।
তথা বিধৌ তু কর্ত্তব্যৌ যথা মুষল লাঙ্গলৌ॥
ইতি প্রদ্যুম্নঃ॥
এতদেব তথা রূপমনিরুদ্ধস্য কারয়েৎ।
পদ্মপত্রাভ-বপুষো রক্তাম্বরধরস্য তু।
চক্রস্থানে ভবেচ্চর্ম্ম গদাস্থানেঽসিরেব চ।
চর্ম্ম স্যাচ্চক্ররূপেণ প্রাংশুঃ খড়্গো বিধীয়তে।
ইত্যনিরুদ্ধঃ॥
চক্রাদীনাং স্বরূপাণি কিঞ্চিৎ পূর্ব্বং প্রদর্শয়েৎ।
রম্যাণ্যায়ুধরূপাণি চক্রাদীন্যেব যাদব।
বামপার্শ্বগতাঃ কার্য্যা দেবানাং প্রবরা ধ্বজাঃ।

প্রদ্যুম্নমূর্ত্তি॥

বাসুদেবের স্বরূপ প্রদ্যুম্নমূর্ত্তি হয়, ঐ প্রদ্যুম্নমূর্ত্তি দূর্ব্বাঙ্কুরের ন্যায় শ্যামবর্ণ ও শ্বেতবস্ত্র পরিধান। ইহাঁর চক্রস্থানে ধনু ও গদাস্থানে শর করিবেন। এই দুই মুষল ও লাঙ্গলের ন্যায় হইবে॥

অনিরুদ্ধমূর্ত্তি॥

এই প্রকার অনিরুদ্ধের রূপ করিবেন। ইহাঁর পদ্মপত্রের ন্যায় শরীর ও রক্তাম্বর পরিধান। চক্রস্থানে চর্ম্ম ও গদাস্থানে খড়্গ হইবে। ইহাঁর চক্ররূপ চর্ম্ম ও প্রাংশু ( উচ্চ ) রূপ খড়্গ বিধান করিবেন॥

হে যাদব! চক্রাদির স্বরূপ কিঞ্চিৎ পূর্ব্বে প্রকাশ করিবেন। মনোরম আয়ুধরূপ চক্রাদি হইবে। দেবতাদিগের বামপার্শ্বগত

সুপতাকাযুতা রাজন্ যষ্টিস্থাস্তে যথোচিতং ॥
কিঞ্চ ॥
হংসো মৎস্যস্তথা কূর্ম্মঃ কার্য্যাস্তদ্রূপধারিণঃ।
শৃঙ্গী মৎস্যস্তু কর্ত্তব্যো দেবদেবো জনার্দ্দনঃ।
ঐশ্বর্য্যমনিরুদ্ধস্তু বরাহো ভগবান্ হরিঃ।
ঐশ্বর্য্যশক্ত্যা দংষ্ট্রাগ্রসমুদ্ধৃতবসুন্ধরঃ।
নৃবরাহোঽথ বা কার্য্যঃ শেষোপরি গতঃ প্রভুঃ।
শেষশ্চতুর্ভুজঃ কার্য্যশ্চারুরত্নফণান্বিতঃ।
আশ্চর্য্যোৎফুল্লনয়নো দেববীক্ষণতৎপরঃ।
কর্ত্তব্যো শীরমুষলৌ করয়োস্তস্য যাদব।
সর্পভোগশ্চ কর্ত্তব্যস্তথৈব রচিতাঙ্গুলিঃ।
আলীঢ়স্থানসংস্থানস্তৎপৃষ্ঠে ভগবান্ ভবেৎ।
মূর্ত্তিমন্তমনৈশ্বর্য্যং হিরণ্যাক্ষ্যং বিদুর্ব্বুধাঃ।

উৎকৃষ্ট ধ্বজা করিবেন। হে রাজন্! ঐ ধ্বজা যথোচিত যষ্টিস্থ সুপতাকা যুক্ত হইবে॥

আরও ॥

হংস, মৎস্য ও কূর্ম্ম তত্তদ্রূপধারি করিবেন, দেবদেব জনার্দ্দনকে শৃঙ্গবিশিষ্ট মৎস্য করিবেন। যিনি ঐশ্বর্য্য অনিরুদ্ধ তিনি ভগবান্ বরাহ হরি। ইনি ঐশ্বর্য্যশক্তি দ্বারা দংষ্ট্রাগ্রে বসুন্ধরাকে উদ্ধার করিয়াছেন। অথবা নৃবরাহকে শেষনাগের উপরিস্থিত কল্পনা করিবেন। শেষমূর্ত্তি চতুর্ভুজ ও মনোহর ফণান্বিত করিবেন। ইনি আশ্চর্য্য বশতঃ উৎফুল্ল নয়ন ও দেববীক্ষণ তৎপর হইবেন। হে যাদব! লাঙ্গল ও মুষল ইহাঁর হস্তে বিধান করিবেন এবং সর্পদেহ ও অঙ্গুলি রচনা করিবেন ও তৎ-পৃষ্ঠে ভগবান্ আলীঢ়স্থান সংস্থান (দক্ষিণপদ প্রসারণ পূর্ব্বক বামপদ সঙ্কোচ করত অবস্থিত) হইবেন। পণ্ডিতগণ ঐশ্বর্য্যরহিত মূর্ত্তিকে

ঐশ্বর্য্যেণাবিশেষেণ স নিরস্তোঽহরিমর্দ্দনঃ।
নৃবরাহোঽথবা কার্য্যো ধ্যানে কপিলবৎ স্থিতঃ।
দ্বিভুজস্ত্বথবা কার্য্যঃ পিণ্ডনির্ব্বাপণোদ্যতঃ।
সমগ্রক্রোড়রূপো বা বহুদানবমধ্যগঃ।
নৃবরাহো বরাহো বা কর্ত্তব্যঃ ক্ষ্মাবিদারণঃ।
জ্ঞানবদ্ভিঃ স এবোক্তো জ্ঞানং পরমবর্দ্ধনঃ।
পীনস্কন্ধকটিগ্রীবঃ কৃশমধ্যঃ কৃশোদরঃ।
সিংহাননো নৃদেহশ্চ নীলবাসাঃ প্রভান্বিতঃ।
আলীঢ়স্থানসংস্থানঃ সর্ব্বাভরণভূষিতঃ।
জ্বালামালাকুলমুখো জ্বলৎকেশরমণ্ডলঃ।
হিরণ্যকশিপোর্বক্ষঃ পাটয়ন্নখরৈঃ খরৈঃ।
নীলোৎপলাভঃ কর্ত্তব্যো দেবজানুগতস্তথা।

হিরণ্যাক্ষ বলিয়া জানেন। অবিশেষ ঐশ্বর্য্য দ্বারা সেই শত্রুনাশন হিরণ্যাক্ষ নিরস্ত হইয়াছে।

অথবা নৃবরাহকে এইরূপে কল্পনা করিবেন। তিনি ধ্যানে কপিলের ন্যায় অবস্থিত, কিম্বা দ্বিভুজ, পিণ্ড নির্ব্বাপণে অর্থাৎ পিণ্ডদানে উদ্যত এইরূপ করিবেন। অথবা বহু দানবের মধ্যগত সমগ্র বরাহরূপ নৃবরাহ কিম্বা বরাহই হউন তিনি পৃথিবী বিদারণ করিতেছেন এইরূপ করিবেন। জ্ঞানবান্ সকল তাঁহাকে পরম জ্ঞানবর্দ্ধন কহিয়াছেন। অপর নৃসিংহদেব স্থূল স্কন্ধ, কটি ও গ্রীবা বিশিষ্ট এবং ইহাঁর মধ্যদেশ ও উদর কৃশ, সিংহবদন, মনুষ্যদেহ, নীলবসন পরিধান, ইনি প্রভান্বিত, আলীঢ়স্থান সংস্থান সর্ব্বাভরণভূষিত, জ্বালা সমূহে আকুল মুখ, প্রদীপ্ত কেশরমণ্ডল এবং খরতর নখর দ্বারা হিরণ্যকশিপুর বক্ষঃস্থল বিদীর্ণ করিতেছেন। তথা নীলোৎপল তুল্য হিরণ্যকশিপু দৈত্য ভগবানের

হিরণ্যকশিপুর্দৈত্যস্তমজ্ঞানং বিদুর্বুধাঃ ॥
কর্ত্তব্যো বামনো দেবঃ সঙ্কটে গাত্রপর্ব্বভিঃ।
পীনগাত্রশ্চ কর্ত্তব্যো দণ্ডী চাধ্যয়েনোদ্যতঃ।
দূর্ব্বাশ্যামস্তু কর্ত্তব্যঃ কৃষ্ণাজিনধরস্তথা ॥
সজলাম্বুদসঙ্কাশস্তথা কার্য্যস্ত্রিবিক্রমঃ।
দণ্ডপাশধরঃ কার্য্যঃ শঙ্খচক্রগদাধরঃ।
শঙ্খচক্রগদাপদ্মাঃ কার্য্যাস্তস্য স্বরূপিণঃ।
নির্দ্দেহাস্তে ন কর্ত্তব্যাঃ শেষঃ কার্য্যশ্চ পূর্ব্ববৎ।
একোর্দ্ধবদনঃ কার্য্যো দেবো বিস্ফারিতেক্ষণঃ ॥
কার্য্যস্তু ভার্গবো রামো জটামণ্ডলদুর্দ্দৃশঃ।
হস্তেঽস্য পরশুঃ কার্য্যঃ কৃষ্ণাজিনধরস্য তু ॥

জানুগত রহিয়াছে, এইরূপ নির্ম্মাণ করিবে, পণ্ডিতগণ এই দৈত্যকে অজ্ঞান বলিয়া জানেন ॥

বামনমূর্ত্তি ॥

সঙ্কট স্থলে গাত্রপর্ব্বসমূহ দ্বারা বামনদেবের মূর্ত্তি নির্ম্মাণ করিবে, যথা—স্থূলগাত্র, দণ্ডধারী, অধ্যয়নোদ্যত, দূর্ব্বাদলের ন্যায় শ্যামবর্ণ এবং কৃষ্ণসার হরিণের চর্ম্মধারী ॥

ত্রিবিক্রমমূর্ত্তি ॥

সজল জলদতুল্য শ্যামবর্ণ, দণ্ডপাশধারী ও শঙ্খ চক্র গদাধর ত্রিবিক্রমমূর্ত্তি করিবে। ত্রিবিক্রমের শঙ্খ চক্র গদা ও পদ্মকে স্বরূপবিশিষ্ট করিবে, কিন্তু নির্দ্দেহ করিবে না। শেষমূর্ত্তি পূর্ব্বের ন্যায় করিবে, ইহাঁর ঊর্দ্ধদিকে এক বদন ও নেত্র বিস্ফারিত করা বিধেয় ॥

ভার্গবরাম অর্থাৎ পরশুরাম, ইহাঁর মস্তকে দুষ্প্রেক্ষ্য জটামণ্ডল, হস্তে পরশু ও কৃষ্ণাজিন ধারণ। এইরূপ মূর্ত্তি নির্ম্মাণ করিবে ॥

রামো দাশরথিঃ কার্য্যো রাজলক্ষণলক্ষিতঃ।
ভরতো লক্ষ্মণশ্চৈব শত্রুঘ্নশ্চ মহাশয়ঃ।
তথৈব সর্ব্বে কর্ত্তব্যাঃ কিন্তু মৌলিবিবর্জ্জিতাঃ॥
কৃষ্ণশ্চক্রধরঃ কার্য্যো নীলোৎপলদলচ্ছবিঃ।
ইন্দীবরধরা কার্য্যা তস্য সাক্ষাচ্চ রুক্মিণী॥
সীরপাণির্বলঃ কার্য্যো মুষলী চৈককুণ্ডলী।
শ্বেতোঽতিনীলবসনো মদাঘূর্ণিতলোচনঃ॥
চাপবাণধরঃ কার্য্যঃ প্রদ্যুম্নশ্চ সুদর্শনঃ।
রাজন্ দুর্ব্বাদলশ্যামঃ শ্বেতবাসা মদোৎকটঃ।
কামদেবস্তু কর্ত্তব্যো রূপেণাপ্রতিমো ভুবি।
অষ্টবাহুঃ স কর্ত্তব্যঃ শঙ্খপদ্মবিভূষণঃ।
চাপবাণধরশ্চৈব মদাকুঞ্চিতলোচনঃ।

দাশরথি রামচন্দ্রকে রাজলক্ষণে লক্ষিত করিবে। তদ্রূপ ভরত, লক্ষ্মণ ও শত্রুঘ্ন এই তিনের মূর্ত্তি করিবে, কিন্তু ইহাঁদের মস্তক কিরীট-শূন্য হইবে॥

কৃষ্ণমূর্ত্তিকে চক্রধর ও নীলোৎপলদলের ন্যায় শ্যামকান্তি করিবে। ইহাঁর রুক্মিণীকে ইন্দীবরধারিণী করিবে॥

বলদেবমূর্ত্তি লাঙ্গলহস্ত, মুষলী, এককুণ্ডলধারী, শ্বেতবর্ণ, নীলবসন-পরিধান ও মদমত্ততায় লোচন ঘূর্ণিত হইতেছে, এইরূপ নির্ম্মাণ করিবে॥

হে রাজন্! প্রদ্যুম্নমূর্ত্তি ধনুর্ব্বাণধর শুভদর্শন, দুর্ব্বাদলশ্যাম, শ্বেতবসন ও মদোৎকট, এইরূপ নির্ম্মাণ করিবে। কামদেবমূর্ত্তি পৃথি-বীতে রূপে অপ্রতিম, অষ্টবাহু, শঙ্খ ও পদ্মবিভূষণ, ধনুর্ব্বাণধর ও মত্ততা হেতু কুঞ্চিতলোচন নির্ম্মাণ করিবে। রতি, প্রীতি, মন্দশক্তি ও তথা

রতিঃ প্রীতিস্তথা শক্তির্মন্দশক্তিস্তথোজ্জ্বলা ।
চতস্রস্তস্য কর্ত্তব্যাঃ পত্ন্যো রূপমনোহরাঃ ।
চত্বারশ্চ করাস্তস্য কার্য্যা ভার্য্যাস্তনোপগাঃ ।
কেতুশ্চ মকরঃ কার্য্যঃ পঞ্চবাণমুখো মহান্ ॥
কর্ত্তব্যশ্চানিরুদ্ধোঽপি খড়্গচর্ম্মধরঃ প্রভুঃ ।
শাম্বঃ কার্য্যো মহাহস্তস্বরূপোঽসাবশেষতঃ ।
শাম্বানিরুদ্ধৌ কর্ত্তব্যৌ পদ্মাভৌ রক্তবাসসৌ ॥
গোপালপ্রতিমাং কুর্য্যাৎ বেণুবাদনতৎপরাং ।
বর্হাপীড়াং ঘনশ্যামাং দ্বিভুজামূর্দ্ধসংস্থিতাং ॥
কাষায়বস্ত্রসংবীতস্কন্ধসংসক্তচীবরঃ ।
পদ্মাসনস্থো দ্বিভুজো ধ্যায়ী বুদ্ধঃ প্রকীর্ত্তিতঃ ॥
দূর্ব্বাশ্যামো নরঃ কার্য্যো দ্বিভুজশ্চ মহাভুজঃ ।
নারায়ণশ্চতুর্ব্বাহুর্নীলোৎপলদলচ্ছবিঃ ॥

উজ্জ্বলা, কামদেবের এই চারিটী মনোহর রূপধারিণী পত্নী করিবে। ইহাঁর চারিটী হস্ত ভার্য্যার স্তনসমীপগামী হইবে। ইহাঁর কেতু (পতাকা) মকর এবং পঞ্চবাণের মুখ অতিশয় বিশাল করা কর্ত্তব্য ॥

অনিরুদ্ধের মূর্ত্তিও খড়্গচর্ম্মধারী করিবে। সাম্ব বিশেষতঃ মহাহস্ত-বিশিষ্ট হইবেন। সাম্ব ও অনিরুদ্ধ এই দুইকে পদ্মতুল্য রক্তবসনধারী করিবে ॥

গোপালমূর্ত্তি বেণুবাদনতৎপর, বর্হাপীড় (ময়ূরপুচ্ছের চূড়াধারী) ঘনশ্যাম এবং উর্দ্ধসংস্থিত দ্বিভুজ ॥

বুদ্ধমূর্ত্তি, কাষায় বস্ত্র, স্কন্ধদেশে চীরবস্ত্র সংসক্ত, পদ্মাসনে উপবিষ্ট দ্বিভুজ ও ধ্যানস্থ, এইরূপ কীর্ত্তিত হইয়াছে ॥

নরমূর্ত্তি শ্যামবর্ণ ও বিশাল দ্বিভুজ হইবে। নারায়ণমূর্ত্তি চতুর্ব্বাহু ও নীলোৎপলদলের ন্যায় কান্তিবিশিষ্ট করিবে ॥

তয়োর্মধ্যে তু বদরী কার্য্যা ফলবিভূষণা।
নরনারায়ণৌ দেবাবক্ষমালাধরাবুভৌ।
অষ্টচক্রে স্থিতৌ জালে ভূতযুক্তে মনোরমে।
কৃষ্ণাজিনধরৌ দান্তৌ জটামণ্ডলধারিণৌ॥
পাদেন চৈকেন রথস্থিতেন পাদেন চৈকেন চ জানুগেন।
কার্য্যো হরিশ্চাত্র নরেণ তুল্যঃ কৃষ্ণোঽপি নারায়ণতুল্যমূর্ত্তিঃ॥
মূর্ত্তিমৎ পৃথিবীহস্তন্যস্তপাদসিতচ্ছবিঃ।
নীলাম্বরধরঃ কার্য্যো দেবো হয়শিরোধরঃ।
বিদ্ধি সঙ্কর্ষণাংশেন দেবং হয়শিরোধরং।
কর্ত্তব্যোঽষ্টভুজো দেবস্তৎকরেষু চতুর্ষু চ।
শঙ্খচক্রগদাপদ্মান্ সাকারান্ দর্শয়েদ্বুধঃ।
চত্বারশ্চ করাঃ কার্য্যা দেবানাং দেহধারিণাং।
দেবেন মূর্দ্ধ্নি বিন্যস্তাঃ সর্ব্বাভরণভূষিতাঃ॥
প্রদ্যুম্নং বিদ্ধি বৈরাগ্যং কাপিলীং তনুমাশ্রিতং।

নরনারায়ণের মধ্যে ফলবিভূষিত বদরীবৃক্ষ নির্ম্মাণ করিবে। নরনারায়ণ দুই দেব অক্ষমালাধারী। অষ্ট চক্র ও মনোরম ভূতযুক্ত জালে অবস্থিত। কৃষ্ণাজিনধারী, দান্ত ও জটামণ্ডলধারী॥

এক চরণ রথে আর এক চরণ জানুগত নরের তুল্য হরিমূর্ত্তি নির্ম্মাণ করিবে, কৃষ্ণকেও নারায়ণের তুল্য মূর্ত্তি করিবে॥

মূর্ত্তিমতী পৃথিবীর হস্তে পাদ বিন্যস্ত, শ্বেতবর্ণ, নীলাম্বরধর, অশ্ববদন হয়গ্রীবমূর্ত্তি করিবে। এই হয়গ্রীবমূর্ত্তিকে সঙ্কর্ষণদেবের অংশ জানিতে হইবে। এই মূর্ত্তিকে অষ্টবাহু করা কর্ত্তব্য, ইহাঁর চারি হস্তে আকার বিশিষ্ট শঙ্খ, চক্র, গদা, পদ্ম নির্ম্মাণ করিবে। অপর চারিটী হস্ত দেবতাদিগের দেহধারী করিবে। দেব কর্ত্তৃক ঐ চারিটী হস্ত সর্ব্বালঙ্কারভূষিত ও মস্তকে বিন্যস্ত হইবে॥

প্রদ্যুম্নকে বৈরাগ্য ও কপিলবর্ণ তনুবিশিষ্ট জানিতে হইবে। ইহাঁর

মধ্যে উরুকরঃ কার্য্যস্তস্যোৎসঙ্গগতঃ পরঃ।
দোর্যুগং চাপরং তস্য শঙ্খচক্রধরং ভবেৎ ॥
পদ্মাসনোপবিষ্টশ্চ ধ্যানসংমীলিতেক্ষণঃ।
কর্ম্মণ্যঃ কপিলো দেবো জটামণ্ডলদুর্দ্দৃশঃ।
বায়ুসংরোধপীনাঙ্গঃ পদ্মাঙ্কচরণদ্বয়ঃ।
মৃগাজিনধরো রাজন্ শুভযজ্ঞোপবীতবান্।
বিভুর্মন্ত্রমহাপদ্মকর্ণিকামধ্যমাস্থিতঃ।
বৈরাগ্যভাবেন মহানুভাবো
ধ্যানে স্থিতঃ স্বং পরমং পদং তৎ।
ধ্যায়ংস্তথা তে ভুবনস্য গোপ্তা
সাঙ্খ্যপ্রবক্তা পুরুষঃ পুরাণঃ ॥
শ্যামবর্ণতনুর্ব্যাসঃ পিঙ্গলাক্ষো জটাধরঃ ॥
সুমন্তুর্জৈমিনিঃ পৈলো বৈশম্পায়ন এব চ।
তস্য শিষ্যাশ্চ কর্ত্তব্যাশ্চত্বারঃ পারিপার্শ্বিকাঃ ॥

একহস্ত উরুতে ও একহস্ত ক্রোড়ে বিধান করিবে। অপর দুই হস্ত শঙ্খচক্রধারী হইবে ॥

হে রাজন্! কর্ম্মণ্য কপিলদেব পদ্মাসনে উপবিষ্ট ও ধ্যানসম্মীলিত লোচন এবং জটামণ্ডলে দুর্দৃশ্য। বায়ুসংরোধ হেতু পীন শরীর, চরণদ্বয় পদ্মচিহ্নিত, মৃগচর্ম্মধারী, উত্তম যজ্ঞোপবীতবিশিষ্ট। বিভু এবং মন্ত্ররূপ মহাপদ্মের কর্ণিকা মধ্যে অবস্থিত। ইনি বৈরাগ্যভাবে মহানুভাব, ধ্যানযোগে অবস্থিত, নিজের পরম পদ ধ্যান করিতেছেন, ইনি ভুবনের রক্ষক, সাঙ্খ্যশাস্ত্রের প্রবক্তা, পুরাণপুরুষ, শ্যামবর্ণ, সূক্ষ্মবাস, পিঙ্গলচক্ষু ও জটাধর করিবে ॥

এবং সুমন্তু, জৈমিনি, পৈল ও বৈশম্পায়ন এই চারি জন মুনিকে ইহাঁর পারিপার্শ্বিক ( পার্শ্ববর্ত্তী ) করিবে ॥

গৌরস্তু কার্য্যো বাল্মীকির্জটামণ্ডলদুর্দ্দৃশঃ।
তপস্যভিরতঃ শান্তো ন কৃশো ন চ পীবরঃ॥
বাল্মীকিরূপং সকলং দত্তাত্রেয়স্য কারয়েৎ।
জলমধ্যগতঃ কার্য্যঃ শেষপন্নগদর্শনঃ।
ফণাপুঞ্জমহারত্নদুর্নিরীক্ষ্য শিরোধরঃ।
দেবদেবস্তু কর্ত্তব্যঃ শেষভোগাঙ্কসংস্থিতঃ।
একো ভুজোঽস্য কর্ত্তব্যস্তত্র জানৌ প্রসারিতঃ।
কর্ত্তব্যো নাভিদেশেতু তদা তস্য পরঃ করঃ।
তথৈবান্যকরঃ কার্য্যো দেবস্য সুশিরোধরঃ।
সন্তানমঞ্জরীধারী তথৈবাস্য পরো ভবেৎ॥
নাভীসরসিসংভূতে কমলে তস্য যাদবঃ।
সর্ব্বপৃথ্বীময়ে দেবঃ প্রাগ্বৎ কার্য্যঃ পিতামহঃ।
নাললগ্নৌ চ কর্ত্তব্যৌ পদ্মস্য মধুকৈটভৌ।
নৃরূপধারীণি ভুজঙ্গমধ্যে কার্য্যাণ্যথাস্ত্রাণি তথা সমীপে।

বাল্মীকি গৌরবর্ণ, জটামণ্ডলে দুষ্প্রেক্ষ্য, তপস্যায় অভিরত, শান্ত, কৃশও নহে, স্থূলও নহে, এইরূপ মূর্ত্তি নির্ম্মাণ করিবে। বাল্মীকির তুল্য দত্তাত্রেয়ের সমুদায় রূপ করিবে। পন্নগদর্শন (সর্পসদৃশ) শেষমূর্ত্তি জলমধ্যগত করিবে। ইহাঁর ফণাপুঞ্জস্থ মহারত্ন দ্বারা শিরোধরা অর্থাৎ গ্রীবা দুর্নিরীক্ষ্য হইবে। শেষমূর্ত্তির ক্রোড়সংস্থিত দেবদেবের মূর্ত্তি করিবে। ইহাঁর এক ভুজ জানুতে অন্য হস্ত নাভিতে প্রসারিত করিবে। অপর এক কর স্কন্ধে, অন্য কর কল্পবৃক্ষের মঞ্জরীধারী করিবে॥

ইহাঁর নাভিসরোবরসম্ভূত সর্ব্বপৃথ্বীময় কমলে পূর্ব্বের ন্যায় পিতামহের মূর্ত্তি কল্পনা করিবে, পদ্মের নালসংলগ্ন মধুকৈটভ নামক দুইটী অসুরের মূর্ত্তি কল্পনা করিবে। মনুষ্যরূপধারি ভুজঙ্গ মধ্যে অস্ত্র সকল

তার্ক্ষ্যো মরকতপ্রখ্যঃ কৌশিকাকারনাসিকঃ ।
চতুর্ভুজশ্চ কর্ত্তব্যো বৃত্তনেত্রমুখস্তথা ।
গ্রীবোরুজানুচরণঃ পক্ষদ্বয়বিভূষিতঃ ।
প্রভাসংস্থানসৌবর্ণকলাপেন বিরাজিতঃ ।
ছত্রঞ্চ পূর্ণকুম্ভঞ্চ করয়োস্তস্য কারয়েৎ ।
করদ্বয়ঞ্চ কর্ত্তব্যং তথা বিরচিতাঞ্জলিঃ ।
যদাস্য ভগবান্ পৃষ্ঠে ছত্রকুম্ভধরৌ করৌ ।
ন কর্ত্তব্যৌ তু কর্ত্তব্যৌ দেবপাদধরাবুভৌ ।
কিঞ্চিল্লম্বোদরঃ কার্য্যঃ সর্ব্বাভরণভূষিতঃ ॥
বিশ্বকর্ম্মশাস্ত্রে চ ॥
লক্ষ্মীনারায়ণৌ কার্য্যৌ সংযুতৌ দিব্যরূপিণৌ ।
দক্ষিণস্থা বিভোমূর্ত্তির্লক্ষ্মীমূর্ত্তিস্তু বামগা ।
দক্ষিণঃ কণ্ঠলগ্নোঽস্য বামহস্তসরোজধৃক্ ।

তথা সমীপদেশে মরকতমণি কান্তি, কৌশিকাকার নাসা, চতুর্ভুজ, বৃত্তনেত্র, বৃত্তমুখ, তথা গ্রীবা, উরু, জানু, চরণ এবং পক্ষদ্বয় বিভূষিত ও প্রভাসংস্থান সৌবর্ণকলাপ দ্বারা বিরাজিত করিবে। অপর ইহাঁর করদ্বয়ে ছত্র ও পূর্ণকুম্ভ। অপর করদ্বয়ে অঞ্জলিবন্ধন করিবে। যখন ইহাঁর পৃষ্ঠদেশে ভগবান্ অবস্থিত হয়েন, তখন হস্তদ্বয় ছত্র কুম্ভধর করিবেন না, দেবপদধারি দুই হস্ত করিবে। তথা কিঞ্চিৎ লম্বোদর ও সর্ব্বাভরণ ভূষিত করিবে ॥

বিশ্বকর্ম্মশাস্ত্রে লক্ষ্মীনারায়ণমূর্ত্তি যথা ॥

পরস্পর মিলিত দিব্যরূপধারী লক্ষ্মীনারায়ণের মূর্ত্তি করিবে, দক্ষিণদিকে নারায়ণমূর্ত্তি হইবে। লক্ষ্মীর দক্ষিণহস্ত নারায়ণের কণ্ঠগত এবং বামহস্ত পদ্মধারী করিবে। নারায়ণের বামহস্ত সর্ব্বদা লক্ষ্মীর কুক্ষিগত

বিভোর্বামকরো লক্ষ্ম্যাঃ কুক্ষিভাগে স্থিতঃ সদা।
সর্ব্বাবয়বসংপূর্ণা সর্ব্বালঙ্কারভূষিতা।
সুভ্রূ নেত্রকপোলাস্য রূপযৌবনসংযুতা।
সিদ্ধিঃ কার্য্যা সমীপস্থা চামরগ্রাহিণী শুভা।
কর্ত্তব্যং বামনং সর্ব্বং দেবাধোভাগগং সদা।
শঙ্খচক্রধরৌ তস্য দ্বৌ কার্য্যৌ পুরুষৌ পুরঃ।
বামনৌ হারকেয়ূরকিরীটমণিভূষিতৌ।
উপাসকৌ সমীপস্থৌ প্রভোর্ব্রহ্মশিবাত্মকৌ।
রসনাং যোগপট্টঞ্চ শিখামঞ্জলিমাস্থিতৌ ॥
ইতি লক্ষ্মীনারায়ণমূর্ত্তিঃ ॥
পদ্মাসনসমাসীনঃ কিঞ্চিন্মীলিতলোচনঃ।
ঘ্রাণাগ্রে দত্তদৃষ্টিশ্চ শ্বেতপদ্মোপরি স্থিতঃ।
বামদক্ষিণগৌ হস্তাবুভাবুৎসঙ্গভাগগৌ।
তৎকরদ্বয়পার্শ্বস্থপঙ্কেরুহমহাগদে।

---

করিবে, ঐ লক্ষ্মী সর্ব্বাবয়বসম্পূর্ণা, সর্ব্বাভরণভূষিতা, তথা মনোহর নেত্র, কপোল ও রূপযৌবনসম্পন্না হইবেন, এই লক্ষ্মীর সমীপস্থা চামরহস্তা শুভা সিদ্ধিমূর্ত্তি নির্ম্মাণ করিবে। এই দেবের সর্ব্বদা অধোভাগগামি সকলকে বামন করা কর্ত্তব্য। ইহাঁর অগ্রে শঙ্খচক্রধারী দুইটী পুরুষ করিবে। এই দুইটী খর্ব্বাকার, হার, কেয়ূর, কিরীট ও মণিভূষিত, ইহাঁরা দুই জন উপাসক প্রভুর সমীপবর্ত্তী, ইহাঁরা ব্রহ্মা ও শিবরূপী হইবেন। রসনা, যোগপট্ট, শিখা ও অঞ্জলিকে ধারণ করিয়া রহিয়াছেন ॥

পদ্মাসনে সমাসীন, লোচনদ্বয়কিঞ্চিৎ মীলিত, নাসাগ্রে দত্তদৃষ্টি, শ্বেতপদ্মের উপরিস্থিত, হস্তদ্বয় বাম, দক্ষিণগামী ও ক্রোড়মধ্যগত হইবে,

ঊর্দ্ধে করদ্বয়ে চাস্য শঙ্খশ্চাপি সুদর্শনং ।
যোগস্বামী স বিজ্ঞেয়ঃ পূজ্যো মোদার্থযোগিভিঃ ॥
শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে ॥
অতঃপরং প্রবক্ষ্যামি মৎস্যাদীনান্তু লক্ষণং ।
ষট্‌ত্রিংশদঙ্গুলায়ামং তদর্দ্ধেন তু বিস্তৃতং ।
দৈর্ঘ্যাষ্টমাংশসংযুক্তং পুচ্ছবক্ত্রং তু কারয়েৎ ।
রোহিতং বিবৃতাস্যস্তু দ্বাদশাঙ্গুলমানতঃ ।
কলৈকং পৃষ্ঠরোমন্তু পুচ্ছার্দ্ধং ক্রোড়গং তথা ।
কৃতস্যৈবম্বিধস্যেহ রোহিতস্য মুখোদ্গতং ।
নারায়ণস্তু কুর্ব্বীত আগুল্‌ফং তন্মুখোদ্গতং ।
এবং নৃমৎস্যং মৎস্যং বা স্থাপয়েদ্যস্তু মানবঃ ।
সর্ব্বজ্ঞত্বং ভবেত্তস্য সর্ব্বাপন্মুক্তিরেব চ ॥
দৈর্ঘ্যাত্রিতালসংযুক্তং তদর্দ্ধং পরিমণ্ডলং ।

পার্শ্বস্থ করদ্বয়ে পদ্ম ও মহাগদা, উপরিস্থ করযুগলে শঙ্খ ও সুদর্শন, ইহাঁর নাম যোগস্বামী, আমোদার্থী যোগিগণ ইহাঁকে পূজা করিবেন ॥

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে যথা ॥

অতঃপর মৎস্যাদির লক্ষণ বলিতেছি, যথা—দীর্ঘে ষট্‌ত্রিংশৎ অঙ্গুলি ও বিস্তারে তাহার অর্দ্ধ, দৈর্ঘ্যে অষ্টমাংশসংযুক্ত পুচ্ছ ও মুখ করিবে। রোহিতমৎস্যাকার, বদনের বিস্তার দ্বাদশ অঙ্গুল, এককলা পৃষ্ঠরোম ও পুচ্ছার্দ্ধ ক্রোড়গত হইবে। এবম্বিধ রোহিতমৎস্যের মুখ হইতে উদ্গত হইয়াছেন, এইরূপ নারায়ণের মূর্ত্তি করিবে, নারায়ণের গুল্‌ফ পর্য্যন্ত ঐ মৎস্যের মুখোদ্গত হইবে, এই নরমৎস্য ও মৎস্য যে মনুষ্য স্থাপন করে, তাহার সর্ব্বজ্ঞত্ব ও সকল আপৎ হইতে মুক্তি হয় ॥

কূর্ম্মমূর্ত্তি দৈর্ঘ্যে তিন তাল ( দেড়হস্ত ) * এবং তাহার অর্দ্ধপরিমণ্ডল

* অঙ্গুষ্ঠ ও মধ্যমা অঙ্গুলির পরিমাণকে তাল কহে। "তালঃ করতলেঽঙ্গুষ্ঠমধ্যমাভ্যাঞ্চ সম্মিতে।" ইতি মেদিনীকোষঃ ॥

চতুশ্চরণসংশ্লিষ্টং চতুরঙ্গুলমাত্রয়া।
কপালদ্বয়মধ্যে তু গোবিন্দং তু সমুদ্গতং।
কৃত্বা বা গুল্ফপর্য্যন্তমুদ্গাচ্ছন্তং সুরোত্তমং।
নৃকূর্ম্মং কারয়িত্বৈবং কূর্ম্মং বা স্থাপয়ীত যঃ।
স্ববংশোদ্ধরণং তস্য জায়তে মুক্তিরেব চ॥
বক্ত্রং কলাষ্টকায়ামং শ্রোত্রমস্য দ্বিগোলকং।
হনূ সপ্তাঙ্গুলে তস্য সৃক্কণী দ্ব্যঙ্গুলে মতে।
সপ্তাঙ্গুলং মুখং প্রোক্তং রদৌ সার্দ্ধকলৌ দ্বিজ।
নাসারন্ধ্রং ভবেন্নেত্রং যবহীনেঽক্ষিণী মতে।
কিঞ্চিদ্বক্ত্রে স্মিতে শ্রোত্রে দ্বিগোলকসমায়তে।
চতুষ্কলং কর্ণমধ্যং তদর্দ্ধেন তদুচ্ছ্রিতং।
বস্বঙ্গুলা ভবেদ্‌গ্রীবা নেত্রৈকং চোন্নতা তু সা॥
শেষং নৃসিংহবৎ কার্য্যং বরাহস্য তু বিগ্রহং।

( বর্ত্তুল ) চতুরঙ্গুলমাত্রায় চারি চরণসংশ্লিষ্ট, কপালদ্বয়ের মধ্যে গোবিন্দমূর্ত্তি সমুদ্গত অথবা গুল্ফ পর্য্যন্ত উদ্গত দেবোত্তমের মূর্ত্তি করিবে। যে ব্যক্তি নৃকূর্ম্ম অথবা কূর্ম্মমূর্ত্তি স্থাপন করে, তাহার আপন বংশের উদ্ধার ও মুক্তি হয়॥

অনন্তর বরাহমূর্ত্তি কহিতেছেন, হে দ্বিজ! আটকলা বিস্তৃত মুখ, দ্বিগোলক শ্রোত্র, সপ্তাঙ্গুল হনূ ( গণ্ডযুগলের পরভাগ ) সৃক্কণী দুই অঙ্গুল, সপ্তাঙ্গুল মুখ, দন্তদ্বয় দেড়কলা, নাসারন্ধ্র তিন যব, নেত্রযুগল যবহীন হইবে। বক্ত্র কিঞ্চিৎ হাস্যযুক্ত ও শ্রোত্রদ্বয় দ্বিগোলক অর্থাৎ ছিদ্রদ্বয়-বিশিষ্ট সম আয়ত হইবে। কর্ণমধ্য চতুষ্কল ও তাহার উচ্চ দ্বিকল। গ্রীবা অষ্ট অঙ্গুলী ও তাহার উচ্চতা একনেত্র পরিমাণ হইবে। শেষ অঙ্গ নৃসিংহের ন্যায় করিবে॥

নরবরাহের মূর্ত্তি শেষনাগ কর্ত্তৃক ধৃতপাদ ও বাহু দ্বারা ধরা ধারণ

শেষাহিস্বিধৃতং পাদং বাহুনা ধারয়ন্ ধরাং।
শঙ্খং বামে তথা পদ্মং গদাচক্রে তু দক্ষিণে।
এবং নরবরাহঞ্চ কৃত্বা যঃ স্থাপয়েন্নরঃ।
ভবোদধিসমুত্তারং রাজ্যঞ্চ হতকণ্টকং।
প্রাপ্নুয়ান্নাত্র সন্দেহো হ্যমুত্রেহৈব বা ভুবি ॥
তির্য্যঙ্ নৃসিংহদেবস্য তথা বিপুলমাননং।
বর্ত্তুলেহস্য তথা নেত্রে স্কন্ধৌ তালমিতৌ শুভৌ।
ব্যাকুঞ্চিতে ভ্রুবৌ বক্ত্রং বিবৃতং চোগ্রদংষ্ট্রকং।
লেলিহানা তথা জিহ্বা সমুদ্গতশটং শিরঃ।
দংষ্ট্রে দ্ব্যঙ্গুলনির্যাতে বক্ত্রাগ্রে তু সিতে তথা।
ত্রিকলাভ্যধিকং বক্ষঃ পঞ্চনেত্রাধিকা কটিঃ।
দ্বিকলাভ্যধিকৌ চোরূ জানূ চাপি কলাধিকে।
জঙ্ঘে সার্দ্ধকলে মধ্যে বিস্তৃতাগ্রে বিভাগতঃ।
ঊর্দ্ধৌ কিঞ্চিৎ স্মৃতৌ পাদৌ বাহুমূলে কলাধিকে।

---

করিয়াছেন। ইহাঁর বামদিকে শঙ্খ ও পদ্ম, দক্ষিণদিকে গদা ও চক্র করিবে। যে ব্যক্তি এই প্রকার নৃবরাহ করিয়া স্থাপন করেন, তাঁহার ভবসমুদ্রের পারে গমন এবং ইহলোক বা পরলোক উভয় স্থানেই হত-কণ্টক রাজ্য লাভ হয়, ইহাতে সন্দেহ নাই ॥

তির্য্যক্ নৃসিংহদেবের মূর্ত্তি, যথা—বিপুল বদন, নেত্রদ্বয় গোল, সুশোভন স্কন্ধ দুই তাল পরিমিত হইবে, ভ্রূদ্বয় কুঞ্চিত, বক্ত্র বিবৃত, উগ্র দন্ত, লেলিহান জিহ্বা, মস্তক উদ্গত জটাবিশিষ্ট। মুখের অগ্রভাগে শুক্লবর্ণ দন্তগুলি দুই অঙ্গুলি পরিমাণ বহির্গত হইয়া থাকিবে। বক্ষঃস্থল ত্রিকলার অধিক, কটি পঞ্চনেত্রের অধিক, ঊরু দ্বিকলার অধিক, জানু এককলার অধিক, জঙ্ঘার মধ্যভাগ সার্দ্ধকলা ও অগ্রে বিস্তৃত। পদদ্বয় কিঞ্চিৎ ঊর্দ্ধ হইবে, বাহুমূল এককলার অধিক। উপরিস্থ বাহুদ্বয়

কিঞ্চিৎ কিঞ্চিৎ তথা হীনৌ পর্য্যন্তে চোপবাহুকৌ।
বপুরিত্থং নৃসিংহস্য কুর্য্যাদ্দেশিকসত্তমঃ॥
জান্বংশে তস্য সংস্থাপ্য বিদারিতমহাসুরং।
ভূষিতং বৈজয়ন্ত্যা তু মালয়া শ্রীসমন্বিতং।
খড়্গচক্রধরং দেবং নৃসিংহং কারয়েদ্বুধঃ।
স্থাপয়েৎ পাপনাশায় জয়ায় নরকেশরিং॥
ভুজং ত্রিগোলকায়ামং বক্ষো বিস্তারশোভিতং।
পাণিপাদং তুরীয়াংশং প্রবৃদ্ধশিরসং তথা।
ঊর্ব্বঙ্ঘ্রি দ্বিতয়ায়ামবিহীনমুখযুগ্মকং॥
কটিস্ফিক্ পার্শ্বনাভীষু তদ্বৃদ্ধং বামনং বুধঃ।
কৃত্বা সংস্থাপয়েদ্দেবং মোহনার্থায় সর্ব্বথা॥
জামদগ্ন্যস্তু কুর্ব্বীত জটামুকুটমণ্ডিতং।
চতুর্ব্বাহুং মহাভাগং সর্ব্বক্ষত্রান্তকং বিভুং।

কিঞ্চিৎ অগ্রভাগে ক্ষুদ্র হইবে। আচার্য্য ব্যক্তি নৃসিংহদেবের এই প্রকার মূর্ত্তি নির্ম্মাণ করিবেন॥

পণ্ডিত ব্যক্তি উহাঁর জানুদেশে নখ দ্বারা বিদারিত মহাসুর হিরণ্যকশিপুকে সংস্থাপন পূর্ব্বক বৈজয়ন্তী মালা দ্বারা ভূষিত করিয়া শ্রীসমন্বিত শঙ্খচক্রধর নৃসিংহমূর্ত্তি করিবেন। পাপনাশ ও জয়ের নিমিত্ত এইরূপ নরকেশরিমূর্ত্তি স্থাপন করিবেন॥

পণ্ডিত ব্যক্তি ত্রিগোলক আয়াম ভুজ, বিস্তৃত বক্ষঃ, হস্তপাদ চতুর্থাংশ, প্রবৃদ্ধ মস্তক, ঊরুদ্বয় ও চরণদ্বয়ের মুখযুগ্ম আয়ামহীন, কটি, স্ফিক্ ( পাছা ), পার্শ্ব এবং নাভি এই সকল অঙ্গ স্থূল, এই প্রকার বামনদেবের মূর্ত্তি করিয়া সর্ব্বপ্রকার মোহনের নিমিত্ত স্থাপন করিবে॥

জামদগ্ন্য রামকে এইরূপ নির্ম্মাণ করিবে, যথা—ইহাঁর মস্তক জটা ও মুকুটমণ্ডিত, চারি হস্ত, ইনি মহাভাগ, সর্ব্বক্ষত্রিয়হন্তা, ইহাঁর দক্ষিণ-

দক্ষিণে পরশুং হস্তে বামে দদ্যাত্তথা ধনুঃ।
খড়্গং দক্ষিণহস্তে তু বামহস্তে তু খেটকং।
কুঠারহস্তং দ্বিভুজং কুর্য্যাদ্বা রেণুকাসুতং।
কৃত্বৈবং জামদগ্ন্যন্তু স্থাপয়েদযস্তু মানবঃ।
স বিত্তং প্রাপ্নুয়াৎ শীঘ্রং কামাংশ্চ মনসেপ্সিতান্॥
কুর্য্যাদ্দাশরথিং রামং সপ্ততালং চতুর্ভুজং।
শরকার্ম্মুকহস্তং তু শঙ্খচক্রধরং শুভং।
দক্ষিণোর্দ্ধং ভবেচ্চক্রং বামোর্দ্ধং শঙ্খমেব চ।
দক্ষিণাধোভবেদ্বাণো বামাধোধনুরেব চ।
দ্বিভুজং শরহস্তং বা রামং কুর্য্যাৎ সকার্ম্মুকং।
কৃত্বৈবং রাঘবং রামং সর্ব্বলক্ষণসংযুতং।
ক্রূরশত্রুবিনাশায় স্থাপয়েৎ সর্ব্বকামদং॥
তৃতীয়ং তু যথা রামং চতুর্ব্বাহুং শৃণুষ্ব মে।

---

হস্তে পরশু, বামহস্তে ধনুঃ, দক্ষিণহস্তে খড়্গ ও বামহস্তে খেটক ( ঢাল ) দিবে। অথবা রেণুকানন্দন জামদগ্ন্যকে কুঠারহস্ত দ্বিভুজ করিবে। যে মনুষ্য এইরূপ জামদগ্ন্যমূর্ত্তি পরশুরামকে স্থাপন করেন, তিনি শীঘ্র বিত্ত ও মনের অভীষ্ট ফল প্রাপ্ত হয়েন॥

দাশরথি শ্রীরামচন্দ্রের মূর্ত্তি সপ্ততাল পরিমাণ, শর ও কার্ম্মুক হস্ত এবং শঙ্খচক্রধর শুভ চতুর্ভুজ করিবে। ইহাঁর দক্ষিণদিকের ঊর্দ্ধহস্তে চক্র, বামদিকের ঊর্দ্ধহস্তে শঙ্খ, দক্ষিণ অধোহস্তে বাণ ও বাম অধোহস্তে ধনুঃ প্রদান করিবে। অথবা ধনুর্ব্বাণহস্ত দ্বিভুজ রামমূর্ত্তি করিবে॥

এই প্রকার সর্ব্বলক্ষণসম্পন্ন, সর্ব্বকামপ্রদ রাঘব রামমূর্ত্তি নির্ম্মাণ করিলে ক্রূর শত্রু বিনষ্ট হয়॥

তৃতীয় চতুর্ভুজ রামমূর্ত্তি যে প্রকার হয়, বলি শ্রবণ কর। ইহাঁর

বামোর্দ্ধং লাঙ্গলং দদ্যাদধঃ শঙ্খং সুশোভনং।
গদাং কৃপাণং বা দদ্যাৎ সংস্থানে শক্তিচক্রয়োঃ।
কৃত্বৈবং বলদেবং তু যো নরঃ স্থাপয়েৎ প্রভুং।
পুত্রং দদাতি তস্যাথ বিপক্ষাংশ্চ জয়ত্যসৌ ॥
দশতালং তথা বুদ্ধং পদ্মাসনগতং হরিং।
প্রলম্বশ্রবণং কুর্য্যাচ্চীবরালঙ্কৃতং তথা।
মণিনাভং সমাধিস্থং পদ্মাস্যং পদ্মলোচনং।
সমাধিস্থোত্তানপাণিং যোগদৃষ্টিসমন্বিতং।
স্থাপয়েদ্রূপকামস্তু পিতেব জগতঃ স্থিতং ॥
কল্কিনং তু চতুর্ব্বাহুং বদ্ধতূণং ধনুর্দ্ধরং।
শঙ্খচক্রধরং কুর্য্যাত্তথা খড়্গধরং প্রভুং।
দ্বিভুজং বা হয়ারূঢ়ং খড়্গপাণিং সুরেশ্বরং।
কল্কিনং স্থাপয়িত্বৈবং শক্রস্থানং লভেন্নরঃ ॥

বামোর্দ্ধহস্তে লাঙ্গল, তাহার অধোবামহস্তে সুশোভন শঙ্খ তথা শক্তি ও চক্র স্থানে গদা এবং খড়্গ দিবে। যে মনুষ্য এই প্রকার বলদেবমূর্ত্তি করিয়া স্থাপন করে, তিনি তাহাকে পুত্র দেন এবং সেই ব্যক্তির বিপক্ষ সকলকে জয় করেন ॥

ভগবান্ বুদ্ধদেবের মূর্ত্তি দশতাল * পরিমাণ, পদ্মাসনে উপবিষ্ট, সুদীর্ঘ কর্ণ, কৌপীন পরিধান, মণির ন্যায় নাভি, সমাধিস্থ, পদ্মমুখ, পদ্মলোচন, উন্নত পাণি ও যোগদৃষ্টিসমন্বিত। রূপাভিলাষী ব্যক্তি জগতের পিতার ন্যায় ইহাঁকে সংস্থাপন করিবে ॥

কল্কিদেবের মূর্ত্তি, যথা—কল্কিদেব চতুর্ভুজ, বদ্ধতূণ, ধনুর্দ্ধর, শঙ্খ-চক্রধর ও খড়্গধর করিবে, অথবা দ্বিভুজ, অশ্বারূঢ়, খড়্গপাণি করিয়া কল্কিকে স্থাপন করিবে, এই মূর্ত্তি স্থাপনে ইন্দ্রলোক প্রাপ্তি হয় ॥

* অঙ্গুষ্ঠ ও মধ্যাঙ্গুলির পরিমাণকে তাল অর্থাৎ অর্দ্ধহস্ত কহে (ইহার লক্ষণ ১২৯ পৃষ্ঠায় আছে) সুতরাং দশতাল শব্দে পাঁচ হস্ত পরিমাণ বুঝিতে হইবে ॥

ইতি দশাবতার প্রতিমালক্ষণং।

কিঞ্চ ॥

আদিমূর্ত্তির্বাসুদেবঃ পূর্ব্বমেবোদিতো ময়া।
দক্ষিণোর্দ্ধে গদাঃ যস্য বামোর্দ্ধে চক্রমুল্বণং।
ব্রহ্মেশৌ পার্শ্বগৌ নিত্যং শেষমন্যচ্চ পূর্ব্ববৎ ॥
দ্বিতীয়ো বাসুদেবোঽয়ং দ্বাপরাদৌ স উচ্যতে।
দ্বিভুজো বাথ কর্ত্তব্যো বামে শঙ্খধরঃ প্রভুঃ।
বরদো দক্ষিণেনাথ বাসুদেবো দ্বিধোদিতঃ ॥
বলদেবশ্চতুর্ব্বাহুঃ কুণ্ডলৈকবিভূষিতঃ।
লাঙ্গলী মুষলী দেবো গদাপদ্মধরো বিভুঃ।
শঙ্খচক্রগদাপাণিঃ কর্ত্তব্যো বরদোঽথ বা ॥
প্রদ্যুম্নস্তু চতুর্ব্বাহুঃ শঙ্খচক্রধরঃ শুভঃ।
চক্রং দক্ষিণহস্তে চ বামহস্তে ধনুস্তথা।

---

ইতি দশাবতার প্রতিমা লক্ষণ ॥

আরও ॥

আমি পূর্ব্বে আদিমূর্ত্তি বাসুদেবের উল্লেখ করিয়াছি। উহাঁর দক্ষিণোর্দ্ধ হস্তে গদা ও বামোর্দ্ধ হস্তে বিশাল চক্র। ব্রহ্মা ও রুদ্র এই দুই দেব নিত্য পার্শ্ববর্ত্তী এবং অন্য অবশিষ্টাঙ্গ পূর্ব্বের ন্যায় করিবে ॥

দ্বাপরাদি যুগে এই দ্বিতীয় বাসুদেব কথিত হয়েন, ইনি দ্বিভুজ, ইহাঁর বামহস্তে শঙ্খ ধারণ এবং দক্ষিণহস্ত বরপ্রদ হইবে। এই দ্বিবিধ বাসুদেব কথিত হইল ॥

বলদেব চারিবাহু, এক কুণ্ডলভূষিত, ইনি লাঙ্গল, মুষল, গদা ও পদ্মধারী, অথবা ইহাঁকে শঙ্খ, চক্র, গদা ও বরপ্রদ হস্ত করিবে ॥

প্রদ্যুম্ন শঙ্খচক্রধর চারি বাহু বলিয়া সম্মত, ইহাঁর দক্ষিণ হস্তে

শঙ্খঞ্চ দক্ষিণে দদ্যাদ্গদাং বামে প্রদর্শয়েৎ ॥
প্রদ্যুম্নং কারয়েদ্দেবং সর্ব্বলক্ষণসংযুতং।
স্ত্রিয়ৌ চৈবাস্য কর্ত্তব্যে খড়গচর্ম্মধরে শুভে।
রতিপ্রীত্যোর্মধ্যগতং কম্বুগ্রীবং সকার্ম্মুকং।
দ্বিভুজং শরহস্তং বা প্রদ্যুম্নং কারয়েদ্বুধঃ ॥
অনিরুদ্ধঃ কম্বুগ্রীবশ্চতুর্ব্বাহুঃ প্রভূষিতঃ।
দক্ষিণেঽস্য গদা দেয়া চক্রশঙ্খৌ তু বামতঃ।
দক্ষিণে চ তথা পদ্মমনিরুদ্ধস্য দাপয়েৎ ॥
নারায়ণশ্চতুর্ব্বাহুঃ কার্য্যস্তল্লক্ষণং ময়া।
মূর্ত্তিদ্বাদশকে সর্ব্বং কীর্ত্তিতং ব্রহ্মণঃ শৃণু ॥
চতুর্ম্মুখশ্চতুর্ব্বাহুর্ব্বৃহজ্জঠরমণ্ডলঃ।
ঊর্দ্ধমূর্দ্ধজটাজূটঃ সধূমঃ সমমেখলঃ।

চক্র, বামহস্তে ধনু, অপর দক্ষিণহস্তে শঙ্খ ও বামহস্তে গদা প্রদান করিবে ॥

সর্ব্বলক্ষণসম্পন্ন প্রদ্যুম্ন দেবের মূর্ত্তি নির্ম্মাণ করিবে, ইহাঁর খড়গ ও চর্ম্মধারিণী পরমসুন্দরী রতি ও প্রীতি নামক দুইটী স্ত্রী করিবে। অথবা পণ্ডিত ব্যক্তি এই দুইয়ের মধ্যগত কম্বুগ্রীব, সকার্ম্মুক, দ্বিভুজ ও শরহস্ত প্রদ্যুম্ন মূর্ত্তি করিবেন ॥

অনিরুদ্ধ কম্বুগ্রীব, চতুর্ব্বাহু ও বিশেষ রূপে ভূষিত হইবেন। ইহাঁর দক্ষিণহস্তে গদা, অপর দুই বামহস্তে চক্র ও শঙ্খ এবং অন্য দক্ষিণ-হস্তে পদ্ম প্রদান করিবে ॥

নারায়ণমূর্ত্তি চতুর্ব্বাহু করিবে, ইহাঁর লক্ষণ সকল দ্বাদশমূর্ত্তিপ্রকরণে বর্ণন করিয়াছি, এক্ষণে ব্রহ্মার মূর্ত্তি বলি শ্রবণ কর ॥

ব্রহ্মমূর্ত্তি চতুর্ম্মুখ, চতুর্ভুজ, জঠরমণ্ডল বৃহৎ, ঊর্দ্ধমস্তকে জটাজুট,

শোভনং দক্ষিণে হস্তে দদ্যাদস্যাক্ষসূত্রকং ।
স্রুবঞ্চ দক্ষিণে দদ্যাদ্বামহস্তে তু কুণ্ডিকাং ।
আজ্যস্থালীং কুশোপেতাং বামহস্তে নিযোজয়েৎ ।
শঙ্খ চক্র গদাপাণিঃ কার্য্যো বাথ চতুর্ম্মুখঃ ।
সরস্বতী চ সাবিত্রী বামদক্ষিণসংস্থিতে ।
কর্ত্তব্যা মুনয়ো বাথ পরিবার্য্য ব্যবস্থিতাঃ ।
বিনিবিষ্টঃ সদা ব্রহ্মা কার্য্যো হ্যন্যস্ততোঽন্যথা ।
নৃসিংহবৎ স্বমাত্রা তু কিঞ্চিদভ্যধিকঃ স তু ।
বিষ্ণুরষ্টভুজঃ কার্য্যশ্চতুর্ব্বাহুরথাপি বা ।
বৈনতেয়গতঃ সৌম্যঃ সংদষ্টৌষ্ঠপুষ্টোঽপি বা ।
খড়্গং গদাং শরং দদ্যাদ্দক্ষিণে বরদোঽপরঃ ।
কার্ম্মুকং খেটকং চক্রং শঙ্খং বামেঽস্য দাপয়েৎ ।

ঐ জটাজূট ধূমের সহিত বর্ত্তমান এবং সমমেখল ( শরপত্রাদি নির্ম্মিত সূত্রত্রয় ) ইহাঁর ঊর্দ্ধ দহিণহস্তে সুশোভিত অক্ষমালা এবং নিম্ন দক্ষিণ-হস্তে স্রুব, তথা ঊর্দ্ধ বামহস্তে কুণ্ডিকা ( কমণ্ডলু ) এবং নিম্ন বামহস্তে কুশযুক্ত আজ্যস্থালী প্রদান করিবে। অথবা শঙ্খ, চক্র, গদাপাণি ও চতুর্ম্মুখ করিবে এবং বাম ও দক্ষিণদিকে সরস্বতী ও সাবিত্রী সংস্থাপিত করিবে। ইহাঁর চতুষ্পার্শ্বে মুনিগণ পরিবেষ্টিত হইয়া রহিয়াছেন। এই সকলের সহিত ব্রহ্মা সর্ব্বদা উপবিষ্ট আছেন, এইরূপ করিবে। অন্য ব্রহ্মা তাঁহা হইতে অন্য প্রকার করিবে, কিন্তু স্বীয় পরিমাণে নৃসিংহের ন্যায় কিঞ্চিৎ অধিক হইবেন॥

বিষ্ণুমূর্ত্তি অষ্টভুজ অথবা চতুর্ভুজ করিবে। ইনি গরুড়ারূঢ়, সৌম্য-মূর্ত্তি, ওষ্ঠপুট সংদষ্ট। ইহাঁর দক্ষিণ চারি ভুজে খড়্গ, গদা ও শর দিবে এবং এক হস্ত বরদ করিবে। আর বামদিগের চারি হস্তে ধনুঃ, চর্ম্ম,

চতুর্ভুজে গদা দেয়া দক্ষিণে বরদোঽবরঃ।
বামে শঙ্খঞ্চ চক্রঞ্চ বিষ্ণুরেবং বিধো মতঃ॥
নরসিংহশ্চতুর্ব্বাহুঃ শঙ্খচক্রগদাধরঃ।
শঙ্খচক্রধরো বাপি বিদারিতমহাসুরঃ॥
চতুর্ব্বাহুর্ব্বরাহস্তু শেষঃ পাণিপদে ধৃতঃ।
ধারয়ন্ বাহুনা পৃথ্বীং বামেন কমলামথ।
পাদলগ্না ধরা কার্য্যা যদা লক্ষ্মীর্ভুজস্থিতা।
বরাহং কারয়েদ্দেবং শঙ্খচক্রগদাধরং।
সপ্ততালৌ প্রশস্তেতে বরাহনরকেশরী।
নবতালাবভ্যধিকৌ পুরস্তাৎ কথিতৌ তব॥
ইতি নবব্যূহপ্রতিমালক্ষণং॥

চক্র ও শঙ্খ প্রদান করিবে। চতুর্ভুজ মূর্ত্তিতে দক্ষিণদিকের এক হস্তে গদা দিবে, অপর হস্ত বরপ্রদ হইবে, বামদিকের দুই হস্তে শঙ্খ ও চক্র দিবে, চতুর্ভুজ বিষ্ণুর এই প্রকার রূপ॥

নৃসিংহমূর্ত্তি চতুর্ব্বাহু, শঙ্খ চক্র গদাধারী অথবা শঙ্খ চক্রধারী এবং মহাসুর হিরণ্যকশিপুকে বিদীর্ণ করিতেছেন, এইরূপ হইবে॥

বরাহমূর্ত্তি চতুর্ব্বাহু, হস্ত ও পদে শেষদেবকে এবং দক্ষিণবাহু দ্বারা পৃথিবী ও বামবাহু দ্বারা কমলাকে ধারণ করিয়াছেন। যখন লক্ষ্মী ভুজস্থিতা হয়েন, তখন ধরাকে পাদলগ্না করিবে। বরাহদেবকে শঙ্খ চক্র গদাধর করিবে। বরাহমূর্ত্তি ও নরসিংহমূর্ত্তি সপ্ততাল প্রশস্ত। এই দুই মূর্ত্তি নবতাল অপেক্ষাও অধিক, ইহা তোমাকে পূর্ব্বে বলিয়াছি॥

॥ ইতি নবব্যূহ প্রতিমালক্ষণ ॥

কিঞ্চ ॥

অষ্টবাহুং বুধঃ কুর্য্যাদ্দেবং ত্রৈলোক্যমোহনং।
গরুড়াসনগং দেবং প্রথমে বয়সি স্থিতং।
চক্রং খড়্গঞ্চ মুষলং সাঙ্কুশং দক্ষিণে ন্যসেৎ।
শঙ্খং শার্ঙ্গং গদাং পাশং বামহস্তেষু বিন্যসেৎ।
লক্ষ্মী সরস্বতী কার্য্যে পদ্মবীণাসমন্বিতে।

কিঞ্চ। প্রতিষ্ঠাপ্রসঙ্গে ॥

অষ্টবাহুঃ পূর্ব্বমেব কথিতঃ পুরুষোত্তমঃ ॥
চতুর্ব্বাহুং দ্বিবাহুঞ্চ সংক্ষেপাৎ কথয়ামি তে।
দক্ষিণং শান্তিদং হস্তং কুর্য্যাদন্যং দয়ান্বিতং।
বামোর্দ্ধং কারয়েচ্চক্রং পাঞ্চজন্যং তথা হ্যধঃ।
শ্রীপুষ্টিসহিতং কুর্য্যাৎ চতুর্ব্বাহুং সুরোত্তমং।

আরও ॥

ত্রৈলোক্যমোহনদেবকে অষ্টবাহু করিবে। এই দেব গরুড়ারূঢ় এবং প্রথম বয়সে অবস্থিত। ইহাঁর দক্ষিণহস্তচতুষ্টয়ে চক্র, খড়্গ, মুষল ও অঙ্কুশ, আর বামহস্তচতুষ্টয়ে শঙ্খ, শার্ঙ্গ, গদা ও পাশ বিন্যাস করিবে। ইহাঁর দুইটী শক্তি লক্ষ্মী ও সরস্বতী, ইহাঁদের হস্তে পদ্ম ও বীণা দিবে অর্থাৎ লক্ষ্মীর হস্তে পদ্ম ও সরস্বতীর হস্তে বীণা প্রদান করিবে ॥

আরও, প্রতিষ্ঠাপ্রসঙ্গে ॥

পুরুষোত্তম অষ্টবাহু, ইহা পূর্ব্বে উল্লেখ করিয়াছি। সংক্ষেপে তোমাকে ইহাঁর চতুর্ব্বাহু ও দ্বিবাহু মূর্ত্তি বলিতেছি। এই দেবের ঊর্দ্ধ দক্ষিণহস্ত শান্তিদ ও অপর দক্ষিণহস্ত দয়ান্বিত, বামোর্দ্ধ করে চক্র এবং তন্নিম্ন হস্তে পাঞ্চজন্য শঙ্খ বিধান করিবে। এই দেবোত্তম শ্রী ও

প্রাসাদে স্থাপায়ন্নিত্যং গৃহে বা মণ্ডপেঽপি বা ॥
অথ দ্বিবাহুং তং দেবং কুর্য্যাদ্ভেদদ্বয়েন তু।
একং শান্তিকরং হস্তমপরং চক্রভূষিতং।
শ্রীসরস্বতীসংযুক্তমেকমায়তনে ন্যসেৎ ॥
গদাচক্রধরং বাপি দ্বিভুজং পুরুষোত্তমং।
সীরপাণিসমোপেতমেকানংশান্বিতং বিভুং।
চতুরস্রায়তে ধাম্নি স্থাপয়েৎ সর্ব্বকামদং।
অতসীপুষ্পসঙ্কাশং পীনবক্ষঃস্থলোরসং।
লাবণ্যাম্বুজতোয়েন সিঞ্চন্তমিব সর্ব্বতঃ।
ত্রৈলোক্যে যস্য রূপেণ ন ভূতো ন ভবিষ্যতি
তং দেবং কারয়েৎ সৌম্যং পুরুষোত্তমমুত্তমং ॥
বলদেবং দ্বিদোর্দণ্ডং মদবিভ্রান্তলোচনং।

পুষ্টি এই শক্তিদ্বয়সমন্বিত চতুর্ব্বাহু করিবে এবং ইহাঁকে সর্ব্বদা প্রাসাদে, গৃহে অথবা মণ্ডপে স্থাপন করিবে ॥

অনন্তর দুইটী ভেদ দ্বারা এই দেবকে দ্বিবাহু করিবে, এক হস্ত শান্তিকর ও অপর হস্ত চক্রবিভূষিত হইবে। লক্ষ্মী ও সরস্বতীসমন্বিত এই দেবকে এক গৃহে স্থাপন করিবে। অথবা দ্বিভুজ পুরুষোত্তমকে গদা চক্রধারী করিবে। এই বিভু বলরামের সহিত সংযুক্ত এবং একানংশান্বিত অর্থাৎ সুভদ্রাসমন্বিত হইবেন। ইনি সর্ব্বকামদ, ইহাঁকে চতুষ্কোণ মন্দিরে স্থাপন করিবে ॥

পুরুষোত্তমমূর্ত্তি অতসীপুষ্পসঙ্কাশ, বক্ষঃস্থল স্থূল, ইনি লাবণ্যরূপ পদ্মসলিল দ্বারা সকলকে সেচন করিতেছেন। ত্রিলোকী মধ্যে যাঁহার তুল্যরূপ আর কেহ হয় নাই ও হইবে না। এই প্রকার পুরুষোত্তমদেবের সুশোভিত উত্তম মূর্ত্তি করিবে ॥

বলদেবমূর্ত্তির দুইটী বাহুদণ্ড, মদবিভ্রান্ত লোচন, বামহস্তে লাঙ্গল

লাঙ্গলাসক্তপাণিন্তু মুষলোদ্যত দক্ষিণং।
কুর্য্যাদ্বা তস্য বাহ্বোহস্তু শঙ্খচক্রৌ সুশোভনৌ।
শরচাপধরৌ বাপি বরশান্তিপ্রদৌ তথা।
কার্য্যৌ ভুজৌ মহাভাগ বলদেবস্য সত্তমঃ।
ভোগান্ পঞ্চাথ বা সপ্ত কুর্য্যাদস্য ত্বনন্তবৎ।
একানংশান্তয়োর্মধ্যে কারয়েৎ সৌম্যরূপিণীং।
বরদাং পদ্মহস্তাং বা দক্ষিণেন ভুজেন তু।
শ্রোণিস্থ বামহস্তাং তু কুর্য্যাদ্ভদ্রাং সুরেশ্বরীং।
এবং তে দ্বিভুজো বিষ্ণুঃ কথিতঃ সর্ব্বকামদঃ।
বলদেবেন সহিতো ভদ্রয়া চ সমন্বিতঃ।
দেবস্য দক্ষিণে পার্শ্বে সুভদ্রাং বিনিবেশয়েৎ।
ততঃ পরে মদাক্রান্তলোচনং স্থাপয়েদ্বলং॥
ইতি পুরুষোত্তমঃ॥

ও দক্ষিণহস্তে উদ্যত মুষল অথবা তাঁহার দুই হস্তে সুশোভিত শঙ্খ চক্র বিধান করিবে। অথবা দুই হস্ত শর চাপধর কিম্বা বরশান্তিপ্রদ করিবে। হে মহাভাগ! বলদেবমূর্ত্তি দ্বিভুজ করা কর্ত্তব্য। অনন্তের ন্যায় ইহাঁর পাঁচটী বা সাতটী ভোগ অর্থাৎ ফণা করিবে এবং পুরুষোত্তম ও বলদেবের মধ্যে সৌম্যরূপিণী অনংশা অর্থাৎ সুভদ্রামূর্ত্তি করিবে। এই সুরেশ্বরী সুভদ্রাকে দক্ষিণভুজে বরদা অথবা পদ্মহস্তা তথা শ্রোণিস্থিত বামহস্তা করিবে। তোমার সম্বন্ধে এই সর্ব্বকামদ দ্বিভুজ বিষ্ণুর মূর্ত্তি কহিলাম, এই মূর্ত্তি বলদেব ও সুভদ্রার সহিত সমন্বিত হইবে। পুরুষোত্তমের দক্ষিণপার্শ্বে সুভদ্রার মূর্ত্তি স্থাপন করিবে। সুভদ্রার দক্ষিণে মদাক্রান্তলোচন বলদেবমূর্ত্তি স্থাপন করিবে॥

ইতি পুরুষোত্তমমূর্ত্তি॥

কিঞ্চ ॥
বিংশদ্বাহুং বিশ্বরূপং কুর্য্যাত্তল্লক্ষণং শৃণু ॥
চক্রং খড়্গঞ্চ মুষলমঙ্কুশং পট্টিশং তথা।
মুদ্গরঞ্চ তথা পাশং শক্তিং শূলং শরং তথা ॥
দক্ষিণেষু প্রদদ্যাদ্বৈ বামেষু শৃণু সাম্প্রতং।
শঙ্খং শার্ঙ্গং গদাং পাশং তোমরং লাঙ্গলং তথা ॥
পরশুং ছুরিকাং দণ্ডং চর্ম্মপ্রক্ষেপণং তথা।
নৃসিংহোক্তং পরং মানং বিশ্বরূপস্য কীর্ত্তিতং ॥
চতুর্ম্মুখং দক্ষিণেঽস্য ত্রিনেত্রং বামতো ন্যসেৎ।
স্তুবন্তো মুনয়ঃ কার্য্যা বিদ্রবন্তো নিশাচরাঃ ॥
ইতি বিশ্বরূপঃ ॥
বামপার্শ্বেন শয়িতং কারয়েজ্জলশায়িনং।

আরও। অথ বিশ্বরূপমূর্ত্তি ॥

বিংশতিহস্ত বিশ্বরূপমূর্ত্তি করিবে, তাহার লক্ষণ বলি শ্রবণ কর। চক্র, খড়্গ, মুষল, অঙ্কুশ, পট্টিশ, মুদ্গর, পাশ, শক্তি, শূল ও শর এই সকল দক্ষিণহস্তে দিবে। সম্প্রতি বামহস্তে যে সকল অস্ত্র প্রদান করিবে, তাহা বলি শ্রবণ কর। শঙ্খ, শার্ঙ্গ, গদা, পাশ, তোমর, লাঙ্গল, পরশু, ছুরিকা, দণ্ড এবং চর্ম্মপ্রক্ষেপণ (ঢাল) করিবে। নৃসিংহের ন্যায় বিশ্বরূপমূর্ত্তির পরিমাণ কীর্ত্তিত হইয়াছে। ইহাঁর দক্ষিণে চতুর্ম্মুখ ব্রহ্মা ও বামদিকে ত্রিলোচন শিবমূর্ত্তি বিন্যস্ত করিবে। স্তবকারিমুনিগণের মূর্ত্তি ও পলায়নপরায়ণ নিশাচর সকলের মূর্ত্তি নির্ম্মাণ করিবে ॥

ইতি বিশ্বরূপমূর্ত্তি ॥

অথ জলশায়িমূর্ত্তি ॥

বামপার্শ্বে শয়িত জলশায়ির মূর্ত্তি করিবে, এই জনার্দ্দন শেষপর্য্যঙ্ক-

শেষপর্য্যঙ্কগং দেবং চতুর্বাহুং জনার্দ্দনং।
শ্রিয়া ধৃতৈকচরণং সর্ব্বালঙ্কারভূষিতং।
দেবীভির্বিমলাদ্যাভিঃ সেব্যমানমিতস্ততঃ
নাভ্যুত্থ-পঙ্কজারূঢ়-পিতামহ-সমন্বিতং॥
ইতি জলশায়ী॥
কিঞ্চ॥
অষ্টতালা তু কর্ত্তব্যা দেবী লক্ষ্মীঃ সুরেশ্বরী।
তৎক্রমং সৌরকাণ্ডে তু কথয়িষ্যে তবানঘ।
নবতালিকক্ষেত্রাং তু কথ্যমানামিতঃ শৃণু।
ভ্রুবৌ যবাধিকে কার্য্যে যবহীনা তু নাসিকা।
গোলোকেনাধিকং বক্ত্রং মূর্দ্ধতির্য্যগ্বিবর্জ্জিতং।
আয়তে নয়নে কার্য্যে ত্রিভাগোনৈর্যবৈস্ত্রিভিঃ।

গত ও চতুর্ব্বাহু, লক্ষ্মীদেবী কর্ত্তৃক ইহাঁর এক চরণ ধৃত ও ইনি সর্ব্বালঙ্কারভূষিত এবং বিমলা প্রভৃতি দেবীগণ কর্ত্তৃক ইতস্ততঃ সেব্যমান হইতেছেন, তথা নাভ্যুৎপন্ন পঙ্কজারূঢ় ব্রহ্মার সহিত সমন্বিত॥

ইতি জলশায়িমূর্ত্তি॥

আরও॥

অথ লক্ষ্মীমূর্ত্তি॥

সুরেশ্বরী লক্ষ্মীদেবীকে অষ্টতাল ( চারি হাত ) পরিমাণ করিবে। হে অনঘ! সৌরকাণ্ডে ইহার ক্রম তোমাকে বলিব। এক্ষণে কথ্যমান নবতালিকক্ষেত্রা অর্থাৎ সাড়েচারি হাত প্রতিমা শ্রবণ কর। যব হইতে অধিক ভ্রূদ্বয়, যবহীন নাসিকা, বক্ত্র গোলোক অপেক্ষা অধিক ও ঊর্দ্ধতির্য্যক্ বিবর্জ্জিত করিবে। অপর ইহাঁর ত্রিভাগ ঊন তিন যব পরিমাণ,

তদৰ্দ্ধেন তু বৈপুল্যং নেত্রয়োঃ পরিকল্পয়েৎ।
কর্ণপাশোঽধিকঃ কার্য্যঃ সৃক্কণ্যা সমসূত্রিতঃ।
নম্রং কলাবিহীনং তু কুর্য্যাদংশদ্বয়ং সদা।
গ্রীবা সার্দ্ধকলা কার্য্যা তদ্বিস্তারোপশোভিতা।
নেত্রে বিনা তু বিস্তারে ঊরূ জানূ চ পিণ্ডিকে।
অঙ্ঘ্রি পৃষ্ঠে স্ফিচে কট্যাং যথাযোগ্যং প্রকল্পয়েৎ।
সপ্তাংশোনাস্তথাঙ্গুল্যো দৈর্ঘ্যং বিষ্কম্ভুনাহতং।
নেত্রৈকবর্জ্জিতায়ামা জঙ্ঘোরূ চ তথা কটিঃ।
মধ্যং পার্শ্বং ন তদ্বৃত্তং ঘনপীনং কুচদ্বয়ং।
তালমাত্রৌ স্তনৌ কার্য্যৌ কটিঃ সার্দ্ধকলাধিকা।
শেষমন্যদ্যথোদ্দিষ্টং লক্ষ্মীশ্চেয়ং প্রকীর্ত্তিতা।

নয়নদ্বয়ের আয়তন ও তাহার অর্দ্ধ বিপুলতা কল্পনা করিবে। সৃক্কণীর সমসূত্রে কর্ণপাশ অধিক করিবে, স্কন্ধদ্বয় সর্ব্বদা নম্র ও কলাবিহীন করিবে। সার্দ্ধকলা গ্রীবা ও সার্দ্ধকলার বিস্তার দ্বারা তাহাকে উপশোভিত করিবে॥

নেত্রদ্বয় ব্যতিরেকে ঊরূ, জানু ও পিণ্ডিকা অর্থাৎ পাদের ডিম তথা অঙ্ঘ্রি পৃষ্ঠ, স্ফিচ ( পাছা ) ও কটি ইহাতেও যথাযোগ্য বিস্তার কল্পনা করিবে। অঙ্গুলি সকল সপ্তাংশ ঊন ও তাহাদের দৈর্ঘ্য বিস্তার রহিত করিবে। অপর জঙ্ঘা, ঊরূ ও কটি এই সকল একনেত্র বর্জ্জিত আয়াম হইবে। মধ্যপার্শ্ব বৃত্তাকার হইবে না, কুচদ্বয় ঘন ও পীন হইবে। তাল অর্থাৎ অর্দ্ধ হস্তমাত্র স্তনদ্বয় এবং সার্দ্ধকলার অধিক কটি করিবে। অন্য যে সকল অঙ্গ অবশেষ রহিল, তৎসমুদায় অভিপ্রায়ানুসারে করিবে। এই লক্ষ্মীমূর্ত্তি কীর্ত্তিত হইল॥

সর্ব্বাভরণসম্পন্না মধ্যে ক্ষামা স্তনোন্নতা।
শ্রোণীতটসুবিস্তীর্ণা কার্য্যা দেবী সুরেশ্বরী।
দ্বিভুজা কম্বুগ্রীবা চ বিশালাক্ষী সুলক্ষণা।
স্তনৌ সমুন্নতৌ কার্য্যৌ কঞ্চুকেনাবগুণ্ঠিতৌ।
নাগহস্তোপমৌ বাহূ ঊরূ রম্ভাসমৌ শুভৌ।
নানারত্নোজ্জ্বলং পট্টং দেব্যাঃ শিরসি দাপয়েৎ।
নানারত্নোজ্জ্বলা দেব্যা মেখলা শ্রোণিসংযুতা।
যুক্তা দিব্যেন হারেণ কেয়ূরকটকোজ্জ্বলা।
পদ্মাসনা প্রকর্ত্তব্যা পদ্মশ্রীফলপাণিকা।
দক্ষিণে পুণ্ডরীকন্তু বামহস্তে তু শ্রীফলং।
স্থিতা বা ত্রিবলীভঙ্গশোভিতা চ প্রশস্যতে।
স্ত্রিয়ৌ পার্শ্বদ্বয়ে কার্য্যে শুভে চামরহস্তিকে।
ভৃঙ্গারহস্তৌ দ্বৌ নাগৌ স্নাপয়ন্তৌ শ্রিয়ং স্থিতৌ।
শ্রীরিয়ং লক্ষণোপেতা স্থাপিতা সর্ব্বকামদা।

সর্ব্বাভরণসম্পন্না সুরেশ্বরী দেবীর মধ্যভাগ উন্নত ও শ্রোণিতট সুবিস্তীর্ণ করিবে। বিশালাক্ষী দেবী দ্বিভুজ, কম্বুগ্রীব ও শোভন লক্ষণান্বিত হইবেন, ইহাঁর স্তনদ্বয় উন্নত ও কঞ্চুক দ্বারা অবগুণ্ঠিত, নাগহস্ত তুল্য বাহুদ্বয় মনোহর, রম্ভাবৃক্ষ সদৃশ ঊরুযুগল করিবে, তথা বিবিধরত্নখচিত পট্টবস্ত্র দেবীর মস্তকে প্রদান করিবে এবং শ্রোণীসংযুক্ত নানারত্নোজ্জ্বলা মেখলা করিবে। অপর ইহাঁকে দিব্য হারে যুক্ত ও কেয়ূর মুকুটে উজ্জ্বলা, পদ্মাসনা তথা হস্তে পদ্ম ও শ্রীফল বিধান করিবে। অর্থাৎ ইহাঁর দক্ষিণহস্তে শ্বেতপদ্ম ও বামহস্তে শ্রীফল এবং ইনি ত্রিবলী তরঙ্গযুক্ত হইয়া শোভা পাইতেছেন, ইহাই প্রশস্ত হয়। ইহাঁর পার্শ্বদ্বয়ে চামরহস্তা দুইটী স্ত্রীমূর্ত্তি করিবে এবং দুইটী নাগ ভৃঙ্গার হস্তে করিয়া লক্ষ্মীদেবীকে স্নান করাইবার নিমিত্ত অবস্থিত রহিয়াছে, এইরূপ মূর্ত্তি নির্ম্মাণ করিবে॥

ইতি লক্ষ্মীঃ ॥

খগেশস্য প্রবক্ষ্যামি তব রূপং সুশোভনং।
নরতুল্যং ভবেদ্গাত্রং নাসিকা চঞ্চুকান্বিতা।
যড়ঙ্গুলোচ্ছ্রয়া সম্যক্ চঞ্চুরূপেণ কল্পিতা।
মস্তকে সুন্দরং কেশং নেত্রে চৈবাস্য বর্ত্তুলে।
আয়তৌ দ্বিভুজৌ চাস্য পক্ষৌ কার্য্যৌ সুশোভনৌ।
স্কন্ধপ্রদেশসংলগ্ন জ্বলদগ্নিসমপ্রভৌ।
পাদয়োর্নখরাঃ কার্য্যাঃ সর্পমণ্ডলমণ্ডিতাঃ।
নূপুরৌ তস্য দ্বৌ নাগৌ কেয়ূরৌ পদ্মকম্বলৌ।
কটিদেশেঽস্য কুলিকঃ পরিধানস্য বেষ্টনঃ।
বৃশ্চিকৈঃ কর্ণিকা কার্য্যা গরুড়স্য মহাত্মনঃ।
দেবস্য পুরতঃ স্থাপ্যো যষ্ট্যাং বা মণ্ডপেঽথ বা।
প্রাসাদস্য প্রমাণেন কার্য্যো গরুড়মণ্ডপঃ।

ইতি লক্ষ্মীমূর্ত্তি ॥

অথ গরুড়মূর্ত্তি ॥

তোমার সম্বন্ধে গরুড়ের সুশোভন রূপ বলিতেছি। গরুড়ের নরতুল্য শরীর ও চঞ্চুকান্বিত নাসিকা, এই নাসা ছয় অঙ্গুল উন্নত এবং চঞ্চুরূপে কল্পিত। মস্তকে সুন্দর কেশ, নেত্রদ্বয় বর্ত্তুল। ভুজদ্বয় আয়ত ও স্কন্ধপ্রদেশ সংলগ্ন, জ্বলদগ্নিসমপ্রভ সুশোভন দুইটী পক্ষ। তথা পদের নখর সকল সর্পমণ্ডলে মণ্ডিত, চরণের নূপুরদ্বয় দুইটী নাগ, পদ্ম কম্বল দুইটী নাগ কেয়ূর, কটিদেশে কুলিক নাগ পরিধানের বেষ্টন এবং বৃশ্চিক সকল দ্বারা এই মহাত্মার কর্ণিকা করিবে। এইরূপ গরুড়কে দেবের অগ্রে যষ্টিতে অথবা মণ্ডপে স্থাপন করিবে। প্রাসাদের পরিমাণে গরুড়ের মণ্ডপ করা কর্ত্তব্য এবং প্রাসাদের দীর্ঘের অর্দ্ধ যষ্টির উচ্চতা করিবে ॥

যষ্ট্যাঃ সমুচ্ছ্রয়ঃ কার্য্যঃ প্রাসাদায়ামতোর্দ্ধতঃ।
ইতি শ্রীবৈনতেয়ঃ॥

কিঞ্চ॥

সর্ব্বেষামেব দেবানাং বিষ্ণূক্তং মানমুচ্যতে।
দেবীনামপি সর্ব্বাসাং লক্ষ্ম্যুক্তং মানমুচ্যতে।
কিঙ্করাদ্যাশ্চ কর্ত্তব্যাঃ সপ্তসংস্থানসংযুতাঃ॥

অথ শ্রীমূর্ত্ত্যঙ্গাধিক্যাদি দোষঃ॥

মাৎস্যে॥

নাধিকাঙ্গী ন হীনাঙ্গী কর্ত্তব্যা দেবতা ক্বচিৎ।
স্বামিনং ঘাতয়ত্ন্যূনা করালবদনা তথা।
অধিকা শিল্পিনং হন্যাৎ কৃশা চৈবার্থনাশিনী।
কৃশোদরী তু দুর্ভিক্ষং নির্ম্মাংসা ধননাশিনী।
বক্রনাসা তু দুঃখায় সংক্ষিপ্তাঙ্গী ভয়ঙ্করী।

---

ইতি গরুড়মূর্ত্তি॥

আরও॥

যত যত দেবমূর্ত্তি কহিয়াছি, তৎসমুদায়ের বিষ্ণুমূর্ত্তি তুল্য পরিমাণ এবং দেবী সকলের লক্ষ্মী তুল্য পরিমাণ হইবে, তথা কিঙ্করাদি সাত-টীকে সংস্থান অর্থাৎ চিহ্নসংযুক্ত করিবে॥

অথ শ্রীমূর্ত্তির অঙ্গের আধিক্যাদি দোষ॥

মৎস্যপুরাণে॥

দেবমূর্ত্তি কখন অধিকাঙ্গ বা হীনাঙ্গ করিবে না, দেবতা যদি হীনা বা করালবদনা হয়েন, তাহা হইলে তিনি স্বামিকে নাশ, অধিকা শিল্পিকে নাশ, কৃশা অর্থ নাশ, কৃষোদরী দুর্ভিক্ষ এবং নির্ম্মাংসা ধন নাশ করেন।

চিপিটা দুঃখশোকায় অনেত্রা নেত্রনাশিনী।
দুঃখদা হীনবক্ত্রা তু পাণিপাদকৃশা তথা।
হীনাংশা হীনজঙ্ঘা চ ভ্রমোন্মাদকরী নৃণাং।
শুষ্কবক্ত্রা তু রাজানং কটিহীনা চ যা ভবেৎ।
পাণিপাদবিহীনা যা জায়তে নরকো মহান্।
জঙ্ঘাহীনা তু যা স্বর্চ্চা শত্রুকল্যাণকারিণী।
পুত্রমিত্রবিনাশায় হীনা বক্ষঃস্থলে তু যা।
সম্পূর্ণাবয়বা যা তু আয়ুর্লক্ষ্মীপ্রদা সদা॥
বারাহ্যাং॥
নৃপভয়মত্যঙ্গায়াং হীনাঙ্গায়ামল্পকতা কর্ত্তুঃ।
শাতোদর্য্যাং ক্ষুদ্ভয়মর্থবিনাশঃ কৃশাঙ্গায়াং।
মরণং তু ক্ষতায়াং শস্ত্রনিপাতেন নির্দ্দিশেৎ কর্ত্তুঃ।

বক্রনাসা দুঃখের নিমিত্ত, সংক্ষিপ্তাঙ্গী ভয়ঙ্করী, চিপিটা (খাঁদা), দুঃখ শোক নিমিত্ত, অনেত্রা নেত্রনাশিনী, হীনবক্ত্রা দুঃখদা এবং পাণিপাদ কৃশা, তথা হীনাংশা ও হীনজঙ্ঘা ইহাঁরা সকল মনুষ্যদিগের ভ্রম এবং উন্মাদকরী হয়েন। অপর শুষ্কবক্ত্রা ও কটিহীনা মূর্ত্তি রাজাকে বিনষ্ট করেন। দেবমূর্ত্তি হস্তপাদ বিহীন হইলে তাহাতে মহানরক হয়। আর যে প্রতিমা জঙ্ঘাহীন হয়েন, তিনি শত্রুর কল্যাণ করেন, তথা বক্ষঃস্থল হীন যে প্রতিমা, তিনি পুত্র মিত্রকে বিনাশ করেন। আর যে দেবমূর্ত্তি সম্পূর্ণ অবয়ব বিশিষ্টা হয়েন, তিনি সর্ব্বদা আয়ুঃ ও লক্ষ্মী প্রদান করেন॥

বারাহীতে॥

অধিকাঙ্গা প্রতিমা নৃপভয়, হীনাঙ্গায় কর্ত্তার অল্পকতা, কৃশোদরীতে ক্ষুধা ভয়, কৃশাঙ্গীতে অর্থ বিনাশ এবং অস্ত্র দ্বারা প্রতিমা ক্ষত হইলে ঐ প্রতিমা কর্ত্তার মরণ নির্দ্দেশ করেন। প্রতিমা বামে বিনত হইলে

বামে বিনতা পত্নীং দক্ষিণবিনতা হিনস্ত্যায়ুঃ।
অন্ধত্বমূর্দ্ধদৃষ্ট্যাং করোতি চিন্তামধোমুখী দৃষ্টিঃ ॥
কিঞ্চ ॥
প্রহ্লাদোক্তে পুরাণোদ্ধারেঽপি।
সুরার্চ্চাং লক্ষণৈর্হীনাং যস্তু পূজয়তে নরঃ ॥
তস্যান্নং নাভিগৃহ্নাতি তস্মাত্তাং পরিবর্জ্জয়েৎ।
অথ দ্রব্যভেদেন শ্রীমূর্ত্তিভেদঃ ॥
মাৎস্যে ॥
চিত্রজা চৈব লেপ্যা চ শস্ত্রোৎকীর্ণা চ পাকজা ॥
পটে কুড্যে চ পাত্রে চ চিত্রজা প্রতিমা স্মৃতা।
লেপ্যা তু পার্থিবা জ্ঞেয়া লোহজা পাকজা মতা।

---

পত্নী এবং দক্ষিণে নত হইলে আয়ুঃ বিনষ্ট করেন। প্রতিমা উর্দ্ধ দৃষ্টি হইলে অন্ধত্ব ও অধোমুখী দৃষ্টি হইলে চিন্তা বিধান করেন ॥

আরও ॥

প্রহ্লাদোক্ত পুরাণোদ্ধারেও ॥

যে মনুষ্য লক্ষণহীনা দেবপ্রতিমাকে পূজা করেন, কেহ তাহার অন্ন গ্রহণ করে না, অতএব ঐ প্রতিমাকে পরিবর্জ্জন করিবে ॥

অথ দ্রব্যভেদে শ্রীমূর্ত্তির ভেদ ॥

মৎস্যপুরাণে ॥

প্রতিমা চিত্রজা, লেপ্যা, শস্ত্রোৎকীর্ণা ও পাকজা এই চারি প্রকার হয়। পটে, ভিত্তিতে ও পাত্রে চিত্র করিলে চিত্রজা প্রতিমা বলে। পার্থিব প্রতিমা লেপ্যা, লোহ অর্থাৎ ধাতু নির্ম্মিত প্রতিমা পাকজা এবং

শৈলজা বৃক্ষজা চৈব শস্ত্রোৎকীর্ণা চ কীর্ত্তিতা।
চতুর্দ্ধা দ্রব্যভেদেন প্রতিমা পরিকীর্ত্তিতা॥
হয়শীর্ষপঞ্চরাত্রে॥
মৃণ্ময়ী দারুঘটিকা লোহজা রত্নজা তথা।
শৈলজা গন্ধজা চৈব কৌসুমী সপ্তমী স্মৃতা॥
কৌসুমী রত্নজা চৈব মৃণ্ময়ী প্রতিমা হিতা।
তৎকালপূজিতাশ্চৈতাঃ সর্ব্বকামফলপ্রদাঃ॥
কিঞ্চ॥
ভাগ্যদা শৈলজা স্যাচ্চ স্বর্ণজা পুষ্টিদা ভবেৎ।
সুখপ্রদা স্যান্মণিজা রাজতী কীর্ত্তিদা ভবেৎ।
তাম্রজা ধনদা প্রোক্তা শ্রীপ্রদা বৃক্ষজা মতা।
কৌসুমী সুখদা প্রোক্তা গন্ধজা ভোগদা মতা।

শৈলজা ও বৃক্ষজা প্রতিমাকে শস্ত্রোৎকীর্ণা বলা যায়। দ্রব্যভেদে প্রতিমা চারি প্রকার কীর্ত্তিত হইল॥

হয়শীর্ষপঞ্চরাত্রে॥

প্রতিমা সাত প্রকার, যথা—মৃণ্ময়ী, দারুনির্ম্মিতা, লোহজা, রত্নজা, শৈলজা, গন্ধজা ও কৌসুমী॥

কৌসুমী, রত্নজা ও মৃণ্ময়ী প্রতিমা হিতকারিণী, ইহাঁরা তৎকালপূজিত হইলে সমুদায় কামফল প্রদান করেন॥

আরও॥

শৈলজা প্রতিমা ভাগ্যদা, স্বর্ণজা প্রতিমা পুষ্টিদা, মণিজা প্রতিমা সুখপ্রদা, রজতনির্ম্মিতা প্রতিমা কীর্ত্তিপ্রদা, তাম্রজা প্রতিমা ধনদা, বৃক্ষজা প্রতিমা সম্পৎ প্রদা, কৌসুমী প্রতিমা সুখদা, গন্ধজা প্রতিমা ভোগদায়িনী ও মৃণ্ময়ী প্রতিমা প্রত্যগ্র অর্থাৎ নূতন সংস্থাপিত হইলে সর্ব্ব-

প্রত্যগ্রস্থাপিতা বাপি মৃণ্ময়ী সর্ব্বসিদ্ধিদা ॥
কিঞ্চ ।
তত্রৈব চিত্রজাপ্রতিষ্ঠাপ্রসঙ্গে ॥
যাবন্তি বিষ্ণুরূপাণি সুরূপাণীহ লেখয়েৎ ।
তাবদ্যুগসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ।
লেপ্যে চিত্রে হরির্নিত্যং সন্নিধানমুপৈতি হি ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন লেপ্যচিত্রগতং যজেৎ ।
কান্তিভূষণভাবাঢ্যাশ্চিত্রে যস্মাৎ স্ফুটং স্থিতাঃ ।
অতঃ সান্নিধ্যমায়াতি চিত্রজাসু জনার্দ্দনঃ ।
তস্মাচ্চিত্রার্চ্চনে পুণ্যং স্মৃতং শতগুণং বুধৈঃ ॥
চিত্রস্থং পুণ্ডরীকাক্ষং সবিলাসং সবিভ্রমং ।
দৃষ্ট্বা বিমুচ্যতে পাপৈর্জন্মকোটিসুসঞ্চিতৈঃ ।
তস্মাচ্ছুভার্থিভির্ধীরৈর্মহাপুণ্যজিগীষয়া ।

সিদ্ধি প্রদান করেন ॥

আরও । হয়শীর্ষপঞ্চরাত্রে চিত্রজাপ্রতিষ্ঠাপ্রসঙ্গে ॥

যত যত বিষ্ণুরূপ আছেন, তাঁহাদিগকে সুরূপ করিয়া লিখিবে, প্রত্যেক প্রতিমায় সহস্রযুগ বিষ্ণুলোকে পূজিত হয় । লেপ্য ও চিত্র প্রতিমায় হরি নিত্য সন্নিহিত হয়েন, অতএব সম্যক্ যত্নপূর্ব্বক লেপ্য ও চিত্রগত হরিপ্রতিমায় পূজা করিবে । চিত্রে যখন কান্তিভূষণ ও ভাব প্রভৃতি স্পষ্টরূপে অবস্থিত হয়, সেই হেতু জনার্দ্দন চিত্রজা প্রতিমা সকলে সান্নিধ্য প্রাপ্ত হয়েন, অতএব পণ্ডিতগণ চিত্রজা প্রতিমাতে শত-গুণ পুণ্য স্মরণ করিয়াছেন ॥

চিত্রস্থ সবিলাস সবিভ্রম পুণ্ডরীকাক্ষকে দর্শন করিলে কোটিজন্ম সুসঞ্চিত পাপ হইতে বিমুক্ত হয়, অতএব শুভার্থি ধীর মনুষ্য মহাপুণ্য-

পটস্থঃ পূজনীয়স্তু দেবো নারায়ণঃ প্রভুরিতি ॥
অথ শিলাগ্রহণং ॥
ত্রিকূটাদ্রিষু গৃহ্নীয়াৎ কিম্বা শ্রীপর্ব্বতাদিষু।
শিলাং ভূমিগতাং বাথ জ্ঞাত্বা তল্লক্ষণং বুধঃ ॥
তথাচ তত্রৈব ॥
সুবারে সুতিথৌ যোগে স্বর্ক্ষে সুকরণান্বিতে।
আপূর্য্যমাণপক্ষে তু সুগ্রহে চোত্তরায়ণে।
যজমানানুকূলে তু প্রতিমার্থং ব্রজেদ্গুরুঃ।
শ্বেতবস্ত্রপরীধানঃ শ্বেতচন্দনচর্চ্চিতঃ।
শ্বেতপুষ্পকৃতাপীড়ঃ শিল্পিভিঃ সহিতো গুরুঃ।
নিপুণৈঃ শিল্পিভিঃ সার্দ্ধং সহায়ৈর্বলবত্তরৈঃ।
নৃসিংহং পূজ্য বিজ্ঞাপ্য পূজ্য টঙ্কাদিকং ততঃ।
ধ্যাত্বা হরিং হবিঃ প্রাশ্য মন্ত্রাঙ্গান্যস্তবিগ্রহঃ।

জয়েচ্ছায় পটস্থ দেব নারায়ণ প্রভুকে পূজা করিবেন ॥

অথ শিলাগ্রহণ ॥

পণ্ডিতগণ ত্রিকূট অথবা শ্রীপর্ব্বতাদিতে প্রতিমাদির লক্ষণযোগ্য ভূমিগত শিলাকে গ্রহণ করিবেন ॥

এই বিষয়ের প্রমাণ হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

যজমানের অনুকূল শোভন বার, শোভন তিথি, সুযোগ, সুনক্ষত্র, শোভন করণ, শুক্লপক্ষ, সুগ্রহ ও উত্তরায়ণকালে গুরু, প্রতিমার নিমিত্ত গমন করিবেন। গুরু শিল্পিগণের সহিত শ্বেতবস্ত্র পরিধান, শ্বেতচন্দন-চর্চ্চিত ও শ্বেতপুষ্পের শিরোভূষণ করিয়া বলবত্তর সহায় স্বরূপ নিপুণ শিল্পিগণের সহিত নৃসিংহদেবকে পূজা ও বিজ্ঞাপন পূর্ব্বক পাষাণবিদারণ অস্ত্রকে পূজা করিবেন। তদনন্তর হরিকে ধ্যান করত

ব্রাহ্মণান্ বাচয়িত্বা তু ভক্ত্যা মঙ্গলদর্শনং।
দধি দূর্ব্বাং রোচনাং বা আদর্শং কুসুমং সিতং।
ফলঞ্চ পূর্ণকুম্ভঞ্চ বন্দয়িত্বা বনং ব্রজেৎ।
দিব্যান্তরীক্ষভৌমানি নিমিত্তান্যুপলক্ষয়ন্।
যায়াচ্ছুভনিমিত্তেষু বিপরীতে নিবর্ত্তয়েৎ।
ত্রিরাযম্য ততঃ প্রাণান্ ধ্যায়েৎ সিংহতনুং হরিং।
পুনশ্চাষ্টোত্তরং জপ্ত্বা পাতালমুষলং জপেৎ।
গীতবাদ্যরবোদঘুষ্টা যাত্রা স্যাৎ সিদ্ধিদা নৃণাং॥
লক্ষ্মীং ধ্যায়ন্ বনং যায়াৎ সহায়ৈঃ শিল্পিভিঃ সহ।
শঙ্খকাহলশব্দৈশ্চ পুণ্যাহ জয়মিশ্রিতৈঃ।
ঋগ্ যজুঃসামসঙ্ঘৈশ্চ ধ্যায়ন্ সিংহং বনং ব্রজেৎ।

ভোজন করিয়া শরীরে মন্ত্রন্যাস করিবেন। তৎপরে ভক্তিসহকারে ব্রাহ্মণদিগকে মঙ্গল বাচন করাইয়া এবং শুভদর্শন দধি, দূর্ব্বা, রোচনা, দর্পণ, শ্বেতপুষ্প, ফল ও পূর্ণকুম্ভ এই সকলকে বন্দনা করিয়া বনে গমন করিবেন। দিব্য, অন্তরীক্ষ ও ভূমিসম্বন্ধীয় নিমিত্ত সকলের প্রতি দৃষ্টি-পাত করিবেন, ঐ সকল নিমিত্ত যদি শুভ হয় তবে গমন করিবেন কিন্তু নিমিত্ত বিপরীত হইলে গমন বিষয়ে ক্ষান্ত হইবেন। তৎপরে তিনবার প্রাণায়াম করিয়া নৃসিংহমূর্ত্তি হরিকে ধ্যান করিবেন। পুনর্ব্বার অষ্টোত্তর জপ করিয়া পাতালমুষলকে ( মন্ত্রবিশেষকে ) জপ করিবেন। যাত্রা যদি গীতবাদ্যরবে উচ্চধ্বনিসমন্বিতা হয়, তাহা হইলে ঐ যাত্রা মনুষ্য সকলের সিদ্ধি বিধান করে॥

অনন্তর গুরু লক্ষ্মীকে ধ্যান করিয়া সহায় স্বরূপ শিল্পিগণের সহিত বনে গমন করিবেন। পুণ্যাহ জয়মিশ্রিত শঙ্খ ও কাহলের (বৃহৎ ঢক্কার) শব্দ তথা ঋক্, যজুঃ, সামবেদ ধ্বনিসহকারে সিংহকে ধ্যান করিয়া বনে

প্রাচীং দিশমথোদীচীমৈশানীং বা ব্রজেদ্‌গুরুঃ ॥
ভূধরাদ্যাস্তু যে পূর্ব্বং সংস্থানাঃ কথিতা ময়া।
তত্র গত্বা সমীপে তু কৃতরক্ষো বনং বিশেৎ।
প্রবিশেৎ তত্র যত্নেন শিল্পিভিঃ সহিতো গুরুঃ ॥
নিরূপয়েৎ সমন্তাত্তু বৃক্ষং বাপ্যথ বা শিলাং।
লক্ষণেন তু মন্ত্রজ্ঞো যৎ পূর্ব্বং কথিতং ময়া ॥
একবর্ণাং শিলাং দৃষ্ট্বা বাহ্যদোষবিবর্জ্জিতাং।
চতুর্দ্দিক্ষু সমং কৃত্বা ভূমিভাগং বিশোধয়েৎ।
প্লাব্য তোয়েন পূতেন গোময়েন বিলেপয়েৎ ॥
তত্রৈব মণ্ডপং কৃত্বা বাসুদেবং ততো জপেৎ।
পতাকৈস্তোরণৈশ্চিত্রৈর্মণ্ডপং তং বিভূষয়েৎ।
পূজয়েদথ দিগ্দেবান্ ভূতক্রূরবলিং হরেৎ।

গমন করিবেন। পূর্ব্ব অথবা উত্তর কিম্বা ঈশানদিকে গমন করিবেন ॥

আমি ভূধর প্রভৃতি যে সকল সংস্থান পূর্ব্বে উল্লেখ করিয়াছি, সেই স্থানে গমন করিয়া সমীপে রক্ষাবিধান করত বনে প্রবেশ করিবেন। গুরু যত্নসহকারে তথায় শিল্পিগণের সহিত প্রবেশ করিবেন ॥

আমি পূর্ব্বে যে লক্ষণ বলিয়াছি, মন্ত্রজ্ঞ গুরু সর্ব্বতোভাবে তল্লক্ষণাক্রান্ত বৃক্ষ অথবা শিলাকে নিরূপণ ( নিশ্চয় ) করিবেন ॥

বাহ্যদোষরহিত একবর্ণা শিলা দেখিয়া চারিদিক্ সমান করত ভূমিভাগকে বিশিষ্টরূপে শোধন করিবেন। তৎপরে পবিত্র জল দ্বারা ক্ষালন করিয়া গোময় দ্বারা বিলেপন করিবেন ॥

ঐ স্থলে মণ্ডপ করিয়া তৎপরে বাসুদেবকে জপ করিবেন এবং চিত্র বিচিত্র পতাকা ও তোরণ দ্বারা সেই মণ্ডপকে বিভূষিত করিবেন। তদনন্তর দিগ্দেবতাগণকে পূজা করিয়া ভূত সকলকে ক্রূর বলি প্রদান

মাষং হরিদ্রাচূর্ণঞ্চ দধিশক্তুসমন্বিতং।
সলাজমাষভক্তঞ্চ দদ্যাৎ ক্রূরবলিং বুধঃ॥
বিষ্ণুং পূজ্য বিধানেন ক্রমশস্তান্ প্রপূজয়েৎ।
বায়ব্যামস্ত্রমন্ত্রেণ গন্ধপুষ্পৈঃ প্রপূজয়েৎ।
বহ্নিং প্রজ্বাল্য বিধিনা মন্ত্রান্ সংতর্প্য পূজয়েৎ।
হুত্বা যথোক্তবিধিনা শান্তিতোয়ং সমারভেৎ।
শান্তিতোয়ং ততো গৃহ্য অস্ত্রেণ প্রোক্ষয়েচ্ছিলাং।
দর্ভৈরুল্লেখয়েৎ পশ্চাদস্ত্রমন্ত্রেণ তাং শিলাং।
মন্ত্রেরালভ্য তাং যত্নাৎ শুক্লবস্ত্রেণ বেষ্টয়েৎ।
রক্ষাং কৃত্বা নৃসিংহেন দর্ভৈরাচ্ছাদ্য পূজয়েৎ।
গন্ধৈঃ পুষ্পৈশ্চ নৈবেদ্যৈর্ধূপৈঃ সংপূজ্য তাং শিলাং।
ততস্তু মূলমন্ত্রেণ আজ্যমষ্টোত্তরং হুনেৎ।

করিবেন। মাষ (কলায়) হরিদ্রাচূর্ণ দধিশক্তুসমন্বিত ও লাজ, মাস ভক্তের সহিত পণ্ডিত ব্যক্তি ক্রূর বলি প্রদান করিবেন॥

অনন্তর বিষ্ণুকে পূজা করিয়া বিধানানুসারে যথাক্রমে ভূত সকলের পূজা করিবেন। তৎপরে বায়ুকোণে অস্ত্রমন্ত্রে গন্ধপুষ্প দ্বারা ঐ সকলকে পূজা করিবেন, তাহার পর যথাবিধি অগ্নি প্রজ্বালিত করিয়া মন্ত্র সকলকে সন্তর্পিত করত পূজা করিবেন। অনন্তর হোম করিয়া যথোক্তবিধি অনুসারে শান্তিজল করিতে আরম্ভ করিবেন। তদনন্তর শান্তিজল গ্রহণ করিয়া অস্ত্রমন্ত্র দ্বারা শিলা প্রোক্ষণ (সেচন) করিবেন। পশ্চাৎ কুশ দিয়া অস্ত্রমন্ত্র দ্বারা সেই শিলাকে উল্লেখন (খনন) করিবেন। পরে মন্ত্র দ্বারা গ্রহণ করিয়া যত্নপূর্ব্বক সেই শিলাকে শুক্লবস্ত্রে বেষ্টন করিবেন। তদনন্তর নৃসিংহমন্ত্র দ্বারা রক্ষা ও কুশসকল দ্বারা আচ্ছাদন করিয়া গন্ধ, পুষ্প, নৈবেদ্য এবং ধূপ দ্বারা ঐ শিলাকে পূজা করিবেন। তাহার পর মূলমন্ত্রে অষ্টোত্তরশত আজ্যহোম করিবেন। পরে গুরু

ততঃ পূর্ণাহুতিং দদ্যাৎ মন্ত্ররাজেন বৈ গুরুঃ।
এবং সংতর্প্য সংপূজ্য বিজ্ঞাপ্য চ বলিং হরেৎ।
গন্ধৈঃ পুষ্পৈস্তথা ধূপৈর্দদ্যাদ্ভূতবলিং বুধঃ।
অত্র যেহবস্থিতাঃ সত্ত্বা যাতুধানাশ্চ গুহ্যকাঃ।
সিদ্ধাদয়ো বা যে বান্যে তান্ সংপূজ্য ক্ষমাপয়েৎ॥
বিষ্ণুবিম্বার্থমস্মাকং যাত্রৈষা কেশবাজ্ঞয়া।
বিষ্ণ্বর্থং যদ্ভবেৎ কার্য্যং যুষ্মাকমপি তদ্ভবেৎ।
অনেন বলিদানেন প্রীতা ভবথ সর্ব্বথা।
ক্ষেমেণ গচ্ছতান্যত্র মুক্ত্বা স্থানমিদং পুনঃ।
এবং প্রবোধিতাঃ সত্ত্বাঃ পরিতুষ্টা যথাসুখং।
আচম্য সংবিশ্য ততঃ কৃতরক্ষাপুরঃসরঃ।
চরুং প্রাশ্য নিরাহারঃ শিল্পিভিঃ সহ দেশিকঃ।

মন্ত্ররাজ দ্বারা পূর্ণাহুতি প্রদান করিবেন। এই প্রকার তর্পণ, পূজা ও বিজ্ঞাপন করিয়া নৈবেদ্যার্পণ করিবেন। তদনন্তর গন্ধ, পুষ্প ও ধূপ-সহকারে ভূত বলি দিবেন। তৎপরে এস্থানে যে সকল সত্ত্ব, যাতুধান, গুহ্যক, সিদ্ধগণ অথবা অন্য যে কেহ থাকে, তাহাদিগকে পূজা করিয়া ক্ষমা করাইবেন॥

তদ্বিষয়ে মন্ত্র যথা॥

বিষ্ণুপ্রতিমার নিমিত্ত কেশবের আজ্ঞায় আমাদের এই যাত্রা হইয়াছে, বিষ্ণুর নিমিত্ত যে কার্য্য হইবে, তাহা তোমাদিগেরও হইবে, এই বলিদান দ্বারা তোমরা সর্ব্বপ্রকারে প্রীত হও, এই স্থান পরিত্যাগ করিয়া মঙ্গলের সহিত পুনরায় অন্য স্থানে গমন কর। এই প্রকার সত্ত্ব সকল প্রবোধিত ও যথাসুখ পরিতুষ্ট হইলে গুরু আচমন এবং উপবেশন করিয়া তৎপরে কৃতরক্ষাপুরঃসর চরু ভোজন করিয়া নিরাহার হওত শিল্পি-

হরিং বিজ্ঞাপ্য বিধিবদ্দেবীং চ কমলোদ্ভবাং।
পশ্চিমে দর্ভশয্যায়াং বসেত্তাং রজনীং গুরুঃ।
নিরাহারঃ স্থিতো ভূত্বা প্রাণামারম্ভকং জপন্॥
ওঁ নমঃ সর্ব্বলোকপিত্রে বিষ্ণবে প্রভবিষ্ণবে।
বিশ্বায় বিশ্বরূপায় স্বর্গাধিপতয়ে নমঃ।
আগচ্ছ দেবদেবেশ প্রপন্নোঽস্মি তবান্তিকং।
স্বপ্নে সর্ব্বাণি কার্য্যাণি হৃদিস্থানানি যানি মে।
ওঁ হ্রীং ফট্ স্বাহা।
যদা স পশ্যতে বৃক্ষং জ্বলন্তং ধূমবর্জ্জিতং।
ফলিতং পুষ্পিতং চৈব তদা সিদ্ধি র্ন দূরতঃ।
প্রজ্বলন্তীং শিলাং পশ্যেচ্ছ্রিয়া বাধিষ্ঠিতাং শিলাং।
ব্রহ্মণাধিষ্ঠিতাং বাপি সা তদা সর্ব্বকামদা।

গণের সহিত যথাবিধি হরি ও কমলোদ্ভবা দেবীকে বিজ্ঞাপন করিয়া পশ্চিমদিকে দর্ভশয্যায় বসিয়া রজনীতে নিরাহার থাকিয়া প্রাণায়ামারম্ভক জপ করিবেন॥

মন্ত্র যথা॥

সর্ব্বলোক পিতা, বিশ্ব, বিশ্বরূপ ও স্বর্গাধিপতি প্রভবিষ্ণু বিষ্ণুকে নমস্কার। হে দেব! হে দেবেশ! আগমন কর, আমি তোমার নিকট শরণাপন্ন হইয়াছি, স্বপ্নে যে সকল আমার হৃদয়স্থ রহিয়াছে তৎসমুদায় কর ওঁ হ্রীং ফট্ স্বাহা॥

যখন গুরু স্বপ্নে ধূমবর্জিত জ্বলন্ত বৃক্ষকে ফলিত ও পুষ্পিত দেখিতে পাইবেন তখন সিদ্ধি দূরবর্ত্তিনী নহে। আর যখন প্রজ্বলন্তী অথবা লক্ষ্মী কর্ত্তৃক অধিষ্ঠিতা কিম্বা ব্রহ্মা কর্ত্তৃক অধিষ্ঠিতা শিলা দেখিতে পান তখন সেই শিলা সর্ব্বাভীষ্ট প্রদান করিবে॥

শ্রিয়া যুক্তং প্রজ্বলন্তমথ পশ্যতি পর্ব্বতং।
ততঃ প্রবৃদ্ধশিখরং কাঞ্চনদ্রুমমণ্ডিতং।
যুতং সর্ব্বোদ্ভবৈর্বৃক্ষৈঃ ফলপুষ্পসমন্বিতৈঃ।
এবং ভূতেষু দৃষ্টেষু স্বপ্নে অর্চ্চা সুশোভনা॥
অপরেঽহনি সংপ্রাপ্তে কৃতরক্ষঃ কৃতাহ্নিকঃ।
শস্ত্রাণি বিধিবৎ পূজ্য শিলাং পূজ্য বিধানতঃ।
অর্ঘ্যং দত্ত্বা শিলায়াস্তু শস্ত্রমন্ত্রেণ পূজয়েৎ।
মন্ত্রয়িত্বা স্বমন্ত্রেণ প্রজ্বলন্তং বিভাবয়েৎ।
মধ্বাজ্যাক্তমুখং কৃত্বা আত্মানং চিন্তয়েদ্ধরিং।
শিল্পিনং বিশ্বকর্ম্মাণং ধ্যাত্বোদক্ প্রাঙ্মুখোঽপি বা।
শস্ত্রং বিষ্ণ্বাত্মকং ধ্যাত্বা প্রদদ্যাচ্ছিল্পিনে গুরুঃ।
মুখং পৃষ্ঠং সলাঙ্গূলং শিল্পিনে দর্শয়েদ্গুরুঃ।

অপর যদি লক্ষ্মীযুক্ত প্রজ্বলিত পর্ব্বত অবলোকন করেন অথবা তাহার পর যদি কাঞ্চনবৃক্ষশোভিত প্রবৃদ্ধ শিখর ফলপুষ্পসমন্বিত সর্ব্বোদ্ভব বৃক্ষ সমূহে যুক্ত স্বপ্নে এই প্রকার সমুদায় দৃষ্ট হইলে প্রতিমা সুশোভনা হয়॥

পরদিবস প্রাপ্ত হইলে রক্ষাবিধান ও আহ্নিক করিয়া যথাবিধি অস্ত্র সকল ও শিলাকে পূজা করত শিলায় অর্ঘ্য দিয়া শস্ত্র মন্ত্রদ্বারা পূজা করিবে। তৎপরে স্বমন্ত্র দ্বারা মন্ত্রিত করিয়া ঐ শিলাকে প্রজ্বলিত-রূপে চিন্তা করিবে। তদনন্তর ঐ শীলার মুখ মধু ও ঘৃতসিক্ত করিয়া আপনাকে হরি রূপে চিন্তা করিবে, তাহার পর গুরু উত্তরমুখ বা পূর্ব্ব-মুখ হইয়া শিল্পিকে বিশ্বকর্ম্মা রূপে ধ্যান পূর্ব্বক শস্ত্রকে বিষ্ণ্বাত্মক চিন্তা করিয়া সেই শস্ত্র শিল্পিকে প্রদান করিবেন। এবং গুরু লাঙ্গুলের সহিত

শুক্লগন্ধানুলিপ্তাঙ্গঃ স্নাতঃ পুষ্পাদ্যলঙ্কৃতঃ।
উদঙ্মুখঃ প্রাঙ্মুখো বা স্থপতিঃ সংযতঃ শুচিঃ।
ধ্যাত্বাত্মদেবতাং শিল্পী টঙ্কহস্তো জিতেন্দ্রিয়ঃ।
যথেষ্টং শাতয়েৎ পশ্চাদযচ্ছিলাং তচ্ছৃণুষ্ব মে ॥
উদক্‌শিরাং প্রাক্‌শিরাং বা তথৈবেশানদিগ্‌গতাং।
ঊর্দ্ধভাগং ভবেৎ পৃষ্ঠমধোভাগং ভবেন্মুখং।
কিঞ্চিন্মানাধিকাং কৃত্বা কল্পয়েৎ প্রতিমাশিলাং।
কিঞ্চিন্মানাধিকা ত্যাজ্যা বিবিধা যা চ পিণ্ডিকা।
ছেদয়িত্বা সমুদ্ধৃত্য চতুরস্রং তু কারয়েৎ।
অনেনৈব বিধানেন পরীক্ষ্য গুণদোষতঃ।
বৃক্ষং যত্নেন গৃহ্ণীয়াৎ বিধিজ্ঞো দেশিকোত্তমঃ ॥
সমানীয় রথং শ্রেষ্ঠং সুশীলৈর্ব্বৃষভৈর্যুতং।

মুখ ও পৃষ্ঠ শিল্পিকে দর্শন করাইবেন। শিল্পী স্নাত, শুক্লগন্ধলিপ্তাঙ্গ, শুক্লপুষ্পাদিতে অলঙ্কৃত, সংযত, শুচি, জিতেন্দ্রিয়, উত্তরমুখ বা পূর্ব্বমুখ হইয়া আত্মদেবতাকে ধ্যানপূর্ব্বক টঙ্ক (পাষাণদারণ অস্ত্রবিশেষ) হস্তে লইয়া যথেষ্টরূপে যে শিলা বিদীর্ণ করিবে তাহা বলি, আমার নিকট শ্রবণ কর ॥

উত্তরশিরা বা পূর্ব্বশিরা কিম্বা ঈশানকোণগতা শিলাকে বিদীর্ণ করিবে। শিলার ঊর্দ্ধভাগ পৃষ্ঠ ও অধোভাগ মুখ হইবে। প্রতিমার শিলা প্রতিমা অপেক্ষা কিঞ্চিৎ পরিমাণ অধিক থাকিবে। যে সকল শিলা বিবিধ প্রকার পিণ্ডিকাপরিমাণ অপেক্ষা অধিক সে সমুদায়কে ত্যাগ করিবে। শিলাকে ছেদন পূর্ব্বক উত্তোলন করিয়া চতুষ্কোণ করিবে ॥

বিধিজ্ঞ গুরু এই প্রকার বিধানানুসারে দোষ গুণ পরীক্ষা করিয়া যত্নসহকারে বৃক্ষকেও গ্রহণ করিবেন ॥

অনন্তর গুরু সুশীল বৃষযুক্ত উত্তম রথ আনয়ন করিয়া যত্নসহকারে

রথে স্থাপ্য শিলাং যত্নাচ্ছাদয়িত্বা তু বাসসা।
হরিং ধ্যাত্বা স্মরন্মন্ত্রমর্ঘ্যং দদ্যাত্ততো গুরুঃ ॥
আনীয়মানে তু রথে রথাঙ্গপরিচারকৈঃ।
বৃষভে বা সমুৎপন্নে অনিমিত্তে চ সাধকঃ।
বৈষ্ণবাগ্নৌ নৃসিংহেন তিলৈর্ঘৃতবিমিশ্রিতৈঃ।
হুত্বা চাষ্টশতং সম্যক্ তদ্দোষেণ বিমুচ্যতে ॥
আনীয় শঙ্খনির্ঘোষৈর্গীতমঙ্গলনিঃস্বনৈঃ।
প্রাসাদস্যোত্তরে ভাগে কৃত্বা কর্ম্মকুটিং গুরুঃ।
শিলাং সংস্থাপ্য তস্মিংস্তু অর্চ্চয়িত্বা বলিং হরেৎ।
ততঃ প্রবর্ত্তয়েৎ কর্ম্ম বিদ্বান্ বিজ্ঞৈস্তু শিল্পিভিঃ ॥
কিঞ্চ ॥
যথোক্তায়াং দিশায়াং তু ন লভ্যেত যদা শিলা।

---

অস্ত্র দ্বারা শিলাকে আচ্ছাদন করত ঐ রথে স্থাপন করিয়া হরিকে ধ্যান ও মন্ত্র স্মরণপূর্ব্বক অর্ঘ্য প্রদান করিবেন ॥

রথ আনীত হইলে রথাঙ্গপরিচারকগণ কর্ত্তৃক বৃষভে যদি অনিমিত্ত (দোষ) উৎপন্ন হয়, তাহা হইলে গুরু বৈষ্ণবাগ্নিতে নৃসিংহমন্ত্রে ঘৃত-মিশ্রিত তিল দ্বারা একশত অষ্ট হোম করিবেন, তাহাতে তদ্দোষ হইতে বিমুক্ত হইবেন ॥

অনন্তর গুরু শঙ্খ ও গীতমঙ্গলধ্বনিসহকারে শিলা আনয়ন করিয়া প্রাসাদের উত্তরভাগে কর্ম্মকুটির করিবেন, সেই কুটিরে শিলা সংস্থাপন পূর্ব্বক পূজা করিয়া বলি প্রদান করিবেন। তদনন্তর বিদ্বান্ গুরু বিজ্ঞ শিল্পিগণ দ্বারা কর্ম্ম প্রবর্ত্তিত করাইবেন ॥

আরও ॥

যথোক্ত দিকে যদি শিলা লাভ না হয়, তাহা হইলে যে বিধি অনু-

তদা বিদিক্স্থিতা গ্রাহ্যা বিধিনা যেন তচ্ছৃণু।
সমানীয় শিলাং সম্যক্ পূর্ব্বোক্তলক্ষণৈর্যুতাং।
প্রাসাদস্যোত্তরে ভাগে খাত্বা ভূমিং বিধানবিৎ।
শিলাং সংস্থাপ্য তৎখাতে মৃদা সংপূরয়েদ্গুরুঃ।
সমীকৃত্যাথ তাং ভূমিং মণ্ডপং তত্র কারয়েৎ।
পতাকাধ্বজপত্রাদ্যৈর্ভূষয়ীত সমন্ততঃ।
তোরণৈঃ কদলীস্তম্ভৈর্বিতানেন চ ভূষয়েৎ।
প্রাচ্যাং তু ভদ্রকং লিখ্য তত্র বিষ্ণুং যজেদ্গুরুঃ।
প্রবালমুক্তাফলকৈর্হেমপুষ্পৈঃ সমুজ্জ্বলৈঃ।
পূর্ব্বোক্তং সকলং বাপি বিধানং সমুপাচরেৎ।
ভূতক্রূরবলিং দদ্যাৎ পূর্ব্বোক্তবিধিনৈব তু।
প্রতীচ্যাং পূর্ব্ববিধিনা হোমং কুর্য্যাদ্যথোদিতং।
দিগ্দোষপরিশুদ্ধ্যর্থং বিশেষাদ্ধোমমাচরেৎ।

সারে বিদিক্ স্থিত শিলাগ্রহণ করিবে, তাহা বলি শ্রবণ কর। পূর্ব্বোক্ত লক্ষণাক্রান্ত শিলা সম্যক্রূপে আনয়ন পূর্ব্বক বিধানজ্ঞ গুরু প্রাসাদের উত্তর ভাগে ভূমি খনন করত সেই খাতে শিলা সংস্থাপন করিয়া মৃত্তিকাদ্বারা তাহাকে পূরিত করিবেন। তৎপরে সেই স্থানকে সমান করিয়া তাহাতে মণ্ডপ করিবেন। তদনন্তর সকল দিকে পতাকা, ধ্বজ, পত্র, তথা তোরণ, কদলীস্তম্ভ ও চন্দ্রাতপ দ্বারা ঐ মণ্ডপকে ভূষিত করিবেন। উহার পূর্ব্বদিকে ভদ্রমণ্ডল লিখিয়া প্রবাল, মুক্তাফল, সমুজ্জ্বল স্বর্ণ ও পুষ্পসমূহ দ্বারা তাহাতে বিষ্ণুপূজা করিবেন অথবা পূর্ব্বোক্ত সমুদায় বিধি আচরণ করিবেন। কিম্বা পূর্ব্বোক্ত বিধানানুসারে ভূতক্রূর বলি দিবেন। তৎপরে পূর্ব্ববিধি অনুসারে পশ্চিমদিকে যথোক্ত হোম করিবেন। তাহার পর গুরু, দিক্দোষ পরিশুদ্ধির নিমিত্ত বিশেষ

পাতালনরসিংহেন সহস্রং বৈষ্ণবানলে।
দিগ্‌দেবানামথাঙ্গানাং হুত্বা পূর্ণাং দদেদ্গুরুঃ।
তর্পিতে মন্ত্ররাজে তু দিগ্‌দোষৈর্মুচ্যতে শিলা।
ততঃ পূর্ব্বোক্তবিধিনা কৃত্বা পুষ্পাদিকং গুরুঃ।
পূর্ব্বোক্তেন বিধানেন শিরঃপৃষ্ঠাদি কল্পয়েৎ।
মন্ত্রোদকেন সংপ্রোক্ষ্য শিলাং তাং প্রোক্ষয়েদ্গুরুঃ।
দিগ্‌দোষপ্রশমনার্থং গৃষ্টিং ভব্যাং স্বলঙ্কৃতাং।
সুবর্ণশৃঙ্গসংযুক্তাং কাংস্যদোহাং পয়স্বিনীং।
তাম্রপৃষ্ঠীং সোপবীতাং দদ্যাদ্রৌপ্যখুরাং গুরোঃ॥
তোষয়ীত গুরুং যত্নাৎ বস্ত্রালঙ্করণাদিভিঃ।
শিল্পিনং তোষয়েদযত্নাদ্বস্ত্রালঙ্কারচন্দনৈঃ॥
আচার্য্যে তোষিতে বিষ্ণুস্তোষিতঃ স্যান্ন সংশয়ঃ।

করিয়া বৈষ্ণবাগ্নিতে পাতালনরসিংহ মন্ত্রদ্বারা সহস্র সংখ্যক হোম করিবেন, তদনন্তর অঙ্গস্বরূপ দিগ্দেবতা সকলের হোম করিয়া পূর্ণাহুতি প্রদান করিবেন। এই রূপে মন্ত্ররাজ তর্পিত হইলে শিলা দিগ্‌দোষ হইতে মুক্ত হয়। তদনন্তর পূর্ব্বোক্ত বিধানানুসারে পুষ্পাদি নির্ম্মাণ করিয়া পূর্ব্বোক্ত বিধি দ্বারা শিলার মস্তক ও পৃষ্ঠাদি কল্পনা করিবেন। তৎপরে গুরু মন্ত্রপূত জল দ্বারা সেচন করিয়া সেই শিলাকে প্রোক্ষণ করিবেন। তদনন্তর দিক্ দোষ শান্তির নিমিত্ত সুন্দর অলঙ্কৃতা, স্বর্ণ শৃঙ্গযুক্তা, কাংস্যদোহা, পয়স্বিনী, তাম্রপৃষ্ঠী, উপবীত সহিতা ও রৌপ্যখুরা শোভন গৃষ্টি ( গাভী ) গুরুকে সমর্পণ করিবেন॥

যত্ন পূর্ব্বক বস্ত্র অলঙ্কার দ্বারা গুরুকে তুষ্ট করিয়া বস্ত্রালঙ্কার ও চন্দন দ্বারা যত্নসহকারে শিল্পিকে পরিতুষ্ট করিবেন॥

আচার্য্য তুষ্ট হইলে বিষ্ণু তুষ্ট হয়েন, ইহাতে সংশয় নাই, এই

শিল্পিনং তোষয়েদেবং বিশ্বকর্ম্মাথ পূজিতঃ।
ততঃ কর্ম্মাণি যুঞ্জীত সর্ব্বকামপ্রদো ভবেৎ ॥
অথ শিলালক্ষণং তত্রৈব ॥
ক্ষারাম্লসেবিতা যা চ নদীতীরসমুদ্ভবা।
পুরমধ্যে স্থিতা যা চ তথা পিতৃবনে স্থিতা।
চতুষ্পথে স্থিতা যা চ মৃচ্ছিলা পক্কণে চ যা।
ঊষরে চ তথা মধ্যে বল্মীকে বাপি যা স্থিতা।
সূর্য্যরশ্মিপ্রতপ্তা যা যা চ দগ্ধা দবাগ্নিনা।
অন্যকর্ম্মোপযুক্তা যা অন্যদেবার্থনির্ম্মিতা।
ক্রব্যাদাদ্যৈরুপহতা বর্জ্জ্যা যত্নেন বৈ শিলা।
যেন কেনচিদানীতা বর্জ্জনীয়া তথা শিলা ॥
পুণ্যসেতূদ্ভবা গ্রাহ্যা পুণ্যতীর্থোদ্ভবা তু যা।
নদীপর্ব্বতসংলগ্না বৃক্ষচ্ছায়াদ্যনাবৃতা।

প্রকার শিল্পিকে পরিতুষ্ট করিলে বিশ্বকর্ম্মার পূজা করা হইল। তদনন্তর কর্ম্ম সকল যোজনা করিলে ঐ বিশ্বকর্ম্মা সর্ব্বকামপ্রদ হইয়া থাকেন ॥

অথ শিলালক্ষণ সেই স্থলেই ॥

যে শিলা ক্ষার ও অম্লসেবিতা, নদীতীরসমুদ্ভবা, পুরমধ্যে, শ্মশানে, তথা চতুষ্পথে স্থিতা এবং মৃচ্ছিলা (মেট্যাপাথর) তথা শবরালয়ে, ঊষর ভূমিতে ও বল্মীকে স্থিতা, সূর্য্যরশ্মিপ্রতপ্তা, দবাগ্নিদগ্ধা, অন্যকর্ম্মোপযুক্তা, অন্যদেবার্থ নির্ম্মিতা এবং মাংসাশি প্রভৃতি কর্ত্তৃক উপহতা (দূষিতা) তথা যে সে অর্থাৎ অযোগ্য ব্যক্তি দ্বারা আনীত শিলাকে বর্জন করিবেন ॥

অপর পুণ্যসেতূদ্ভবা, পুণ্যতীর্থোদ্ভবা, নদী ও পর্ব্বতসংলগ্না, বৃক্ষচ্ছায়াদিতে অনাবৃতা ভূতলনিমগ্না, সূর্য্যরশ্মি সমূহে অস্পৃষ্টা, নদীতে

নিমগ্না ভূতলে যা চ যাহস্পৃষ্টা সূর্য্যরশ্মিভিঃ।
অন্তর্জলোষিতা নদ্যামেকবর্ণা মনোরমা।
পাণ্ডুরা চারুণা পীতা কৃষ্ণা শস্তা চ বর্ণিনাং।
ন যদা লভ্যতে সম্যক্ বর্ণিনাং বর্ণতঃ শিলা।
বর্ণস্যাপাদনে তত্র জুহুয়াৎ সিংহবিদ্যয়া।
কৃতে বর্ণস্য জননে তস্য বর্ণস্য সা শুভা।
শ্রেষ্ঠবর্ণা সুবর্ণা চ রেখা সর্ব্বস্য শস্যতে।
অপরস্য তু বর্ণস্য শ্রেষ্ঠস্য ন প্রশস্যতে।
বর্ণিনামিহ সর্ব্বেষাং কৃষ্ণরেখা প্রশস্যতে।
শিলানামিহ সর্ব্বাসাং শুক্লরেখা প্রশস্যতে।
রেখানামিহ সর্ব্বাসাং ব্যত্যয়ে হোমমাচরেৎ।
পাতালনরসিংহেন সহস্রং দেশিকোত্তমঃ।

জল মধ্যে অবস্থিতা, মনোরম একবর্ণা প্রশস্তা হয় এবং ব্রাহ্মণাদি চারি-বর্ণের ক্রমে পাণ্ডুর, অরুণ, পীত ও কৃষ্ণবর্ণ শিলা প্রশস্ত হয়॥

অপর বর্ণিদিগের অর্থাৎ ব্রাহ্মণাদি চারিবর্ণের যদি বর্ণানুরূপ শিলা লাভ না হয় তাহা হইলে বর্ণের সম্পাদন বিষয়ে নৃসিংহমন্ত্র দ্বারা তাহাতে হোম করিবে॥

এইরূপে বর্ণোৎপত্তি কৃত হইলে সেই বর্ণের সম্বন্ধে উক্ত শিলাই শুভ হয়। সকল বর্ণের মধ্যে সুবর্ণরেখা শ্রেষ্ঠ বলিয়া প্রশস্ত হয়। অন্য বর্ণ শ্রেষ্ঠ হইলেও তাহার প্রশস্ততা নাই, সকল বর্ণিদিগেরই এস্থলে কৃষ্ণরেখা প্রশংসনীয়। সকল শিলার মধ্যেই শুক্লরেখা প্রশস্ত হয়, রেখা সকলের ব্যত্যয় হইলে আচার্য্যবর পাতালনরসিংহ মন্ত্র দ্বারা সহস্র হোম করিবেন। মন্ত্ররাজ (নৃসিংহমন্ত্র) তর্পিত হইলে তাহার

তর্পিতে মন্ত্ররাজে তু ততঃ সা শুভদা নৃণাং ॥
বিপরীতে তু বিমলে বিন্দুকে হীরকে তথা ।
ইমমেব বিধিং কুর্য্যাদন্যস্মিন্নপি গর্হিতে ।
যুবা-মধ্যা ভবেদ্গ্রাহ্যা বালা বৃদ্ধা চ গর্হিতা ॥
সুগন্ধা নিবিড়া স্নিগ্ধা তথা গম্ভীরনিস্বনা ।
শীতলা যা চ তেজাঢ্যা যুবেতি প্রোচ্যতে শিলা ।
তদ্রূপা প্রোচ্যতে মধ্যা কিন্তু সা কঠিনা ভবেৎ ।
অতিমৃদ্বী ভবেদ্বালা বৃদ্ধাতিকঠিনা মতা ॥
টঙ্কাঘাতা মতা বালা বৃদ্ধা লোকক্ষয়ঙ্করী ।
স্ত্রীপুংনপুংসকঞ্চৈব লক্ষণেনৈব লক্ষয়েৎ ॥
উৎপাট্যমানে দৃশ্যেত তিন্দুকালাতবৎ জ্বলন্ ।
স্ফুলিঙ্গঃ শ্রূয়তে নাদঃ কাংস্যঘণ্টানিনাদবৎ ।

পর সেই শিলা মনুষ্য সকলের সম্বন্ধে শুভপ্রদ হয়। এইরূপ বিমল বিন্দুক হীরক বিপরীত অথবা অন্য গর্হিত হইলেও এই বিধি করিবেন। ঐ শিলা যুবা কিম্বা মধ্যা হইলে গ্রাহ্যা হয়, বালা ও বৃদ্ধা হইলে গর্হিতা হয়। যে শিলা সুগন্ধ, নিবিড়, স্নিগ্ধ, গম্ভীরনিস্বন, শীতল, তেজঃসম্পন্ন হয় তাহাকে যুবা বলা যায়। কিন্তু তদ্রূপ শিলা কঠিন হইলে তাহা বৃদ্ধা বলিয়া সম্মতা হয়। বালা ও বৃদ্ধা শীলা টঙ্ক দ্বারা আহত হইলে লোক-ভয়ঙ্করী হইয়া থাকে। অপর লক্ষণ দ্বারা স্ত্রীলিঙ্গ, পুংলিঙ্গ ও নপুংসক লিঙ্গ লক্ষিত হইবে॥

যে শিলা উৎপাটিত হইলে তিন্দুক ( গাব ) কাষ্ঠের অলাতের ন্যায় ( দগ্ধকাষ্ঠ সদৃশ ) জ্বলিত স্ফুলিঙ্গ দেখা যায় এবং মূল, মধ্য ও অগ্রে কাংস্য ঘণ্টা নিনাদের ন্যায় শব্দ শুনা যায়, তাহাকে পুংলিঙ্গ

মূলে মধ্যে তথাগ্রে চ পুংলিঙ্গেতি তু সা স্মৃতা ॥
তদেব লক্ষণং তত্রমন্দমন্দং প্রতীয়তে।
স্ত্রীলিঙ্গেতি তদা সা চ ভিন্নকাংস্যধ্বনিস্তু যা।
নপুংসকেতি সা জ্ঞেয়া ন যত্রৈতদ্দ্বয়ং ভবেৎ ॥
পুংলিঙ্গৈঃ প্রতিমা কার্য্যা স্ত্রীলিঙ্গৈঃ পাদপীঠিকা।
পিণ্ডিকার্থং তু সা গ্রাহ্যা দুষ্টা যা ষণ্ডলক্ষণা ॥
লিঙ্গানান্তু বিপর্য্যাসে পূর্ব্বোক্তং হোমমাচরেৎ।
ছেদনে ভেদনে বাপি শিলাগর্ভঃ সমীক্ষ্যতে।
দৃশ্যন্তে মণ্ডলা যস্যাং সগর্ভাং তাং বিনির্দ্দিশেৎ।
মণ্ডূকো মণ্ডলে তস্যা লোহিতে নাত্র সংশয়ঃ।
হরিদ্রাভে ভবেদ্গোধা কৃষ্ণসর্পস্তথা সিতে।
নিস্ত্রিংশসদৃশে তোয়ং গৃহগোধা তু কর্কশে।

---

বলিয়া স্মরণ করিয়াছেন। যাহাতে ঐ প্রকার লক্ষণ অল্প অল্প প্রতীত হয় এবং যাহাতে ভিন্ন কাংস্যের ধ্বনির ন্যায় ধ্বনি উদ্গত হয় তাহাকে স্ত্রীলিঙ্গ বলে। আর যাহাতে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গের লক্ষণ নাই তাহাকে নপুংসক বলে। পুংলিঙ্গ শিলা দ্বারা প্রতিমা, স্ত্রীলিঙ্গ শিলা দ্বারা পাদ-পীঠ এবং পিণ্ডিকার নিমিত্ত নপুংসক শিলা গ্রহণ করিবে। লিঙ্গ সমূহের বিপর্য্যয় ঘটিলে পূর্ব্বোক্ত হোম আচরণ করিবে। ছেদন ও ভেদনেও শিলাগর্ভ লক্ষিত হয়। যে শিলায় মণ্ডল ( গোলাকার চিহ্ন ) দৃশ্য হয় তাহাকে সগর্ভা বলিয়া নির্দ্দেশ করিবে। শিলার মণ্ডল লোহিত বর্ণ হইলে তাহাতে মণ্ডূক হয়, ইহাতে সংশয় নাই। হরিদ্রাবর্ণ মণ্ডলে গোধা, শুক্লবর্ণ মণ্ডলে কৃষ্ণ সর্প, নিস্ত্রিংশ ( খড়্গ ) সদৃশ মণ্ডল হইলে জল, কর্কশে গৃহগোধা, পিঙ্গল ( হরিতাল ) বর্ণে আখু, অরুণ বর্ণে শরট

আখুঃ পিঞ্জলবর্ণে স্যাদরুণে শরটস্তথা।
পিঙ্গবর্ণে তু পাষাণঃ পদ্মাভে সিকতা ভবেৎ॥
বৃশ্চিকঃ স্যাদ্বিচিত্রে তু পীতনীলে পতঙ্গকঃ।
পারাবতাভে খদ্যোতং মণ্ডলে তু বিনির্দ্দিশেৎ॥
অকল্পনা তু মণ্ডূকে দৌর্ভাগ্যং গোধয়া ভবেৎ।
সর্পে বিষেণ মরণমতিবৃষ্টিস্তথা জলে।
ধনহানিস্তু গোধায়ামাখুনানিষ্টমুদ্ভবেৎ।
অল্পায়ুষ্ট্বং তু শরটে পাষাণে বিদ্যুতা বধঃ।
বালুকায়া মনাবৃষ্টিঃ কলহো বৃশ্চিকে ভবেৎ।
রাষ্ট্রোচ্ছিত্তিস্তু শলভে খদ্যোতে গাত্রসংক্ষয়ঃ॥
তস্মাৎ পরীক্ষ্য যত্নেন শিলাং গৃহ্নীত দেশিকঃ।
সগর্ত্তয়া তু শিলয়া রূপকঃ ক্রিয়তে যদি।
তদ্দেশে ম্রিয়তে রাজা যজমানোঽথ দেশিকঃ।

( কৃকলাস ) পিঙ্গলবর্ণে পাষাণ, পদ্মবর্ণে সিকতা হয়। অপর বিচিত্র মণ্ডলে বৃশ্চিক, পীত নীলবর্ণ মণ্ডলে পতঙ্গ এবং পারাবতবর্ণ মণ্ডল হইলে তাহাতে খদ্যোত হয় ইহাই নির্দ্দেশ করিবে॥

মণ্ডূকে অকল্পনা অর্থাৎ প্রকৃত মণ্ডূকই গোধা দ্বারা দৌর্ভাগ্য হয়, সর্পে বিষ দ্বারা মৃত্যু, জলে অতিবৃষ্টি, গোধায় ধনহানি, আখু দ্বারা অনিষ্ট উৎপন্ন হয়। এবং শরটে অল্পায়ু, পাষাণে বিদ্যুৎ দ্বারা বধ, বালুকায় অনাবৃষ্টি ও বৃশ্চিকে কলহ, শলভে রাজ্যের উচ্ছেদ এবং খদ্যোতে শরীর বিনাশ হয়। অতএব আচার্য্য যত্ন পূর্ব্বক পরীক্ষা করিয়া শিলা গ্রহণ করিবেন॥

সগর্ত্তা শিলা দ্বারা যদি রূপক ( প্রতিমা ) করা যায়, তাহা হইলে সেই দেশের রাজা, যজমান ও দেশিক ( আচার্য্য ) ইহাঁদের মৃত্যু ঘটে।

শিলায়ামপি বৃক্ষেষু যত্নাদ্গর্ভং সমীক্ষয়েৎ ॥
অথ শিল্পিকৃত্যং ॥
মাৎস্যে।
বিবিক্তে সংবৃতে স্থানে স্থপতিঃ সংযতেন্দ্রিয়ঃ।
পূর্ব্ববৎ কালদেশজ্ঞঃ শাস্ত্রজ্ঞঃ শুক্লভূষণঃ।
প্রযতো নিয়তাহারো দেবতাধ্যানতৎপরঃ।
যজমানানুকূল্যেন বিদ্বান্ কর্ম্ম সমাচরেৎ।
ধৃত্বা পূর্ব্বমুখং দ্রব্যমথবা চোত্তরামুখং।
দধিদূর্ব্বাক্ষতৈঃ পূজ্য তদারম্ভে বলিং হরেৎ।
পূর্ব্ববৎ ব্রহ্মঘোষাদ্যৈঃ স্থাপয়েদ্দ্রব্যমাচরেৎ।
শুক্লৈর্গন্ধৈশ্চ পুষ্পৈশ্চ দ্রব্যং সংপূজ্য ভক্তিতঃ।
স্বস্তিবাচনকং কৃত্বা প্রতিমাং সংবিভাজয়েৎ ॥
অথ পিণ্ডিকালক্ষণং ॥

অতএব যত্ন করিয়া শিলা ও বৃক্ষ সকলে গর্ত্ত নিরীক্ষণ করিবেন ॥

অথ শিল্পিকৃত্য ॥

মৎস্যপুরাণে যথা ॥

নির্জন ও আবৃত স্থানে জিতেন্দ্রিয়, পূর্ব্ববৎ দেশকালজ্ঞ, শাস্ত্রজ্ঞ, শুক্লভূষণ, শান্ত, মিতাহার, দেবতার ধ্যানতৎপর ও বিদ্বান্ শিল্পী যজমানের আনুকূল্যে কর্ম্ম আচরণ করিবে। তাহার আরম্ভ সময়ে পূর্ব্বমুখ অথবা উত্তরমুখ দ্রব্য অর্থাৎ শিলা বা কাষ্ঠকে ধারণ পূর্ব্বক দধি, দূর্ব্বা ও অক্ষত দ্বারা পূজা করিয়া বলি প্রদান করিবে। পূর্ব্বের ন্যায় বেদাদি-ধ্বনি সহকারে দ্রব্য স্থাপন করিয়া আচরণ করিবে। অনন্তর ভক্তি-পূর্ব্বক শুক্ল গন্ধ ও পুষ্প দ্বারা দ্রব্যকে পূজা ও স্বস্তিবাচন করিয়া প্রতিমাকে বিভাগ করিবে ॥

অথ পিণ্ডিকালক্ষণ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

অতঃপরং প্রবক্ষ্যামি পিণ্ডিকালক্ষণং তব।
উচ্ছ্রায়ং প্রতিমার্দ্ধঞ্চ দৈর্ঘ্যেণ প্রতিমা সমা।
চতুঃষষ্টি পুটান্ কৃত্বা পিণ্ডিকাং তত্র কল্পয়েৎ ॥
ত্যক্ত্বা পঙ্‌ক্তিদ্বয়ং চাধস্তদূর্দ্ধং যত্নু কোষ্ঠকং।
সমস্তমুভয়োঃ পার্শ্বে অন্তস্থং পরিমার্জয়েৎ ॥
ঊর্দ্ধপঙ্‌ক্তিদ্বয়ং কৃত্বা অধস্তাদ্বর্ণকোষ্ঠকং।
অন্তস্থং মার্জয়েদ্যত্নাৎ পার্শ্বয়োরুভয়োঃ সমং।
তয়োর্মধ্যগতৌ তত্র চতুষ্কৌ মার্জয়েত্ততঃ।
চতুর্দ্ধা ভাজয়িত্বা তু ঊর্দ্ধপঙ্‌ক্তিদ্বয়ং বুধঃ।
মেখলা ভাগমাত্রং স্যাৎ খাতং তস্যার্দ্ধমানতঃ।
ভাগং ভাগং পরিত্যজ্য পার্শ্বয়োরুভয়োঃ সমং।
দত্ত্বা চৈকং পদং বাহে প্রমাণং কারয়েদ্বুধঃ।

হয়শীর্ষপঞ্চরাত্রে যথা ॥

অতঃপর তোমার সম্বন্ধে পিণ্ডিকা লক্ষণ বলিতেছি শ্রবণ কর। উচ্চে প্রতিমার অর্দ্ধ, দীর্ঘে প্রতিমার সমান, চতুঃষষ্টি পুট ( কোষ্ঠ ) করিয়া তাহাতে পিণ্ডিকা কল্পনা করিবে ॥

অধঃ ঊর্দ্ধ ও পার্শ্বদ্বয়ের দুই দুই পঙ্‌ক্তি ত্যাগ করিয়া অন্তরস্থ সমস্ত কোষ্ঠ মার্জন করিবে, অপর ঊর্দ্ধ দুই পঙ্‌ক্তি ও নিম্নের দুই পঙ্‌ক্তি করিয়া অন্তস্থ বর্ণকোষ্ঠক অর্থাৎ চারি কোষ্ঠ যত্নপূর্ব্বক মার্জন করিবে ॥

অনন্তর সেই পিণ্ডিকাতে উভয় পার্শ্বে সমান করিয়া সেই পঙ্‌ক্তিদ্বয়ের মধ্যগত চতুষ্কদ্বয় করিয়া মার্জন করিবে। পণ্ডিত ব্যক্তি ঊর্দ্ধের দুই পঙ্‌ক্তি চারি ভাগ করিয়া এক ভাগ মাত্র মেখলা এবং তাহার অর্দ্ধ-পরিমাণ খাত করিবে। অনন্তর দুই পার্শ্বে সমান করিয়া একেক ভাগ ত্যাগ পূর্ব্বক বাহে এক পদ দিয়া পণ্ডিত ব্যক্তি মেখলার পরিমাণ

ত্রিভাগেন চ ভাগঃ স্যাদগ্রে স্যাত্তোয়দিগ্‌গতঃ।
নানাপ্রকারভেদেন ভদ্রেয়ং পিণ্ডিকা শুভা॥
কিঞ্চ।
তত্রৈবাগ্রে॥
দৈর্ঘ্যেণ প্রতিমা তুল্যা তদর্দ্ধেন তু বিস্তৃতা।
উচ্ছ্রিতায়ামতোঽর্দ্ধেন সুবিস্তারার্দ্ধভাগতঃ।
ত্রিভাগেন তু বাহুল্যং তত্রিভাগেন মেখলা।
খাতং চ তৎ প্রমাণং তু কিঞ্চিদুত্তরতো নতং।
বিস্তারস্য চতুর্থেন প্রমাণস্য বিনির্গমঃ।
সমং মূলস্য বিস্তারমগ্রে কুর্য্যাত্তদর্দ্ধতঃ।
বিস্তারস্য তৃতীয়েন তোয়মার্গন্তু কারয়েৎ।
পিণ্ডিকার্দ্ধেন বাহুল্যং দৈর্ঘ্যং কুশস্য কীর্ত্তিতং।
কুশ বাহুল্য দৈর্ঘ্যেণ জ্ঞাত্বা সূত্রং প্রকল্পয়েৎ।
উচ্ছ্রায়ং পূর্ব্ববৎ কুর্য্যাদ্ভাগশেষেণ সংখ্যয়া।

করিবেন। পঙ্‌ক্তিদ্বয়ের তিন ভাগেতেও ভাগ হয়, অগ্রে পশ্চিম দিকের ভাগ হইবে। এই শোভন ভদ্রা পিণ্ডিকার নানাপ্রকার ভেদ হয়॥

আরও। ঐ গ্রন্থের অগ্রে॥

পিণ্ডিকা প্রতিমার তুল্য দীর্ঘ ও প্রতিমার অর্দ্ধ বিস্তৃত, বিস্তারের অর্দ্ধ উচ্চ কিন্তু সুবিস্তার অর্দ্ধভাগ হইতে ত্রিভাগ দ্বারা উচ্ছ্রায়ের বাহুল্য হয়। উচ্ছ্রায়ের ত্রিভাগ দ্বারা মেখলা করিবে এবং ঐ মেখলা ত্রিভাগ খাত ও উত্তরে নত করিবে। আর বিস্তারের চতুর্থ ভাগ দ্বারা পরিমাণ বোধ করিবে। বিস্তারের তৃতীয় ভাগ দ্বারা জলের পথ করিবে, ইহার মূলের বিস্তার সমান করিবে ও অগ্রের বিস্তার মূলের অর্দ্ধ করিবে। জলমার্গের দৈর্ঘ্য পিণ্ডিকার্দ্ধ দ্বারা বাহুল্য কীর্ত্তিত হয়, জলমার্গের বাহুল্য দৈর্ঘ্য জানিয়া সূত্র কল্পনা করিবে। ভাগশেষ সংখ্যা দ্বারা পূর্ব্বের ন্যায় উচ্ছ্রায় করিবে। সেই উচ্ছ্রায়ে অধোবিভাগকে ত্রিভাগ করিয়া একভাগে

অধস্তস্য বিভাগস্তু কণ্ঠং কুর্য্যাত্রিভাগকং।
শেষা হ্যেকৈকশঃ কার্য্যাঃ প্রতিষ্ঠা নির্গতাস্তথা।
ষষ্টিকা পিণ্ডিকা চেয়ং সামান্যপ্রতিমাসু চ।
প্রাসাদদ্বারমানেন প্রতিমাদ্রব্যমুচ্যতে।
গজবালকসংযুক্তা প্রভা স্যাৎ প্রতিমাসু চ।
পিণ্ডিকাসু যথাশোভং কর্ত্তব্যা সততং হরেঃ॥
মাৎস্যে॥
পিণ্ডিকালক্ষণং বক্ষ্যে যথাবদনুপূর্ব্বশঃ।
পীঠোচ্ছ্রায়ং যথাবচ্চ ভাগান্ ষোড়শ কারয়েৎ।
ভূমাবেকঃ প্রবিষ্টঃ স্যাৎ চতুর্ভির্জগতী মতা।
বৃত্তো ভাগস্তথৈকঃ স্যাদ্বৃত্তপট্টস্তু ভাগতঃ।
ভাগৈস্ত্রিভিস্তথা কণ্ঠং কণ্ঠপট্টস্ত্রিভাগতঃ।
ভাগাভ্যামূর্দ্ধপট্টস্তু শেষভাগেন পট্টিকা।

---

কণ্ঠ করিবে, শেষভাগ সকলকে এক একটী প্রতিষ্ঠা নির্গত করিবে। সামান্য প্রতিমা সকলে ইহার নাম ষষ্টিকা পিণ্ডিকা। প্রাসাদের দ্বার পরিমাণে প্রতিমার দ্রব্য সকল কীর্ত্তিত হয়। প্রতিমাসমূহে গজবালক সংযুক্ত প্রভা হয়। হরির সম্বন্ধে পিণ্ডিকা সকলে যেরূপ সতত শোভা পায় সেইরূপ প্রভা কর্ত্তব্য॥

মৎস্যপুরাণে॥

আনুপূর্ব্বিক যথাবৎ পিণ্ডিকার লক্ষণ বলিতেছি। পীঠের উচ্চতায় যথাবৎ ষোড়শ ভাগ করিবে, ভূমিতে একভাগ প্রতিষ্ঠিত হইবে, চারিভাগে জগতী সম্মতা হয়। বৃত্ত এক ভাগ, বৃত্তপট্ট একভাগ, তিন ভাগে কণ্ঠ, তিন ভাগে কণ্ঠপট্ট, দুই ভাগে ঊর্দ্ধপট্ট, শেষভাগে পট্টিকা

প্রবিষ্টং ভাগমেকৈকং জগতী যাবদেব তু।
নির্গমস্তু পুনস্তস্মাদযাবদ্বৈ শেষপট্টিকা।
বারিনির্গমনার্থন্তু তত্র কার্য্যঃ প্রণালকঃ।
পীঠিকানান্তু সর্ব্বাসামেতৎ সামান্যলক্ষণং।
বিশেষাদ্দেবতাভেদাৎ শৃণুধ্বং দ্বিজসত্তমাঃ॥
স্থণ্ডিলা বাথ বাপী চ যক্ষী বেদী চ মণ্ডলা।
পূর্ণচন্দ্রা চ বজ্রী চ পদ্মা চার্দ্ধশশী তথা।
ত্রিকোণা দশমী তাসাং সংস্থানঞ্চ নিবোধত॥
স্থণ্ডিলা চতুরস্রা তু বর্জ্জিতা মেখলাদিভিঃ।
বাপী দ্বিমেখলা জ্ঞেয়া যক্ষী চৈব ত্রিমেখলা।
চতুরস্রায়তাং বেদীং ন তাং লিঙ্গেষু যোজয়েৎ।
মণ্ডলা বর্ত্তুলা যা তু মেখলা ত্রিগুণা প্রিয়া।
রক্তা দ্বিমেখলা মধ্যে পূর্ণচন্দ্রা প্রকীর্ত্তিতা।

হয়। যত জগতী তাবৎ পর্য্যন্ত এক এক ভাগ প্রবিষ্ট হইবে। পুনর্ব্বার তাহা হইতে শেষপট্টিকা পর্য্যন্ত এক এক ভাগ বহির্গত হইবে। জল-নির্গমের নিমিত্ত সেই স্থানে প্রণালী করিবে। পীঠক শ্রেণী সকলের এই সামান্য লক্ষণ কহিলাম। হে দ্বিজসত্তমগণ! দেবতা ভেদে বিশেষ লক্ষণ বলি শ্রবণ কর॥

স্থণ্ডিলা, বাপী, যক্ষী, বেদী, মণ্ডলা, পূর্ণচন্দ্রা, বজ্রা, পদ্মা, অর্দ্ধশশী ও ত্রিকোণা এই দশটী পীঠের লক্ষণ বলি শ্রবণ কর॥

স্থণ্ডিলা চতুষ্কোণ হইবে তাহাতে মেখলাদি বর্জিত করিবে। দ্বি-মেখলা হইলে বাপী, ত্রিমেখলা হইলে যক্ষী, চতুষ্কোণ হইলে বেদী, এই বেদীকে লিঙ্গ সকলে যোজনা করিবে না, যে পীঠ বর্ত্তুলা এবং ত্রিগুণ মেখলায় যুক্ত হয়, তাহাকে মণ্ডলা কহে ঐ মণ্ডলা মধ্যে রক্তবর্ণ

মেখলাত্রয়সংযুক্তা ষড়স্রা বজ্রিকা ভবেৎ।
ষোড়শাস্রা ভবেৎ পদ্মা কিঞ্চিদূর্দ্ধা চ মূলতঃ।
তথৈব ধনুরাকারা সার্দ্ধচন্দ্রা প্রশস্যতে।
ত্রিশূলসদৃশী তদ্বৎ ত্রিকোণা ঊর্দ্ধতো মতা।
প্রাগুদক্প্রবণা তদ্বৎ প্রশস্তলক্ষণান্বিতা॥
পরিবেষ ত্রিভাগেন নির্দ্দেশং তত্র কারয়েৎ।
বিস্তারং তৎপ্রমাণং তু মূলে চাগ্রে তথোর্দ্ধতঃ।
জলমার্গস্তু কর্ত্তব্যস্ত্রিভাগেন সুশোভনঃ।
লিঙ্গস্যার্দ্ধবিভাগেন স্থৌল্যেন সমধিষ্ঠিতঃ।
মেখলা তত্ত্রিভাগেন খাতা চৈতৎপ্রমাণতঃ।
অথবা পাদহীনং তু শোভনং কারয়েৎ সদা।
উত্তরস্থঃ প্রণালশ্চ প্রমাণাদধিকো ভবেৎ।
স্থণ্ডিলায়ামথারোগ্যং ধনধান্যঞ্চ পুষ্কলং॥

দুইটী মেখলা হইলে তাহাকে পূর্ণচন্দ্রা বলা যায়। তিন মেখলা এবং ষট্‌কোণসমন্বিত হইলে তাহাকে বজ্রিকা বলে। মূল হইতে কিঞ্চিৎ ঊর্দ্ধ ষোড়শকোণ হইলে পদ্মা হয়। সেই স্থানে ধনুকের আকার হইলে তাহাকে অর্দ্ধচন্দ্রা বলা যায়। ঊর্দ্ধদিকে ত্রিশূল সদৃশী হইলে তাহাকে ত্রিকোণা বলে, এই সকল পূর্ব্বের ন্যায় পূর্ব্ব উত্তরদিকে প্রবণা অর্থাৎ নত হইলে প্রশস্ত লক্ষণান্বিত হয়॥

পরিধিকে তিন ভাগ দ্বারা নির্দ্দেশ করিবে এবং মূলে, অগ্রে ও ঊর্দ্ধে তৎপরিমাণ বিস্তার করিবে। তিন ভাগদ্বারা সুশোভন জলমার্গ কর্ত্তব্য, উহা লিঙ্গের অর্দ্ধ ভাগ স্থূলদ্বারা সম্যক্‌প্রকার অধিষ্ঠিত হইবে, তাহার ত্রিভাগদ্বারা মেখলা এবং মেখলার প্রমাণে খাত হইবে, অথবা সর্ব্বদা ঐ খাতকে মেখলার পাদহীন করিয়া সুশোভন করিবে। উত্তরদিকের প্রণালী প্রমাণ হইতে অধিক হইবে॥

গোপ্রদা তু ভবেদ্যক্ষী বেদী সম্পৎপ্রদা ভবেৎ।
মণ্ডলায়াং ভবেৎ কীর্ত্তির্বরদা পূর্ণচন্দ্রিকা।
আয়ুঃপ্রদা ভবেদ্বজ্রী পদ্মা সৌভাগ্যদায়িনী।
পুত্রদা অর্দ্ধচন্দ্রা স্যাত্রিকোণা শত্রুনাশিনী।
দেবস্য যজনার্থং তু পিণ্ডিকা দশ কীর্ত্তিতাঃ॥
শৈলে শৈলময়ীং পিণ্ডীং পার্থিবে পার্থিবীং তথা।
দারুজে দারুজাং কুর্য্যান্মিশ্রে মিশ্রাং তথৈব চ।
নান্যযোনিস্তু কার্য্যা বৈ সদা শুভফলেপ্সুভিঃ।
অর্চ্চায়াম-সমং দৈর্ঘ্যং লিঙ্গায়াম-সমং তথা॥
যস্য দেবস্য যা পত্নী তাং পীঠে পরিকল্পয়েৎ।
এবমেব সমাখ্যাতং সমাসাৎ পীঠলক্ষণং॥
কিঞ্চ॥
দ্বারোচ্ছ্রায়স্য যন্মানমষ্টধা তত্তু কারয়েৎ।
ভাগদ্বয়েন প্রতিমাং ত্রিভাগীকৃত্য তৎ পুনঃ।

---

স্থণ্ডিলায় আরোগ্য ও উত্তম ধন ধান্য। যক্ষী গোপ্রদা, বেদী সম্পৎ প্রদা, মণ্ডলা কীর্ত্তিজনিকা, পূর্ণচন্দ্রিকা বরদা, বজ্রা আয়ুপ্রদা, পদ্মা সৌভাগ্যদায়িনী, অর্দ্ধচন্দ্রা পুত্রদা ও ত্রিকোণা শত্রুনাশিনী হয়। দেব পূজার নিমিত্ত দশপ্রকার পিণ্ডিকা কীর্ত্তিত হইল॥

অপর শিলাময় দেবতা হইলে শিলাময়ী পিণ্ডী, মৃণ্ময়ী দেবতা হইলে মৃণ্ময়ী পিণ্ডী, দারুময়ী প্রতিমা হইলে দারুময়ী পিণ্ডী এবং মিশ্রিতা প্রতিমা হইলে মিশ্রপিণ্ডিকা করিবে, সর্ব্বদা শুভফলেপ্সু ব্যক্তি অন্য বস্তু দ্বারা পিণ্ডিকা নির্ম্মাণ করিবেন না এবং প্রতিমা ও লিঙ্গের সমান ঐ পিণ্ডিকার দৈর্ঘ্য করিবে॥

অপর যে দেবের যে পত্নী তাঁহাকে পীঠে কল্পনা করিবে, এই এই প্রকার সংক্ষেপে পীঠ লক্ষণ কথিত হইল॥

আরও॥

দ্বারের উচ্ছ্রায়ের যে পরিমাণ তাহা আট ভাগ করিবে। দুই ভাগ দ্বারা প্রতিমা এবং তাহাকে পুনর্ব্বার তিন ভাগ করিয়া এক ভাগ দ্বারা

পিণ্ডিকা ভাগতঃ কার্য্যা নাতিনীচা নচোচ্ছ্রিতা ॥
শ্রীনারদপঞ্চরাত্রে চ ॥
বিম্বমানাদ্যথা পীঠং কুর্য্যাদ্দেবস্য তচ্ছৃণু।
চতুরস্রঞ্চ তদ্বিদ্ধি চতুরস্রায়তং তু বা।
বিম্বোচ্ছ্রায়সমং পীঠং পরিতশ্চৈব বিস্তৃতং।
তদর্দ্ধেনোন্নতং কুর্য্যাদেতৎ সামান্যলক্ষণং ॥
চতুরস্রস্য পীঠস্য কথিতং তু মহামুনে।
চতুরস্রায়তস্যাথ প্রমাণমবধারয়।
বিম্বার্দ্ধীনন্তু বিস্তীর্ণং তৎপ্রমাণেন চোন্নতং।
সমং দেবস্য দৈর্ঘ্যং বা চতুরস্রায়তং তু তৎ।
কার্য্যং তুঙ্গালয়স্থানাং দেবতানাং মহামুনে ॥
চলানাং বেশ্মসংস্থানাং বিম্বানাং পীঠমন্যথা।
কুর্য্যাদ্বিম্বসমং দৈর্ঘ্যাৎ স্বেন মানেন বা পুনঃ।

---

পিণ্ডিকা করিবে কিন্তু ঐ পিণ্ডিকা অতি নীচ বা উচ্ছ্রিত হইবে না ॥

নারদপঞ্চরাত্রেও ॥

দেবতার বিম্বপরিমাণে যে পীঠ হয়, তাহা বলি শ্রবণ কর। চতুরস্র ও চতুরস্রায়ত হইবে। চতুরস্র যথা বিম্বতুল্য উচ্চ পীঠ সকলদিকে বিস্তৃত তথা তাহার অর্দ্ধ উন্নত করিবে। হে মহামুনে! চতুরস্রপীঠের এই সামান্য লক্ষণ কীর্ত্তন করিলাম এবং এক্ষণে চতুরস্রায়তের প্রমাণ শ্রবণ কর। বিম্ব হইতে ন্যূন, বিস্তীর্ণ সেই প্রমাণে উচ্ছ্রায় করিবে ও দেবের সমান দীর্ঘ হইলে তাহাকে চতুরস্রায়ত বলে। হে মহামুনে! তুঙ্গালয়স্থ দেবতাদিগের এইরূপ পীঠ করিবে ॥

যে সকল দেবমূর্ত্তি চল অথচ মন্দির মধ্যে অবস্থিত থাকেন, তাঁহাদিগের পীঠ অন্য প্রকার করিবে। ঐ পীঠ প্রতিমার সমান অথবা স্বীয় মানে দৈর্ঘ্য করিবে। হে দ্বিজ! পাদ হইতে জানু পর্য্যন্ত বিস্তার ও

আপাদজানুপর্য্যন্তং বিস্তারেণোচ্ছ্রয়েণ চ।
ঊর্ব্বর্দ্ধেনাথ বা কুর্য্যাৎ সবিস্তারং দ্বিজোন্নতিং ॥
বক্ষোঽন্তরে বা বিম্বস্য তস্যার্দ্ধেন চ বিস্তৃতং।
তচ্চতুর্ভাগহীনং তু ত্রিভাগস্যার্দ্ধমেব বা।
অঙ্গ ত্বং বিদ্ধি তৎপীঠং চলবিম্বস্য সর্ব্বদা ॥
ধাতুদ্রবস্য চাভাবাৎ স্থিরাণামেবমেব চ।
কৃত্বা তু তদধঃ কুর্য্যাদুপপীঠং প্রমাণতঃ।
ত্রিভাগেনাথ পীঠস্য প্রমাণং মধ্যতো ভবেৎ।
তন্মানেন ততো দৈর্ঘ্যং স্বমানাদগ্রতঃ পুনঃ।
ত্র্যংশমানেন বিস্তীর্ণং তস্যাপি ত্র্যংশমন্তরা।
নিখনেদগ্রতো মূলাৎ তৎ কুর্য্যান্মকরাননমিত্যাদি ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীমূর্ত্তি-প্রাদুর্ভাবো নাম অষ্টাদশবিলাসঃ ॥ * ॥ ১৮ ॥ * ॥

---

উচ্ছ্রায় অথবা ঊরুর অর্দ্ধ পর্য্যন্ত সবিস্তার উচ্ছ্রায় করিবে, অথবা প্রতিমার বক্ষের মধ্য পর্য্যন্ত উচ্ছ্রায় করিবে, কিম্বা প্রতিমার বক্ষের মধ্য পর্য্যন্ত উন্নত এবং তাহার অর্দ্ধ বিস্তৃত করিবে। অথবা চতুর্থভাগ হীন কিম্বা ত্রিভাগের অর্দ্ধ বিস্তৃত হইবে। হে দ্বিজ ! তুমি সর্ব্বদা চলবিম্বের এইরূপ পীঠ জানিবা ॥

ধাতুদ্রব্যের অভাব বশতঃ স্থিরপ্রতিমা সকলেরও এইরূপ পীঠ করিয়া তাহার অধঃ তৎপ্রমাণে উপপীঠ করিবে। পীঠের তিন ভাগ দ্বারা উপপাঠের মধ্যের পরিমাণ হইবে, ঐ পরিমাণে দৈর্ঘ্য হইবে। পুনরায় অগ্রে স্বীয় পরিমাণে তৃতীয়াংশ বিস্তীর্ণ ও তৃতীয়াংশ প্রোথিত করিবে, অগ্র হইতে মূলদেশ পর্য্যন্ত উহা মকরানন করিবে ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায় শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাব নামক অষ্টাদশবিলাসঃ ॥ * ॥

# শ্রীহরিভক্তিবিলাসঃ।

## একোনবিংশ বিলাসঃ।

শ্রীকৃষ্ণায় নমঃ ॥

শ্রীচৈতন্যপ্রবিষ্টোঽস্মি শরণং সুষ্ঠু যেন হি।
আবিষ্টো যাতি দুষ্টোঽপি প্রতিষ্ঠাং সদভিষ্টুতাং ॥ ১ ॥

অথ শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠা ॥

প্রতিষ্ঠায়ৈব ভগবদাবির্ভাবো বিশেষতঃ।

---

শ্রীকৃষ্ণায় নমঃ। জীয়াৎ চৈতন্যদেবোঽসৌ যৎ পদাব্জরসং স্পৃশন্। নিত্যং চিত্রং ফলত্যেব মনোরথমহাদ্রুমঃ। শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাবিধিং লিখন্ তৎসুসিদ্ধয়ে পরগুরুরূপং ভগবন্তং শরণং যাতি। শ্রীচৈতন্যমিতি। হি যস্মাৎ যেন শ্রীচৈতন্যেন আবিষ্টঃ কৃত্যাক্রান্তঃ সন্ দুষ্টোঽপি জনঃ সদ্ভিরভিষ্টুতাং প্রতিষ্ঠাং যাতি। অতোঽত্যযোগ্যোঽপি হৃদি তৎপ্রেরণয়া লিখন্নহং সম্যগেতল্লিখিতুমর্হামীতি ভাবঃ ॥ ১ ॥

যদ্যপি শ্রীমূর্ত্ত্যাবির্ভাবেণৈব সর্ব্বলোকেষু সাক্ষাদাকারাদিস্ফূর্ত্ত্যা ভগবদাবির্ভাবো বৃত্ত এব তথাপি বিধিনা প্রতিষ্ঠয়ৈব প্রতিমাসু বিশেষতো ভগবত আবির্ভাবঃ স্যাৎ। ততস্তস্মা-

---

যে শ্রীচৈতন্য কর্তৃক আবিষ্ট অর্থাৎ কৃত্যবিষয়ে আক্রান্ত হইয়া দুষ্ট জনও যখন সজ্জনের স্তোতব্য হয়, তখন আমি সেই শ্রীচৈতন্যে প্রবিষ্ট হইয়া তাঁহার সুন্দর আশ্রয় গ্রহণ করি ॥ ১ ॥

অথ শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠা ॥

প্রতিষ্ঠা দ্বারাই প্রতিমা সকলে ভগবানের বিশেষরূপে আবির্ভাব

প্রতিমাসু ততস্তস্যাং প্রতিষ্ঠাং বিধিনাচরেৎ ॥ ২ ॥
তথাচোক্তমেকাদশস্কন্ধে শ্রীভগবতা।
প্রতিষ্ঠা জীবমন্দিরমিতি ॥ ৩ ॥
অথ প্রতিষ্ঠালক্ষণং ॥
শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে ॥
পরমাত্মা হরির্দেবস্তচ্ছক্তিঃ শ্রীরিহোদিতা।
শ্রীর্দেবী প্রকৃতিঃ প্রোক্তা কেশবঃ পুরুষঃ স্মৃতঃ।
ন বিষ্ণুনা বিনা দেবী ন হরিঃ পদ্মজাং বিনা।
অর্চ্চামূর্ত্তিঃ স্মৃতঃ কৃষ্ণঃ পিণ্ডিকা কমলালয়া।
তয়োর্যো বিধিনা যোগঃ সা প্রতিষ্ঠা প্রকীর্ত্তিতা ॥

দ্ধেতোস্তাসাং প্রতিমানাং শাস্ত্রোক্তপ্রকারেণ প্রতিষ্ঠামাচরেদিত্যর্থঃ ॥ ২ ॥

এতদেব শ্রীভগবদুক্ত্যা প্রমাণয়তি। প্রতিষ্ঠেতি প্রতিষ্ঠায়া যদ্বা প্রতিষ্ঠা ভবতি চেত্তর্হি জীবয়তি জগচ্চেতয়তীতি জীবঃ পরমাত্মাহং তস্য মন্দিরমধিষ্ঠানং ভবতি। এবং প্রতিষ্ঠায়া নিত্যত্বমভিপ্রেতং ॥ ৩ ॥

হয়, অতএব ঐ সকল প্রতিমার শাস্ত্রোক্ত বিধানানুসারে প্রতিষ্ঠা করিবে ॥ ২ ॥

এই বিষয় একাদশস্কন্ধে শ্রীকৃষ্ণ কহিয়াছেন, ভগবৎপ্রতিমা প্রতিষ্ঠা করিলে জগচ্চৈতন্য হয়, সেই প্রতিষ্ঠিত প্রতিমাতেই আমি অধিষ্ঠান করি ॥ ৩ ॥

অথ প্রতিষ্ঠালক্ষণ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

পরমাত্মা হরি, দেব এবং শ্রী তাঁহার শক্তি বলিয়া কথিত হয়েন, শ্রীদেবী প্রকৃতি এবং কেশবকে পুরুষ বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥

বিষ্ণু ব্যতিরেকে লক্ষ্মীদেবী এবং লক্ষ্মী ব্যতিরেকে বিষ্ণু অবস্থিত হয়েন না। অর্চ্চামূর্ত্তি কৃষ্ণ, পিণ্ডিকামূর্ত্তি লক্ষ্মী, উভয়ের যে বিধি দ্বারা যোগ, তাহাকে প্রতিষ্ঠা বলিয়া কীর্ত্তন করা যায় ॥

অথ শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠামাহাত্ম্যং ॥

মাৎস্যে। ঋষয় ঊচুঃ ॥

ক্রিয়াযোগঃ কথং সিদ্ধ্যেদ্গৃহস্থাদিষু সর্ব্বদা।

জ্ঞানযোগসহস্রাদ্ধি কর্ম্মযোগো বিশিষ্যতে ॥ ৪ ॥

শ্রীসূত উবাচ ॥

ক্রিয়াযোগং প্রবক্ষ্যামি দেবতার্চ্চানুকীর্ত্তনং।

ভুক্তিমুক্তিপ্রদং যস্মান্নান্যলোকেষু বিদ্যতে ॥ ৫ ॥

প্রতিষ্ঠায়াঃ সুরাণাং চ দেবতার্চ্চানুকীর্ত্তনাৎ।

---

পিণ্ডিকোপরি শ্রীমূর্ত্তেঃ প্রকর্ষেণ স্থিতেঃ প্রতিষ্ঠেতি নিরুক্ত্যা তল্লক্ষণমাহ। পরমাত্মেতি সার্দ্ধদ্বয়েন অর্থবিশেষস্তু শ্রীবৈষ্ণবানাং হৃদয়গম্য এবেতি কিন্তুদ্বিস্তারণমেব কেবলমত্রোপযুক্তমেব লেখ্যং ॥ ৪ ॥

দেবতানাং যদ্বা দেবতায়াঃ পরমপূজ্যস্য ভগবতোঽর্চ্চা পূজা প্রতিমা বা অনুকীর্ত্তনং চ। দ্বন্দ্বৈক্যং। তদ্রূপং ক্রিয়াযোগং প্রবক্ষ্যামি। তত্র হেতুঃ। যস্মাদ্দেবতার্চ্চানুকীর্ত্তনাদন্যং কিঞ্চিদ্ভুক্তিমুক্তিপ্রদং নাস্তি ॥ ৫ ॥

সুরাণামিতি বহুত্বং শ্রীশিবাদ্যপেক্ষয়া ভগবতঃ পরমগৌরবাপেক্ষয়া বা। প্রতিষ্ঠেত্যাদি প্রথমান্তপাঠে সৈব দেবতার্চ্চানুকীর্ত্তনং সৈব দেবযজ্ঞোৎসবশ্চ যেন দেবতার্চ্চানুকীর্ত্তনেন

---

অথ শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠামাহাত্ম্য ॥

মৎস্যপুরাণে ॥

ঋষিগণ কহিলেন, গৃহস্থাদিতে সর্ব্বদা ক্রিয়াযোগ কি প্রকারে সিদ্ধ হয়, যে হেতু সহস্র জ্ঞানযোগ অপেক্ষা কর্ম্মযোগ শ্রেষ্ঠ ॥ ৪ ॥

শ্রীসূত কহিলেন, দেবতাদিগের অর্চ্চার (প্রতিমার) অনুকীর্ত্তনরূপ ক্রিয়াযোগ বলিতেছি, যে হেতু দেবতার অর্চ্চানুকীর্ত্তন ব্যতিরেকে অন্য ভুক্তি মুক্তিপ্রদ নাই ॥ ৫ ॥

দেবতা সকলের প্রতিষ্ঠা, দেবতার্চ্চার অনুকীর্ত্তন ও দেবযজ্ঞোৎ-

দেবযজ্ঞোৎসবার্চ্চাপি বন্ধনেন বিমুচ্যতে ॥ ৬ ॥

বিষ্ণুধর্ম্মে ॥

স্থাপিতাং প্রতিমাং বিষ্ণোঃ সম্যক্ সংপূজ্য মানবঃ।
যং যং প্রার্থয়তে কামং তং তং প্রাপ্নোত্যনুত্তমং।
যথোক্তবিধিনা দেবং প্রতিষ্ঠাপ্য জনার্দ্দনং।
অক্ষয়ং লোকমাপ্নোতি বিষ্ণোরমিততেজসঃ ॥

স্কান্দে ॥

যাবদ্দিনানি লোকেঽস্মিন্ স্থাপয়েৎ প্রতিমাং হরেঃ।
তাবদযুগসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে।
অক্ষয়ো ভবতে তাবদযাদবদাহূতসংপ্লবং।
যেনার্চ্চা স্থাপিতা বিষ্ণোঃ সপ্তলোকস্য নায়ক।
প্রতিষ্ঠা শঙ্করাদীনাং দেবানাং ব্রহ্মনন্দন।

দেবযজ্ঞোৎসবেন চ কর্ম্মবন্ধাজ্জনো মুক্তো ভবতি ॥ ৬ ॥

সবার্চ্চা, এই সকল দ্বারা জন কর্ম্মবন্ধ হইতে বিমুক্ত হয় ॥ ৬ ॥

বিষ্ণুধর্ম্মে ॥

মনুষ্য বিষ্ণুর স্থাপিত প্রতিমাকে সম্যক্ পূজা করিয়া যে যে উত্তম কামনা প্রার্থনা করে, তাহা তাহা প্রাপ্ত হয়। যথোক্ত বিধি দ্বারা জনার্দ্দনদেবকে প্রতিষ্ঠা করিয়া অমিততেজা বিষ্ণুর অক্ষয়লোক প্রাপ্ত হয় ॥

স্কন্দপুরাণে ॥

এই লোকে যত দিন পর্য্যন্ত হরির প্রতিমা স্থাপন করা থাকে, তত সহস্রযুগ বিষ্ণুলোকে বাস হয় ॥

হে সপ্তলোকনায়ক নারদ! যে ব্যক্তি বিষ্ণুর প্রতিমা স্থাপন করেন, তিনি মহাপ্রলয় পর্য্যন্ত অক্ষয় হন এবং শঙ্করাদি দেবতা সকলের

কৃতা তেন ন সন্দেহঃ সত্যোক্তং তব নারদ ।
পিতৃণামর্য্যমাদীনাং বাসবাদিদিবৌকসাং ।
কৃতা তেন মহাপ্রীতিঃ স্থাপয়িত্বা জনার্দ্দনং ॥ ৭ ॥
যঃ স্থাপয়তি দেবর্ষে দেবং মধুনিসূদনং ।
তস্য সংভাষণাদেব পাপং যাতি দশাব্দিকং ।
যে নিরীক্ষন্তি নন্দন্তি প্রতিষ্ঠাং কেশবস্য হি ।
তে বসন্তি হরের্লোকে যুগানামেকবিংশতিং ।
প্রয়াগে যৎ ফলং প্রোক্তং মাঘমাসে তু স্নানতঃ ।
গয়ায়াং পিণ্ডদানেন পিতৃপক্ষে চ নারদ ।
কার্ত্তিকে পুষ্করে প্রোক্তং কুরুক্ষেত্রে রবিগ্রহে ।
দ্বারকায়াং চ বৈশাখে প্রভাসে চ শশিগ্রহে ।

বৈষ্ণবানাং বিষ্ণুপরিবারাণাং শঙ্করাদীনাং । হে সপ্তলোকস্য নায়ক নারদ । নারদেতি বা পাঠঃ । ততশ্চ সপ্তলোকস্য বিশেষতঃ শঙ্করাদীনাং চ প্রতিষ্ঠা তেন কৃতেত্যন্বয়ঃ ॥ ৭ ॥

প্রতিষ্ঠা করিয়াছেন, হে ব্রহ্মনন্দন ! তোমাকে সত্য বলিলাম ইহাতে সন্দেহ নাই ॥

অপর, যিনি জনার্দ্দনকে স্থাপন করিয়াছেন, তিনি অর্য্যমা প্রভৃতি পিতৃগণ ও ইন্দ্র প্রভৃতি দেবতা সকলের মহা প্রীতি বিধান করিয়াছেন ॥

হে দেবর্ষে ! যে ব্যক্তি মধুসূদন দেবকে স্থাপন করেন, তাঁহার সহিত সম্ভাষণ মাত্রই দশবৎসরের পাপ বিনষ্ট হয় ॥

যে সকল ব্যক্তি কেশবের প্রতিষ্ঠা দর্শন ও তাহাতে আনন্দ প্রকাশ করেন, তাঁহারা একবিংশতি যুগ হরিলোকে বাস করেন, হে নারদ ! প্রয়াগে মাঘস্নানে যে ফল কথিত হইয়াছে এবং গয়ায় পিতৃপক্ষে পিণ্ড-দানে, কার্ত্তিকমাসে পুষ্করে, সূর্য্যগ্রহণে কুরুক্ষেত্রে, বৈশাখমাসে দ্বারকায়, চন্দ্রগ্রহণে প্রভাসে, সিদ্ধেশ্বরে শিবরাত্রে, হাটকক্ষেত্রে, শুক্লতীর্থে,

সিদ্ধেশ্বরে শিবরাত্রৌ ক্ষেত্রে চৈব তু হাটকে।
শুক্লতীর্থে তু রেবায়াং গঙ্গাসাগরসঙ্গমে।
অশ্বমেধাদিভির্যজ্ঞৈর্ব্রতৈর্দ্বাদশীসংজ্ঞকৈঃ।
কপিলাকোটিভির্দত্তৈর্হৈমভারশতৈরপি।
চান্দ্রায়ণৈশ্চ পারাকৈঃ কৃতৈর্যৎফলমাপ্নুয়াৎ।
প্রতিষ্ঠাপ্য হরেরর্চ্চাং পুণ্যমাপ্নোতি নারদ।
তস্মাৎ কলিযুগে ঘোরে বিশেষেণ নরোত্তমৈঃ।
স্থাপনীয়া হরেরর্চ্চা পিতৃণাং মুক্তিমিচ্ছতা॥
অন্যকৃতে চ প্রাসাদে প্রতিমাং স্থাপয়েত্তু যঃ।
কুলাযুতশতৈর্যুক্তো বসতে বিষ্ণুবেশ্মনি।
স ধন্যঃ স কুলীনশ্চ পিতৃণাং ভবতে সুতঃ।
কারয়িত্বা হরের্ধিষ্ণ্যং যঃ স্থাপয়তি কেশবং॥
হরস্য বিষ্ণোর্ভানোর্বা প্রাসাদে চাপি নারদ।

মুখ্যমিতি প্রাসাদং স্বয়ং নির্ম্মায় তত্র হরেরর্চ্চাস্থাপনেন যৎ পুণ্যং তদিত্যর্থঃ॥ ৮॥

রেবায়, গঙ্গাসাগর সঙ্গমে, অশ্বমেধাদি যজ্ঞ, দ্বাদশী সংজ্ঞক ব্রত, কোটি কপিলাদ্দান, শত ভার স্বর্ণদান, চান্দ্রায়ণ ও পরাকব্রত দ্বারা যে ফল প্রাপ্ত হয়, হে নারদ! হরিপ্রতিমা প্রতিষ্ঠায় সেই পুণ্য প্রাপ্তি হয়। অতএব নরোত্তম সকল পিতৃলোকের মুক্তি ইচ্ছা করত ঘোর কলিযুগে বিশেষরূপে হরির প্রতিমা স্থাপন করিবেন॥

যে ব্যক্তি অন্যকৃত প্রাসাদে হরিপ্রতিমা স্থাপন করেন, তিনি অযুত শতকুলযুক্ত হইয়া হরিমন্দিরে বাস করেন॥

যে মনুষ্য হরিমন্দির নির্ম্মাণ করিয়া তাহাতে কেশবমূর্ত্তি স্থাপন করেন তিনি ধন্য, তিনি কুলীন ও তিনি পিতৃলোকের সন্তান হয়েন॥

স্থাপয়িত্বা হরেরর্চ্চাং মুখ্যং পুণ্যমবাপ্নুয়াৎ ॥ ৮ ॥
শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে।
প্রতিষ্ঠাবিধ্যন্তে।
যোবিষ্ণুং স্থাপয়েদ্দেবং সর্ব্বদেবনমস্কৃতং।
স্থাপিতং তেন সর্ব্বং স্যাজ্জগৎ স্থাবরজঙ্গমং।
অতীতান্ দশপূর্ব্বাংশ্চ তথৈবানাগতান্ দশ।
আত্মানং সপরীবারং বিষ্ণুলোকং নয়েন্নরঃ।
কোটিজন্মগতং পাপং স্বল্পকং যদি বা গুরু।
তৎসর্ব্বং ভস্মসাৎ কুর্য্যাৎ সংস্থাপ্য মধুঘাতিনং ॥
তথৈব ভবিষ্যে ॥
এবং যঃ কুরুতে রাজন্ প্রতিষ্ঠাং দেবচক্রিণঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সর্ব্বভূষণভূষিতঃ।
বিমানেন বিচিত্রেণ ত্রিসপ্তকুলজৈঃ সহ।

হে নারদ! শিব, বিষ্ণু অথবা সূর্য্যের মন্দিরে হরির প্রতিমা স্থাপন করিয়া মুখ্য পুণ্য প্রাপ্ত হয় ॥ ৮ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে প্রতিষ্ঠা বিধির অন্তে ॥

যে ব্যক্তি সর্ব্বদেবের নমস্ত দেব বিষ্ণুকে স্থাপন করেন, তাঁহার স্থাবর জঙ্গম সমুদায় স্থাপন করা হয় এবং সেই মনুষ্য অতীত দশপুরুষ এবং অনাগত দশপুরুষ ও সপরিবারে আপনাকে বিষ্ণুলোকে লইয়া যায় ॥

কোটিজন্ম গত পাপ অল্প হউক বা অধিক হউক মধুসূদনের প্রতিমা সংস্থাপন করিয়া তৎসমুদায় ভস্মসাৎ করিবে ॥

সেই প্রকারই ভবিষ্যপুরাণে ॥

হে রাজন্! যে ব্যক্তি এই প্রকার চক্রপাণির প্রতিষ্ঠা করেন তিনি সর্ব্বপাপবিনির্ম্মুক্ত ও সর্ব্বভুষণভুষিত হইয়া বিচিত্র বিমানে আরোহণ

পূজাং সংপ্রাপ্য মহতীমিন্দ্রলোকাদিষু ক্রমাৎ।
সবান্ধবঃ সুখং প্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে।
নারসিংহে॥
প্রতিষ্ঠাং নরসিংহস্য যঃ করোতি যথাবিধি।
নিষ্কামো নরশার্দ্দূল দেহবন্ধাৎ প্রমুচ্যতে।
সকামো নরসিংহস্য পুরং প্রাপ্য চ মোদতে।
মন্বন্তরাণ্যনেকানি লব্ধসৌখ্যো বিমুচ্যতে।
নরসিংহং প্রতিষ্ঠাপ্য যঃ পূজামাচরেন্নরঃ।
তস্য কামাঃ প্রসিদ্ধ্যন্তি পুত্রপৌত্রাদয়ো ভুবি।
বিধিবৎ স্থাপয়েদযস্তু কারয়িত্বা জনার্দ্দনং।
ন জাতু নির্গমং তস্য বিষ্ণুলোকাৎ কথঞ্চন॥
গৌতমীয়ে॥

করত ত্রিসপ্ত (২১) কুলের সহিত মহতী পূজা প্রাপ্ত হইয়া ক্রমে ইন্দ্রাদি লোকে সবান্ধবে সুখ প্রাপ্ত হওত বিষ্ণুলোকে পূজিত হয়েন॥

নারসিংহপুরাণে॥

হে নরশ্রেষ্ঠ! যে ব্যক্তি নিষ্কাম হইয়া যথাবিধি নরসিংহের প্রতিষ্ঠা করেন, তিনি দেহবন্ধ হইতে বিমুক্ত হয়েন এবং যদি সকাম হইয়া প্রতিষ্ঠা করেন তাহা হইলে তিনি নরসিংহপুর প্রাপ্ত হইয়া আমোদিত হয়েন এবং অনেক মন্বন্তর সুখ প্রাপ্ত হইয়া বিমুক্তি লাভ করেন॥

যে মনুষ্য নরসিংহমূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া পূজা করেন তাঁহার পৃথিবীতে পুত্র পৌত্রাদি কামনা সকল সিদ্ধ হয়॥

যিনি জনার্দ্দনমূর্ত্তি নির্ম্মাণ করিয়া যথাবিধি স্থাপন করেন কোন ক্রমে বিষ্ণুলোক হইতে তাঁহার নির্গম হয় না॥

গৌতমীয়ে॥

গোষ্ঠে বা শৈলশৃঙ্গে বা পুণ্যারণ্যে নদীতটে।
প্রাসাদে স্থাপয়েৎ কৃষ্ণং তীর্থকোটিফলং লভেৎ ॥
কোটি কোটি মহাস্নানাৎ কোটিতীর্থপরিভ্রমাৎ।
তৎফলং লভতে ভক্ত্যা সংপ্রতিষ্ঠাপ্য কেশবং ॥
সদা মন্ত্রকোটিজপাৎ যৎফলং পুরুষো লভেৎ।
তৎফলং সমবাপ্নোতি সংস্থাপ্য পুরুষোত্তমং ॥
কোটিযজ্ঞেন যৎপুণ্যং পুণ্যারণ্যনিষেবণাৎ।
তৎফলং লভতে মর্ত্যস্তদ্বৎ সংস্থাপ্য কেশবং ॥
যাবজ্জন্ম হরের্নামগ্রহণে যৎফলং লভেৎ।
তৎফলং সমবাপ্নোতি সংস্থাপ্য পুরুষোত্তমং ॥
অথ প্রতিষ্ঠাকালঃ। মাৎস্যে ॥
চৈত্রে বা ফাল্গুনে বাপি জ্যৈষ্ঠে বা মাধবে তথা।

গোষ্ঠে, শৈলশিখরে, পুণ্যকাননে, নদীতটে ও প্রাসাদে কৃষ্ণমূর্ত্তি স্থাপন করিলে কোটিতীর্থের ফল লাভ হয় ॥

কোটি কোটি মহাস্নান ও কোটি কোটি তীর্থপরিভ্রমণে যে ফল লাভ হয়, ভক্তিপূর্ব্বক মূর্ত্তি স্থাপন করিলে তত্তুল্য ফল প্রাপ্তি হইয়া থাকে ॥

নিয়তকাল কোটিমন্ত্র জপ করিয়া মনুষ্য যে সকল ফল লাভ করে, পুরুষোত্তম বিষ্ণুকে স্থাপন করিয়া সেই ফল প্রাপ্ত হয় ॥

কোটিযজ্ঞ ও পুণ্যারণ্য নিষেবণে যে পুণ্য হয়, মনুষ্য কেশবমূর্ত্তি সংস্থাপন করিয়া তৎফল প্রাপ্ত হয় ॥

যাবৎ জন্ম হরিনামগ্রহণে যে ফল লাভ হয়, কেশবমূর্ত্তি সংস্থাপন করিয়া তৎসদৃশ ফল প্রাপ্তি হইয়া থাকে ॥

অথ প্রতিষ্ঠাকাল। মৎস্যপুরাণে ॥

চৈত্র, ফাল্গুন, জ্যৈষ্ঠ, বৈশাখ অথবা মাঘমাসে সকল দেবতার

মাঘে বা সর্ব্বদেবানাং প্রতিষ্ঠা শুভদা ভবেৎ ॥
প্রাপ্য পক্ষং শুভং শুক্লমতীতে চোত্তরায়ণে।
পঞ্চমী চ দ্বিতীয়া চ তৃতীয়া সপ্তমী তথা।
দশমী পৌর্ণমাসী চ তথা শ্রেষ্ঠা ত্রয়োদশী।
আসু প্রতিষ্ঠা বিধিবৎ কৃতা বহুফলা ভবেৎ ॥
আষাঢ়ে দ্বে তথা মূলমুত্তরাত্রয়মেব চ।
জ্যেষ্ঠাশ্রবণরোহিণ্যঃ পূর্ব্বভাদ্রপদা তথা।
হস্তাশ্বিনী রেবতী চ পুষ্যা মৃগশিরস্তথা।
অনুরাধা তথা স্বাতী প্রতিষ্ঠাদিষু শস্যতে ॥ ৯ ॥
বুধো বৃহস্পতিঃ শুক্রস্ত্রয় এতে শুভাবহাঃ।

অতীতে চোত্তরায়ণ ইতি মকরসংক্রান্তৌ ব্যতীতায়ামিত্যর্থঃ। দক্ষিণায়নে প্রতিষ্ঠানিষেধাৎ ॥ ৯ ॥

প্রতিষ্ঠা শুভপ্রদা হয় ॥ ]

উত্তরায়ণকাল অতীত হইলে অর্থাৎ মকরসংক্রান্তি অতীত হইলে উক্ত মাসসমূহে শুক্লপক্ষ প্রাপ্ত হইয়া পঞ্চমী, দ্বিতীয়া, তৃতীয়া, সপ্তমী, দশমী, পৌর্ণমাসী ও ত্রয়োদশী শ্রেষ্ঠা, এই সকল তিথিতে যথাবিধি প্রতিষ্ঠা কৃত হইলেও প্রতিষ্ঠা বহু ফলপ্রদা হইয়া থাকে। তাৎপর্য্য। দক্ষিণায়নকাল সামান্যত নিষিদ্ধ, তন্মধ্যে যে সকল বিশেষ বিধি আছে, তৎসমুদায় গ্রাহ্য ॥

পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, মূলা, উত্তরাত্রয় অর্থাৎ উত্তরফল্গুনী, উত্তরভাদ্রপদ ও উত্তরাষাঢ়া, জ্যেষ্ঠা, শ্রবণা, রোহিণী, পূর্ব্বভাদ্রপদ, হস্তা, অশ্বিনী, রেবতী, পুষ্যা, মৃগশিরা, অনুরাধা ও স্বাতী, প্রতিষ্ঠাদিতে এই সকল নক্ষত্র প্রশস্ত হয় ॥ ৯ ॥

বুধ, বৃহস্পতি ও শুক্র এই তিন গ্রহ শুভদায়ক এবং এই তিন গ্রহ

গ্রভির্নিরীক্ষিতং লগ্নং নক্ষত্রঞ্চ প্রশস্যতে ॥
গ্রহতারাবলং লব্ধা গ্রহপূজাং বিধায় চ।
নিমিত্তং শকুনং লব্ধা বর্জ্জয়িত্বাদ্ভুতাদিকং।
শুভে যোগে শুভে স্থানে ক্রূরগ্রহবিবর্জ্জিতে ॥
লগ্নে ঋক্ষে চ কুর্ব্বীত প্রতিষ্ঠাদিকমুত্তমং।
অয়নে বিষুবে তদ্বৎ ষড়শীতি মুখে তথা।
এতেষু স্থাপনং কার্য্যং বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥
প্রাজাপত্যে তু শয়নং শ্বেতে তূত্থাপনং তথা।
মুহূর্ত্তে স্থাপনং কুর্য্যাত্তথা ব্রাহ্মে বিচক্ষণঃ ॥ ১০ ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে চ ॥
উত্তরাশাশ্রিতে ভানৌ শুক্লপক্ষে সুরেশ্বর।
কৃষ্ণপক্ষান্তিমত্র্যংশাদৃতে সুরগণার্চ্চিত।

অদ্ভুতং ভূকম্পাদি। আদিশব্দেন গ্রহণাদি ॥ ১০ ॥

কর্ত্তৃক নিরীক্ষিত লগ্ন ও নক্ষত্রও প্রশস্ত হয় ॥

গ্রহ ও তারার বল লাভপূর্ব্বক গ্রহপূজা বিধান করত শুভসূচক নিমিত্ত লাভ করিয়া অদ্ভুতাদি অর্থাৎ ভূকম্প ও গ্রহণাদি বর্জ্জন করিবে॥

শুভযোগ, শুভস্থান, ক্রূরগ্রহবর্জ্জিত লগ্নে ও নক্ষত্রে উত্তম প্রতিষ্ঠাদি করিবে, উত্তরায়ণ, দক্ষিণায়ন, বিষুব এবং ষড়শীতি সংক্রান্তি এই সকলে বিধিদৃষ্ট কর্ম্মানুসারে স্থাপন করিবে ॥

বিচক্ষণ ব্যক্তি প্রাজাপত্যে শয়ন, শ্বেতে উত্থাপন ও ব্রাহ্ম্য মুহূর্ত্তে স্থাপন করিবেন ॥ ১০ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

হে সুরেশ্বর! হে সুরগণার্চ্চিত! সূর্য্য উত্তরদিকে থাকিলে শুক্লপক্ষে, কৃষ্ণপক্ষের অন্তিমত্রয় অর্থাৎ ত্রয়োদশী, চতুর্দ্দশী ও অমাবাস্যা

শুক্লস্যাদ্যং পরিত্যজ্য প্রতিষ্ঠাং কারয়েদ্বুধঃ ॥
মাসি মাঘে ফাল্গুনে বা চৈত্রবৈশাখয়োরপি।
জ্যৈষ্ঠে মাস্যথবাষাঢ়ে সুযোগকরণান্বিতে।
প্রতিপচ্চ দ্বিতীয়া চ তৃতীয়া পঞ্চমী তথা।
সপ্তমী দশমী চৈব দ্বাদশী চ ত্রয়োদশী।
অষ্টমী পৌর্ণমাসী চ প্রতিষ্ঠায়াং সুশোভনাঃ ॥
গুরুঃ সোমো বুধঃ শুক্রঃ প্রতিষ্ঠায়াং শুভাবহাঃ ॥
মেষো বৃষোঽথ মিথুনঃ কর্কটো বৃশ্চিকস্তথা।
সিংহঃ কন্যা চ সততং বিজ্ঞেয়াঃ শান্তিকারকাঃ ॥
উত্তরাসু তথা মূলে রৌদ্রে পুষ্যেঽথ শস্যতে।
বৈষ্ণবে চানুরাধে চ রেবত্যাং রোহিণীষু চ।
অশ্বিন্যামথ চিত্রায়াং ভরণ্যাং চ পুনর্ব্বসৌ।

তথা শুক্লপক্ষের আদি প্রতিপদ্ পরিত্যাগ করিয়া পণ্ডিত ব্যক্তি প্রতিষ্ঠা করিবেন ॥

মাঘ, ফাল্গুন, চৈত্র, বৈশাখ, জ্যৈষ্ঠ অথবা আষাঢ়মাসে, শুভযোগ ও শুভকরণে তথা প্রতিপৎ, দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী, সপ্তমী, দশমী, দ্বাদশী, ত্রয়োদশী, অষ্টমী এবং পৌর্ণমাসী এই সকল তিথি প্রতিষ্ঠাবিষয়ে সুশোভনা হয় ॥

অপর বৃহস্পতি, সোম, বুধ ও শুক্র এই সকল বার প্রতিষ্ঠায় শুভাবহ হয় ॥

মেষ, বৃষ, মিথুন, কর্কট, বৃশ্চিক, সিংহ ও কন্যা এই সকল লগ্ন প্রতিষ্ঠায় নিয়ত শান্তিকারক জানিবে ॥

তিন উত্তরা, মূলা, রৌদ্র অর্থাৎ আর্দ্রা, পুষ্যা, শ্রবণা, অনুরাধা, রেবতী, রোহিণী, অশ্বিনী, চিত্রা, ভরণী, পুনর্ব্বসু ও মৃগশিরা এই সকল

প্রতিষ্ঠাং কারয়েদ্বিদ্বান্ নক্ষত্রে মৃগশীর্ষকে ॥

অয়নে বিষুবে চৈব ষড়শীতিমুখে তথা।
মিত্রং পরমমিত্রঞ্চ সম্পৎক্ষেমঞ্চ সাধকং।
তারাপঞ্চকমেতচ্চ প্রতিষ্ঠায়াং প্রশস্যতে ॥

গরং বিষ্টিঞ্চ কিন্তুঘ্নং শকুনঞ্চ চতুষ্পদং।
বর্জ্জয়েৎ সুপ্রযত্নেন প্রতিষ্ঠায়াং সুরেশ্বর।
বিষ্কুম্ভমতিগণ্ডঞ্চ শূলং পরিঘমেবচ।
গণ্ডং ব্যাঘাতকং চৈব বৈধৃতিং বজ্রমেব চ।
ব্যতীপাতং হর্ষণঞ্চ যোগানেতান্ বিবর্জ্জয়েৎ ॥

ন শস্তং গ্রহণে নিত্যং তথা বৈ দক্ষিণায়নে।
লগ্নে তু সুস্থিরে কার্য্যং স্থিরাংশে সুরসত্তম।
কর্ত্তুশ্চোপচয়োপেতে মুহূর্ত্তে শোভনে দ্বিজ।
মৈত্রে বৈরাজসাবিত্রে শ্বেতে বা বাসবে শিবে।
অভিজিদ্রোহিণীনাঞ্চ মুহূর্ত্তে পদ্মসম্ভবে।
গান্ধর্ব্বে বা স্থাপয়ীত হরিং সুরগণার্চ্চিতং।

---

নক্ষত্রে প্রতিষ্ঠা করাইলে ঐ প্রতিষ্ঠা প্রশস্ত হয় ॥

উত্তরায়ণ দক্ষিণায়ন, বিষুব ও ষড়শীতি সংক্রান্তিতে তথা মিত্র, পরম মিত্র, সম্পৎ, ক্ষেম ও সাধক এই পঞ্চ তারায় প্রতিষ্ঠা প্রশস্ত হয় ॥

হে সুরেশ্বর! গর, বিষ্টি, কিন্তুঘ্ন, শকুন ও চতুষ্পদ, এই সকল করণ যত্নপূর্ব্বক প্রতিষ্ঠায় বর্জন করিবে, অপর বিষ্কুম্ভ, অতিগণ্ড, শূল, পরিঘ, গণ্ড, ব্যাঘাত, বৈধৃতি, বজ্র, ব্যতীপাত ও হর্ষণ, এই সকল যোগ বর্জ্জন করিবে ॥

গ্রহণকালে ও দক্ষিণায়নে প্রতিষ্ঠা প্রশস্ত নহে, হে দেবসত্তম! সুস্থির লগ্নে ও স্থিরাংশে প্রতিষ্ঠা করিবে। হে দ্বিজ! কর্ত্তার উপচয়ে মৈত্র, বৈরাজ, সাবিত্র, শ্বেত, বাসব ও শিব তথা অভিজিৎ ও রোহিণীর মুহূর্ত্তে এবং ব্রহ্মমুহূর্ত্তে অথবা গান্ধর্ব্ব মুহূর্ত্তে দেবগণার্চ্চিত হরিকে স্থাপন করিবে ॥

আদিত্যস্য বলং লব্ধ্বা লগ্নং শুভনিরীক্ষিতং।
চন্দ্রতারাবলং প্রাপ্য স্থাপয়েৎ পুরুষোত্তমং।
সুগ্রহে চ সুনক্ষত্রে কুর্য্যাত্তত্রাধিবাসনং॥
ভবিষ্যে॥
হরৌ সুপ্তে ন কর্ত্তব্যং দেবার্চ্চাস্থাপনং বুধৈঃ।
কর্ত্তব্যং তু বিবুদ্ধে তু হংসে চাপ্যুত্তরং গতে।
সর্ব্বকামসমৃদ্ধ্যর্থং স্থাপয়েদুত্তরায়ণে।
বর্জ্জয়েৎ সর্ব্বযত্নেন মন্ত্রবিদ্দক্ষিণায়নং।
দেবীপুরাণে॥
সিংহসংস্থং গুরুং শুক্রং সর্ব্বারম্ভেষু বর্জ্জয়েৎ।
প্রারব্ধং ন চ সিদ্ধ্যেত মহাভয়করং ভবেৎ।
পুত্রভ্রাতৃকলত্রাণি হন্যাচ্ছীঘ্রং ন সংশয়ঃ।

আদিত্যের বল ও শুভ নিরীক্ষিত লগ্ন লাভ করিয়া এবং চন্দ্রতারার বল প্রাপ্ত হইয়া পুরুষোত্তমকে স্থাপন করিবে। এস্থলে শুভগ্রহে ও শুভনক্ষত্রে অধিবাস করিবে॥

ভবিষ্যপুরাণে॥

পণ্ডিতগণ হরিশয়নে দেবমূর্ত্তি স্থাপন করিবেন না, হরির উত্থান ও উত্তরায়ণে স্থাপন করিবেন॥

মন্ত্রজ্ঞ ব্যক্তি সর্ব্বকাম সমৃদ্ধির নিমিত্ত উত্তরায়ণে স্থাপন এবং সর্ব্বপ্রযত্নে দক্ষিণায়ন বর্জন করিবেন॥

দেবীপুরাণে॥

সকল কর্ম্মের আরম্ভে সিংহস্থ গুরু শুক্র বর্জন করিবে, যে হেতু ঐ কালে কার্য্য আরম্ভ করিলে সেই কার্য্যের ফলসিদ্ধি হয় না ও মহাভয়জনক হয়। পুত্র, ভ্রাতা ও কলত্র বিনষ্ট করে, ইহাতে সংশয়মাত্র

কারকো ব্রজতে নাশং সন্তানং ক্ষীয়তে চিরাৎ ॥
দেবারামতড়াগেষু প্রপোদ্যানগৃহেষু চ ।
সিংহস্থং মকরস্থং চ গুরুং যত্নেন বর্জ্জয়েৎ ॥
অথ প্রতিষ্ঠাস্থানং তত্রৈব ॥
সিদ্ধক্ষেত্রং সরঃ পুণ্যবনং রম্যং নদীতটং ।
প্রাসাদো নির্ম্মিতঃ শক্ত্যা মনোরমগৃহাদি চ ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে ॥
অথ দিঙ্নিয়মোপেতং দেবতাস্থাপনং শুভং ।
পুরো দিশি যথা দেবাঃ স্থাপ্যাঃ শৃণু তথা মম ।
নগর গ্রামমধ্যে তু ব্রহ্মণঃ স্থানমুত্তমং ।
আখণ্ডলস্য সূর্য্যস্য পূর্ব্বেণায়তনং শুভং ।
স্বদিগ্‌গতং কৃশানোস্তু মাতৃণাঞ্চৈব দক্ষিণে ।

---

নাই, কর্ত্তার নাশ হয় ও অচিরাৎ সন্তান ক্ষয় হয় ॥

দেবতা, আরাম, তড়াগ, প্রপা, উদ্যান ও গৃহাদির প্রতিষ্ঠাবিষয়ে সিংহস্থ ও মরকস্থ গুরু হইলে যত্নসহকারে ঐ কাল বর্জন করিবে ॥

অথ প্রতিষ্ঠার স্থান ঐ দেবীপুরাণে ॥

সিদ্ধক্ষেত্র, সরোবর, পুণ্যবন ও রমণীয় নদীতীর এই সকল স্থানে স্বীয়শক্তি অনুসারে প্রাসাদ অথবা মনোরম গৃহাদি নির্ম্মাণ করিবে ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

অথ দিক্ নিয়মযুক্ত দেবতা স্থাপন শুভ হয়, অগ্রে যে দিকে দেবতা স্থাপন করিতে হইবে তাহা বলি শ্রবণ কর। মগর ও গ্রামমধ্যে ব্রহ্মার স্থান উত্তম, ইন্দ্র ও সুর্য্য ইহাঁদিগের পূর্ব্বদিকে আলয় শুভজনক, অগ্নির অগ্নিদিক্, মাতৃগণের দক্ষিণদিক্ এবং এই দক্ষিণদিকে ভূত সকল ও ধর্ম্ম-

ভূতানামালয়স্তস্মিন্ ধর্ম্মরাজালয়ঃ শুভঃ।
চণ্ডিকায়াঃ পিতৃণাঞ্চ দৈত্যানাং নৈঋর্তে ভবেৎ।
প্রচেতসঃ সমুদ্রস্য সিন্ধূনাং পশ্চিমে ভবেৎ।
ফণিনাং চৈব বায়ব্যাং বায়োঃ স্থানন্তু তচ্ছুভং।
যক্ষাধিপস্য স্কন্দস্য উদীচ্যাং স্থানমুচ্যতে।
বিষ্ণোঃ স্থানং তু সর্ব্বত্র কালভেদেন ভিদ্যতে।
নগরাভিমুখাঃ সর্ব্বে স্থাপিতাঃ শুভদা নৃণাং।
অজ্ঞানাদ্বা প্রমাদাদ্বা কৃতা যদি পরাঙ্মুখাঃ।
তদা শাস্ত্রাদিভির্বিদ্বানুপায়মিমমাচরেৎ ॥
তদ্বর্ণভূষণোপেতং তদ্রূপায়ুধলক্ষণং।
পুরস্যাভিমুখং ভিত্তৌ তং দেবং তত্র সংলিখেৎ ॥
কিঞ্চ ॥

রাজের আলয় শুভপ্রদ হয়। চণ্ডিকা, পিতৃগণ ও দৈত্যদিগের নৈঋর্ত-দিকে, বরুণ, সমুদ্র ও সিন্ধু সকলের পশ্চিমদিকে। ফণী ও বায়ু ইহাঁ-দিগের বায়ুকোণে স্থান শুভ হয়। যক্ষাধিপ কুবের এবং কার্ত্তিক ইহাঁদিগের উত্তরে স্থান কথিত হইয়াছে। বিষ্ণুর সকল দিকেই স্থান, ইহা কালভেদে ভিন্ন হয়। সমস্ত দেবতা নগরাভিমুখে স্থাপিত হইলে মনুষ্য সকলের শুভপ্রদ হয়েন। অজ্ঞান অথবা প্রমাদ বশতঃ যদি অন্য-মুখে স্থাপিত হয়, তাহা হইলে বিদ্বান্ ব্যক্তি শাস্ত্রাদি দ্বারা এই উপায় আচরণ করিবেন ॥

যে দেবতার যে বর্ণ, যে ভূষণ, যেরূপ আয়ুধ ও লক্ষণ, তদ্রূপ দেবকে পুরের অভিমুখ করিয়া ভিত্তিতে লিখন করিবেন ॥

আরও ॥

দিগ্বিশেষেণ মে স্থানং শৃণু মে সুরসত্তম ।
গ্রামমধ্যেঽথবারণ্যে নদীনাং সঙ্গমে তথা ।
নগরস্থ সমন্তাচ্চ সর্ব্বত্রাহং প্রতিষ্ঠিতঃ ।
ভুক্তিমুক্তিপ্রদঃ পুংসাং বিশেষং শৃণু চাপরং ॥ ১১ ॥
ঐন্দ্র্যাং প্রশস্তং বিজ্ঞেয়মাগ্নেয্যাং পরিবর্জ্জিতং ।
যাম্যাং প্রশান্তয়ে শস্তং নৈঋর্ত্যাং ভয়দং ভবেৎ ।
দ্রব্যাদীনাং প্রসিদ্ধ্যর্থং বারুণ্যাং রাজ্যসিদ্ধয়ে ।
বায়ব্যাং বর্জ্জয়েদযত্নাৎ কৌবের্য্যাং পুষ্টিবর্দ্ধনং ।
ঐশান্যাং যজনং শ্রেষ্ঠং সর্ব্বসম্পৎকরং নৃণাং ॥ ১২ ॥

**অথ প্রতিষ্ঠাধিকারী ।**

দেবীপুরাণে ॥

ভানৌ উত্তরাশাং দিশং আশ্রিতে। উত্তরায়ণে সতীত্যর্থঃ। কৃষ্ণপক্ষেঽপি যোগবাহুল্যে কারয়েৎ কিন্তু তত্র ত্রয়োদশী চতুর্দ্দশ্যমাবস্যা বর্জ্জয়েদিত্যাহ কৃষ্ণেতি ॥ ১১ ॥

কালভেদেন ভিদ্যত ইতি যদুক্তং তদেব দর্শয়তি ঐন্দ্র্যামিত্যাদিনা সার্দ্ধদ্বয়েন ॥ ১২ ॥

হে দেবসত্তম ! দিগ্বিশেষে আমার স্থান বলি শ্রবণ কর, গ্রামমধ্যে অথবা অরণ্যে নদীর সঙ্গমে তথা নগরের সকল দিকে ও সকল স্থানে আমি প্রতিষ্ঠিত হইয়া মনুষ্যদিগকে ভুক্তি মুক্তি প্রদান করি, অন্য বিশেষ শ্রবণ কর ॥ ১১ ॥

প্রতিষ্ঠা পূর্ব্বদিকে প্রশস্ত, অগ্নিকোণে নিষিদ্ধ জানিবে। দক্ষিণদিকে প্রকৃষ্ট শান্তির নিমিত্ত প্রশস্ত ও নৈঋর্তকোণে ভয়প্রদ হয়। দ্রব্যাদির প্রসিদ্ধি ও রাজ্যসিদ্ধির জন্য পশ্চিমদিক্ প্রশস্ত জানিবে। বায়ুকোণ যত্নপূর্ব্বক বর্জন করিবে, উত্তরদিকে পুষ্টিবর্দ্ধন হয়। ঈশানদিকে যজন শ্রেষ্ঠ এবং মনুষ্যদিগের সর্ব্বসম্পত্তিসাধক হইয়া থাকে ॥ ১২ ॥

**অথ প্রতিষ্ঠাধিকারী ।**

দেবীপুরাণে ॥

বর্ণাশ্রমবিভাগেন দেবাঃ স্থাপ্যা হি নান্যথা ॥ ১৩ ॥

কিঞ্চ ॥

চাতুর্বর্ণৈস্তথা বিষ্ণুঃ প্রতিষ্ঠাপ্যঃ সুখার্থিভিঃ ॥ ১৪ ॥

অথ স্থাপকাদিলক্ষণং ॥

তত্রৈব ॥

পঞ্চরাত্রার্থকুশলো মন্ত্রতন্ত্রাবধারকঃ।
স্থাপনে সর্ব্বদা শস্তো ব্রহ্মচারী চ শান্তিযুক্ ॥ ১৫ ॥
অন্যথা কলহোদ্বেগং কুর্য্যান্নিত্যং মহাভয়ং।
যজমানে নৃপে রাষ্ট্রে স্থাপকে চ নিরাগমে ॥

কিঞ্চ। মাৎস্যে ॥

বর্ণাশ্রমবিভাগেনৈব দেবাঃ স্থাপ্যাঃ। কেনচিদ্বর্ণেন কেনচিদাশ্রমাদিনা চ কশ্চিদ্দেবঃ স্থাপ্যঃ ন চ সর্ব্বৈরেব সর্ব্ব ইত্যর্থঃ ॥ ১৩ ॥

শ্রীবিষ্ণুস্তু সর্ব্বৈরেব স্থাপ্য ইত্যাহ চাতুর্বর্ণৈরিতি ॥ ১৪ ॥

তন্ত্রং অনুষ্ঠানপ্রকারঃ ॥ ১৫ ॥

বর্ণাশ্রম বিভাগক্রমে দেবতাগণকে স্থাপন করিবে, ইহার অন্যথা করিবে না ॥ ১৩ ॥

আরও ॥

চাতুর্ব্বর্ণ্য লোক সুখার্থী হইয়া বিষ্ণুপ্রতিমা স্থাপন করিবে ॥ ১৪ ॥

অথ স্থাপকাদিলক্ষণ ॥

ঐ দেবীপুরাণে ॥

পঞ্চরাত্রের অর্থে পারদর্শী, মন্ত্রতন্ত্রের পরিজ্ঞাতা এবং শান্তিযুক্ত ব্রহ্মচারী ইহাঁরা দেবমূর্ত্তি স্থাপন বিষয়ে সর্ব্বদা প্রশস্ত হন ॥ ১৫ ॥

ইহার অন্যথা হইলে যজমানে, রাজায়, রাজ্যে এবং শাস্ত্রানভিজ্ঞ প্রতিষ্ঠাচার্য্যে কলহ, উদ্বেগ ও নিত্য মহাভয় বিধান করে ॥

আরও। মৎস্যপুরাণে ॥

অতঃপরং প্রবক্ষ্যামি মূর্ত্তিপানাং তু লক্ষণং।
স্থাপকস্য সমাসেন লক্ষণং শৃণুত দ্বিজাঃ।
সর্ব্বাবয়বসম্পূর্ণো বেদমন্ত্রবিশারদঃ।
পুরাণবেত্তা তত্ত্বজ্ঞো দম্ভলোভবিবর্জ্জিতঃ॥ ১৬॥
কৃষ্ণসারবরে দেশে য উৎপন্নঃ শুভাকৃতিঃ।
শৌচাচারপরো নিত্যং পাষণ্ডকুলনিস্পৃহঃ।
সমঃ শত্রৌ চ মিত্রে চ ব্রহ্মোপেন্দ্রহরপ্রিয়ঃ।
ঊহাপোহার্থতত্ত্বজ্ঞো বাস্তু শাস্ত্রস্য পারগঃ।
আচার্য্যস্তু ভবেন্নিত্যং সর্ব্বদোষবিবর্জ্জিতঃ॥ ১৭॥
মূর্ত্তিপাস্তদ্বিধাশ্চৈব কুলীনা ঋজবস্তথা।
দ্বাত্রিংশৎ ষোড়শাথাপি অষ্টৌ বা শ্রুতিপারগাঃ।

স্থাপকে প্রতিষ্ঠাচার্য্যে নিরাগমে শাস্ত্রানভিজ্ঞে সতি। এতচ্চ অন্যথেত্যস্য বিবরণং। যদ্বা যজমানাদিষু তাদৃশে স্থাপকে চ কলহাদিমহাভয়ং কুর্য্যাদিত্যর্থঃ॥ ১৬॥

কৃষ্ণসারো হরিণস্তেন বরে শ্রেষ্ঠে। চারেতি পাঠে কৃষ্ণঃ কৃষ্ণসারস্তস্য চারশ্চরণং তেন বরে॥ ১৭॥

হে দ্বিজগণ! অতঃপর মূর্ত্তিরক্ষক সকলের ও স্থাপকের সংক্ষেপে লক্ষণ বলি শ্রবণ কর। মূর্ত্তিরক্ষক ও স্থাপক, সর্ব্বাবয়বসম্পূর্ণ, বেদমন্ত্রবিশারদ, পুরাণবেত্তা, তত্ত্বজ্ঞ এবং দম্ভ ও লোভবর্জিত হইবেন॥ ১৬॥

কৃষ্ণসার হরিণ চরিয়া বেড়ায় এমত দেশে যাঁহার উৎপত্তি, যিনি শুভাকৃতি, নিত্য শৌচাচারপর, পাষণ্ডকুলে নিস্পৃহ, শত্রু মিত্রে তুল্য, ব্রহ্মা বিষ্ণু হর ইহাঁদিগের প্রিয়, কোন স্থানে কোন মন্ত্রাক্ষরের ঊহ (ঊহ্য করা) এবং অপোহ অর্থাৎ মন্ত্রাক্ষরের ত্যাগ করা তদ্বিষয়ের যথার্থ তত্ত্বমীমাংসার তত্ত্বজ্ঞ, বাস্তু শাস্ত্রে পারদর্শী ও সর্ব্বদোষবিবর্জিত এমত ব্যক্তি নিত্য আচার্য্য হইবেন॥ ১৭॥

মূর্ত্তিরক্ষক সকল, দুই প্রকার কুলীন ও ঋজু, ইহাঁরা দ্বাত্রিংশৎ অথবা ষোড়শ কিম্বা অষ্ট, সকলেই শ্রুতিপারগ হইবেন, এই সকল

জ্যেষ্ঠ মধ্য কনিষ্ঠাস্তু মূর্ত্তিপাঃ পরিকীর্ত্তিতাঃ ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে চ ॥
কর্ত্তুমিচ্ছতি যঃ পুণ্যং মম মূর্ত্তিপ্রতিষ্ঠয়া।
অন্বেষণীয়স্ত্বাচার্য্যস্তেন লক্ষণসংযুতঃ ॥
সংশুদ্ধব্রহ্মযোনিস্তু প্রলয়োৎপত্তিসংস্থিতিং।
যো বেত্তি কুলজো ধীমানাচার্য্যত্বং হি সোঽর্হতি।
সম্মতঃ সর্ব্ববর্ণানাং পঞ্চরাত্রবিশারদঃ।
ক্রোধলোভবিনির্ম্মুক্তো দোষমাৎসর্য্যবর্জ্জিতঃ।
ক্ষয়াপস্মাররহিতঃ কুষ্ঠরোগবিবর্জ্জিতঃ ॥
অন্যূনানতিরিক্তাঙ্গো যুবালক্ষণলক্ষিতঃ।
অনন্যদেবতাভক্তঃ শূদ্রান্নপরিবর্জ্জিতঃ ॥

---

কুলজো পিতৃমাতৃকুলদ্বয়স্থ প্রলয়ং মরণং উৎপত্তিং জন্মসংস্থিতিঞ্চ জীবনং যো বেত্তি অন্যথা কুলাচারাদিদোষপ্রসক্তেঃ ॥ ১৮ ॥

---

মূর্ত্তিরক্ষক জ্যেষ্ঠ, মধ্য ও কনিষ্ঠ বলিয়া পরিকীর্ত্তিত হয়েন ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে যথা ॥

যে ব্যক্তি আমার মূর্ত্তি প্রতিষ্ঠা দ্বারা পুণ্য করিতে ইচ্ছা করিয়াছেন, তিনি যেন লক্ষণান্বিত আচার্য্যের অন্বেষণ করেন ॥

যিনি ব্রাহ্মণ, যাঁহার পিতৃ ও মাতৃকুল পবিত্র, যিনি মরণ, উৎপত্তি ও জীবনপরিজ্ঞাত আছেন, তিনিই আচার্য্য হইবার যোগ্য এবং যিনি পঞ্চরাত্র শাস্ত্রে বিশারদ, ক্রোধ ও লোভরহিত, দোষমাৎসর্য্য বর্জ্জিত, তিনি সকল বর্ণের মধ্যে সম্মত। অপিচ ক্ষয়রোগ, অপস্মার ( মৃগী ) ও কুষ্ঠরোগযুক্ত ব্যক্তিকে বর্জন করিবে ॥

এবং যাঁহার অঙ্গ ন্যূন বা অতিরিক্ত নহে, যিনি যুবা, লক্ষণলক্ষিত, দেবতাদিগের একমাত্র ভক্ত ও শূদ্রান্নপরিত্যাগী, তিনিই যথাযোগ্য আচার্য্য হয়েন ॥

ব্রাহ্মণানামলাভে তু ক্ষত্রিয়ো বৈশ্যশূদ্রয়োঃ।
ক্ষত্রিয়াণামলাভে তু বৈশ্যঃ শূদ্রস্য কল্পিতঃ।
কদাচিদপি শূদ্রস্তু নৈবাচার্য্যত্বমর্হতি ॥ ১৮ ॥
গৃহস্থং ব্রহ্মচর্য্যস্থং ককারাষ্টকবর্জ্জিতং।
গুরুং কুর্ব্বীত সততমুপবাসব্রতে রতং।
ঋজুস্বভাবং মধুরস্মিতপূর্ব্বাভিভাষিণং ॥ ১৯ ॥
কিঞ্চ ॥
সর্ব্বত্র ব্যতিরিক্তন্তু আত্মানং বেত্তি যো দ্বিজঃ।
সর্ব্বলক্ষণহীনোঽপি স গুরুর্নাত্র সংশয়ঃ।
অপি পাপসমাচারঃ সর্ব্বলক্ষণবর্জ্জিতঃ।

ককারাষ্টকঞ্চ কুষ্ঠী কুনখী কুণ্ডঃ কাকস্বরঃ ক্লীবঃ কাতরঃ ক্রোধনঃ কুৎসিত ইতি স্বয়মেবাভিব্যঞ্জয়িতব্যং ॥ ১৯ ॥

অধুনা স্থাপকস্য লক্ষণবিশেষমাহ সর্ব্বত্রেতি চতুর্ভিঃ। ব্যতিরিক্তং দেহাদিভিন্নং। সর্ব্বে-

উক্ত লক্ষণাক্রান্ত ব্রাহ্মণের অভাব হইলে বৈশ্য ও শূদ্রের ক্ষত্রিয় আচার্য্য হইবে, ক্ষত্রিয় আচার্য্যের অভাব হইলে শূদ্রের বৈশ্য আচার্য্য কল্পিত হয়, শূদ্র কখনই আচার্য্যের যোগ্য হইতে পারে না ॥ ১৮ ॥

গৃহস্থ, ব্রহ্মচর্য্যস্থ, অষ্ট ককার অর্থাৎ কুষ্ঠী, কুনখী, কুণ্ড, কাকস্বর, ক্লীব, কাতর, ক্রোধন ও কুৎসিত এই সকল ককারাদি রোগবিশিষ্ট আচার্য্য বর্জ্জিত এবং উপবাস ব্রতে রত, ঋজুস্বভাব ও মধুরস্মিতপূর্ব্বাভিভাষি অর্থাৎ যাঁহার বাক্যপ্রয়োগের পূর্ব্বেই মুখ মনোহর ও ঈষৎ হাস্যান্বিত হয়, তাঁহাকে সর্ব্বদা গুরু করিবে ॥ ১৯ ॥

আরও ॥

যে দ্বিজ সর্ব্বত্রই আত্মাকে দেহাদি হইতে ভিন্নরূপে জানেন অর্থাৎ আত্মতত্ত্বজ্ঞ, তিনি সমস্ত লক্ষণ হীন হইলেও গুরু হইবেন, ইহাতে সংশয় নাই এবং তিনি যদি পাপাচার ও সর্ব্বলক্ষণেও বর্জিত হয়েন তথাপি

দেশিকঃ স তু বিজ্ঞেয়ঃ সংসারার্ণবতারকঃ ॥ ২০ ॥
পঞ্চরাত্রপ্রবুদ্ধস্তু সিদ্ধান্তার্থস্য তত্ত্ববিৎ।
সর্ব্বলক্ষণহীনোঽপি * আচার্য্যঃ স বিশিষ্যতে।
যস্য বিষ্ণৌ পরা ভক্তির্যথা বিষ্ণৌ তথা গুরৌ।
স এব স্থাপকো জ্ঞেয়ঃ সত্যমেতদ্বদামি তে ॥ ২১ ॥
কিঞ্চ ॥
যেন তন্ত্রেণ প্রারব্ধা প্রতিষ্ঠা গুরুণা ভবেৎ।
তত্তন্ত্রপারগাঃ শস্তাঃ মূর্ত্তিপাশ্ছিন্নসংশয়াঃ।
ষড়ঙ্গবিদুষঃ সর্ব্বে মন্ত্রব্রাহ্মণপারগাঃ।
এবম্বিধৈর্বৈষ্ণবৈস্তু প্রতিষ্ঠামারভেদ্গুরুঃ ॥ ২২ ॥

রুক্তৈর্লক্ষণৈর্হীনোঽপি ॥ ২০ ॥

পঞ্চরাত্রে শাস্ত্রে প্রবুদ্ধঃ অভিজ্ঞঃ ॥ ২১ ॥

মূর্ত্তিপানাং লক্ষণমাহ যেনেতি দ্বাভ্যাং। ষড়ঙ্গেষু বিদুষঃ বিদ্বাংসঃ ব্রাহ্মণং বেদভাগ-বিশেষঃ ॥ ২২ ॥

তাঁহাকে গুরু জানিবে, তিনি সংসার উদ্ধার করিতে পারিবেন ॥ ২০ ॥

এবং যিনি পঞ্চরাত্রপরিজ্ঞাত, সিদ্ধান্তার্থের তত্ত্ববেত্তা ও সর্ব্বলক্ষণ হীন হইলেও তিনি বিশেষ রূপে আচার্য্য হইতে পারেন ॥

যাঁহার বিষ্ণুতে পরমা ভক্তি এবং যেমন বিষ্ণুতে তদ্রূপ গুরুতে ভক্তি, তিনিই স্থাপক অর্থাৎ প্রতিষ্ঠাকারক, তোমাকে ইহাই আমি সত্য বলিলাম ॥ ২১ ॥

আরও ॥

গুরু কর্ত্তৃক যে তন্ত্র দ্বারা প্রতিষ্ঠা আরম্ভ হইবে, মূর্ত্তিপ অর্থাৎ মূর্ত্তিরক্ষক সকল সেই তন্ত্রে পারদর্শী, সংশয় হীন, ষড়ঙ্গবেত্তা, মন্ত্র ও বেদ বিভাগে পারগ হইবেন। আচার্য্য এই প্রকার বৈষ্ণব সকলের দ্বারা প্রতিষ্ঠা আরম্ভ করিবেন ॥ ২২ ॥

* অসন্ধিস্ত্বার্ষঃ।

অথ স্থাপকত্বে বর্জ্জনীয়াঃ।

তত্রৈব ॥

শৈবঃ সৌরো নৈষ্ঠিকশ্চ নগ্নঃ সঙ্করজোঽশুচিঃ।
বৃদ্ধঃ কুৎসিতমূর্ত্তির্যো মহাপাতকচিহ্নিতঃ।
কুষ্ঠী চ কুনখী শ্বিত্রী নিষ্ঠীবী ঘর্ঘরস্বরঃ।
অর্ব্বুদী গাণ্ডবী ব্যঙ্গী গর্ব্বিতো বধিরস্তথা।
তন্ত্রবিদ্বেষিকশ্চৈব পরদ্রোহরতস্তথা।
কুণ্ডঃ কাকস্বরঃ ক্লীবঃ কাতরঃ ক্রোধনস্তথা।
পুনর্ভূশ্চ স্বয়ম্ভূশ্চ গোলকো নাস্তিকস্তথা।
জড়োঽতিগৌরঃ খল্বাটো হীনাঙ্গঃ স্থূল এব চ।
অতিকৃষ্ণো ঘৃণঃ পাপী কৃশোহ্রস্বোঽলসস্তথা।

উক্তলক্ষণাচার্য্যালাভে তদন্যবরণেঽপি শৈবাদয়োঽবশ্যং **বর্জ্জ্যা ইত্যাহ শৈব ইত্যাদিনা** দেশিক ইত্যন্তেন। শ্বিত্রং শ্বেতকুষ্ঠং তদ্বান্। নিষ্ঠীবী নিষ্ঠীবনশীলঃ। অর্ব্বুদং মাংসগ্রন্থিরূপো রোগবিশেষস্তদ্বান্। গাণ্ডবঞ্চ গলরোগবিশেষঃ তদ্বান্। অমৃতে ভর্ত্তরি জারজঃ

অথ স্থাপকত্বে বর্জনীয় সকল ঐ হয়শীর্ষপঞ্চরাত্রে যথা ॥

উক্ত লক্ষণাক্রান্ত আচার্য্যের অভাব হইলে বৈষ্ণব ক্ষত্রিয়াদিকে বরণ করিবে কিন্তু শৈবাদিকে ত্যাগ করিবে, ইহাই বলিতেছেন, যথা—শৈব, সৌর, নৈষ্ঠিক, নগ্ন, সঙ্করজ, অশুচি, বৃদ্ধ, কুৎসিতমূর্ত্তি, মহাপাতকচিহ্নিত কুষ্ঠী, কুনখী, শ্বিত্রী ( শ্বেতকুষ্ঠযুক্ত ), নিষ্ঠীবী ( নিষ্ঠীবনশীল ), ঘরঘর স্বর, অর্ব্বুদী ( মাংসগ্রন্থিরূপ রোগবিশিষ্ট ), গাণ্ডবী ( গলারোগবিশিষ্ট ), ব্যঙ্গী ( বিকৃতাঙ্গ ), গর্ব্বিত, বধির, তন্ত্রদ্বেষ্টা, পরদ্রোহরত, কুণ্ড ( জারজ ) কাকস্বর, ক্লীব, কাতর, ক্রোধী, পুনর্ভূ ( দ্বিরূঢ়া স্ত্রীর পুত্র ) স্বয়ম্ভু ( কানীন ), গোলক ( বিধবা পুত্র ), নাস্তিক, জড়, অতিগৌর, খল্বাট ( কেশরহিত মস্তক মধ্য ), হীনাঙ্গ, স্থূল, অতিকৃষ্ণ, অঘৃণ

ব্যাপন্নোঽসংস্কৃতশ্চৈব উদ্বিগ্নো দীন এব চ।
ব্রতোপবাসহীনশ্চ বৃষলীপতিরেব চ।
পণ্যরঙ্গোপজীবী চ পণ্যস্ত্রীপারদারিকঃ।
আচার্য্যপুত্রকাদীনাং বিদ্বেষ্টা পরসেবকঃ।
ভোজকঃ সেবকশ্চৈব ব্যসনী পিশুনী গদী।
অতিরোগী ভিষক্‌চৈব সাহসী সময়চ্যুতঃ।
দ্বিজাতিগুরুদেবানাং নিন্দকঃ পাপকস্তথা।
পিঙ্গাক্ষোধূম্রবর্ণাক্ষো বিড়ালাক্ষস্তথৈব চ।
মৎসরী গণ্ডমালী চ বকবৃত্তিরতস্তথা।
উপায়দেশহীনশ্চ কক্‌খটঃ কুৎসিতব্রতঃ।
নির্দ্দয়শ্চৈব নিঃসত্ত্বো নৈপুণ্যপরিবর্জিতঃ।

কুণ্ডঃ। পুনর্ভূঃ দ্বিরূঢ়া স্ত্রী অত্র তৎসুতোজ্ঞেয়ঃ স্বয়ম্ভুঃ কানীনঃ মৃতে ভর্ত্তরি জারজো-গোলকঃ। খল্বাটঃ কেশরহিতমস্তকমধ্যঃ। ব্যাপন্নঃ আপদগ্রস্তঃ। ভোজকঃ দেবান্নভোজী। সেবকঃ অন্নমাত্রার্থদেবসেবাপরঃ। গদী সদা রোগযুক্তঃ তত্রাপ্যতিরোগী। উপায়ো নিজ-বৃত্তিঃ স্বদেশশ্চ তাভ্যাং হীনঃ। প্রতিষ্ঠাতন্ত্রস্থ কিঞ্চিদেব ন চ সামগ্র্যং জানাতীতি তথা।

( ঘৃণার পাত্র ), পাপী, কৃশ, হ্রস্ব, অলস, ব্যাপন্ন ( আপদ্‌গ্রস্ত ), অসংস্কৃত, উদ্বিগ্ন, দীন, ব্রতোপবাস হীন, বৃষলীপতি, পণ্যরঙ্গোপজীবী ( ব্যবসায় ও নৃত্যগীতাদি যাহার উপজীবিকা ), পণ্যস্ত্রীপারদারিক, আচার্য্যপুত্রাদির বিদ্বেষ্টা, পরসেবক, ভোজক ( দেবান্নভোজী ), সেবক ( কেবল অন্ন নিমিত্তই দেবসেবাতৎপর ), ব্যসনী ( বস্তুবিষয়ে অত্যাসক্ত ), পিশুনী ( দোষসূচক ), গদী ( সর্ব্বদা রোগযুক্ত ), অতিরোগী, চিকিৎসক, সাহসী, সময়চ্যুত, দ্বিজাতি, গুরু ও দেবতা সকলের নিন্দক, পাপিষ্ঠ পিঙ্গাক্ষ, ধূম্রবর্ণাক্ষ, বিড়ালাক্ষ, মৎসরী ( অন্যের শুভদ্বেষি ), গণ্ডমালী ( গলদেশ গোলাকার ফোঁড়াবিশিষ্ট ), বকবৃত্তিরত ( স্বার্থপর ), উপায় ও দেশহীন ( নিজবৃত্তি ও স্বদেশহীন ), কক্‌খট (ক্রূর), কুৎসিতব্রত, নির্দ্দয়, নিঃসত্ত্ব,

প্রতিষ্ঠাতন্ত্রকিঞ্চিজ্‌জ্ঞোঽবেদবেদাঙ্গপারগঃ ॥ ২৩ ॥
বর্জ্জয়ীত প্রযত্নেন সর্ব্বজ্ঞমপি নাস্তিকং ॥ ২৪ ॥
পরবাক্যপ্রমাণজ্ঞো ব্রাহ্মণো বেদপারগঃ ।
বঞ্চিতঃ পশুশাস্ত্রেণ নাচর্য্যেত স দেশিকঃ ।
যদ্যৈতৈর্বর্জ্জিতৈর্বিষ্ণোঃ স্থাপনং ক্রিয়তে ক্বচিৎ ।
অসাধকং ভুক্তিমুক্ত্যোর্নিষ্ফলং তন্ন সংশয়ঃ ॥ ২৫ ॥
অথ প্রতিষ্ঠাবিধ্যভিজ্ঞস্য প্রতিষ্ঠানাচরণে দোষঃ ।
তত্রৈব ॥
নাভিষেকং তু যঃ কুর্য্যাৎ প্রতিষ্ঠালোভমোহিতঃ ।

---

ন বেদবেদাঙ্গানাং পারগস্তেষামপি কিঞ্চিদেব জানাতীত্যর্থঃ ॥ ২৩ ॥

নাস্তিকং পাষণ্ডিনং ॥ ২৪ ॥

পরেষাং বাক্যস্য প্রমাণানি প্রামাণ্যাপাদকানি বচনাদীনি জানাতীতি তথা তাদৃশোঽপি বেদপারগোঽপি অধীতবেদচতুষ্টয়োঽপি পশুশাস্ত্রেণ পাষণ্ডশাস্ত্রেণ বঞ্চিতো যঃ স আচার্য্যো ন ক্রিয়েত। যদ্বা। পরবাক্যমেব নাত্মবাক্যমজ্ঞতয়া প্রমাণং জানাতীতি তথা সঃ যতঃ অবেদপারগঃ বেদার্থানভিজ্ঞঃ অনধীতবেদো বা। অতঃ পশুশাস্ত্রেণ বঞ্চিতঃ অন্যৎ সমানং॥২৫॥

প্রতিষ্ঠা স্বয়ং পৌরহিত্যাদিবিদ্বযথা ইত্যাদিরূপা লোকে খ্যাতিস্তস্যাং লোভঃ। যদ্বা।

---

নৈপুণ্যবর্জিত, প্রতিষ্ঠাতন্ত্রের কিঞ্চিন্মাত্র জ্ঞাতা ও বেদবেদাঙ্গ পরাগ নহে ॥ ২৩ ॥

তথা নাস্তিক আচার্য্য সর্ব্বজ্ঞ হইলেও তাহাকে বর্জ্জন করিবে ॥২৪॥

পরের প্রামাণ্যাপাদক বচনজ্ঞ এবং অধীতবেদচতুষ্টয় ব্রাহ্মণ, পশু-শাস্ত্র অর্থাৎ পাষণ্ড শাস্ত্র দ্বারা বঞ্চিত হইলে তাহাকে আচার্য্য পদে বরণ করিবে না, যদি এই বর্জিত ব্যক্তিগণ দ্বারা বিষ্ণু স্থাপন করা হয়, তাহা হইলে সেই স্থাপন ভুক্তিমুক্তির অসাধক সুতরাং নিষ্ফল হয়, ইহাতে কোন সংশয় নাই ॥ ২৫ ॥

অথ প্রতিষ্ঠাবিধি-বিজ্ঞের প্রতিষ্ঠার অকরণে দোষ ।

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

প্রতিষ্ঠাকর্ম্মে যজমানের নিকট অধিক প্রাপ্তি বিষয়ে লোভাক্রান্ত

স যাতি নরকং ঘোরং সহ শিষ্যৈর্ন সংশয়ঃ ॥ ২৬ ॥
ইদানীমর্চ্চনায়াস্তু শ্রীমূর্ত্তেঃ প্রাগ্বিলিখ্যতে।
প্রতিষ্ঠাবিধিরাকৃষ্য শাস্ত্রতঃ সাধুসম্মতঃ ॥ ২৭ ॥
অথ স্থিরমূর্ত্তিপ্রতিষ্ঠারম্ভঃ ॥
সুস্নাতঃ শুক্লবস্ত্রঃ সন্ কৃতকৃত্যঃ শুভক্ষণে।
তিথ্যৃক্ষদৈবতে বিঘ্নেশ্বরং মাতৄশ্চ পূজয়েৎ ॥
মাতরশ্চোক্তাঃ ষোড়শ ॥
গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া।

প্রতিষ্ঠাকর্ম্মণি অধিকপ্রাপ্তৌ যো লোভস্তেন মোহিতঃ সন্। অভিষেকপ্রধানাং প্রতিষ্ঠাং যো ন কুর্য্যাৎ ॥ ২৬ ॥

প্রতিষ্ঠা চ শ্রীমূর্ত্তেশ্চলাচলত্বভেদেন দ্বিধা। তত্রেদানীমচলায়াঃ প্রতিষ্ঠাবিধির্বিস্তরেণ লিখ্যতে প্রাগিতি। অচলাপ্রতিষ্ঠায়া মুখ্যত্বাৎ তথা বিধিজ্ঞানেন চলায়া অপি প্রায়ঃ প্রতিষ্ঠা-বিধিবিজ্ঞানাচ্চ। শাস্ত্রতঃ পুরাণাগমাদিভ্য আকৃষ্য তত্তদ্বচনানি ক্রমেণৈকত্র সংগৃহ্য। সাধূনাং সম্মত ইতি সাম্প্রদায়িকতত্তৎপদ্ধতিকারশিষ্টগণসম্মত্যৈব লিখ্যত ইত্যর্থঃ ॥ ২৭ ॥

কৃতানি কৃত্যানি নিত্যকর্ম্মাণি যেন সঃ। তিথিং ঋক্ষঞ্চ নক্ষত্রঞ্চ তয়োর্দৈবতে। পূজনঞ্চ

হইয়া যে ব্যক্তি প্রতিষ্ঠা করে না, সেই ব্যক্তি শিষ্যগণের সহিত নিশ্চয় ঘোর নরকে যাইবে, ইহাতে সংশয় নাই ॥ ২৬ ॥

এক্ষণে পূর্ব্বলিখিত শিষ্টজনসম্মত অচলা শ্রীমূর্ত্তির প্রতিষ্ঠাবিধি পুরাণাগমাদি শাস্ত্র হইতে আকর্ষণ করিয়া লিখিত হইতেছে ॥ ২৭ ॥

অথ স্থিরমূর্ত্তির প্রতিষ্ঠারম্ভ ॥

সুস্নাত, শুক্লবস্ত্র ও কৃতকৃত্য মনুষ্য শুভক্ষণে তিথি নক্ষত্রের দেবতা, বিঘ্নেশ্বর ও মাতৃগণকে পূজা করিবে ॥

ষোড়শমাতৃকা উক্ত হইয়াছে যথা ॥

গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা,

দেবসেনা স্বধা স্বাহা মাতরো লোকমাতরঃ।
ধৃতিঃ পুষ্টিশ্চ তুষ্টিশ্চ তথা স্বকুলদেবতা। ইতি ॥ ২৮ ॥
অথাচার্য্যাদিবরণং ॥
বৃদ্ধিশ্রাদ্ধং ততঃ কৃত্বা বিধিবদ্বৃণুয়াদ্বুধঃ।
আচার্য্যং মধুপর্কাদিদানেনাথ সমর্চ্চয়েৎ ॥ ২৯ ॥
এবং ব্রহ্ম চতুষ্কঞ্চ তথাহোতৃচতুষ্টয়ং।
দ্বারজাপি চতুষ্কঞ্চ পঞ্চমং গর্ভজাপিনং।
তথা মূর্ত্তিধরং চৈকং পুরাণস্তুতিপাঠকং।

---

প্রণবাদি নমোঽন্তৈশ্চতুর্থ্যন্তৈর্নামমন্ত্রৈরক্ষতগন্ধপুষ্পাদিদ্রব্যৈশ্চ। প্রয়োগঃ ওঁ গৌর্য্যৈ নম ইত্যাদি ॥ ২৮ ॥

বৃদ্ধিশ্রাদ্ধং নান্দীশ্রাদ্ধং তচ্চ প্রতিষ্ঠাঙ্গং। বিধিবদিতি অমুকগোত্রঃ অমুকনামাহং অমুক-গোত্রমমুকনামানং ত্বাং ভগবদ্ভক্তিকামো ভগবন্মূর্ত্তিপ্রতিষ্ঠার্থমাচার্য্যত্বেন বৃণে স চ বৃতোঽস্মীতি প্রব্রূয়াদিতি। এবমাদিবিধিযুক্তং যৎ স্যাৎ। আদিশব্দাৎ যথাশক্তিবস্ত্রালঙ্কারাদি। অথ বরণানন্তরং মধুপর্কাদিদানেনৈব কিম্বা পাদ্যার্ঘ্যাচমনীয়াদিভিঃ সম্যগর্চ্চয়েৎ ॥ ২৯ ॥

এবং লিখিতপ্রকারেণ ব্রহ্মাদীংশ্চ বৃণুয়াৎ। এতৈরাচার্য্যাদিভিস্তু পুণ্যাহং স্বস্ত্যাদিকঞ্চ বাচয়েৎ ॥ ৩০ ॥

---

স্বাহা, মাতা, লোকমাতা, ধৃতি, পুষ্টি, তুষ্টি ও স্বকুলদেবতা এই ষোড়শ মাতৃকা ॥ ২৮ ॥

অথ আচার্য্যাদিবরণ ॥

বিদ্বান্ ব্যক্তি বৃদ্ধিশ্রাদ্ধ অর্থাৎ নান্দীশ্রাদ্ধ পূর্ব্বক আচার্য্যকে বরণ করিয়া মধুপর্কাদি দ্বারা অর্চ্চনা করিবেন ॥ ২৯ ॥

এই প্রকার চারি জন ব্রহ্মা, চারি জন হোতা, চারি জন দ্বারজাপক, পাঁচ জন গর্ব্ভজাপক, তথা মূর্ত্তিধর এক ও পুরাণপাঠক এক এই

সর্ব্বান্ সংপূজ্য পুণ্যাহং স্বস্ত্যাদ্যৈতৈস্তু বাচয়েৎ ॥ ৩০ ॥

অথ মণ্ডপাদিনির্ম্মাণং ॥

মিতং ষোড়শভির্হস্তৈঃ কিম্বা দ্বাদশভিশ্চ তৈঃ।
দশভির্বা প্রকুর্ব্বীত মণ্ডপং সমলঙ্কৃতং।
সপ্তধান্যাঙ্কুরোপেতং নদীমৃদ্বালুকাচিতং।
তোরণাদিযুতং দিব্যং শঙ্খভের্য্যাদি নাদিতং ॥ ৩০ ॥

তথাচ ভবিষ্যে ॥

প্রাসাদান্নাতিদূরে তু কুর্য্যান্মণ্ডপমগ্রতঃ।
দশ দ্বাদশহস্তং বা পরীক্ষিপ্তং সমন্ততঃ ॥ ৩২ ॥

---

কিম্বেত্যাদি বিকল্পশক্ত্যনুসারেণ প্রাসাদপ্রদেশানুসারেণ বা। তচ্চ শ্রীহয়শীর্ষপঞ্চরাত্র-বচনতো ব্যক্তং ভাবি। যদ্যপি দশাষ্টহস্তং হীনং তু মধ্যং দ্বাদশষোড়শং। বিংশহস্তং চতুর্ব্বিংশ-মুত্তমস্থোদিতং দ্বিজেতি হয়শীর্ষপঞ্চরাত্রোক্তং তথাপি ভবিষ্যপুরাণাদ্যনুসারেণ শিষ্টাচারতঃ সাধুপদ্ধতিকারবর্গসম্মত্যা লিখিতং মিতং ষোড়শভিরিত্যাদি। এবমন্যত্রাপ্যগ্রে বোদ্ধব্যং। সম্যগলঙ্কৃতং পুষ্পদামবিতানপল্লবাদিভির্ভূষিতং তদ্বিশেষশ্চ ভবিষ্যপুরাণাদিবচনতোঽগ্রে ব্যক্তো ভাবী ॥ ৩১ ॥

স্বলিখিতার্থং প্রমাণয়ন্ ভবিষ্যপুরাণাদিবচনানি সংগৃহ্লাতি প্রাসাদাদিত্যাদি। এবমগ্রেঽপি সর্ব্বত্র জ্ঞেয়ং। অগ্রতঃ পূর্ব্বদিশি আদৌ বা সমন্ততঃ সর্ব্বতঃ পরিক্ষিপ্তং ॥ ৩২ ॥

---

সকলকে পূজা করিয়া তাঁহাদিগের দ্বারা পুণ্যাহ ও স্বস্তিবাচন করাইতে হইবে ॥ ৩০ ॥

অথ মণ্ডপনির্ম্মাণ ॥

ষোড়শহস্ত, দ্বাদশহস্ত অথবা দশহস্ত পরিমিত সমলঙ্কৃত মণ্ডপ করিবে। উহা সপ্তধান্যাঙ্কুরযুক্ত, নদীর মৃত্তিকা ও বালুকাব্যাপ্ত তোরণাদিযুত, উৎকৃষ্ট এবং শঙ্খ ভেরী প্রভৃতিতে শব্দিত হইবে ॥ ৩১ ॥

এই বিষয়ের প্রমাণ ভবিষ্যপুরাণে যথা ॥

প্রাসাদের অধিক দূরে না হয় পূর্ব্বদিকে দশ বা দ্বাদশহস্ত এবং সকলদিকে পরিক্ষিপ্ত মণ্ডপ করিবে ॥ ৩২ ॥

চতুর্ভিস্তোরণৈর্যুক্তং পুষ্পদামাভিশোভিতং।
প্লক্ষোড়ুম্বরমশ্বত্থবটং পূর্ব্বাদিতঃ ক্রমাৎ।
হস্তং প্রবেশয়েদ্ভূমৌ দৃশ্যং হস্তচতুষ্টয়ং।
সূপলিপ্তং সুসংমৃষ্টং চতুর্দ্বারেণ সংযুতং।
স্থণ্ডিলস্থোপরিক্ষিপ্তং সমন্তাদুপশোভিতং।
নদীতীরমৃদা যুক্তং বালুকায়াঞ্চ কারিতং॥ ৩৩॥
মাৎস্যে॥
প্রাসাদস্যোত্তরে বাপি পূর্ব্বে বা মণ্ডপো ভবেৎ।
হস্তান্ ষোড়শ কুর্ব্বীত দশ দ্বাদশ বা পুনঃ।
মধ্যে বেদিকয়া যুক্তঃ পরিক্ষিপ্তঃ সমন্ততঃ।

চতুস্তোরণান্যেবাহ প্লক্ষাদিকং তদ্ভূমিমধ্যে হস্তমাত্রং প্রবেশয়েৎ। উপরি চ হস্তচতুষ্টয়ং দৃশ্যং কুর্য্যাদিত্যর্থঃ। পুনঃ প্রস্ততং মণ্ডপমেব বিশিনষ্টি সূপলিপ্তমিতি সার্দ্ধেন। সূপলিপ্ত ইত্যাদি সপ্তম্যন্তপাঠে চ স্থণ্ডিলস্থোপরি ইত্যস্য বিশেষণানি সপ্তম্যন্তানি ক্ষিপ্তং ন্যস্তং বিনির্ম্মিতমিত্যর্থঃ। স্থণ্ডিলেষু পরিক্ষিপ্ত ইতি বা পাঠস্ততশ্চ স্থণ্ডিলে কারিতমিত্যর্থঃ॥ ৩৩॥
চতুর্ম্মুখশ্চতুর্দ্বারঃ॥ ৩৪॥

ঐ মণ্ডপ তোরণচতুষ্টয়যুক্ত, পুষ্পদাম শোভিত হইবে। উহার পূর্ব্বাদি দিক্‌চতুষ্টয়ে ক্রমে প্লক্ষ (পাকুড়), উড়ুম্বর, অশ্বত্থ ও বট এই চারি কাষ্ঠ এক হস্ত ভূমিতে প্রবেশ করাইবে, উপরি তাহার চারি হস্ত দৃশ্য হইবে, উত্তমরূপে উপলিপ্ত, সুন্দর মার্জিত ও চতুর্দ্বারসমন্বিত হইবে। তথা স্থণ্ডিলের উপরিক্ষিপ্ত সর্ব্বতোভাবে উপশোভিত, নদীতীরের মৃত্তিকা দ্বারা যুক্ত ও বালুকাচিত হইবে॥ ৩৩॥

মৎস্যপুরাণে॥

প্রাসাদের উত্তরদিকে বা পূর্ব্বদিকে মণ্ডপ হইবে। ঐ মণ্ডপ ষোড়শ, দশ অথবা দ্বাদশ হস্ত, মধ্যে বেদীযুক্ত, সকল দিক্ পরিক্ষিপ্ত

সপ্ত পঞ্চ চতুর্বাপি করান্ কুর্ব্বীত বেদিকাং।
চতুর্ভিস্তোরণৈর্যুক্তো মণ্ডপঃ স্যাচ্চতুর্ম্মুখঃ ॥ ৩৪ ॥
প্লক্ষং দ্বারং ভবেৎ পূর্ব্বং যাম্যমৌড়ুম্বরং ভবেৎ।
পশ্চাদশ্বত্থঘটিতং নৈয়গ্রোধং তথোত্তরং।
ভূমৌ হস্তপ্রবিষ্টানি চতুর্হস্তানি চোচ্ছ্রয়ে।
সূপলিপ্তং তথা প্লক্ষং ভূতলং স্যাৎ সুশোভনং।
বস্ত্রৈর্নানাবিধৈস্তদ্বৎ পুষ্পপল্লবশোভিতং ॥
শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে চ ॥
প্রাসাদং বেষ্টয়িত্বা তু কুর্য্যাদ্গুপ্ততরং বুধঃ।
কৃত্বা গুপ্তং ততঃ পশ্চাদ্যাগমণ্ডপমারভেৎ।
গর্ভসূত্রং তু নিঃসার্য্য প্রাসাদস্যাগ্রতো গুরুঃ।
কৃত্বা ভূমিং তু নিঃশল্যাং মণ্ডপং সূত্রয়েত্ততঃ ॥

করিবে। সাত, পাঁচ অথবা চারি হস্ত বেদী করিবে। চারি তোরণযুক্ত চতুর্ম্মুখ অর্থাৎ চতুর্দ্বার হইবে ॥ ৩৪ ॥

পূর্ব্বদিকে প্লক্ষের দ্বার, দক্ষিণদিকে উড়ুম্বের দ্বার, পশ্চিমদিকে অশ্বত্থঘটিত ও উত্তরে বটের দ্বার হইবে। এই সকল কাষ্ঠ ভূমিতে এক হস্ত প্রবেশ করাইবে, উচ্চ চারি হস্ত করিবে এবং ভূতল উপলিপ্ত, সুশোভন মার্জিত, তথা নানাবিধ বস্ত্র ও পুষ্প বল্লব দ্বারা শোভিত করিবে ॥

হয়শীর্ষপঞ্চরাত্রেও ॥

পণ্ডিত ব্যক্তি প্রাসাদকে বেষ্টন করিয়া অতিশয় গুপ্ত করিবেন, গুপ্ত করিয়া তাহার পর যাগমণ্ডপ আরম্ভ করিবেন। আচার্য্য গর্ব্ভসূত্র নিঃসারণ করিয়া প্রাসাদের অগ্রে ভূমিকে নিঃশল্য (অস্থিশূন্য) করিয়া মণ্ডপের সূত্রপাত করিবেন ॥

হীনস্য মণ্ডপঃ কার্য্যো হীনে ত্বায়তনে সদা।
উত্তমে তূত্তমঃ কার্য্যো মধ্যমে মধ্যমস্তথা।
দশাষ্টহস্তং হীনং তু মধ্যং দ্বাদশ ষোড়শং।
বিংশহস্তং চতুর্ব্বিংশমুত্তমস্যোত্তমং দ্বিজ॥
চতুর্হস্তাদিমানানাং প্রাসাদানাং যথাক্রমং।
মণ্ডপানষ্টহস্তাদীন্ কল্পয়েদ্বেদবৃদ্ধিতঃ॥
সমবৃত্তং চতুর্দ্বারং চতুস্তোরণভূষিতং।
বিচিত্রস্তম্ভবিন্যাসং রচনাচরিতং শুভং।
ধূপনির্গমনোপেতং মণ্ডপং কারয়েদ্বুধঃ॥
কিঞ্চ। তত্রৈব॥
মণ্ডপং মণ্ডয়েদার্দ্রশাখাভিস্তু সমন্ততঃ।
বিমলেন বিতানেন পতাকাভিশ্চ ভূষয়েৎ॥ ৩৫॥

বেদবৃদ্ধিতঃ চতুর্হস্তবৃদ্ধিক্রমেণ অষ্টহস্তে প্রাসাদে দ্বাদশহস্তমণ্ডপং দ্বাদশহস্তে চ ষোড়শহস্তঃ ইত্যেবং কল্পয়েদিত্যর্থঃ॥ ৩৫॥

সর্ব্বদা হীন আয়তনে হীন মণ্ডপ, উত্তম আয়তনে উত্তম ও মধ্যম আয়তনে মধ্যম মণ্ডপ করিবে। হে দ্বিজ! দশ বা অষ্ট হস্ত হীনমণ্ডপ, দ্বাদশ বা ষোড়শ হস্ত মধ্যম মণ্ডপ এবং বিংশ বা চতুর্ব্বিংশ হস্ত উত্তম মণ্ডপ হয়॥

চতুর্হস্তাদি পরিমাণ প্রাসাদাদির যথাক্রমে বেদবৃদ্ধি অনুসারে অষ্ট হস্তাদি মণ্ডপ সকল কল্পনা করিবেন॥

পণ্ডিত ব্যক্তি সমবৃত্ত চতুর্দ্বার, চতুস্তোরণ ভূষিত, বিচিত্র স্তম্ভ বিন্যাস, উত্তম রচনাবিশিষ্ট ও ধূপনির্গমনসম্পন্ন মণ্ডপ করিবেন॥

আরও। ঐ হয়শীর্ষপঞ্চরাত্রে॥

চতুর্দ্দিকে আর্দ্রশাখা দ্বারা মণ্ডপ ভূষিত এবং নির্ম্মল চন্দ্রাতপ ও পতাকা সকল দ্বারা ভূষিত করিবে॥ ৩৫॥

দর্পণৈশ্চামরৈর্ঘন্টৈঃ স্তম্ভান্ বস্ত্রৈর্বিভূষয়েৎ।
কলসৈর্ঘণ্টিকাভিশ্চ সাধারৈর্গণ্ডুকৈস্তথা।
মণ্ডপং ভূষয়িত্বৈবং জাহ্নবীবালুকাং শুভাং।
বাহ্যদেশেষু বিকিরেৎ পঞ্চগব্যেন প্রোক্ষয়েৎ ॥

কিঞ্চ ॥
অশ্বত্থোড়ুম্বরৌ চৈব ন্যগ্রোধঃ প্লক্ষ এব চ।
তোরণার্থেষু কথিতাঃ পূর্ব্বাদিষু যথাক্রমং।
একহস্তং খনেদ্ভূমৌ চতুর্হস্তং তথোচ্ছ্রয়ে।
দ্বিহস্তান্তরমন্যোন্যং তোরণং সংপ্রকল্পয়েৎ ॥

তির্য্যক্ ফলকমানং স্যাৎ স্তম্ভানামর্দ্ধমানতঃ।
শৈলাঃ পৃথিবীমন্ত্রেণ স্থাপ্যাঃ পূজ্যাস্তু তোরণাঃ ॥

শুক্লবস্ত্রযুগচ্ছন্নান্ দর্ভকিঞ্জল্কসংযুতান্।
পুষ্পমালাপরিক্ষিপ্তান্ তোরণান্ পরিকল্পয়েৎ ॥ ৩৬ ॥

ঘন্টৈঃ বৃহদ্ঘণ্টাভিঃ। ঘণ্টিকাভিঃ স্বল্পঘণ্টাভিঃ ॥ ৩৬ ॥

দর্পণ, চামর, বৃহদ্ঘণ্টা ও বস্ত্র দ্বারা স্তম্ভ সকলকে বিভূষিত করিবে এবং কলস, ক্ষুদ্রঘণ্টিকা ও আধারযুক্ত গণ্ডুক দ্বারা মণ্ডপকে ভূষিত করিয়া তদ্বাহে পবিত্র জাহ্নবীবালুকা নিক্ষেপ এবং পঞ্চগব্য দ্বারা প্রোক্ষণ করিবে ॥ আরও ॥

অশ্বত্থ, উড়ুম্বর, ন্যগ্রোধ ( বট ) ও প্লক্ষ ( পাকুড় ) এই চারি কাষ্ঠ তোরণের নিমিত্ত পূর্ব্বাদিতে কথিত হইয়াছে। ভূমিতে এক হস্ত প্রোথিত, উচ্চে চারি হস্ত এবং পরস্পর দুই হস্ত অন্তর তোরণ কল্পনা করিবে ॥

স্তম্ভ সকলের অর্দ্ধপরিমাণে তির্য্যক্ ( বক্র ) ফলকের অর্থাৎ প্রস্তরের মান হইবে, পৃথিবীমন্ত্র দ্বারা শৈল সকলের স্থাপন ও তোরণ সকলের পূজা করিবে ॥

শুক্লবস্ত্রদ্বয়ে আচ্ছন্ন, কুশকিঞ্জল্ক সংযুক্ত ও পুষ্পমালা বেষ্টিত তোরণ কল্পনা করিবে ॥ ৩৬ ॥

বৃত্তং বা চতুরস্রং বা দ্বিষট্‌কাষ্ঠাঙ্গুলং তু বা।
ষট্‌চতুর্বাঙ্গুলং কার্য্যং তোরণং নির্ব্রণং সমং ॥ ৩৭ ॥
তোরণস্তম্ভমূলেষু কলসান্ মঙ্গলাঙ্কুরান্।
প্রদদ্যাদুপরিষ্টাত্তু কুর্য্যাচ্চক্রং সুদর্শনং।
কলসং বর্দ্ধমানং বা বসুভাগেন কল্পয়েৎ ॥ ৩৮ ॥
কিঞ্চ ॥
নবেন চিত্রবর্ণেন বিতানং কারয়েৎ শুভং।
অথবা শুক্লবর্ণেন মধ্যে জলজভূষিতং।
উত্তমাধমমধ্যং তু প্রমাণং চাস্য কীর্ত্ত্যতে।
মণ্ডপস্য প্রমাণস্তু জ্যেষ্ঠং তস্য বিতানকং।

দ্বিষট্ দ্বাদশকাষ্ঠাভির্দশ বা বেষ্টনে অঙ্গুলানি যস্য তৎ ষট্‌চত্বারি বা অঙ্গুলানি যস্য তৎ। বাশব্দব্যবধানেনাপি সমাসাদিকমার্ষং। বিকল্পশ্চ পূর্ব্বোক্তমণ্ডপমানাপেক্ষয়া ॥ ৩৭ ॥

উপরিষ্টাৎ তোরণোপরি তত্তৎপ্রসঙ্গাৎ বর্দ্ধমানং স্বল্পঘটং বসুভাগেন তোরণস্যাষ্টমাংশেন॥৩৮

বিমলেন বিতানেন ইত্যুক্তং তদেব বিশিনষ্টি নবেনেতি সার্দ্ধ দ্বাভ্যাং। বস্ত্রেণেতি শেষঃ ॥ ৩৯ ॥

বৃত্ত (গোল) বা চতুরস্র (চতুষ্কোণ) কিম্বা দ্বাদশ কাষ্ঠাঙ্গুল অথবা দশাঙ্গুল নির্ব্রণ (নিশ্ছিদ্র) তোরণ করিবে ॥ ৩৭ ॥

তোরণের স্তম্ভমূল সমুদায়ে মঙ্গল-অঙ্কুরসংযুক্ত কলস সকল এবং উপরিভাগে সুদর্শনচক্র স্থাপন করিবে। কলস অথবা স্বল্পঘট হইলে তোরণের অষ্টমাংশে কল্পনা করিবে ॥ ৩৮ ॥

আরও ॥

নূতন বিচিত্রবর্ণ বস্ত্রে চন্দ্রাতপ অথবা শুক্লবর্ণ মধ্যে জলজভূষিত চন্দ্রাতপ করিবে। এই চন্দ্রাতপের উত্তম, মধ্যম ও অধম পরিমাণ কীর্ত্তন করিতেছি। মণ্ডপ প্রমাণ চন্দ্রাতপ উত্তম, বেদিকামাত্র প্রমাণ চন্দ্রাতপ

মধ্যমং বেদিকামাত্রং কনিষ্ঠং মণ্ডপস্য তু ॥ ৩৯ ॥

অথ অত্র বেদ্যাদিনির্ম্মাণং ॥

তন্মণ্ডপস্য মধ্যে তু বেদীং হস্তোচ্ছ্রিতাং সমাং।
পঞ্চহস্তমিতাং দিব্যাং চতুরস্রাং প্রকল্পয়েৎ ॥ ৪০ ॥
ঐশান্যাং হস্তমাত্রাঞ্চ গ্রহবেদীং সমাচরেৎ।
তথা কুণ্ডচতুষ্কঞ্চ বেদ্যাঃ প্রাচ্যাদি দিক্ষু হি ॥
তচ্চ হস্তমিতং যোনিবক্ত্রাঢ্যং সত্রিমেখলং।
চতুরস্রার্দ্ধশীতাংশুবর্ত্তুলাব্জাকৃতি ক্রমাৎ ॥
দীক্ষাবিধৌ পুরালেখি কুণ্ডলক্ষণমত্র তু।
চতুর্দ্দিক্ষু ত্যজেদ্বেদীমঙ্গুলানি ত্রয়োদশ ॥
আচার্য্যকুণ্ডং কুর্য্যাচ্চ গ্রহবেদ্যাস্ত দক্ষিণে।

সমাং পার্শ্বাদাবেকরূপাং ॥ ৪০ ॥

ক্রমাদিতি প্রাচ্যাং চতুরস্রং দক্ষিণস্যামর্দ্ধচন্দ্রাকারং। পশ্চিমায়াং বর্ত্তুলং উদীচ্যাঞ্চ পদ্মাকারমিত্যর্থঃ। অত্র প্রতিষ্ঠাবিধৌ তু চতুর্দ্দিক্ষু ত্রয়োদশাঙ্গুলানি বেদীং পরিত্যজেৎ তাবৎ

মধ্যম এবং মণ্ডলমাত্র পরিমাণ চন্দ্রাতপ কনিষ্ঠ বলিয়া কীর্ত্তিত হয় ॥৩৯॥

অনন্তর ঐ মণ্ডপের মধ্যে বেদিনির্ম্মাণ ॥

মণ্ডপের মধ্যে বেদী এক হস্ত উচ্চ, চারি পার্শ্বে সমান এবং পঞ্চ হস্ত পরিমিত উৎকৃষ্ট চতুরস্র কল্পনা করিবে ॥ ৪০ ॥

ইহার ঐশান্যকোণে হস্তমাত্র গ্রহবেদী এবং এই গ্রহবেদীর পূর্ব্বাদিদিকে কুণ্ডচতুষ্টয় করিবে ॥

ঐ কুণ্ড হস্তপরিমিত যোনিমুখাকৃতি, তিনটী মেখলাসমন্বিত, চতুরস্র অর্দ্ধচন্দ্রের তুল্য বর্ত্তুল ও ক্রমে পদ্মাকৃতি হইবে ॥

পূর্ব্বে দীক্ষাবিধিতে কুণ্ডলক্ষণ লিখিত হইয়াছে, এস্থলে চতুর্দ্দিকে ত্রয়োদশ অঙ্গুলি বেদী পরিত্যাগ করিবে। গ্রহবেদীর দক্ষিণে আচার্য্য-

হস্তমাত্রাবটং তচ্চ চতুরস্রং সুলক্ষণং ॥ ৪১ ॥

তথাচ তত্রৈব ॥

ত্রিভাগেনার্দ্ধভাগেন কুর্য্যাদ্বেদীং সুশোভনাং।

হস্তমাত্রোচ্ছ্রিতা কার্য্যা মধ্যে সম্যগ্ব্যবস্থিতা ॥

কিঞ্চ ॥

চতুষ্কোণং ভবেৎ কুণ্ডং পূর্ব্বস্যাং দিশি সর্ব্বদা।

অর্দ্ধচন্দ্রং ভবেদ্যাম্যাং বারুণ্যাং বর্ত্তুলং ভবেৎ।

পদ্মাভমুত্তরে ভাগে কুণ্ডং স্যাৎ দ্বিজসত্তম। ইতি ॥ ৪২ ॥

অথ কুম্ভস্থাপনং ॥

যজমানঃ সপত্নীকঃ পুত্রপৌত্রসমন্বিতঃ।

ঋত্বিগ্‌ভিঃ সহিতঃ পশ্চাদ্দ্বারেণ প্রবিশেত্ততঃ ॥ ৪৩ ॥

---

প্রদেশং বেদ্যাঃ পরিতস্ত্যক্ত্বা কুণ্ডানি কুর্য্যাদিত্যর্থঃ। তথাচ মাৎস্যে। বেদীভিত্তিং পরিত্যজ্য ত্রয়োদশভিরঙ্গুলৈরিতি ॥ ৪১ ॥

ত্রিভাগেন মণ্ডপস্য তৃতীয়াংশেন। অর্দ্ধভাগেন বা পরিমিতাং ॥ ৪২ ॥

ততো যজমানঃ পত্ন্যাদিসহিতঃ পশ্চিমদ্বারেণ তং মণ্ডপং প্রবিশেৎ ॥ ৪৩ ॥

---

কুণ্ড করিবে, ইহা চতুষ্কোণ সুলক্ষণ হস্তমাত্র গর্ত্ত হইবে ॥ ৪১ ॥

ঐরূপ হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

মণ্ডপের তৃতীয়াংশ বা অর্দ্ধভাগ দ্বারা সুশোভনা বেদী করিবে, ইহার হস্তমাত্র উচ্চ এবং মধ্যভাগে ব্যবস্থিত হইবে ॥

আরও ॥

হে দ্বিজসত্তম! সর্ব্বদা পূর্ব্বদিকে চতুষ্কোণ, দক্ষিণদিকে অর্দ্ধচন্দ্র, পশ্চিমদিকে বর্ত্তুল ও উত্তরদিকে পদ্মতুল্য কুণ্ড হইবে ॥ ৪২ ॥

অথ কুণ্ডস্থাপন ॥

অনন্তর যজমান পত্নী ও পুত্রপৌত্রসমন্বিত হইয়া পুরোহিতগণের সহিত পশ্চিমদ্বার দিয়া মণ্ডপে প্রবেশ করিবেন ॥ ৪৩ ॥

ন্যসেত্তস্য চতুর্দ্বার্ষু দ্বৌ দ্বৌ কুম্ভৌ যবোপরি।
জলপূর্ণৌ স্বর্ণগর্ব্ভৌ পল্লবাদিযুতৌ শুভৌ ॥ ৪৪ ॥
তথাচ মাৎস্যে ॥
কৃত্বৈবং মণ্ডপং পূর্ণং চতুর্দ্বারেষু বিন্যসেৎ।
অব্রণান্ কলসানষ্টৌ জলকাঞ্চনগর্ব্ভিতান্।
চূতপল্লবসংচ্ছন্নান্ সিতবস্ত্রযুগান্বিতান্।
স্রক্চন্দনফলোপেতান্ চন্দনোদকপূরিতান্ ॥
ভবিষ্যে ॥
অকালান্ কলসানষ্টৌ চতুর্দ্বারেষু স্থাপয়েৎ।
অন্তঃকাঞ্চনসংযুক্তান্ ফলপুষ্পৈরলঙ্কৃতান্।
অহতৈর্যুগলৈর্বস্ত্রৈর্গ্রীবায়াং তু নিবেশিতৈঃ।
চন্দনাগুরুতোয়েন পূরয়িত্বা যথাক্রমং ॥ ৪৫ ॥
কিঞ্চ। হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

ন্যসেদ্যজমানো গুরুর্বা। তস্য মণ্ডপস্য ॥ ৪৪ ॥
অকালান্ কৃষ্ণবর্ণেতরান্। অহতৈর্নবৈঃ ॥ ৪৫ ॥

সেই মণ্ডপের চারি দ্বারে যবের উপরে জলপূর্ণ-স্বর্ণগর্ভ-পল্লবাদি-যুক্ত উৎকৃষ্ট দুইটী দুইটী কুম্ভ স্থাপন করিবেন ॥ ৪৪ ॥

মৎস্যপুরাণেতেও ॥

অনন্তর এইরূপ মণ্ডপ পূর্ণ করিয়া চারিদ্বারে জলকাঞ্চনগর্ব্ভিত অখণ্ড আট্টী কলস বিন্যাস করিবেন, ঐ সকল কলস চূতপল্লব দ্বারা আচ্ছাদিত দুইখানী শুক্লবস্ত্রসমন্বিত, স্রক্চন্দন ফলযুক্ত ও চন্দনোদক পূরিত হইবে ॥ ভবিষ্যপুরাণে ॥

কৃষ্ণবর্ণ ভিন্ন কাঞ্চনগর্ত্ত আট্টী কলস চারি দ্বারে স্থাপন করিবে এবং ঐ কলসসমূহ ফলপুষ্পে অলঙ্কৃত হইবে ও উহাদিগের গ্রীবায় নূতন বস্ত্রযুগল অর্পণ করিয়া চন্দন এবং অগুরুমিশ্রিত জলে যথাক্রমে পূর্ণ করিবে ॥ ৪৫ ॥ আরও। হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

শাতকুম্ভময়ান্ কুর্য্যাৎ রাজতান্ শুল্বজানথ।
জলাঢ়কপ্রপূরাংশ্চ লোহজান্ কারয়েদ্দৃঢ়ান্।
মৃণ্ময়ান্ কলসান্ বাপি পক্কবিম্বোপমান্ শুভান্।
অষ্টত্রিংশাধিকশতপলপূর্ব্বাংস্তু মৃণ্ময়ান্।
আরক্তান্ স্ফোটরহিতান্ কালমণ্ডলবর্জ্জিতান্।
আহৃত্য কলসান্ বস্ত্রপূততোয়েন পূরয়েৎ।
সহিরণ্যান্ বস্ত্রযুগ্মবদ্ধকণ্ঠান্নিবেশয়েৎ ॥ ৪৬ ॥
অথ স্নানমণ্ডপাদিনির্ম্মাণং ॥
কুর্য্যাদুত্তরতস্তস্মাদধিবাসনমণ্ডপাৎ।
চতুর্হস্তং চতুর্দ্বারকোণং স্নপনমণ্ডপং।
তত্রেষ্টকাভিঃ পক্কাভিঃ দ্বিত্রিহস্তাঞ্চ বেদিকাং।

অথেতি বিকল্পে শুল্বজান্ স্ফোটরহিতান্ নিশ্ছিদ্রান্ কালেন শ্যামেন মণ্ডলেন বিন্দুনা আবর্ত্তেন বা বর্জ্জিতান্ ॥ ৪৬ ॥

চত্বারি দ্বারাণি কোণাশ্চ যস্য তং। অথবা স্নানমণ্ডপস্য ভূতলং সকলমেব বালুকাময়ং বিদধ্যাৎ। যদ্যপি ভবিষ্যমৎস্যপুরাণয়োধ্বজপতাকাধিরোহণানন্তরমেব স্নানমণ্ডপনির্ম্মাণমেব লিখিতং তথাপি হয়শীর্ষপঞ্চরাত্রোক্তানুসারেণ নির্ম্মাণপ্রসঙ্গেঽস্মিন্ লিখিতং ॥ ৪৭ ॥

ঐ চারিদ্বারে, স্বর্ণময়, রজতময়, তাম্রময়, লৌহময়, সুদৃঢ় ও আঢ়ক অর্থাৎ চারিপ্রস্থ পরিমিত জল ধরে এমত কলস চতুষ্টয় অথবা পক্কবিম্ব-তুল্য সুশোভন আরক্তবর্ণ, স্ফোটরহিত ও কালমণ্ডল বর্জিত এবং অষ্ট-ত্রিংশদধিক একশত পল জল ধরে এমত মৃণ্ময় কলস চতুষ্টয় আহরণ-পূর্ব্বক তৎসমুদায়কে স্বর্ণগর্ব্ভ বস্ত্রপূত জলপূরিত কণ্ঠদেশে বস্ত্রদ্বয় নিবদ্ধ করিয়া স্থাপন করিবে ॥ ৪৬ ॥

অথ স্নানমণ্ডপাদিনির্ম্মাণ ॥

অধিবাসন মণ্ডপের উত্তরদিকে চতুর্হস্ত, চতুর্দ্বার ও চতুষ্কোণ স্নান-মণ্ডপ নির্ম্মাণ করিবে। ঐ স্নানমণ্ডপে পক্ক ইষ্টক দ্বারা দুই তিন হস্ত

বিদধ্যাদ্ভূতলং বাথ সকলং বালুকাময়ং ॥ ৪৭ ॥
তথাচ ভবিষ্যে।
এবং সুশোভনং কৃত্বা মণ্ডপং তু সুতোরণং।
তস্যৈবোত্তরপার্শ্বে চ কর্ত্তব্যঃ স্নানমণ্ডপঃ।
সুশোভনং তু কর্ত্তব্যং স্থণ্ডিলং বালুকাময়ং।
মাৎস্যে।
এবং সতোরণং কৃত্বা অধিবাসনমণ্ডপং।
তস্যাপ্যুত্তরতঃ কুর্য্যাৎ স্নানমণ্ডপমুত্তমং।
তদর্দ্ধেন ত্রিভাগেন চতুর্ভাগেন বা পুনঃ ॥ ৪৮ ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে ॥
স্নানার্থং কলসার্থঞ্চ স্নানদ্রব্যার্থমেব চ।
জলনির্গমনোপেতমর্দ্ধেন স্নানমণ্ডপং।

---

তস্য অধিবাসমণ্ডপস্য অর্দ্ধেন তৃতীয়েন চতুর্থেন বা পরিমিতং ॥ ৪৮ ॥

---

বেদিকা করিবে, অথবা স্নানমণ্ডপের সমুদায় ভূতল বালুকাময় বিধান করিবে ॥ ৪৭ ॥

এই বিষয়ের প্রমাণ ভবিষ্যপুরাণে যথা ॥

এই প্রকার সুশোভন, সুতোরণ মণ্ডপ করিয়া তাহারই উত্তরপার্শ্বে স্নানমণ্ডপ করিবে এবং স্থণ্ডিলকে সুশোভন বালুকাময় করিবে ॥

মৎস্যপুরাণে যথা ॥

এই প্রকার সতোরণ অধিবাসন মণ্ডপ করিয়া ইহার অর্দ্ধ বা তৃতীয়-ভাগ কিম্বা চতুর্থভাগ পরিমাণে স্নানমণ্ডপ করিবে ॥ ৪৮ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

স্নানের জন্য, কলসের জন্য, স্নানদ্রব্যের নিমিত্ত এক একটী মণ্ডপ করিবে এবং অর্দ্ধভাগে জলনির্গমযুক্ত মণ্ডপ করিবে। ঐশান্যদিকে

ঐশান্যাং কলসার্থঞ্চ তস্মাদ্দক্ষিণগোচরে।
পূর্ব্বস্যাং মণ্ডপং কুর্য্যাদ্যাগদ্রব্যার্থমায়তং ॥ ইতি ॥ ৪৯ ॥

অথ ধ্বজপতাকাস্থাপনং ॥

অথ বাদ্যাদিভির্দিব্যৈর্বিচিত্রৈর্মঙ্গলস্বনৈঃ।
কৃত্বা মহোৎসবং ন্যস্যেৎ পতাকা বিধিবদ্গুরুঃ।

তদ্বিশেষো ভবিষ্যে।
পূর্ব্বেণেন্দ্রায়ুধাকারামাগ্নেয্যামগ্নিসন্নিভাং।
কৃষ্ণাঞ্চৈব তু যাম্যায়াং নৈর্ঋত্যাং তু তথৈব চ।
ইন্দ্রগোপনিভাকারাং বারুণ্যাং চৈব দাপয়েৎ।
শিরীষপুষ্পপ্রতিমাং বায়ব্যাং বিনিবেশয়েৎ।
কৌবের্য্যাং পীতবর্ণাং তু ঐশান্যাং পাণ্ডুরা ভবেৎ।
মাৎস্যে।

---

স্নানার্থমেকং স্নানকলসার্থং চৈকং স্নানদ্রব্যার্থং চৈকমেবং মণ্ডপত্রয়ং কুর্য্যাৎ তদেব বিবিচ্যাহ জলেতি সার্দ্ধেন। স্নানদ্রব্যমেব যাগদ্রব্যং স্নানস্যৈবাত্র প্রাধান্যাৎ ॥ ৪৯ ॥

মৎস্যপুরাণে ধ্বজপতাকয়োরভেদাভিপ্রায়েণ ধ্বজাভিরোহমিত্যাদ্যুক্ত্বা পশ্চাৎ পতাকা-

---

কলসের নিমিত্ত মণ্ডপ করিবে অতএব দক্ষিণদিক্ গোচরে পূর্ব্বদিকে যাগদ্রব্য নিমিত্ত আয়ত মণ্ডপ করিবে ॥ ৪৯ ॥

অথ ধ্বজপতাকাস্থাপন ॥

অনন্তর গুরু উৎকৃষ্ট বাদ্য ও বিচিত্র মঙ্গলধ্বনি সহকারে মহোৎসব করিয়া যথাবিধি পতাকা বিন্যাস করিবেন ॥

এই বিষয়ের বিশেষ বিবরণ যথা ভবিষ্যপুরাণে ॥

পূর্ব্বে ইন্দ্রায়ুধের আকার, অগ্নিকোণে অগ্নিসদৃশ, দক্ষিণে ও নৈর্ঋত কোণে কৃষ্ণবর্ণ, পশ্চিমদিকে ইন্দ্রগোপ অর্থাৎ রক্তকীটতুল্য আকার, বায়ুকোণে শিরীষপুষ্প সদৃশ, উত্তরদিকে পীতবর্ণ ও ঈশানকোণে পাণ্ডুর ( শুক্লপীত মিশ্রিত ) বর্ণ পতাকা রোপণ করিবেন ॥

মৎস্যপুরাণে ॥

ধ্বজাদিরোপণং কার্য্যং মণ্ডপস্য সমন্ততঃ।
ধ্বজাশ্চ লোকপালানাং সর্ব্বদিক্ষু নিবেশয়েৎ।
পতাকা জলদাকারা মধ্যে স্যান্মণ্ডপস্য তু ॥ ৫০ ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে ॥
পঞ্চহস্তপ্রমাণং তু ধ্বজং কুর্য্যাদ্বিচক্ষণঃ।
বৈপুল্যং চাস্য কুর্ব্বীত ষোড়শাঙ্গুলসম্মিতং।
সপ্তহস্তোচ্ছ্রিতং চাস্য দণ্ডং কুর্য্যাৎ সুরোত্তম।
সপ্তহস্তাস্ততোদৈর্ঘ্যাদ্বিস্তারাদ্দ্বাদশাঙ্গুলাঃ।
দ্বিপঞ্চহস্তদণ্ডেষু পতাকাস্ত নিবেশয়েৎ।
বাহ্যদেশে মণ্ডলস্য তোরণাভ্যন্তরে তথা।
অষ্টৌ ধ্বজা স্থাপনীয়াঃ পূর্ব্বাদিক্রমযোগতঃ ॥
অরুণোঽগ্নিনিভশ্চৈব কৃষ্ণঃ শুক্লোঽথ পীতকঃ।

জলদাকারেত্যুক্তং। তত্তদ্বিশেষশ্চ হয়শীর্ষপঞ্চরাত্রতো ব্যক্তো ভাবী ॥ ৫০ ॥
দ্বিপঞ্চ দশ। যদ্বা। দ্বৌ পঞ্চ চেত্যেবং সপ্ত তাবদ্ধস্ত প্রমাণদণ্ডেষু এবং পতাকায়া ধ্বজ-দণ্ডসাম্যমুক্তং স্যাৎ ॥ ৫১ ॥

মণ্ডপের চতুর্দ্দিকে ধ্বজা রোপণ করিবে, লোকপালদিগের ধ্বজা সকলদিকে বিনিবেশিত করিবে এবং মণ্ডপের মধ্যে মেঘাকৃতি পতাকা নিবেশিত করিবে ॥ ৫০ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

হে সুরোত্তম! পণ্ডিত ব্যক্তি পঞ্চ হস্ত পরিমাণ ধ্বজা করিবেন এবং বিপুলতা ষোড়শাঙ্গুল-সম্মিত তথা সপ্ত হস্ত উচ্চ দণ্ড করিবে, তৎপর সপ্তহস্ত দৈর্ঘ্য ও দ্বাদশ অঙ্গুল বিস্তার করিবে। আর দ্বিপঞ্চ (দশ) হস্তপরিমিত দণ্ডে পতাকা নিবিষ্ট করিবে ॥

অনন্তর মণ্ডলের বাহ্যদেশে তোরণের অভ্যন্তরে পূর্ব্বাদি ক্রম-যোগে আট্‌টী ধ্বজা স্থাপন করিবে। ঐ আট ধ্বজা অরুণ, অগ্নি,

রক্তবর্ণস্তথা শ্বেতঃ সর্ব্ববর্ণস্তথৈব চ ॥ ৫১ ॥

অথ ধ্বজাদ্যর্পণলোকপালপূজাবিধিঃ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

কুমুদঃ কুমুদাখ্যশ্চ পুণ্ডরীকোঽথ বামনঃ।
শঙ্কুকর্ণঃ সর্ব্বনেত্রঃ সুমুখঃ সুপ্রতিষ্ঠিতঃ।
ইত্যেতে বিষ্ণুলোকস্থ দিক্‌পালগণনায়কাঃ ॥ ৫২ ॥
কোটিসংখ্যাগুণৈর্যুক্তা পূজনীয়া যথাদিশি ॥

মাৎস্যে ॥

গন্ধপুষ্পাদিকং কুর্য্যাৎ স্বৈঃ স্বৈর্ম ন্ত্রৈরনুক্রমাৎ।
বলিঞ্চ লোকপালেভ্যঃ স্বস্বমন্ত্রৈর্নিবেদয়েৎ ॥ ৫৩ ॥

---

ন্যসেৎ পতাকাবিধিবদ্গুরুরিতি লিখিতং তদেবাভিব্যঞ্জয়তি কুমুদ ইত্যাদিনা ॥ ৫২ ॥
যথাদিশীতি পূর্ব্বাদ্যষ্টদিক্ষু ক্রমেণ কুমুদাদয়োঽষ্ট পূজনীয়া ইত্যর্থঃ ॥ ৫৩ ॥

---

কৃষ্ণ, শুক্ল, পীত, রক্ত ও শ্বেতবর্ণ এবং সর্ব্ববর্ণ (চিত্রিত) করিবে ॥৫১॥

অথ ধ্বজাদির অর্পণ ও লোকপালগণের পূজাবিধি ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

কুমুদ, কুমুদাখ্য, পুণ্ডরীক, বামন, শঙ্কুকর্ণ, সর্ব্বনেত্র, সুমুখ ও সুপ্রতিষ্ঠিত এই আট জন বিষ্ণুলোকস্থ দিক্‌পালগণের নায়ক ॥ ৫২ ॥

এই কোটিগুণযুক্ত লোকপালগণকে পূর্ব্বাদি দিকে পূজা করিবে ॥

মৎস্যপুরাণে ॥

ক্রমপূর্ব্বক স্ব স্ব মন্ত্র দ্বারা গন্ধ, পুষ্প এবং স্ব স্ব মন্ত্র দ্বারা লোকপাল সকলকে বলি নিবেদন করিবে ॥ ৫৩ ॥

ঊর্দ্ধে তু ব্রহ্মণে দেয়স্ত্বধস্তাচ্ছেষবাসুকেঃ।
সংহিতায়াস্তু যে মন্ত্রাস্তদ্দৈবত্যাঃ শ্রুতৌ স্মৃতাঃ।
তৈঃ পূজা লোকপালানাং কর্ত্তব্যা হি সমন্ততঃ ॥ ৫৪ ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

ওঁ আয়াহীন্দ্র মহারাজাধিরাজ বজ্রহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ পূর্ব্বদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য ওঁ ত্রাতারমিন্দ্রমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥

ওঁ আয়াহি চিত্রভানো মহারাজাধিরাজ শক্তিহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ আগ্নেয়ীং দিশং রক্ষ রক্ষেত্যাবাহ্য

বাসুকেরনন্তস্য শেষবাসুকেরিতি ক্বচিৎ পাঠঃ অর্থস্তু স এব ॥ ৫৪ ॥

অপর ঊর্দ্ধদিকে ব্রহ্মাকে এবং অধোদিকে শেষ বাসুকিকে বলি দিবে, সংহিতায় যে সকল মন্ত্র আছে, তাহারা সেই সেই দেবতাবাচক, শ্রুতিতে ইহাই স্মরণ করিয়া থাকেন, ঐ সকল মন্ত্র দ্বারা সকলদিকে পূজা করিবে ॥ ৫৪ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

"ওঁ আয়াহীন্দ্র মহারাজাধিরাজ বজ্রহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ পূর্ব্বদ্বারমভিরক্ষ রক্ষ" এই মন্ত্র উচ্চাচরণপূর্ব্বক আবাহন করিয়া "ওঁ ত্রাতারমিন্দ্র" ইত্যাদি মন্ত্র দ্বারা অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চনা করিবে ॥

"ওঁ আয়াহি চিত্রভানো মহারাজাধিরাজ শক্তিহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ আগ্নেয়ীং দিশং রক্ষ রক্ষ" এই মন্ত্র দ্বারা আবা-

ওঁ অগ্নির্মূর্দ্ধা দিব ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥

ওঁ আয়াহি যম মহারাজাধিরাজ দণ্ডহস্ত স্ববলবাহনাবৃত রক্তান্তায়তলোচন ইহাগচ্ছাচ্ছ তিষ্ঠ তিষ্ঠ দক্ষিণদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য। ওঁ বৈবস্বতং সংযমনমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥

ওঁ আয়াহি নির্ঋতে মহারাজাধিরাজ স্ববলবাহনাবৃত খড়্গহস্ত-মহাবল ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ নৈর্ঋতীং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য। ওঁ এষ তে নৈর্ঋতে ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥

ওঁ আয়াহি বরুণ মহারাজাধিরাজ পাশহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ পশ্চিমদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য। ওঁ উরুহি রাজা বরুণশ্চকারেত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥

---

হন করিয়া "ওঁ অগ্নিমূর্দ্ধা দিব" ইত্যাদি মন্ত্র দ্বারা অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা পূজা করিবে ॥

"ওঁ আয়াহি মহারাজাধিরাজ দণ্ডহস্ত স্ববলবাহনাবৃত রক্তান্তায়ত-লোচন ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ দক্ষিণদ্বারমভিরক্ষ রক্ষ" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক আবাহন করিয়া "ওঁ বৈবস্বতং সংযমনং" এই মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধ পুষ্পাদি দ্বারা অর্চ্চনা করিবে ॥

"ওঁ আয়াহি নির্ঋতে মহারাজাধিরাজ স্ববলবাহনাবৃত খড়্গহস্ত মহা-বল ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ নৈর্ঋতীং দিশমভিরক্ষ রক্ষ" এই মন্ত্র দ্বারা আবাহন করিয়া "ওঁ এষ তে নৈর্ঋতে" ইত্যাদি মন্ত্র উচ্চারণ পূর্ব্বক গন্ধাদি দ্বারা অর্চ্চনা করিবে ॥

"ওঁ আয়াহি বরুণ মহারাজাধিরাজ পাশহস্ত স্ববলবাহনাবৃত ইহা-গচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ পশ্চিমদ্বারমভিরক্ষ রক্ষ" এই মন্ত্র দ্বারা আবাহন করিয়া "ওঁ উরুহি রাজা বরুণশ্চকার" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চনা করিবে ॥

ওঁ আয়াহি পবন মহারাজাধিরাজ ধ্বজহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ বায়বীং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য। ওঁ বাত আবাতু ভৈষজমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥

ওঁ আয়াহি সোম মহারাজাধিরাজ শঙ্খহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ উত্তরদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য। ওঁ সোমং রাজানমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥

ওঁ আয়াহীশান মহারাজাধিরাজ শূলহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ ঐশানীং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য। ওঁ ঈশানায় নমস্তেত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥

ওঁ আয়াহি চতুর্মুখ সর্ব্বলোকাধিপতে স্রুকস্রুবহস্ত স্ববলবাহনা-

---

"ওঁ আয়াহি পবন মহারাজাধিরাজ ধ্বজহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ বায়বীং দিশমভিরক্ষ রক্ষ" এই মন্ত্র দ্বারা আবাহন করিয়া "ওঁ বাত আবাতু ভৈষজ" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা পূজা করিবে ॥

"ওঁ আয়াহি সোম মহারাজাধিরাজ শঙ্খহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ উত্তরদ্বারমভিরক্ষ রক্ষ" এই মন্ত্র দ্বারা আবাহন করিয়া "ওঁ সোমং রাজানং" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চনা করিবে ॥

"ওঁ আয়াহীশান মহারাজাধিরাজ শূলহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ ঐশানীং দিশমভিরক্ষ রক্ষ" এই মন্ত্র দ্বারা আবাহন করিয়া "ওঁ ঈশানায় নমস্ত" এই মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চনা করিবে ॥

"ওঁ আয়াহি চতুর্মুখ সর্ব্বলোকাধিপতে স্রুকস্রুবহস্ত স্ববলবাহনাবৃত

বৃত ইহাগচ্ছগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ ঊর্দ্ধাং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য। ওঁ হিরণ্যগর্ব্ভঃ সমবর্ত্ততাগ্র ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ॥

ওঁ আয়াহি অনন্ত মহারাজাধিরাজ স্ববলবাহনাবৃত লাঙ্গলহস্ত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ অধোদিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য। ওঁ নমো-হস্তু সর্প ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ॥

অথ প্রতিষ্ঠাকর্ম্মারম্ভঃ॥

দ্রব্যাণি সর্ব্বাণ্যাহৃত্য কৃত্বা কৃষ্ণার্চ্চনাদিকং।
বেদ্যামালিখ্য চক্রাদি শয্যাদি রচয়েত্ততঃ॥ ৫৫॥

তথাচ তত্রৈব॥

---

দ্রব্যাণি পূজোপকরণাদীনি। বেদ্যাং অধিবাসনমণ্ডপান্তর্নির্ম্মিতায়াং। আদিশব্দে-গৃহীতমগ্রে ব্যক্তং ভবিষ্যতি॥ ৫৫॥

---

ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ ঊর্দ্ধাং দিশমভিরক্ষ রক্ষ” এই মন্ত্র দ্বারা আবা-হন করিয়া “ওঁ হিরণ্যগর্ভঃ সমবর্ত্ততাগ্রে” ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চনা করিবে॥

ওঁ আয়াহি অনন্ত মহারাজাধিরাজ স্ববলবাহনাবৃত লাঙ্গলহস্ত ইহাগ-চ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ অধোদিশমভিরক্ষ রক্ষ” এই মন্ত্র দ্বারা আবাহন করিয়া “ওঁ নমোহস্তু সর্প” এই মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা পূজা করিবে॥

অথ প্রতিষ্ঠাকর্ম্মারম্ভ॥

সমুদায় দ্রব্য আহরণপূর্ব্বক শ্রীকৃষ্ণের অর্চ্চনাদি করিয়া বেদীতে চক্রাদি লিখনানন্তর শয্যাদি রচনা করিবে॥ ৫৫॥

আরও ঐ হয়শীর্ষপঞ্চরাত্রে॥

পাষণ্ডান্ নাস্তিকান্ সর্ব্বান্ দেবব্রাহ্মণদূষকান্।
দীক্ষাবহিষ্কৃতান্ সর্ব্বান্ হেতুবাদরতাংস্তথা।
নিবার্য্য প্রারভেৎ কর্ম্ম বৈষ্ণবৈর্দীক্ষিতৈঃ সহ।
আহৃত্য সর্ব্বদ্রব্যাণি স্রুক্স্রুবং বিষ্টরাণি চ।
যজ্ঞপাত্রাণি সর্ব্বাণি স্থাপ্য যত্নেন দেশিকঃ॥
শ্বেতবস্ত্রপরীধানঃ সোষ্ণীষশ্চন্দনোক্ষিতঃ।
অঙ্গুলীয়কহস্তশ্চ সর্ব্বালঙ্কারভূষিতঃ।
আত্মানং বিষ্ণুবৎ পূজ্য গন্ধপুষ্পাদিভির্গুরুঃ।
ধ্যাত্বা দেবং বিষ্ণুরূপং মন্ত্রাত্মকমথো শুচিঃ।
হরিং প্রণম্য বিজ্ঞাপ্য মূর্ত্তিপানপি পূজয়েৎ।
সিতৈঃ পুষ্পৈর্বস্ত্রযুগ্মৈরঙ্গুলীয়ৈরথাঙ্গদৈঃ।
নিপুণৈঃ শিল্পিভিঃ সার্দ্ধং ততঃ কর্ম্ম সমাচরেৎ॥
পঞ্চগব্যেন সংকৃত্য শোধ্য কুম্ভান্ বিচক্ষণঃ।

পাষণ্ড, নাস্তিক, দেব ও ব্রাহ্মণের দূষক, দীক্ষাহীন এবং হেতুবাদরত সমস্ত বচনেরই কারণানুসন্ধিৎসু এই সকলকে নিবারণ করিয়া দ্রব্য সমুদায় আহরণ পূর্ব্বক স্রুক্, স্রুব্, কুশ ও যজ্ঞপাত্র সকল যত্নপূর্ব্বক স্থাপন করিয়া আচার্য্য দীক্ষিত বৈষ্ণবগণের সহিত কর্ম্ম আরম্ভ করিবেন॥

গুরু শ্বেতবস্ত্র পরিধান ও উষ্ণীষবন্ধন করিয়া চন্দনসিক্ত, অঙ্গুরীয়কহস্ত, সর্ব্বালঙ্কার ভূষিত ও শুচি হইয়া আপনাকে বিষ্ণুর ন্যায় গন্ধপুষ্পাদি দ্বারা পূজা এবং মন্ত্রস্বরূপ বিষ্ণুরূপ দেবকে ধ্যান করিয়া হরিকে প্রণাম ও বিজ্ঞাপন করত শুক্লপুষ্প, বস্ত্রযুগ্ম, অঙ্গুরীয়ক ও অঙ্গদ সকল দ্বারা মূর্ত্তিরক্ষক সকলকে পূজা করিবেন। তৎপরে নিপুণ শিল্পিগণের সহিত কর্ম্ম আরম্ভ করিবেন॥

বিচক্ষণ আচার্য্য পঞ্চগব্য দ্বারা সংকারপূর্ব্বক কুম্ভ সকলকে শোধন

স্থাপয়েন্মূর্ত্তিপান্ পশ্চাৎ কুণ্ডে কুণ্ডে তু দেশিকঃ ॥
কিঞ্চ ॥
ব্রীহীনাহৃত্য দেবেশং বাসুদেবেন চার্চ্চয়েৎ ।
ক্ষিপেচ্চ নারসিংহেন পাতালে মূষলেন তু ।
সিদ্ধার্থকান্ ক্ষিপেদ্ধ্যায়ন্ সিংহমন্ত্রেণ মন্ত্রয়েৎ ।
রক্ষোঘ্নান্ পঞ্চগব্যেন প্রোক্ষয়েদ্ভূমিমাদরাৎ ॥
ততস্তাম্রময়ং কুম্ভং মৃণ্ময়ং বা নবং দৃঢ়ং ।
জলপূর্ণং স্থাপয়িত্বা সরঙ্গকরকাযুতং ।
ঐশান্যামর্চ্চয়েত্তস্মিন্ সাঙ্গং গন্ধাদিনা হরিং ॥ ৫৬ ॥
অস্ত্রমন্ত্রেণ করকাং শতবারাংস্তমর্চ্চয়েৎ ।
তদ্ধারাচ্ছিন্নয়া সিঞ্চেন্মণ্ডপং তং প্রদক্ষিণং ।

বাসুদেবেনেত্যাদয়ো মন্ত্রাঃ ॥ ৫৬ ॥
তং অধিবাসার্থনির্ম্মিতং মণ্ডপং ॥ ৫৭ ॥

করিয়া কুম্ভে কুম্ভে মূর্ত্তিরক্ষকগণকে স্থাপন করিবেন ॥

আরও ॥

ব্রীহি আহরণপূর্ব্বক বাসুদেবমন্ত্র দ্বারা অর্চ্চনা করিবে, নারসিংহ-মন্ত্র দ্বারা পাতালে ক্ষেপণ করিবে, মুষলমন্ত্র দ্বারা সিদ্ধার্থ সকল ক্ষেপণ করিবেন, ধ্যানপূর্ব্বক নৃসিংহমন্ত্র দ্বারা রক্ষোঘ্ন ( রাক্ষসহন্তা ) গণকে মন্ত্রিত করিবে এবং পঞ্চগব্য দ্বারা ভূমি প্রোক্ষণ করিবেন ॥

তদনন্তর তাম্রময় অথবা নূতন সুদৃঢ় মৃণ্ময় সরঙ্গ করকাযুক্ত জলপূর্ণ কলস ঈশানকোণে স্থাপন করিয়া তাহাতে অঙ্গের অর্থাৎ অন্যান্য দেব-সহিত হরিকে গন্ধাদি দ্বারা অর্চ্চনা করিবেন ॥ ৫৬ ॥

অনন্তর অস্ত্রমন্ত্র দ্বারা শতবার করকা অর্চ্চনা করিয়া ছিন্নধারা দ্বারা দক্ষিণাবর্ত্তক্রমে মণ্ডপকে সেচন করিবেন। তৎপরে আচার্য্য ঐ কুম্ভকে

কুম্ভং তং পৃষ্ঠতোনীত্বা কুম্ভমন্ত্রেণ দেশিকঃ।
ব্রীহীন্ সংহৃত্য সর্ব্বাংস্তু কুম্ভং তত্রোপরি ন্যসেৎ ॥ ৫৭ ॥
পুনঃ সংপূজয়েদ্বিষ্ণুং কলসেষু সমাহিতঃ।
বস্ত্রযুগ্মেন কলসমেকেন করকাং বুধঃ।
ছাদয়িত্বা ততো গৃহ্য করণীং মণ্ডলীং নয়েৎ।
চতুরস্রং চতুর্দ্বারং চক্রাব্জষোড়শারকং।
পঞ্চবর্ণেন চূর্ণেন দ্বাদশারমথাপি বা ॥ ৫৮ ॥
বেদ্যামেবং লিখিত্বা চ মণ্ডপে পূর্ব্বদক্ষিণে।
চতুর্হস্তং চতুষ্কোণং মধ্যে পঙ্কজভূষিতং।
চতুর্দ্বারং তু চূর্ণেন স্বস্তিকং মণ্ডলং লিখেৎ ॥
তস্যোর্দ্ধে ন্যস্য পর্য্যঙ্কং কুশান্ সংস্তারয়েত্ততঃ।
যোগে যোগেতি মন্ত্রেণ গন্ধতোয়েন প্রোক্ষয়েৎ।

চক্রাব্জসংজ্ঞং মণ্ডপং। তস্য ষোড়শারঃ বা চক্রং অষ্টদলপদ্মগর্ভং তদ্বহিশ্চতুরস্রং চতুর্দ্বারং লিখেদিতি জ্ঞেয়ং ॥ ৫৮ ॥

পৃষ্ঠদেশে লইয়া কুম্ভমন্ত্র দ্বারা ব্রীহি সকলকে সংস্কার করত সমুদায় কুম্ভ ঐ সকল ব্রীহির উপরে স্থাপন করিবেন ॥ ৫৭ ॥

তদনন্তর আচার্য্য সমাহিত হইয়া কলস সকলে পুনর্ব্বার বিষ্ণুকে পূজা করিয়া বস্ত্রযুগ্ম দ্বারা কলস ও একবস্ত্র দ্বারা করকাকে আচ্ছাদন ও গ্রহণ-পূর্ব্বক করণী ( ক্রিয়াবতী ) মণ্ডলীতে লইয়া যাইবেন। তদনন্তর চতুষ্কোণ চতুর্দ্বার, ষোড়শার বা দ্বাদশার চক্রাব্জমণ্ডপ পঞ্চবর্ণ চূর্ণ দ্বারা ॥ ৫৮ ॥

বেদীতে এই প্রকার লিখিয়া পূর্ব্ব দক্ষিণ মণ্ডপে চারি হস্ত চারি কোণ ও মধ্যে পঙ্কজভূষিত চতুর্দ্বার স্বস্তিকমণ্ডল চূর্ণ দ্বারা লিখিবেন ॥

তৎপরে তাহার ঊর্দ্ধে পর্য্যঙ্ক স্থাপন করিয়া কুশবিস্তৃত করত

তূলিকাং বিন্যসেত্তত্র দিব্যাং পট্টাংশুকান্বিতাং ।
উপধানদ্বয়ং কৃত্বা পার্শ্বে গেণ্ডুকমেব চ ।
কপোলধারণং কৃত্বা কুর্য্যাদূর্দ্ধং বিতানকং ॥
পুষ্পমালাপরিক্ষিপ্তং মুক্তাহারোপশোভিতং ।
কুর্য্যাৎ পুষ্পগৃহং হৃদ্যং মলয়াগুরুধূপিতং ।
বিদ্যাধিপাস্তু সংপূজ্যাঃ শক্ত্যা দিক্ষু বিদিক্ষু চ ।
বিষ্ণুর্মধুলিহা চৈব তথৈব চ ত্রিবিক্রমঃ ।
বামনশ্চাপি দিক্ষ্বেতে পূর্ব্বাদ্যাসু ব্যবস্থিতাঃ ।
শ্রীধরঃ শ্রীহৃষীকেশঃ পদ্মনাভস্তথৈব চ ।
দামোদরশ্চ সংপূজ্য আগ্নেয়াদিব্যবস্থিতাঃ ।
এবমর্চ্চ্য ততঃ পশ্চাদৈশান্যাং স্নানমণ্ডপে ।
চতুঃস্তম্ভযুতে রম্যে তন্মধ্যে বেদিকা শুভা ।
চতুরস্রা চতুর্দ্দিক্ষু জলনির্গমনান্বিতা ।

তস্য স্নানমণ্ডপস্য মধ্যে যা বেদিকা অস্তি তত্র তস্যাং পীঠং নিবেশয়েৎ ॥ ৫৯ ॥

“যোগে যোগে” এই মন্ত্র দ্বারা তাহাতে গন্ধজল দিয়া প্রোক্ষণ করিবে। তদনন্তর তাহাতে পট্টবস্ত্রান্বিত উৎকৃষ্ট তূলিকা বিন্যাসপূর্ব্বক দুইটী উপধান করিয়া পার্শ্বে গেণ্ডুক ( কন্দুক ) ও কপোল ধারণ করিয়া ঊর্দ্ধে শয্যা করিবে ॥

তদনন্তর পুষ্পমালা পরিক্ষিপ্ত ও মুক্তাহারোপশোভিত মলয়াগুরু-ধূপিত মনোহর পুষ্পগৃহ করিবে। তৎপরে দিগ্‌বিদিকে শক্তি অনুসারে বিদ্যাধিপ সকলকে পূজা করিয়া পূর্ব্বাদি দিক্‌চতুষ্টয়ে বিষ্ণু, মধুসূদন, ত্রিবিক্রম ও বামন ইহাঁদিগকে পূজা করিয়া অগ্ন্যাদি চারি কোণে শ্রীধর, হৃষীকেশ, পদ্মনাভ ও দামোদর ইহাঁদিগকে পূজা করিবেন। এই প্রকার পূজা করিয়া তাহার পর ঐশান্যদিকে চতুঃস্তম্ভযুক্ত মনোহর স্নানমণ্ডপের মধ্যে চতুষ্কোণ চতুর্দ্দিকে জলনির্গমনসমন্বিতা বেদী করিবে, ঐ বেদীর

ক্ষীরিবৃক্ষোদ্ভবং পীঠং মধ্যে তত্র নিবেশয়েৎ ॥ ৫৯ ॥

অথ কলসাধিবাসনং ॥

তত্রৈব ॥

স্নানদ্রব্যাণি সর্ব্বাণি সমানীয় বিচক্ষণঃ।
নিক্ষিপ্য স্নানকুম্ভেষু কুম্ভাংস্তানধিবাসয়েৎ।
রত্নানি চ চতুর্দ্দিক্ষু সিদ্ধদ্রব্যান্বিতাঃ শুভাঃ।
কলসাঃ স্থাপনীয়াস্তু অভিষেকার্থমাদরাৎ ॥ ৬০ ॥
বটোড়ুম্বরকাশ্বত্থ চম্পকাশোক শ্রীদ্রুমান্।
পলাশার্জ্জুন প্লক্ষাংশ্চ কদম্ব বকুলাম্রজান্।
পল্লবাংস্তু সমানীয় পূর্ব্বকুম্ভে বিনিক্ষিপেৎ।
পদ্মকং রোচনাং দূর্ব্বাং দর্ভপিঞ্জলমেব চ।

---

কলসাধিবাসনাদিকং মৎস্যভবিষ্যাদ্যুক্তমপি ভগবতা শ্রীহয়শীর্ষেণোক্তত্বাদুপযুক্ততয়া লিখ্যতে স্নানেত্যাদিনা। শাতকুম্ভময়ানিত্যাদিনা কুম্ভলক্ষণং চোক্তমেবাস্তি সিদ্ধদ্রব্যাণি চাগ্রে স্বয়মেব বক্তব্যানি বটোড়ুম্বরে ন্যসেদিত্যাদিনা ॥ ৬০ ॥

---

মধ্যে ক্ষীরিবৃক্ষোদ্ভব পীঠ স্থাপন করিবে ॥ ৫৯ ॥

অথ কলসাধিবাসন ॥

ঐ হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

বিচক্ষণ গুরু সমুদায় স্নানদ্রব্য আনয়ন করিয়া স্নানকুম্ভ সমুদায়ে কুম্ভ সকলের অধিবাস করিবেন। তৎপরে চারিদিকে রত্ন ও সিদ্ধদ্রব্যসমন্বিত শুভ কলস সকল অভিষেক নিমিত্ত আদর পূর্ব্বক স্থাপন করিবেন ॥৬০॥

বট, উড়ুম্বর, অশ্বত্থ, চম্পক, অশোক ও শ্রীবৃক্ষ, পলাশ, অর্জ্জুন, প্লক্ষ, কদম্ব, বকুল ও আম্র এই সকল বৃক্ষের পল্লব আনয়ন করিয়া পূর্ব্ব কলসে নিক্ষেপ করিবে। পদ্মক, রোচনা, দূর্ব্বা, দর্ভপিঞ্জল, জাতিপুষ্প,

জাতিপুষ্পং কুন্দপুষ্পং চন্দনং রক্তচন্দনং।
তমালং তগরঞ্চৈব বঞ্জুলং দক্ষিণে ন্যসেৎ।
সুবর্ণং রজতং চৈব কুলদ্বয়মৃদং তথা।
নদ্যা সমুদ্রগামিন্যা বিশেষাজ্জাহ্নবীজলং।
গোময়ঞ্চ যবান্ শালীন্ তিলাংশ্চৈব পরে ন্যসেৎ॥ ৬১॥
বিষ্ণুপত্রীং শ্যামলতাং ভৃঙ্গরাজং শতাবরীং।
গুড়ূচীং সহবেদীঞ্চ বিন্যসেচ্চ মহৌষধীঃ॥ ৬২॥
ফলান্যুদকযুক্তানি আগ্নেয্যাং বিন্যসেদ্ঘটে।
পঞ্চগব্যন্তু নৈঋর্ত্যাং কুম্ভে কৃত্বাভিমন্ত্রিতং।
বটাশ্বত্থপলাশানাং বিল্বস্যোড়ুম্বরস্য চ।
কষায়োদকসংযুক্তং বায়ব্যাং কলসং ন্যসেৎ।
কুমারীমমৃতাঞ্চৈব শতমূলীং শতাবরীং।
সহদেবীং বচাং সিংহীং বলাং ব্যাঘ্রীং সুলক্ষণাং।

পরে পশ্চিমকুম্ভে॥ ৬১॥
বিষ্ণুপর্ণাদ্যাশ্চোত্তরে ন্যসেদিতি জ্ঞেয়ং॥ ৬২॥

কুন্দপুষ্প, চন্দন, রক্তচন্দন, তমাল, তগর ও বঞ্জুল (অশোক) দক্ষিণদিকে স্থাপন করিবে। তৎপরে পশ্চিম কুম্ভে সুবর্ণ, রজত, কুলদ্বয়ের অর্থাৎ নদীর দুই কুলের মৃত্তিকা তথা সমুদ্রগামিনী নদীর এবং বিশেষ জাহ্নবীর জল, গোময়, যব, শালি ও তিল বিন্যস্ত করিবেন॥ ৬১॥

বিষ্ণুপত্রী, শ্যামলতা, ভৃঙ্গরাজ, শতাবরী, গুড়ূচী, সহবেদী ও মহৌষধি সকল বিন্যাস করিবেন॥ ৬২॥

অগ্নিকোণস্থ ঘটে ফলযুক্ত উদক, নৈঋর্তকোণস্থ কুম্ভে মন্ত্রপূত পঞ্চগব্য, বায়ুকোণস্থ কুম্ভে বট, অশ্বত্থ, পলাশ, বিল্ব ও উড়ুম্বরের কষায়যুক্ত জল এবং ঈশানকোণে মঙ্গলাখ্য কুম্ভে কুমারী, অমৃতা, শতমূলী শতাবরী,

ঐশান্যামপরে কুম্ভে মঙ্গলাখ্যে নিবেশয়েৎ ॥ ৬৩ ॥
বল্মীকমৃত্তিকাং সপ্তস্থানোত্থামপরে ন্যসেৎ।
জাহ্নবীবালুকাতোয়ং বিন্যসেদপরে ঘটে।
বরাহবৃষনাগেন্দ্রবিষাণোদ্ধৃতমৃত্তিকাং।
কুলদ্বয়মৃদং নদ্যাং বিন্যসেদপরে ঘটে।
মৃত্তিকাং পদ্মমূলস্থ কুশস্থাপ্যপরে ঘটে।
তীর্থপর্ব্বতমৃদ্ভিস্তু যুক্তমপ্যপরে ঘটে।
নাগকেশরপুষ্পঞ্চ কাশ্মীরমপরে ঘটে।
চন্দনাগুরুকর্পূরৈঃ পূরিতং চাপরং ন্যসেৎ।
বৈদূর্য্যং বিদ্রুমং মুক্তাং স্ফাটিকং বজ্রমেব চ।
এতান্যেকত্র নিক্ষিপ্য স্থাপয়েদ্দেবসত্তম ॥ ৬৪ ॥
নদীনদতড়াগানাং সলিলৈরপরং ন্যসেৎ।

---

পলানি বদরাদীনি আম্ররসাদীনি বা ॥ ৬৩ ॥
একত্র একস্মিন্ ঘটে ॥ ৬৪ ॥

---

সহদেবী, বচ, সিংহী, বলা ও সুলক্ষণা ব্যাঘ্রী সমর্পণ করিবেন ॥ ৬৩ ॥

হে দেবসত্তম! এক কুম্ভে সপ্তস্থানোৎপন্ন বল্মীকমৃত্তিকা, এক কুম্ভে গঙ্গাবালুকা জল, এক কলসে বরাহ বৃষ হস্তীন্দ্র এই সকলের শৃঙ্গোত্তোলিত মৃত্তিকা এবং নদীর কূলদ্বয়ের মৃত্তিকা। এক ঘটে পদ্ম-মূল ও কুশমূলের মৃত্তিকা। এক ঘটে তীর্থ ও পর্ব্বতমৃত্তিকা। এক ঘটে নাগকেশরপুষ্প, অপর ঘটে কুঙ্কুম। একটী ঘটে চন্দন, অগুরু ও কর্পূর পূরিত জল তথা আর এক কলসে বৈদূর্য্য, বিদ্রুম, মুক্তা, স্ফটিক ও বজ্র এই সকল একত্র নিক্ষেপ করিয়া স্থাপন করিবে ॥ ৬৪ ॥

অপর এক কলসে নদী, নদ ও তড়াগের সলিল দ্বারা পূর্ণ করিয়া

একাশীতিপদে চান্যান্ মণ্ডপে কলসান্ন্যসেৎ।
পূরিতান্ গন্ধতোয়েন ধান্যস্থাংস্তাংস্তু মন্ত্রয়েৎ।
শ্রীসূক্তেন সমস্তেন সর্ব্বানেব সকৃৎ সকৃৎ॥
অথার্ঘ্যদ্রব্যাদিস্থাপনং তত্রৈব॥
কলসানধিবাস্যৈবমর্ঘ্যাদীন্ বিনিবেশয়েৎ।
যবং সিদ্ধার্থকং গন্ধং কুশাগ্রং চাক্ষতং তথা।
তিলান্ ফলং তথা পুষ্পমর্ঘ্যার্থং পূর্ব্বতো ন্যসেৎ॥
পদ্মং শ্যামলতাং দূর্ব্বাং বিষ্ণুপর্ণীং তথা কুশান্।
পাদ্যার্থং দক্ষিণে ভাগে স্থাপয়েদ্দেশিকোত্তমঃ।
স্থাপয়েৎ পশ্চিমে ভাগে মধুপর্কং সুসংবৃতং।
কক্কোলকং লবঙ্গঞ্চ তথা জাতীফলং শুভং।
উত্তরে স্থাপয়েদ্ভাগে দ্রব্যমাচমনায় তু॥

---

বিন্যাস করিবে। একাশীতি পদমণ্ডপে অন্য কলস সকল ন্যাস করিবে এবং ঐ কলস গন্ধতোয় দ্বারা পূর্ণ করিয়া ধান্যের উপর স্থাপন করত সমগ্র শ্রীসূক্তদ্বারা এক একবার ঐ সমুদায় কলসকে মন্ত্রিত করিবে॥

অথ অর্ঘ্যাদি দ্রব্যস্থাপন। ঐ হয়শীর্ষপঞ্চরাত্রে॥

কলস সকলকে অধিবাসিত করিয়া অর্ঘ্যাদি নিবিষ্ট করিবে। যব, শ্বেতসর্ষপ, গন্ধ, কুশাগ্র, অক্ষত, তিল, ফল ও পুষ্প অর্ঘ্য নিমিত্ত পূর্ব্বদিকে স্থাপন করিবে॥

আচার্য্য, পদ্ম শ্যামলতা দূর্ব্বা বিষ্ণুপর্ণী ও কুশ পাদ্যনিমিত্ত দক্ষিণদিকে মধুপর্ক সুসংবৃত করিয়া স্থাপন করিবে। অপর কক্কোল, লবঙ্গ ও জাতীফল আচমন নিমিত্ত উত্তরদিকে স্থাপন করিবেন॥

আগ্নেয্যাং স্থাপয়েৎ পাত্রং পূর্ণং দূর্ব্বাক্ষতৈর্বুধঃ।
নীরাজনার্থং দেবেশ দেবদেবস্য সর্ব্বদা ॥
নৈর্ঋত্যামুদকং গন্ধযুক্তং স্নানায় বিন্যসেৎ।
উদ্বর্ত্তনায় বায়ব্যাং গন্ধপিষ্টং নিবেশয়েৎ।
ন্যসেদামলকং পাত্রে মুরামাংসীযুতং শুভং।
সহদেবাং সদাভদ্রাং কুশাগ্রাং রজনীং তথা।
ঐশান্যাং বিন্যসেৎ পাত্রে শিরীষং সূর্য্যবর্ণিনীং।
নির্মঞ্ছনায় দেবস্য স্থাপকঃ সুসমাহিতঃ ॥
অষ্টৌ দিক্ষু ন্যসেদ্বিদ্বান্ লোহযষ্টিপ্রদীপকান্।
শঙ্খং চক্রঞ্চ শ্রীবৎসং কৌস্তুভং পঙ্কজাদিকং।
হেমাদিপাত্রে কৃত্বাথ গোময়েনাথ বা পুনঃ।
নীরাজনায় দেবস্য তথা বৈ পুষ্পজাতয়ঃ।
স্থাপনীয়া তথাচান্যে মাঙ্গল্যাঃ স্নানচোদিতাঃ ॥

---

হে দেবেশ! পণ্ডিত ব্যক্তি দেবদেবের নীরাজন নিমিত্ত দূর্ব্বা ও অক্ষত পূর্ণপাত্র সর্ব্বদা অগ্নিকোণে স্থাপন করিবেন ॥

নৈর্ঋতকোণে স্নানের নিমিত্ত গন্ধযুক্ত উদক, বায়ুকোণে উদ্বর্ত্তন নিমিত্ত পিষ্টগন্ধ প্রবেশ করাইবে অর্থাৎ পাত্রে আমলক, মুরামাংসী, সহদেবা (বালা), সদাভদ্রা (গাম্ভারীবৃক্ষ), কুশাগ্র, রজনী (হরিদ্রা), বিন্যস্ত করিবে। স্থাপক সাবধান হইয়া দেবের আরাত্রিকের জন্য ঈশান-কোণে পাত্রে শিরীষ ও সূর্য্যবর্ণিনী স্থাপন করিবেন ॥

বিদ্বান্ ব্যক্তি অষ্টদিকে লোহযষ্টি প্রদীপ, শঙ্খ, চক্র, শ্রীবৎস, কৌস্তুভ ও পদ্ম প্রভৃতি হেমাদি পাত্রে করিয়া অথবা গোময় দ্বারা দেবের নীরাজন নিমিত্ত পুনর্ব্বার পুষ্পজাতি সকল তথা স্নানবিষয়ে কথিত অন্যান্য মাঙ্গলিক দ্রব্য স্থাপন করিবেন ॥

অথ শ্রীমূর্ত্তেঃ স্নানমণ্ডপে প্রবেশনং ॥

শিল্পিশালাং ততো গত্বা গীতবাদ্যাদিনিস্বনৈঃ।
আনয়েদ্ভগবন্মূর্ত্তিং সহ পিণ্ডিকয়া ততঃ ॥ ৬৫ ॥
অথ বিংশতিকুম্ভাদ্ভিঃ স্নানমণ্ডপতো বহিঃ।
স্নাপয়িত্বা পরীক্ষেত শ্রীমূর্ত্তিং তাং বিচক্ষণঃ।
অথবা শিল্পিশালায়াং স্নাপয়িত্বা যথাবিধি।
প্রবেশয়েৎ পিণ্ডিকায়াং তাং বিপ্রৈঃ স্নানমণ্ডপং ॥ ৬৬ ॥

তথাচ ভবিষ্যে ॥

আচার্য্যোমূর্ত্তিপৈশ্চৈব ঋত্বিগ্‌ভিঃ সহ সংযুতৈঃ।

---

ততঃ শিল্পিশালাতঃ শ্রীমূর্ত্তিপিণ্ডিকাসহিতামানয়েৎ ॥ ৬৫ ॥

বিংশতিকুম্ভজলেন স্নানমণ্ডপাদ্বহিঃ স্নাপয়িত্বেতি কেষাঞ্চিৎ সতাং মতং লিখিতং শ্রীহয়শীর্ষ-ভগবন্মতং লিখতি অথবেতি। তচ্চাগ্রে তদ্বচনতো ব্যক্তং ভাবি। বিপ্রৈঃ কৃতা তাং ভগবন্মূর্ত্তিং পিণ্ডিকাসহিতাং স্নানমণ্ডপং প্রবেশয়েৎ ॥ ৬৬ ॥

অষ্টাভিস্ত্বিত্যত্র তু শব্দোবার্থে। ততশ্চ বিকল্পো মুখ্যকল্পাশক্তাদল্পসংখ্যে ব্রাহ্মণবরণানু-

---

অথ স্নানমণ্ডপে শ্রীমূর্ত্তির প্রবেশ ॥

অনন্তর শিল্পিশালাতে গমন করিয়া গীতবাদ্যধ্বনিসহকারে পিণ্ডিকার সহিত ভগবন্মূর্ত্তি আনয়ন করিবেন ॥ ৬৫ ॥

তদনন্তর বিচক্ষণব্যক্তি বিংশতি কলস জলদ্বারা স্নানমণ্ডপের বহির্ভাগে শ্রীমূর্ত্তিকে স্নান করাইয়া পরীক্ষা করিবেন অথবা শিল্পিশালায় যথাবিধি স্নান করাইয়া বিপ্রগণ দ্বারা পিণ্ডিকা সহিত শ্রীমূর্ত্তিকে স্নানমণ্ডপে প্রবেশ করাইবেন ॥ ৬৬ ॥

এই বিষয়ের প্রমাণ ভবিষ্যপুরাণে ॥

আচার্য্য, মূর্ত্তিরক্ষক ও ঋত্বিক্‌গণের সহিত মিলিত হইয়া বিষ্ণুব্রতধর,

বিষ্ণুব্রতধরৈঃ শান্তৈর্বিষ্ণুশাস্ত্রানুরঞ্জিতৈঃ।
অলোলুপৈরহীনাঙ্গৈরার্য্যদেশসমুদ্ভবৈঃ।
বিষ্ণুভক্তিপরৈর্ধীরৈর্বিপ্রৈর্ভাগবতৈঃ সহ।
দ্বাত্রিংশদ্ভিঃ ষোড়শভিরষ্টাভিস্তু ক্রমেণ তু।
আনয়িত্বা তু দেবেশং স্থাপয়েৎ স্নানমণ্ডপে ॥ ৬৭ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

অত্র সংজ্বালয়েদ্বহ্নিং বৈষ্ণবং বিধিনা গুরুঃ।
ঐশান্যাং গুরুকুণ্ডে তু প্রাঙ্মুখোদঙ্মুখোঽপি বা ॥ ৬৮ ॥
তত্রৈব হোময়েদ্বিষ্ণুং গায়ত্র্যা ঘৃতমাদরাৎ।
অষ্টোত্তরশতং হুত্বা সংপাতবিধিনা সুধীঃ।
সংপাতাজ্যেন কলসান্ প্রোক্ষ্য দেশিকসত্তমঃ।

---

সারেণ শ্রীমূর্ত্ত্যনুসারেণ বা জ্ঞেয়ঃ। ক্রমেণানীয় ন তু হঠান্নেকদৈব বেগেনেত্যর্থঃ ॥ ৬৭ ॥

বৈষ্ণবং মণ্ডপং মধ্যে শয্যায়াং শ্রীবিষ্ণুলক্ষ্ম্যোঃ সঙ্গমাদ্রেতোরূপোঽগ্নিরুদ্ভূত ইতি ভাবনয়া জনিতো যস্তং। এতদ্বিশেষশ্চ দীক্ষাবিধৌ পূর্ব্বং লিখিতোঽস্তি। প্রাঙ্মুখঃ উদঙ্মুখো বা বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥ ৬৮ ॥

---

শান্ত, বিষ্ণুশাস্ত্রানুরঞ্জিত, অলোলুপ ( অলুব্ধ ), অহীনাঙ্গ, আর্য্যদেশসমুদ্ভব, বিষ্ণুভক্তিপর, ধীর, ভাগবত ব্রাহ্মণের সহিত দ্বাত্রিংশৎ বা ষোড়শ কিম্বা আটজন দ্বারা ক্রমে আনয়ন করিয়া মণ্ডপে স্থাপন করিবেন ॥ ৬৭॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

গুরু এই মণ্ডপে পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া ঐশান্য কোণে গুরুকুণ্ডে বিধি অনুসারে বৈষ্ণবাগ্নি প্রজ্বলিত করিবেন ॥ ৬৮ ॥

সদ্বুদ্ধিসম্পন্ন গুরু সেই স্থানেই গায়ত্রীদ্বারা বিষ্ণুকে ঘৃতহোম করিবে, সংপাত বিধি অনুসারে অষ্টোত্তর শতহোম করিয়া আজ্য-

লিপ্তায়াং কারুশালায়ামুপতিষ্ঠেত সংযতঃ ॥ ৬৯ ॥
ব্রাহ্মণৈর্বৈষ্ণবৈঃ সার্দ্ধং মূর্ত্তিপৈঃ শিল্পিভিঃ সহ।
মহতা ব্রহ্মঘোষেণ সহায়ৈর্বলবত্তরৈঃ।
কাহালশঙ্খশব্দৈশ্চ ভেরীমুরজনিঃস্বনৈঃ।
বীণাবেণুস্বনৈর্হৃদ্যদিব্যযন্ত্রস্বনৈস্তথা।
আচার্য্যঃ প্রাঙ্মুখো ভূত্বা কুর্য্যাৎ কৌতুকবন্ধনং ॥
বৈষ্ণবে শিপিবিষ্টেতি গৌরসিদ্ধার্থকেন তু।
ঊর্ণাময়েন সূত্রেণ নিম্বদূর্ব্বান্বিতেন চ।
দুকূলবস্ত্রৈর্বদ্ধা তু দক্ষিণে বধ্নীয়াৎ করে।
দেশিকস্যাপি কর্ত্তব্যং করে কৌতুকবন্ধনং ॥ ৭০ ॥
ততো বিকল্প্য দেবাস্ত্রং তণ্ডুলৈঃ পঞ্চরঙ্গকৈঃ।

কারুঃ শিল্পী ॥ ৬৯ ॥
কৌতুকং মঙ্গলসূত্রং ॥ ৭০ ॥

সম্পাত দ্বারা কলস সকলকে সেচন পূর্ব্বক প্রলিপ্ত শিল্পিশালায় উপস্থিত হইবেন ॥ ৬৯ ॥

অনন্তর বৈষ্ণব, ব্রাহ্মণ, মূর্ত্তিরক্ষক ও শিল্পিগণের সহিত মহৎ বেদ-ধ্বনি, বলবৎ সহায়, কাহাল, শঙ্খ, ভেরী, মুরজ, বীণা, বেণু ও যন্ত্র এই সকলের মনোহর ধ্বনিসহকারে আচার্য্য পূর্ব্বমুখ হইয়া কৌতুক বন্ধন করিবেন ॥

বৈষ্ণবে "সিপিবিষ্টা" এই মন্ত্রে শ্বেতসর্ষপ, ঊর্ণাময় সূত্র, নিম্ব, দূর্ব্বা পট্টবস্ত্রে বন্ধন করিয়া দক্ষিণহস্তে বন্ধন করিবেন, দেশিকেরও হস্তে কৌতুক বন্ধন করা কর্ত্তব্য ॥ ৭০ ॥

অনন্তর পঞ্চবর্ণ তণ্ডুল দ্বারা সুদর্শন চক্র রচনা করিয়া তন্মধ্যে

তন্মধ্যে প্রতিমাং স্থাপ্য স্নাপ্য চৈব যথাবিধি ॥ ৭১ ॥
বস্ত্রযুগ্মেন সংছাদ্য পূজ্য গন্ধাদিনা তু তাং।
চামরৈস্তালবৃন্তৈশ্চ বীজয়েন্মঙ্গলান্বিতাং ॥ ৭২ ॥
এরকায়াং নিবেশ্যাথ প্রতিমাং সংস্তবেত্ততঃ ॥ ৭৩ ॥
নমস্তেঽর্চ্চে সুরেশানি প্রণীতে বিশ্বকর্ম্মণা।
প্রভাবিতাশেষজগদ্ধাত্রি তুভ্যং নমোনমঃ ॥
ত্বয়ি সংপূজয়ামীশং নারায়ণমনাময়ং।

দেবাস্ত্রং চক্রং বিকল্প্য বিবিচ্য ॥ ৭১ ॥

মঙ্গলানি দধিদুর্ব্বাদীনি তৈরন্বিতাং তানি নিবেদ্যেত্যর্থঃ। তথাচ মাৎস্যে। মঙ্গলানি নিবেদ্যানীত্যাদি। তচ্চাগ্রে মাঙ্গল্যে লেখ্যং। মঙ্গলান্বিতমিতি একবচনান্তপাঠোঽপি ততশ্চ ক্রিয়াবিশেষণং অর্থশ্চ স এব ॥ ৭২ ॥

এরকা তৃণবিশেষঃ তন্ময়াস্তরণে শ্রীমূর্ত্তিং স্থাপয়িত্বা সম্যক্ স্তবেৎ স্তববিৎ স্তবীত ॥ ৭৩ ॥

স্তুতিমেবাহ নমস্ত ইতি দ্বাভ্যাং। প্রকর্ষেণ ভাবি তস্য স্বয়মেবোৎপাদিতস্য অশেষজগতো ধাত্রি ধারণপোষণ কর্ত্রি। যদ্বা। প্রভাবিতং প্রভাবযুক্তীকৃতমশেষং যয়া সা চাসৌ জগদ্ধাত্রী চ তৎসম্বোধনং। বাক্যৈশ্চ বিবিধৈঃ ক্ষমধ্বমিত্যাদিরূপৈঃ ॥ ৭৪ ॥

স্থাপন করত যথাক্রমে বিধিপূর্ব্বক স্নান করাইয়া ॥ ৭১ ॥

বস্ত্রযুগ্ম দ্বারা আচ্ছাদন ও গন্ধাদি দ্বারা পূজা করিয়া মঙ্গলান্বিতা ঐ প্রতিমাকে চামর এবং তালবৃন্ত দ্বারা বীজন করিবে ॥ ৭২ ॥

তদনন্তর এরকা নামক তৃণবিশেষে প্রতিমাকে স্থাপন করিয়া স্তব করিতে হইবে ॥ ৭৩ ॥

হে অর্চ্চে! তোমাকে নমস্কার, হে সুরেশানি! তুমি বিশ্বকর্ম্মা কর্ত্তৃক নির্ম্মিতা, স্বয়ংই উৎপাদিত অশেষ জগতের ধারণ ও পোষণকারিণী, তোমাকে নমস্কার নমস্কার ॥

তোমাতে অনাময়, নারায়ণ ঈশ্বরকে পূজা করিতেছি, তুমি শিল্পি-

রহিতা শিল্পিদোষৈস্ত্বমৃদ্ধিযুক্তা সদা ভব।।
এবং বিজ্ঞাপ্য প্রতিমাং নয়েত্তাং স্নানমণ্ডপং। ইতি॥
অথ শিল্পিপরিতোষণং॥
ততঃ সপরিবারাংশ্চ শ্রীমূর্ত্ত্যাবির্বিধায়িনঃ।
শিল্পিনোঽভ্যর্চ্চ্য বিবিধৈর্দ্রব্যৈর্বাক্যৈশ্চ তোষয়েৎ॥
তথাচ ভবিষ্যে॥
ততো বিষ্ণুং সমানীয় সুধৌতং সুপরীক্ষিতং।
শিল্পিনং পূজয়েৎ পশ্চাৎ বস্ত্রালঙ্করণাদিভিঃ।
অন্যে চ পূজনীয়াশ্চ যে চাত্র পরিচারকাঃ॥
মাৎস্যে॥
আনীয় লিঙ্গমর্চ্চাং বা শিল্পিনঃ পূজয়েদ্বুধঃ।
বস্ত্রাভরণরত্নৈশ্চ যে চ তৎপরিচারকাঃ।

---

দোষ সকলে রহিতা ও সর্ব্বদা সমৃদ্ধিশালিনী হও। এইরূপ প্রতিমাকে নিবেদন করিয়া তাঁহাকে স্নানমণ্ডপে লইয়া যাইবে॥

অথ শিল্পিপরিতোষণ॥

তদনন্তর শ্রীমূর্ত্তির আবির্ভাবকারি, সপরিবার শিল্পি সকলকে অভ্যর্চ্চনা করিয়া বিবিধ দ্রব্য ও বাক্য সকল দ্বারা পরিতুষ্ট করিবেন॥

এই বিষয়ের প্রমাণ ভবিষ্যপুরাণে যথা॥

তদনন্তর সুধৌত সুপরীক্ষিত বিষ্ণুকে আনয়ন করিয়া পশ্চাৎ শিল্পিকে বস্ত্র ও অলঙ্কারাদি দ্বারা পূজা করিবেন এবং ঐ স্থানে অন্য যে সকল পরিচারক থাকিবে, তাহাদিগকেও পূজা করিবেন॥

মৎস্যপুরাণে॥

পণ্ডিত ব্যক্তি লিঙ্গ অথবা প্রতিমাকে আনয়ন করিয়া শিল্পি এবং তাহাদের পরিচারক সকলকে পূজা করিবেন। অতঃপর যজমান ঐ

ক্ষমধ্বমিতি তান্ ব্রুয়াৎ যজমানো হ্যতঃপরং ॥ ৭৪ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

পূজয়িত্বা তু প্রতিমাং শিল্পিনং তোষয়েত্ততঃ।
গন্ধপুষ্পাদিভির্বিপ্রং তোষয়েৎ কটকাদিভিঃ।
সর্ব্বে২থ কর্ম্মিণস্তস্যাস্তস্মিন্ কালে পৃথক্ পৃথক্।
ক্ষমাপয়ীত তান্ সর্ব্বান্ প্রিয়প্রশ্নেন সর্ব্বথা। ইতি ॥ ৭৫ ॥

অথ স্নপনং ॥

কুশাদ্যাস্তরণে ন্যস্য পীঠে বা স্থাপয়েত্ততঃ।

পূজয়িত্বেতি শিল্পিশালায়াং পূজানন্তরমেব শিল্পিতোষণমভিপ্রেতং ॥ ৭৫ ॥

কুশৈঃ আদিশব্দাৎ কোমলবংশদলাদিভির্যদাস্তরণং শয্যাবিশেষস্তস্মিন্ ন্যস্য শ্রীমূর্ত্তিং। এতচ্চ প্রাগগ্রৈর্দর্ভবংশৈস্তু রাজন্ দিব্যজলৈঃ শুভৈরিত্যাদিনাধিবাসনমণ্ডপান্তর্যৎ শয্যাবিচরণং ভবিষ্যোক্তং তদনুসারেণ কেষাঞ্চিচ্ছিষ্টানাং সম্মতং লিখিতং। ভদ্রপীঠে বেতি চ হয়শীর্ষো-ক্তানুসারেণ। তত্র চ যথাস্বসংপ্রদায়মেব ব্যবহর্ত্তব্যং। এবমন্যত্রাপ্যূহ্যং। দিব্যেন বাদ্যেন আদিশব্দাদ্গীতেন নৃত্যেন বেদঘোষ-নামসঙ্কীর্ত্তনাদিনা চ। পঞ্চকষায়াশ্চ। বটাশ্বত্থপলাশবিল্বো-

সকলকে তোমরা ক্ষমা কর, এই বাক্য প্রয়োগ করিবেন ॥ ৭৪ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

প্রতিমাকে পূজা করিয়া শিল্পিকে পরিতুষ্ট করিবেন। তদনন্তর গন্ধ, পুষ্প ও বলয় প্রভৃতি অলঙ্কার দ্বারা ব্রাহ্মণকে পরিতুষ্ট করিবেন। তৎ-কালে ঐ প্রতিমার যত কর্ম্মকারক থাকে, তাহাদিগকে পৃথক্ পৃথক্ কুশল প্রশ্ন দ্বারা ক্ষমান্বিত করাইবেন ॥ ৭৫ ॥

অথ স্নপন ॥

কুশাদি আস্তরণে অথবা পীঠে প্রতিমাকে স্থাপন করিয়া তৎপরে

দিব্যবাদ্যাদিনা পঞ্চকাষায়সলিলাদিভিঃ ॥ ৭৬ ॥

তথাচ ভবিষ্যে ॥

স্নপনং তু ততঃ কার্য্যং দিব্যমঙ্গলনাদিতং।
যথানুরূপৈর্বিবিধৈর্বাদিত্রনিনদৈঃ শুভৈঃ।
কাষায়ৈঃ পঞ্চগব্যৈশ্চ তীর্থবল্মীকমৃজ্জলৈঃ ॥

তত্র মন্ত্রাঃ ॥

সমুদ্রজ্যেষ্ঠা সলিলস্থ মধ্যাৎ
যা আপোদিব্যা উত বা শ্রবন্তি।
যাসাং রাজা বরুণো যাতি মধ্যে
যাসু রাজা বরুণো যাসু সোম ইতি ॥

মাৎস্যে ॥

ততোলিঙ্গমথার্চ্চাং বা নীত্বা স্নপনমণ্ডপং।

ড়ুম্বরাঃ তৈঃ সংস্কৃতজলেন আদিশব্দাৎ পঞ্চগব্যাদি এতচ্চাগ্রে ব্যক্তমেব ভাবি ॥ ৭৬ ॥
কাষায়ৈঃ পঞ্চকষায়জলৈঃ পঞ্চগব্যৈস্তীর্থজলৈর্বল্মীকমৃজ্জলৈশ্চেত্যেবং চতুর্ভিঃ। সমুদ্র-

উৎকৃষ্টবাদ্যসহকারে পঞ্চকষায়ের জলদ্বারা স্নান করাইবেন ॥ ৭৬ ॥

এই বিষয়ের প্রমাণ ভবিষ্যপুরাণে যথা ॥

তদনন্তর উৎকৃষ্ট মঙ্গলধ্বনি তথা যথানুরূপ উত্তম বিবিধ বাদ্য-সহকারে পঞ্চকষায়, পঞ্চগব্য, তীর্থজল ও বল্মীকের মৃত্তিকা ও জল দ্বারা স্নান করাইবে ॥

স্নানের মন্ত্র যথা ॥

"সমুদ্র জ্যেষ্ঠা সলিলস্থ মধ্যাৎ যা আপো দিব্যা উত বা শ্রবন্তি। যাসাং রাজা বরুণো যাতি মধ্যে যাসু রাজা বরুণো যাসু সোম ইতি ॥"

মৎস্যপুরাণে ॥

অনন্তর লিঙ্গ অথবা প্রতিমাকে স্নান মণ্ডপে লইয়া গিয়া গীত ও

গীতমঙ্গলশব্দেন স্নপনং তত্র কারয়েৎ।
পঞ্চগব্যৈঃ কষায়েণ মৃদ্ভির্ভস্মোদকেন চ।
শৌচং তত্র প্রকুর্ব্বীত বেদমন্ত্রচতুষ্টয়াৎ ॥ ৭৭ ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে ॥
ধ্রিয়মাণবিতানেন ব্রহ্মঘোষেণ তাং বুধঃ।
তত্র পীঠে সমারোপ্য ভদ্রং কর্ণেতি কীর্ত্তয়ন্।
স্নাপয়েচ্ছুদ্ধতোয়েন শুদ্ধবত্যা তু দেশিকঃ।
স্নাপিতা গন্ধতোয়েন শিল্পিদোষৈর্বিমুচ্যতে।
মন্ত্রৈর্গন্ধাদিনাভ্যর্চ্চ্য ছাদয়েচ্ছুদ্ধবাসসা ॥ ৭৮ ॥
অথ নেত্রোন্মীলনং ॥

জ্যেষ্ঠা ইত্যাদি চতুর্মন্ত্রৈঃ। ক্রমেণ স্নপনমিতি জ্ঞেয়ং। পঞ্চগব্যৈঃ পঞ্চকষায়ৈশ্চ তীর্থাদিমৃদ্ভিঃ ভস্মোদকেন চেত্যেবং চতুর্ভিঃ সমুদ্রজ্যেষ্ঠা ইত্যাদিবেদমন্ত্রচতুষ্টয়াৎ ক্রমেণ স্নপনং কারয়েৎ॥৭৭॥
শুদ্ধবত্যা মন্ত্রেণ ॥ ৭৮ ॥

মঙ্গল শব্দদ্বারা তথায় স্নান করাইবে এবং পঞ্চগব্য, পঞ্চকষায়, মৃত্তিকা ও ভস্মোদক দ্বারা চারিটী বেদমন্ত্রে শৌচ করিবে ॥ ৭৭ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

পণ্ডিত ব্যক্তি বিস্তৃত চন্দ্রাতপ ও বেদধ্বনিসহকারে প্রতিমাকে সেই পীঠে স্থাপন করিয়া "ভদ্রং কর্ণ" এই মন্ত্র অথবা শুদ্ধবতী (মন্ত্র) দ্বারা পবিত্র জলে স্নান করাইবেন। গন্ধতোয় দ্বারা স্নান করাইলে শিল্পিদোষ হইতে বিমুক্ত হয়, মন্ত্রোচ্চারণ পূর্ব্বক গন্ধাদি দ্বারা অভ্যর্চ্চনা করিয়া শুদ্ধ বস্ত্রে আচ্ছাদন করিবেন ॥ ৭৮ ॥

অথ নেত্রোন্মীলন ॥

ততশ্চোন্মীলয়েন্নেত্রে তন্মন্ত্রেণ বিচক্ষণঃ।
তয়োশ্চ জ্যোতিরুৎকীর্য্য শুভাং দৃষ্টিং প্রকল্পয়েৎ॥
তথাচ মাৎস্যে॥
দেবং প্রস্তরণে কৃত্বা নেত্রে জ্যোতিঃ প্রকল্পয়েৎ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে চ॥
যজমানস্ততোভক্ত্যা দেশিকং পরিপোষয়েৎ।
কাংস্যদোহাং বস্ত্রকণ্ঠাং তাম্রপৃষ্ঠাং পয়স্বিনীং।
রৌপ্যাঙ্ঘ্রিং স্বর্ণশৃঙ্গীং তাং সুশীলাং তরুণীং শুভাং।
প্রণম্য বিধিনা ধেনুং দদ্যাদ্বাগ্‌ভিঃ ক্ষমাপয়েৎ।
অবধার্য্য জগচ্ছান্তিং নেত্রে চোন্মীলয়েদ্বুধঃ।
চিত্রং দেবেতি মন্ত্রেণ জ্যোতির্দেবস্য চোৎকিরেৎ।
অগ্নিজ্যোতীতি মন্ত্রেণ জ্ঞাত্বা দৃষ্টিং প্রকল্পয়েৎ॥ ৭৯॥

উৎকীর্য্য উজ্জ্বাল্য দৃষ্টিভেদান্ জ্ঞাত্বা দৃষ্টিং শুভাং প্রকল্পয়েদিত্যর্থঃ॥ ৭৯॥

বিচক্ষণ ব্যক্তি তদনন্তর নেত্রমন্ত্র দ্বারা নেত্রদ্বয় উন্মীলন করিয়া ঐ দুইয়ের জ্যোতি প্রজ্বলিত করিয়া শুভ দৃষ্টি কল্পনা করিবেন॥

এই বিষয়ের প্রমাণ মৎস্যপুরাণে যথা॥

দেবকে প্রস্তরণে করিয়া নেত্রদ্বয় উন্মীলন করিবে॥

হয়শীর্ষপঞ্চরাত্রেও॥

অনন্তর যজমান ভক্তিপূর্ব্বক আচার্য্যকে পরিতুষ্ট করিবেন। তৎপরে কাংস্যদোহা, বস্ত্রকণ্ঠা, তাম্রপৃষ্ঠা, দুগ্ধবতী, রৌপ্যখুরা, স্বর্ণশৃঙ্গী, সুশীলা, তরুণী ও শোভন মূর্ত্তি ধেনুকে প্রণাম করিয়া যথাবিধি গুরুকে দান করিবেন এবং তাহাকে ক্ষমান্বিত করিবেন। তাহার পর পণ্ডিত ব্যক্তি জগতের শান্তি অবধারণ করিয়া নেত্রদ্বয় উন্মীলন করিবেন। "চিত্রং দেব" এই মন্ত্র দ্বারা দেবের জ্যোতি প্রকাশ করিবেন। "অগ্নিজ্যোতি" এই মন্ত্র দ্বারা সবিশেষ জ্ঞানপূর্ব্বক দৃষ্টি কল্পনা করিবেন॥৭৯॥

দৃষ্টিভেদাংস্তু সকলান্ বর্ণয়িষ্যে তবোপরি ॥
তথাচ তত্রৈব।
লেপ্যার্চ্চাস্থাপনপ্রসঙ্গে ॥
চিত্রং দেবেতি মন্ত্রেণ সৌম্যাং দৃষ্টিং তু কারয়েৎ।
দৃষ্টয়ো বহুধা নাট্যশাস্ত্রেষু পরিকীর্ত্তিতাঃ ॥
কিং ত্বত্রোদ্দেশতো বক্ষ্যে দৃষ্টীনাং লক্ষণং দ্বিজ।
হসিতা ঘূর্ণিতা ক্ষিপ্তা তথান্তর্ব্বেদনাতুরা।
বিদ্বিষ্টা লজ্জিতা ক্রূরা প্রসন্না মদনাতুরা।
লজ্জিতা কম্পিতা তৃপ্তা দীনান্তর্নিহিতা তথা।
বিশালান্তরবিক্ষিপ্তা ঊর্দ্ধক্ষিপ্তা স্থবর্ণিতা।
পার্শ্বাবলোকিনী চাধঃক্ষিপ্তা নাসাগ্রগোচরা।
সমাবলোকিনী ক্রান্তা যোগদৃষ্টিস্তথা শুভা।
বীভৎসা করুণালোকা ঈষৎক্ষিপ্তা চ কেকরা।

---

তোমার উপরে দৃষ্টির ভেদসমূহ বর্ণনা করিতেছি ॥

এই বিষয়ের প্রমাণ ঐ হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

লেপ্যমূর্ত্তির স্থাপনপ্রসঙ্গে ॥

"চিত্রং দেব" এই মন্ত্রদ্বারা সৌম্যা দৃষ্টি করাইবে। কত প্রকার দৃষ্টি হইতে পারে, তাহা নাট্যশাস্ত্রে বহু প্রকারে কীর্ত্তন করিয়াছেন ॥

হে দ্বিজ! এস্থানে উদ্দেশক্রমে সেই সকলের লক্ষণ বলিতেছি, যথা—হসিত, ঘূর্ণিত, ক্ষিপ্ত, অন্তর্ব্বেদন, আতুর, বিদ্বিষ্ট, লজ্জিত, ক্রূর, প্রসন্ন, মদনাতুর, লজ্জিত অথচ ঈষৎ কম্পিত, তৃপ্ত, দীন, অন্তর্নিহিত, বিশাল, অন্তরবিক্ষিপ্ত, ঊর্দ্ধক্ষিপ্ত, স্থবর্ণিত, পার্শ্বাবলোকন, অধঃক্ষিপ্ত, নাসাগ্রগোচর, সমাবলোকন, ক্রান্ত, যোগদৃষ্টি, বীভৎস, করুণালোক, ঈষৎ ক্ষিপ্ত, কেবল বিভ্রান্ত, লুলিত এবং অভ্যন্তরে কোপ ও হর্ষসমন্বিত,

বিভ্রান্তা লুলিতা চান্তঃকোপহর্ষসমন্বিতা ।
এবং জ্ঞাত্বা দৃষ্টিভেদান্ প্রতিমাসু প্রযোজয়েৎ ॥ ইতি ॥ ৮০ ॥
অথ নেত্রাভ্যঞ্জনং ॥
তত্রৈব ।
ততঃ শুক্লানি পুষ্পাণি ঘৃতসিদ্ধার্থকং তথা ।
দূর্ব্বাং কুশাগ্রং দেবস্য দদ্যাচ্ছিরসি দেশিকঃ ।
পঠন্ রক্ষোহনং সর্ব্বমন্ত্রমাথর্ব্বণং তথা ।
রৌপ্যং ভাজনমাদায় মধুরত্রয়সংযুতং ।
মধুবাতেতি মন্ত্রেণ মন্ত্রয়িত্বাষ্টধা পুনঃ ।
শলাকয়া সুবর্ণস্য নেত্রে চাভ্যঞ্জয়েদ্গুরুঃ ।
হিরণ্যগর্ভমন্ত্রেণ ইমং মে ইতি কীর্ত্তয়েৎ ॥

হসিতা ঘূর্ণিতাদীনামবলোকনভেদেনেষদবান্তরভেদঃ কল্পয়িতব্যঃ ॥ ৮০ ॥
অক্ষতাশ্চাত্র খণ্ডতণ্ডুলাঃ ভবিষ্যোক্তার্ঘ্যদ্রব্যাণি চ পূর্ব্বং নিত্যপূজায়ামর্ঘ্যপ্রসঙ্গে লিখি-

এই প্রকারে দৃষ্টিভেদ সমুদায় পরিজ্ঞাত হইয়া প্রতিমা সকলে প্রয়োগ করিবেন ॥ ৮০ ॥

অথ নেত্রাভ্যঞ্জন ॥

ঐ হয়শীর্ষপঞ্চরাত্রেই ॥

তদনন্তর আচার্য্য শুক্লপুষ্প, ঘৃত, সিদ্ধার্থক, দূর্ব্বা এবং কুশাগ্র রক্ষোহন ( রক্ষোঘ্ন ) ও সমুদায় আথর্ব্বণ মন্ত্র পাঠ করিয়া দেবের মস্তকে প্রদান করিবেন ॥

অনন্তর গুরু মধুরত্রয়সংযুক্ত রৌপ্যপাত্র গ্রহণ করিয়া "মধুবাতা" এই মন্ত্র দ্বারা আটবার মন্ত্রপূত করিয়া স্বর্ণশলাকা দ্বারা নেত্রদ্বয় অভ্যঞ্জন এবং হিরণ্যগর্ভ মন্ত্র দ্বারা "ইমং মে" এইরূপ কীর্ত্তন করিবেন ॥

অথার্ঘ্যার্পণাদি ॥
সমর্প্য চার্ঘ্যং দেবায় যা দিব্যা আপ ইত্যতঃ।
ইন্দ্রাদিভ্যো বলিং দদ্যাৎ সিদ্ধার্থঘৃতপায়সৈঃ।
অর্ঘ্যশ্চোক্তো মাৎস্যে ॥
দধ্যক্ষতকুশাগ্রাণি ক্ষীরং দূর্ব্বাং তথা মধু।
যবাঃ সিদ্ধার্থকাস্তদ্বষ্টাঙ্গোঽর্ঘ্যঃ ফলৈঃ সহ ॥ ইতি ॥ ৮১ ॥
অথ মাঙ্গল্যাচরণামঙ্গলনিবারণঞ্চ ॥
দেবং পুষ্পৈরলঙ্কৃত্য ধূপয়িত্বা প্রণম্য চ।
পরিধাপ্য চ বস্ত্রে দ্বে ব্রাহ্মণান্ স্বস্তি বাচয়েৎ।
তেভ্যোঽথ দক্ষিণাং দত্ত্বা হোমাচার্য্যায় গামপি।
আবাহ্য মন্ত্রয়েদ্দেবং নমোভগবতে ইতি ॥

তানি সন্তি। ভবিষ্য হয়শীর্ষোক্তার্ঘ্যদ্রব্যতো মাৎস্যোক্তার্ঘ্যদ্রব্যভেদশ্চ ফলাদিভেদং কল্পয়িত্বা সোঢ়ব্যঃ এবমন্যত্রাপি ॥ ৮১ ॥

অথ অর্ঘ্যার্পণাদি ॥

"যা দিব্যা আপ" এই মন্ত্র দ্বারা দেবকে অর্ঘ্য সমর্পণ করিয়া সিদ্ধার্থক ঘৃত পায়স দ্বারা ইন্দ্রাদি দেবগণকে বলি প্রদান করিবেন ॥

মৎস্যপুরাণে অর্ঘ্য উক্ত হইয়াছে যথা ॥

দধি, অক্ষত, কুশাগ্র, ক্ষীর, দূর্ব্বা, মধু, যব ও সিদ্ধার্থক ফলের সহিত এই অষ্টাঙ্গ অর্ঘ্য কথিত হয় ॥ ৮১ ॥

অথ মাঙ্গল্য আচরণ ও অমঙ্গল নিবারণ ॥

দেবকে পুষ্প দ্বারা অলঙ্কৃত ধূপার্পণ, প্রণাম, বস্ত্রদ্বয় পরিধাপন করাইয়া ব্রাহ্মণ সকলকে স্বস্তিবাচন করাইবেন। এবং ঐ সকলকে দক্ষিণা দিয়া হোমাচার্য্যকে গোদানও করিবেন। তৎপরে দেবকে আবাহন পূর্ব্বক "নমো ভগবতে" এই বলিয়া মন্ত্রিত করিবেন, অনন্তর

বিলিখন্ কাঞ্চনেনাথ শ্রীমূর্ত্তিং মঙ্গলানি তু।
কারয়েদ্গীতবাদ্যাদীন্যমাঙ্গল্যঞ্চ বারয়েৎ ॥
তথাচ ভবিষ্যে ॥
অর্ঘ্যং দত্ত্বা নমস্কৃত্য অর্চ্চয়িত্বা যথাক্রমং।
দত্ত্বা সগুগ্গুলুং ধূপং দেবদেবস্য ধীমতঃ।
প্রচ্ছাদ্য বস্ত্রযুগ্মেন ততঃ কার্য্যং তু লক্ষণং ॥
মাৎস্যে ॥
সর্ব্বতস্তু বলিং দত্ত্বা সিদ্ধার্থঘৃতপায়সং।
শুক্লপুষ্পৈরলঙ্কৃত্য ঘৃতগুগ্গুলুধূপিতং।
বিপ্রেণ বাচনং কুর্য্যাৎ দত্ত্বা শক্ত্যা চ দক্ষিণাং।
গামেকাং কনকং তদ্বৎ স্থাপকায় নিবেদয়েৎ ॥
লক্ষণং কারয়েদ্ভক্ত্যা মন্ত্রেণানেন বৈ দ্বিজঃ।

কাঞ্চন দ্বারা শ্রীমূর্ত্তি ও মঙ্গল সকল লিখিয়াও গীত বাদ্য করাইয়া অমাঙ্গল্য নিবারণ করিবেন ॥

ভবিষ্যপুরাণে ॥

ধীমান্ দেবদেবকে অর্ঘ্যপ্রদান পূর্ব্বক যথাক্রমে নমস্কার, অর্চ্চনা ও গুগ্গুলু ধূপ প্রদান তথা বস্ত্রদ্বয় দ্বারা আচ্ছাদন করিয়া তৎপরে স্বর্ণ দ্বারা লিখনাদি করিবেন ॥

মৎস্যপুরাণে ॥

সকল দিকে শ্বেতসর্ষপ ও ঘৃতপায়স বলি দিয়া, শুক্ল পুষ্প দ্বারা অলঙ্কৃত ও ঘৃত গুগ্গুলু ধূপিত করিয়া বিপ্র দ্বারা বাচন করাইবেন। তৎপরে স্থাপককে যথাশক্তি দক্ষিণা দিয়া একটী গাভী ও স্বর্ণ নিবেদন করিবেন। এবং বক্ষ্যমাণ মন্ত্রে ব্রাহ্মণ লক্ষণ অর্থাৎ স্বর্ণ দ্বারা শ্রীবৎস চিহ্ন চিত্রিত করিবেন ॥

ওঁ ॥ নমো ভগবতে তুভ্যং শিবায় হরয়ে নমঃ।
হিরণ্যরেতসে বিষ্ণো বিষ্ণুরূপায় তে নমঃ।
মন্ত্রোঽয়ং সর্ব্বদেবানাং নেত্রজ্যোতিঃস্বপি স্মৃতঃ।
এবমামন্ত্র্য দেবেশং কাঞ্চনেন বিলেখয়েৎ।
মঙ্গলানি নিবেদ্যানি ব্রহ্মঘোষঞ্চ গীতকং।
ঋদ্ধ্যর্থং কারয়েদ্বিদ্বানমঙ্গল্যনিবারণং ॥ ৮২ ॥
অথ পুনর্ব্বিশেষতঃ স্নপনং ॥
হস্তমাত্রমিতে ভদ্রপীঠে ক্ষীরিতরূদ্ভবে।
বিন্যস্য স্নাপয়েদ্দেবং পঞ্চগব্যাদিভিস্ততঃ ॥ ৮৩ ॥
মাৎস্যে ॥
গজাশ্বরথ্যাবল্মীকবরাহোৎখাতমণ্ডলাৎ।

লক্ষণং কাঞ্চনেন লিখনাদি তত্র শ্রীবৎসলক্ষণাদি ॥ ৮২ ॥
ক্ষীরিতরবঃ ক্ষীরযুক্তবৃক্ষা উড়ুম্বরাদয়স্তদুদ্ভবে ॥ ৮৩ ॥

মন্ত্র যথা—"ওঁ নমো ভগবতে তুভ্যং শিবায় হরয়ে নমঃ।
হিরণ্যরেতসে বিষ্ণো বিষ্ণুরূপায় তে নমঃ" ॥
এই মন্ত্রটী সমস্ত দেবতার নেত্রজ্যোতিঃ সমূহে স্মৃত হইয়াছে। এই প্রকার দেবেশ্বরকে আমন্ত্রণ করিয়া কাঞ্চন দ্বারা লিখন করিয়া বিদ্বান্ ব্যক্তি মঙ্গল দ্রব্য সকল নিবেদন করিয়া বেদধ্বনি, গীত ও ঋদ্ধির নিমিত্ত অমঙ্গল নিবারণ করিবেন ॥ ৮২ ॥

অথ পুনর্ব্বার বিশেষ রূপে স্নান ॥

উড়ুম্বর কাষ্ঠ নির্ম্মিত হস্ত মাত্র পরিমিত ভদ্রপীঠে স্থাপন করিয়া পঞ্চগব্যাদি দ্বারা দেবকে স্নান করাইবে ॥ ৮৩ ॥

মৎস্যপুরাণে ॥

গজ, অশ্ব, চতুষ্পথ, বল্মীক, বরাহোৎখাত মণ্ডল, অগ্ন্যাগার, তীর্থ,

অগ্ন্যাগারাত্তথা তীর্থাৎ হ্রদাদ্গোমণ্ডলাদপি।
কুম্ভেষু মৃত্তিকাং দদ্যাদুদ্ধৃতাসীতি মন্ত্রবিৎ।
শন্নো দেবীত্যপাং মন্ত্রং আপোহিষ্ঠেতি যা ঋচঃ ॥ ৮৪ ॥
সাবিত্র্যাদায় গোমূত্রং গন্ধদ্বারেতি গোময়ং।
আপ্যায়স্বেতি চ ক্ষীরং দধিক্রাব্ণেতি বৈ দধি।
তেজোঽসীতি ঘৃতং তদ্বদ্দেবস্যত্বেতি চোদকং ॥ ৮৫ ॥
কুশমিশ্রং জপেদ্বিদ্বান্ পঞ্চগব্যং ভবেত্ততঃ ॥ ৮৬ ॥
স্নাপ্যাথ পঞ্চগব্যেন দধ্না শুদ্ধেন বৈ ততঃ।
দধিক্রাব্ণেতি মন্ত্রেণ কর্ত্তব্যমভিমন্ত্রণং।

মন্ত্রবিদিত্যুক্তং তন্মন্ত্রানেবাভিব্যঞ্জয়তি শন্ন ইতি। অপাং মন্ত্রো যঃ যাশ্চ আপো হিষ্ঠেতি ঋচঃ ত এব স্নানে মন্ত্রা ইত্যর্থঃ। অত্র পঞ্চগব্যপঞ্চকষায়েণেত্যাদি পূর্ব্বলিখিতমাৎস্যবচনাৎ পঞ্চগব্যাদিভিশ্চতুর্ভিঃ সমুদ্রজ্যেষ্ঠা ইত্যাদি মন্ত্রচতুষ্টয়েন যথাক্রমং পূর্ব্ববদাদৌ স্নপনমিতি কেষাঞ্চিৎ সতাং মতং ॥ ৮৪ ॥

অন্যানপি দর্শয়তি সাবিত্র্যাদিনা ॥ ৮৫ ॥

কুশমিশ্রমুদকং চ দেবস্যত্বেতি জপেৎ অভিমন্ত্রয়েৎ ॥ ৮৬ ॥

হ্রদ ও গোমণ্ডল এই সকল স্থানের মৃত্তিকা "উদ্ধৃতাসি" এই মন্ত্রে কুম্ভ সকলে দিবে। "শন্নো দেবীতি" এবং "আপোহিষ্ঠেতি" এই যে সকল মন্ত্র, ইহাদের দ্বারা জল ॥ ৮৪ ॥

"সাবিত্র্যাদি" মন্ত্র দ্বারা গোমূত্র "গন্ধদ্বারেতি" গোময়। "আপ্যায়স্বেতি" ক্ষীর। "দধিক্রাব্ণেতি" দধি। "তেজোঽসীতি" ঘৃত। "দেবস্যত্বা" ইতি জল ॥ ৮৫ ॥

বিদ্বান্ ব্যক্তি কুশমিশ্র জলকে "দেবস্যত্বেতি" মন্ত্র দ্বারা অভিমন্ত্রিত করিবেন ॥ ৮৬ ॥

পঞ্চগব্য দ্বারা স্নান করাইয়া তদনন্তর পঞ্চামৃত দ্বারা স্নান করাইবে। "দধিক্রাব্ণেতি" মন্ত্র দ্বারা দধি। "আপ্যায়স্বেতি" মন্ত্র দ্বারা দুগ্ধ।

আপ্যায়স্বেতি পয়সা তেজোঽসীতি ঘৃতেন চ।
মধুবাতেতি মধুনা ততঃ পুষ্পোদকেন চ।
সরস্বত্যৈ ভৈষজ্যেন কার্য্যং তস্যাভিমন্ত্রণং।
হিরণ্যাক্ষেতি মন্ত্রেণ স্নাপয়েদ্রত্নবারিণা।
কুশাম্ভসা ততঃ স্নানং দেবস্যত্বেতি কারয়েৎ।
ফলোদকেন চ স্নানমগ্ন আয়াহি কারয়েৎ।
ততস্তু গন্ধতোয়েন সাবিত্র্যা চাভিমন্ত্রয়েৎ ॥ ৮৭ ॥
ততো ঘটসহস্রেণ সহস্রার্দ্ধেন বা পুনঃ।
তস্যাপ্যর্দ্ধেন বা কুর্য্যাদথ বাষ্টশতেন বা।
চতুঃষষ্ট্যা তদর্দ্ধেন তদর্দ্ধেনাথ বা পুনঃ।
চতুর্ভিরথ বা কুর্য্যাদ্ঘটানামপি বিত্তবান্।
সৌবর্ণৈ রাজতৈর্বাপি তাম্রৈর্বা রীতিকোদ্ভবৈঃ।

অথ জপানন্তরং পঞ্চগব্যেন স্নপয়িত্বা পঞ্চামৃতস্নপনমাহ দধ্নেত্যাদি। তত্র চ শর্করাস্থানে পুষ্পোদকং জ্ঞেয়ং। তত্র সরস্বত্যৈ ভৈষজ্যেনেতি মন্ত্রঃ। এবং সর্ব্বত্রোহ্যং ॥ ৮৭ ॥

"তেজোঽসীতি" ঘৃত। "মধুবাতেতি" মধু। তদনন্তর শর্করা স্থানে পুষ্পোদক। "সরস্বত্যৈ ভৈষজ্যেনেতি" মন্ত্রে অভিমন্ত্রিত করিবে। অনন্তর "হিরণ্যাক্ষেতি" মন্ত্রে রত্নজল দ্বারা স্নান করাইবে। তদনন্তর "দেবস্যত্বেতি" মন্ত্রে কুশযুক্ত জল দ্বারা দেবকে স্নান করাইবে। "অগ্ন আয়াহি" এই মন্ত্রে ফলোদক দ্বারা স্নান করাইবে। তদনন্তর "সাবিত্রী" মন্ত্রে গন্ধজল দ্বারা অভিমন্ত্রিত করিবে ॥ ৮৭ ॥

তাহার পর বিত্তবান্ ব্যক্তি সহস্র বা সহস্রার্দ্ধ কিম্বা তাহার অর্দ্ধ অথবা অষ্টোত্তরশত কিম্বা চতুঃষষ্টি অথবা তাহার অর্দ্ধ কিম্বা তাহারও অর্দ্ধ অথবা চারি ঘট করিবেন। শক্তির অনুসারে স্বর্ণ, রজত, তাম্র,

কাংসৈর্বা পার্থিবৈর্বাপি স্নপনং শক্তিতো ভবেৎ ॥ ৮৮ ॥
সহদেবী বচা ব্যাঘ্রী বলা চাতিবলা তথা।
শঙ্খপুষ্পী তথা সিংহী অষ্টমী চ সুবর্চ্চলা।
মহৌষধ্যষ্টকং হ্যেতন্মহাস্নানেষু যোজয়েৎ।
যবগোধূমনীবারতিলশ্যামাকশাটয়ঃ।
প্রিয়ঙ্গবো ব্রীহয়শ্চ স্নানেষু পরিকল্পয়েৎ ॥ ৮৯ ॥
ভবিষ্যে ॥
পঞ্চগব্যং দধি ক্ষীরং তথা মধু ঘৃতং নৃপ।
রত্নবারি কুশাম্ভশ্চ ফলগন্ধাদিকং তথা ॥

অষ্টশতেন অষ্টোত্তরশতেনেত্যর্থঃ। ক্রমেণ সংখ্যান্ন্যনোক্তেঃ রীতিকং পিত্তলং ॥ ৮৮ ॥
সহদেব্যাদ্যোষধ্যষ্টকং যবাদিব্রীহ্যষ্টকং চ তথা কুম্ভেষু মৃত্তিকাদিকং দদ্যাদিতি পূর্ব্বোক্তের্গজস্থানাদিমৃত্তিকাষ্টকঞ্চ উক্তেষু কুম্ভেষু নিক্ষিপ্য সর্ব্বত্র স্নানে নিযোজয়েদিত্যর্থঃ। তত্র ব্যাঘ্রী ক্ষুদ্রবার্ত্তাকুঃ। সিংহী কণ্টকারিকা। শাটয়ঃ শালয়ঃ। প্রিয়ঙ্গবঃ কঙ্গবঃ। ব্রীহয়ঃ ষষ্টিকাঃ। পঞ্চগব্যাদিকং কষায়াদিভিঃ সহ গৃহ্নীয়াদিত্যুত্তরেণান্বয়ঃ। উপস্নানৈঃ স্নানোপযুক্তৈরিত্যর্থঃ। অষ্টমীং মৃত্তিকামিতি শেষঃ ॥ ৮৯ ॥

পিত্তল, কাংস্য অথবা মৃণ্ময় ঘটের দ্বারা স্নপন হইবে ॥ ৮৮ ॥

সহদেবী, বচা, ব্যাঘ্রী, বলা, অতিবলা, শঙ্খপুষ্পী, সিংহী ও সুবর্চ্চলা এই অষ্ট মহৌষধি স্নান সকলে প্রয়োগ করিবে। যব, গোধূম, নীবার, তিল, শ্যামাক, প্রিয়ঙ্গু ( কাই ধান্য ) ও ব্রীহি ( ষাটী ধান্য ) এই অষ্ট ব্রীহি স্নান সকলে কল্পনা করিবে ॥ ৮৯ ॥

ভবিষ্যপুরাণে ॥

হে নৃপ! পঞ্চগব্য, দধি, ক্ষীর, মধু, ঘৃত, রত্নবারি, কুশজল তথা ফল গন্ধাদি এই সকল স্নানোপযুক্ত কষায় এবং দিব্যৌষধির সহিত গ্রহণ করিবে ॥

উপস্নানৈঃ কষায়ৈশ্চ দিব্যৌষধিভিরেব চ।
বল্মীকাৎ পর্ব্বতাগ্রাচ্চ সরস্তীর্থাদ্ধ্রদাদ্গজাৎ।
অগ্ন্যাগারাত্তু গৃহ্নীয়াদষ্টমীঞ্চ চতুষ্পথাৎ।
উদ্ধৃতাসীতি মন্ত্রেণ মৃদয়া তু সমালভেৎ।
উপমানিকেতি প্রথমং মন্ত্রেণানেন লেপয়েৎ ॥ ৯০ ॥
স্নানমন্ত্রাংস্ততশ্চান্যান্ বক্ষ্যামি তে মহীপতে।
গায়ত্র্যা চৈব গোমূত্রং গন্ধদ্বারেতি গোময়ং।
আপ্যায়স্বেতি চ ক্ষীরং দধিক্রাব্নেতি বৈ দধি।
তেজোঽসি শুক্রমিত্যাজ্যং দেবস্যত্বা কুশোদকং।
এভিস্তু পঞ্চভির্মন্ত্রৈঃ প্রথমং স্নাপয়েদ্ধরিং।
দ্বিতীয়ে দধিক্রাব্নেতি দধ্না চ স্নানমাচরেৎ।
আপ্যায়স্বেতি মন্ত্রেণ ক্ষীরেণ স্নাপয়েদ্বুধঃ।

লেপয়েন্মৃদৈব ॥ ৯০ ॥

অপর বল্মীক, পর্ব্বতাগ্র, সরোবর, তীর্থ, হ্রদ, গজ, অগ্ন্যাগার ও চতুষ্পথ এই অষ্ট স্থান হইতে মৃত্তিকা গ্রহণ পূর্ব্বক "উদ্ধৃতাসি" এই মন্ত্র দ্বারা মর্দ্দন করত কার্য্যারম্ভ করিবে এবং "উপমানিকা" এই মন্ত্রে মৃত্তিকা দ্বারা প্রথম লেপন করিবে ॥ ৯০ ॥

হে মহীপতে! তোমাকে অন্যান্য স্নানমন্ত্র সকল বলিতেছি, গায়ত্রী দ্বারা গোমূত্র, "গন্ধদ্বারা" এই মন্ত্র দ্বারা গোময়, "আপ্যায়স্ব" এই মন্ত্র দ্বারা ক্ষীর। "দধিক্রাব্ন" এই মন্ত্র দ্বারা দধি। "তেজোঽসি শুক্রং" এই মন্ত্র দ্বারা ঘৃত। "দেবস্যত্বা" ইত্যাদি মন্ত্র দ্বারা কুশোদক। এই পাঁচ মন্ত্র দ্বারা প্রথমতঃ হরিকে স্নান করাইবে। দ্বিতীয় "দধিক্রাব্ন" এই মন্ত্রে দধি দ্বারা স্নান আচরণ করিবে। "আপ্যায়স্ব" এই মন্ত্রে পণ্ডিত ব্যক্তি ক্ষীর দ্বারা এবং "তেজোঽসি" এই মন্ত্রে তৎ-

তেজোঽসীতি ততঃ পশ্চাদ্ঘৃতেন স্নানমাচরেৎ ॥
তদন্তে মধুনা স্নানং মধুবাতা ঋতায়তে।
রত্নবারি ততঃ পশ্চাদ্ধিরণ্যাক্ষেতি মন্ত্রয়েৎ ॥
কুশাম্ভসা ততঃ স্নানং দেবস্যত্বেতি মন্ত্রয়েৎ।
ফলোদকৈস্ততঃ স্নানং অগ্ন আয়াহি বীতয়ে।
দদ্যাত্তু গন্ধতোয়ানি সাবিত্র্যা ত্বভিমন্ত্রয়েৎ।
কারয়েচ্চ মহাস্নানং ততঃ স্নানাদনন্তরং।
কলসানাং সহস্রেণ কুর্য্যাৎ পঞ্চশতেন বা।
অথবা তস্য সার্দ্ধেন তথা চাষ্টশতেন বা।
চতুঃষষ্ট্যা তদর্দ্ধেন ষোড়শৈরষ্টভিস্তথা।
যথালাভং যথাকালং যথাবিভবমাত্মনঃ।
অকালমূলৈঃ কলসৈঃ সুপক্কৈঃ সুদৃঢ়ৈর্ন বৈঃ।
রাজতৈস্তাম্রসৌবর্ণৈঃ কাংস্যৈরৈত্তিকপার্থিবৈঃ।
বলা চাতিবলা চৈব শঙ্খপুষ্পী সুবর্চ্চলা।
সহদেবী চ সিংহী চ বচা ব্যাঘ্রী তথৈব চ।

পশ্চাৎ স্নান করাইবে। তাহার পর "মধুবাতা ঋতায়তে" এই মন্ত্রে মধু দ্বারা স্নান। তৎপশ্চাৎ রত্নবারি "হিরণ্যাক্ষেতি" মন্ত্রে মন্ত্রিত করিবে। তদনন্তর কুশজল দ্বারা স্নান "দেবস্যত্বেতি" মন্ত্রে মন্ত্রিত করিবে। এই সকল মন্ত্রে মহাস্নান করাইয়া স্নানের পর সহস্র বা পঞ্চশত অথবা তাহার অর্দ্ধ কিম্বা অষ্টোত্তরশত অথবা চতুঃষষ্টি কিম্বা তাহার অর্দ্ধ অথবা যোড়শ কিম্বা অষ্ট কলস করিবে। যথালাভ, যেমন কাল অথবা আপনার যেমন বিভব, যাহার মূলদেশে কৃষ্ণবর্ণ নাই, তাদৃশ সুপক্ক, সুদৃঢ়, নূতন, রাজত, তাম্র, সৌবর্ণ, কাংস্য, পিত্তল ও মৃণ্ময় কলসে বালা, অতিবালা, শঙ্খপুষ্পী, সুবর্চ্চলা, সহদেবী, সিংহী, বচা ও ব্যাঘ্রী এই অষ্টোষধি দ্বারা

ওষধীনাং গণেনৈবং স্নাপয়েদ্দেবমচ্যুতমিতি ॥

অথ তত্রৈব বিশেষান্তরং ॥

ফলোদস্নপনাৎ পশ্চাচ্চূর্ণৈরুদ্বর্ত্ত্য শোভনৈঃ।
স্নাপয়িত্বা কদুষ্ণাদ্ভিঃ স্নাপয়েৎ শীতবারিণা ॥
চন্দনাদ্যৈর্বিলিপ্যাথ শুক্লমাল্যাম্বরাদিনা।
ভূষয়িত্বোপবীতং চ দন্তকাষ্ঠং তথার্পয়েৎ ॥ ৯১ ॥
ততশ্চ কারয়েৎ স্নানং সুগন্ধিসলিলাদিনা।
ইত্যেবমত্র বিজ্ঞেয়ো বিশেষঃ শিষ্টসম্মতঃ ॥ ৯২ ॥

তথাচ হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

ঘৃতেনাভ্যঞ্জয়েৎ পশ্চাৎ পঠন্ ঘৃতবতীং বুধঃ।

শোভনৈঃ যবাদিসম্ভবৈঃ সুগন্ধিদ্রব্যযুতৈশ্চন্দনেন আদ্যশব্দাৎ কুঙ্কুমাদিভিশ্চ মিশ্রিতৈর্বিলিপ্য যজ্ঞোপবীতং চ শুক্লমেবার্পয়েৎ। তথেতি সমুচ্চয়ে ॥ ৯১ ॥

ততঃ দন্তকাষ্ঠার্পণাদনন্তরং তু দদ্যাত্তু গন্ধতোয়ানীত্যাদিনা ফলোদকস্নানান্তরং যৎ সুগন্ধিসলিলাদিনা স্নানমুক্তং তৎকারয়েদিত্যর্থঃ। সুগন্ধিসলিলং চ তগরমুক্তকহ্রীবেরাগুরুতুরুষ্ক চন্দনকর্পূরকুঙ্কুমমৃগমদৈঃ পরমসুগন্ধিদ্রব্যৈঃ সংস্কৃতং জলং ॥ ৯২ ॥

অচ্যুতদেবকে স্নান করাইবে ॥

অথ ঐ ভবিষ্যপুরাণে বিশেষান্তর ॥

ফলোদকস্নানের পর যবাদি সম্ভব শোভন চূর্ণ দ্বারা উদ্বর্ত্তন এবং ঈষদুষ্ণজলে স্নান করাইয়া শীতলজলে স্নান করাইবে ॥

তৎপরে চন্দনাদি দ্বারা বিলেপন, শুক্লমাল্য তথা বস্ত্র দ্বারা ভূষিত করিয়া উপবীত ও দন্তকাষ্ঠ অর্পণ করিবে ॥ ৯১ ॥

তদনন্তর সুগন্ধি সলিল দ্বারা স্নান করাইবে, এই প্রকার এই স্থানে শিষ্টসম্মত বিশেষ জানিতে হইবে ॥ ৯২ ॥

এই বিষয়ের প্রমাণ হয়শীর্ষপঞ্চরাত্রে যথা ॥

পণ্ডিত ব্যক্তি নেত্রাভ্যঞ্জনের পর "ঘৃতবতীং" ইত্যাদি মন্ত্র পাঠ

মসূরচূর্ণেনোদ্বর্ত্তেদতো দেবেতি কীর্ত্তয়ন্।
ক্ষালয়েদুষ্ণতোয়েন সাপ্ততোয়েতি দেশিকঃ।
চন্দনেনানুলিপ্যেত দ্রুপদাদিব ইত্যৃচা।
নাদেয়ৈঃ স্নাপয়েত্তোয়ৈরাপোহিষ্ঠেতি দেশিকঃ।
স্নাপয়েদ্রত্নতোয়েন পাবমানীভিরেব চ।
সমুদ্রং গচ্ছ মন্ত্রেণ স্নাপয়েচ্চন্দনোদকৈঃ।
নাগকেশরতোয়েন শ্রীশ্চ তেত্যভিষেচয়েৎ ॥ ৯৩ ॥
গায়ত্র্যা পদ্মতোয়েন পঞ্চমৃত্তিকয়া ততঃ।
হিরণ্যবর্ণাঃ শুচয় ইতি মন্ত্রেণ সেচয়েৎ।
ইমং মেতি চ মন্ত্রেণ স্নাপয়েৎ সিকতাজলৈঃ।
বল্মীকতোয়েন হরিং তদ্বিষ্ণোরিতি স্নাপয়েৎ।
যা ওষধীতি মন্ত্রেণ স্নানমোষধিমঙ্গলং।

পশ্চাৎ নেত্রাভ্যঞ্জনাদনন্তরং শলাকয়া স্বুবর্ণস্যেত্যাদিশ্লোকস্য ঘৃতেনেত্যাদি পাঠাৎ ॥ ৯৩ ॥

করিয়া ঘৃত দ্বারা অভ্যঞ্জন করিবে। অনন্তর "দেবেতি" কীর্ত্তন করিয়া মসূরচূর্ণ দ্বারা উদ্বর্ত্তিত করিবেন। আচার্য্য "সাপ্ততোয়েতি" মন্ত্রে উষ্ণোদক দ্বারা ক্ষালিত করিবেন। "দ্রুপদাদিব" এই মন্ত্রে চন্দন দ্বারা অনুলেপন করিবেন এবং "আপোহিষ্ঠা" এই মন্ত্রে নদীর জল দ্বারা স্নান। "পাবমানীভিঃ" এই মন্ত্রে রত্নতোয় দ্বারা স্নান। "সামুদ্রং গচ্ছ" এই মন্ত্রে চন্দনোদক দ্বারা স্নান। "শ্রীশ্চ তে" এই মন্ত্রে নাগকেশর-পুষ্পের তোয় দ্বারা অভিষেচন করিবেন ॥ ৯৩ ॥

গায়ত্রী মন্ত্রে পদ্মতোয় অর্থাৎ পদ্মমূলমৃত্তিকাযুক্ত জল "হিরণ্যবর্ণাঃ শুচয়ঃ" এই মন্ত্রে পঞ্চমৃত্তিকামিশ্রিত জল। "ইমং মেতি" মন্ত্রে সিকতা জল। "তদ্বিষ্ণোঃ এই মন্ত্রে বল্মীকতোয়। "যা ওষধিঃ" এই মন্ত্র দ্বারা ওষধিমঙ্গলস্নান। "যজ্ঞযজ্ঞেতি" এই মন্ত্রে কষায়জ জল। "পয়ঃ

যজ্ঞযজ্ঞেতি মন্ত্রেণ দদ্যাৎ কাষায়জং জলং।
পয়ঃ পৃথিব্যা মন্ত্রেণ পঞ্চগব্যেন স্নাপয়েৎ ॥
যাঃ ফলিনীরিতি হরিং ফলতোয়েন সেচয়েৎ।
বিশ্বতশ্চক্ষুরিত্যুক্তে্বাত্তরকুম্ভেন সেচয়েৎ।
মূর্দ্ধানং দিবমন্ত্রেণ কুর্য্যাদুদ্বর্ত্তনং হরেঃ।
ধাত্রীফলং মুরামাংসীযুতং শিরসি স্নাপয়েৎ।
মানস্তোকেতি মন্ত্রেণ ততো গন্ধোদকৈঃ পুনঃ।
গন্ধদ্বারেতি মন্ত্রেণ ততঃ স্নপনমাচরেৎ ॥
একাশীতি পদন্যস্তৈর্ঘটৈর্মলয়ভূষিতৈঃ।
ইদমাপেতি মন্ত্রেণ সর্ব্বৈরেবাভিষেচয়েদিতি ॥ ৯৪ ॥
অথ পঞ্চকষায়াদিজলাদিস্নপনং সকৃৎ।

পদ্মতোয়েন পদ্মমূলমৃজ্জলেন। এবমন্যত্রাপি পূর্ব্বোক্তানুসারেণোহ্যং। পঞ্চমৃত্তিকাঃ তীর্থাদিস্থানপঞ্চকমৃদঃ তাভিশ্চ হিরণ্যেত্যাদিমন্ত্রেণাভিষেচয়েৎ। মৃত্তিকয়েত্যেকবচনান্তমার্ষং। ওষধিভির্মঙ্গলং যৎ তৎস্নানং ॥ ৯৪ ॥

পৃথিব্যা" এই মন্ত্রে পঞ্চগব্য। "যাঃ ফলিনী" এই মন্ত্রে ফলতোয়। "বিশ্বতশ্চক্ষুঃ" এই মন্ত্রে উত্তর কুম্ভের জল দ্বারা হরিকে স্নান করাইবেন ॥

"মূর্দ্ধানং দিব" এই মন্ত্র দ্বারা হরির উদ্বর্ত্তন করিবে। মুরামাংসযুত ধাত্রীফলমিশ্রিত জল দ্বারা মস্তক সেচন করিবে। "মানস্তোকেতি" এই মন্ত্রে গন্ধতোয় দ্বারা এবং "গন্ধদ্বারেতি" মন্ত্র দ্বারা পুনরায় স্নান করাইবে ॥

অপর একাশীতি পদন্যস্তমলয় ভূষিত ঘট সমুদায় দ্বারা "ইদমাপেতি" মন্ত্রে অভিষেচন করিবে ॥ ৯৪ ॥

অনন্তর পঞ্চকষায়াদি জলে একবারমাত্র স্নান করাইবে, অন্য সকল

কার্য্যমন্যচ্চ সকলং তথা লিখিতমেব তৎ ॥ ৯৫ ॥
ইতি স্নপনং ॥
অথ স্নপনমাহাত্ম্যং তত্রৈব ॥
এষ সাধারণঃ প্রোক্তঃ স্নপনস্য বিধির্ময়া।
য এবং বিধিবৎ কুর্য্যাৎ তস্য পুণ্যফলং শৃণু।
যাবন্তি জলবিন্দূনি মম গাত্রে নিবেশয়েৎ।

পূর্ব্বং শিল্পিপরিতোষণানন্তরং কুশাদ্যান্তরেণ হুস্তেত্যাদিনা স্নপনং লিখিতং পুনশ্চাধুনা বিশেষতঃ স্নপনমেতল্লিখিতং ইত্যেবং বারদ্বয়ং স্নপনং কেষাঞ্চিৎ সতাং পদ্ধতিকারাণাং সম্মত্যা-ঽলেখি। তত্র মাৎস্যে। ততো লিঙ্গমথার্চ্চাং চেত্যাদিনা স্নপনমেকমেবোক্ত্বা তদনন্তরমেব গন্ধবস্ত্রার্পণং ততশ্চোত্থাপনাদিকমুক্তং। অথাতঃ সংপ্রবক্ষ্যামি দেবস্নপনমুত্তমমিত্যাদিনা চান্তে কেবলস্নপনবিধির্বিবিচ্য বিস্তরেণ দর্শিতঃ। ভবিষ্যে চ। আনয়িত্বা তু দেবেশমিত্যাদিনা তথান্তে চ যথা কুর্য্যাত্তচ্চ সংক্ষেপতঃ শৃণ্বিত্যাদিনা চ প্রায়স্তথৈবোক্তং এবমেকমেব স্নপনং গম্যতে তথা ভগবতা শ্রীহয়শীর্ষ্ণাপি শিল্পিশালায়াং শুদ্ধতোয়মাত্রস্নপনমুক্ত্বা নেত্রভ্যঞ্জয়েৎ পশ্চাদিত্যাদিনা স্নপনমেকমেব বিবৃত্যোক্তং ইত্যেবমাদিকং প্রক্রিয়াগৌরবঞ্চ বিচার্য্য পূর্ব্ব-লিখিতং কেষাঞ্চিৎ পদ্ধতিকারাণাং পক্ষং নিরস্যন্নিব পক্ষান্তরং লিখতি অথবেতি। পঞ্চকষায়-পঞ্চগব্যাদিভিঃ স্নপনং যৎ তৎ সকৃৎ একবারমেব কার্য্যং। ন তু পূর্ব্বস্নপনাভাবেন তদনন্তর-লিখিতকৃত্যমপি ন বার্য্যং অপি তু তৎসর্ব্বং কর্ত্তব্যমেবেতি লিখতি অন্যচ্চেতি। তৎপূর্ব্ব-লিখিতঃ শ্রীনেত্রোন্মীলনাদিকং ॥ ৯৫ ॥

পূর্ব্বে লিখিত হইয়াছে ॥ ৯৫ ॥

ইতি স্নপন ॥

অথ স্নপনমাহাত্ম্য

ঐ হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

আমি এই স্নানের সাধারণ বিধি কহিলাম, যে ব্যক্তি এই প্রকার বিধিবৎ স্নান করান, তাঁহার পুণ্য বলি শ্রবণ কর। যত জলবিন্দু আমার

তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ॥ ৯৬ ॥

অথ শ্রীমূর্ত্ত্যুত্থাপনং ॥

ততশ্চ বিধিবদ্বিদ্বান্ সংপূজ্য বাহনাদিভিঃ।
ঔত্থাপনিকমন্ত্রেণ দেবমুত্থাপয়েচ্ছনৈঃ ॥ ৯৭ ॥

মাৎস্যে ॥

এবং স্নাপ্য ততো দেবং পূজ্য গন্ধানুলেপনৈঃ।
প্রচ্ছাদ্য বস্ত্রযুগ্মেন অভিবস্ত্রেত্যুদাহরন্।
উত্থাপয়েত্ততো দেবমুত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে ॥

ভবিষ্যে হয়শীর্ষে চ ॥

আবাহয়েত্ততো বিষ্ণুং শুক্লস্ফটিকসন্নিভং।

---

স্বর্গলোকে মহীয়তে ইতি বৈকুণ্ঠলোকং গচ্ছন্ পথি ইন্দ্রাদিভির্ভক্ত্যা বিশ্রময্য চিরমভ্যর্চ্চ্যত ইত্যর্থঃ ॥ ৯৬ ॥

ঔত্থাপনিকেন সম্বন্ধিনা মন্ত্রেণ এবমগ্রেঽপি ॥ ৯৭ ॥

স্নপনানন্তরমুত্থাপনপূর্ব্বকৃত্যমাহ আবাহেত্যাদিনা উচ্চরেদিত্যন্তেন। সর্ব্বং স্পষ্টার্থমেব।

---

গাত্রে অর্পণ করিবে, তৎপরে সহস্রবৎসর স্বর্গলোকে পূজিত হইবে॥৯৬

অথ শ্রীমূর্ত্ত্যুত্থাপন ॥

তদনন্তর বিদ্বান্ ব্যক্তি যথাবিধি বাহনাদির সহিত পূজা করিয়া ঔত্থাপনিক মন্ত্র দ্বারা ধীরে ধীরে দেবকে উত্থাপন করাইবেন ॥ ৯৭ ॥

মৎস্যপুরাণে ॥

এই প্রকার দেবকে স্নান এবং গন্ধানুলেপন দ্বারা পূজা করিয়া "অভিবস্ত্র" ইত্যাদি মন্ত্রে বস্ত্রযুগ্ম দ্বারা আচ্ছাদন পূর্ব্বক "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" এই বলিয়া দেবকে উত্থাপন করাইবেন ॥

ভবিষ্যপুরাণে ও হয়শীর্ষপঞ্চরাত্রেও ॥

তদনন্তর বিশুদ্ধ স্ফটিকসন্নিভ বিষ্ণুকে আবাহন করিবে। হে ভগবন্!

এহ্যেহি ভগবন্ বিষ্ণো লোকানুগ্রহকারক।
যজ্ঞভাগং গৃহাণেমং বাসুদেব নমোনমঃ॥
অনেনাবাহ্য দেবেশং কুর্য্যাৎ কৌতুকমোচনং।
মুঞ্চয়িত্বেতি মন্ত্রেণ দেশিকস্যাপি মোচয়েৎ॥
হিরণ্ময়েতি মন্ত্রেণ অর্য্যং দেবায় দাপয়েৎ।
অতো দেবেতি সূক্তেন পাদ্যং কৃষ্ণায় মন্ত্রিতং।
মধুবাতেতি মন্ত্রেণ মধুপর্কং নিবেদয়েৎ॥
ময়ি গৃহ্ণাতি মন্ত্রেণ দদ্যাদাচমনং বুধঃ।
অক্ষন্নমী মদং তেতি কিরেদ্দূর্ব্বাক্ষতং বুধঃ।
নির্ম্মঞ্ছনং ততঃ কুর্য্যাৎ কাণ্ডাৎ কাণ্ডেতি দেশিকঃ।
গন্ধং গন্ধবতীত্যেবমুন্নয়ামীতি মাল্যকং।

পিণ্ডিকায়ামপীতি চ যথা ভগবন্মূর্ত্তেঃ স্নপনাবাহনাদিকং কুর্য্যাত্তথা পিণ্ডিকায়া অপি স্নপনা-

হে বিষ্ণো! হে লোকানুগ্রহকারক! আপনি আগমন করুন, এই যজ্ঞভাগ গ্রহণ করুন, আপনি বাসুদেব আপনাকে নমস্কার নমস্কার॥

এই মন্ত্র দ্বারা দেবকে আবাহন করিয়া কৌতুক মোচন করিবেন এবং "মুঞ্চয়িত্বা" এই মন্ত্র দ্বারা আচার্য্যেরও কৌতুক মোচন করিবেন॥

"হিরণ্ময়েতি" মন্ত্র দ্বারা দেবকে অর্ঘ্য দিবেন। "অতো দেবেতি" মন্ত্র দ্বারা মন্ত্রপূত পাদ্য এবং "মধুবাতা" এই মন্ত্র দ্বারা কৃষ্ণকে মধুপর্ক নিবেদন করিবেন॥

পণ্ডিত ব্যক্তি "ময়ি গৃহ্ণাতি" মন্ত্র দ্বারা আচমন দিবেন। "অক্ষন্নমী মদং ত" এই মন্ত্র দ্বারা দূর্ব্বাক্ষত নিক্ষেপ। "কাণ্ডাৎ কাণ্ড" এই মন্ত্র দ্বারা আচার্য্য নির্ম্মঞ্ছন করিবেন। অনন্তর "গন্ধবতী" এই মন্ত্রে গন্ধ। "উন্নয়ামি" এই মন্ত্রে মাল্য। "ইদং বিষ্ণু" এই মন্ত্রে যজ্ঞো-

ইদং বিষ্ণুরিতি মন্ত্রেণ দদ্যাদযজ্ঞোপবীতকং।
বৃহস্পতেতি মন্ত্রেণ বস্ত্রযুগ্মে প্রদাপয়েৎ।
বেদাহমেকং পুরুষমুত্তরীয়ং নিবেদয়েৎ।
সফলীকরণং কুর্য্যাৎ পঠন্ ব্রতমহাব্রতং।
ওষধয়ঃ সংবদন্তে সপুষ্পকরণং ততঃ।
ধুরসীতি পঠন্ ভক্ত্যা ধূপং দদ্যাৎ সগুগ্গুলং।
বিভ্রাড়িতি চ সূক্তেন অঞ্জনং তু প্রদাপয়েৎ।
যুঞ্জন্তীতি চ মন্ত্রেণ রোচনাতিলকং তথা।
দদ্যাৎ পুষ্পাণি মাল্যানি দীর্ঘায়ুষ্টেতি মন্ত্রবিৎ।
ইন্দ্রচ্ছত্রেতি মন্ত্রেণ শ্বেতং ছত্রং প্রদাপয়েৎ।
আদর্শং তু বিরাজেন বিকর্ণেন তু চামরং।
রথান্তরেণাভরণং ব্যজনং বায়ুদৈবতৈঃ।
মুঞ্চামি ত্বেতি সূক্তেন পুষ্পমালার্চ্চনং ততঃ।
ততঃ স্তবীত গোবিন্দং মন্ত্রৈর্বেদাদিভির্বিভুং।

বাহনাদিকং কুর্য্যাদিত্যর্থঃ। এতচ্চাগ্রে পিণ্ডিকাশোধনে লেখ্যমেব। উত্থাপনং চ উত্তিষ্ঠেতি

পবীত। "বৃহস্পতে" এই মন্ত্রে বস্ত্রযুগ্ম। "বেদাহমেকং পুরুষং" এই মন্ত্রে উত্তরীয়। "ব্রতমহাব্রত" এই মন্ত্রে ক্রিয়াকে সফল করিবে। তদনন্তর "ওষধয়ঃ সংবদন্তে" সপুষ্পকরণ করিবেন। "ধুরসীতি" এই মন্ত্র পাঠপূর্ব্বক ভক্তিসহকারে সগুগ্গুলু ধূপ। "বিভ্রাড়িতি" এই মন্ত্র দ্বারা অঞ্জন। "যুঞ্জীন্তীতি" এই মন্ত্রে রোচনাতিলক। "দীর্ঘায়ুষ্ট" এই মন্ত্র দ্বারা পুষ্পমাল্য। "ইন্দ্রচ্ছত্রেতি" এই মন্ত্র দ্বারা শ্বেতছত্র। "বিরাজ" এই মন্ত্রে আদর্শ। "বিকর্ণ" এই মন্ত্র দ্বারা চামর। "রথান্তর" এই মন্ত্র দ্বারা আভরণ। "বায়ুদৈবতৈঃ" এই মন্ত্র দ্বারা ব্যজন। "মুঞ্চামি ত্বা" এই মন্ত্রে পুষ্পমালা দ্বারা অর্চ্চন করিবেন। তদনন্তর বেদাদি মন্ত্র দ্বারা বিভু গোবিন্দকে স্তব। তথা হে সুরোত্তম! পুরুষসূক্ত, বৃহৎ

তথা পুরুষসূক্তেন বৃহৎসাম্না সুরোত্তম।
শশিকর্ণীতি নবভিঃ সূক্তৈঃ সুরগণার্চ্চিতং।
শান্তাতীয়েন চ স্তুয়াদ্গুহ্যোপনিষদৈস্তথা।
সর্ব্বমেতৎ সমং কুর্য্যাৎ পিণ্ডিকায়ামপি দ্বিজ।
দেবস্যোত্থানসময়ে সৌপর্ণং সর্ব্বমুচ্চরেৎ ॥ ৯৮ ॥

অথ অধিবাসমণ্ডপে প্রবেশঃ ॥

মহতানেকবাদ্যেন পতাকাদিবিভূষিতং।
যানমারোহয়েদ্দেবমারোহণিকমন্ত্রতঃ।
আনীয় তোরণাভ্যাসমধিবাসনমণ্ডপং।
প্রাবেশনিকমন্ত্রেণ সুখং দেবং প্রবেশয়েৎ ॥ ৯৯ ॥

---

সমুত্থাপ্যেত্যগ্রে লেখ্যবাক্যাদুদ্দিষ্টমেব। তচ্চৈকপাদমাত্রত্বাদত্র ন লিখিতং ॥ ৯৮ ॥

পশ্চিমদ্বারেণ দেবং প্রবেশয়েদিতি সতাং মতং পিণ্ডিকামপি শ্রীমূর্ত্ত্যা সহ রথমারোপ্যাধিবাসনমণ্ডপং প্রবেশয়েদিতি। তথাবিধে পরে স্থানে ইত্যাদি শ্রীহয়শীর্ষোক্তেঃ। অগ্রে পিণ্ডিকাশোধনে লেখ্যানুসারেণ দ্রষ্টব্যং। তথা তত্রৈবৈকস্মিন্ মণ্ডপান্তঃপ্রদেশে নিবেশ্য তস্যা অধিবাসাদিকং চ বোদ্ধব্যং ॥ ৯৯ ॥

---

সাম এবং শশিকর্ণীতি নয়টী সূক্ত, তথা শান্তাতীয় সূক্ত ( মন্ত্র ) দ্বারা সুরগণার্চ্চিত দেবকে স্তব করিবে। অপর হে দ্বিজ! গুহ্য উপনিষৎ-সমূহ দ্বারা এই সমুদায় সমান করিবে এবং পিণ্ডিকাতেও দেবের উত্থাপন সময়ে সৌপর্ণ মন্ত্র সমুদায় উচ্চারণ করিবে ॥ ৯৮ ॥

অথ অধিবাসমণ্ডপে প্রবেশ ॥

অনেক মহৎ বাদ্যসহকারে পতাকাবিভূষিত রথে আরোহণিক মন্ত্র দ্বারা দেবকে আরোহণ করাইবে। তৎপরে তোরণের সমীপে অধিবাসনমণ্ডপে দেবকে আনয়ন করিয়া প্রাবেশনিক মন্ত্র দ্বারা সুখে প্রবেশ করাইবেন ॥ ৯৯ ॥

তথাচ তত্রৈব ॥

উত্তিষ্ঠেতি সমুত্থাপ্য কুর্য্যাদ্ব্রহ্মরথে শুভে।
শাকুনেন তু সূক্তেন মণ্ডপে সংনিধাপয়েৎ ॥

ভবিষ্যে ॥

রথে তিষ্ঠেতি মন্ত্রেণ রথমারোহয়েৎ প্রভুং।
শঙ্খদুন্দুভিনির্ঘোষৈঃ পতাকাভিরলঙ্কৃতং।
আরোপ্য সদৃশে যানে আনয়েত্তোরণান্তিকং।
প্রবেশয়েত্ততো দেবং স্থাপকঃ সংশিতব্রতঃ ॥

মাৎস্যে ॥

রথে ব্রহ্মরথে চাপি ধৃতং শিল্পিগণেন চ।
আরোপ্য চানয়েদ্বিদ্বানাকৃষ্টেন প্রবেশয়েৎ ॥ ১০০ ॥

ব্রহ্মরথে ব্রাহ্মণবাহ্যশিবিকাদি যানে ॥ ১০০ ॥

এই প্রকার হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

"উত্তিষ্ঠ" এই মন্ত্রে ব্রহ্মরথে উত্থাপন করিয়া শাকুনমন্ত্র দ্বারা মণ্ডপে প্রবেশ করাইবেন ॥

ভবিষ্যপুরাণে ॥

"রথে তিষ্ঠ" ইত্যাদি মন্ত্রে শঙ্খদুন্দুভিনির্ঘোষশব্দসহকারে পতাকালঙ্কৃত রথে প্রভুকে আরোহণ করাইবে। তদনন্তর সংশিতব্রত স্থাপক, সদৃশ যানে আরোহণ করাইয়া তোরণের নিকট আনয়ন করিয়া প্রবেশ করাইবেন ॥

মৎস্যপুরাণে ॥

বিদ্বান্ ব্যক্তি রথ অথবা ব্রাহ্মণবাহ্য রথে আরোহণ করাইয়া শিল্পিগণ দ্বারা দেবকে ধারণ পূর্ব্বক চালিত করিয়া "আকৃষ্ট" মন্ত্র দ্বারা প্রবেশ করাইবেন ॥ ১০০ ॥

শ্রীমূর্ত্তিস্থাপনপ্রকারঃ ॥

পাদ্মে ॥

কৃত্বা প্রাগগ্নিখিতৈর্দর্ভৈঃ প্রাগগ্রৈর্বংশপল্লবৈঃ।
পুষ্পৈর্বাস্তরণং কৃত্বা বস্ত্রেণাচ্ছাদয়েৎ গুরুঃ।
প্রাঙ্মুখং স্নাপয়িত্বাস্মিন্ দেবং কুর্য্যাৎ প্রদক্ষিণং।
নিদ্রাকুম্ভং শিরোদেশে ন্যসেদ্দত্ত্বোপধানকং ॥ ১০১ ॥
মধ্বাজ্যাক্তাংশ্চ সিদ্ধার্থান্ দত্ত্বা গাত্রাণি সংস্পৃশন্।
গন্ধপুষ্পৈঃ সমভ্যর্চ্চ্য দদ্যাৎ প্রতিসবং সিতং।
দেবং চাচ্ছাদ্য সদ্বস্ত্রৈশ্ছত্রাদীনি নিধায় চ।

অস্মিন্ বস্ত্রাচ্ছাদিতাস্তরণে ॥ ১০১ ॥

গাত্রাণি সংস্পৃন্ দেবস্থ দক্ষিণপার্শ্বে উপবিষ্টঃ। অগ্রে লেখ্যেন ওঁ আপ্যায়স্বেত্যাদিমন্ত্রদ্বয়েন দেবস্যাঙ্গান্যালভমানঃ সন্ দেবহস্তে প্রতিসবং সূত্রবিশেষং দদ্যাৎ আদিশব্দাৎ চামরব্যজনাদীনি তানি চাগ্রে ব্যক্তানি ভবিষ্যন্তি। শিষ্টাচারতঃ সায়ং দ্বারেষু চ চতুরো দীপান্ প্রদীপঞ্চ পঞ্চগব্যতীর্থোদকপূর্ণকুম্ভাংশ্চ চতুরঃ পাদয়োঃ দেবপাদান্তিকে ন্যস্তেৎ ধারয়েৎ। তথা

শ্রীমূর্ত্তিস্থাপনপ্রকার ॥

পদ্মপুরাণে ॥

গুরু পূর্ব্বলিখিত কুশ, প্রাগগ্র বংশপল্লব এবং পুষ্প দ্বারা আস্তরণ করিয়া বস্ত্র দ্বারা আচ্ছাদন করিবেন। তৎপরে পূর্ব্বমুখে দেবকে স্নান করাইয়া প্রদক্ষিণ করিবেন এবং উপধান দিয়া মস্তকদেশে নিদ্রাকুম্ভ স্থাপন করিবেন ॥ ১০১ ॥

মধু ও আজ্যমিশ্রিত শ্বেতসর্ষপ সকল প্রদান করিয়া দেবের অঙ্গ সকল স্পর্শ করত গন্ধ পুষ্প দ্বারা দেবের হস্তে শুক্ল প্রতিসব অর্থাৎ সূত্র বিশেষ অর্পণ করিবেন। তৎপরে উৎকৃষ্ট বস্ত্র দ্বারা দেবকে আচ্ছাদন ও ছত্রাদি প্রদান পূর্ব্বক সায়ংকালে দ্বারে চারিটী দীপ প্রজ্বলিত করিয়া

প্রজ্বাল্য চতুরো দীপান্ ন্যস্যেৎ কুম্ভাংশ্চ পাদয়োঃ।
ক্ষীরাদিকং নিবেদ্যাথ ভক্ষ্যপেয়াদিভিঃ শুভৈঃ।
মণ্ডপং তৎ প্রপূর্য্যাথ সর্ব্বতো বিতরেদ্বলিং ॥ ১০২ ॥
হয়শীর্ষে ॥
পুষ্পোপশোভিতে স্থানে চন্দ্রাতপবিভূষিতে।
মুক্তাহারৈর্লম্বমানে দীপমালোপশোভিতে।
ভক্ষ্যভোজ্যৈরনেকৈশ্চ সান্দ্রপল্লবশোভিতে।
দিব্যপর্য্যঙ্কন্যস্তায়াং তুলিকায়াং সুরোত্তম।
অতো দেবেতি মন্ত্রেণ শয্যায়াং স্থাপয়েদ্ধরিং।
তথাবিধে পরে স্থানে পিণ্ডিকাং সংনিবেশয়েৎ ॥ ১০৩ ॥

ক্ষীরং আদিশব্দেন ঘৃতং মধু চ। ওঁ অভিত্বাশূর নোনুম ইতি মন্ত্রেণ দেবপাদনিকটস্থানে নিবেদ্য তং অধিবাসমণ্ডপং বলিঞ্চ সর্ব্বতো ভুবি দদ্যাৎ। সন্ধ্যায়াং মধ্যরাত্রে উষসি চ দশদিক্ষু শক্রাদিভ্যঃ ভগবান্ প্রীয়তামিত্যভিধায়ঃ মাতৃবিঘ্নগণেভ্যশ্চ প্রত্যেকং পুষ্পাক্ষতমিশ্র-বলিং দদ্যাদিতি শিষ্টাচারতো জ্ঞেয়ং ॥ ১০২ ॥

মণ্ডপে সন্নিধাপয়েদিত্যুক্তং তদনন্তরকৃত্যমাহ পুষ্পোপশোভিত ইত্যাদিনা স্থানে ইতি মণ্ডপান্তরবেদিকায়ামিতি বোদ্ধব্যং ॥ ১০৩ ॥

পদদ্বয়ের সমীপে কুম্ভ সকল স্থাপন করিবেন। অনন্তর উৎকৃষ্ট ভক্ষ্য-পেয়াদির সহিত মণ্ডপ পরিপূর্ণ করিয়া সকল দিকে বলি বিতরণ করিবেন ॥ ১০২ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

হে দেবোত্তম! পুষ্পোপশোভিত, চন্দ্রাতপবিভূষিত, মুক্তাহারে লম্বমান ও দীপমালা দ্বারা উপশোভিত তথা অনেক ভক্ষ্য ভোজ্য ও সান্দ্র পল্লবশোভিত স্থানে দিব্য পর্য্যঙ্কের উপরি তূলিকা স্থাপন করিয়া "অতো দেব" এই মন্ত্র দ্বারা হরিকে শয্যায় স্থাপন এবং তথাবিধ অপর স্থানে পিণ্ডিকা নিবিষ্ট করিবেন ॥ ১০৩ ॥

শ্রায়ন্তীয়েন সূক্তেন শ্রীসূক্তেন নিবেশয়েৎ ।
নিদ্রাখ্যং কলসং রত্নগর্ভবস্ত্রযুগান্বিতং ।
খণ্ডকাদ্যৈরনেকৈশ্চ পূরয়েচ্চ সমন্ততঃ ॥ ১০৪ ॥

ভবিষ্যে ॥

প্রাগগ্রৈর্দর্ভবংশৈশ্চ রাজন্ দিব্যদলৈঃ শুভৈঃ ।
পুষ্পৈশ্চ রচয়েচ্ছয্যাং কোমলৈর্দিব্যপল্লবৈঃ ।
উপরিষ্টাচ্চ শয্যায়াং দেয়ং প্রস্তরণং শুভং ॥
দুকূলং পট্টসংছন্নকার্পাসং চাপ্যসম্ভবে ।
প্রদক্ষিণং ততঃ কুর্য্যাৎ স্থাপকঃ প্রযতঃ শুচিঃ ।
প্রাঙ্মুখন্তু ততঃ কৃত্বা ভদ্রপীঠে সুসংস্থিতে ।
পূরয়িত্বাম্ভসা স্বপ্নকলসং চাপ্যলঙ্কৃতং ।
সপুষ্পং সাক্ষতং কৃত্বা শিরোদেশে তু দাপয়েৎ ॥ ১০৫ ॥

পিণ্ডিকাং সংনিবেশয়েদিত্যুক্তং তচ্চ কেন মন্ত্রেণেত্যাহ শ্রায়ন্তীয়েনেতি ॥ ১০৪ ॥
দর্ভৈর্বংশৈশ্চ প্রস্তরণমাচ্ছাদনং ।　পূরয়িত্বা মণ্ডপং ॥ ১০৫ ॥

শ্রায়ন্তীয় সূক্ত এবং শ্রীসূক্তে প্রবেশ করাইবে। তৎপরে রত্নগর্ব্ভ ও বস্ত্রযুগান্বিত নিদ্রাখ্য কলস অনেক খণ্ডকাদি দ্বারা সর্ব্বতোভাবে পূর্ণ করিবে ॥ ১০৪ ॥

ভবিষ্যে ॥

হে রাজন্! প্রাগগ্র কুশ, বংশের দিব্যদল, পুষ্প ও উৎকৃষ্ট কোমল পল্লব সকল দ্বারা শয্যা রচনা করিবে। দুকূল ও পট্টসংছন্ন কার্পাস অসম্ভব হইলে ঐ শয্যার উপরিভাগে প্রস্তরণ দিবে ॥

তদনন্তর স্থাপক প্রযত ও শুচি হইয়া প্রদক্ষিণ করিবেন, তাহার পর পূর্ব্বমুখ করিয়া সংস্থাপিত ভদ্রপীঠে জলপূর্ণ স্বর্ণকলস অলঙ্কৃত, সপুষ্প ও সাক্ষত করিয়া দেবের শিরোদেশে প্রদান করাইবেন ॥ ১০৫ ॥

শিরোদেবীতি মন্ত্রেণ মাতরঃ শুন্ধয়ন্তু চ।
ততঃ শিরোন্নতে ভূয় উপধানসমন্বিতে।
শয়নে কারয়েৎ দেবং বিধিদৃষ্টেন কর্ম্মণা।
মধুনা সর্পিষাভ্যজ্য দদ্যাৎ সিদ্ধার্থকান্ শুভান্।
স্থিত্বা চ দক্ষিণে পার্শ্বে মন্ত্রং চ সমুদাহরেৎ॥
আপ্যায়স্বেতি মন্ত্রেণ যা তে রুদ্রে শিবেতি চ।
সর্ব্বাঙ্গঞ্চ সমানেভ্যো দদ্যাৎ পুষ্পং নরাধিপ।
শ্বেতান্ প্রতিসবান্ দদ্যাৎ মন্ত্রেণৈব নরাধিপ।
বৃহস্পতয়ে ত্বা মহ্যং মন্ত্রেণ পরিবেষ্টয়েৎ॥
দুকূলপট্টকার্পাসৈস্তথা বল্কজরোমজৈঃ।
চিত্রপট্টৈর্বিচিত্রৈশ্চ ছাদয়েত সমন্ততঃ।
চামরং ব্যজনং ছত্রং বিতানঞ্চ সুশোভনং।

ভদ্রপীঠোপরি দেবস্য শিরোদেশে নিদ্রাকুম্ভং দাপয়েৎ। তত্র মন্ত্রদ্বয়ং শিরোদেবীত্যাদি।

তদনন্তর "শিরোদেবী ও মাতরঃ শুন্ধয়ন্তু" এই দুই মন্ত্র দ্বারা বিধি-দৃষ্ট কর্ম্মানুসারে শিরোন্নত ভূষণ উপধানসমন্বিত শয়নে দেবকে স্থাপন করিবেন। মধু ঘৃতমিশ্র শুভ সিদ্ধার্থ অর্থাৎ শ্বেতসর্ষপ দিবেন, দক্ষিণ-পার্শ্বে স্থিত হইয়া মন্ত্র উচ্চারণ করিবেন॥

হে নরাধিপ! "আপ্যায়স্ব এবং যা তে রুদ্রে শিব ও সর্ব্বাঙ্গঞ্চ সমা-নেভ্যঃ" ইত্যাদি মন্ত্র উচ্চারণ পূর্ব্বক পুষ্প দিবে। হে নরাধিপ! মন্ত্র দ্বারা শ্বেত প্রতিসব প্রদান করিবে। "বৃহস্পতয়ে ত্বা মহ্যং" এই মন্ত্র দ্বারা পরিবেষ্টিত করিবে॥

তদনন্তর দুকূল, পট্ট, কার্পাস, বল্কলজ, রোমজ এবং বিচিত্র চিত্র পট্ট দ্বারা সর্ব্বতোভাবে আচ্ছাদন করিবে। তৎপরে চামর, ব্যজন, ছত্র, শোভন চন্দ্রাতপ, দর্পণ তথা রত্ন ও ওষধি পার্শ্বদেশে স্থাপন করিবে এবং

দর্পণং পার্শ্বতঃ স্থাপ্যং রত্নান্যোষধয়স্তথা।
গৃহোপকরণৈশ্চান্যৈঃ সমন্তাৎ পরিবারয়েৎ।
ভক্ষ্যভোজ্যান্নপানৈশ্চ ষড়্বিধৈশ্চ বিশেষতঃ।
সমন্তাৎ কারয়েত্তত্র মণ্ডপঞ্চ সুশোভনং॥
প্রকীর্ণশ্চাপ্রকীর্ণশ্চ দাতব্যো দেবসন্নিধৌ।
ত্র্যম্বকং যজামহেতি সর্ব্বমেতদ্ধি কারয়েৎ॥
মাৎস্যে॥
ততঃ প্রাস্তীর্য্য শয্যায়াং স্থাপয়েচ্ছনকৈর্ভুবি।
কুশেষ্বাস্তীর্য্য পুষ্পাণি স্নাপয়েৎ প্রাঙ্মুখং ততঃ॥
ততস্তু নিদ্রাকলসং বস্ত্রকাঞ্চনসংযুতং।
শিরোভাগে তু দেবস্য জপন্নেব নিধাপয়েৎ।
আপো দেবীতি মন্ত্রেণ আপোঽস্মান্মাতরোঽপি চ।

---

শির উন্নতং তস্মাত্তস্মিন্ সন্ধিরার্ষং তৎপ্রকারমেবাহ। উপাধানেন শুভং যথা স্যাত্তথাস্থিতে। শুভান্ গৌরবর্ণান্ সিদ্ধার্থানেব মধুসর্পির্ভ্যাং অভ্যজ্য অভ্যুক্ষ্য সর্ব্বাঙ্গং দেবস্য গাত্রাণি সম্যক্

---

অন্যান্য গ্রহোপকরণ দ্বারা পরিবারিত করিবে। বিশেষরূপে ষড়্বিধ ভোক্ষ্য ভোজ্য অন্নপান দ্বারা সর্ব্বতোভাবে মণ্ডপকে সুশোভিত করিবে॥

অনন্তর প্রকীর্ণ ও অপ্রকীর্ণ এই দুইটী দেবের সন্নিধানে সমর্পণ করিবে। "ত্র্যম্বকং যজামহে" এই মন্ত্র দ্বারা সমুদায় কার্য্য করিবেন॥

মৎস্যপুরাণে॥

তদনন্তর ভূমিতে শয্যা বিস্তীর্ণ করিয়া তাহাতে স্থাপন করিবে। কুশ সকলে পুষ্প বিস্তীর্ণ করিয়া দেবকে পূর্ব্বমুখে স্নান করাইবে॥

তদনন্তর বস্ত্র কাঞ্চনসংযুক্ত নিদ্রাকলস জাপ করিতে করিতে অর্থাৎ "আপোদেবীতি এবং আপোঽস্মান্মাতরঃ" এই মন্ত্র দ্বারা দেবের শিরো-

ততো দুকূলপট্টৈশ্চাচ্ছাদ্য নেত্রোপধানকং।
দদ্যাৎ শিরসি দেবস্য কৌশেয়ং বা বিচক্ষণঃ ॥
মধুনা সর্পিষাভ্যজ্য দেবং সিদ্ধার্থকৈস্ততঃ।
আপ্যায়স্বেতি মন্ত্রেণ যাতরুদ্রো শিবেতি চ।
উপবিশ্যার্চ্চয়েদ্দেবং গন্ধপুষ্পৈঃ সমন্ততঃ।
সিতং প্রতিসবং দদ্যাৎ বার্হস্পত্যেতি মন্ত্রতঃ।
দুকূলপট্টৈঃ কার্পাসৈর্নানাচিত্রৈরথাপি বা।
আচ্ছাদ্য দেবং সর্ব্বত্র ছত্রং চামরদর্পণং।
পার্শ্বে তু স্থাপয়েত্তত্র বিতানং পুষ্পসংযুতং।
রত্নান্যোষধয়স্তদ্বদ্গৃহোপকরণানি চ ॥
ভাজনানি বিচিত্রাণি শয়নান্যাসনানি চ।

আলভ্য স্পৃষ্ট্বা বৃহস্পতয়ে ইতি মন্ত্রেণ দুকূলপট্টাদিভির্দেবমাচ্ছাদয়েৎ। দেবস্য পার্শ্বতশ্ছত্রাদিকং

ভাগে স্থাপন করিবে ॥

তদনন্তর বিচক্ষণ ব্যক্তি দুকূল পট্টবস্ত্র দ্বারা নেত্রোপধানক আচ্ছাদন করিয়া দেবের শিরোদেশে কৌশেয় বস্ত্র প্রদান করিবেন ॥

তৎপরে মধু ও ঘৃত দ্বারা শ্বেতসর্ষপমিশ্রিত করিয়া "আপ্যায়স্ব এবং যাতরুদ্র শিব" এই মন্ত্র দ্বারা অর্পণ করিবে এবং উপবেশন পূর্ব্বক গন্ধ পুষ্প দ্বারা সর্ব্বতোভাবে দেবকে পূজা করিবে। তৎপরে শুক্লবর্ণ প্রতিসব অর্থাৎ সূত্রবিশেষ (হস্তবন্ধন সূত্র) "বার্হস্পত্য" এই মন্ত্র দ্বারা অর্পণ করিবে। তদনন্তর দুকূল পট্টবস্ত্র ও নানাচিত্র বিচিত্র কার্পাসবস্ত্র দ্বারা দেবকে আচ্ছাদন করিয়া সকল স্থানে ছত্র, চামর ও দর্পণ তথা পার্শ্বদেশে পুষ্পসংযুক্ত বিতান এবং রত্ন, ওষধি ও গৃহোপকরণ সকল স্থাপন করিবে ॥

অপর "অভিত্বা শূর" এই মন্ত্র দ্বারা নিজের বিভবানুসারে বিচিত্র

অভিত্বা শূরমন্ত্রেণ যথাবিভবতো ন্যসেৎ ।
ক্ষীরং ক্ষৌদ্রং ঘৃতং তদ্বদ্ভক্ষ্যং ভোজ্যঞ্চ পায়সং ।
ষড়্‌বিধৈশ্চ রসৈস্তদ্বৎ সমন্তাৎ পরিপূরয়েৎ ॥ ১০৬ ॥
বলিং দদ্যাৎ প্রযত্নেন মন্ত্রেণানেন ভূরিশঃ ।
ত্র্যম্বকং যজামহ ইতি সর্ব্বতঃ শনকৈর্ভুবি ॥ ১০৭ ॥
অথ শ্রীমূর্ত্ত্যধিবাসনং ॥
ভূতশুদ্ধিং ততঃ কৃত্বা ন্যাসজাতং বিধায় চ ।
ধ্যাত্বা তত্ত্বং পরং কুর্য্যাৎ সজীবকরণং বুধঃ ।
পূজয়েচ্চ ততো দেবং সাঙ্গং সপরিবারকং ।

---

স্থাপনীয়ং। প্রকীর্য্য যো বলির্দীয়তে স প্রকীর্ণ ওদনাদিঃ। তদিতরশ্চাপ্রকীর্ণঃ ॥ ১০৬ ॥

বলিং সর্ব্বতো ভুবি শনকৈর্দদ্যাৎ ॥ ১০৭ ॥

তস্য তস্য ভূতশুদ্ধিকরণাদের্বিশেষশ্চ অশ্বশিরসঃ শ্রীহয়শীর্ষস্য পঞ্চরাত্রতো বিস্তরেণ জ্ঞেয়ঃ। তত্রৈকত্রৈব ব্যক্তত্বাদত্র চ গ্রন্থবিস্তরভয়ান্নলিখ্যত ইতি ভাবঃ। যদ্যপি মাৎস্যভবিষ্যয়োর্ভূতশুদ্ধ্যাদিকমেতদত্র বিশিষ্য নোক্তমস্তি তথাপি ভগবচ্ছ্রীহয়শীর্ষোক্তিপ্রমাণ্যেনাত্র লিখিতং। এবং শ্রীহয়শীর্ষানুক্তমপি ব্রাহ্মণস্থাপনাদি মাৎস্যভবিষ্যোক্তিপ্রামাণ্যেন শিষ্টাদৃতত্বাদগ্রে লেখ্যং।

---

ভাজন, শয়ন ও আসন প্রভৃতি বিন্যস্ত করিবে। তৎপরে ক্ষীর, মধু, ঘৃত, ভক্ষ্য, ভোজ্য ও পায়স এই ষড়্‌বিধ রস দ্বারা সকলদিক্ পরিপূর্ণ করিয়া রাখিবে ॥ ১০৬ ॥

"ত্র্যম্বকং যজামহে" এই মন্ত্র দ্বারা সকল ভূমিতে যত্ন সহকারে ধীরে ধীরে ভূরি পরিমাণে বলি প্রদান করিবে ॥ ১০৭ ॥

অথ শ্রীমূর্ত্তির অধিবাসন ॥

অনন্তর ভূতশুদ্ধি ও ন্যাস সমুদায় বিধান পূর্ব্বক পণ্ডিত ব্যক্তি পরম-তত্ত্ব ধ্যান করিয়া সজীবকরণ অর্থাৎ প্রাণ প্রতিষ্ঠা করিবেন। তদনন্তর

তত্তদ্বিশেষোবিজ্ঞেয়োঽশ্বশিরঃপঞ্চরাত্রতঃ ॥ ১০৮ ॥
অথ ব্রাহ্মণস্থাপনং ॥
আচার্য্যঃ স্থাপয়েদ্বিদ্বান্ মূর্ত্তিপাংস্তত্র মণ্ডপে।
চতুরো ব্রহ্মণো হোতৄনৃত্বিজো জাপিনস্তথা।
রক্ষকাংশ্চ চতুর্দ্বাৰ্ষু চতুরঃ স্থাপয়েদ্বুধঃ।
একং পুরুষসূক্তস্য জাপকং মণ্ডপান্তরে ॥
আচার্য্যেণ সমাদিষ্টাঃ স্ব স্ব স্থানে স্থিতাশ্চ তে।
স্ব স্ব প্রয়োজনং কুর্য্যুঃ শিষ্টাচারানুসারতঃ ॥ ১০৯ ॥
মাৎস্যে ॥

এবমন্যত্রাপ্যূহ্যং ॥ ১০৮ ॥
তথেতি হোত্রাদীংশ্চতুর এবেত্যর্থঃ। পুরুষসূক্তজাপকং চৈকং মণ্ডপাভ্যন্তরে স্থাপয়েৎ। শিষ্টাচারানুসারত ইতি জপহোমাদৌ মৎস্যপুরাণাদিবচনৈর্মন্ত্রাদিভেদতো বিরোধে নিজসৎ-সম্প্রদায়ব্যবহারোঽনুসর্ত্তব্য ইত্যর্থঃ। এবং সর্ব্বত্রৈব জ্ঞেয়ং ॥ ১০৯ ॥

সাঙ্গ ও সপরিবার দেবকে পূজা করিবেন, এই সকলের বিশেষ বিধি হয়শীর্ষপঞ্চরাত্র হইতে পরিজ্ঞাত হইবেন ॥ ১০৮ ॥

অথ ব্রাহ্মণস্থাপন ॥

বিদ্বান্ আচার্য্য মণ্ডপ মধ্যে মূর্ত্তিপ সকলকে স্থাপন করিবেন। তৎ-পরে চারিজন ব্রহ্মা, চারিজন হোতা, চারিজন ঋত্বিক্ ও চারিজন জাপক এবং চারি দ্বারে চারিজন রক্ষক তথা মণ্ডপ মধ্যে আর এক জন পুরুষ-সূক্ত জাপক স্থাপন করিবেন ॥

ঐ সকল ব্যক্তি আচার্য্য কর্তৃক আদিষ্ট হইয়া স্ব স্ব স্থানে অবস্থান পূর্ব্বক শিষ্টাচারানুসারে স্ব স্ব প্রয়োজন কার্য্য করিবেন ॥ ১০৯ ॥

মৎস্যপুরাণে ॥

মূর্ত্তিপান্ স্থাপয়েত্তত্র সর্ব্বদিক্ষু বিচক্ষণঃ।
চতুরোদ্বারপালাংশ্চ দ্বারেষু বিনিবেশয়েৎ ॥ ১১০ ॥
অথ দ্বারেষু জপনিয়মঃ ॥
মাৎস্যে ॥
শ্রীসূক্তং পাবমানং তু সোমসূক্তং সুমঙ্গলং।
তথাচ শান্তিকাধ্যায়মিন্দ্রসূক্তং তথৈব চ।
রক্ষোঘ্নং চ তথা সূক্তং পূর্ব্বতোবহ্বৃচোজপেৎ ॥ ১১১ ॥
রুদ্রান্ পুরুষসূক্তঞ্চ শ্লোকাধ্যায়ং সসুক্রিয়ং।
তথৈব মণ্ডলাধ্যায়মধ্বর্য্যুর্দক্ষিণে জপেৎ ॥ ১১২ ॥

সর্ব্বাসু অষ্টসু দিক্ষু তথাচ ভবিষ্যে। মূর্ত্তিপান্ স্থাপয়েৎ পশ্চাদ্দিশাসু বিদিশাসু চেতি। সমানার্থত্বাত্তদেতদর্দ্ধপদ্যং ন সংগৃহীতং। এবমন্যত্রাপি জ্ঞেয়ং ॥ ১১০ ॥

শ্রীসূক্তাদিকং পূর্ব্বতঃ পূর্ব্বদ্বারি বহ্বৃচো জপেদিতি সার্দ্ধেনান্বয়ঃ। তত্র শ্রীসূক্তং হিরণ্যবর্ণাং হরিণামিত্যাদি। পাবমানং আদিষ্টযামাদিষ্টয়েত্যাদি। সোমসূক্তং ত্বং সোমমহেত্যাদি সুমঙ্গলং কালিহ্রদজন্তুষামিত্যাদি শান্তিকাধ্যায়ং শক্রো ইন্দ্রাগ্নীত্যাদি। ইন্দ্রসূক্তং যো জাত এবেত্যাদি রক্ষোঘ্নসূক্তং চ কৃনু অপাজ ইত্যাদি ॥ ১১১ ॥

রুদ্রান্ নমস্তে রুদ্র ইত্যাদি। পুরুষসূক্তং সহস্রশীর্ষেত্যাদি। শ্লোকাধ্যায়ং দেব সবিতরিত্যাদি সুক্রিয়ং ঋতং বাচং প্রপদ্যে ইত্যাদি। মঙ্গলাধ্যায়ঞ্চ আদিত্যো বা এষ এতন্মণ্ডলমিত্যাদি তৈত্তিরীয়কে প্রসিদ্ধং ॥ ১১২ ॥

বিচক্ষণ ব্যক্তি ঐ মণ্ডপের সকলদিকে মূর্ত্তিরক্ষকদিগকে স্থাপন এবং চারি দ্বারে চারি জন দ্বারপালকে নিবিষ্ট করিবেন ॥ ১১০ ॥

অথ দ্বারসকলে জপের নিয়ম ॥

মৎস্যপুরাণে ॥

শ্রীসূক্ত, পাবমান, সোমসূক্ত, সুমঙ্গল, শান্তিকাধ্যায়, ইন্দ্রসূক্ত তথা রক্ষোঘ্ন সূক্ত বহ্বৃচ পূর্ব্ব দ্বারে জপ করিবেন ॥ ১১১ ॥

রুদ্র, পুরুষসূক্ত, শ্লোকাধ্যায়, সসুক্রিয় মঙ্গলাধ্যায় অধ্বর্য্যু দক্ষিণ দ্বারে জপ করিবেন ॥ ১১২ ॥

বামদেব্যং বৃহৎসাম জ্যেষ্ঠং সাম রথন্তরং।
তথা পুরুষসূক্তঞ্চ রুদ্রসূক্তং সশান্তিকং।
ভারুণ্ডানি চ সামানি ছন্দোগঃ পশ্চিমে জপেৎ ॥ ১১৩ ॥
অথর্ব্বাঙ্গিরসং তদ্বন্নীলরুদ্রং তথৈব চ।
তথাপরাজিতাং দেবীং মধুসূক্তং সরৌদ্রকং।
তথৈব শান্তিকাধ্যায়মধ্বর্য্যুশ্চোত্তরে জপেৎ ॥ ১১৪ ॥
ভবিষ্যে ॥
শ্রীসূক্তং পাবমানঞ্চ তাম্যং দাম্যঞ্চ বাজিনং।

বামদেব্যং কয়ানশ্চিত্রমিত্যস্যামৃচি গীতং সাম। বৃহৎসামে ত্বামিদ্ধিহ বামহ ইত্যস্যাং গীতং। জ্যেষ্ঠসামমূর্দ্ধানং দেবো অবতিমিত্যস্যাং গীতং। রথন্তরং অভিত্বা শূরনোনুম ইত্যস্যাং গীতং। রুদ্রসূক্তং সংহিতা আগ্নেয়ারাজতত্ত্বোবর্গ আজ্যদোহানি দেবব্রতানি চেত্যেতৎ। সশান্তিকং শান্তিকাধ্যায়সহিতং। ভারুণ্ডানি সামানি চ ইমং স্তোম ইত্যাদিনি ॥ ১১৩ ॥
আথর্ব্বাণং সূক্তং দোষাগায়েত্যাদি আঙ্গিরসং সূক্তং অঙ্গিরসো জন্মানীত্যাদি নীলরুদ্রং রুদ্রং জনেত্যাদি অপরাজিতাং দেবীং পরিবর্ত্তমানেত্যাদি। মধুসূক্তং মধুবাতারিতায়ত ইত্যাদি। রুদ্রসূক্তং ভবা সর্ব্বো মৃড়ং তমানিয়াতমিত্যাদি ॥ ১১৪ ॥
তাম্যসূক্তং নাসদাসীদিতি সপ্তর্চ্চং। দাম্যসূক্তং সোমো রুদ্রা ইতি চতুর্দ্ধচং বাজিসূক্তং চতুস্ত্রিংশদ্বাজিন ইতি। বৃষাকপিং বিহিসোতোরসৃক্ষতেত্যাদি মৈত্রসূক্তং মিত্রো জনান্

বামদেব্য, বৃহৎসাম, জ্যেষ্ঠসাম, রথন্তর, পুরুষসূক্ত, রুদ্রসূক্ত, শান্তিকাধ্যায় সহিত ভারুণ্ড সাম ছন্দোগ পশ্চিম দ্বারে জপ করিবেন ॥ ১১৩ ॥
আথর্ব্বাণসূক্ত, আঙ্গিরসসূক্ত, নীলরুদ্র, অপরাজিতা দেবী, মধুসূক্ত, রুদ্রসূক্ত ও শান্তিকাধ্যায় অধ্বর্য্যু উত্তর দ্বারে জপ করিবেন ॥ ১১৪ ॥

ভবিষ্যপুরাণে ॥

শ্রীসূক্ত, পাবমান, তাম্য, দাম্য, বাজি, বৃষাকপি ও মৈত্রসূক্ত, বহ্বৃচ

বৃষাকপিঞ্চ মৈত্রঞ্চ বহ্বৃচঃ পশ্চিমে জপেৎ ॥ ১১৫ ॥
দেবব্রতং পুরুষগতিং জ্যেষ্ঠসাম রথন্তরং ।
ভারুণ্ডানি চ সামানি বামদেব্যং তথৈব চ ।
উত্তরাং দিশমাস্থায় ছন্দোগস্তজ্জপেৎ সদা ॥ ১১৬ ॥
রুদ্রান্ পুরুষসূক্তং চ শ্লোকাধ্যায়ং সসুক্রিয়ং ।
ব্রাহ্মণং মৈত্রমন্ত্রঞ্চ অধ্বর্য্যুঃ পূর্ব্বতো জপেৎ ॥ ১১৭ ॥
অথর্ব্বাঙ্গিরসঞ্চৈব শিবসূক্তং তথৈব চ ।
নীলরুদ্রঞ্চ বৈ মন্ত্রমথর্ব্বা দক্ষিণে জপেৎ ॥ ১১৮ ॥
বিষ্ণুকল্পং পরিষদং পঞ্চরাত্রানুগামিনং ।
স্তোত্রমন্ত্রবিদশ্চাথ পঠেয়ুর্দক্ষিণে সদা ॥ ১১৯ ॥

---

পালয়তীতি ন বর্চ্চং ॥ ১১৫ ॥

দেবব্রতং অধিকপতায়ীত্যাদি পুরুষগতিং পুরুষসূক্তং ॥ ১১৬ ॥

ব্রহ্মসূক্তং আব্রহ্মন্নিতি মিত্রসূক্তং মৈত্রস্য চর্ষণীবৃত ইতি। ইন্দ্রসূক্তং আশুঃ শিশান ইত্যাদি ॥ ১১৭ ॥

অথর্ব্বাঙ্গিরসঃ আথর্ব্বণসূক্তং আঙ্গিরসসূক্তঞ্চ ॥ ১১৮ ॥

পঞ্চরাত্রানুগবৈষ্ণবস্তোত্রং মন্ত্রং চ বিদন্তীতি তে তথা ॥ ১১৯ ॥

---

পশ্চিম দ্বারে জপ করিবেন ॥ ১১৫ ॥

দেবব্রত, পুরুষসূক্ত, জ্যেষ্ঠসাম, রথন্তর, ভারুণ্ড, সাম ও বামদেবসূক্ত ছন্দোগ উত্তরদিক্ অবলম্বন করিয়া সর্ব্বদা জপ করিবেন ॥ ১১৬ ॥

রুদ্রসূক্ত, পুরুষসূক্ত, সসুক্রিয় শ্লোকাধ্যায়, ব্রহ্মসূক্ত, মৈত্রসূক্ত ও ইন্দ্রসূক্ত অধ্বর্য্যু পূর্ব্বদিকে জপ করিবেন ॥ ১১৭ ॥

আথর্ব্বণসূক্ত, আঙ্গিরসসূক্ত, শিবসূক্ত ও নীলরুদ্র মন্ত্র অথর্ব্বা দক্ষিণদিকে জপ করিবেন ॥ ১১৮ ॥

বিষ্ণুকল্প, পরিষদ ও পঞ্চরাত্রানুগামিস্তোত্র এবং মন্ত্রবেত্তাগণ সর্ব্বদা দক্ষিণ দ্বারে পাঠ করিবেন ॥ ১১৯ ॥

মধ্যে পুরুষসূক্তঞ্চ প্রজপেদ্দর্ভজাপকঃ।
জপেয়ুঃ শান্তিকাধ্যায়ং দ্বার্ষু তে জাপকাঃ পুনঃ ॥ ১২০ ॥
অথ হোমঃ ॥
ব্রহ্মাদীংস্তত্র চাচার্য্যো যথাস্থানং নিবেশ্য তান্।
হোমং কুর্য্যান্নিজে কুণ্ডে তে চ কর্য্যুর্যথাবিধি ॥
ভবিষ্যে তদ্বিশেষঃ ॥
শিরঃস্থানে তু কৃষ্ণস্য আচার্য্যো হোমমাচরেৎ।
শান্তিকৈঃ পৌষ্টিকৈশ্চাপি মন্ত্রৈর্ব্যাহৃতিভিস্তথা।

মধ্যে প্রাসাদাভ্যন্তরে মণ্ডপমধ্যে বা পুনরিতি অথাচার্য্যেণ তু পুনশ্চ জপতেত্যাদিষ্টাশ্চত্বারস্তে দ্বারজাপকাশ্চতুর্দ্বারেষু পুনঃ শান্তিকাধ্যায়ং জপেয়ুরিত্যর্থঃ ॥ ১২০ ॥
তত্র মণ্ডপাভ্যন্তরে ব্রহ্মাদীন্ চতুরো ব্রহ্মণো হোতৄংশ্চ যথাস্থানং স্বস্বকুণ্ডে যথোচিতং নিবেশ্য উপবেশ্য আচার্য্যশ্চ দেবশিরঃস্থানবর্ত্তিনিজকুণ্ডসমীপস্থঃ তত্র হোমং যথাবিধি কুর্য্যাৎ তে চ ব্রহ্মাদয়ো যথাবিধি হোমং কুর্য্যুঃ। বিধিশ্চায়ং। সর্ব্ব এব স্বস্বগৃহ্য বিধিনাগ্নিস্থাপন-ব্রহ্মোপবেশনাদিং কুণ্ডিকাং কৃত্বা স্রুক্স্রুবপূর্ণপাত্রপ্রণীতা আজ্যস্থালী সমিদাজ্য তিলযবকুশবর্হির্বিধ্যাদিকং চ কুণ্ডেষু কল্পয়েয়ুঃ। ততঃ স্থাপকো গ্রহবেদ্যাং গ্রহযজ্ঞোক্তবিধিনা তত্তন্মন্ত্রেণ সূর্য্যাদিদ্বাত্রিংশদ্দেবতাঃ সংস্থাপ্য যথাবিহিতং পুষ্পনৈবেদ্যাদিভিঃ সংপূজ্য নিজকুণ্ডেঽগ্নিস্থাপনাদিকুশণ্ডিকা কৃত্বা আঘারাবাজ্যভাগাদিকং হুত্বা পলাশোড়ুম্বরাশ্বত্থাপামার্গশমীসমিধং প্রত্যেকং প্রথমং

মণ্ডপের মধ্যে দর্ভজাপক পুরুষসূক্ত জপ করিবেন এবং পূর্ব্বোক্ত দ্বারজাপকগণ পুনরায় সকল দ্বারে শান্তিকাধ্যায় জপ করিবেন ॥ ১২০ ॥

অথ হোম ॥

আচার্য্য ব্রহ্মা প্রভৃতি হোতৃচতুষ্টয়কে যথাস্থানে নিবিষ্ট করিয়া আপনার কুণ্ডে হোম করিবেন ও পূর্ব্বোক্ত ব্রহ্মাদি ইহাঁরাও যথাবিধি হোম করিবেন ॥

ভবিষ্যপুরাণে ঐ হোমের বিশেষ বিবরণ ॥

আচার্য্য কৃষ্ণের শিরঃস্থানে হোম করিবেন, তথা শান্তিক, পৌষ্টিক

পলাশোড়ুম্বরাশ্বত্থমপামার্গং শমীং তথা।
সহস্রমেকং হুত্বা চ বিষ্ণুপাদৌ স্পৃশেত্ততঃ।
দ্বিতীয়ং তু ততো হুত্বা সমিদ্ভিস্তাবদেব তু।
মধ্যে তু সংস্পৃশেদ্দেবং মূর্দ্ধ্নি চৈবং ক্রমেণ তু॥ ১২১॥
হোময়েয়ুস্ততঃ সর্ব্বে মূর্ত্তিপাঃ স্বদিগাশ্রিতাঃ।
অনন্তাদি-শিবান্তাশ্চ অষ্টৌ যে চক্রবর্ত্তিনঃ।
তেষাং মন্ত্রৈশ্চ হোতব্যা জপ্তব্যাশ্চ যথাক্রমং॥
মাৎস্যে॥
শিরঃস্থানে তু দেবস্য স্থাপকো হোমমাচরেৎ।

মহাব্যাহৃতিভিরাহুতিচতুষ্টয়ং। ততঃ শন্ন ইন্দ্রাগ্নী ভবতামরোহভিরিত্যাদিভিঃ শান্তিকৈস্ত্রিভিরাহুতিত্রয়ং। ততঃ ওঁ পুষ্টির্নবত্বা ওঁ ময়স্কানৌ অমীবহা ইতি ওঁ ত্র্যম্বকং যজামহ ইত্যেতৈস্ত্রিভিঃ পৌষ্টিকৈরাহুতিত্রয়ং। এবমাবৃত্তিক্রমেণৈকৈকং সহস্রং হুত্বা যথাক্রমং দেবস্য পাদয়োর্নাভৌ মধ্যে বক্ষসি শিরসি চ স্পৃশেৎ। তথাহোতারোহপি স্বস্বগৃহোক্তবিধিনা আঘারাবাজ্যভাগাদিকং চ হুত্বা নবগ্রহসমিধামষ্টোত্তরশতমষ্টাবিংশতিমষ্টৌ বা গ্রহেভ্যো হুত্বা অথ ইন্দ্রাদিলোকপালেভ্যো হুত্বা তথা বসুধাদ্যষ্টমূর্ত্তিভ্যো মূর্ত্ত্যধিদেবেভ্যশ্চ সর্ব্বাদিভ্যস্তত্তদ্বৈদিকমন্ত্রৈর্হোমং কর্য্যুরিত্যাদি। এষ চাগ্রে ভবিষ্যাদিবচনতো ব্যক্তো ভাবী॥ ১২১॥

ও মহাব্যাহৃতি মন্ত্র দ্বারা পলাশ, উড়ুম্বর, অশ্বত্থ, অপামার্গ ও শমীকাষ্ঠ একসহস্র হোম করিয়া শ্রীবিষ্ণুর পাদদ্বয় স্পর্শ করিবেন। তদনন্তর সমিধ সকলের দ্বারা উক্ত সংখ্যক দ্বিতীয় হোম করিয়া দেবের মধ্যভাগে ও মস্তকে ক্রমে স্পর্শ করিবেন॥ ১২১॥

অনন্তর মূর্ত্তিপ সকল অনন্ত হইতে শিব পর্য্যন্ত আটটী যে চক্রবর্ত্তী, যথাক্রমে তাঁহাদের মন্ত্র দ্বারা হোম ও তাঁহাদের মন্ত্র জপ করিবেন॥

মৎস্যপুরাণে॥

স্থাপক দেবের শিরঃস্থানে হোম করিবেন, যথা—মহাব্যাহৃতিপূর্ব্বক

শান্তিকৈঃ পৌষ্টিকৈস্তদ্বন্মন্ত্রৈর্ব্যাহৃতিপূর্ব্বকৈঃ।
পলাশোড়ুম্বরাশ্বত্থমপামার্গং শমীং তথা।
হুত্বা সহস্রমেকৈকং দেবং পাদে তু সংস্পৃশেৎ॥
ততো হোমসহস্রেণ হুত্বা হুত্বা ততস্ততঃ।
নাভিমধ্যং তথা বক্ষঃ শিরশ্চাপ্যালভেৎ পুনঃ॥
কিঞ্চ॥
মূর্ত্তিপা লোকপালেভ্যো মূর্ত্তিভ্যঃ ক্রমশস্ততঃ।
তথা মূর্ত্ত্যধিদেবেভ্যো হোমং কুর্য্যুঃ সমন্ততঃ॥
বসুধা বসুরেতাশ্চ যজমানো দিবাকরঃ।
জলং বায়ুস্তথা সোম আকাশং চাষ্টমং মতং।
দেবস্থ মূর্ত্তয়ো হ্যষ্টাবেতাঃ কুণ্ডেষু সংস্মরেৎ॥

অনন্ত আদির্যেষাং শিবশ্চান্তে যেষাং তে চামী তে চ। অনন্তঃ সূক্ষ্মোঽপরাজিত একনেত্র-

শান্তিক ও পৌষ্টিক মন্ত্র দ্বারা পলাশ, উড়ুম্বর, অশ্বত্থ, অপামার্গ এবং শমী একসহস্র হোম করিয়া দেবের চরণদ্বয় স্পর্শ করিবেন॥

তদনন্তর সহস্র হোম করিয়া পুনর্ব্বার দেবের নাভিমধ্য, বক্ষঃ এবং মস্তক স্পর্শ করিবেন॥

আরও॥

মূর্ত্তিপ সকল ক্রমেতে লোকপালদিগকে এবং মূর্ত্তিসংজ্ঞক দেবতাদিগকে অর্থাৎ নিম্নোক্ত বসুধা প্রভৃতিকে এবং মূর্ত্ত্যধিদেবতা অর্থাৎ নিম্নোক্ত ঐ বসুধা প্রভৃতির অধিপতি সর্ব্ব প্রভৃতি দেবতাদিগকে আহুতি প্রদান করিবেন॥

অনন্তর মূর্ত্তিসংজ্ঞক দেবতা কহিতেছেন, বসুধা, বসুরেতাঃ, যজমান, দিবাকর, জল, বায়ু, সোম ও আকাশ দেবের এই অষ্টমূর্ত্তি কুণ্ড সকলেতে স্মরণ করিবেন॥

এতাসামধিপান্ বক্ষ্যে যৈর্ব্বিপ্রা মূর্ত্তিপা মতাঃ।
পৃথিবীং পাতি শর্ব্বস্তু পশুপশ্চাগ্নিমেব তু।
যজমানং তথৈবোগ্রো রুদ্রশ্চাদিত্যমেব চ।
ভবো জলং সদা পাতি বায়ুমীশান এব চ।
মহাদেবস্তথা চন্দ্রং ভীমশ্চাকাশমেব চ।
সর্ব্বদেবপ্রতিষ্ঠা তু মূর্ত্তিপা হ্যেত এব তু ॥ ১২২ ॥
এতেভ্যো বৈদিকৈর্ম্মন্ত্রৈর্যথাস্বং হোমমাচরেৎ ॥ ১২৩ ॥
হয়শীর্ষে চ ॥
কৃত্বাগ্নিং বৈষ্ণবৈর্ম্মন্ত্রৈঃ কুর্য্যাচ্ছান্ত্যুদকং বুধঃ।
তৎসিক্ত্বা প্রতিমা মূর্দ্ধ্নি বহ্নিপ্রণয়নং কুরু ॥

একমূর্ত্তিস্ত্রিমূর্ত্তিঃ শ্রীকণ্ঠঃ শিবশ্চেতি। তে স্বস্বমন্ত্রৈর্নামভির্ব্বা হোতব্যাঃ তেষাং মন্ত্রাশ্চ জপ্তব্যাঃ ॥ ১২২ ॥

যথাস্বং যথাক্রমং। যথাস্বং মন্ত্রঞ্চ আচরেদিত্যনেনাচার্য্যোঽপি তত্তদ্ধোমং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১২৩ ॥

এই সকলের অধিপতি বলিতেছি, যাহাদিগের দ্বারা বিপ্রগণ মূর্ত্তিপ বলিয়া সম্মত হয়েন। শর্ব্ব পৃথিবীকে, পশুপ অগ্নিকে, উগ্র যজমানকে, রুদ্র আদিত্যকে, ভব জলকে, ঈশান বায়ুকে, মহাদেব চন্দ্রকে এবং ভীম আকাশকে সর্ব্বদা রক্ষা করেন। সকল প্রতিষ্ঠায় এই সকলকে মূর্ত্তিপ বলা যায় ॥ ১২২ ॥

আচার্য্য যথাক্রমে বৈদিকমন্ত্র দ্বারা এই সকলকে হোম করিবেন ॥ ১২৩ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

পণ্ডিত ব্যক্তি বৈষ্ণবমন্ত্র দ্বারা অগ্নি করিয়া শান্তিজল করিবেন, ঐ জল প্রতিমার মস্তকে সেচন করিয়া অগ্নি স্থাপন করিবেন ॥

দক্ষিণেঽগ্নিভূতমিতি কুণ্ডেঽগ্নিং প্রণয়েদ্বুধঃ।
অগ্নিময়ী তু পূর্ব্বে তু কুণ্ডেঽগ্নিং প্রণয়েদ্বুধঃ।
উত্তরে প্রণয়েদগ্নিমগ্নিমগ্নিং তু ধীমহি।
অগ্নিপ্রণয়নে মন্ত্রস্ত্বমগ্নে ত্বিতি পশ্চিমে॥
পলাশসমিধানাং তু ঘৃতাক্তানাং মহানলে।
অষ্টোত্তরসহস্রং তু কুণ্ডে কুণ্ডে তু হোময়েৎ॥ ১২৪॥
বেদাদিমন্ত্রৈর্দেবেশ ততো ব্রীহীংস্তু হোময়েৎ।
তিলানাং ঘৃতযুক্তানাং কুণ্ডে কুণ্ডে তু মূর্ত্তিপাঃ॥
সহস্রৈকং ব্যাহৃতিভির্জ্জুহুয়ুঃ সাজ্যমক্ষতং।
মূলমন্ত্রেণ জুহুয়ুঃ স্বাহান্তেন সুরোত্তম।
অষ্টোত্তরসহস্রং তু কুণ্ডে কুণ্ডে যথাবিধি।

অগ্নিভূতমিতি মন্ত্রেণ দক্ষিণে কুণ্ডে অগ্নিং প্রণয়েৎ। অগ্নিময়ীতি মন্ত্রেণ অগ্নিং অগ্নিং তু

"অগ্নিভূত" এই মন্ত্র দ্বারা দক্ষিণকুণ্ডে অগ্নিসংস্কার করিবেন। উত্তরকুণ্ডে "অগ্নিমগ্নিং ধীমহি" এবং "মন্ত্রস্ত্বমগ্নে ত্বিতি" এই মন্ত্র দ্বারা পশ্চিমকুণ্ডে অগ্নিসংস্কার করিবেন॥

অনন্তর কুণ্ডে কুণ্ডে মহাগ্নিতে অষ্টোত্তরসহস্র ঘৃতাক্ত পলাশকাষ্ঠ সকল হোম করিবেন॥ ১২৪॥

হে দেবেশ! তদনন্তর মূর্ত্তিপগণ কুণ্ডে কুণ্ডে ব্রীহি ও ঘৃতযুক্ত তিল সকল হোম করিবেন॥

হে দেবোত্তম! ব্যাহৃতি দ্বারা একসহস্র ঘৃতযুক্ত অক্ষতকে হোম করিবেন। তৎপরে যথাবিধি স্বাহান্ত মূলমন্ত্র দ্বারা কুণ্ডে কুণ্ডে অষ্টোত্তরসহস্র হোম করিবেন, ইহার নাম ঘৃতহোম॥ শান্তিহোম বলি শ্রবণ করুন। দ্বাদশাক্ষর মন্ত্রে তিল ও মধু দ্বারা হোম করিবেন। তৎপরে স্বয়ং আচার্য্য যথাক্রমে পদদ্বয়, নাভি, হৃদয় ও মস্তক এই চারি অঙ্গে ঘৃত,

ঘৃতহোমমিদং প্রোক্তং শান্তিহোমমতঃ শৃণু।
মধুরত্রিতয়েনাথ জুহুয়াদ্বাদশাক্ষরৈঃ।
পাদৌ নাভিং হৃচ্ছিরশ্চ স্পৃশেদ্ধুত্বা যথাক্রমং।
ঘৃতং দধি পয়শ্চৈব মাক্ষিকং দেশিকঃ স্বয়ং।
প্রতিলোমং স্পৃশেচ্চাপি হুত্বা তু মধুরত্রয়ং।
শতমষ্টোত্তরং হুত্বা বিষ্ণুং শিরসি সংস্পৃশেৎ॥
তথৈব হুত্বা পঞ্চাশৎ হৃদয়ে সংস্পৃশেদ্ধরিং।
ততোঽষ্টাবিংশতিং হুত্বা নাভিদেশে হরিং স্পৃশেৎ।
অষ্টাবষ্টৌ ততো হুত্বা পাদাঙ্গুষ্ঠৌ তু সংস্পৃশেৎ॥ ১২৫॥

অথ শান্তিঘটোদস্নানাদি॥

দেবং শান্তিঘটস্থেন সংপাতাহুতিপাথসা।
সংস্নাপ্য দত্ত্বা বস্ত্রাদীন্যধিবাসং সমাপয়েৎ॥

তথাচ ভবিষ্যে॥

ধীমহীতি মন্ত্রেণ। প্রতিলোমং শির আদি ক্রমেণেত্যর্থঃ। তদেবাভিব্যঞ্জয়ন্ তত্র তত্র হোম-সংখ্যামাহ শতমিত্তি দ্বাভ্যাং॥ ১২৫॥

দধি, দুগ্ধ ও মধু এই সকল স্পর্শ করাইয়া হোম করিবেন। তৎপরে প্রতিলোম অর্থাৎ মস্তকাদি ক্রমে স্পর্শ পূর্ব্বক একশত অষ্টোত্তর হোম করিয়া বিষ্ণুর মস্তক স্পর্শ করিবেন॥

ঐ প্রকার পঞ্চাশৎ হোম করিয়া হৃদয়ে হরিকে স্পর্শ করিবেন। তদনন্তর অষ্টাবিংশতি হোম করিয়া নাভিদেশে হরিকে স্পর্শ করিবেন, তাহার পর আট আট বার হোম করিয়া হরির দুই পদের অঙ্গুষ্ঠ স্পর্শ করিবেন॥ ১২৫॥

অথ শান্তিঘটোদকস্নানাদি॥

শান্তিঘটস্থ সংপাত আহুতির জল দ্বারা দেবকে স্নান করাইয়া বস্ত্রাদি অধিবাস সমাপন করিবেন॥

ভবিষ্যপুরাণে॥

শান্তিতোয়ঘটং গৃহ্য সংপাতাহুতিজং তথা।
তেন পাদৌ তু দেবস্য শিরঃপ্রক্ষাল্য যত্নতঃ।
স্থিতঞ্চ স্থাপয়েত্তত্র সংপাতাহুতিবারিণা।
পুনঃ প্রচ্ছাদয়েচ্চৈব ধূপং দদ্যাৎ সগুগ্‌গুলং।
নিবেদ্য চ হবিষ্যান্নং তথা মোদকসংযুতং।
ব্রাহ্মণান্ পূজয়েৎ সর্ব্বং শেষানন্যাংশ্চ কামতঃ।
রাত্রৌ মহোৎসবঃ কার্য্যঃ শঙ্খভের্য্যাদিনিস্বনৈঃ।
গায়নৈর্নর্ত্তনৈশ্চৈব ব্রহ্মঘোষৈস্তথৈব চ।
পুরতো বৈষ্ণবান্ ধর্ম্মান্ শ্রাবয়েদ্বাচকস্তথা।
ত্রিরাত্রমেকরাত্রং বা কুর্য্যাত্তত্রাধিবাসনং॥
মাৎস্যে॥
ততঃ শান্তিঘটং কুর্য্যাৎ প্রতিকুণ্ডেষু সর্ব্বতঃ।
শতান্তে বা সহস্রান্তে স্রুক্‌পূর্ণাহুতিরিষ্যতে।

সম্পাত আহুতিজনিত শান্তিজলের ঘট গ্রহণ করিয়া যত্নপূর্ব্বক তাহারা দেবের চরণদ্বয় ও মস্তক প্রক্ষালন করিয়া সম্পাত-অহুতি-বারি দ্বারা সেই স্থানে স্থিতকে স্থাপন করিবেন। পুনরায় আচ্ছাদন করিয়া সগুগ্‌গুলু ধূপ তথা মোদকসংযুক্ত হবিষ্যান্ন নিবেদন করিয়া অগ্রে ব্রাহ্মণ-দিগকে পূজা করত অবশিষ্ট অন্যান্যকে স্বেচ্ছানুসারে পূজা করিবেন। তদনন্তর শঙ্খভেরী প্রভৃতির ধ্বনি ও গান, নর্ত্তন এবং বেদধ্বনিসহকারে রাত্রিতে মহোৎসব করিবেন তথা বাচক ( বক্তা ) অগ্রে বৈষ্ণবধর্ম্ম সকল শ্রবণ করাইবেন, এইরূপে তিন রাত্র বা এক রাত্র অধিবাসন করিবেন॥

মৎস্যপুরাণে॥

তদনন্তর সকলদিকের প্রত্যেক কুণ্ডে শান্তিঘট করিয়া সহস্র আহুতি বা শত আহুতির অন্তে স্রুক্‌পূর্ণাহুতি প্রদান করিবে। হোম-

সমাপ্যাহুতিমূর্দ্ধস্থঃ প্রশান্তাত্মা বিনিক্ষিপেৎ ॥
আহুতীনাং তু সংপাতং পূর্ণকুম্ভেষু বিন্যসেৎ।
মূলমধ্যোত্তমাঙ্গেষু দেবং তেনাবসেচয়েৎ ॥
স্থিতঞ্চ স্থাপয়েত্তেন সংপাতাহুতিবারিণা ॥ ১২৬ ॥
প্রতিযামেষু ধূপং চ নৈবেদ্যং চন্দনোদকং।
পুনঃ পুনঃ প্রকুর্ব্বীত হোমঃ কার্য্যঃ পুনঃ পুনঃ।
পুনঃ পুনশ্চ দাতব্যা যজমানেন দক্ষিণা।
সিতবস্ত্রৈশ্চ তে সর্ব্বে পূজনীয়াঃ সমন্ততঃ।
বিচিত্রহেমকটকৈর্হেমসূত্রাঙ্গুরীয়কৈঃ।
বাসোভিঃ শয়নীয়ৈশ্চ প্রতিযামেষু শক্তিতঃ।
ভোজনং চাপি দাতব্যং যাবৎ স্যাদধিবাসনং।

সম্পাতাহুতের্যৎ পাথো জলং তেন। তৎসাধনপ্রকারশ্চাগ্রে মাৎস্যবচনতো ব্যক্তো ভাবী। সম্পাতাহুতিজলং চ শান্তিঘটে দেবস্য স্থাপনানন্তরং স্নানার্থং কিঞ্চিদবশিষ্টং কার্য্যমিতি তস্যান্তে স্নাপয়েত্তেন সংপাতাহুতিবারিণেতি স্নাপনানন্তরং অগ্রে লেখ্যভবিষ্যানুসারেণ জ্ঞেয়ং ॥ ১২৬ ॥

সমাপনান্তের পর ঊর্দ্ধস্থিত হইয়া আহুতি নিক্ষেপ করিবেন। আহুতি সকলের সম্পাত পূর্ণকুম্ভ সকলে বিন্যস্ত করিবেন, ঐ জলদ্বারা দেবের মূল, মধ্য ও উত্তমাঙ্গকে সেচন করিবেন এবং সেই সম্পাত জলদ্বারা স্থিতকে স্থাপন করিবেন ॥ ১২৬ ॥

প্রত্যেক প্রহরে পুনঃ পুনঃ ধূপ, নৈবেদ্য এবং চন্দনোদক ও পুনঃ পুনঃ হোম তথা যজমান ঋত্বিক্‌দিগকে পুনঃ পুনঃ দক্ষিণা প্রদান করিবেন এবং শুক্লবস্ত্র দ্বারা ঐ সকল ঋত্বিক্‌গণকে সর্ব্বতোভাবে পূজা করিবেন।

শক্তি অনুসারে প্রতিপ্রহরে বিচিত্র হেমকটক ( বলয় ) হেমসূত্র, হেমাঙ্গুরীয়ক, বস্ত্র ও শয্যা প্রভৃতি দ্বারা আচার্য্য প্রভৃতিকে পুনঃ পুনঃ পূজা করিবেন এবং অধিবাসন পর্য্যন্ত ভোজনও প্রদান করিবেন ॥

ত্রিসন্ধ্যং বলয়োদেয়াভূতেভ্যঃ সর্ব্বতোদিশং।
ব্রাহ্মণান্ ভোজয়েৎ পূর্ব্বং শেষান্ বর্ণাংস্তু কামতঃ।
রাত্রৌ মহোৎসবঃ কার্য্যো নৃত্যগীতকমঙ্গলৈঃ ॥ ১২৭ ॥
ত্রিরাত্রমেকরাত্রং বা পঞ্চরাত্রমথাপি বা।
সপ্তরাত্রমথো কুর্য্যাৎ ক্বচিৎ সদ্যোঽধিবাসনং ॥ ১২৮ ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে চ ॥
যাগমণ্ডপমাসাদ্য দক্ষিণদ্বারগোচরে।
উত্তরাভিমুখাঃ স্থাপ্যাশ্চতস্রো ধেনবোঽনব।
গঙ্গেতি প্রথমা খ্যাতা দ্বিতীয়া যমুনেতি চ।
গোদাবরী তৃতীয়া চ চতুর্থী তু সরস্বতী।
দোহনং বিষ্ণুগায়ত্র্যা কৃত্বা পশ্চাৎ চরুং শ্রয়েৎ।

ঋত্বিগ্ভ্যো দক্ষিণা দাতব্যা। তে চাচার্য্যাদয়ঃ সর্ব্বে পুনঃ পুনঃ পূজনীয়া ইত্যেবং প্রতি-ষামং যথোক্তং হোমাদিদেবপূজান্তো বিধিরাবর্ত্তনীয় ইত্যর্থঃ ॥ ১২৭ ॥

ক্বচিৎ সদ্যোঽধিবাসনমিতি চলমূর্ত্ত্যভিপ্রায়েণ দেশকালাদ্যপেক্ষয়া ॥ ১২৮ ॥

ত্রিসন্ধ্যা সকলদিকে ভূতগণকে বলি দিবেন, তৎপরে অগ্রে ব্রাহ্মণ-দিগকে ভোজন করাইয়া পরে ইচ্ছানুসারে অন্যান্য জাতিকেও ভোজন করাইবেন, তৎপরে গীত, নৃত্য ও মঙ্গলধ্বনি সহকারে রাত্রিতে মহোৎসব করিবেন ॥ ১২৭ ॥

ত্রিরাত্র, একরাত্র অথবা পঞ্চরাত্র কিম্বা সপ্তরাত্র এবং কখন বা সদ্য অধিবাসন করিবেন ॥ ১২৮ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রেও ॥

হে নিষ্পাপ! যজমান যাগমণ্ডপে গিয়া তাহার দক্ষিণদ্বারে উত্তর-মুখে চারিটী ধেনু স্থাপন করিবেন, ঐ চারিটীর নাম প্রথম গঙ্গা, দ্বিতীয় যমুনা, তৃতীয় গোদাবরী এবং চতুর্থ সরস্বতী, এই চারিটী ধেনুকে বিষ্ণু-গায়ত্রী দ্বারা দোহন করিয়া পশ্চাৎ চরু পাক করিবেন। তৎপরে

গায়ত্র্যা হোময়েচ্চৈব গায়ত্র্যৈব বলিং হরেৎ ॥
ভোজয়েদ্ব্রাহ্মণং চৈব মণ্ডপাদুত্তরে দ্বিজ ।
পায়সেনাজ্যযুক্তেন শর্করামিশ্রিতেন চ ॥
মাসাধিপানাং তুষ্ট্যর্থং দদ্যাৎ কনকদক্ষিণাং ।
গাশ্চ তাংস্তান্ সমুদ্দিশ্য একৈকায় নিবেদয়েৎ ।
দেবাসুরাদীনুদ্দিশ্য কুর্য্যাদ্বলিনিবেদনং ॥
অধিবাস্যৈব দেবেশং কুর্য্যাজ্জাগরমাদরাৎ ।
মঙ্গলৈর্ব্রহ্মঘোষৈশ্চ জয়শব্দরবৈস্তথা ॥
পুণ্যাহশব্দৈর্বিপুলৈর্গীতবাদিত্রনিঃস্বনৈঃ ।
শঙ্খঘোষেণ মহতা বীণাবেণুরবেণ চ ।
কোলাহলৈশ্চ ভের্য্যাদ্যৈঃ কুর্য্যাজ্জাগরণং হরেঃ ॥
ইত্যধিবাসনং ॥

---

গায়ত্রী দ্বারা বলি আহরণ করিবেন ॥

হে দ্বিজ ! অনন্তর মণ্ডপের উত্তরে ঘৃত ও শর্করামিশ্রিত পায়সদ্বারা ব্রাহ্মণদিগকে ভোজন করাইবেন । মাসের অধিপতিগণের তুষ্টির নিমিত্ত স্বর্ণদক্ষিণা দান করিবেন এবং মাসাধিপতিগণকে উদ্দেশ করিয়া এক একটী গাভী নিবেদন করিবেন, তৎপরে দেব ও অসুরদিগকে উদ্দেশ করিয়া বলি নিবেদন করিবেন ॥

এইরূপে দেবেশকে অধিবাসন করিয়া মঙ্গলধ্বনি, বেদধ্বনি, জয়শব্দ-রব, পুণ্যাহ শব্দ, বিপুল গীতবাদ্য ধ্বনি, মহৎশঙ্খশব্দ, বীণা বেণুরব এবং ভেরী প্রভৃতির কোলাহল শব্দ দ্বারা হরির জাগরণ করিবেন ॥

॥ * ॥ ইতি অধিবাসন ॥ * ॥

অধিবাসনমাহাত্ম্যং তত্রৈব ॥
যস্ত্বেবং বিধিনা ভক্ত্যা কুর্য্যাদ্দেবাধিবাসনং।
স সর্ব্বতীর্থযজ্ঞানাং দানানাং তপসাং তথা।
ফলং শতগুণং প্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে ॥
আহূতসংপ্লবং যাবদ্দেববত্তত্র মোদতে ॥ ১২৯ ॥
অথ প্রাসাদাদের্গর্ত্তনির্ম্মাণাদি।
প্রাতঃ প্রাসাদগর্ত্তং তু পুষ্পাম্ভিঃ প্রোক্ষ্য সর্ব্বতঃ।
নিশ্চিত্য মধ্যমৈশান্যাং গর্ত্তং কৃত্বার্পয়েচ্ছিলাং ॥ ১৩০ ॥
তথাচ ভবিষ্যে ॥
অধিবাস্য ততো বিষ্ণুং শ্বভ্রং কুর্য্যাৎ সমাহিতঃ।

হয়শীর্ষদেবেন চ শান্তিঘটতোয়স্নপনাদিকং হোমপ্রসঙ্গত এব নির্দ্দিষ্টং। অধিবাসনশেষকৃত্যমন্তচ্চ কেচিদাহুর্যাগেত্যাদিনা। অন্যৎ স্পষ্টার্থমেব ॥ ১২৯ ॥

গর্ত্তস্যাধঃ ব্রহ্মশিলাং ন্যসেৎ ॥ ১৩০ ॥

অধিবাসনমাহাত্ম্য ঐ হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক এই বিধি অনুসারে দেবের অধিবাসন করেন, তিনি সমুদায় তীর্থ, যজ্ঞ, দান ও তপস্যার শতগুণ ফলপ্রাপ্ত হইয়া বিষ্ণুলোকে পূজিত হয়েন এবং মহাপ্রলয় পর্য্যন্ত দেবতার ন্যায় সেই স্থানে আনন্দে বাস করেন ॥ ১২৯ ॥

অথ প্রাসাদাদির গর্ত্তনির্ম্মাণাদি ॥

প্রাতঃকালে প্রাসাদের মধ্যে সর্ব্বতোভাবে পুষ্প জল দ্বারা সেচনপূর্ব্বক মধ্য নিশ্চয় করিয়া ঈশানদিকে গর্ত্ত করত তাহাতে শিলা অর্পণ করিবেন ॥ ১৩০ ॥

ভবিষ্যপুরাণে ॥

হে ভারত! বিষ্ণুকে অধিবাস করিয়া তদনন্তর সমাহিত হইয়া প্রাসাদ অথবা প্রতিমার অনুরূপ গর্ত্ত করিবেন। তৎপরে মন্ত্রপূত জল-

প্রাসাদস্থানুরূপেণ প্রতিমায়াশ্চ ভারত।
প্রাসাদং প্রোক্ষ্য সর্ব্বত্র মন্ত্রপূতেন বারিণা।
পাতয়েৎ পক্ষসূত্রাণি দ্বারসূত্রং তথৈব চ ॥ ১৩১ ॥
ততো মধ্যং সমং গৃহ্য কর্ত্তব্যং স্থিরমাদরাৎ।
কুর্য্যাৎ সূত্রং প্রমাণেন কৃষ্ণস্যাদ্ভুতকর্ম্মণঃ।
সূত্রাধস্তাৎ ন্যসেৎ পূর্ব্বং শিলাং ব্রহ্মাত্মিকাং শুভাং ॥
মাৎস্যে ॥
কৃত্বাধিবাসং দেবানাং শ্বভ্রং কুর্য্যাৎ সমাহিতঃ।
প্রাসাদার্চ্চানুরূপেণ মানাল্লিঙ্গস্য বা পুনঃ।
পুষ্পোদকেন প্রাসাদং প্রোক্ষ্য মন্ত্রযুতেন তু।
পাতয়েৎ পক্ষসূত্রাণি দ্বারসূত্রং তথৈব চ ॥
আশ্রয়েৎ কিঞ্চিদৈশানীং মধ্যং কৃত্বা দিশং বুধঃ।

মন্ত্রেণ ওঁ সরস্বত্যৈ ভৈষজ্যেত্বেতি মন্ত্রেণ পূতং যত্তেন। পক্ষসূত্রাণি পার্শ্বসূত্রাণি ॥ ১৩১ ॥

দ্বারা প্রাসাদের সকল স্থান সেচন করিয়া পার্শ্বসূত্র এবং দ্বারসূত্র নিপাতিত করিবেন ॥ ১৩১ ॥

তৎপরে মধ্যভাগ সমভাগে গ্রহণ করিয়া আদরপূর্ব্বক স্থির করিবেন, অদ্ভুতকর্ম্মা কৃষ্ণের পরিমাণে সূত্র করিবেন। পরে সূত্রের অধোভাগে পূর্ব্বদিকে সুন্দর ব্রহ্মাত্মিকা শিলা স্থাপন করিবেন ॥

মৎস্যপুরাণে ॥

দেবতাসমূহের অধিবাস করিয়া সাবধানপূর্ব্বক প্রাসাদ অথবা অর্চ্চানুরূপ কিম্বা লিঙ্গের পরিমাণে গর্ত্ত নির্ম্মাণ করিবেন। তৎপরে মন্ত্রপূত পুষ্পোদক দ্বারা প্রাসাদকে সেচন করিয়া পক্ষসূত্র ও দ্বারসূত্র পাত করিবেন ॥

পণ্ডিত ব্যক্তি কিঞ্চিৎ ঐশান্যদিক্‌কে আশ্রয় করিয়া মধ্য করিবেন,

ঐশানীমাশ্রিতং দেবং পূজয়ন্তি দিবৌকসঃ।
আয়ুরারোগ্যফলদমথবোত্তরমাশ্রিতং।
শুভং স্যাদশুভং প্রোক্তমন্যথা স্থাপনং বুধৈঃ।
অধঃকূর্ম্মশিলা প্রোক্তা সদা ব্রহ্মশিলাধিকা॥
হয়শীর্ষপঞ্চরাত্রে॥
অধিবাস্য বিধানেন দেবদেবং হরিং প্রভুং।
পিণ্ডিকাস্থাপনার্থায় গর্ত্তাগারং বিশেদ্গুরুঃ।
যাদৃশং গর্ত্তগেহং তু কৃতং সুরগণার্চ্চিতং।
সংবিভজ্য প্রকুর্ব্বীত সপ্তভাগং বিচক্ষণঃ।
পুনশ্চ সপ্তধা কৃত্বা স্থানভাগং প্রকল্পয়েৎ।
ব্রহ্মভাগং ভবেন্মধ্যং দেবং স্যাত্তদনন্তরং॥
তৃতীয়ং মানুষং ভাগং পৈশাচং তু চতুর্থকং।

ঐশান্যদিকে অবস্থিত দেবকে দেবতা সকল পূজা করেন, অথবা দেব উত্তরদিকে অবস্থিত হইলে আয়ু ও আরোগ্যফল প্রদান করেন। পণ্ডিতগণ কহিয়াছেন যে, দেব অন্যদিকে স্থাপিত হইলে শুভকে অশুভ করেন। অধোদিকে কূর্ম্মশিলা কথিত হয়, সর্ব্বদা ব্রহ্মশিলা অধিকা হইয়া থাকে॥

হয়শীর্ষপঞ্চরাত্রে॥

গুরু বিধানপূর্ব্বক দেবদেব প্রভু হরির অধিবাস করিয়া পিণ্ডিকা স্থাপন নিমিত্ত গর্ত্তগৃহে প্রবেশ করিবেন। যে প্রকার দেবগণার্চ্চিত গর্ত্ত করা হইয়াছিল, বিচক্ষণ গুরু বিভাগ পূর্ব্বক তাহাকে সপ্তভাগ করিয়া পুনর্ব্বার তাহাকে সপ্তভাগ করিয়া স্থানভাগ কল্পনা করিবেন। মধ্যদেশ ব্রহ্মভাগ, তৎপরে দেবভাগ, তৃতীয় মানুষভাগ এবং চতুর্থ পৈশাচভাগ। দ্বিভুজমূর্ত্তি ধ্যানযোগস্থ নিবিষ্ট ও স্থিত অথবা ব্রহ্মমূর্ত্তিতে চতুর্ভুজভাগ

দ্বিভুজং ধ্যানযোগস্থং নিবিষ্টং স্থিতমেব চ।
চতুর্ভুজং বা ব্রহ্মে তু ভাগং সংস্থাপয়েদ্ধরিং।
ব্রহ্মভাগং পরিত্যজ্য কিঞ্চিদাশ্রিত্য বা দ্বিজঃ॥
সদৈব স্থাপয়েদ্দেবং দেবমানুষভাগয়োঃ।
দৈবমানুষভাগাভ্যাং শয়নং পরিকল্পয়েৎ।
দারবীং মৃণ্ময়ীং মূর্ত্তিং দেবস্থানে নিবেশয়েৎ।
মানুষং কিঞ্চিদাশ্রিত্য আসীনং স্থাপয়েদ্ধরিং।
নরসিংহং বরাহঞ্চ দেবভাগে নিযোজয়েৎ॥
বিঘ্নেশমম্বিকাং দেবীং মাতৃভূর্তগণং তথা।
আদিত্যাদীন্ হরেরন্যানেবমাদীংস্তথা পরান্।
পৈশাচে স্থাপয়েৎ স্থানে নাত্র কার্য্যা বিচারণা।
স্বস্থানবর্জ্জিতাঃ সর্ব্বে ভয়দুঃখাময়প্রদাঃ।
তস্মাৎ সর্ব্বেণ যত্নেন স্বস্থানে বিনিবিশয়েৎ॥ ১৩২॥

শুভমভিস্থানমন্যথা উক্তপ্রকারব্যতিরেকেণাশুভং স্যাদিতি বুধৈঃ প্রোক্তং॥ ১৩২॥

হরিকে সংস্থাপন করিবেন। দ্বিজ ব্রহ্মভাগ পরিত্যাগ করিয়া অথবা কিঞ্চিৎ আশ্রয় করিয়া দেব ও মনুষ্যভাগে সর্ব্বদা দেবকে স্থাপন করিবেন। দেব ও মানুষভাগে শয়ন কল্পনা করিবেন। দেবস্থানে দারুময়ী ও মৃণ্ময়ীমূর্ত্তি নিবিষ্ট করিবেন। মানুষস্থান কিঞ্চিৎ আশ্রয় করিয়া উপবিষ্ট হরিকে স্থাপন করিবেন। নৃসিংহ ও বরাহকে দেব-ভাগে নিযোজিত করিবেন। তৎপরে বিঘ্নেশ, অম্বিকাদেবী, মাতৃগণ, ভূতগণ এবং আদিত্যাদি হরির অন্য অঙ্গ তথা ইত্যাদি অপর সকলকে পৈশাচস্থানে স্থাপন করিবেন, ইহাতে বিচারের প্রয়োজন নাই। যে সকল মূর্ত্তি উল্লেখ করা হইল, ইহারা যদি স্বস্থান বর্জিত হন, তাহা হইলে ইহাঁরা ভয়, দুঃখ ও রোগ প্রদান করেন, এজন্য ইহাঁদিগকে স্বস্থানে স্থাপন করিবেন॥ ১৩২॥

অথ পিণ্ডিকাশোধনং ॥

শ্রীমূর্ত্ত্যা সহ পিণ্ডীং চ স্থাপয়িত্বাভিপূজ্য চ।
রথেন মণ্ডপং নীত্বা সংস্থাপ্য পুনরর্চ্চয়েৎ ॥

মাৎস্যে ॥

ততঃ প্রক্ষালিতাং কৃত্বা পঞ্চগব্যেন পিণ্ডিকাং।
কষায়তোয়েন পুনর্মন্ত্রযুক্তেন সর্ব্বতঃ ॥
দেবভার্য্যাশ্রয়ং মন্ত্রং পিণ্ডিকাসু নিযোজয়েৎ।

হয়শীর্ষে ॥

শ্রিয়ঃ সূক্তেনার্চ্চয়ীত প্রত্যৃচং পিণ্ডিকামপি ॥ ১৩৩ ॥

অথ প্রাসাদে শ্রীমূর্ত্তিবিজয়ঃ ॥

প্রাগ্বৎ শ্রীমূর্ত্তিমুত্থাপ্য যানে চারোপ্য মণ্ডপাৎ।

পূর্ব্বং সাক্ষাদলিখিতং পিণ্ডিকাস্নপনাদিকং পিণ্ডিকাশোধনপ্রসঙ্গেঽত্র লিখতি শ্রীমূর্ত্ত্যা সহেতি। রথেন শ্রীমূর্ত্ত্যধিরোহিতযানেন অসম্ভবে অন্যেন বা ॥ ১৩৩ ॥

প্রাদক্ষিণ্যেন নগরস্য গ্রামাদের্বা প্রদক্ষিণক্রমেণ। সানন্দং গীতবাদ্যাদিমহোৎসবেনে-

অথ পিণ্ডিকাশোধন ॥

শ্রীমূর্ত্তির সহিত পিণ্ডিকাকে স্থাপন এবং পূজা করত রথে করিয়া মণ্ডপে লইয়া গিয়া সংস্থাপন পূর্ব্বক পুনর্ব্বার অর্চ্চনা করিবেন ॥

মৎস্যপুরাণে ॥

তদনন্তর পঞ্চগব্য দ্বারা পিণ্ডিকাকে প্রক্ষালিত করিয়া পুনর্ব্বার সর্ব্বতোভাবে মন্ত্রযুক্ত কষায়জল দ্বারা প্রক্ষালন করত দেবভার্য্যাশ্রয় মন্ত্র পিণ্ডিকা সকলে প্রয়োগ করিবেন ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

প্রত্যৃচ্ এবং পিণ্ডিকাকেও লক্ষ্মীমন্ত্র দ্বারা অর্চ্চনা করিবেন ॥ ১৩৩ ॥

অথ প্রাসাদে শ্রীমূর্ত্তির বিজয় ( যাত্রা ) ॥

পূর্ব্বের ন্যায় মণ্ডপ হইতে শ্রীমূর্ত্তিকে রথে আরোহণ করাইয়া

প্রাদক্ষিণ্যেন সানন্দং নয়েৎ প্রাসাদমণ্ডপং ॥ ১৩৪ ॥
তথাচ মাৎস্যে ॥
তত উত্থাপ্য দেবেশং উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে।
আনীয় গর্ভভবনং পীঠান্তে স্থাপয়েদ্বুধঃ ॥
ভবিষ্যে ॥
ততশ্চোত্থাপয়েদ্দেবং মন্ত্রেণানেন ভূমিপ।
উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে ব্রহ্মঘোষৈস্তু পুষ্কলৈঃ।
পুণ্যাহজয়ঘোষৈশ্চ শঙ্খভের্য্যাদিনিস্বনৈঃ।
রথং চালঙ্কৃতং কৃত্বা তস্মিংশ্চারোপয়েচ্ছনৈঃ।
রথে তিষ্ঠেতি মন্ত্রেণ রথস্থং কারয়েদ্ধরিং।
গ্রামং বা নগরং বাপি শনৈঃ কুর্য্যাৎ প্রদক্ষিণং ॥
পুষ্পৈর্গন্ধৈস্তথান্নাদ্যৈঃ শকটং পূরয়েচ্ছুভৈঃ।

ত্যর্থঃ। প্রাসাদে তদগ্রতো যন্মণ্ডপঃ তৎ ॥ ১৩৪ ॥

গীতবাদ্যাদি মহোৎসব সহকারে নগর বা গ্রাম প্রদক্ষিণপূর্ব্বক প্রাসাদের অগ্রবর্ত্তি মণ্ডপে লইয়া যাইবেন ॥ ১৩৪ ॥

এই বিষয়ের প্রমাণ মৎস্যপুরাণে যথা ॥

পণ্ডিতব্যক্তি "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" এই মন্ত্র বলিয়া দেবেশ্বরকে উত্থাপনপূর্ব্বক গর্ব্ভমন্দিরে ( মন্দিরমধ্যে ) আনয়ন করিয়া পীঠান্তে স্থাপন করিবেন ॥

ভবিষ্যপুরাণে ॥

হে রাজন্! তদনন্তর "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" এই মন্ত্র দ্বারা দেবকে উঠাইবে, তাহার পর পবিত্র বেদধ্বনি, পুণ্যাহ, জয়ঘোষ, শঙ্খভেরী প্রভৃতির নিনাদ সহকারে রথ অলঙ্কৃত করিয়া তাহাতে ধীরে ধীরে আরোপণ পূর্ব্বক "রথে তিষ্ঠ" এই মন্ত্র দ্বারা হরিকে রথস্থ করাইয়া গ্রাম অথবা নগর ধীরে ধীরে প্রদক্ষিণ করিবে ॥

অনন্তর পুষ্প, গন্ধ এবং পবিত্র অন্নাদি দ্বারা রথ পরিপূর্ণ করিয়া

শঙ্খভেরীনিনাদৈশ্চ পতাকাভির্ধ্বজৈস্তথা।
চামরৈশ্চ বিতানৈশ্চ কলসৈঃ পদ্মশোভিতৈঃ।
দীপদর্পণসংযুক্তৈর্গীতমঙ্গলনাদিতৈঃ।
বলিং প্রক্ষিপ্যমাণস্তু শনৈর্গচ্ছেৎ প্রদক্ষিণং॥ ১৩৫॥
অথ রত্নাদিন্যাসঃ॥
অর্ঘ্যপাদ্যাদিকং দত্ত্বা তত্র বিশ্রাম্য চ ক্ষণং।
তস্যাং ব্রহ্মশিলায়াং তু ন্যসেদ্রত্নাদিমন্ত্রতঃ॥ ১৩৬॥
ভবিষ্যে॥
আনীয় মণ্ডপে পশ্চাদর্ঘ্যং পাদ্যং চ দাপয়েৎ।
তস্মিন্ মুহূর্ত্তে বিশ্রম্য রত্নন্যাসং তু কারয়েৎ।
সর্ব্ববীজানি ধাতূংশ্চ রত্নান্যোষধয়স্তথা।
কাঞ্চনং পদ্মরাগঞ্চ পারদেন সমন্বিতং।

শকটং তদ্রথমেব॥ ১৩৫॥

তত্র মণ্ডপে ক্ষণং বিশ্রম্য। তস্যাং গর্ত্তাধোন্যস্তায়াং। মন্ত্রতঃ তত্তন্মন্ত্রৈঃ। রত্নন্যাস-বিধিক্রমশ্চ মৎস্যপুরাণাদিবচনতোঽগ্রে ব্যক্তিং যাস্যত্যেব॥ ১৩৬॥

শঙ্খভেরী নিনাদ, পতাকা ধ্বজ চামর চন্দ্রাতপ পদ্মশোভিত কলস, দীপ ও দর্পণযুক্ত মঙ্গলধ্বনি সহকারে বলিনিক্ষেপ পূর্ব্বক ধীরে ধীরে প্রদক্ষিণ করিয়া গমন করিবে॥ ১৩৫॥

অথ রত্নাদিন্যাস॥

অর্ঘ্য পাদ্যাদি প্রদান পূর্ব্বক মণ্ডপে ক্ষণকাল বিশ্রাম করিয়া সেই ব্রহ্মশিলায় সেই সেই মন্ত্র দ্বারা রত্নাদি স্থাপন করিবে॥ ১৩৬॥

ভবিষ্যপুরাণে॥

মণ্ডপে আনয়ন করিয়া পশ্চাৎ অর্ঘ্য ও পাদ্য প্রদান করিবে, সেই মুহূর্ত্তে বিশ্রাম করিয়া রত্নন্যাস করাইবে॥

এবং সর্ব্ববীজ, ধাতু, রত্ন, ওষধি, কাঞ্চন ও পারদের সহিত পদ্মরাগ

পদ্মঃ কূর্ম্মশ্চ পৃথিবী গরুড়শ্চানুপূর্ব্বশঃ।
ব্রহ্মস্থানে তু দাতব্যা মন্ত্রপূতা যথাবিধি ॥ ১৩৭ ॥
বীজং গাঢ়ং ন কুর্ব্বীত সমূলাংস্তান্ প্রপাতয়েৎ।
বীজগাঢ়ো মহাদোষো ব্যাধিদোষভয়ং ভবেৎ।
বীজকানামলাভে তু স্বর্ণং সর্ব্বত্র বিন্যসেৎ ॥ ১৩৮ ॥
মাৎস্যে ॥
অর্ঘ্যপাদ্যাদিকং তত্র মধুপর্কং প্রযোজয়েৎ।
ততো মুহূর্ত্তং বিশ্রাম্য রত্নন্যাসং সমাচরেৎ ॥ ১৩৯ ॥
বজ্রং মৌক্তিকবৈদূর্য্যং শঙ্খং স্ফটিকমেব চ।
পুষ্পরাগেন্দ্রনীলঞ্চ নীলং পূর্ব্বাদিতঃ ক্রমাৎ ॥ ১৪০ ॥

পদ্মাদয়শ্চ স্বর্ণনির্ম্মিতাঃ অগ্রে লেখ্য শ্রীহয়শীর্ষোক্ত্যা জ্ঞেয়াঃ ॥ ১৩৭ ॥

বীজং গাঢ়ং দৃঢ়ং কঠিনমিত্যর্থঃ। জাতাবেকত্বং ॥ ১৩৮ ॥

তত্র গর্ভভবনে প্রযোজয়েৎ সমর্পয়েৎ ॥ ১৩৯ ॥

বজ্রাদ্যষ্টকং অষ্টদিক্ষু পূর্ব্বদিশমারভ্য ক্রমেণ অগ্রে লেখ্যতত্তন্মন্ত্রৈর্বিন্যসেৎ। এবমগ্রেঽপি জ্ঞেয়ং। তত্র প্রয়োগঃ। ইন্দ্রস্ত মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্। দন্তোঽলিহস্তঃ সত্ত্বাঢ্য-স্তস্মৈ নিত্যং নমোনমঃ। ওঁ ইন্দ্রায় নম ইত্যাদি। পঞ্চরাত্রানুসারেণ চাগ্রে লেখ্যতন্ত্রোক্ত-মন্ত্রৈরেব। তত্র বজ্রং হীরকং ॥ ১৪০ ॥

তথা স্বর্ণনির্ম্মিত পদ্ম, কূর্ম্ম, পৃথিবী ও গরুড় আনুপূর্ব্বিক এই সকল যথাবিধি ব্রহ্মস্থানে মন্ত্রপূত করিয়া প্রদান করিবেন ॥ ১৩৭ ॥

বীজ গাঢ় করিবেন না, মূলের সহিত তাহাদিগকে নিক্ষেপ করিবেন। বীজ গাঢ় হইলে মহাদোষ ও ব্যাধিদোষ-ভয় হয়। বীজ সকলের অভাব হইলে সর্ব্বত্র স্বর্ণবিন্যাস করিবেন ॥ ১৩৮ ॥

মৎস্যপুরাণে ॥

সেই স্থলে অর্ঘ্যপাদ্যাদি প্রদান করিয়া মধুপর্ক অর্পণ করিবেন। তৎপরে একমুহূর্ত্ত বিশ্রাম করিয়া রত্নন্যাস আচরণ করিবেন ॥ ১৩৯ ॥

বজ্র, মৌক্তিক, বৈদূর্য্য, শঙ্খ, স্ফটিক, পুষ্পরাগ, ইন্দ্রনীল ও নীল পূর্ব্বাদি অষ্টদিকে ক্রমে এই আটটীকে স্থাপন করিবেন ॥ ১৪০ ॥

তালকঞ্চ শিলাবজ্রমঞ্জনং শ্যামমেব চ।
কাঙ্ক্ষীং কাশ্মীসমাক্ষিকং গৈরিকঞ্চাদিতঃ ক্রমাৎ।
গোধূমং চ যবং তদ্বত্তিলমুদ্গাং তথৈব চ ॥ ১৪১ ॥
নীবারমথ শ্যামাকং সর্ষপং ব্রীহিমেব চ।
ন্যসেৎ ক্রমেণ পূর্ব্বাদৌ চন্দনং রক্তচন্দনং।
অগুরুং চাঞ্জনং চৈব উশীরঞ্চ ততঃ পরং।
বৈষ্ণবীং সহদেবীং চ লক্ষ্মণাং চ ততঃ পরং।
স্বলোকপালনাম্না তু ন্যসেদোঙ্কারপূর্ব্বকং ॥ ১৪২ ॥
সর্ব্ববীজানি ধাতূংশ্চ রত্নান্যোষধয়স্তথা।
ব্রহ্মস্থানে তু দাতব্যাঃ সংহতাঃ স্যুঃ পরস্পরং ॥ ১৪৩ ॥

তালকং হরিতালকং। শিলা মনঃশিলা বজ্রং। বজ্রাব্ভ্রকং। শ্যামমঞ্জনং সৌবীরাঞ্জনং। কাঙ্ক্ষীং সৌরাষ্ট্রমৃত্তিকাং। কাশ্মীসং সীসং। মাক্ষিকং স্বুবর্ণমাক্ষিকং ॥ ১৪১ ॥

ব্রীহিং ধান্যং। অঞ্জনং কৃষ্ণাগুরুং। বৈষ্ণবীং বিষ্ণুক্রান্তাং ॥ ১৪২ ॥

এবং সর্ব্বাণি বীজানি সর্ব্বান্ ধাতূন্ সর্ব্বাণি রত্নানি সর্ব্বা ঔষধীশ্চ ক্রমেণ ন্যসেৎ। ব্রহ্মস্থানে চ মধ্যে বীজাদয়ঃ পরস্পরং সংহতা মিলিতা দাতব্যাঃ ॥ ১৪৩ ॥

তৎপরে ক্রমে হরিতাল, মনঃশিলা, বজ্রাভ্রক, শ্যামাঞ্জন ( সৌবীরাঞ্জন ), সৌরাষ্ট্রদেশের মৃত্তিকা, সীসা, স্বুবর্ণমাক্ষিক এবং গৈরিক তথা গোধূম, যব, তিল, মুদ্গ—॥১৪১ ॥

নীবার, শ্যামাক, সর্ষপ ও ধান্য এই সকল পূর্ব্বাদিক্রমে ন্যাস করিবে। তৎপরে চন্দন, রক্তচন্দন, অগুরু, কৃষ্ণাগুরু, বেণামূল, অপরাজিতা, বালা ও শ্বেতকণ্টকারিকা এই সকল ওঁকার উচ্চারণপূর্ব্বক স্বীয় লোকপালের নাম দ্বারা স্থাপন করিবেন ॥ ১৪২ ॥

সর্ব্ববীজ, ধাতু, রত্ন ও ওষধি সকল পরস্পর মিলিত করিয়া ব্রহ্মস্থানে অর্থাৎ মধ্যভাগে প্রদান করিবেন ॥ ১৪৩ ॥

কাঞ্চনং পদ্মরাগঞ্চ পারদং পদ্মমেব চ ।
কূর্ম্মং ধরাং বৃষং তদ্বৎ ন্যসেৎ পূর্ব্বাদিতঃ ক্রমাৎ ॥
মূলকং বিদ্রুমং তাম্রং কাংস্যং চৈবারকূটকং ।
রজতং বিমলং পুষ্পং লোহং চানুক্রমেণ তু ।
কাঞ্চনং হরিতালঞ্চ সর্ব্বাভাবে বিনিক্ষিপেৎ ।
দদ্যাদ্বীজৌষধিস্থানে সহদেবীং যবানপি ॥ ১৪৪ ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে ॥
নপুংসকশিলায়াং তু রত্নন্যাসং সমাচরেৎ ।
বস্ত্রাভরণগন্ধাদ্যৈঃ পূর্ব্ববদ্ভূষিতো গুরুঃ ।
হুত্বাহুতিশতং বিপ্র নারসিংহেন বা পুনঃ ।

পুনঃ কাঞ্চনং অয়স্কান্তলোহমিতি যাবৎ। বিমলং ত্রিবিধং হেমবিমলং তারবিমলং কাংস্যবিমলমিতি প্রসিদ্ধং। পুষ্পং লোহবিশেষং যত্র পঙ্কজাকারা বিন্দবো বর্ত্তন্তে। লোহাভাবে কাঞ্চনং ধাতুং ঔষধ্যভাবে সহদেবীং দদ্যাদিতি জ্ঞেয়ং। এতচ্চ সর্ব্বমগ্রে হয়শীর্ষপঞ্চরাত্রবচনতো বিবৃতং ভাবি। তত্র ক্বচিদ্বিরোধশ্চ ফলভেদাদিকল্পনয়া পরিহরণীয় ইতি লিখিতমেবেতি দিক্। অন্যৎ সুগমং ॥ ১৪৪ ॥

কাঞ্চন, পদ্মরাগ, পারদ, পদ্ম, কূর্ম্ম, ধরা ও বৃষ এই সকল পূর্ব্বাদিক্রমে স্থাপন করিবে। তৎপরে মূলক, বিদ্রুম, তাম্র, কাংস্য, আরকূট (পিত্তল), বিমল রজত, পুষ্প ও লোহ এই সকল ক্রমে অর্পণ করিবে, কিন্তু সর্ব্বাভাবে কাঞ্চন ও হরিতাল বিন্যস্ত করিবে, বীজৌষধির অভাবে সহদেবী (বালা) ও যব প্রদান করিবে ॥ ১৪৪ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

হে বিপ্র ! নপুংসকশিলায় * রত্নন্যাস আচরণ করিবে। গুরু পূর্ব্বের ন্যায় বস্ত্রাভরণ গন্ধাদিতে বিভূষিত হইয়া নরসিংহমন্ত্র দ্বারা একশত

* নপুংসকশিলার লক্ষণ ১৮ বিলাসে ১৬৫ । ১৬৬ পৃষ্ঠায় আছে।

তেনৈবামন্ত্র্য রত্নাদীন্ পিণ্ডিকাং শ্বভ্রকে ন্যসেৎ।
গুগ্গুলুং দ্রাবয়িত্বাথ গর্ত্তে তু বিনিবেশয়েৎ॥
রত্নাদীনাং তু ন্যস্তানাং নিশ্চলীকরণায় তু।
ততো নিবেশয়েত্তাংস্তু দিশাসু বিদিশাসু চ।
প্রথমাবরণে ব্রীহীন্ রত্নান্যপি দ্বিতীয়কে।
তৃতীয়ে বিন্যসেদ্ধাতূন্ লোহং চাপি চতুর্থকে।
প্রতিবারণগর্ত্তে তু পঞ্চমাবরণে দ্বিজ।
চন্দনাদীংশ্চ বিপ্রেন্দ্রশ্চাষ্টদিক্ষু নিবেশয়েৎ।
একৈকং দিক্ষু বিন্যস্য মধ্যে চৈবাপরং ন্যসেৎ।
ঐন্দ্র্যাং চ চন্দনং ন্যস্যমাগ্নেয্যাং রক্তচন্দনং।
কৃষ্ণাগুরুং দক্ষিণস্যাং নৈঋর্ত্যামপরাগুরুং।
উশীরং পশ্চিমে ভাগে বিষ্ণুক্রান্তামথাপরে॥
সহদেবীমুদীচ্যাং তু লক্ষণামীশগোচরে।

আহুতি দিয়া ঐ নৃসিংহমন্ত্র দ্বারা রত্নাদি ও পিণ্ডিকাকে আমন্ত্রিত করিয়া গর্ত্তে স্থাপন করিবেন এবং গুগ্গুলুকে দ্রবীভূত করিয়া গর্ত্তে নিবিষ্ট করাইবেন॥

তৎপরে স্থাপিত রত্নাদির স্থিরীকরণ নিমিত্ত ঐ সকলকে দিক্‌বিদিকে নিবেশ করাইবেন॥

প্রথমাবরণে ব্রীহি, দ্বিতীয় আবরণে রত্ন, তৃতীয়াবরণে ধাতু, চতুর্থাবরণে লৌহ। হে দ্বিজ! প্রতিবারণগর্ত্তে ও পঞ্চমাবরণে অষ্টদিকে চন্দনাদি নিক্ষেপ করিবে। এক একটী দিক্ সকলে বিন্যাস করিয়া মধ্যে অপর ন্যাস করিবে। যথা—পূর্ব্বদিকে চন্দন, অগ্নিকোণে রক্তচন্দন, দক্ষিণদিকে কৃষ্ণাগুরু, নৈঋর্তকোণে শুভ্র-অগুরু, পশ্চিমদিকে বেণামূল, বায়ুকোণে অপরাজিতা, উত্তরদিকে বালা ও ঈশানকোণে

ব্রাহ্মীং সুবর্চ্চলাং মধ্যে বৃদ্ধিং ব্রাহ্মে নিবেশয়েৎ।
ধান্যমৈন্দ্র্যাং নিবেশ্যাথ আগ্নেয্যাং তু কুলত্থকং।
যবান্ দক্ষিণভাগে তু গোধূমং নৈঋর্তে ন্যসেৎ।
তিলাংস্তু পশ্চিমে দদ্যান্নীবারং বায়ুগোচরে।
মুদ্গমুত্তরতো দদ্যাৎ নিষ্পাবানীশগোচরে।
মধ্যে সিদ্ধার্থকং দদ্যাদ্রত্নন্যাসং সমাচরেৎ।
বজ্রং তু পূর্ব্বতো দদ্যাদাগ্নেয্যাং মৌক্তিকং তথা।
বৈদূর্য্যং দক্ষিণে দদ্যাচ্ছঙ্খং নৈঋর্তিগোচরে।
স্ফটিকং বারুণে দদ্যাৎ পদ্মরাগং তু বায়বে।
উত্তরে চন্দ্রকান্তং তু ঐশান্যামিন্দ্রনীলকং।
পদ্মরাগং ন্যসেন্মধ্যে যথাবদ্দ্বিজসত্তম।
হরিতালং ন্যসেৎ পূর্ব্বে আগ্নেয্যাং তু মনঃশিলাং।
অঞ্জনং দক্ষিণে দদ্যাৎ মাক্ষিকং ব্রহ্মগোচরে॥
সৌরাষ্ট্রীং বারুণে দদ্যাদ্বায়ব্যাং গৈরিকং তথা।

লক্ষণা (শ্বেতকণ্টকারিকা) এবং মধ্যে ব্রাহ্মী (ব্রাহ্মণযষ্টিকা), সুবর্চ্চলা (অতসী) তথা ব্রাহ্মে (ব্রহ্মস্থানে), বৃদ্ধিকে (ঔষধিবিশেষকে) নিবেশিত করিবে॥

অপর পূর্ব্বদিকে ধান্য, অগ্নিকোণে কুলত্থক, দক্ষিণভাগে যব, নৈঋর্তে গোধূম, পশ্চিমে তিল, বায়ুকোণে নীবার, উত্তরদিকে মুদ্গ ও ঐশান্যকোণে নিষ্পাব তথা মধ্যে শ্বেতসর্ষপ দিবে। তৎপরে রত্নন্যাস করিবে, যথা—পূর্ব্বদিকে অবভ্র, অগ্নিকোণে মৌক্তিক, দক্ষিণে বৈদূর্য্য, নৈঋর্তকোণে শঙ্খ, পশ্চিমে স্ফটিক, বায়ুকোণে পদ্মরাগ, উত্তরে চন্দ্রকান্ত, ঈশানকোণে ইন্দ্রনীল এবং মধ্যভাগে পদ্মরাগ বিন্যাস করিবে॥

অপর হে ত্রিদশেশ্বর! পূর্ব্বদিকে হরিতাল, অগ্নিকোণে মনঃশিলা দক্ষিণে অঞ্জন, নৈঋর্তে মাক্ষিক, পশ্চিমে সৌরাষ্ট্রী, বায়ুকোণে গৈরিক,

সীসং চৈবোত্তরে দদ্যাদৈশান্যাং গন্ধকং তথা ॥
পারদং তু ন্যসেন্মধ্যে যথাবজ্রিদশেশ্বর।
হিরণ্যং পূর্ব্বতো দদ্যাদাগ্নেয্যাং তারমুত্তমং।
আয়সং দক্ষিণে ন্যস্য নৈঋর্ত্যাং ত্রপুষং তথা।
পশ্চিমে বিন্যসেদ্দোষং নারং বায়ব্যগোচরে।
সিহ্লকং চোত্তরে ন্যস্য শুল্বমীশানগোচরে।
পদ্মং কূর্ম্মং তথানন্তং পৃথ্বীং মধ্যে নিবেশয়েৎ।
সুমেরুঞ্চ সুরশ্রেষ্ঠ সর্ব্বমেতদ্ধিরণ্ময়ং।
এষামেকতমং মধ্যে ন্যসেৎ সর্ব্বাণ্যথাপি বা।
নমো হিরণ্যমন্ত্রেণ ব্রহ্মস্থানে নিবেশয়েৎ ॥
কিঞ্চ ॥
ওষধীনামলাভে তু বিষ্ণুক্রান্তাং বিশাম্পতে।
বীজানামপ্যলাভে তু যবং সর্ব্বত্র দাপয়েৎ।
অলাভে সর্ব্বরত্নানাং মুক্তা সর্ব্বত্র শস্যতে।

উত্তরে সীসা, ঈশানকোণে গন্ধক এবং মধ্যে পারদ বিন্যাস করিবে ॥

অপর পূর্ব্বদিকে স্বর্ণ, অগ্নিকোণে মুক্তা, দক্ষিণদিকে লৌহ, নৈঋর্ত-কোণে সীসা, পশ্চিমে কাংস্য, বায়ুকোণে জল, উত্তরে সিহ্লক ( গন্ধ-দ্রব্যবিশেষ ), ঈশানকোণে তাম্র এবং পদ্ম, কূর্ম্ম, অনন্ত, পৃথিবী ও সুমেরু এই সকলকে সুবর্ণ দ্বারা নির্ম্মাণ করিয়া মধ্যে সন্নিবেশ করিবে। ইহাদিগের মধ্যে একটী অথবা সমুদায়টীকে মধ্যে ন্যাস করিবে। "নমো হিরণ্য" এই মন্ত্রে ব্রহ্মস্থানে নিবিষ্ট করিবে ॥

আরও ॥

হে বিশাম্পতে! ওষধি সকলের অভাব হইলে বিষ্ণুক্রান্তা এবং বীজ সকলের অভাব হইলে সর্ব্বত্র যব দিবে। সর্ব্বরত্নের অভাবে মুক্তা

অলাভে সর্ব্বধাতূনাং হরিতালং বিনিক্ষিপেৎ।
অলাভে সর্ব্বলোহানাং কাঞ্চনানি প্রদাপয়েৎ ॥
অথ রত্নন্যাসমন্ত্রঃ ॥
ভবিষ্যে ॥
ইন্দ্রস্তু মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্।
দম্ভোলিহস্তঃ সত্ত্বাঢ্যস্তস্মৈ নিত্যং নমোনমঃ ॥
আগ্নেয়ঃ পুরুষো দীপ্তঃ সর্ব্বদেবময়োঽব্যয়ঃ।
ধূমকেতুরনাধৃষ্যস্তস্মৈ নিত্যং নমোনমঃ ॥
যমশ্চোৎপলবর্ণাভঃ পুরুষো দণ্ডধৃঙ্ মহান্।
ধর্ম্মসাক্ষী বিশুদ্ধাত্মা তস্মৈ নিত্যং নমোনমঃ ॥

---

প্রশস্ত হয়, সকল ধাতুর অভাবে হরিতাল নিক্ষেপ করিবে ও সর্ব্বপ্রকার লৌহের অভাব হইলে কাঞ্চন দিবে ॥

অথ রত্নন্যাসমন্ত্র ॥

ভবিষ্যপুরাণে ॥

পূর্ব্বদিকে ॥

"ইন্দ্রস্তু মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্।
দম্ভোলিহস্তঃ সত্ত্বাঢ্যস্তস্মৈ নিত্যং নমোনমঃ ॥"

অগ্নিকোণে ॥

"আগ্নেয়ঃ পুরুষো দীপ্তঃ সর্ব্বদেবময়োঽব্যয়ঃ।
ধূমকেতুরণাধৃষ্যস্তস্মৈ নিত্যং নমোনমঃ ॥"

দক্ষিণদিকে ॥

"যমশ্চোৎপলবর্ণাভঃ পুরুষো দণ্ডধৃঙ্ মহান্।
ধর্ম্মসাক্ষী বিশুদ্ধাত্মা তস্মৈ নিত্যং নমোনমঃ ॥"

নৈঋর্তকোণে ॥

নিঋ´তিঃ পুরুষ কৃষ্ণঃ সর্ব্বরক্ষোঽধিপো মহান্।
খড়্গহস্তো মহাসত্ত্বস্তস্মৈ নিত্যং নমোনমঃ॥
বরুণঃ সবলো বিষ্ণোঃ পুরুষো নিম্নগাধিপঃ।
পাশহস্তো মহাবাহুস্তস্মৈ নিত্যং নমোনমঃ॥
বায়ুর্বৈ শ্যামবর্ণোঽয়ং সর্ব্বগন্ধবহঃ শুচিঃ।
পুরুষো ধ্বজহস্তশ্চ তস্মৈ নিত্যং নমোনমঃ।
আত্রেয়ঃ পুরুষঃ সৌম্যঃ সর্ব্বৌষধিসমন্বিতঃ।
নক্ষত্রাধিপতিঃ সোমস্তস্মৈ নিত্যং নমোনমঃ॥
ঈশানঃ পুরুষঃ শুক্রঃ সর্ব্ববিদ্যাধিপস্তথা।
শূলহস্তো বিরূপাক্ষস্তস্মৈ নিত্যং নমোনমঃ॥

---

"নিঋ´তিঃ পুরুষঃ কৃষ্ণঃ সর্ব্ব রক্ষোঽধিপো মহান্।
খড়্গহস্তো মহাসত্ত্বস্তস্মৈ নিত্যং নমোনমঃ॥"

পশ্চিমদিকে॥

"বরুণঃ সবলো বিষ্ণোঃ পুরুষো নিম্নগাধিপঃ।
পাশহস্তো মহাবাহুস্তস্মৈ নিত্যং নমোনমঃ॥"

বায়ুকোণে॥

"বায়ুর্বৈ শ্যামবর্ণোঽয়ং সর্ব্বগন্ধবহঃ শুচিঃ।
পুরুষো ধ্বজহস্তশ্চ তস্মৈ নিত্যং নমোনমঃ॥"

উত্তরে॥

"আত্রেয়ঃ পুরুষঃ সৌম্যঃ সর্ব্বৌষধিসমন্বিতঃ।
নক্ষত্রাধিপতিঃ সোমস্তস্মৈ নিত্যং নমোনমঃ॥"

ঈশানকোণে॥

"ঈশানঃ পুরুষঃ শুক্রঃ সর্ব্ববিদ্যাধিপস্তথা।
শূলহস্তো বিরূপাক্ষস্তস্মৈ নিত্যং নমোনমঃ॥"

পদ্মযোনিশ্চ তন্মূর্ত্তির্বেদব্যাসঃ পিতামহঃ।
যজ্ঞাধ্যক্ষশ্চ সততং তস্মৈ নিত্যং নমোনমঃ ॥
যোহসাবনন্তরূপেণ ব্রহ্মাণ্ডং সচরাচরং।
পুষ্পবদ্ধারয়েন্মূর্দ্ধ্নি তস্মৈ নিত্যং নমোনমঃ ॥
মাৎস্যে চ প্রায়ঃ সর্ব্বমেবমেব ॥
কিঞ্চ ॥
ওঁকরপূর্ব্বকা হ্যেতে ন্যাসে বলিনিবেদনে।
মন্ত্রাঃ স্যুঃ সর্ব্বদেবানাং বৃদ্ধিপুত্রফলপ্রদাঃ ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে চ ॥
দিগীশানাং তু মন্ত্রেণ রত্নাদীন্ বিনিবেশয়েৎ ॥
তদযথা ॥

---

ঊর্দ্ধে ॥

"পদ্মযোনিশ্চ তন্মূর্ত্তির্বেদব্যাসঃ পিতামহঃ।
যজ্ঞাধ্যক্ষশ্চ সততং তস্মৈ নিত্যং নমোনমঃ ॥"

অধঃ ॥

"যোহসাবনন্তরূপেণ ব্রহ্মাণ্ডং সচরাচরং।
পুষ্পবদ্ধারয়েন্মূর্দ্ধ্নি তস্মৈ নিত্যং নমোনমঃ ॥"

মৎস্যপুরাণে প্রায় এই সকল মন্ত্র আছে ॥

আরও ॥

সকল দেবতার ন্যাস এবং বলি নিবেদনে এই সমুদায় মন্ত্র ওঙ্কার-পূর্ব্বক উচ্চারণ করিতে হয়, ইহাঁরা বৃদ্ধি ও পুত্রফল প্রদান করেন ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

দিগীশ্বরদিগের মন্ত্র দ্বারা রত্ন সকল বিনিবেশিত করিবে ॥

তদযথা পূর্ব্বে ॥

শক্রঃ সুরপতিঃ শ্রীমান্ সহস্রনয়নোজ্জ্বলঃ।
যষ্টা যঃ ক্রতুমুখ্যানাং নমস্তস্মৈ মহাত্মনে॥
"ওঁ" ত্রাতারমিতি মন্ত্রেণ সান্নিধ্যং তত্র কারয়েৎ।
অজঃ পৃষ্ঠগতঃ শক্তির্যস্য পৃষ্ঠে মহাত্মনঃ॥
হব্যকব্যবহো যো বৈ নমস্তস্মৈ মহাত্মনে॥
"ওঁ" অগ্ন আয়াহি মন্ত্রেণ সান্নিধ্যং তস্য কারয়েৎ॥
কৃষ্ণাঞ্জননিভো রৌদ্রো দণ্ডপাণিঃ স্রগুজ্জ্বলঃ।
সর্ব্বপ্রেতাধিপো দেবো নমস্তস্মৈ মহাত্মনে।
সান্নিধ্যকরণে তস্য মন্ত্রস্ত্বনিয়মঃ স্মৃতঃ॥
ঘোরদংষ্ট্রা করালস্তু খড়্গপাণিঃ সুভৈরবঃ।
রাক্ষসাধিপতির্দেবো নমস্তস্মৈ মহাত্মনে।

---

"শক্রঃ সুরপতিঃ শ্রীমান্ সহস্রনয়নোজ্জ্বলঃ।
যষ্টা যঃ ক্রতুমুখ্যানাং নমস্তস্মৈ মহাত্মনে॥"
"ওঁ ত্রাতারং" এই মন্ত্র দ্বারা তথায় সান্নিধ্য করাইবে॥

অগ্নিকোণে॥

"অজঃ পৃষ্ঠগতঃ শক্তির্যস্য পৃষ্ঠে মহাত্মনঃ।
হব্যকব্যবহো যো বৈ নমস্তস্মৈ মহাত্মনে॥"
"ওঁ অগ্ন আয়াহি" এই মন্ত্র দ্বারা অগ্নির সান্নিধ্য করাইবে॥

দক্ষিণে॥

"কৃষ্ণাঞ্জননিভো রৌদ্রো দণ্ডপাণিঃ স্রগুজ্জ্বলঃ।
সর্ব্বপ্রেতাধিপো দেবো নমস্তস্মৈ মহাত্মনে॥"
ইহার সন্নিধানকরণবিষয়ে মন্ত্রের নিয়ম নাই॥

নৈঋর্তকোণে॥

"ঘোরদংষ্ট্রা করালস্তু খড়্গপাণিঃ সুভৈরবঃ।
রাক্ষসাধিপতির্দেবো নমস্তস্মৈ মহাত্মনে॥"

সান্নিধ্যার্থং তস্য মন্ত্র এষ তে নির্ঋতে স্মৃতঃ ॥
সপ্তসাগরদেহস্ত পাশপাণির্মহাদ্যুতিঃ।
যাদসাং পতিরেকো যো নমস্তস্মৈ মহাত্মনে ॥
তস্যালভনমন্ত্রস্তু পদ্মনদ্যঃ সরস্বতী ॥
সপ্তস্বরানুগা যস্য যো নির্গীতো মনীষিভিঃ।
অশরীরেতি বিখ্যাতো নমস্তস্মৈ মহাত্মনে ॥
মন্ত্রস্তস্যাপি সান্নিধ্যে বাত আবাতু ভেষজং ॥
ধনাধিপো হ্রস্বমূর্ত্তির্গদাহস্তো নৃবাহনঃ।
উত্তরাশাধিপঃ শ্রীমান্ নমস্তস্মৈ মহাত্মনে ॥
সোমং রাজেতি মন্ত্রোহয়ং তস্য সান্নিধ্যকারকঃ ॥
বিদ্যাধিপো বৃষারূঢ়ঃ শূলপাণির্মহাবলঃ।

---

তাঁহার সন্নিধানার্থ "এষ তে নির্ঋতে" এই মন্ত্র কথিত হইয়াছে ॥

"সপ্তসাগরদেহস্ত পাশপাণির্মহাদ্যুতিঃ।
যাদসাং পতিরেকো যো নমস্তস্মৈ মহাত্মনে ॥"

"পদ্মনদ্যঃ সরস্বতী" ইহাঁর আলভনবিষয়ে এই মন্ত্র ॥

বায়ুকোণে ॥

"সপ্তস্বরানুগা যস্য যো নির্গীতো মনীষিভিঃ।
অশরীরেতি বিখ্যাতো নমস্তস্মৈ মহাত্মনে ॥"

"বাত আবাতু ভেষজং" এই মন্ত্র দ্বারা ইহাঁর সান্নিধ্য করিবে ॥

উত্তরে ॥

"ধনাধিপো হ্রস্বমূর্ত্তির্গদাহস্তো নৃবাহনঃ।
উত্তরাশাধিপঃ শ্রীমান্ নমস্তস্মৈ মহাত্মনে ॥"

"সোমং রাজা" এই মন্ত্র ইহাঁর সান্নিধ্যকারক ॥

ঈশানকোণে ॥

"বিদ্যাধিপো বৃষারূঢ়ঃ শূলপাণির্মহাবলঃ।

ত্রৈলোক্যবন্দিতঃ শ্রীমান্ নমস্তস্মৈ মহাত্মনে ॥
ঈশাবাস্যেতি মন্ত্রেণ তৎসান্নিধ্যং প্রকল্পয়েৎ ॥
য ইমাং সকলাং পৃথ্বীং সপ্তসাগরভূষিতাং।
বিভর্ত্তি মালাপ্রতিমাং নমস্তস্মৈ মহাত্মনে ॥
নমোঽস্তু সর্পমন্ত্রেণ সান্নিধ্যং তস্য কল্পয়েৎ ॥
ব্রহ্মা চতুর্ম্মুখঃ স্বামী সর্ব্বলোকপিতামহঃ।
কমণ্ডলুধরঃ শ্রীমান্নমস্তস্মৈ মহাত্মনে ॥
ব্রহ্মা দেবেতি মন্ত্রেণ সান্নিধ্যং তস্য কল্পয়েৎ ॥
অথ কামবিশেষেণ দ্রব্যবিশেষন্যাসঃ ॥
ভবিষ্যে ॥
ক্ষীরবৃক্ষত্বচং পুষ্পমষ্টমঙ্গলসংযুতং।
শ্রীকামস্তু ন্যসেৎ সম্যগ্দেশবৃদ্ধিকরং শুভং ॥

---

ত্রৈলোক্যবন্দিতঃ শ্রীমান্ নমস্তস্মৈ মহাত্মনে ॥"

"ঈশাবাস্য" এই মন্ত্র দ্বারা ইহাঁর সান্নিধ্য কল্পনা করিবে ॥

অধঃ ॥

"য ইমাং সকলাং পৃথ্বীং সপ্তসাগরভূষিতাং।
বিভর্ত্তিমালাপ্রতিমাং নমস্তস্মৈ মহাত্মনে ॥"

"নমোঽস্তু" এই সর্পমন্ত্র দ্বারা ইহাঁর সন্নিধান কল্পনা করিবে ॥

উর্দ্ধে ॥

"ব্রহ্মা চতুর্ম্মুখঃ স্বামী সর্ব্বলোকপিতামহঃ।
কমণ্ডলুধরঃ শ্রীমান্নমস্তস্মৈ মহাত্মনে ॥"

"ব্রহ্মা দেব" এই মন্ত্র দ্বারা ইহাঁর সন্নিধান কল্পনা করিবে ॥

অথ কামবিশেষে দ্রব্যবিশেষ ন্যাস ॥

ভবিষ্যপুরাণে ॥

ধনকাম ব্যক্তি ক্ষীরবৃক্ষের ত্বক্ ও অষ্টমঙ্গলসংযুক্ত পুষ্প সম্যক্রূপে

পারদং ঘৃতগোধূমান্ দূর্ব্বাং রোচনয়া সহ।
গোশৃঙ্গমৃত্তিকাং চৈব কূর্চ্চেন সহ নিক্ষিপেৎ।
স্থিতস্য তস্য দেবস্য শ্রিয়ো বৃদ্ধিঃ সদা ভবেৎ॥
কৃষরং কাঞ্চনং চৈব পদ্মেন সহ বিন্যসেৎ।
স্থিতস্য তস্য দেবস্য চাতুর্বর্ণ্যহিতং ভবেৎ।
চতুষ্পাদাশ্চ বর্দ্ধন্তে ন চ শস্যং বিনশ্যতি *॥
লাক্ষা মধুঘৃতঞ্চৈব শমী চাশ্বত্থমেব চ।
বেদ্যা সহ চ দাতব্যা যজ্ঞোৎসবকরাস্তথা॥
মৃত্তিকা পর্ব্বতস্যাথ হ্রদাদাদায় মৃত্তথা।
সদা ক্রমেণ দাতব্যা রাষ্ট্রবৃদ্ধিকরী নৃপ।
কাঞ্চনং সর্ব্ববীজানি মেদিন্যা সহ বিন্যসেৎ।
স্থিতস্য তস্য কৃষ্ণস্য প্রজা রাজা চ বর্দ্ধতে।

স্থিতস্য তত্তদ্দ্রব্যোপরি অবস্থিতে সতীত্যর্থঃ॥

ন্যাস করিবে, ঐ পুষ্প দেশবৃদ্ধিকর এবং মঙ্গলপ্রদ হয়॥

পারদ, ঘৃত, গোধূম, হরিদ্রার সহিত দূর্ব্বা এবং গোশৃঙ্গের মৃত্তিকা কূর্চ্চের (কুশমুষ্টির) সহিত নিক্ষেপ করিবেন, তাহাতে অবস্থিত সেই দেবের সর্ব্বদা শোভা বৃদ্ধি হইয়া থাকে॥

অবস্থিত দেবকে কৃষর ও কাঞ্চন পদ্মের সহিত অর্পণ করিবে, এতদ্দ্বারা চতুষ্পাদ অর্থাৎ গোধনবৃদ্ধি ও চারি বর্ণের হিত হয় এবং শস্য বিনষ্ট হয় না॥

লাক্ষা, মধু, ঘৃত, শমী ও অশ্বত্থ বেদির সহিত অর্পণ করিবে, এতদ্দ্বারা যজ্ঞের উৎসব হয়॥

হে নৃপ! পর্ব্বতের মৃত্তিকা, হ্রদ হইতে আনীত মৃত্তিকা যথাক্রমে নিয়ত দান করিবে, ইহাতে রাজ্যের বৃদ্ধি হয়। অবস্থিত কৃষ্ণকে মেদিনীর সহিত কাঞ্চন ও সমস্ত বীজ অর্পণ করিবে, ইহাতে প্রজা ও

* বর্দ্ধন্তে ইত্যস্যান্তে "দৌর্ভাগ্যঞ্চ প্রণশ্যতি" ইতি পাঠান্তরং॥

ব্রহ্মস্থানে চ বিন্যস্য সর্ব্বকামার্থদং শুভং।
ন ভয়ং ন চ দুর্ভিক্ষং তত্র দ্রব্যব্যবস্থিতে। ইতি॥
শ্রীহয়গ্রীবদেবেন রত্নন্যাসাদনন্তরং।
বৃত্তে শান্ত্যম্বুসেকে তু প্রাসাদে বিজয়ো মতঃ॥
যথা হয়শীর্ষে॥
রত্নন্যাসবিধিং কৃত্বা প্রতিষ্ঠামারভেদ্গুরুঃ।
সশলাকৈর্দ্দর্ভপিঞ্জৈঃ সহদেবীসমন্বিতৈঃ।
মহাক্ষতৈস্তু সংকৃত্য পঞ্চগব্যেন শোধয়েৎ॥
প্রোক্ষয়েদ্গন্ধতোয়েন নদীতীর্থোদকেন চ।
হোমার্থে স্থণ্ডিলং কুর্য্যাৎ সিকতাভিঃ সমন্ততঃ।
সার্দ্ধং হস্তপ্রমাণন্তু চতুরস্রং সুশোভনং।
অষ্টদিক্ষু যথান্যায়ং কলসানপি পূজয়েৎ॥
মন্ত্রেণাষ্টাক্ষরেণৈব পূর্ব্বাদিক্রমযোগতঃ।

রাজার বৃদ্ধি হয়, ব্রহ্মস্থানে বিন্যাস করিলে সর্ব্বকামপ্রদ শুভ হইয়া থাকে এবং ঐ স্থানে দ্রব্য যথাবিধি অবস্থিত থাকিলে ভয় বা দুর্ভিক্ষ হয় না॥

শ্রীহয়শীর্ষদেবের মতে রত্নন্যাসের পর শান্তিজল সেচন করিয়া প্রাসাদে বিজয় করা প্রশস্ত হয়॥

যথা—হয়শীর্ষপঞ্চরাত্রে॥

গুরু যথাবিধি রত্নন্যাস করিয়া প্রতিষ্ঠারম্ভ করিবেন, শলাকা ও সহদেবীসমন্বিত দর্ভপিঞ্জ এবং মহাক্ষতের দ্বারা সংকার করিয়া পঞ্চগব্য দ্বারা শোধন করিবেন। গন্ধজল এবং নদী ও তীর্থের জল দ্বারা সেচন পূর্ব্বক হোম নিমিত্ত বালুকা বিস্তৃত করিয়া স্থণ্ডিল করিবেন। ঐ স্থণ্ডিল অর্দ্ধহস্ত প্রমাণ ও মনোহর চতুষ্কোণ হইবে। অষ্টদিকে যথাক্রমে ন্যাস করিয়া কলসসমূহকে পূজা করিবেন। হে দেবেশ্বর! পূর্ব্বাদি ক্রমযোগে

আনীয় সংস্কৃতং বহ্নিং ত্বমগ্নে প্রয়তেত্যৃচা।
পলাশসমিধানাং তু ঘৃতাক্তানাং সুরেশ্বর।
শতং বাথ সহস্রং বা গায়ত্র্যা বিষ্ণুসংজ্ঞয়া।
জুহুয়াচ্চ শতং দদ্যাদাজ্যমষ্টাক্ষরেণ তু।
পূর্ণাহুতিং শান্তিতোয়ং কুর্য্যাত্তত্র বিচক্ষণঃ॥
কলসেষূদকং গৃহ্য তাম্রপাত্রে নিবেশয়েৎ।
মন্ত্রয়েচ্ছতবারাংস্তু মূলমন্ত্রেণ দেশিকঃ॥
সেচয়েদ্দেবতামূর্দ্ধ্নি শ্রীশ্চ তেত্যনয়াঽনঘ।
ব্রহ্মযানেন চোদ্ধৃত্য উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে।
ত্বং বিষ্ণোরিতি মন্ত্রেণ প্রাসাদাভিমুখং নয়েৎ॥
শিবিকায়াং হরিং স্থাপ্য রথে বাথ সুযন্ত্রিতং।
ভ্রাময়ীত পুরং সর্ব্বমথবায়তনং স্বকং।
প্রদক্ষিণেন দেবেশং সর্ব্বশোভাসমন্বিতং।

অষ্টাক্ষর মন্ত্র দ্বারা সংস্কৃত অগ্নি আনয়ন করিয়া "ত্বমগ্নে প্রায়ত" এই মন্ত্র দ্বারা অথবা বিষ্ণুসংজ্ঞক গায়ত্রী দ্বারা ঘৃতাক্ত পলাশকাষ্ঠে শত বা সহস্র হোম করিবেন এবং অষ্টাক্ষর মন্ত্র দ্বারা একশতবার ঘৃত-হোম করিবেন। বিচক্ষণ ব্যক্তি ঐ স্থানে পূর্ণাহুতি ও শান্তিজল করিবেন॥

আচার্য্য কলস-সকলের জল গ্রহণ করিয়া ঐ জল তাম্রপাত্রে স্থাপন করিবেন এবং মূলমন্ত্র দ্বারা শতবার অভিমন্ত্রিত করিবেন॥

হে অনঘ! দেবতার মস্তকে "শ্রীশ্চ তে" এই মন্ত্র দ্বারা সেচন করিবেন। "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" এই মন্ত্র দ্বারা ব্রহ্মযানে উত্তোলন করিয়া "ত্বং বিষ্ণোঃ" এই মন্ত্র দ্বারা প্রাসাদের অভিমুখে আনয়ন করিবেন॥

সাবধানপূর্ব্বক সর্ব্বশোভাসমন্বিত দেবেশ হরিকে শিবিকায় অথবা

তেতা মঙ্গলঘোষৈশ্চ গীতৈর্মধুরনিস্বনৈঃ।
স্তবদ্ভির্মাগধৈঃ সূতৈর্বাদ্যৈর্নানাবিধৈঃ শুভৈঃ।
গায়দ্ভির্ব্রাহ্মণৈঃ সাম শঙ্খাকারেণ সর্ব্বশঃ।
পতাকাভির্বিচিত্রাভির্ধ্বজৈর্নানাবিধৈঃ শুভৈঃ॥
দেবদেবং মহাদেবং হরিং সর্ব্বজগদ্গুরুং।
সংসারার্ণবসন্তারপোতভূতং সুরেশ্বরং।
কর্ত্তৄণাং স্থপতীনাং চ শিল্পিনাং পুরবাসিনাং।
স্থাপকানাং চ ভৃত্যানাং পাবকং * পুণ্যবর্দ্ধকং।
ভ্রাম্য প্রাসাদাভিমুখং কৃত্বা দেবং নিবেশয়েৎ॥
অথ তত্র মঙ্গলস্নপনং॥
এরকায়াং তু সংস্থাপ্য স্নপয়েন্মঙ্গলান্বিতং।
চতস্রোঽবিধবাস্তত্র দিব্যমন্ত্রাভিমন্ত্রিতাঃ।
সব্যাপসব্যসূত্রেণ বেষ্ট্য স্পৃশ্য কুশেন তু।

রথে স্থাপন করিয়া দক্ষিণাবর্ত্তে সমুদায় পুর কিম্বা স্বীয় আয়তনে (মন্দিরে) ভ্রমণ করাইবেন॥

তদনন্তর মঙ্গলশব্দ, মধুর গীতধ্বনি, স্তবকারি মাগধ, সূত তথা নানাবিধ শুভবাদ্য, শঙ্খের ন্যায় উচ্চরবে সামবেদগায়ক ব্রাহ্মণ তথা বিচিত্র পতাকা ও উত্তম নানাবিধ ধ্বজ এই সকলের সহিত সর্ব্বজগদ্গুরু সংসারার্ণবের সন্তরণপোত স্বরূপ, সুরেশ্বর তথা কর্ত্তা, স্থপতি (সূত্রধার) শিল্পি, পুরবাসি, স্থাপক এবং ভৃত্যগণের পাবন ও পুণ্যবর্দ্ধক, দেবদেব মহাদেব হরিকে ভ্রমণ করাইয়া প্রাসাদাভিমুখে প্রবেশ করাইবেন॥

অথ সেই স্থানে মঙ্গলস্নপন॥

এরকায় সংস্থাপন করিয়া মঙ্গলান্বিত হরিকে স্নান করাইবে। তথায় চারি জন সধবা স্ত্রী আচার্য্যের আজ্ঞানুসারে দিব্যমন্ত্রে অভিমন্ত্রিত

* "পারকং" ইতি শ্রীবৃন্দাবন-শ্রীরাধারমণমন্দিরস্থ-পুস্তকপাঠঃ। তথাত্বে কর্ম্মসমাপকং উদ্ধারকমিত্যর্থঃ॥

আচার্য্যেণাভ্যনুজ্ঞাতা ঘটৈর্মলয়ভূষিতৈঃ।
স্নপয়ন্তি হরিং ভক্ত্যা অষ্টমঙ্গলসংযুতং।
ততো গন্ধাদিনাভ্যর্চ্চ্য মূলমন্ত্রেণ দেশিকঃ।
শুক্লবস্ত্রেণ সংছাদ্য অষ্টাঙ্গার্ঘ্যং নিবেদয়েৎ ॥ ১৪৫ ॥
এবং ক্রমো বহুবিধঃ কৃত্যং চ বিবিধং ভবেৎ।
প্রতিমায়াং বুধৈশ্চাত্র কার্য্যং স্বগুরুসম্মতং ॥ ১৪৬ ॥
অথ গর্ত্তলেপনাদি ॥
পায়সেনোলিপ্যাদৌ গর্ত্তমাচ্ছাদ্য বাসসা।

এবং মৎস্যভবিষ্যপুরাণোক্ত্যনুসারিণাং সতাং প্রথমং প্রাসাদে শ্রীমূর্ত্তের্বিজয়স্ততো রত্নাদিন্যাস ইতি লিখিতং। শ্রীহয়শীর্ষমতে চ তদ্বিপরীতমিত্যুল্লিখন্ তত্রৈব পরমপি কৃত্যবিশেষং লিখতি রত্নন্যাসমিত্যাদিনা নিবেদয়েদিত্যন্তেন। সুযন্ত্রিতং সাবধানং রথেন সহ সংযোজিতমিত্যর্থঃ। অন্যৎ সুগমং ॥ ১৪৫ ॥

নন্বেবং কৃত্যে ক্রমে চ পুরাণাগমাদিবচনতো বিরোধাপত্ত্যা কথং ব্যবহর্ত্তব্যং তত্র লিখতি এবমিতি। নিজগুরুসংপ্রদায়াচারানুসারেণ তত্র তত্র ব্যবহারঃ কর্ত্তব্য ইত্যর্থঃ। এবং সর্ব্বত্রৈবোহ্যং। সর্ব্বত্র বিবিধবিরোধদর্শনাৎ পুনঃ পুনরেব লিখ্যতে ইত্যুন্নেয়ং ॥ ১৪৬ ॥

সূত্র দ্বারা বেষ্টন এবং কুশের দ্বারা সংস্পর্শন পূর্ব্বক ভক্তিসহকারে অষ্টবিধ মঙ্গলসংযুক্ত হরিকে মলয়ভূষিত ঘট দ্বারা স্নান করাইবে ॥

তদনন্তর আচার্য্য মূলমন্ত্রে গন্ধাদি দ্বারা অভ্যর্চ্চনা পূর্ব্বক শুক্লবস্ত্রে আচ্ছাদন করিয়া অষ্টাঙ্গ অর্ঘ্য নিবেদন করিবেন ॥ ১৪৫ ॥

এই প্রকার প্রতিমাবিষয়ে বহুবিধ ক্রম এবং বিবিধ কৃত্য হইয়া থাকে। পণ্ডিতগণ এস্থানে সম্প্রদায়ানুসারে স্ব স্ব গুরুসম্মত প্রতিমাবিষয়ক কার্য্য করিবেন ॥ ১৫৬ ॥

অথ গর্ত্তলেপনাদি ॥

অগ্রে পায়স দ্বারা উপলেপন পূর্ব্বক বস্ত্রদ্বারা গর্ত্ত আচ্ছাদন করিয়া

অগ্ন্যাদিভ্যস্তু জুহুয়াৎ সিদ্ধ্যর্থং তস্য দক্ষিণে ॥
তথাচ মাৎস্যে ॥
ন্যাসং কৃত্বা তু রত্নানাং পায়সেনানুলেপিতং।
পটেনাচ্ছাদয়েচ্ছ্বভ্রং শুক্লেনোপরি ধারয়ন্ ॥
ভবিষ্যে চ ॥
রত্নন্যাসে কৃতে পশ্চাৎ পায়সেনোপলেপয়েৎ।
পটেন মহতা পশ্চাৎ শুক্লেনোপরি ছাদয়েৎ ॥
কিঞ্চ ॥
শ্বভ্রস্য দক্ষিণে পার্শ্বে সর্ষপান্ জুহুয়াদ্বুধঃ।
অগ্নয়ে ব্রহ্মণে চৈব রুদ্রায় চৈব বিষ্ণবে।
স্কন্দায় গণরাজায় গণমাতৃভ্য এব চ ॥ ১৪৭ ॥

কেভ্যো জুহুয়াত্তানেব নির্দিশতি। অত্র প্রয়োগঃ ওঁ অগ্নয়ে স্বাহা ওঁ ব্রহ্মণে স্বাহেত্যাদি ॥ ১৪৭ ॥

সিদ্ধির নিমিত্ত গর্ত্তের দক্ষিণদিকে অগ্ন্যাদি দেবগণকে হোম করিবে ॥

মৎস্যপুরাণে ॥

রত্ন সকলের ন্যাস পূর্ব্বক গর্ত্তকে পায়স দ্বারা অনুলেপিত করত উপরিভাগে শুক্লবস্ত্র দ্বারা আচ্ছাদন করিবে ॥

ভবিষ্যে ॥

রত্নন্যাস করা হইলে পশ্চাৎ পায়স দ্বারা উপলেপন করিবে। তৎপরে বৃহৎ শুক্লবস্ত্র দ্বারা উপরিভাগে আচ্ছাদন করিবে ॥

আরও ॥

পণ্ডিত ব্যক্তি গর্ত্তের দক্ষিণপার্শ্বে অগ্নি, ব্রহ্মা, রুদ্র, বিষ্ণু, স্কন্দ, গণরাজ এবং মাতৃগণকে সর্ষপহোম করিবে ॥ ১৪৭ ॥

অথেন্দ্রাদি-বলিদানং ॥

দদ্যাৎ শ্রীমূর্ত্তিমুত্থাপ্য শক্রাদিভ্যো বলিং বুধঃ ।
তত্তন্নাম্না চতুর্থ্যন্ত নমোঽন্তপ্রণবাদিনা ॥

তথাচ তত্রৈব ॥

ইন্দ্রাদীল্লোঁকপালাংশ্চ আদিত্যাংশ্চ বসূংস্তথা ।
বিশ্বেদেবাংস্তথা সর্ব্বান্ স্বনাম্না চোপলক্ষিতান্ ।
ওঁকারাদ্যান্নমোঽন্তাংশ্চ কৃত্বোত্থাপ্য বলিং হরেৎ ॥ ১৪৮ ॥

অথ প্রাসাদান্তঃ শ্রীমূর্ত্তিপ্রবেশনং ॥

দেবং গোবালরজ্জ্বাঽভিবেষ্ট্য স্বস্ত্যভিবাচয়েৎ ।
আচার্য্যো বিধিবত্তঞ্চ প্রাসাদান্তঃপ্রবেশয়েৎ ॥

তদ্বিধিশ্চ তত্রৈব ॥

উত্থিতং তত্র দেবেশং বালরজ্জ্বা হি দণ্ডবৎ ।

---

ইন্দ্র্যাদিভ্যশ্চ পায়সবলিং তত্তন্নামমন্ত্রেণ দদ্যাৎ। তত্র প্রয়োগঃ। ওঁ ইন্দ্রায় নম ইত্যাদি ॥ ১৪৮ ॥

দণ্ডবদ্বালরজ্জ্বা সুযন্ত্রিতং কৃত্বা ইত্যাদি জীবসূক্তেন জীবদানং কৃত্বা সর্ব্বেঽপ্যোত্তমসংলগ্নাঃ

---

অথ ইন্দ্রাদি-বলিদান ॥

পণ্ডিত বক্তি শ্রীমূর্ত্তি উত্থাপিত করিয়া ইন্দ্রাদি দেবতা সকলকে তত্তন্নাম চতুর্থ্যন্ত করিয়া ও আদিতে প্রণব এবং অন্তে নমঃ শব্দ দিয়া অর্থাৎ "ওঁ ইন্দ্রায় নমঃ" ইত্যাদি মন্ত্রে পায়স বলি সমর্পণ করিবেন ॥ ১৪৮ ॥

অথ প্রাসাদের মধ্যে শ্রীমূর্ত্তিপ্রবেশন ॥

আচার্য্য গোবালরজ্জু দ্বারা দেবকে বেষ্টন পূর্ব্বক স্বস্তিবাচন করিয়া বিধিবৎ তাঁহাকে প্রাসাদের মধ্যে প্রবেশ করাইবেন ॥

এই বিষয়ের বিধি সেই স্থানে ॥

ঐ স্থানে বালরজ্জু দ্বারা দণ্ডের ন্যায় দেবকে সুযন্ত্রিত করিয়া ব্রাহ্মণ-

ততঃ সুযন্ত্রিতং কৃত্বা ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য চ।
জীবদানং ততঃ কৃত্বা দেবদেবং সমুৎক্ষিপেৎ।
স্থাপকঃ স্থাপয়েদ্দেবং মূর্ত্তিপৈর্বলবত্তরৈঃ ॥
পুণ্যাহ-জয়শব্দৈশ্চ ব্রহ্মঘোষৈশ্চ পুষ্কলৈঃ।
আচার্য্যস্ত্বগ্রতো গচ্ছেদর্ঘ্যহস্তঃ সমাহিতঃ।
পৃষ্ঠতো যজমানস্তু ভক্ত্যা দেবন্তু সংস্পৃশন্।
পুত্রভ্রাতৃকলত্রৈশ্চ বন্ধুভিঃ পরিবেষ্টিতঃ।
সর্ব্বেঽন্যোন্যমসংলগ্না ধ্যায়মানা জনার্দ্দনং।
দ্বারদেশে সমানীয় অর্ঘ্যং তস্মৈ নিবেদয়েৎ ॥
ততঃ প্রবেশয়েদ্দেবং ন দ্রুতং ন বিলম্বিতং।
তির্য্যগূর্দ্ধমধশ্চৈবমস্পৃশন্তং প্রবেশয়েৎ ॥

সন্তো গচ্ছেয়ুরিতি শেষঃ। দ্বারদেশে চ সর্ব্বগন্ধজলৈর্দ্বারি সংতিষ্ঠ তে নমঃ ইতি দেবং স্নাপয়েৎ।

সকলকে স্বস্তিবাচন করত পশ্চাৎ প্রাণদান করিয়া দেবদেবকে উত্থাপন করাইবে। তদনন্তর স্থাপক বলবান্ মূর্ত্তিরক্ষক দ্বারা দেবকে স্থাপন করিবেন ॥

তৎপরে আচার্য্য পুণ্যাহ, জয়শব্দ ও পবিত্র বেদধ্বনিসহকারে অর্ঘ্য-হস্ত এবং সমাহিত হইয়া অগ্রে গমন করিবেন। যজমান ভক্তিপূর্ব্বক পৃষ্ঠদেশে দেবকে স্পর্শ করিয়া পুত্র, ভ্রাতৃ, কলত্র ও বন্ধুবর্গে পরিবেষ্টিত হইয়া এবং সকল লোক পরস্পর অসংলগ্ন হইয়া ধ্যান করত জনার্দ্দনকে দ্বারদেশে আনয়ন পূর্ব্বক তাঁহাকে অর্ঘ্য নিবেদন করিবেন ॥

তাহার পর না দ্রুত, না বিলম্ব ও না তির্য্যক্ ঊর্দ্ধ এবং অধোদেশে স্পর্শ করে, এমত ভাবে দেবকে প্রবেশ করাইবে ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে চ ॥

পাশেন যন্ত্রিতং কৃত্বা ততো দেবেতি চালয়েৎ।
অদ্বারবন্ধে প্রাসাদে দ্বারেণৈব প্রবেশয়েৎ ॥
দ্বারবন্ধে কৃতে চাপি অস্পৃশন্তং প্রবেশয়েৎ।
দেবস্য ত্বেতি মন্ত্রেণ তির্য্যগূর্দ্ধমধস্তথা ॥ ১৪৯ ॥

অথ পিণ্ডিকান্যাসাদি ॥

পাদ্যং দত্ত্বা পিণ্ডিকাঞ্চ বিন্যস্য বিধিনা চ তাং।
প্রক্ষাল্যাভ্যর্চ্চ্য তদ্গর্ত্তং পায়সেনোপলেপয়েৎ ॥

ভবিষ্যে ॥

বিষ্ণুপীঠং ন্যসেৎ পশ্চাদর্ঘ্যং দত্ত্বা সমাহিতঃ।

---

ততোঽর্ঘ্যং নিবেদয়েদিতি কেষাঞ্চিন্মতং ॥ ১৪৯ ॥

বিধিনেতি প্রতিপদসীতি মন্ত্রেণ পিণ্ডিকাং বিন্যস্য .পঞ্চগব্যেন কষায়োদকেন চ প্রক্ষাল্য

---

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

তদনন্তর রজ্জু দ্বারা যন্ত্রিত করিয়া "দেব" এই মন্ত্রে চালনা করিবে, দ্বারবন্ধন হীন প্রাসাদে দ্বার দিয়া প্রবেশ করাইবে। দ্বারবন্ধ কৃত হইলে অস্পর্শকে প্রবেশ করাইবে। "দেবস্য ত্বা" এই মন্ত্রে তির্য্যগূর্দ্ধ অধঃ-প্রবেশ করাইবে ॥ ১৪৯ ॥

পিণ্ডিকান্যাসাদি ॥

পাদ্য প্রদানপূর্ব্বক যথাবিধি পিণ্ডিকাকে বিন্যাস করিয়া তাহাকে প্রক্ষালন ও অভ্যর্চ্চন করত সেই গর্ত্তকে পায়স দ্বারা উপলেপিত করিবেন ॥

ভবিষ্যপুরাণে ॥

সাবধান পূর্ব্বক অর্ঘ্য প্রদান করিয়া পশ্চাৎ বিষ্ণুপীঠ ন্যাস করিবে,

কপিলাক্ষীরসংস্নিগ্ধং পরমান্নং তু সংস্কৃতং।
কপিলাজ্যেন সংমিশ্রং তৈঃ শ্বভ্রমুপলেপয়েৎ ॥
হয়শীর্ষে ॥
রত্নন্যাসমিমং কৃত্বা নপুংসকশিলাতলে।
ন্যসেৎ পাদশিলাং তত্র স্ত্রীলিঙ্গৈরুপলক্ষিতাং।
তত্র সংপূজয়েদ্বিদ্বান্ পিণ্ডিকাং শক্তিরূপিণীং ॥
সহ রঙ্গেণ বস্ত্রেণাচ্ছাদ্য গন্ধাদিনার্চ্চয়েৎ।
পুষ্পৈর্মূলৈঃ ফলৈর্হৃদ্যৈঃ সিতয়া চার্দ্রকেণ চ।
অভ্যর্চ্চ্য বিন্যসেদ্বিদ্বান্ লক্ষ্মীবীজং সমাহিতঃ ॥ ১৫০ ॥
কৃত্বৈবং পিণ্ডিকাকর্ম্ম তদূর্দ্ধং প্রতিমাং ন্যসেৎ।
প্রাসাদানাং তু সর্ব্বেষাং প্রতিমাবীজ উচ্যতে।

লক্ষ্মীমন্ত্রেণাভ্যর্চ্চেতি। পূর্ব্বমধিবাসে প্রক্ষালনাদিকমস্যাপি লিখিতং ইদানীঞ্চ প্রাসাদান্তঃ স্থাপন ইতি ভেদঃ ॥ ১৫০ ॥

পীঠস্যোর্দ্ধমুপরি। ইষ্টে স্থাপনযোগ্যে অংশে প্রদেশভাগে। তত্র চ সুভাজনে সৎপাত্রে

তৎপরে কপিলাক্ষীর সংস্নিগ্ধ, কপিলাধেনুর ঘৃতে সংমিশ্র সুসংস্কৃত যে পরমান্ন, তদ্দ্বারা গর্ত্তলেপন করিবে ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

বিদ্বান্ ব্যক্তি এই রত্নন্যাস করিয়া নপুংসকশিলাতলে স্ত্রীলিঙ্গ সকলে উপলক্ষিত পাদশিলা ন্যাস করিবেন ও সেই স্থানে শক্তিরূপিণী পিণ্ডিকাকে পূজা করিবেন এবং রঙ্গবস্ত্রে অচ্ছাদন করিয়া গন্ধাদি তথা মনোহর পুষ্প, মূল ও ফল, শর্করা এবং আর্দ্রক দ্বারা অভ্যর্চ্চনা করিয়া বিদ্বান্ ব্যক্তি সাবধানে লক্ষ্মীবীজ শ্রীঁ ন্যাস করিবেন ॥ ৫০ ॥

এই প্রকার পিণ্ডিকাকর্ম্ম করিয়া তাহার ঊর্দ্ধে প্রতিমা ন্যাস করিবে, সমুদায় প্রাসাদের প্রতিমা বীজরূপ কথিত হয়, সমস্ত প্রতিমার পাদপীঠ

প্রতিমানাং তু সর্ব্বাসাং পাদপীঠঃ শিলাময়ঃ ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন পীঠোর্দ্ধং প্রতিমাং ন্যসেৎ ॥
অথ শ্রীমূর্ত্তিস্থাপনং ॥
গন্ধপুষ্পাদিনাভ্যর্চ্চ্য বিবিধৈর্মঙ্গলস্বনৈঃ ।
গীতাদিভিশ্চ তাং মূর্ত্তিং স্থাপয়েৎ পিণ্ডিকোপরি ॥
মাৎস্যে ॥
তত উত্থাপ্য দেবেশমিষ্টাংশে তু সুভাজনে ।
ধ্রুবা দ্যৌরিতি মন্ত্রেণ শ্বভ্রোপরি নিবেশয়েৎ ॥
ভবিষ্যে চ ॥
স্থাপয়েত্তমসংলগ্নমদ্রুতঞ্চাবিলম্বিতং ।
পুণ্যাহজয়শব্দৈশ্চ ব্রহ্মঘোষৈশ্চ পুষ্কলৈঃ ।
শঙ্খভেরীনিনাদৈশ্চ গীতবাদিত্র নিস্বনৈঃ ॥ ১৫১ ॥

---

পিণ্ডিকোপরীত্যর্থঃ ॥ ১৫১ ॥

---

শিলাময় হইয়া থাকে, অতএব সর্ব্বপ্রযত্নে পীঠের উপরিভাগে প্রতিমা স্থাপন করিবে ॥

অথ মূর্ত্তিস্থাপন ॥

গন্ধপুষ্পাদি দ্বারা অর্চ্চনা করিয়া বিবিধ মঙ্গলধ্বনি ও গীতাদি বাদ্য-সহকারে শ্রীমূর্ত্তিকে পিণ্ডিকার উপরে স্থাপন করিবে ॥

মৎস্যপুরাণে ॥

তদনন্তর দেবেশকে উত্তোলন করিয়া স্থাপনযোগ্য প্রদেশভাগে পিণ্ডিকায় "ধ্রুবা দ্যৌ" এই মন্ত্রে গর্ত্তের উপরে স্থাপন করিবে ॥

ভবিষ্যপুরাণেতেও ॥

পুণ্যাহ, জয়শব্দ, পবিত্র ব্রহ্মঘোষ, শঙ্খভেরী নিনাদ, গীতবাদ্য-নিস্বনসহকারে তাঁহাকে অসংলগ্ন, অদ্রুত ও অবিলম্বিতরূপে স্থাপন করিবেন ॥ ১৫১ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

পিণ্ডিকোর্দ্ধং ততো দেবং মন্ত্রিতো ধারয়েৎ ক্ষণং।
ততঃ শঙ্খঘটীতোয়ৈর্দৈবজ্ঞান্ লগ্নমাদিশেৎ ॥ ১৫২ ॥
জ্ঞাত্বা সম্যক্ স্থিরং লগ্নমলগ্নং বা নিবেশয়েৎ।
পিণ্ডিকায়াং সুরশ্রেষ্ঠ মন্ত্রেণানেন দেশিকঃ।
ওঁ ত্রৈলোক্যবিক্রান্তায় ত্রিবিক্রমায় নমোনমঃ। ইতি ॥
সংস্থাপ্য পিণ্ডিকায়াস্তু স্থিরং কুর্য্যাদ্বিচক্ষণঃ।
ধ্রুবাদ্যৈরিতি মন্ত্রেণ বিশ্বতশ্চক্ষুরিত্যপীতি ॥
অথ শ্রীমূর্ত্তিস্থাপনানন্তরং কৃত্যানি ॥
ততঃ স্বর্ণাদিনা দেবং সংস্থাপ্যার্ঘ্যং প্রদায় চ।

আদিশেৎ পৃচ্ছেদিত্যর্থঃ ॥ ১৫২ ॥
আদিশব্দাৎ মধুসর্পিষা। তথা পুরা শান্তিঘটন্যস্তাবশিষ্টসংপাতাহুতি জলেন চ। অবহিতঃ

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

তদনন্তর মন্ত্রী ব্যক্তি ক্ষণকাল পিণ্ডিকার উপর দেবকে ধারণ করিয়া তৎপরে শঙ্খ ও ক্ষুদ্রঘটের জল দ্বারা দৈবজ্ঞ সকলকে লগ্ন জিজ্ঞাসা করিবেন ॥ ১৫২ ॥

হে দেবশ্রেষ্ঠ! আচার্য্য সম্যক্‌রূপে স্থিরলগ্ন জানিয়া অথবা লগ্ন না জানিয়া "ওঁ ত্রৈলোক্য বিক্রান্তায় ত্রিবিক্রমায় নমোনমঃ" এই মন্ত্রে দেবকে পিণ্ডিকায় স্থাপন করিবেন ॥

বিদ্বান্ ব্যক্তি পিণ্ডিকায় স্থাপন করিয়া "ধ্রুবাদ্যৈঃ এবং বিশ্বতশ্চক্ষুঃ" এই দুই মন্ত্র দ্বারা স্থির করিবেন ॥

অথ শ্রীমূর্ত্তিস্থাপনা ন্তর কৃত্য সকল ॥

তদনন্তর স্বর্ণাদি দ্বারা দেবকে সংস্থাপন পূর্ব্বক অর্ঘ্য এবং ধূপাদি

ধূপাদিদত্ত্বাবহিতো মহামন্ত্রং জপেদ্‌গুরুঃ ॥
ভবিষ্যে ॥
স্থিতমাত্রং সুবর্ণেন স্নাপয়েদথ সর্পিষা।
তস্যান্তে স্থাপয়েত্তেন সংপাতাহুতিবারিণা।
অর্ঘ্যং দত্ত্বা নমস্কৃত্য অর্চ্চয়িত্বা যথাবিধি।
সঘৃতং গুগ্‌গুলুং দদ্যান্নিঃশব্দং কারয়েত্ততঃ।
ঐশানে তু দিশাভাগে স্থিতস্তূষ্ণীং সুসংযতঃ।
উচ্চারয়েন্মহামন্ত্রং দ্বাদশাক্ষরমদ্রুতং।
তেন বৈ জপ্যমানেন বিধেরচ্ছিদ্রতা ভবেৎ ॥ ১৫৩ ॥
মন্ত্রহীনো বিধির্যশ্চ অঙ্গহীনশ্চ যো ভবেৎ।
হীনো বৈ দক্ষিণাভিশ্চ ন প্রশস্তঃ কদাচন।

নিঃশব্দতাদ্যাপাদনেন সাবধানঃ সন্ মহামন্ত্রং দ্বাদশাক্ষরং জপেৎ। তেন পূর্ব্বং শান্তিঘটস্থেন। অর্পয়িত্বেতি পাঠে আদৌ মন্ত্রেণার্ঘ্যং বিসৃজ্য পশ্চাত্তেন অর্ঘ্যং কৃত্বা। যদ্বা অর্ঘ্যয়িত্বা অর্চ্চয়িত্বেবার্থঃ ॥ ১৫৩ ॥

প্রদান পূর্ব্বক গুরু সাবধান হইয়া মহামন্ত্র জপ করিবেন ॥

ভবিষ্যপুরাণে ॥

অবস্থিতমাত্র দেবকে স্বর্ণ দ্বারা তৎপরে ঘৃত দ্বারা স্নান করাইয়া তৎপরে সম্পাত আহুতিবারি দ্বারা স্নান করাইয়া অর্ঘ্য প্রদান পূর্ব্বক নমস্কার ও যথাবিধি অর্চ্চনা করত সঘৃত গুগ্‌গুলু দিবে এবং তাহার পর নিঃশব্দ করাইবে। তৎপরে ঐশানদিক্‌ভাগে তূষ্ণীম্ভূত এবং সাবধান হইয়া দ্বাদশাক্ষর মহামন্ত্র অদ্রুত জপ করিবে। এই প্রকারে মন্ত্র জপ্যমান হইলে বিধির অচ্ছিদ্রতা হয় ॥ ১৫৩ ॥

যে বিধি মন্ত্রবিধিহীন, অঙ্গহীন এবং দক্ষিণাহীন হয়, সে বিধি কখন

এষ গুহ্যবিধিঃ প্রোক্তঃ সংহিতোক্তো ময়া তব ॥ ১৫৪ ॥

অথ মন্ত্রৈঃ শ্রীমদঙ্গালভনং ॥

ওঁ যজ্জাগ্রত ইত্যাদ্যৈর্ম্মন্ত্রৈঃ ষড়্ভিঃ ক্রমাৎ স্পৃশেৎ।
দেবস্য দক্ষিণং পার্শ্বং বামং পৃষ্ঠং শিরঃপদৌ ॥

ভবিষ্যে ॥

অধুনা বৈদিকং বক্ষ্যে বিধিং সামান্যযোগতঃ।
এতাভির্ঋগ্ভিঃ ষড়্ভিশ্চ বিষ্ণুং সর্ব্বত্র সংস্পৃশেৎ।
দক্ষিণং পশ্চিমং চৈব উত্তরং পূর্ব্বমেব চ।
মূর্দ্ধ্নি মূলে চ যত্নেন সংস্পৃশেৎ প্রযতো বুধঃ ॥

তে চ মন্ত্রাঃ ॥

ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈবমিতি।

---

বিধেঃ কর্ম্মণঃ। ছিদ্রতামেব দর্শয়তি মন্ত্রহীন ইতি ॥ ১৫৪ ॥

---

প্রশস্ত হয় না, আমি সংহিতোক্ত এই গুহ্যবিধি তোমাকে কহিলাম ॥ ১৫৪ ॥

অথ মন্ত্র সকল দ্বারা শ্রীঅঙ্গের গ্রহণ ॥

"ওঁ যজ্জাগ্রত" ইত্যাদি ছয় মন্ত্র দ্বারা ক্রমে দেবের দক্ষিণপার্শ্ব, বামপার্শ্ব, পৃষ্ঠ, শিরঃ ও পদদ্বয় এই ছয় অঙ্গ স্পর্শ করিবে ॥

ভবিষ্যে ॥

এক্ষণে সামান্য যোগহেতু বৈদিক বিধি বলিতেছি, এই ছয় মন্ত্র দ্বারা সকল স্থানে বিষ্ণুকে স্পর্শ করিবে। পণ্ডিত ব্যক্তি দক্ষিণ, পশ্চিম, উত্তর, পূর্ব্ব, মস্তক এবং মূল এই সকল স্থানে যত্নপূর্ব্বক স্পর্শ করিবেন ॥

ছয় মন্ত্র যথা ॥

"ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈব" ইত্যাদি। "ওঁ যেন কর্ম্মাণ্য

ওঁ যেন কর্ম্মাণ্যপসো মনীষিণো যজ্ঞেতি। —

ওঁ যৎ প্রজ্ঞামৃতচেতোধৃতিশ্চেতি॥ —

ওঁ যেনেদম্ভূতং ভবনং ভবিষ্যদিতি। —

ওঁ যস্মিন্নৃচঃ সামযজূংষি যস্মিন্নিতি। —

ওঁ সুখারথিরশ্বাতিবয়ন্মনুষ্যানিতি॥ —

মাৎস্যে॥

দেবধ্যানৈকচেতাস্তু মন্ত্রানেতানুদীরয়েৎ।

ওঁ যজ্জাগ্রতো দূরমুদেতি যাত ইতি॥

ততো বিরাড়জায়ত ইতি।

সহস্রশীর্ষা পুরুষ ইতি।

অভিত্বা শূরণো নম ইতি।

ওঁ পুরুষ এবেদং সর্ব্বমিতি।

ওঁ ত্রিপাদূর্দ্ধ ইতি।

ওঁ যেনেদং ভূতং ভুবনমিতি।

ওঁ নত্বা বা অন্য ইতি।

---

পসো মনীষিণো যজ্ঞ" ইত্যাদি। "ওঁ যৎ প্রজ্ঞামৃতচেতোধৃতিশ্চ" ইত্যাদি। "ওঁ যেনেদম্ভূতং ভুবনং ভবিষ্যৎ" ইত্যাদি। "ওঁ যস্মিন্নৃচঃ সামযজূংষি যস্মিন্" ইত্যাদি। "ওঁ সুখারথিরশ্বাতিবয়ন্মনুষ্যান্" ইত্যাদি॥

মৎস্যপুরাণে॥

দেবধ্যানে একান্তচিত্ত হইয়া এই সকল মন্ত্র উচ্চারণ করিবে। "ওঁ যজ্জাগ্রতো দূরমুদেতি যাত" ইত্যাদি। "ততো বিরাড়জায়ত" ইত্যাদি। "সহস্রশীর্ষা পুরুষ" ইত্যাদি। "অভিত্বা শূরণো নমঃ" ইত্যাদি। "ওঁ পুরুষ এবেদং সর্ব্বং" ইত্যাদি। "ওঁ ত্রিপাদূর্দ্ধ" ইত্যাদি। "ওঁ যেনেদং ভূতং ভুবনং" ইত্যাদি। "ওঁ নত্বা বা অন্য" ইত্যাদি॥

সর্ব্বাস্বেতান্ প্রতিষ্ঠাসু জপ্ত্বা মন্ত্রান্ পুনঃ পুনঃ।
চতুঃকৃত্বঃ স্পৃশেদদ্ভির্মূলে মধ্যে শিরস্যপীতি ॥ ১৫৫ ॥
অথ জপবিধিবিশেষঃ ॥
দেবমূর্দ্ধ্নি করং ন্যস্য দেবং ধ্যায়ন্ জপেদ্গুরুঃ।
সূক্তান্যথাত্মতত্ত্বঞ্চ ভাবয়িত্বা পঠেন্মনূন্ ॥
তত্রৈব ॥
ততঃ স্থিরীকৃতস্যাস্য হস্তং দত্ত্বা তু মস্তকে।
ধ্যাত্বা পরমসদ্ভাবং দেবদেবন্তু নিষ্কলং।
দেবব্রতং তথা সাম রুদ্রসূক্তং তথা পঠেৎ।
আত্মানমীশ্বরং ধ্যাত্বা নানাভরণভূষিতং।
যস্য দেবস্য যদ্রূপং তদ্ধ্যানে সংস্মরেৎ সদা ॥ ১৫৬ ॥

অগ্রে লেখ্যৈঃ ষড়্ভির্মন্ত্রৈঃ ক্রমেণ দেবস্য দক্ষিণপার্শ্বাদিস্থানষট্কং স্পৃশেৎ ॥ ১৫৫ ॥
সূক্তানি দেবব্রতাদীনি জপেৎ। আত্মতত্ত্বং ভগবদ্দাসোঽস্মীত্যেবং ধ্যাত্বা। আত্মানং সর্ব্বান্তর্যামিণং ॥ ১৫৬ ॥

সকল প্রতিষ্ঠায় এই সকল মন্ত্র পুনঃ পুনঃ জপ করিয়া জল দ্বারা চারিবার করিয়া মূল, মধ্য ও শিরঃ স্পর্শ করিবে ॥ ১৫৫ ॥

অথ জপবিধিবিশেষ ॥

গুরু দেবমস্তকে করবিন্যাস পূর্ব্বক দেবকে ধ্যান করিয়া জপ করিবেন ও আত্মতত্ত্ব চিন্তা করিয়া মন্ত্র সকলকে পাঠ করিবেন ॥

ঐ মৎস্যপুরাণে ॥

তদনন্তর স্থিরীকৃতদেবের মস্তকে হস্ত দিয়া পরম সদ্ভাব নিষ্কল দেবদেবকে ধ্যান করিয়া দেবব্রত, সাম ও রুদ্রসূক্ত পাঠ করিবে। তৎপরে নানাভরণভূষিত সর্ব্বান্তর্যামি ঈশ্বরকে ধ্যান করিয়া যে দেবের যে রূপ সর্ব্বদা তাঁহার ধ্যানে স্মরণ করিবেন ॥ ১৫৬ ॥

মন্ত্রাশ্চ তত্রৈব ॥

অতসীপুষ্পসংকাশং শঙ্খচক্রগদাধরং ।
সংস্থাপয়ামি দেবেশং দেবো ভূত্বা জনার্দ্দনং ॥ ১৫৭ ॥

কিঞ্চ ॥

বেদমন্ত্রাংস্তথা মন্ত্রান্ রুদ্রস্য স্থাপনে জপেৎ ।
বিষ্ণোস্তু বৈষ্ণবাংস্তদ্বদ্ব্রাহ্মাংশ্চ ব্রহ্মণো বুধঃ ।
সৌরাঃ সূর্য্যস্য জপ্তব্যাস্তথান্যেষু তদাশ্রয়াঃ ।
বেদমন্ত্রপ্রতিষ্ঠা তু যস্মাদানন্দদায়িনী ॥ ১৫৮ ॥

কিঞ্চ ॥

স্থাপয়েদযস্তু দেবেশং প্রধানং তং প্রকল্পয়েৎ ।

---

দেবঃ দেবস্যাধীনোদাস ইত্যর্থঃ ॥ ১৫৭ ॥

বেদমন্ত্রজপে হেতুমাহ। বেদেতি অতো বৈদিকমন্ত্রপ্রধানৈরেব প্রতিষ্ঠা কার্য্যেতি ভাবঃ ॥ ১৫৮ ॥

পরিবারবৎ স্মরেৎ পরিবারান্ জানীয়াৎ ॥ ১৫৯ ॥

---

ঐ মৎস্যপুরাণে মন্ত্রসকল যথা ॥

"অতসীপুষ্পসংকাশং শঙ্খচক্রগদাধরং ।
সংস্থাপয়ামি দেবেশং দেবো ভূত্বা জনার্দ্দনং ॥ ১৫৭ ॥"

আরও ॥

পণ্ডিত ব্যক্তি রুদ্রের স্থাপনবিষয়ে বেদমন্ত্র ও মন্ত্র, বিষ্ণুর স্থাপনে বিষ্ণুমন্ত্র, ব্রহ্মার স্থাপনে ব্রহ্মমন্ত্র এবং সূর্য্যের স্থাপনে সূর্য্যমন্ত্রে তথা অন্য স্থাপনে অন্য মন্ত্র সকল জপ করিবেন, যে হেতু বেদমন্ত্রে প্রতিষ্ঠা আনন্দদায়িনী হয় ॥ ১৫৮ ॥

আরও ॥

যে ব্যক্তি যে দেবেশকে স্থাপন করেন, তিনি তাঁহাকে প্রধান করি-

অস্যাঃ পার্শ্বে স্থিতানন্যান্ স্মরেত্তৎপরিবারবৎ ॥ ১৫৯ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

পঞ্চগব্যেন তং স্নাপ্য ক্ষাল্য গন্ধোদকেন তু।
পূজয়েৎ সকলীকৃত্য সাঙ্গং সাবরণং হরিং।
ধ্যায়েত্তং পরমাত্মানং নিষ্কলং নির্ম্মলং বিভুং ॥
গগনং তস্য মূর্ত্তিস্তু পৃথিবী তস্য পিণ্ডিকা।
কল্পয়েদ্বিগ্রহং তস্য তৈজসৈঃ পরমাণুভিঃ।
তেজোময়ং ততো ধ্যায়েচ্ছঙ্খচক্রগদাধরং।
মন্ত্রমূর্ত্তিং ততঃ কুর্য্যান্মূলমন্ত্রেণ বৈ হরিং ॥
স্থিতে বিভৌ স্থিতিন্যাসমাসীনে সৃষ্টিসংজ্ঞিতং।
শয়িতে সংহৃতিন্যাসং যানস্থে সর্ব্বমেব চ।
এবং ন্যাসবিধিং কৃত্বা ধ্যায়েদ্বিষ্ণুং সুরেশ্বরং ॥

বেন এবং তাঁহার পার্শ্বস্থ অন্যান্য সকলকে তদীয় পরিবাররূপে জানিবেন ॥ ১৫৯ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

পঞ্চগব্য দ্বারা স্নান, গন্ধোদক দ্বারা প্রক্ষালন ও সকলীকরণ করিয়া আবরণের সহিত হরিকে পূজা করিবে। তৎপরে নিষ্কল, নির্ম্মল এবং বিভু পরমাত্মাকে ধ্যান করিবে ॥

ঐ পরমাত্মার গগনমূর্ত্তি ও পৃথিবী তাঁহার পিণ্ডিকা এবং তৈজস-পরমাণু সকল দ্বারা তাঁহার বিগ্রহ কল্পনা করিবে। তদনন্তর তেজোময় শঙ্খচক্রগদাপদ্মধারি মূর্ত্তি ধ্যান করিবে। তৎপরে মূলমন্ত্র দ্বারা হরিকে মন্ত্রমূর্ত্তি করিবে ॥

অনন্তর হরি স্থিত হইলে স্থিতিন্যাস, উপবিষ্ট হইলে সৃষ্টিসংজ্ঞিত, শয়িত হইলে সংহৃতিন্যাস, যানে অবস্থিত হইলে সমুদায় ন্যাস বিহিত হয়। এই প্রকার ন্যাসবিধি করিয়া সুরেশ্বর বিষ্ণুকে ধ্যান করিবে ॥

হৃত্তামরসমধ্যস্থং সর্ব্বকর্ম্মৈকসাক্ষিণং।
ক্ষেত্রজ্ঞং চিৎস্বভাবন্তমণীয়াংসমণোরপি।
অদোষপরমর্ষ্যাদীন্ প্রতিমায়াং নিবেশয়েৎ।
সজীবকরণং কৃত্বা প্রণবেন নিরোধয়েৎ ॥
সান্নিধ্যকরণার্থায় হৃদয়ং স্পৃশ্য দেশিকঃ।
পৌরুষং তু জপেৎ সূক্তং ধ্যায়েদ্দেবং সুরেশ্বরং।
জপেত্তথাপরং মন্ত্রমিমং গুহ্যং সনাতনং ॥
ওঁ নমস্তুভ্যং সুরেশায় সন্তোষবিভবাত্মনে।
জ্ঞানবিজ্ঞানরূপায় ব্রহ্মতেজোঽনুশালিনে ॥
গুণানুক্রান্তবেশায় পুরুষায় মহাত্মনে।
অক্ষয়ায় পুরাণায় বিষ্ণো সন্নিহিতো ভব ॥
যচ্চ তে পরমং তত্ত্বং যচ্চ জ্ঞানময়ং বপুঃ।

তৎপরে সর্ব্বকর্ম্মের এক সাক্ষি ক্ষেত্রজ্ঞ, চিৎস্বভাব, অণু অপেক্ষাও অণীয়াংসকে হৃৎপদ্ম মধ্যস্থ করিয়া অদোষ পরম ঋষ্যাদিকে প্রতিমায় নিবেশ এবং সজীবকরণ করিয়া প্রণব দ্বারা নিরোধ করিবে ॥

আচার্য্য সান্নিধ্যকরণ নিমিত্ত হৃদয় স্পর্শ করিয়া পৌরুষ সূক্ত জপ এবং সুরেশ্বরদেবকে ধ্যান করিবে তথা পরম গুহ্য সনাতন এই মন্ত্র জপ করিবে ॥

মন্ত্র যথা ॥

"ওঁ নমস্তুভ্যং সুরেশায় সন্তোষবিভবাত্মনে।
জ্ঞানবিজ্ঞানরূপায় ব্রহ্মতেজোঽনুশালিনে ॥
গুণানুক্রান্তবেশায় পুরুষায় মহাত্মনে।
অক্ষয়ায় পুরাণায় বিষ্ণো সন্নিহিতো ভব ॥
যচ্চ তে পরমং তত্ত্বং যচ্চ জ্ঞানময়ং বপুঃ।

তৎসর্ব্বমেকতো লীনমস্মিন্ দেহে বিবুধ্যতাং ॥
অনেন সন্নিধীকৃত্য দেবং দেবারিসূদনং।
ব্রহ্মাদিপরিবারাংস্তু স্বনাম্না স্থাপয়েৎ পৃথক্ ॥ ১৬০ ॥
আয়ুধান্যস্য মন্ত্রৈস্তু নমোহন্তৈঃ স্থাপয়েদ্বুধঃ।
ততঃ সন্দর্শয়েৎ পশ্চাৎ স্বকাং মুদ্রাং পৃথক্ পৃথক্।
সান্নিধ্যন্তু পৃথক্ কুর্য্যাৎ প্রণবেন প্লুতেন তু ॥
অথ মহাপূজা ॥
কৃষ্ণে ন্যস্য গুরুশ্চিত্তং মন্ত্রৈরাবাহনাদিকং।
কৃত্বা তু স্নাপয়েদ্গীতাদিনা পঞ্চামৃতাদিভিঃ ॥
তথাচ ভবিষ্যে ॥

শ্রীহয়শীর্ষদেবেন চ সংস্থাপ্য পিণ্ডিকায়াং স্থিতি পদ্যেন পিণ্ডিকায়াং স্থিরীকরণমুক্ত্বা তদনন্তরকৃত্যং যদুক্তং তল্লিখতি পঞ্চগব্যেত্যাদিনা। অন্যৎ সুগমং। তত্র ধ্যানাদাবর্থবিশেষশ্চ শ্রীভাগবতানাং হৃদয়বেদ্য এব ॥ ১৬০ ॥

মন্ত্রৈরগ্রে বেৈক্ষ্যৈঃ ওঁ আগচ্ছেত্যাদিভিঃ অন্যৈশ্চোপযুক্তৈরাবাহনং। আদিশব্দেন ধ্যানাদি চ কৃত্বা। গীতেন আদিশব্দাৎ গীতনৃত্যবেদঘোষাদিনা চ। ইত্যাদি সর্ব্বমগ্রে ব্যক্তং ভাব্যেব ॥১৬১

তৎসর্ব্বমেকতো লীনমস্মিন্ দেহে বিবুধ্যতাং ॥”

এই মন্ত্র দ্বারা অসুরনাশন দেবকে সন্নিধীকরণ করিয়া তৎপরে ব্রহ্মাদি পরিবার সকলকে স্ব স্ব নামে পৃথক্ পৃথক্ স্থাপন করিবেন॥১৬০

পণ্ডিত ব্যক্তি ইহাঁর আয়ুধ সকলকে নমোহন্ত মন্ত্রসমূহ দ্বারা স্থাপন করিবেন। তৎপশ্চাৎ পৃথক্ পৃথক্ স্বীয় মুদ্রা দর্শন করাইবেন এবং প্লুতস্বরসংযুক্ত প্রণব দ্বারা পৃথক্ সান্নিধ্য করিবেন ॥

অথ মহাপূজা ॥

গুরু কৃষ্ণে চিত্তন্যাস পূর্ব্বক মন্ত্র সকল দ্বারা আবাহন করিয়া গীত এবং পঞ্চামৃতাদি দ্বারা তাঁহাকে স্নাপন করিবেন ॥

এই বিষয়ের প্রমাণ ভবিষ্যপুরাণে যথা ॥

পশ্চাদাবাহনং কুর্য্যাদ্দেবদেবস্য শার্ঙ্গিণঃ।
ধ্যাত্বা পরমসদ্ভাবং চতুর্ব্যূহং চতুর্ভুজং॥
তত্র সন্ধায় চিত্তং তু নিশ্চলং কুরুনন্দন।
আবাহনং ততঃ কুর্য্যান্মুনিভির্মন্ত্রসংযুতৈঃ॥
তত্র মন্ত্রাঃ॥
ওঁ আগচ্ছ ভগবন্নন্নুগ্রহায় জনার্দ্দনঃ।
শাশ্বতঃ পুরুষঃ পূজাং প্রতিগৃহ্ন নমোনমঃ॥
ওঁ স্বাগতং ভগবতে সগণায় সপরিবারায় প্রতিগৃহ্নাতু
ভগবান্ মন্ত্রপূতমিদমর্ঘ্যং পাদ্যমাচমনীয়ং চৈতদাসনং
ব্রহ্মণা বিহিতং স্বয়ং॥ ১৬১॥
মাৎস্যে॥
ততঃ পুণ্যাহঘোষেণ ব্রহ্মঘোষৈশ্চ পুষ্কলৈঃ।

ততঃ স্থাপনামন্তরং। অত্র চ স্নপনানন্তরং কেষাঞ্চিন্মতমিদং ওঁ যজ্জাগ্রতো দূরমিত্যাদি

দেবদেব শ্রীকৃষ্ণের ধ্যানের পশ্চাৎ আবাহন করিবেন। হে কুরু-নন্দন! সে এই প্রকার পরম সদ্ভাব চতুর্ভুজকে ধ্যান করিয়া তাঁহাতে নিশ্চলচিত্ত সন্ধান করিয়া তৎপশ্চাৎ মন্ত্রসংযুক্ত মুনিগণের সহিত আবা-হন করিবেন॥

তদ্বিষয়ে মন্ত্র সকল যথা॥

"ওঁ আগচ্ছ ভগবন্নন্নুগ্রহায় জনার্দ্দন।
শাশ্বতঃ পুরুষঃ পূজাং প্রতিগৃহ্ন নমোনমঃ॥
ওঁ স্বাগতং ভগবতে সগণায় সপরিবারায় প্রতিগৃহ্নাতু
ভগবান্ মন্ত্রপূতমিদমর্ঘ্যং পাদ্যমাচমনীয়ং চৈতদাসনং
ব্রহ্মণা বিহিতং স্বয়ং॥ ১৬১॥"

মৎস্যপুরাণে॥

তদনন্তর পুণ্যাহশব্দ ও পবিত্র বেদধ্বনিসহকারে দধি, দুগ্ধ, ঘৃত,

স্নাপয়ীত ততো দেবং দধিক্ষীরঘৃতেন চ।
মধুশর্করয়া তদ্বৎ পুণ্যগন্ধোদকেন তু ॥ ১৬২ ॥
কৃত্বাথোদ্বর্ত্তনং দত্ত্বা বস্ত্রাদি বিধিবদ্বুধঃ।
নত্বা প্রদক্ষিণীকৃত্য স্তুত্বা চাভ্যর্থয়েৎ প্রভুং ॥

ভবিষ্যে ॥

ততঃ পূজাং প্রকুর্ব্বীত সংহিতোক্তান্তু মন্ত্রবিৎ।
চন্দনাগুরুকর্পূরকুঙ্কুমাদ্যৈশ্চ লেপয়েৎ।
নারায়ণেতি মন্ত্রেণ বস্ত্রৈর্ধূপৈশ্চ যোজয়েৎ ॥
এবং সুপূজিতং কৃত্বা দেবদেবং জনার্দ্দনং।
প্রণম্য দণ্ডবদ্ভূমৌ শনৈর্গচ্ছেৎ প্রদক্ষিণং ॥

মন্ত্রান্ জপ্ত্বা ত্রিঃ কৃত্বো মুলে মধ্যে শিরসি পুনর্দেবমধিস্পৃশেৎ। সর্ব্বাস্বেতান্ প্রতিষ্ঠাসু মন্ত্রান্ জপ্ত্বা পুনঃ পুনরিতি পূর্ব্বলিখিত মাৎস্যবচনাৎ। ততো দেবাগ্রেঽগ্নিমাধায় পরিস্তীর্য্য গায়ত্র্যা বৈষ্ণবেন চ মন্ত্রেণ চতস্থভিরাহুতিভিরেকৈকং জাতকর্ম্ম নামকরণ নিষ্ক্রামণান্নপ্রাশন চূড়াকরণোপনয়নাদিকাং ক্রিয়াং কুর্য্যাৎ। ততশ্চতুর্দ্দিক্ষু ওঁ ত্রাতারমিত্যাদি চতুর্মন্ত্রৈঃ ক্রমেণাজ্যাহুতিং দত্ত্বা বিধিবৎ যাগং কৃত্বা স্বিষ্টিকৃতং জুহুয়াৎ ॥ ১৬২ ॥

অথ পঞ্চামৃতাদি স্নপনানন্তরং দেবস্যোদ্বর্ত্তনং সুগন্ধিচূর্ণৈঃ কৃত্বা। বস্ত্রং আদিশব্দাৎ

মধু, শর্করা এবং পুণ্যগন্ধোদক দ্বারা দেবকে স্নান করাইবেন ॥ ১৬২ ॥

পণ্ডিত ব্যক্তি উদ্বর্ত্তন করিয়া ও যথাবিধি বস্ত্রাদি দিয়া প্রদক্ষিণ এবং স্তব করত প্রভুকে অভ্যর্থনা করিবেন ॥

ভবিষ্যপুরাণে ॥

তদনন্তর মন্ত্রবেত্তা সংহিতোক্ত পূজা ও চন্দন, অগুরু, কর্পূর এবং কুঙ্কুম দ্বারা লেপন তথা "নারায়ণ" এই মন্ত্র দ্বারা বস্ত্র ও ধূপ যোজিত করিবেন ॥

এই প্রকার দেবদেব জনার্দ্দনকে সুন্দররূপে পূজিত করিয়া ভূমিতে দণ্ডবৎ প্রণাম করত ধীরে ধীরে প্রদক্ষিণ করিবেন ॥

তৎপরে অগ্রে আগমন করিয়া জ্ঞান বা অজ্ঞানকৃত সুকৃত দুষ্কৃত

পুনরাগত্য পুরতো বিজ্ঞপ্তব্যো জনার্দ্দনঃ।
সুকৃতং দুষ্কৃতং বাপি জ্ঞানতোঽজ্ঞানতোঽপি বা।
তৎসর্ব্বমাত্মনা সার্দ্ধং ময়া তুভ্যং নিবেদিতং ॥
কিঞ্চ ॥
শান্তিং ভবন্ কুর্ব্বথ লোকনাথোরাজ্ঞশ্চ রাষ্ট্রস্য চ ব্রাহ্মণানাং।
সবালবৃদ্ধস্য গবাঞ্চ শান্তিং কন্যাসু সর্ব্বাসু পতিব্রতাসু ॥
নশ্যন্তু রোগা অথ ঈতয়শ্চ ভবন্তু সর্ব্বে সুখিতাশ্চ ভূতাঃ।
শাকেষু ব্রীহিষ্বথ কর্ষকাণাং সুভিক্ষকালং কুরু পদ্মনাভ ॥১৬৩
হয়শীর্ষে ॥
কৃত্বাষ্টাঙ্গনমস্কারং প্রণম্যাঞ্জলিমুদ্রয়া।
সান্নিধ্যকরণাচ্চাথ ঋত্বিগ্‌ভিঃ সহিতো গুরুঃ ॥

---

গন্ধপুষ্পাদি। বিধিবদ্বুধ ইতি যথা যেন মন্ত্রেণ যদ্দাতুমুপযুজ্যতে তথা তেন তদ্দত্তেত্যর্থঃ। এবমগ্রেঽপি বোদ্ধব্যং। স্তুত্যর্চ্চনয়োঃ প্রকারবিশেষশ্চাগ্রে ব্যক্তো ভাবী ॥ ১৬৩ ॥

---

সকল জনার্দ্দনকে বিজ্ঞপ্তি করিবেন, যথা—হে ভগবন্! তৎসমুদায় আত্মসহিত আপনাকে নিবেদন করিলাম ॥

আরও ॥

আপনি লোকনাথ হইয়া রাজা, রাজ্য ও ব্রাহ্মণ সকলের শান্তি এবং বাল, বৃদ্ধ, গো, কন্যা ও পতিব্রতা সকলের শান্তি করুন। হে পদ্মনাভ! রোগ ও ঈতি সকল বিনষ্ট হউক, ভূত সকল সুখী হউক। তথা শাকে এবং ব্রীহিতে কৃষক সকলের সুভিক্ষকাল করুন ॥ ১৬৩ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

গুরু অষ্টাঙ্গ নমস্কার ও অঞ্জলিমুদ্রায় প্রণাম করিয়া সান্নিধ্যকরণ হেতু ঋত্বিগ্‌গণের সহিত ঋক্, যজুঃ এবং সামসম্ভব উপনিষৎ মন্ত্র সকলের

স্তূয়াদুপনিষণ্মন্ত্রৈঋর্গ্যজুঃ সামসম্ভবৈঃ।
আবশ্যকং পঠেৎ সর্ব্বং পঞ্চোপনিষদস্তথা।
স্তুত্বা স্তোত্রৈশ্চ পৌরাণৈর্জপেদষ্টাক্ষরং ততঃ॥
জপ্ত্বাষ্টাক্ষরমন্ত্রং তু নির্গত্য দ্বারসংস্থিতৌ।
চণ্ডপ্রচণ্ডৌ দ্বারস্থৌ নির্গত্যাভ্যর্চ্চয়েদ্গুরুঃ।
অগ্রমণ্ডপমাসাদ্য গরুড়ং স্থাপ্য পূজয়েৎ॥
দিগীশানথ দিগ্দেবান্ স্থাপ্য সংপূজ্য দেশিকঃ।
বিষ্বক্সেনন্তু সংস্থাপ্য মূলমন্ত্রেণ পূজয়েৎ॥
তথা শঙ্খঞ্চ চক্রঞ্চ পূজয়েন্মন্ত্রবিত্তমঃ।
বিষ্ণুপার্ষদদেবাংশ্চ সর্ব্বেভ্যো বলিমাহরেৎ॥
এবং কৃত্বা গুরুঃ সম্যক্ শুক্লাম্বরধরঃ শুচিঃ।

শ্রীহয়শীর্ষদেবেন চ পিণ্ডিকায়াং দেবস্য স্থাপনানন্তরং পঞ্চগব্যাদিস্নপনং ধ্যানাদিকং সন্নিধীকরণং চোক্ত্বা পরিবারস্থাপনানন্তরং ভগবৎসান্নিধ্যলক্ষণান্যুক্ত্বা ততঃ প্রণামাদিকমুক্তং। অত্র চ স্নপনাদিসন্নিধীকরণান্তং পূর্ব্বং লিখিতমেব ইদানীং চাত্র প্রণামাদিপ্রসঙ্গে সান্নিধ্য-

সহিত সমুদায় আবশ্যক তথা পঞ্চ উপনিষদ্ পাঠ করিবেন, তাহার পর পৌরাণিক স্তোত্র সকল দ্বারা স্তব করিয়া অষ্টাক্ষর জপ করিবেন॥

অষ্টাক্ষর মন্ত্র জপের পর গুরু নির্গত হইয়া দ্বার সংস্থিত চণ্ড ও প্রচণ্ড দুই জন দ্বারপালকে পূজা করিবেন। তৎপরে মণ্ডপের অগ্র প্রাপ্ত হইয়া গরুড়কে সংস্থাপন করত পূজা করিবেন। তদনন্তর আচার্য্য দিগীশ ও দিক্দেবতা সকলকে সংস্থাপন এবং পূজা পূর্ব্বক বিষ্বক্সেনকে সংস্থাপন করিয়া মূলমন্ত্র দ্বারা পূজা করিবেন। তাহার পর মন্ত্রজ্ঞ গুরু শঙ্খ চক্রকে পূজা করিয়া বিষ্ণুপার্ষদ ও দেবগণকে সর্ব্বতোভাবে বলি আহরণ করিবেন॥

গুরু এই প্রকার সমুদায় করিয়া শুক্লবস্ত্র পরিধান ও শুচি হইয়া

শতমষ্টোত্তরং জপ্ত্বা পশ্চাৎ তমভিবাদয়েৎ।
প্রণামমুদ্রয়া পশ্চাদষ্টাঙ্গং প্রণিপত্য চ।
নৃত্যং গীতঞ্চ বাদ্যঞ্চ নাট্যঞ্চাপি প্রকারয়েদিতি॥ ১৬৪॥
যদ্বা স্থাপনতঃ পশ্চাৎ বর্ণাদি স্নপনং প্রভোঃ।

লক্ষণান্তলিখিত্বা তদুক্তং প্রণামাদিকমেবাদৌ লিখতি কৃত্বেত্যাদিনা। সান্নিধ্যকরণাদথ অনন্তরঞ্চ। আবশ্যকং নিত্যপাঠ্যং প্রতিষ্ঠায়ামবশ্যং পঠনীয়ং বা পুরুষসূক্তাদি। অন্যৎ সুগমং॥ ১৬৪॥

এবঞ্চ স্থাপনানন্তরমাদৌ দ্বাদশাক্ষরজপঃ। ততো মন্ত্রৈঃ শ্রীমদঙ্গালভনং। তত্রৈব কিঞ্চিদ্ধ্যানং। তন্মন্ত্রজপবিশেষঃ তত্রৈব ধ্যানবিশেষশ্চ। ততো হয়শীর্ষদেবোক্তপূজাদি চ। ততঃ পুনর্মহাপূজায়াং ধ্যানাদাবাহনাদি পঞ্চামৃতাদিস্নপনং বস্ত্রাদিসমর্পণং ততঃ প্রণামাদি চ লিখিতং। ইত্থং বারং বারং জপধ্যানপূজাদিকং প্রাপ্তং। তত্র চ মাৎস্যে। ততঃ স্থিরীকৃতস্যাস্যেত্যাদিনা স্থাপনানন্তরং দেবমূর্দ্ধ্নি হস্তন্যাসপূর্ব্বকং ধ্যানমুক্তং ততো দেবব্রতাদি সূক্তনাং মন্ত্রাণাং চ পাঠঃ ততঃ পঞ্চামৃতাদিস্নপনং। ততো মন্ত্রৈঃ শ্রীমদঙ্গালভনং ভবিষ্যে চ। স্থিতমাত্রং সুবর্ণেত্যাদিনা স্থাপনানন্তরং সুবর্ণাদিস্নপনং। ততো দ্বাদশাক্ষরজপঃ। ততো বৈদিকষড়্মন্ত্রৈঃ শ্রীমদঙ্গালভনং। আবাহনাদিনা পূজনন্তু স্থাপনাৎ পূর্ব্বমেবোক্তং। কেবলমন্তে স্নপনবিধ্যুক্তানন্তরং ততঃ পূজাং প্রকুর্ব্বীতেত্যাদিনা পূজানমস্কারাদিকমুক্তং। হয়শীর্ষপঞ্চরাত্রে চ। পঞ্চগব্যেন তং স্নাপ্যেত্যাদিনা স্থাপনানন্তরং স্নপনং সকলীকরণপূর্ব্বকং পূজনং ধ্যানং ন্যাসজপাদিনা সন্নিধীকরণং চোক্তং। এবং জপধ্যানপূজাদৌ পৌনঃপুন্যং ক্রিয়ালাঘবং চালোচ্য পূর্ব্বলিখিতং কেষাঞ্চিৎ পদ্ধতিকারাণাং সম্মতং পক্ষং নিরস্য পক্ষান্তরং লিখতি যদ্বেতি। অথ দেবপূজানন্তরং আবরণানাং ব্রহ্মাদিপরিবারাণামর্চ্চনং। তত্র চ ভবিষ্যোক্তানুসারেণ স্থাপনানন্তরং স্বর্ণাদি স্নপনং। ততো মাৎস্যোক্তানুসারেণ ধ্যানং। ততশ্চ তদ্দ্বয়োক্তানু-

অষ্টোত্তর শত জপ করত পশ্চাৎ তাঁহাকে অভিবাদন করিবেন। তৎপরে প্রণামমুদ্রা দ্বারা অষ্টাঙ্গ প্রণাম করিয়া নৃত্য, গীত, বাদ্য ও নাট্য করাইবেন॥ ১৬৪॥

অথবা স্থাপনের পশ্চাৎ প্রভুর বর্ণাদি স্নপন, ধ্যান, জপ, শ্রীমূর্ত্তির

ধ্যানং জপাঙ্গালভনং পূজাথাবরণার্চ্চনং ॥ ১৬৫ ॥
যদ্বাহঙ্গালভনাৎ পশ্চাৎ সকলীকরণাদিকং।
কুর্য্যাচ্ছ্রীহয়শীর্ষোক্তং পরিবারার্চ্চনং ততঃ ॥ ১৬৬ ॥
অথ তত্র শ্রীভগবৎসান্নিধ্যলক্ষণানি ॥

---

সারেণ মন্ত্রজপঃ মন্ত্রৈঃ শ্রীমদঙ্গালভনং চ। ততশ্চ ভবিষ্যে স্নপনবিধ্যন্তোক্তানুসারেণ শ্রীহয়শীর্ষদেবোক্তানুসারেণ চ আবাহনাদিনা সকলীকরণাদিনা চ পূজনং। ততো মৎস্য-হয়শীর্ষোক্তানুসারেণ পরিবারপূজনমিত্যেবক্রমপৌনঃপুন্যং জ্ঞেয়ং ॥ ১৬৫ ॥

এবং শ্রীমদঙ্গালভনানন্তরং পূজা লিখিতা। তত্র চ মাৎস্যে ভবিষ্যে চ স্নপনানন্তরং শ্রীমদঙ্গালভনমেবোক্তং ন চ পূজনং। শ্রীমদঙ্গালভনানন্তরং চ মাৎস্যে আচার্য্যাদি পূজনমুক্ত্বা ততস্তু মধুনা দেবং প্রথমেহহনি লেপয়েদিত্যাদিনা দিনান্তরকৃত্যমেবোক্তং। ভবিষ্যে চ। দিনান্তরকৃত্যমেব। হয়শীর্ষপঞ্চরাত্রেহপি পূজনং ধূপদীপনৈবেদ্যাদি সমর্পণেন বিশেষতো বিবিচ্য নোক্তং কেবলং পূজয়েদিত্যেবোক্তং পশ্চাচ্চ সকলীকরণাদি সন্নিধীকরণান্তমাত্র কৃত্যমুক্তং। সান্নিধ্যলক্ষণোক্ত্যনন্তরং চ প্রণামাদিকমেব ইত্যেবং বিচার্য্য মহাপূজাশব্দোল্লিখিতং পূজাবিশেষং ত্যাজয়ন্নিব পূর্ব্বলিখিতপক্ষ এব পক্ষান্তরং লিখতি যদ্বেতি। সকলীকরণং আদিশব্দাৎ ধ্যায়েত্তং পরমাত্মানমিত্যাদিনা পঞ্চরাত্রোক্তানি ধ্যান-ন্যাস জপ-সন্নিধীকরণানি চ। নন্থ মৎস্য-ভবিষ্যপুরাণয়োঃ শ্রীমদঙ্গালভনাদনন্তরং তৎ কিঞ্চিন্নাস্তি তত্র লিখতি হয়শীর্ষোক্তমিতি। অতো মাৎস্য-ভবিষ্যোক্তমতিক্রম্য শ্রীহয়শীর্ষদেবোক্তানুসারেণ এবং সর্ব্বত্র প্রায়ো ব্যবহর্ত্তব্যমিতি ভাবঃ। মাৎস্যে শ্রীরুদ্রস্য প্রতিষ্ঠাপ্রাধান্যাৎ। ভবিষ্যে সংক্ষেপোক্তেরিতি দিক্। এতচ্চাগ্রে স্বয়মেব ব্যক্তং লেখ্যং। ততঃ সন্নিধীকরণানন্তরমেব পরিবারাণামর্চ্চনমিতি সমানমেব ॥ ১৬৬ ॥

---

আলভন, পূজা এবং আবরণের অর্চ্চন করিবেন ॥ ১৬৫ ॥

কিম্বা অঙ্গ আলভনের পর সকলীকরণাদি করিবেন, তাহার পর হয়শীর্ষপঞ্চরাত্রোক্ত পরিবারদিগের অর্চ্চনা করিবেন ॥ ১৬৬ ॥

অথ সেই স্থানে শ্রীভগবানের সান্নিধ্যলক্ষণ সকল ॥

হয়শীর্ষে ॥

তস্মিন্নেব মুহূর্ত্তে তু হর্ষো বা ভয়মেব চ।
চক্ষুর্ভ্রমো বিভ্রমো বা ত্রাসো বা জায়তে যদি।
ব্যামোহঃ পরমোহো বা স্তনিতং পরমং তথা।
অশ্রুতানাং শ্রুতির্ব্বা স্যাৎ গাত্রাণাং বাথ বেপথুঃ।
বৈরাগ্যং নেত্রয়োর্ব্বা স্যাদ্দর্পঃ কন্দর্প এব বা।
পরমো বিস্ময়ো বাথ দিব্যো বা শ্রূয়তে ধ্বনিঃ।
দিব্যবাদিত্রঘোষো বা গন্ধর্ব্বনগরস্য বা।
দর্শনং জায়তে কালে তস্মিন্ সুরগণার্চ্চিতে।
নরা নার্য্যোঽথ দৃশ্যন্তে গায়ন্তোঽপ্যথ হর্ষিতাঃ।
নন্দিতূর্য্যরবো বাপি শ্রূয়তে ছন্দসাং ধ্বনিঃ।
দিব্যগন্ধা রসা বাপি একস্যাপি ভবন্তি হি।

অভয়ং ভয়াভাবঃ। চক্ষুষো ভ্রমঃ অন্যস্মিন্নন্যদর্শনং। বিভ্রমো ভ্রান্তিবিশেষঃ। ব্যামোহো মৌঢ্যবিশেষঃ। পরমোহো মূর্চ্ছা। নেত্রয়োর্বৈরাগ্যং বৈবর্ণ্যং দর্শনে নির্ব্বেদো বা। তস্মিন্ কালে স্থাপনসময়ে। একস্যৈব দ্রব্যস্য দিব্যা বহবো গন্ধা রসা বা ভবন্তি যদি ॥ ১৬৭ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

সেই মুহূর্ত্তে যদি হর্ষ বা অভয় কিম্বা চক্ষুর ভ্রম অথবা বিভ্রম কিম্বা ত্রাস, ব্যামোহ ( মৌঢ্য ), পরমোহ ( মূর্চ্ছা ), অতিশয় স্তনিত ( মেঘ-নির্ঘোষ ), অশ্রুত সকলের শ্রবণ, গাত্র সকলের কম্প, নেত্রদ্বয়ের বৈরাগ্য অর্থাৎ বৈবর্ণ্য বা দেবব্যতিরিক্ত দর্শনে অনাশক্তি এবং দর্প ও কুৎসিৎ দর্প, পরম বিস্ময়, দিব্যধ্বনি, দিব্য বাদ্যশব্দ, গন্ধর্ব্বনগরের দর্শন, স্থাপন সময়ে গানশীল অথবা হর্ষিত নরনারীর দর্শন, নন্দিতূর্য্যরব, ছন্দঃ ( বেদ ) সকলের ধ্বনি শ্রবণ এবং এক দ্রব্যের যদি বহু বহু গন্ধ ও

লিঙ্গৈরেতৈর্বিজানীয়াৎ তত্র সন্নিহিতং হরিং ॥
প্রভা চৈব বিশেষেণ জ্বলন্তীব চ দৃশ্যতে।
স্ফুরন্তীব চ দৃশ্যেত প্রতিমা চ বিশেষতঃ।
স্ফুরন্নিব জনঃ কশ্চিৎ স্ময়মান ইব ক্বচিৎ।
বীক্ষ্যমাণো জনস্তত্র প্রহৃষ্ট ইব লক্ষ্যতে।
এতৈস্তু লক্ষণৈর্জ্ঞেয়স্তত্র সন্নিহিতো হরিঃ।
বিশেষাদথবা পশ্যেচ্ছক্রচাপোপমং ক্বচিৎ।
ছবিং বজ্রপ্রভাং পশ্যেৎ পদ্মরাগপ্রভাং যথা।
সৌদামিনীপ্রভাং পশ্যেৎ প্রতিমায়াং ক্বচিদ্যদি ॥ ১৬৭ ॥
এতৈর্লিঙ্গৈস্তু বোদ্ধব্যস্তত্র সন্নিহিতো হরিঃ।
বধিরা ইব কেচিত্তু মূকা ইব তথাপরে।
বিভ্রান্তা ইব কেচিচ্চ জড়া ইব তথাপরে।
ধাবন্ত ইব কেচিত্তু পতন্ত ইব চাপরে।

রস হয়, তবে এই সকল চিহ্ন দ্বারা সেই স্থানে হরি সন্নিহিত হইয়াছেন জানিতে হইবে ॥

অপর প্রতিমার প্রভা যদি বিশেষরূপে জ্বলিত হইতে দেখা যায় এবং বিশেষরূপে প্রতিমা স্ফূর্ত্তি পাইতে দেখা যায়, কোন জন স্ফূর্ত্তি পাইতেছে, কোন জন বিস্ময়ান্বিত এবং কোন জন প্রহৃষ্টের ন্যায় লক্ষিত হইতেছে, এই সকল লক্ষণ দ্বারা তথায় হরির সন্নিধান জানিতে হইবে। অপর কখন যদি প্রতিমায় ইন্দ্রধনুর ন্যায় কান্তি কিম্বা বজ্রপ্রভা বা পদ্মরাগপ্রভা বা সৌদামিনীর প্রভা দেখা যায় ॥ ১৬৭ ॥

তবে এই সকল চিহ্ন দ্বারা সেই স্থানে হরির সন্নিধান জানিতে হইবে। অপিচ, কেহ কেহ বধির, কেহ কেহ মূক, কেহ কেহ বিভ্রান্ত, কেহ কেহ জড়, কেহ কেহ ধাবমান, কেহ কেহ পতিত, কেহ কেহ

নৃত্যন্ত ইব চাপ্যন্যে মত্তা ইব তথা যদি।
চিত্রস্থা ইব কেচিত্তু বিবশা ইব কেচন।
ভবন্তি তত্র চোন্মত্তাঃ প্রমত্তা ইব চাপরে।
লিঙ্গৈরেতৈস্তু বোদ্ধব্যস্তত্র সন্নিহিতো হরিঃ ॥ ১৬৮ ॥
অথাচার্য্যাদিসম্মাননং ॥
সম্মানয়েদথাচার্য্যং শক্ত্যা বস্ত্রাদিনা ততঃ।
মূর্ত্তিপাংশ্চাপরান্ বিপ্রান্ বৈষ্ণবাংশ্চাপরানপি ॥ ১৬৯ ॥
মাৎস্যে ॥
স্থাপিতে তু ততো দেবে যজমানঃ সমূর্ত্তিপং।
আচার্য্যং পূজয়েদ্ভক্ত্যা বস্ত্রালঙ্কারভূষণৈঃ।

তত্র প্রাসাদে তস্যাং বা প্রতিমায়াং। অন্যৎ সুগমং ॥ ১৬৮ ॥
শক্ত্যা স্বশক্ত্যনুসারেণ যথাবিভবমিত্যর্থঃ। অপরান্ দীনান্ধাদীনপি তত্রাগতান্ ॥ ১৬৯ ॥
দীনা দরিদ্রাঃ কৃপণা রাগাদি দুঃখিতাঃ। যে চান্যেঽন্ত্যজাদয়স্তানপি ॥ ১৭০ ॥

নৃত্যশীল, কেহ কেহ বা মত্ত, কেহ কেহ চিত্রস্থের ন্যায়, কেহ কেহ বিবশ, কেহ কেহ উন্মত্ত এবং কেহ কেহ বা প্রমত্ত যদি দেখা যায়, তাহা হইলে এই সকল চিহ্ন দ্বারা সেই স্থানে হরির সন্নিধান জানিতে হইবে ॥ ১৬৮ ॥

অথ আচার্য্যাদি সম্মাননা ॥

অনন্তর স্বীয় শক্তি অনুসারে বস্ত্রাদি দ্বারা আচার্য্যকে সম্মানিত করিবেন, তাহার পর মূর্ত্তিপ, ব্রাহ্মণ ও বৈষ্ণব সকল তথা দীনান্ধগণকে সম্মানিত করিবেন ॥ ১৬৯ ॥

মৎস্যপুরাণে ॥

দেব স্থাপিত হইলে তদনন্তর যজমান মূর্ত্তিপের সহিত আচার্য্যকে ভক্তিসহকারে বস্ত্রালঙ্কার ভূষণ সকল দ্বারা পূজা করিবেন এবং তথায়

দীনান্ধকৃপণাংস্তদ্বদ্যে চান্যে সমুপস্থিতাঃ ॥ ১৭০ ॥

ভবিষ্যে ॥

ততঃ সংপূজয়েদ্ভক্ত্যা স্থাপকং বিধিবন্নৃপ।
ভূমিদানাদিভির্দানৈর্গোদানৈশ্চ মহীপতে।
যথা স তুষ্যতে রাজংস্তথা কার্য্যং প্রযত্নতঃ।
যথাশক্ত্যনুসারেণ পূজ্যাশ্চাপি দ্বিজাতয়ঃ।
দীনান্ধকৃপণানাঞ্চ পূজা কার্য্যা প্রযত্নতঃ।
গণাংশ্চ নর্ত্তকাংশ্চৈব যথাশক্তিপ্রপূজয়েৎ ॥ ১৭১ ॥

হয়শীর্ষে ॥

মণ্ডলে কমলে বাপি স্থাপয়িত্বা গুরুং যজেৎ।
প্রিয়প্রশ্নৈঃ ক্ষমাপ্যৈনং বিষ্ণুবৎ পূজয়েদ্বুধঃ।

---

ভবিষ্যে চ সর্ব্বান্তে প্রোক্তমপ্যাচার্য্যাদিসম্মাননং যথা প্রসঙ্গমত্রৈব লিখতি তত ইতি ত্রিভিঃ ॥ ১৭১ ॥

মণ্ডলে সর্ব্বতোভদ্রাদৌ। যদ্যপি যোগোপযোগিদ্রব্যাণি সর্ব্বাণ্যস্মৈ নিবেদয়েদিত্যাদি-দানানন্তরমেবাশেষযাগোপকরণদ্রব্যার্পণমপি শ্রীহয়শীর্ষদেবেন প্রসঙ্গাদেকত্রৈবোক্তং।

---

দীনান্ধকৃপণ অথবা অন্য যে কেহ উপস্থিত হয়, তাহাদিগকেও সম্মানিত করিবেন ॥ ১৭০ ॥

ভবিষ্যপুরাণে ॥

হে নৃপ! তদনন্তর ভূমিদানাদি দান ও গোদান সকল দ্বারা স্থাপককে যথাবিধি পূজা করিবেন, হে রাজন্! যাহাতে ঐ স্থাপক সন্তুষ্ট হয়েন, যত্নসহকারে তদ্রূপ করা কর্ত্তব্য। তৎপরে পূজনীয় দ্বিজাতি সকলকে যথাশক্ত্যনুসারে এবং যত্নপূর্ব্বক দীনান্ধকৃপণ সকলকে ও নর্ত্তকগণকে যথাশক্তি পূজা করিবেন ॥ ১৭১ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

পণ্ডিত ব্যক্তি সর্ব্বতোভদ্রাদিমণ্ডলে অথবা পদ্মে স্থাপন করিয়া গুরুকে অর্চ্চনা করিবেন এবং প্রিয়প্রশ্ন সকল দ্বারা গুরুকে সান্ত্বনা

পাদয়োঃ প্রণিপত্যাথ দক্ষিণাঞ্চ নিবেদয়েৎ।
আচার্য্যদক্ষিণাং দদ্যান্নগরং গ্রামমেব চ।
সুবর্ণং রজতং বস্ত্রং গাঞ্চৈব সমলঙ্কৃতাং।
দক্ষিণাং বিধিবদ্দত্ত্বা দদ্যাদাভরণাদিকং॥
আচার্য্যদক্ষিণার্দ্ধন্তু প্রদদ্যাদ্ব্রহ্মদক্ষিণাং।
মূর্ত্তিপান্ পূজয়েৎ পশ্চাদ্গোবস্ত্রাভরণৈর্দ্বিজ।
সর্ব্বাংস্তু পূজয়েত্তত্র বৈষ্ণবানাগতান্ দ্বিজান্।
ভোজয়েদ্ব্রাহ্মণান্ ভক্ত্যা অত্যাদরমতন্দ্রিতঃ॥ ১৭২॥
কিঞ্চ॥

---

তথাপি তৎ পৃথক্কৃত্য মাৎস্যোক্তানুসারেণ পুনরাচার্য্যসংমাননেঽগ্রে লেখ্যং। চতুর্থীকর্ম্মাদি-শেষকৃত্য সমাপ্তিপদেন যাগ যাগদ্রব্যসামগ্র্যাঃ সিদ্ধেঃ। বৈষ্ণবান্ বিপ্রান্ সংপূজয়েৎ অন্যাংশ্চ ব্রাহ্মণান্ তদনন্তরমেব তান্ ভোজয়েদিত্যর্থঃ॥ ১৭২॥

---

করিয়া বিষ্ণুর ন্যায় পূজা করিবেন, তথা চরণদ্বয়ে প্রণিপাতপূর্ব্বক দক্ষিণা নিবেদন করিবেন। যথাবিধি নগর, গ্রাম, সুবর্ণ, রজত, বস্ত্র ও অলঙ্কৃতা গাভী এই সকল আচার্য্যদক্ষিণা দিয়া অলঙ্কারাদি সকল নিবেদন করিবেন॥

আচার্য্যদক্ষিণার অর্দ্ধ ব্রহ্মদক্ষিণা দিবেন। হে দ্বিজ! তৎপরে গো, বস্ত্র ও অলঙ্কার সকল দ্বারা মূর্ত্তিপ সকলকে পূজা করিবেন। তদনন্তর তথায় যে সকল বৈষ্ণব ব্রাহ্মণ সমাগত হইবেন, তাঁহাদিগের পূজা করিবেন এবং অত্যাদর পূর্ব্বক স্বচ্ছন্দে ভক্তিসহকারে ব্রাহ্মণদিগকে ভোজন করাইবেন॥ ১৭২॥

আরও॥

যজ্ঞঃ সুপুষ্কলঃ সর্ব্বঃ কর্ত্তব্যো ধর্ম্মলিপ্সয়া।
মন্ত্রহীনো গুরুং হন্যাদ্রাষ্ট্রমন্যেন বর্জ্জিতঃ।
ধর্ম্মঞ্চ যজমানঞ্চ হন্যাদ্দক্ষিণয়া বিনেতি ॥ ১৭৩ ॥
অথবা স্থাপনাৎ পশ্চাদ্ধ্যানাদ্যাবাহনাদি চ।
পঞ্চামৃতাদিনা স্বর্ণাদিনান্যস্নপনং ততঃ।
বস্ত্রাদিদানৈর্বিধিবৎ পূজামন্ত্রজপাদিকং।
নতিঃ প্রদক্ষিণা যাত্রা গুর্ব্বাদ্যর্চ্চেত্যয়ং ক্রমঃ ॥ ১৭৪ ॥

দক্ষিণাদিকং চাবশ্যমেবদেয়মিত্যাহ যজ্ঞ ইতি সার্দ্ধেন। সর্ব্বো যজ্ঞঃ সুপুষ্কলঃ সম্পূর্ণ এব কর্ত্তব্যঃ। অন্যথা চ পরমানর্থ এবেত্যাহ মন্ত্রেতি ॥ ১৭৩ ॥

এবং লিখিতস্যাস্য প্রতিষ্ঠাবিধিক্রমস্য পূর্ব্বলিখিতনিত্যপূজাবিধিক্রমেণ বিরোধমাশঙ্ক্য পূর্ব্বস্থচিতক্রমে পক্ষান্তরং লিখতি অথবেতি। আদিশব্দৈর্গৃহীতানি পূর্ব্বলিখিতানুসারেণো-ন্নেয়ানি। এবং ক্রমলিখনেন বিধিরপি দর্শিত এব। ততশ্চ পূর্ব্বলিখিতে দ্বিতীয়পক্ষে পরি-ত্যক্তমপি পূজনং প্রাসাদান্তঃপিণ্ডিকোপরি স্থাপনরূপে মুখ্যকৃত্যে অস্মিন্নবশ্যমেবাপেক্ষ্যমিতি তদত্র লিখিতমিতি জ্ঞেয়ং। এতচ্চাখিলং পূর্ব্বলিখিতমাৎস্যাদিবচনার্থবিচারেণ প্রায়ঃ পর্য্য-বস্যত্যেব। যত্র চ বিরুধ্যেত তত্র চ গ্রন্থান্তরেণ সহৈকবাক্যতার্থং বচনপৌর্ব্বাপর্য্যাদিবিচারে-ণাভিজ্ঞৈর্বিরোধঃ পরিহরণীয় এব। সর্ব্বত্রৈব তথাত্বাদিতি দিক্ ॥ ১৭৪ ॥

ধর্ম্মলাভ নিমিত্ত সমস্ত যজ্ঞ সম্পূর্ণ করা কর্ত্তব্য। যজ্ঞ মন্ত্রহীন হইলে গুরুকে নষ্ট করেন, অন্য কর্ত্তৃক বর্জিত হইলে রাজ্য বিনাশ করেন ও দক্ষিণাহীন হইলে ধর্ম্ম এবং যজমানকে বিনষ্ট করেন ॥ ১৭৩ ॥

অথবা স্থাপনের পর ধ্যানাদি, আবাহনাদি তথা পঞ্চামৃতাদি ও স্বর্ণাদি দ্বারা অন্য স্নপন, তৎপরে বস্ত্রাদি দান দ্বারা যথাবিধি পূজা, মন্ত্র-জপাদি, নমস্কার, প্রদক্ষিণা, যাত্রা ও গুরু প্রভৃতির অর্চ্চা এইরূপ ক্রমে জানিতে হইবে ॥ ১৭৪ ॥

অথ শ্রীমূর্ত্তিস্থিরতাপাদনং।

মূর্ত্তিং ন চালয়েজ্জাতু যত্নাৎ সুস্থিরতাং নয়েৎ।
তস্যাং প্রচলিতায়াঞ্চ কুর্য্যাৎ স্বস্ত্যয়নাদিকং॥

তথাচ মাৎস্যে॥

স্থিরং ন চালয়েদ্দেবমন্যথা পাপভাগ্ ভবেৎ।
পূজয়েৎ সিকতাভিশ্চ নিশ্ছিদ্রং সর্ব্বতো ভবেৎ॥
লোকপালস্য দিগ্ভাগে যস্য সঞ্চলতে বিভুঃ।
তস্য লোকপতেঃ শান্তির্দেয়াশ্চেমাশ্চ দক্ষিণাঃ।
ইন্দ্রায় বারণং দদ্যাৎ কাঞ্চনং বাল্পবিত্তবান্।
অগ্নেঃ সুবর্ণং মেষঞ্চ যমস্য মহিষং তথা।
অজং সকাঞ্চনং দদ্যান্নির্ঋতিং রাক্ষসং প্রতি।
বরুণং প্রতি মুক্তানি সশুক্তীনি প্রদাপয়েৎ।
রীতিকাং বায়বে দদ্যাৎ বস্ত্রযুগ্মেন সংযুতাং।

---

মূর্ত্তিমিত্যাদি ততঃ পরিমিত্যন্তং সুগমমেব॥

---

অথ শ্রীমূর্ত্তির স্থিরতা প্রতিপাদন॥

কখন মূর্ত্তিকে চালনা করিবে না, যত্নপূর্ব্বক সুস্থিরতা সম্পাদন করিবে। প্রতিমা প্রচলিত হইলে স্বস্ত্যয়নাদি করিবে॥

তথাচ মৎস্যপুরাণে॥

স্থিরমূর্ত্তিকে চলিত করিবে না, করিলে পাপভাগী হইবে, সিকতা সকলের দ্বারা পূজা করিবে, তাহাতে সর্ব্বতোভাবে নিশ্ছিদ্র হইবে॥

অপর যে লোকপালদিগের দিক্‌ভাগে বিভু সঞ্চলিত হয়েন, সেই লোকপতির শান্তি এবং এই সকল দক্ষিণা দিবে। যথা—ইন্দ্রকে হস্তি দিবে অথবা অল্পবিত্তবান্ ব্যক্তি কাঞ্চন দিবে। অগ্নিকে সুবর্ণ ও মেষ, যমকে মহিষ, নির্ঋতি রাক্ষসের প্রতি সকাঞ্চন ছাগ, বরুণের প্রতি শুক্তির সহিত মুক্তা, বায়ুকে বস্ত্রযুগ্মযুক্ত পিত্তল, সোমকে ধেনু এবং

সোমায় ধেনুর্দাতব্যা রাজতস্তু বৃষঃ শিবে।
যস্যাং যস্যান্তু চলতে শান্তিঃ স্যাত্তত্র তত্র তু।
অন্যথা তু ভবেদ্ঘোরং ভয়ং কুলবিনাশনং।
অচলং কারয়েত্তস্মাৎ সিকতাভিঃ সুরেশ্বরং ॥
ভবিষ্যে ॥
স্থিরং ন চালয়েদ্দেবং কদাচিদপি পিণ্ডতঃ।
হন্যাদ্বিচালিতো জ্ঞানাত্তস্মাত্তং ন বিচালয়েৎ।
যাং যাং দিশং চলেদ্দেবস্তাং তাং শান্তিস্তু কারয়েৎ।
অন্যথা তু ভবেদ্ঘোরং ভয়ং কুলবিনাশনং।
যথা ন চলতে দেবস্তথা বধ্নীত পিণ্ডিকাং।
শীঘ্রমেব তু কর্ত্তব্যং ন বিলম্বেৎ কদাচন।
প্রতিমাং সুস্থিরাং কুর্য্যাৎ নোর্দ্ধদৃষ্টিং কদাচন ॥

শিবকে রজত-বৃষ প্রদান করিবে। যে যে দিকে চলিত হইবে, সেই সেই দিকের শান্তি হইবে, ইহার অন্যথা হইলে ঘোরতর ভয় ও কুলের বিনাশ হইবে, অতএব সিকতা ( বালুকা ) সকল দ্বারা সুরেশ্বরকে অচল করিবে ॥

ভবিষ্যপুরাণে ॥

স্থিরদেবকে কখনও পিণ্ড হইতে চালনা করিবে না, অজ্ঞান বশতঃ প্রতিমা বিচলিত হইলে বিনষ্ট করেন, অতএব তাঁহাকে বিচালিত করিবে না। যে যে দিকে দেব চলিত হইবেন, সেই সেই দিকে শান্তি করিবেন, ইহার অন্যথা হইলে ঘোরতর ভয় এবং কুলের বিনাশ হইবে। যে প্রকারে দেব চলিত না হইতে পারেন, তদ্রূপ পিণ্ডিকাকে বন্ধন করিবেন, শীঘ্র করা কর্ত্তব্য কদাচ বিলম্ব করিবেন না, প্রতিমাকে সুস্থির করিবেন, কখন ঊর্দ্ধদৃষ্টি করিবেন না ॥

অথ দিনান্তরোৎসবঃ ॥

রাত্রৌ গীতাদিকং কুর্ব্বন্ দিবসে চ মহার্চ্চনং।
মহোৎসবেনাহরেকং শক্ত্যা বা কতিচিন্নয়েৎ ॥

ভবিষ্যে ॥

ত্রিরাত্রং সপ্তরাত্রং বা দশরাত্রমথাপি বা।
পুণ্যাহজয়ঘোষৈশ্চ কুর্য্যাদ্দেবমহোৎসবং ॥

কিঞ্চ।

রাত্রৌ মহোৎসবং কুর্য্যাৎ শঙ্খভের্য্যাদি নিঃস্বনৈঃ।
একরাত্রং ত্রিরাত্রং বা সপ্তরাত্রমথাপি বা।
তস্মাদ্বিষ্ণুঃ সদায়াতি ইত্যেষা ফলসংপ্রদা ॥

মাৎস্যে ॥

---

অথ দিনান্তরের উৎসব ॥

রাত্রিতে গীতাদিপূর্ব্বক দিবসে মহাপূজা করত শক্ত্যনুসারে এক দিবস বা কতিপয় দিবস মহোৎসব দ্বারা যাপন করিবেন ॥

ভবিষ্যপুরাণে ॥

তিন রাত্র বা সপ্ত রাত্র অথবা দশ রাত্রই হউক, পুণ্যাহ ও জয়শব্দ দ্বারা দেবমহোৎসব করিবেন ॥

আরও ॥

শঙ্খভেরী প্রভৃতির শব্দ দ্বারা রাত্রিতে মহোৎসব করিবে। এই প্রকার এক রাত্র বা ত্রিরাত্র কিম্বা সপ্ত রাত্র মহোৎসব করা কর্ত্তব্য, তাহাতে বিষ্ণু সর্ব্বদা আগমন করিয়া থাকেন, ইহাকেই ফলসংপ্রদা জানিতে হইবে ॥

মৎস্যপুরাণে ॥

রাত্রৌ দিনে চ গীতাদ্যৈঃ পুণ্যাহজয়মঙ্গলৈঃ।
ত্রি পঞ্চ সপ্ত দশ বা দিনানি স্যান্মহোৎসবঃ॥
অথ তত্র কৃত্যবিশেষেণ ফলবিশেষঃ॥
মাৎস্যে॥
ততস্তু মধুনা দেবং প্রথমেঽহনি লেপয়েৎ।
হরিদ্রয়াথ সিদ্ধার্থৈর্দ্বিতীয়েঽহনি তত্ত্বতঃ।
চন্দনেন যবৈস্তদ্বৎ তৃতীয়েঽহনি লেপয়েৎ।
মনঃশিলাপ্রিয়ঙ্গুভ্যাং চতুর্থেঽহনি লেপয়েৎ।
সৌভাগ্যং শুভদং যস্মাৎ লেপনং ব্যাধিনাশনং।
মনঃপ্রীতিকরং নৃণামেতদ্বেদবিদো বিদুঃ॥
কৃষ্ণাজিনং তিলাংস্তদ্বৎ পঞ্চমেঽহ্নি নিবেদয়েৎ।
ষষ্ঠে তু সঘৃতং দদ্যাৎ চন্দনং পদ্মকেশরং।
রোচনাং নাগপুষ্পঞ্চ সপ্তমেঽহনি দাপয়েৎ।
যত্র সদ্যোঽধিবাসশ্চ তত্র সর্ব্বং নিবেদয়েৎ॥

রাত্রিতে ও দিনে গীতাদি এবং পুণ্যাহ জয়মঙ্গল দ্বারা তিন, পাঁচ, সাত অথবা দশ দিন মহোৎসব হইবে॥

অথ তত্র কৃত্যবিশেষ দ্বারা ফলবিশেষ॥

মৎস্যপুরাণে যথা॥

তদনন্তর প্রথম দিনে দেবকে মধু দ্বারা লেপন করিবে, দ্বিতীয় দিনে হরিদ্রা ও শ্বেতসর্ষপ, তৃতীয় দিবসে চন্দন ও যব এবং চতুর্থ দিবসে মনঃশিলা ও প্রিয়ঙ্গু (সুগন্ধিবৃক্ষবিশেষ) দ্বারা লেপন করিবে। যে হেতু বেদবেত্তা সকল এই লেপনকে মনুষ্য সকলের সৌভাগ্য, শুভদ, ব্যাধিনাশন মনঃপ্রীতিকর বলিয়া জানেন॥

এইরূপ পঞ্চম দিবসে কৃষ্ণাজিন ও তিল, ষষ্ঠ দিবসে সঘৃত চন্দন ও পদ্মকেশর এবং সপ্তম দিবসে রোচনা ও নাগপুষ্প প্রদান করিবে। অপর যে দিনে সদ্যঃ অধিবাস, সে দিনে সমুদায় নিবেদন করিবে॥

ভবিষ্যে ॥

মধুবাতেতি মধুনা অভ্যঙ্গং প্রথমেঽহনি।
পাটলং সর্ব্বরোগাণাং সর্ব্বনাশায় তৎপ্রভোঃ।
হরিদ্রাসর্ষপৈশ্চৈব দ্বিতীয়েঽহনি লেপয়েৎ।
পিত্তরোগভয়ঞ্চৈব ন ভবেত্তু কদাচন।
তণ্ডুলেন যবৈশ্চৈব তৃতীয়েঽহনি লেপয়েৎ।
শিরোর্ত্তিমক্ষিরোগঞ্চ কর্ণশূলঞ্চ নাশয়েৎ।
মনঃশিলাং প্রিয়ঙ্গুঞ্চ চতুর্থেঽহনি লেপয়েৎ।
সৌভাগ্যং যেন সততং যজমানস্য বর্দ্ধতে।
কৃষ্ণাজিনং তিলাংশ্চৈব পঞ্চমেঽহনি দাপয়েৎ।
পিতরস্তস্য তৃপ্যন্তি যাবজ্জীবং সুখপ্রদাঃ।
সুরভিং চন্দনঞ্চৈব সঘৃতং পদ্মকেশরং।
ষষ্ঠেঽহনি চ দাতব্যং শক্রদোষবিনাশনং।
রোচনাং নাগপুষ্পঞ্চ সপ্তমেঽহনি দাপয়েৎ।

---

ভবিষ্যপুরাণে ॥

প্রথম দিবসে "মধুবাতা" এই মন্ত্রে মধু দ্বারা অভ্যঙ্গ করিবে, প্রভুর এই অভ্যঙ্গ পাটল ও সর্ব্বরোগনাশের নিমিত্ত হয়। দ্বিতীয় দিবসে হরিদ্রা ও সর্ষপ দ্বারা লেপন করিবে, ইহাতে কখন পিত্তরোগের ভয় হয় না। তৃতীয় দিবসে তণ্ডুল অথবা যব সকলের দ্বারা লেপন করিবে, ইহাতে শিরোরোগ, চক্ষুরোগ ও কর্ণশূল নাশ হয়। চতুর্থ দিবসে মনঃ-শিলা ও প্রিয়ঙ্গু দ্বারা লেপন করিবে, ইহার দ্বারা সর্ব্বদা যজমানের সৌভাগ্য বৃদ্ধি হয়। পঞ্চম দিবসে কৃষ্ণাজিন ও তিল দিবে, ইহা দ্বারা তাহার পিতৃলোকে যাবজ্জীব সুখপ্রদ হইয়া তৃপ্তিপ্রদ হয়েন। ষষ্ঠ দিবসে সুরভিচন্দন এবং অদ্ভুত পদ্মকেশর প্রদান করিবে, ইহার দ্বারা শক্রদোষ বিনাশ হয়। সপ্তম দিবসে রোচনা ও নাগপুষ্প দান করিবে,

ক্ষেমং গোবহুলং চাপি সুরভিঞ্চ ভবেৎ সদা।
এবং সপ্তাহমভ্যঙ্গং কাপিলেন ঘৃতেন তু।
দদ্যাদ্বিভবতঃ শক্ত্যা যদিচ্ছেচ্ছ্রিয়মাত্মনঃ।
দীপা ঘৃতেন দাতব্যাশ্চত্বারশ্চ প্রদক্ষিণাঃ।
সপ্তাহং মন্ত্রযুক্তাশ্চ বিভবেন ততঃ পরং ॥
অথ চতুর্থীকর্ম্ম ॥
চতুর্থে চ দিনে প্রাপ্তে চতুর্থীকর্ম্মকারয়ন্।
অর্ঘ্যং সমর্প্য দেবেশং প্রাগ্বৎ স্নপনমাচরেৎ ॥ ১৭৫ ॥
পুনশ্চ দত্ত্বাষ্টাঙ্গার্ঘ্যং গোময়স্বস্তিকাদিভিঃ।
দেবং নীরাজ্য গন্ধাদ্ভির্দদ্যাদাচমনং বুধঃ ॥ ১৭৬ ॥

প্রাগ্বদতি স্নপনমণ্ডপে লিখিতস্নানবিধ্যনুসারেণ ইত্যর্থঃ। তথাহি। গীতবাদ্যাদিমহোৎসবেন বল্মীকাদিভিরুদ্ধৃতাসীতি মন্ত্রেণ দেবং বিলিপ্য পঞ্চগব্যাদিনা তত্তন্মন্ত্রেণ স্নাপয়িত্বা যথাশক্তিসংপাদিতৈর্নিঃক্ষিপ্তাষ্টমূর্ত্তিকৌষধীব্রীহিকৈঃ কলসৈস্তত্তন্মন্ত্রেণ স্নাপয়েদিতি ॥ ১৭৫ ॥

গোময়কৃতৈঃ স্বস্তিকাদিভির্দেবং নীরাজ্য। আদিশব্দেন গোময়কৃতপদ্মকাদি সপ্ত পঞ্চবর্ণোদনাদি চ। এতচ্চাগ্রে বিশেষতো ব্যক্তং ভাবি ॥ ১৭৬ ॥

ইহার দ্বারা সর্ব্বদা ক্ষেম, বহুতর গো ও সুরভি হয়। এই প্রকার সপ্তাহ কাপিলঘৃত দ্বারা অভ্যঙ্গ প্রদান করিবে। যদি আপনার সম্পত্তি ইচ্ছা করেন, তবে বিভব ও শক্ত্যনুসারে ঘৃত দ্বারা প্রদীপ এবং মন্ত্রযুক্ত প্রদক্ষিণ করিবে ॥

অথ চতুর্থীকর্ম্ম ॥

চতুর্থ দিন প্রাপ্ত হইলে চতুর্থীকর্ম্ম করাইবে, দেবেশকে অর্ঘ্য সমর্পণ করিয়া পূর্ব্বের ন্যায় স্নান করাইবে ॥ ১৭৫ ॥

পণ্ডিত ব্যক্তি পুনর্ব্বার অষ্টাঙ্গ-অর্ঘ্য দিয়া গোময়-স্বস্তিকাদি দ্বারা দেবকে নীরাজন ( আরতি ) করিয়া গন্ধজল দ্বারা আচমন দিবেন ॥১৭৬॥

ততো বস্ত্রযুগং দত্ত্বা দিব্যং দত্ত্বানুলেপনং ।
পুষ্পাদি ধূপদীপাদি তত্তন্মন্ত্রেণ চার্পয়েৎ ॥
ইত্থং সংপূজ্য বিধিবদ্দণ্ডবত্তং প্রণম্য চ ।
বিজ্ঞাপয়ন্ মুহুর্ভক্ত্যা তত্তৎপদ্যং প্রকীর্ত্তয়েৎ ॥
মাৎস্যে ॥
চতুর্থেঽহ্নি মহাস্নানং চতুর্থীকর্ম্মকারয়েৎ ।
দক্ষিণা চ পুনস্তদ্বদ্দেয়া তত্রাপি শক্তিতঃ ॥ ১৭৭ ॥
কিঞ্চ ॥
স্বস্তিকং পদ্মকং শঙ্খমুৎপলং কমলং তথা ।
শ্রীবৎসং দর্পণং তদ্বন্নন্দ্যাবর্ত্তমথাষ্টকং ॥ ১৭৮ ॥

তত্তন্মন্ত্রেণ বস্ত্রাদ্যর্পণমন্ত্রেণ। স চাগ্রে ব্যক্তোভাবী। তত্তৎ পূর্ব্বলিখিতং সুকৃতং দুষ্কৃতং বাপীত্যাদি প্রকীর্ত্তয়েৎ ভক্ত্যা বদ্ধাঞ্জলিঃ সন্ পঠেৎ ॥ ১৭৭ ॥
চতুর্থীকর্ম্মণি মাৎস্যোক্তং স্নপনবিধিং পূর্ব্বলিখিতত্বাত্ততোঽন্যং বিশেষমেব লিখতি স্বস্তিকমিত্যাদিনা ॥ ১৭৮ ॥

তদনন্তর বস্ত্রযুগ্ম ও দিব্য অনুলেপন দিয়া পুষ্পাদি এবং ধূপদীপাদি তত্তৎ মন্ত্র দ্বারা অর্পণ করিবেন ॥

এই প্রকার যথাবিধি পূজা এবং তাঁহাকে দণ্ডবৎ প্রণাম করিয়া ভক্তি দ্বারা মুহুর্মুহুঃ বিজ্ঞাপন করত সেই সেই পদ্য কীর্ত্তন করিবেন ॥

মৎস্যপুরাণে ॥

চতুর্থ দিবসে মহাস্নান ও চতুর্থীকর্ম্ম করাইবে এবং তাহাতে শক্তি অনুসারে দক্ষিণা দিবে ॥ ১৭৭ ॥

আরও ॥

স্বস্তিক, পদ্মক, শঙ্খ, উৎপল, কমল, শ্রীবৎস, দর্পণ এবং অষ্টনন্দ্যাবর্ত্ত ॥ ১৭৮ ॥

এতানি গোময়ৈঃ কুর্য্যাৎ মৃদা বা শুভয়া ততঃ।
পঞ্চবর্ণোদনং তদ্বৎ পঞ্চবর্ণো রজস্তথা।
দূর্ব্বা কৃষ্ণতিলং তদ্বন্নীরাজনবিধির্মতঃ॥
এবং নীরাজনং কৃত্বা দদ্যাদাচমনং বুধঃ।
মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভং॥ ১৭৯॥
ততো বস্ত্রযুগং দদ্যান্মন্ত্রেণানেন যত্নতঃ॥
দেবসূত্রসমাযুক্তে যজমানসমন্বিতে।
সর্ব্ববর্ণৈঃ শুভে দেব বাসসী নবনির্ম্মিতে॥
ততশ্চ চন্দনং দদ্যাৎ সমং কর্পূরকুঙ্কুমৈঃ।
ইমমুচ্চারয়েন্মন্ত্রং দর্ভপাণিঃ প্রযত্নতঃ॥

নীরাজনবিধির্ম্মত ইতি গোময়েন মৃদা বা বিরচিতৈঃ স্বস্তিকাদিভিস্তথা পঞ্চবর্ণোদনৈঃ পঞ্চবর্ণতণ্ডুলচূর্ণাদিভিশ্চ দেবং নীরাজয়েদিত্যর্থঃ॥ ১৭৯॥

মন্ত্রমেবাহ দেবসূত্রেতি। যজমান ইতি বস্ত্রার্পণাদৌ স এব কর্ত্তেতি শিষ্টসম্মত্যা।

এই সকল গোময় বা পবিত্র মৃত্তিকা দ্বারা করিবেন। তদনন্তর পঞ্চবর্ণ ওদন (পঞ্চশস্য), পঞ্চবর্ণ রজঃ (পঞ্চবর্ণ গুঁড়ি) তথা দূর্ব্বা ও কৃষ্ণতিল, এই সকলে নীরাজন বিধিসম্মত॥

পণ্ডিত ব্যক্তি এই প্রকার নীরাজন করিয়া মন্দাকিনীর যে জল সর্ব্বপাপহর ও পবিত্র, তদ্দ্বারা আচমন দিবেন॥ ১৭৯॥

তদনন্তর নিম্নলিখিত মন্ত্র দ্বারা যত্নপূর্ব্বক বস্ত্রযুগল নিবেদন করিবেন। মন্ত্র যথা—

"দেবসূত্রসমাযুক্তে যজমানসমন্বিতে।
সর্ব্ববর্ণে শুভে দেব বাসসী নবনির্ম্মিতে॥"

তদনন্তর কর্পূর ও কুঙ্কুমের সহিত চন্দন দিবে এবং যত্নসহকারে কুশহস্ত হইয়া এই মন্ত্র জপ করিবেন॥

শরীরন্তে ন জানামি চেষ্টাং নৈব চ নৈব চ।
ময়া নিবেদিতান্ গন্ধান্ প্রতিগৃহ্য বিলিপ্যতাং ॥
কিঞ্চ ॥
চত্বারিংশত্ততো দীপান্ দদ্যাচ্চৈব প্রদক্ষিণাং ॥
ত্বং সূর্য্যচন্দ্রজ্যোতীংষি বিদ্যুদগ্নিস্তথৈব চ।
ত্বমেব সর্ব্বজ্যোতীংষি দীপোহয়ং প্রতিগৃহ্যতাং ॥ ১৮০ ॥
অথাবভৃথস্নানং।
হয়শীর্ষে ॥
অতঃপরং প্রবক্ষ্যামি দেবস্যাবভৃথং তব।
শোধয়েদ্গোময়ৈর্ব্বিপ্র যাগস্থানং তু সর্ব্বতঃ।

জ্জেত্বং। এবমগ্রেঽপি দীপার্পণে মন্ত্রশ্চ ত্বং সূর্য্যেত্যাদি। পুষ্পধূপাদ্যর্পণমন্ত্রেষু চ পূর্ব্বতো বিশেষাভাবাৎ কেবলমিত্যাদীত্যেব লিখিতং ॥ ১৮০ ॥

মন্ত্র যথা ॥
"শরীরং তে ন জানামি চেষ্টাং নৈব চ নৈব চ।
ময়া নিবেদিতান্ গন্ধান্ প্রতিগৃহ্য বিলিপ্যতাং ॥"
আরও ॥
তদনন্তর প্রদক্ষিণরূপে চত্বারিংশৎ দীপ প্রদান করিবেন ॥
মন্ত্র যথা ॥
"ত্বং সূর্য্যচন্দ্রজ্যোতীংসি বিদ্যুদগ্নিস্তথৈব চ।
ত্বমেব সর্ব্বজ্যোতীংষি দীপোহয়ং প্রতিগৃহ্যতাং ॥ ১৮০ ॥"
অথ অবভৃথস্নান।
হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

হে বিপ্র! অতঃপর তোমাকে দেবের অবভৃথস্নান বলিতেছি, সর্ব্বতোভাবে গোময় দ্বারা যাগস্থান শোধন করিবে। তৎপরে গন্ধ-

সিক্ত্বা গন্ধোদকেনাথ পঞ্চগব্যেন শোধয়েৎ।
বিকিরৈঃ শোধয়েদ্ভূমিং বিতানেন বিভূষয়েৎ।
পুষ্পদামৈস্ত্বধশ্চোর্দ্ধং পার্শ্বতশ্চাপি শোভয়েৎ।
জুহুয়াদ্বৈষ্ণবে বহ্নৌ ঘৃতমষ্টোত্তরং শতং।
বিষ্ণোর্নুকিতি মন্ত্রেণ সমিধোঽষ্টশতং তথা।
বিদ্যামালিখ্য বিধিনা একাশীতি পদং বুধঃ।
বৈষ্ণবং কলসং মধ্যে আজিঘ্রেতি নিবেশয়েৎ।
একাশীতি পদে কুম্ভান্ শ্রীসূক্তেন নিবেশয়েৎ।
শন্নো দেবীতি মন্ত্রেণ কলসানভিমন্ত্রয়েৎ।
কলসে বিন্যসেৎ পঞ্চগব্যং মন্ত্রৈর্বিশেষতঃ॥ ১৮১॥
ফলং পুষ্পং ন্যসেত্তত্র দ্রাবিতং কদলীজলং।

শ্রীমাৎস্যোক্তচতুর্থী কর্ম্মৈব প্রতিষ্ঠা কর্ম্মসমাপ্তৌ ক্রিয়মাণত্বাদবভৃথমিতি শ্রীহয়শীর্ষদেবেন যদুক্তং তচ্চতুর্থীকর্ম্মপ্রসঙ্গত এব লিখতি। অতঃপরমিত্যাদি। বিকিরৈঃ অঙ্কুরাদিভিঃ। একাশীতিপদলিখনবিধিশ্চাগ্রে প্রাসাদাদিনির্ম্মাণপ্রসঙ্গে সুব্যক্তো ভাবী। মধ্যং একাশীতি-পাদান্তঃ॥ ১৮১॥

তত্রেতি কলসে একস্মিন্ ফলপুষ্পজলমন্যস্মিংশ্চ কদলীফলজলমিতি বোদ্ধব্যং। অগ্রে

জল দ্বারা সেচন করিয়া পঞ্চগব্য দিয়া শোধন করিবে। কুঙ্কুমাদি দ্বারা ভূমিশোধন এবং চন্দ্রাতপ দ্বারা বিভূষিত করিবে। অধঃ ঊর্দ্ধ ও পার্শ্ব-দেশ পুষ্পমালা দ্বারা শোভিত করিবে, বৈষ্ণবাগ্নিতে অষ্টোত্তর শত ঘৃত-হোম এবং "বিষ্ণোর্নুক্" এই মন্ত্র দ্বারা অষ্টোত্তর শত সমিধহোম করিবে। বিদ্বান্ ব্যক্তি বিধি দ্বারা একাশীতি পদ লিখিয়া "আজিঘ্র" এই মন্ত্র দ্বারা বৈষ্ণব-কলস মধ্যে নিবিষ্ট করিবেন। শ্রীসূক্ত দ্বারা একাশীতি পদে কুম্ভ সকলকে নিবেশ করিবেন। "শন্নোদেবী" এই মন্ত্র দ্বারা কলসে পঞ্চগব্য স্থাপন করিবেন॥ ১৮১॥

বিদ্বান্ ব্যক্তি এক কলসে ফলপুষ্প, অপর কলসে দ্রাবিত কদলী-

মন্ত্রয়ীত দ্বয়ং চৈতদ্যাঃ ফলিনীতি সত্তমঃ।
ঐক্ষবঞ্চ রসং বিদ্বান্ যা দিব্যেতি নিবেশয়েৎ।
মন্ত্রতোয়ং ন্যসেন্মধ্যে নবকানাং সুরোত্তম।
তরৎস ইত্যৃচা বিদ্বান্ বস্ত্রপূতং সমাহিতঃ।
নদীনদতড়াগোত্থৈঃ শেষাংস্তোয়ৈঃ প্রপূরয়েৎ।
অপরাজিতেন মন্ত্রেণ সর্ব্বানেবাভিমন্ত্রয়েৎ।
নবেন শুক্লবস্ত্রেণ সর্ব্বানেবাভিমন্ত্রয়েৎ।
গায়ত্রীং বৈষ্ণবীং জপ্ত্বা মূলমন্ত্রং শতং জপেৎ।
জপ্ত্বা ধ্যায়ন্ হরিং সম্যক্ প্রবিশ্যাভ্যন্তরং শুচিঃ।
কৃষ্ণোঽসীতি চ নির্ম্মাল্যং বিষ্বক্সেনায় নিক্ষিপেৎ।
অর্ঘ্যং দত্ত্বা শুদ্ধবত্যা শুদ্ধতোয়েন সেচয়েৎ।
অগ্নির্মূর্দ্ধেত্যুষ্ণজলৈঃ স্নাপ্য স্নানং সমাচরেৎ।

স্নপনে তয়োঃ পৃথগুক্তেঃ। এতন্যস্তফলপুষ্পং ন্যস্ত কদলীফলজলং চেতি কলসদ্বয়ং। নবকানাং

জল "যাঃ ফলিনী" এই মন্ত্রে দুই কলসকে অভিমন্ত্রিত এবং "যা দিব্যা" এই মন্ত্রে ইক্ষুরস নিবেশ করিবেন। হে সুরোত্তম! সমাহিত হইয়া বস্ত্র পূত মন্ত্রতোয় "তরৎস" এই মন্ত্র দ্বারা নবকপদ সকলের মধ্যে স্থাপন করিবেন, অবশিষ্ট কলস সকল নদ নদী তড়াগোত্থিত জল দ্বারা পূর্ণ করিবেন, "অপরাজিত" মন্ত্র দ্বারা সমুদায় কলস অভিমন্ত্রিত করিবেন, বৈষ্ণবী গায়ত্রী জপ করিয়া একশত মূলমন্ত্র জপ করিবেন, জপ পূর্ব্বক হরিকে ধ্যান করিতে করিতে সম্যক্ প্রকারে শুচি হইয়া অভ্যন্তরে প্রবেশ করত "কৃষ্ণোঽসি" এই মন্ত্র দ্বারা বিষ্বক্সেনকে নির্ম্মাল্য নিবেদন করিবেন, তৎপরে অর্ঘ্য দিয়া "শুদ্ধবতী" এই মন্ত্রে শুদ্ধজল দ্বারা সেচন "অগ্নির্মূর্দ্ধা" এই মন্ত্রে উষ্ণজল দ্বারা স্নান করাইবেন। তদনন্তর গোমূত্র দ্বারা হরিকে প্রক্ষালন করিয়া গোময় দ্বারা লেপন

গোমূত্রেণ হরিং ক্ষাল্য গোময়েন বিলেপয়েৎ।
ক্ষীরেণ স্নাপয়েৎ পশ্চাৎ দধিনা তদনন্তরং।
ঘৃতেন স্নাপ্য বিধিনা ধূপং দদ্যাৎ সগুগ্‌গুলুং।
প্রক্ষাল্য কোষ্ণতোয়েন ফলতোয়েন সেচয়েৎ।
স্নাপয়েৎ কদলীতোয়ৈস্ততস্ত্বিক্ষুরসেন চ॥ ১৮২॥
যৈর্ম্মন্ত্রৈর্ম্মন্ত্রয়েত্তোয়ং তৈর্ম্মন্ত্রৈঃ স্নাপয়েদ্ধরিং।
পঞ্চনদ্যেত্যৃচা পশ্চান্নদীনদতড়াগজৈঃ।
স্নাপয়িত্বা বিধানেন বস্ত্রযুগ্মমুপাহরেৎ॥ ১৮৩॥
কার্পাসং পট্টসূত্রং বা কৌশেয়ং বাথ ভূষিতং।
বৃহস্পতেতি মন্ত্রেণ পরিধাপ্যার্চ্চয়েৎ ক্রমাৎ।
গন্ধাদিভিঃ সমভ্যর্চ্য পার্ষদান্ পূজয়েত্ততঃ।

পদানাং মধ্যে। শেষান্ কলসান্॥ ১৮২॥

উক্তগোমূত্রাদি স্নানমন্ত্রানুদ্দিশতি যৈরিতি॥ ১৮৩॥

ভূষিতং গন্ধপুষ্পাদিভিরলঙ্কৃতং সন্তমর্চ্চয়েৎ। ততঃ ভগবদর্চ্চনানন্তরং গন্ধাদিভিঃ ক্রমেণ পার্ষদান্ সমভ্যর্চ্চ্য বিধিবৎ পূজয়েৎ। প্রভূতং প্রচুরং॥ ১৮৪॥

করিবেন। তৎপরে ক্ষীর, দধি ও ঘৃত দ্বারা যথাবিধি স্নান করাইয়া সগুগ্‌গুলু ধূপ দিবেন। তাহার পর ঈষদুষ্ণতোয়, ফলতোয়, কদলী-তোয় এবং ইক্ষুরস দ্বারা স্নান করাইবেন॥ ১৮২॥

যে সকল মন্ত্র দ্বারা জল মন্ত্রিত করিবেন, সেই সকল মন্ত্র দ্বারা হরিকে স্নান করাইবেন। পশ্চাৎ "পঞ্চনদ্য" এই মন্ত্র দ্বারা নদী নদ তড়াগের জল দ্বারা স্নান করাইয়া বিধানানুসারে বস্ত্রদ্বয় নিবেদন করি-বেন॥ ১৮৩॥

অনন্তর "বৃহস্পতি" এই মন্ত্রে গন্ধ পুষ্পাদি দ্বারা অলঙ্কৃত কার্পাস, পট্টসূত্র ও কৌশেয় বসন পরিধান করাইয়া ক্রমে অর্চ্চনা করিবেন, দেবকে অর্চ্চনা করিয়া তৎপরে পার্ষদ সকলকে পূজা করিবেন। তদন-

নিবেদয়ীত নৈবেদ্যং ভোক্ষ্যভোজ্যং সুপুষ্কলং ।
পেয়ং চুষ্যং তথা লেহ্যং প্রভূতং দ্বিজসত্তম ।
বলিং বিনিক্ষিপেৎ পশ্চাৎ দিশাসু বিদিশাসু চ ॥ ১৮৪ ॥
ওঁ নমঃ পার্ষদেভ্যোঽথ বলিং পীঠে বিনিক্ষিপেৎ ।
ততঃ প্রদক্ষিণীকৃত্য মণ্ডলং ব্রাহ্মণেন তু ।
প্রবিশ্য ভবনং ভূয়ঃ সর্ব্বমাবশ্যকং পঠেৎ ।
পৌরাণৈশ্চ স্তবৈঃ স্তুত্বা মহাপুরুষপূর্ব্বকৈঃ ।
দণ্ডবৎ প্রণমেৎ পশ্চান্নৃত্যগীতাদি কারয়েৎ ॥
দদ্যাৎ সুবর্ণং গাং বস্ত্রং দক্ষিণাং দেশিকায় তু ।
বৈষ্ণবান্ পূজ্য শক্ত্যা তু ব্রাহ্মণেভ্যশ্চ দক্ষিণাং ।
আচার্য্যং তোষ্য যত্নেন সন্ধ্যায়াং বলিমাহরেৎ ॥

বলিমাহরেদিতি বলিদানবিধিরপেক্ষিতস্তত্র লিখতি বলীতি। তস্য হয়শীর্ষপঞ্চরাত্রতঃ

স্তর হে দ্বিজসত্তম! প্রচুর উত্তম ভক্ষ্য, ভোজ্য, পেয়, চুষ্য ও লেহ্য নিবেদন করিয়া পশ্চাৎ দিক্ বিদিক্ সকলে বলি নিক্ষেপ করিবেন ॥১৮৪

"ওঁ নমঃ পার্ষদেভ্যঃ" এই মন্ত্রে পীঠে বলি নিক্ষেপ করিবেন। তদনন্তর মণ্ডল প্রদক্ষিণ করিয়া ব্রাহ্মণের সহিত পুনর্ব্বার গৃহে প্রবেশপূর্ব্বক আবশ্যক মন্ত্র পাঠ করিবেন। তৎপরে মহাপুরুষ পূর্ব্বক পৌরাণিক স্তব দ্বারা স্তব করিয়া দণ্ডবৎ প্রণাম করিবেন এবং তাহার পর নৃত্য গীতাদি করাইবে ॥

তদনন্তর আচার্য্যকে সুবর্ণ, গাভী ও বস্ত্র দক্ষিণা দিয়া এবং যথাশক্তি বৈষ্ণবদিগকে পূজা করিয়া ব্রাহ্মণ সকলকে দক্ষিণা দিবেন। তৎপরে আচার্য্যকে সন্তোষ করিয়া যত্নসহকারে সন্ধ্যায় বলি আহরণ করিবেন ॥

বলিকর্ম্ম বিধিশ্চায়ং হয়শীর্ষে চ বিস্তরাৎ।
উক্তোঽতিব্যক্তমেকত্র জ্ঞেয়স্তৎপঞ্চরাত্রতঃ ॥ ১৮৫ ॥
অথ হোমসমাধানং।
স্বস্বগৃহ্যোক্তবিধিনা সমুপাধায় পাবকং।
পর্য্যুক্ষ্য ত্রির্ব্যাহৃতিভির্দদ্যাদাহুতিকং বুধঃ।
তারেণাথাগ্নিমভ্যুক্ষ্য গায়ত্র্যাহুতিপঞ্চকং।
হুত্বৈকবৈষ্ণবেনৈবং জুহুয়াদ্বারপঞ্চকং।
ততোব্যাহৃতিভির্হুত্বা দ্বাদশাক্ষরমন্ত্রতঃ।
হুত্বা পূর্ণাহুতিং বিদ্বান্ কুশকুণ্ডীং সমাপয়েৎ ॥ ১৮৬ ॥

---

বিস্তরেণ স্থব্যক্তমেকত্রৈবোক্ত্যা সুজ্ঞেয়ত্বাদত্র চ গ্রন্থবিস্তারভয়ান্ন লিখতি ইতি ভাবঃ॥ ১৮৫ ॥

মাৎস্যাদ্যনুক্তমপি হোমসমাধানং যুক্তত্বাচ্ছিষ্টসংমত্যা লিখতি স্বস্বেতি। পাবকমেব পর্য্যুক্ষ্য এবং লিখিতপ্রকারেণ একেন বৈদিকবৈষ্ণবেন বারপঞ্চকং জুহুয়াৎ। তদনন্তরং ব্যাহৃতিভিঃ সকৃদ্ধুত্বা দ্বাদশাক্ষরমন্ত্রেণ পূর্ণাহুতিং হুত্বা ॥ ১৮৬ ॥

---

এই বলিকর্ম্মবিধি হয়শীর্ষপঞ্চরাত্রে অতিশয় বিস্তার হেতু একত্র উক্তি দ্বারা সুজ্ঞেয়প্রযুক্ত গ্রন্থ বিস্তারভয়ে লিখিত হইল না ॥ ১৮৫ ॥

অথ হোমসমাধান ॥

পণ্ডিত ব্যক্তি স্ব স্ব গৃহ্যোক্ত বিধি অনুসারে অগ্নিস্থাপন পূর্ব্বক পর্য্যুক্ষণ করিয়া ব্যাহৃতি দ্বারা আহুতি প্রদান করিবেন। তদনন্তর প্রণব দ্বারা অগ্নিকে অভ্যুক্ষণ পূর্ব্বক গায়ত্রী দ্বারা পাঁচ আহুতি দিয়া এক বৈদিক বিষ্ণুমন্ত্র দ্বারা আহুতি দিবেন।

তদনন্তর বিদ্বান্ ব্যক্তি ব্যাহৃতি দ্বারা একবার হোম করিয়া দ্বাদশাক্ষর মন্ত্রে পূর্ণাহুতি দিয়া কুশকুণ্ডী সমাপন করিবেন ॥ ১৮৬ ॥

অথ যজমানাভিষেকঃ।

আভিষেচনিকৈর্ম্মন্ত্রৈঃ শান্তিকুম্ভাম্ভসা ততঃ।
আচার্য্যাদ্যা দ্বিজাঃ কুর্য্যুর্যজমানাভিষেচনং ॥ ১৮৭ ॥

মাৎস্যে ॥

অনেন বিধিনা কৃত্বা সপ্তরাত্রমহোৎসবং।
দেবকুম্ভৈস্ততঃ কুর্য্যাদ্‌যজমানাভিষেচনং।
চতুর্ভিরষ্টভির্বাপি দ্বাভ্যামেকেন বা পুনঃ।
সপঞ্চরত্নকনকৈঃ সিতবস্ত্রাববেষ্টিতৈঃ।
দেবস্যত্বেতি মন্ত্রেণ সাম্না চাথর্ব্বণেন চ।
অভিষেকে ইমে মন্ত্রা নবগ্রহমখে স্মৃতাঃ ॥ ১৮৮ ॥

ভবিষ্যে চাভিষেকমন্ত্রাশ্চাগ্রে ব্যক্তা ভবিষ্যন্তি ॥ ১৮৭ ॥

দেবস্য কুম্ভৈঃ দেবো যৈঃ স্নাপিতঃ তৈরেব প্রসাদরূপৈঃ কলসৈরিত্যর্থঃ। আভিষেচনিকসাম্নাথর্ব্বণেন চ মন্ত্রেণ। নবগ্রহমখে মন্ত্রাশ্চ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ইত্যাদয়ঃ। তৈশ্চ যজমানাভিষেচনং কুর্য্যাদিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ১৮৮ ॥

অথ যজমানাভিষেক ॥

অনন্তর আচার্য্যাদি ব্রাহ্মণগণ আভিষেচনিক মন্ত্রে শান্তিকুম্ভের জলদ্বারা যজমানের অভিষেক করিবেন ॥ ১৮৭ ॥

মৎস্যপুরাণে ॥

এই বিধি দ্বারা সপ্তরাত্র মহোৎসব করিয়া দেবকে যে সকল কুম্ভে স্নান করান হইয়াছিল প্রসাদ রূপ পঞ্চরত্ন ও কনক এবং শুক্লবস্ত্র বেষ্টিত চারি, আট, দুই অথবা এক কলসের জলদ্বারা "দেবস্য ত্বা" এই মন্ত্র অথবা সাম কিম্বা আথর্ব্বণমন্ত্র এবং নবগ্রহ যজ্ঞে অভিষেক বিষয়ে "সুরাস্ত্বামভিষিঞ্চন্তু" এই সকল মন্ত্র দ্বারা যজমানকে অভিষেক করিবেন ॥ ১৮৮ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে চ।

প্রাঙ্মুখং যজমানন্তু স্নাপয়িত্বা যথাবিধি।
ফলং সমর্পয়েত্তস্মৈ পরিতুষ্টমনা গুরুঃ॥ ১৮৯॥

পুনরাচার্য্যাদিসম্মাননং।

যজমানোঽভিষিক্তঃ সন্ দেবমভ্যর্চ্চ্য শক্তিতঃ।
আচার্য্যং পূজয়িত্বাস্মৈ প্রতিষ্ঠাদ্রব্যমর্পয়েৎ।

মাৎস্যে॥

সিতাম্বরধরঃ স্নাত্বা দেবং সংপূজ্য যত্নতঃ।
স্থাপকং পূজয়েদ্ভক্ত্যা বস্ত্রালঙ্কারভূষণৈঃ।
যজ্ঞভাণ্ডানি সর্ব্বাণি মণ্ডপোপস্করাদিকং।
যচ্চাস্য দয়িতং গেহে তদাচার্য্যায় দাপয়েৎ।

---

ফলং কিঞ্চিন্মঙ্গলাত্মকং ফলং পুণ্যং বা প্রতিষ্ঠিতদেবং বা॥ ১৮৯॥

শক্তিতঃ নিজশক্ত্যনুসারেণাচার্য্যং পূজয়িত্বা বস্ত্রভূষণদানাদিনা সংমান্য। অস্মৈ চাচার্য্যায়। যচ্চাচার্য্যস্য দয়িতং স্বগৃহে তিষ্ঠেত তদপি দদ্যাৎ॥ ১৯০॥

---

হয়শীর্ষপঞ্চরাত্রেও॥

গুরু সন্তুষ্টচিত্তে যথাবিধি পূর্ব্বমুখে যজমানকে স্নান করাইয়া তাঁহাকে ফল অর্থাৎ কিঞ্চিন্মঙ্গলাত্মক ফল সমর্পণ করিবেন॥ ১৮৯॥

পুনর্ব্বার আচার্য্যাদির সম্মানন॥

যজমান অভিষিক্ত হইয়া যথাশক্তি দেবার্চ্চনা পূর্ব্বক আচার্য্যকে পূজা করত প্রতিষ্ঠার দ্রব্যসমুদায় তাঁহাকে সমর্পণ করিবেন॥

মৎস্যপুরাণে॥

শুক্লবস্ত্র পরিধান, স্নান ও যত্নপূর্ব্বক দেবপূজা করিয়া ভক্তিসহকারে বস্ত্রালঙ্কারভূষণ দ্বারা স্থাপককে পূজা করিবেন। তদনন্তর সমুদায় যজ্ঞভাণ্ড, মণ্ডপের উপস্কর অর্থাৎ শিল্পদ্রব্যসকল এবং গৃহে যে সকল আচার্য্যের প্রিয়দ্রব্য থাকে তৎসমুদায় আচার্য্যকে নিবেদন করিবেন,

সুপ্রসন্নে গুরৌ যস্মাৎ তৃপ্যন্তি সর্ব্বদেবতাঃ ॥ ১৯০ ॥

হয়শীর্ষে ॥

যাগোপযোগিদ্রব্যাণি সর্ব্বাণ্যস্মৈ নিবেদয়েৎ।
স্নানীয়মণ্ডপোপেতং সর্ব্বোপস্করণাদিকং।
মূলযজ্ঞগৃহং দদ্যাদাচার্য্যায় তথাপরং ॥ ১৯১ ॥

ততঃ প্রতিষ্ঠাং কুর্ব্বীত দ্বারপ্রাসাদয়োর্বুধঃ।
বিজ্ঞায় শ্রীহয়গ্রীবপঞ্চরাত্রাচ্চ তদ্বিধিং ॥ ১৯২ ॥

অথ ধ্বজারোপণং।　তত্রৈব ॥

---

তথা পরং পরমপি কলসাদিমণ্ডপং ॥ ১৯১ ॥

শ্রীহয়শীর্ষদেবেন প্রতিষ্ঠাপঞ্চকাখ্যান বলিদানপটলানন্তরং দ্বারপ্রাসাদয়োঃ প্রতিষ্ঠাপ্রকারশ্চোক্তোঽস্তি। স চ বলিদানবিধিস্তেনৈব সুব্যক্তমেকত্রৈব বিস্তরেণ দর্শিতোঽস্তীতি সুজ্ঞেয়ত্বাদগ্রন্থবিস্তারভয়াচ্চ তং পূর্ব্ববদলিখিত্বা সমাসেন দর্শয়তি তত ইতি। কুর্ব্বীতেতি দ্বারস্য প্রাসাদস্য চ প্রতিষ্ঠায়া আবশ্যকত্বং দর্শিতং। ননু তর্হি তত্তদ্বিধির্লিখ্যতাং তত্র লিখতি বিজ্ঞায়েতি। তস্যা দ্বারপ্রতিষ্ঠায়া বিধিং। তত্র দ্বারপ্রতিষ্ঠা প্রথমমেকেন পটলেনৈবোক্তাঽস্তি। প্রাসাদপ্রতিষ্ঠা চ দ্বংপ্রতিষ্ঠাপটলৈঃ। যতঃ প্রাসাদপ্রতিষ্ঠৈব হৃৎপ্রতিষ্ঠেতি। তথাচ তত্রৈব। অতঃপরং প্রবক্ষ্যামি প্রতিষ্ঠাং বেদনির্ম্মিতাং। প্রাসাদস্য মহাভাগ হৃৎপ্রতিষ্ঠেতি বিশ্রুতামিতি ॥ ১৯২ ॥

---

যে হেতু গুরু সুপ্রসন্ন হইলে সমস্ত দেবতা পরিতুষ্ট হয়েন ॥ ১৯০ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

যাগোপযোগি দ্রব্য সমুদায় আচার্য্যকে নিবেদন করিবেন তথা স্নানীয় মণ্ডপযুক্ত সর্ব্বোপস্করণ প্রভৃতি মূলযজ্ঞগৃহ ও কলসাদিমণ্ডপ সমুদায় আচার্য্যকে নিবেদন করিবেন ॥ ১৯১ ॥

তদনন্তর পণ্ডিতব্যক্তি হয়গ্রীবপঞ্চরাত্র হইতে প্রতিষ্ঠার বিধি অবগত হইয়া দ্বার ও প্রাসাদের প্রতিষ্ঠা করিবেন ॥ ১৯২ ॥

অথ ধ্বজারোপণ। ঐ হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

অতঃপরং প্রবক্ষ্যামি ধ্বজারোপণমুত্তমং।
যৎকৃত্বা পুরুষঃ সম্যক্ সমগ্রং ফলমাপ্নুয়াৎ ॥ ১৯৩ ॥
যাতুধানা গুহ্যকাশ্চ কুষ্মাণ্ডাঃ খেচরাস্তথা।
বিঘ্নয়ন্ত্যমরশ্রেষ্ঠ ধ্বজহীনং সুরালয়ং।
ধ্বজেন রহিতে বিপ্র প্রাসাদে তু বৃথা ভবেৎ।
পূজাহোমাদিকং সর্ব্বং জপাদ্যং যৎ কৃতং বুধৈঃ।
রক্ষণেন বিনা যদ্বৎ ক্ষেত্রং নশ্যেত ক্ষেত্রিণাং।
ধ্বজং বিনা দেবগৃহং তথা নশ্যেত সর্ব্বথা।
রুদ্রস্য পার্ষদাঃ ক্রূরাঃ কুষ্মাণ্ডাদ্যাশ্চ যে স্মৃতাঃ।
পূজাদিকন্তু গৃহ্নন্তি দেবং দৃষ্ট্বা ন রক্ষিতং ॥ ১৯৪ ॥

যদ্যপি ধ্বজারোপণস্য বিধিরপি তেনৈকত্রৈব বিস্তারেণ সুব্যক্তমুক্তোঽস্তি। তথাপি তস্য মাহাত্ম্যবিশেষাৎ পরমনিত্যত্বাচ্চ তং বিশেষতো লিখতি অতঃপরমিত্যাদিনা। সমগ্রং সংপূর্ণং প্রতিষ্ঠাপ্রাসাদনির্ম্মাণাদিফলং সম্যক্ প্রাপ্নুয়াৎ ॥ ১৯৩ ॥

দেবং দেবগৃহং ন রক্ষিতং ধ্বজারোপণেনারক্ষিতং দৃষ্ট্বা। যদ্বা। দৈবং দেবোদ্দেশেন কৃতমপি পূজাদিকং গৃহ্নন্তি বলাদাচ্ছিদ্য ভুঞ্জন্তি। বিঘ্নন্তি ইতি পাঠে ন গৃহ্নন্তীতি পাঠঃ। ততশ্চ যে বিষ্ণুপার্ষদা যে চ কুষ্মাণ্ডাদ্যাঃ ক্রূরাস্তেঽপি ন স্বীকুর্ব্বন্তি। অন্যৎ সমানং। দ্বিতীয়পাঠশ্চায়ং চিন্ত্যঃ ॥ ১৯৪ ॥

ইহার পর উত্তম ধ্বজারোপণ বলিতেছি যাহা করিয়া পুরুষ সম্যক্ প্রকারে সমগ্র ফল প্রাপ্ত হয়েন ॥ ১৯৩ ॥

হে অমরশ্রেষ্ঠ! যাতুধান, গুহ্যক, কুষ্মাণ্ড ও খেচর, ইহারা ধ্বজহীন দেবালয়ের বিঘ্ন করিয়া থাকে ॥

পণ্ডিতগণ পূজা হোম ও জপাদি যে সকল করিয়া থাকেন, রক্ষণ ব্যতিরেকে ক্ষেত্রির যদ্রূপ ক্ষেত্র বিনষ্ট হয় সেই প্রকার ধ্বজব্যতিরেকে দেবগৃহ বিনষ্ট হয় ॥

কুষ্মাণ্ড প্রভৃতি যে সকল রুদ্রের ক্রূর পার্ষদ আছে তাহারা ধ্বজারোপণ দ্বারা অরক্ষিত দেবকে দর্শন করিয়া পূজাদি সকল গ্রহণ করিয়া থাকে ॥ ১৯৪ ॥

দৃষ্ট্বা ধ্বজং তু দেবস্য জ্বলজ্জ্বলনবর্চ্চসং ।
নশ্যন্তি তদ্ভিয়ৈবার্করশ্মিক্ষিপ্তং তমো যথা ॥
প্রাসাদবিম্বদ্রব্যাণাং যাবন্তঃ পরমাণবঃ ।
তাবদ্বর্ষসহস্রাণি তৎকর্ত্তা বিষ্ণুলোকভাক্ ।
এতৎপুণ্যং কোটিগুণং ভবেদারোপিতে ধ্বজে ॥
কুষ্মাণ্ডবেদী বিম্বানাং ভ্রমণাদ্বায়ুনানঘ ।
কণ্ঠস্য বেষ্টনাৎ জ্ঞেয়ং ফলং কোটিগুণং ভবেৎ ॥ ১৯৫ ॥
ধ্বজং নিবেশয়েদ্দণ্ডে দিশাসু বিদিশাসু চ ।
সূত্রাত্মানং বিজানীহি ধ্বজদণ্ডং ব্যবস্থিতং ॥ ১৯৬ ॥
চিচ্ছক্তিং বিদ্ধি তস্যৈব ধ্বজরূপাং চলাননাং ।
পতাকাং প্রকৃতিং বিদ্ধি দণ্ডং পুরুষবিগ্রহং ।

---

বিম্বং শ্রীমূর্ত্তিং প্রাসাদবিম্বয়োঃ শিলাদিদ্রব্যাণাং ॥ ১৯৫ ॥
দণ্ডং প্রাসাদোপরিতনভাগবিশেষঃ তস্মিন্ ॥ ১৯৬ ॥

---

দেবের অগ্নিতুল্য তেজোময় ধ্বজ দর্শন করিয়া তাহার ভয়ে যেমন সূর্য্যরশ্মি দ্বারা অন্ধকার বিনষ্ট হয়, তদ্রূপ ক্রূর সকল বিনষ্ট হইয়া যায়॥

প্রাসাদ এবং শ্রীমূর্ত্তির শিলা প্রভৃতি দ্রব্য সকলের যত পরমাণু, তত সহস্র বৎসর ঐ সকল প্রাসাদাদি নির্ম্মাণকর্ত্তা বিষ্ণুলোকে বাস করেন। অপর যিনি প্রাসাদে ধ্বজারোপণ করেন, তাঁহার উল্লিখিত পুণ্যের কোটিগুণ পুণ্য লাভ হয় ॥

হে নিষ্পাপ! বায়ু দ্বারা কুষ্মাণ্ডবেদী বিম্ব সকলের ভ্রমণ ও কণ্ঠ-বেষ্টন হেতু কোটিগুণ ফল হয় জানিবা ॥ ১৯৫ ॥

দিক্ বিদিক্ সকলে ধ্বজে দণ্ড নিবিষ্ট করিবে, ব্যবস্থিত ধ্বজদণ্ডকে সূত্রাত্মা জানিতে হইবে ॥ ১৯৬ ॥

ধ্বজরূপা চঞ্চলবদনাকে দেবের চিচ্ছক্তি, পতাকাকে প্রকৃতি এবং দণ্ডকে পুরুষরূপ জানিতে হইবে ॥

প্রাসাদং বাসুদেবস্য মূর্ত্তিভূতং নিবোধ মে।
ধারণাদ্ধরণীং বিদ্ধি আকাশং শুষিরাত্মকং।
তেজস্তৎপাদজং বিদ্ধি বায়ুস্পর্শগতং তথা।
পাষাণাদিম্বেব জলং পার্থিবং পৃথিবীগুণং।
প্রতিশব্দোত্তরং শব্দং স্পর্শং স্যাৎ কর্ক্কশাত্মকং।
শুক্লাদিকং ভবেদ্রূপং রসমাত্মনিদর্শনং।
ধূপাদিগন্ধো গন্ধস্তু বাগ্‌গীতাদিষু সংস্থিতা।
শুকনাসা স্মৃতা নাসা বাহূ ভদ্রকরৌ স্মৃতৌ।
শিরস্ত্বণ্ডং নিগদিতং কলসং মূর্দ্ধজং স্মৃতং।
কণ্ঠং কণ্ঠমিতি জ্ঞেয়ং স্কন্ধং বেদী নিগদ্যতে।
পায়ূপস্থে প্রণালে তু ত্বক্ সুধাপরিকীর্ত্তিতা।
মুখং দ্বারং ভবেদস্য প্রতিমা জীব উচ্যতে।
তচ্ছক্তিং পিণ্ডিকাং বিদ্ধি প্রকৃতিঞ্চ তদাকৃতিং।
নিশ্চলত্বং তু গর্ব্ভোঽস্য অধিষ্ঠাতাস্য কেশবঃ।

মূর্ত্তিভূতং বিগ্রহস্বরূপং। যদ্বা পুরুষরূপং। মে মত্তো নিবোধ শৃণু। এতদেব পঞ্চভূতময়-

অপর প্রাসাদ বাসুদেবের মূর্ত্তিস্বরূপ, ইহা আমার নিকট শ্রবণ কর। ধারণ হেতু ধরণী, ছিদ্রস্বরূপকে আকাশ, তেজকে পাদজনিত, বায়ুকে স্পর্শগত, পাষাণ সকলে জল, পার্থিবকে পৃথিবীগুণ, প্রতিশব্দের উত্তরকে শব্দ, কর্ক্কশাত্মককে স্পর্শ, শুক্লাদি সকলকে রূপ, আত্মনিদর্শনকে রস, গীতাদিতে সংস্থিতকে বাক্য, ধূপাদি গন্ধকে গন্ধ, শুকনাসাকে নাসা, বাহুদ্বয়কে ভদ্রকর, অণ্ডকে শিরঃ, কলসকে কেশ, কণ্ঠকে কণ্ঠ, বেদীকে স্কন্ধ, পায়ু ও উপস্থদ্বয়কে প্রণালী, ত্বক্‌কে অমৃত, ইহার দ্বারকে মুখ, প্রতিমাকে জীব, পিণ্ডিকাকে চিচ্ছক্তি, তাহার আকৃতিকে প্রকৃতি, নিশ্চলত্বকে গর্ব্ভ এবং ইহার অধিষ্ঠাতাকে কেশব এইরূপ জানিতে

এবমেষ হরিঃ সাক্ষাৎ প্রাসাদত্বেন সংস্থিতঃ ॥ ১৯৭ ॥
জঙ্ঘান্তেঽস্য শিবো জ্ঞেয়স্ত্বং স্কন্ধান্তে ব্যবস্থিতঃ।
ঊর্দ্ধভাগে স্থিতো বিষ্ণুরেবমেতদবস্থিতং।
এবং স্থিতস্য চৈতস্য প্রাসাদস্য যথাবিধি।
প্রতিষ্ঠাং ধ্বজরূপেণ শৃণু মে সাম্প্রতং স্ফুটং।
পূর্ব্বে দেবাসুরে যুদ্ধে বিজয়ার্থং তদামরৈঃ।
কৃত্বা লক্ষ্মাণি হ্যুপরি বাহনান্যায়ুধানি চ ॥ ১৯৮ ॥
জিতং দৈত্যবলং সর্ব্বং তদাদৌ ধ্বজসংস্থিতিঃ।
অণ্ডোর্দ্ধং কলসং ন্যস্য তদূর্দ্ধং বিন্যসেদ্ধ্বজং ॥ ১৯৯ ॥
বিম্বার্দ্ধমানং চক্রং তু ত্রিভাগেনাথ কারয়েৎ।
দ্বাত্রিংশদঙ্গুলং জ্যেষ্ঠং কনিষ্ঠং ত্বষ্টহানিতঃ।

ত্বাদি বিবিচ্য দর্শয়তি ধারণাদিতি সার্দ্ধৈঃ ষড়্‌ভিঃ ॥ ১৯৭ ॥

ত্বং ব্রহ্মা ॥ ১৯৮ ॥

তদাদৌ তত আরভ্যেত্যর্থঃ। ধ্বজস্য সংস্থিতিঃ প্রবৃত্তিঃ ॥ ১৯৯ ॥

অথেতি বিকল্পে বিম্বতৃতীয়ভাগেন কারয়েৎ। অন্যৎ সুগমং ॥

হইবে, এই প্রকারে এই হরি প্রাসাদরূপে অবস্থিত হইয়াছেন ॥ ১৯৭ ॥

ইহার জঙ্ঘাতে শিব, স্কন্ধান্তে ব্রহ্মা এবং ঊর্দ্ধভাগে বিষ্ণু অবস্থিত জানিতে হইবে, এই প্রকার অবস্থিত প্রাসাদের যথাবিধি ধ্বজরূপে প্রতিষ্ঠা আমার নিকট স্পষ্টরূপে শ্রবণ কর। পূর্ব্বে দেবাসুর যুদ্ধে জয়ের নিমিত্ত দেবগণ বাহন ও আয়ুধচিহ্ন সকল করিয়া ॥ ১৯৮ ॥

সমুদায় দৈত্যবল জয় করিয়াছিলেন, সেই অবধি ধ্বজের প্রবৃত্তি হয়। অণ্ডের অর্থাৎ প্রাসাদের শিরোদেশের ঊর্দ্ধে কলস স্থাপন করিয়া তাহার ঊর্দ্ধে ধ্বজ বিন্যাস করিবে ॥ ১৯৯ ॥

বিম্বের অর্থাৎ শ্রীমূর্ত্তির অর্দ্ধ অথবা তৃতীয়াংশ দ্বারা চক্র নির্ম্মাণ করিবে। দ্বাত্রিংশদঙ্গুল পরিমাণ শ্রেষ্ঠ এবং অষ্ট অঙ্গুলি পরিমাণ

প্রতিমাতুর্য্যভাগেন কারয়েদ্বা সুদর্শনং।
লোহজং শৈলজং বাপি কারয়েচ্চিহ্নপূর্ব্বকং।
অষ্টারং দ্বাদশারং বা মধ্যে মূর্ত্তিসমন্বিতং।
নারসিংহেন রৌদ্রেণ বিশ্বরূপেণ বা পুনঃ॥
দ্বারস্য দৈর্ঘ্যাদ্দ্বিগুণং দণ্ডং বা পরিকল্পয়েৎ।
ধ্বজযষ্টির্দেবগৃহে ঐশান্যাং দিশি দেশিকৈঃ।
বায়ব্যে স্থাপনীয়া বা সাংপ্রতং ধ্বজ উচ্যতে।
পট্টকার্পাসক্ষৌমাদ্যৈর্ধ্বজং কুর্য্যাৎ সুশোভনং।
একবর্ণং বিচিত্রং বা ঘণ্টাচামরভূষিতং।
কিঙ্কিণীজালিকোপেতং বর্হিপত্রবিভূষিতং॥
শুক্লাদিবর্ণৈর্বিপ্রাদিঃ ক্রমাদ্বা কারয়েদ্ধ্বজং।
দণ্ডাগ্রাদ্ধরণীং যাবদ্ধস্তৈকং বিস্তরেণ তু।
মহাধ্বজস্তু বিখ্যাতং সর্ব্বকামপ্রদং শুভং।

কনিষ্ঠ অথবা প্রতিমার চতুর্থাংশ দ্বারা সুদর্শন করাইবে। এই সুদর্শন চিহ্নপূর্ব্বক লোহজ অথবা শৈলজ করাইবে। ইহা অষ্ট আর বা দ্বাদশ আর (কোণ) হইবে, ইহার মধ্যে ভয়ঙ্কর নৃসিংহমূর্ত্তি ও বিশ্বরূপমূর্ত্তি সংস্থাপন করিবে॥

দ্বারের দৈর্ঘ্যের দ্বিগুণ দণ্ড কল্পনা করিবে। দেবগৃহে ঐশান্য কোণে বা বায়ুকোণে ধ্বজযষ্টি স্থাপন করিবে। সম্প্রতি ধ্বজ বলিতেছি। পট্ট, কার্পাস অথবা ক্ষৌমবস্ত্র দ্বারা সুশোভন ধ্বজ করিবে। ঐ ধ্বজ একবর্ণ কিম্বা বিচিত্র বর্ণ, ঘণ্টা-চামর-ভূষিত, কিঙ্কিণীজালযুক্ত ও ময়ূরপুচ্ছ বিভূষিত করিবে॥

ব্রাহ্মণাদি জাতি শুক্লাদি বর্ণক্রমে ধ্বজ করাইবেন। দণ্ডের অগ্র হইতে ধরণী পর্য্যন্ত বিস্তারে এক হস্ত হইলে মহাধ্বজ বলিয়া বিখ্যাত হয়, এই মঙ্গলধ্বজ সর্ব্বপ্রকার কাম প্রদান করে। হে দেবগণার্চ্চিত!

তুর্য্যাংশহীনা বিখ্যাতা ধ্বজাঃ সুরগণার্চ্চিতাঃ।
ধ্বজিকার্দ্ধেন বিজ্ঞেয়া পতাকা মানবর্জ্জিতা।
বিস্তারেণ ধ্বজা কার্য্যা বিংশত্যঙ্গুলসম্মিতা।
ষোড়শাঙ্গুলমানেন ধ্বজিকা বিস্তরাৎ স্মৃতা॥
অধিবাস্য বিধানেন চক্রং দণ্ডং ধ্বজং তথা।
দেববৎ সকলং কৃত্বা মণ্ডপস্নপনাদিকং।
নেত্রোন্মীলনকং কৃত্বা পূর্ব্বোক্তং সর্ব্বমাচরেৎ॥
অধিবাসয়েত বিধিনা শয্যায়াং স্থাপ্য দেশিকঃ।
ততঃ সহস্রশীর্ষেতি সূক্তং চক্রে ন্যসেৎ বুধঃ।
তথা সৌদর্শনং মন্ত্রং মনস্তত্ত্বং নিবেশয়েৎ।
মনোঽনুরূপেণাস্যৈব সজীবকরণং স্মৃতং।
আরেষু মূর্ত্তয়ো ন্যস্যাঃ কেশবাদ্যাঃ সুরোত্তমাঃ।
নাভ্যক্ষপ্রধিনেমীষু ন্যসেত্তত্ত্বানি দেশিকঃ।

মহাধ্বজা চতুর্থাংশহীন হইলে ধ্বজা বলিয়া বিখ্যাত ও অর্দ্ধ হইলে ধ্বজিকা এবং পরিমাণ বর্জিত হইলে পতাকা হয়। ধ্বজা বিস্তারে বিংশত্যঙ্গুল সম্মিত করিবে। ধ্বজিকা ষোড়শাঙ্গুল পরিমাণ বিস্তার হইবে॥

বিধানানুসারে দেবতার ন্যায় চক্র, দণ্ড ও ধ্বজের অধিবাসনপূর্ব্বক মণ্ডপস্নপনাদি সকল করিয়া স্নানমণ্ডপ এবং নেত্র উন্মীলন পুরঃসর পূর্ব্বোক্ত সমুদায় কার্য্য করিবেন॥

তদনন্তর আচার্য্য চক্রকে শয্যায় স্থাপন করিয়া বিধানানুসারে অধিবাস করিবেন। তাহার পর বিদ্বান্ ব্যক্তি চক্রে "সহস্রশীর্ষা" এই মন্ত্র ন্যাস করিবেন। তথা মনস্তত্ত্বরূপ সুদর্শনমন্ত্র নিবেশ করাইবেন। মনোঽনুরূপ দ্বারা ইহাঁর সজীবকরণ জানিতে হইবে। হে দেবোত্তম! আর (কোণ) সকলে কেশবাদিমূর্ত্তি সমুদায়কে ন্যাস করিবেন। আচার্য্য নাভি, অক্ষ ও চক্রের নেমী অর্থাৎ অগ্রভাগ সকলে তত্ত্ব সমুদায় ন্যাস

নারসিংহং বিশ্বরূপমক্ষমধ্যে নিবেশয়েৎ।
সকলং বিন্যসেদ্দণ্ডে সূত্রাত্মানং সজীবকং।
নিষ্কলং পরমাত্মানং ধ্বজে ধ্যায়ন্ ন্যসেদ্ধরিং।
তচ্ছক্তিং ব্যাপিনীং ধ্যায়েৎ ধ্বজরূপাং চলাননাং।
ততো মণ্ডপমধ্যে তু স্নাপ্য পূজ্য যথাবিধি।
পূর্ব্বোক্তেন বিধানেন হোমং কুণ্ডেষু কারয়েৎ॥
ততঃ প্রভাতসময়ে মূর্ত্তিপৈঃ সহ দেশিকঃ।
কলসে স্বর্ণশকলং ন্যস্বা রত্নানি পঞ্চ চ।
স্থাপয়েচ্চক্রমন্ত্রেণ স্বর্ণচক্রমধস্ততঃ।
পারদেন তু সংপ্লাব্য নেত্রপট্টেন স্থাপয়েৎ॥
ততো নিবেশয়েচ্চক্রং দ্বাদশারং সুদর্শনং।
দুর্নিরীক্ষং সুরৈর্দৈত্যৈর্ভ্রমদ্বহ্নিস্ফুলিঙ্গকং॥
তন্মধ্যে চিন্তয়েদ্দেবং নৃসিংহং দৈত্যনির্দ্দলং।

করিবেন। নরসিংহ এবং বিশ্বরূপকে অক্ষ মধ্যে নিবেশ করাইবেন। সকল সজীব সূত্রাত্মাকে দণ্ডে ন্যাস এবং নিষ্কল পরমাত্মা হরিকে ধ্যান পূর্ব্বক ধ্বজে ন্যাস করিবেন। অনন্তর চঞ্চলবদনা ধ্বজরূপা ব্যাপিনী তৎ-শক্তিকে ধ্যান করিবেন। তদনন্তর যথাবিধি স্নান ও পূজা করিয়া পূর্ব্বোক্ত বিধানানুসারে কুণ্ড সকলে হোম করাইবেন॥

তৎপরে প্রভাতসময়ে আচার্য্য মূর্ত্তিপগণের সহিত কলসে স্বর্ণ ও পঞ্চরত্ন সকল ন্যাস করিয়া চক্রমন্ত্র দ্বারা স্থাপন করিবেন। তদনন্তর অধোদিকে স্বর্ণচক্রকে পারদ দ্বারা সংপ্লাবিত করিয়া নেত্রপট্ট দ্বারা স্থাপন করিবেন॥

তাহার পর দেব ও দৈত্যগণ কর্ত্তৃক দুর্নিরীক্ষ ভ্রমণশীল বহ্নিস্ফুলিঙ্গ-বিশিষ্ট দ্বাদশ আর সুদর্শন চক্রকে নিবেশ করিবেন॥

অনন্তর ঐ চক্রের মধ্যে দৈত্যনাশন, স্ফুরৎসৌদামিনী-জিহ্ব, অগ্নির

স্ফুরৎসৌদামিনীজিহ্বং জ্বলজ্জ্বলনকেশরং।
দীপ্তার্কনয়নং চন্দ্রকোটিভাস্বরদংষ্ট্রিণং।
তপ্তস্য তপনীয়স্য সদৃশং পরুষাননং।
সর্ব্বদুষ্টহরং দেবং দুষ্প্রেক্ষ্যং দেবদানবৈঃ॥
সর্ব্ববর্ণান্তবীজেন চতুর্দ্দশযুতেন চ।
বিন্দুনালঙ্কৃতেনাদৌ প্রণবেনাপ্লুতেন চ।
অন্তে প্রণতিযুক্তেন স্থাপয়েদ্দুষ্টনাশনং॥
ততো ধ্বজং গৃহীত্বা তু যজমানঃ সবান্ধবঃ।
প্রদক্ষিণং তু কুর্ব্বীত তূর্য্যমঙ্গলনিঃস্বনৈঃ।
ততো নিবেশয়েদ্দণ্ডং মন্ত্রেণাষ্টাক্ষরেণ তু।
মুঞ্চামি ত্বেতি সূক্তেন ধ্বজং মুঞ্চেদ্বিচক্ষণঃ।
দধিভক্তযুতে পাত্রে ধ্বজস্যাগ্রং নিবেশয়েৎ।
ধ্রুবাদ্যেন ফড়ন্তেন ধ্বজং মন্ত্রেণ পূজয়েৎ।

---

ন্যায় জাজ্বল্য কেশর, প্রদীপ্ত সূর্য্যনয়ন, কোটি চন্দ্রসদৃশ তেজোময় দন্তবিশিষ্ট, তপ্ততপনীয় সদৃশ পরুষবদন, সর্ব্বদোষহর ও দেবদানবগণ কর্ত্তৃক দুষ্প্রেক্ষ্য দেবকে চিন্তা করিবেন॥

এবং সর্ব্ববর্ণান্ত চতুর্দ্দশ স্বরযুক্ত বিন্দু দ্বারা অলঙ্কৃত, আদিতে প্রণবযুক্ত ও অন্তে নমঃশব্দযুক্ত বীজ দ্বারা অর্থাৎ "ওঁ ক্ষৌং নমঃ" এই মন্ত্র দ্বারা দুষ্টনাশন দেবকে স্থাপন করিবেন॥

তদনন্তর যজমান বান্ধবগণের সহিত ধ্বজ গ্রহণ করিয়া তূর্য্য প্রভৃতি মঙ্গলধ্বনিসহকারে প্রদক্ষিণ করিবেন। তৎপরে অষ্টাক্ষর মন্ত্র দ্বারা দণ্ডকে প্রবেশ করাইয়া "মুঞ্চামি ত্বা" এই মন্ত্র দ্বারা ধ্বজকে মোচন পূর্ব্বক দধ্যন্নযুক্ত পাত্রে ধ্বজের অগ্রভাগ নিবিষ্ট করত ধ্রুবাদি ফড়ন্ত

শিরস্থাধায় তৎপাত্রং নারায়ণমনুস্মরন্।
মুক্তমাত্রে ধ্বজে দদ্যাৎ জীবমাচার্য্যসত্তমঃ ॥
প্রভিন্নং কুঞ্জরং দদ্যাৎ অশ্বং বা লক্ষণান্বিতং।
দাসং বা পেশলং বাপি দাসীং বালসবর্জ্জিতাং।
মহাশৃঙ্গীং প্রদদ্যাত্তু গ্রামঞ্চ গুরুতুষ্টয়ে ॥
আচার্য্যং ভোজয়িত্বা তু মূর্ত্তিপান্ পূজয়েদ্বুধঃ।
সুবর্ণবস্ত্রদানেন বৈষ্ণবানপি পূজয়েৎ ॥
অনিবারিতমন্নাদ্যং সর্ব্ববর্ণেষু কারয়েৎ।
ততো নৃত্যঞ্চ বাদ্যঞ্চ বলিং দদ্যাত্তথা পুনঃ ॥
কুর্য্যাদ্যো দেবসদনে ধ্বজং বিধিবিধানতঃ।
তস্য স্যাদক্ষয়ো লোকো বৈষ্ণবো নাত্র সংশয়ঃ ॥
কদাচিদযদি গানুয্যলোকমায়াতি স্বেচ্ছয়া।

মন্ত্র দ্বারা ধ্বজকে পূজা করিবেন। তৎপরে আচার্য্যসত্তম ঐ পাত্র মস্তকে ধারণ করিয়া নারায়ণকে স্মরণ করিতে করিতে মুক্তমাত্র ধ্বজে অর্পণ করিবেন ॥

তদনন্তর গুরু-সন্তোষের নিমিত্ত মত্তহস্তি, লক্ষণান্বিত অশ্ব, সুন্দর দাস, আলস্যবর্জিতা দাসী, মহাশৃঙ্গী এবং গ্রাম প্রদান করিবেন ॥

তৎপরে পণ্ডিত ব্যক্তি আচার্য্যকে ভোজন করাইয়া মূর্ত্তিপ সকলকে পূজা ও সুবর্ণ এবং বস্ত্রদান দ্বারা বৈষ্ণবদিগেরও পূজা করিবেন ॥

অনন্তর সকল বর্ণের প্রতি অনিবারিত অন্নাদি দান করিবেন, তাহার পর পুনর্ব্বার নৃত্য, বাদ্য ও বলিদান করিবেন ॥

অপর যে ব্যক্তি দেবমন্দিরে যথাবিধি ধ্বজ প্রদান করেন, তাঁহার সম্বন্ধে বিষ্ণুলোক অক্ষয় হয়, ইহাতে সংশয় নাই ॥

উল্লিখিত ধ্বজপ্রদ ব্যক্তি যদি কখন ইচ্ছা বশতঃ মনুষ্যলোকে

তদা সর্ব্বেষু ভূতেষু ধ্বজীভূতঃ প্রকাশতে ॥
আধারভূতঃ সর্ব্বেষাং বন্ধূনাং ধনিনাং তথা।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন ধ্বজং কুর্য্যাৎ সুরালয়ে ॥
ধ্বজে যষ্টিপ্রদানেন বপুষ্মান্ জায়তে নরঃ।
ধ্বজমানেন চাপ্নোতি লোকং শক্রস্য দুর্ল্লভমিতি ॥
অথ লক্ষ্ম্যাঃ সুপর্ণাদিপরিবারগণস্য চ।
প্রতিষ্ঠাং হয়শীর্ষোক্তসুব্যক্তবিধিনাচরেৎ ॥ ২০০ ॥
সর্ব্বামেতাং প্রতিষ্ঠাঞ্চ বিপ্রেণ বিদুষা সতা।
গৃহিণা বৈষ্ণবেনৈব কারয়েন্নেতরেণ তু ॥ ২০১ ॥

হয়শীর্ষোক্তেন সুব্যক্তেন বিধিনেতি তদুক্তং পঞ্চরাত্রে তদ্বিধিরত্যন্তস্ফুটতয়া বর্ত্তত ইতি তল্লিখনবিস্তারেণালমিতি পূর্ব্ববদভিপ্রায়ঃ ॥ ২০০ ॥

বিদুষা প্রতিষ্ঠাবিধ্যভিজ্ঞেন। সতা সুশীলেন। ন তু ইতরেণ লিখিতাদন্যেন কারয়েৎ। যদ্যপি পূর্ব্বমাচার্য্যলক্ষণলিখনেনৈতদ্বোধিতমেবাস্তি তথাপি তদন্যথাত্বে মহান্ দোষসঞ্চয়ঃ স্যাদিতি তদ্দার্ঢ্যার্থমেব লিখিতমিতি দিক্ ॥ ২০১ ॥

আগমন করেন, তখন তিনি ভূত সকলের মধ্যে ধ্বজস্বরূপ হইয়া প্রকাশ পান ॥

ধ্বজ, বন্ধুগণ ও ধনাঢ্য ব্যক্তিদিগের আধার স্বরূপ, অতএব সর্ব্বপ্রযত্নে দেবালয়ে ধ্বজ প্রদান করিবেন ॥

মনুষ্য ধ্বজে যষ্টিপ্রদান করিলে বপুষ্মান্ হয় এবং ধ্বজ পরিমাণে সুদুর্ল্লভ ইন্দ্রলোক প্রাপ্তি হয় ॥

অনন্তর লক্ষ্মী ও সুপর্ণাদি পরিবারগণের প্রতিষ্ঠা হয়শীর্ষোক্ত সুব্যক্ত বিধি দ্বারা আচরণ করিবেন ॥ ২০০ ॥

প্রতিষ্ঠাভিজ্ঞ পণ্ডিত, সুশীল, গৃহস্থ ও বৈষ্ণব ব্রাহ্মণ দ্বারা সমুদায় প্রতিষ্ঠা করাইবেন, কদাচ উল্লিখিত ব্রাহ্মণ ব্যতিরেকে অন্যের দ্বারা করাইবেন না ॥ ২০১ ॥

তথাচ মাৎস্যে ॥

নৈঃশীল্যেন ন দাম্ভিকেন ন লিঙ্গিনা স্থাপনমত্র কার্য্যং।
বিপ্রেণ কার্য্যং শ্রুতিপারগেণ গৃহস্থধর্ম্মাভিরতেন নিত্যং ॥
পাষণ্ডিনং যস্তু করোতু বুদ্ধ্যা বিহায় বিপ্রান্ শ্রুতিধর্ম্মযুক্তান্।
গুরুং প্রতিষ্ঠাদিষু তত্র নূনং কুলক্ষয়ঃ স্যাদচিরায় পূর্ব্বং ॥২০২
স্থানং পিশাচৈঃ পরিগৃহ্যতে ত-
দপূজ্যতাং যাত্যচিরেণ লোকে।
বিপ্রৈঃ কৃতং যচ্ছুভদং কুলে স্যা-

পাষণ্ডিলক্ষণঞ্চ পাদ্মোত্তরখণ্ডে শ্রীমহাদেবেনোক্তং। যেঽন্যং দেবং পরত্বেন বদন্ত্যজ্ঞানমোহিতাঃ। নারায়ণাৎ জগন্নাথাত্তে বৈ পাষণ্ডিনঃ স্মৃতাঃ। শঙ্খচক্রোর্দ্ধপুণ্ড্রাদিচিহ্নৈঃ প্রিয়তমৈর্হরেঃ। রহিতা যে দ্বিজা দেবি তে বৈ ইত্যাদি। পূর্ব্বমচিরেণ কুলক্ষয়ঃ স্যাৎ॥ ২০২ ॥
তৎ শ্রীমূর্ত্তিস্থাপনসম্বন্ধিস্থানং। স্থাপিতশ্রীমূর্ত্তিঃ স্থাপকো বা লোকেঽপূজ্যতাং যাতি। যৎ স্থাপনং বিপ্রৈঃ কৃত্বা কৃতং ॥ ২০৩ ॥

এই বিষয়ের প্রমাণ মৎস্যপুরাণে যথা ॥

শীলতারহিত, দাম্ভিক ও লিঙ্গী অর্থাৎ ধর্ম্মধ্বজী ব্যক্তি দ্বারা প্রতিষ্ঠাকার্য্য করাইবেন না, কিন্তু যিনি নিত্য গৃহস্থধর্ম্মে রত বেদপারগ ব্রাহ্মণ তাঁহার দ্বারা প্রতিষ্ঠাকার্য্য করাইবেন ॥

অপর যিনি বেদধর্ম্মযুক্ত ব্রাহ্মণদিগকে পরিত্যাগ করিয়া প্রতিষ্ঠাকার্য্যে বুদ্ধিপূর্ব্বক পাষণ্ডিকে গুরু করেন, নিশ্চয় তাহার অচিরে কুলক্ষয় হয় ॥ ২০২ ॥

যিনি পাষণ্ডি দ্বারা শ্রীমূর্ত্তিস্থাপন করেন, তাঁহার সেই শ্রীমূর্ত্তিস্থাপনসম্বন্ধি স্থান পিশাচে গ্রহণ করে এবং তিনি অচিরকালে লোকমধ্যে অপূজিত হয়েন, কিন্তু যিনি ব্রাহ্মণ দ্বারা শ্রীমূর্ত্তিস্থাপন করেন, তাঁহার

তৎপূজ্যতাং যাতি চিরঞ্চ কালমিতি ॥ ২০৩ ॥

অথ চলশ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠা ॥

চলমূর্ত্তেশ্চ বিবিধাঃ প্রতিষ্ঠাবিধয়ঃ স্মৃতাঃ।
তেষ্বাদৌ শ্রীহয়গ্রীবদেবোক্তো লিখ্যতে বিধিঃ ॥ ২০৪ ॥

হয়শীর্ষে ॥

অচলশ্চ চলশ্চৈব দ্বিবিধো বিষ্ণুরুচ্যতে।
অচলো হ্যাদিপুরুষঃ প্রাদুর্ভাবগতশ্চলঃ ॥ ২০৫ ॥
প্রাসাদে হ্যচলস্তদ্বদ্গৃহেষু চ চলাচলঃ।
সভামঠস্থো হ্যচলো গৃহস্থানাং মঠে চলঃ ॥

অপ্যর্থে চকারঃ। যথা স্থিরমূর্ত্তেঃ প্রতিষ্ঠাবিধয়ো বহুপ্রকারাস্তথা চলমূর্ত্তেরপি। স্মৃতা অভিজ্ঞৈঃ। আদাবিতি পশ্চাদন্যোঽপি লেখ্য ইত্যর্থঃ ॥ ২০৪ ॥

আদিপুরুষঃ পরমাত্মা পরমেশ্বরো ভগবান্ শ্রীবাসুদেবঃ অচলঃ সর্ব্বব্যাপকত্বাৎ। প্রাদুর্ভাবগতঃ লীলয়া স্বীকৃতজন্মা চলঃ ভক্তবাৎসল্যাদিলীলয়া ইতস্ততঃ পরিভ্রমণাৎ ॥ ২০৫ ॥

এবং যথাসৌ দ্বিবিধঃ তথা তৎ প্রতিমাপি দ্বিবিধা ইত্যাহ প্রাসাদ ইতি ॥ ২০৬ ॥

কুলে ঐ প্রতিষ্ঠার স্থান শুভপ্রদ হয় এবং তিনি চিরকাল পূজিত হয়েন ॥ ২০৩ ॥

অথ চলমূর্ত্তিপ্রতিষ্ঠা ॥

চলমূর্ত্তির বিবিধ প্রকার প্রতিষ্ঠাবিধি কথিত হইয়াছে, তন্মধ্যে প্রথমত শ্রীহয়গ্রীবদেবোক্তবিধি লিখিত হইতেছে ॥ ২০৪ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

অচল ও চলভেদে বিষ্ণুমূর্ত্তি দুই প্রকার কথিত হয়েন। যিনি অচল তিনি আদিপুরুষ অর্থাৎ পরমাত্মা পরমেশ্বর ভগবান্ শ্রীবাসুদেব, আর যিনি চল তিনি ভক্তবাৎসল্য হেতু ইতস্ততঃ পরিভ্রমণ করেন ॥ ২০৫ ॥

প্রাসাদে বিষ্ণুর অচলমূর্ত্তি এবং গৃহ সকলে চলাচলমূর্ত্তি। সভামঠস্থ অচলমূর্ত্তি ও গৃহস্থ সকলের মঠে চলমূর্ত্তি হয় ॥

চলে রত্নাদিবিন্যাসঃ পিণ্ডিকাযোজনাদিকং।
যতো ন বিদ্যতে তস্মাৎ পিণ্ডিকা তস্য নেদৃশী।
অতো বিশেষাদ্বক্ষ্যামি চলানাং যাদৃশো বিধিঃ॥ ২০৬॥
প্রতিবিম্বাহতং শস্ত্রৈরুৎকীর্ণং পাকজং তথা।
ত্রিবিধঞ্চ সমুদ্দিষ্টং বিষ্ণুরূপং বিচক্ষণৈঃ।
প্রতিবিম্বাহতং পূজ্যং তাবৎ কালং তু পার্থিবং।
ন তত্র কশ্চিৎ সংস্কারঃ কেবলং তত্ত্বযোজনং।
পূজনান্তে বিসর্গশ্চ পুনর্নেষ্টং তদর্চ্চনং॥ ২০৭॥
শস্ত্রোৎকীর্ণং বহুবিধং শিলারত্নাদিভেদতঃ।
দারবং শৈলজং রূপং প্রাসাদে স্থাপয়েৎ পরং॥

পার্থিবং প্রতিবিম্বাহতং ছায়াবৎ স্থণ্ডিলেঽঙ্কিতা শ্রীমূর্ত্তিঃ। তাবৎকালং সদ্য এব নতু কালান্তরে পুনঃ পূজ্যং॥ ২০৭॥

যে হেতু চলপ্রতিমায় রত্নাদি বিন্যাস এবং পিণ্ডিকাযোজনাদি নাই, সেই হেতু তাহার পিণ্ডিকা সে প্রকার হয় না, অতএব চল সকলের যে প্রকার বিধি, তাহা বিশেষরূপে বলিতেছি॥ ২০৬॥

প্রতিবিম্বাহত, শস্ত্র দ্বারা উৎকীর্ণ ও পাকজ পণ্ডিতগণ বিষ্ণুর এই তিন প্রকার রূপ কহিয়াছেন। পার্থিব প্রতিবিম্বাহত অর্থাৎ ছায়ার ন্যায় স্থণ্ডিলে অঙ্কিত শ্রীমূর্ত্তি, ইহাঁকে সদ্যঃ পূজা করিবেন, কালান্তরে পূজা করিবেন না, এই প্রতিমূর্ত্তিতে কোন সংস্কার নাই, কেবল তত্ত্বমাত্র যোজনা করিবেন। পূজনান্তে বিসর্জন দিবেন, আর তাহাতে অর্চ্চন ইচ্ছা করিবেন না॥ ২০৭॥

শিলারত্নাদিভেদে শস্ত্রোৎকীর্ণ বহু প্রকার হয়। কেবল দারুনির্ম্মিত ও শিলাজনিত রূপ প্রাসাদে স্থাপন করিবেন॥

রত্নজং নির্ম্মিতং শস্ত্রৈঃ পিণ্ডিকাসহিতং শুভং।
পিণ্ডিকারহিতং বাপি তদেব দ্বিবিধং পুনঃ ॥ ২০৮ ॥
রত্নজস্য তু রূপস্য পিণ্ডিকা ধাতবী স্মৃতা।
শৈলী তু শৈলজস্যেষ্টা রত্নজস্য তু নেষ্যতে ॥
পিণ্ডিকাসহিতং কার্য্যং চলং রত্নাদিনির্ম্মিতং।
পাকজং ধাতুজং বিম্বং পিণ্ডিকাসহিতং তু তৎ ॥ ২০৯ ॥
তেষাং প্রতিষ্ঠাং বক্ষ্যামি সংক্ষেপাদ্বেদনির্ম্মিতাং।
দশহস্তপরীমাণং মণ্ডপং কারয়েচ্ছুভং।
কুর্য্যাৎ পঞ্চকরাং বেদীং তদ্বৎ কুণ্ডানি কারয়েৎ।
তোরণধ্বজকুম্ভানাং স্থাপনং পূর্ব্ববৎ স্মৃতং।
বিষ্ণুকুম্ভং তথা স্থাপ্য লোকপান্ পূর্ব্ববদযজেৎ।

পিণ্ডিকাসহিতং পিণ্ডিকারহিতং বেতি তৎ রত্নজমেব তদ্বিবিধং ॥ ২০৮ ॥
রূপস্য শ্রীমূর্ত্তেঃ ॥ ২০৯ ॥
তদ্বৎ পূর্ব্ববৎ ॥ ২১০ ॥

পবিত্রপিণ্ডিকা সহিত রত্নজনিতকে শস্ত্রদ্বারা নির্ম্মাণ করিবে। ইহা পিণ্ডিকা সহিত ও পিণ্ডিকা রহিত হয়, অতএব রত্নজপ্রতিমা দুই প্রকার হইয়া থাকে ॥ ২০৮ ॥

রত্নজনিত শ্রীমূর্ত্তির পিণ্ডিকা ধাতুময়ী স্মৃত হইয়াছে, শিলানির্ম্মিত শ্রীমূর্ত্তির পিণ্ডিকা শিলানির্ম্মিত হয়, রত্নজনিত শ্রীমূর্ত্তির পিণ্ডিকা ইচ্ছা করা যায় না ॥

রত্ননির্ম্মিত চল প্রতিমাকে পিণ্ডিকা সহিত নির্ম্মাণ করিবেন। ধাতু-নির্ম্মিত শ্রীমূর্ত্তির নাম পাকজ তাহা পিণ্ডিকা সহিত হইবে ॥ ২০৯ ॥

ঐ সকল শ্রীমূর্ত্তির বেদনির্ম্মিতা প্রতিষ্ঠা সংক্ষেপে বলিতেছি। দশহস্ত পরিমাণ শুভ মণ্ডপ এবং পঞ্চহস্ত বেদী ও পূর্ব্বের ন্যায় কুণ্ড করিবেন। তোরণ, ধ্বজা ও কুম্ভ সকলের পূর্ব্বের ন্যায় স্থাপন জানিতে হইবে। তথা বিষ্ণুকুম্ভ স্থাপন করিয়া লোকপাল সকলকে পূর্ব্বের

সর্ব্বতোভদ্রকং বেদ্যাং লিখেদুজ্জ্বলবর্ণকৈঃ।
বৈষ্ণবাগ্নিং তথা কুর্য্যাৎ যাম্যে শয্যাং তু পাতয়েৎ।
ঐশান্যাং ভদ্রপীঠং তু ন্যস্য কুম্ভাংস্তু বিন্যসেৎ।
সর্ব্বৌষধিযুতান্ সর্ব্বানষ্টাশীতি পদে তথা॥ ২১০॥
অথোত্তরে মণ্ডপস্য স্নানবেদ্যাং তু পশ্চিমে।
ভূমিং প্রলিপ্য তত্রাদৌ তণ্ডুলৈঃ পঞ্চবর্ণকৈঃ।
চতুরস্রং বিলিখ্যাদৌ স্বস্তিকং কল্পয়েদ্গুরুঃ।
তন্মধ্যে পীঠকং ন্যস্য প্রতিমাং তত্র বিন্যসেৎ।
শঙ্খতূর্য্যরবৈস্তদ্বৎ পঞ্চগব্যাদিনা স্নপেৎ॥ ২১১॥
পুষ্পগন্ধাদিভিঃ পূজ্য চ্ছাদয়েচ্ছুক্লবাসসা।
উত্থাপ্য ত্বভিষেকার্থং নিনয়েৎ স্নানমণ্ডপং।

স্নপেৎ স্নাপয়েৎ। আদিশব্দেন পঞ্চামৃতপঞ্চকষায়াষ্টমৃত্তিকাজলাদি॥ ২১১॥
জগচ্ছান্তিমবধার্য্যেতি স্বস্তিবাচনাদিকং কৃত্বেত্যর্থঃ॥ ২১২॥

ন্যায় পূজা করিবেন। বেদীতে পূর্ব্বের ন্যায় সর্ব্বতোভদ্রমণ্ডল লিখিবেন। তথা বৈষ্ণবাগ্নি স্থাপন এবং দক্ষিণদিকে শয্যা পাতিত করিবেন। আর ঐশান্যদিকে ভদ্রপীঠ বিন্যাস করিয়া অষ্টাশীতিপদে সর্ব্বৌষধিযুক্ত ঐ সকল কুম্ভ বিন্যাস করিবেন॥ ২১০॥

অনন্তর গুরু মণ্ডপের উত্তরে ও স্নানবেদীর পশ্চিমে পঞ্চবর্ণ তণ্ডুল-চূর্ণ দ্বারা ভূমিকে প্রলিপন পূর্ব্বক অগ্রে চতুরস্র লিখিয়া স্বস্তিক কল্পনা করিবেন। পরে ঐ স্বস্তিকের মধ্যে পীঠ স্থাপন করত তাহাতে প্রতিমা স্থাপন করিবেন। তদনন্তর শঙ্খতূর্য্য প্রভৃতির ধ্বনিসহকারে তদ্রূপ পঞ্চগব্যাদি দ্বারা স্নান করাইবেন॥ ২১১॥

তাহার পর গন্ধপুষ্পাদি দ্বারা পূজা এবং শুক্লবস্ত্র দ্বারা আচ্ছাদন করিয়া প্রতিমাকে উত্তোলন পূর্ব্বক অভিষেক নিমিত্ত স্নানমণ্ডপে আন-

শঙ্খপুণ্যাহঘোষেণ স্নানপীঠে নিবেশয়েৎ ॥
অবধার্য্য জগচ্ছান্তিং তোষয়েৎ কর্ম্মিণস্তথা ।
দেশিকায় তদা দদ্যাৎ পূর্ব্ববত্তরুণীং শুভাং ।
সপুত্রাং বস্ত্রসংযুক্তাং হেমশৃঙ্গীং সদক্ষিণাং ॥ ২১২ ॥
ততো বেদাদিমন্ত্রৈস্তামালভেদ্দেশিকোত্তমঃ ।
পৌরুষেণ তু সূক্তেন মূলবীজেন চালয়েৎ ।
কৌতুকং মূলবীজেন তৎকরে হ্যধিরোপয়েৎ ।
চিত্রং দেবেতি মন্ত্রেণ নেত্রে চোন্মীলয়েদ্গুরুঃ ।
হৈময়াভ্যঞ্জয়েন্নেত্রে শ্লক্ষ্ণয়া তু শলাকয়া ।
ঘৃতেন মধুনা তদ্বৎ মধুবাতেতি দেশিকঃ ।
ততঃ শুদ্ধেন তোয়েন স্নাপ্য মন্ত্রৈঃ সমালভেৎ ।
বেদাদ্যেন চ সূক্তেন চতুর্ভির্মূর্ত্তিপৈঃ সহ ।
ততো দেবেতি চাবাহ্য বাসুদেবং জগদ্গুরুং ॥

য়ন করত শঙ্খ ও পুণ্যাহশব্দসহকারে স্নানপীঠে স্থাপন করিবেন ॥

তদনন্তর স্বস্তিবাচনাদি করিয়া কর্ম্মকারককে পরিতুষ্ট করিবেন, পরে আচার্য্যকে পূর্ব্বের ন্যায় তরুণী, শুভা, সপুত্রা ও বস্ত্রসংযুক্তা হেমশৃঙ্গী গাভী দক্ষিণার সহিত প্রদান করিবেন ॥

তাহার পর গুরু বেদাদি মন্ত্র দ্বারা প্রতিমাকে স্পর্শ, পৌরুষসূক্ত ও মূলবীজ দ্বারা চালনা, মূলবীজ দ্বারা তদীয় করে কৌতুক অধিরোপণ, "চিত্রং দেবেতি" মন্ত্র দ্বারা নেত্র উন্মীলন, উত্তম স্বর্ণশলাকা দ্বারা নেত্রদ্বয় অভ্যঞ্জন, "মধুবাতেতি" মন্ত্র দ্বারা ঘৃত এবং মধু, তৎপরে বেদাদি প্রাচীন মন্ত্র দ্বারা শুদ্ধজলে স্নান করাইবেন। তদনন্তর চারিজন মূর্ত্তিপের সহিত বেদাদি নবমন্ত্র দ্বারা জগদ্গুরু বাসুদেবকে আহ্বান করিয়া নিম্নলিখিত ধ্যানানুসারে ধ্যান করিবেন ॥

বিশুদ্ধস্ফটিকাভাসং হিমকুন্দেন্দুসন্নিভং।
কিরণৈঃ শীতলৈঃ সৌম্যৈঃ প্রীণয়ন্তঞ্চরাচরং।
লাবণ্যামৃততোয়েন সিঞ্চন্তমিব সর্ব্বতঃ।
সুনাভং বারিজং পদ্মং ধারয়ন্তং গদাং শুভাং।
ভূষিতং মালয়া তদ্বদ্দীপিতং মণিকাঞ্চনৈঃ।
শ্রীপুষ্টিগরুড়াদ্যৈস্তু সমন্তাৎ পরিবারিতং॥
এবং ধ্যাত্বা ততঃ কুম্ভৈরভিষিঞ্চেৎ সমন্ততঃ।
আপোহিষ্ঠেতি মন্ত্রেণ কুম্ভেনাসেচয়েদ্‌গুরুঃ।
সমুদ্রং গচ্ছ মন্ত্রেণ দক্ষিণেনাভিষেচয়েৎ।
সোমরাজেতি মন্ত্রেণ উত্তরেণাভিষেচয়েৎ॥
ঘৃতেনাভ্যঞ্জয়েদ্দেবং তেজোঽসীতি ততো গুরুঃ।

ধ্যান যথা॥

যিনি বিশুদ্ধ স্ফটিকাভ, হিম, কুন্দ ও চন্দ্রসন্নিভ, রমণীয় শীতল কিরণসমূহ দ্বারা চরাচর জগতের তৃপ্তিকারী ও লাবণ্যামৃত জল দ্বারা জগৎ সেচন করিতেছেন এবং যাঁহার হস্তচতুষ্টয়ে শঙ্খচক্রগদাপদ্ম ধারণ। তথা যিনি মালা দ্বারা ভূষিত, মণিকাঞ্চনে উদ্দীপিত ও সর্ব্বতোভাবে মালা দ্বারা দীপিত এবং শ্রী, পুষ্টি ও গরুড়াদি দ্বারা সর্ব্বতোভাবে পরিবেষ্টিত রহিয়াছেন॥

এই প্রকার ধ্যান করিয়া সর্ব্বতোভাবে কুম্ভ সকলের দ্বারা অভিষেক করিবেন। গুরু "আপোহিষ্ঠেতি" এই মন্ত্রে কুম্ভ দ্বারা সেচন করিবেন। "সমুদ্রং গচ্ছ" এই মন্ত্রে দক্ষিণদিকে অভিষেক করিবেন। "সোমরাজ" এই মন্ত্রে উত্তরদিকে অভিষেক করিবেন॥

তদনন্তর গুরু "তেজোঽসি" এই মন্ত্রে ঘৃত দ্বারা দেবকে অভ্যঞ্জন

দ্রুপদেতি সমুদ্বর্ত্ত্য দদ্যাদামলকং শুভং।
যাঃ ফলিনীতি মন্ত্রেণ ফলৈর্নীরাজয়েৎ প্রভুং।
কাণ্ডাৎ কাণ্ডেতি মন্ত্রেণ হরিং নির্ম্মঞ্ছয়েৎ পুনঃ॥
ফলতোয়েন সিঞ্চেত্তু গায়ত্র্যা দেশিকোত্তমঃ।
তদ্বিষ্ণোরিতি মন্ত্রেণ পঞ্চগব্যেন সেচয়েৎ।
কাষায়েণ তু তোয়েন বরুণস্যেতি সেচয়েৎ।
সুমঙ্গলীতি মন্ত্রেণ বিশ্বানোষধিবারিণা তু
মূর্দ্ধানং দিব মন্ত্রেণ বাল্মীকেনাভিষেচয়েৎ।
ইমং মেতি চ মন্ত্রেণ স্নাপয়েৎ সিকতাজলৈঃ।
দেবো বরাহমন্ত্রেণ মৃত্তোয়েনাভিষেচয়েৎ।
সেচয়েৎ পদ্মমৃত্তোয়ৈঃ শন্নো দেবীতি দেশিকঃ।
ঋতং চেত্যাদিসূক্তেন তীর্থমৃৎকুম্ভবারিণা।

করিবেন। "দ্রুপদ" এই মন্ত্রে উদ্বর্ত্তন করিয়া উত্তম আমলক প্রদান করিবেন। "যাঃ ফলিনী" এই মন্ত্রে ফল দ্বারা নীরাজন করিবেন। "কাণ্ডাৎকাণ্ড" এই মন্ত্রে হরিকে পুনর্ব্বার নির্ম্মঞ্ছন করিবেন॥

আচার্য্য গায়ত্রী পাঠপূর্ব্বক ফলমিশ্রিত জল দ্বারা সেচন করিবেন। "তদ্বিষ্ণোঃ" এই মন্ত্রে পঞ্চগব্য দ্বারা সেচন করিবেন। "বরুণস্য" এই মন্ত্রে কষায় জল দ্বারা সেচন করিবেন। "সুমঙ্গলী" এই মন্ত্রে ওষধি-মিশ্রিত জল দ্বারা। "মূর্দ্ধানং দিব" এই মন্ত্রে বাল্মীকমৃত্তিকাযুক্ত জল দ্বারা সেচন করিবেন। "ইমং মেতি" মন্ত্রে বালুকা জল দ্বারা স্নান করাইবেন। "দেবো বরাহ" এই মন্ত্রে মৃত্তিকাযুক্ত জল দ্বারা অভিষেক করিবেন। "শন্নো দেবীতি" মন্ত্রে পদ্মমৃত্তিকা জল দ্বারা সেচন করিবেন। "ঋতং চেত্যাদি" এই মন্ত্রে তীর্থমৃত্তিকাযুক্ত কুম্ভজল দ্বারা।

নাগকেশরতোয়েন শ্রীশ্চতেত্যভিষেচয়েৎ।
চন্দনোদককুম্ভেন পাবমান্যভিষেচয়েৎ।
প্লবসাম্না ততঃ পঞ্চরত্নতোয়েন সেচয়েৎ।
পঞ্চনদ্যেত্যৃচা দেবং নদীনদতড়াগজৈঃ।
যাসাং রাজেতি মন্ত্রেণ একাশীতি ঘটৈর্হরিং।
স্নাপয়েদর্চ্চয়েদ্ভক্ত্যা প্রতিদ্রব্যং সমাহিতঃ।
অগ্ন আহেতি মন্ত্রেণ দেবমুষ্ণোদকেন তু।
শুদ্ধতোয়েন দেবেশং শুদ্ধবত্যাভিষেচয়েৎ ॥ ২১৩ ॥
অতোহর্চ্চয়েৎ সুরেশানং জিতন্ত ইতি দেশিকঃ।
পাদ্যন্তু মূলমন্ত্রেণ মধুপর্কন্তথৈব চ।
স্নানীয়মথবাচামং গায়ত্র্যা বিনিবেদয়েৎ।
সুরাসুরেতি যুগ্মং তু দদ্যাত্তদ্বৎ পবিত্রকং ॥ ২১৪ ॥

তাং প্রতিমাং আলভেৎ স্পৃশেৎ ॥ ২১৩ ॥
যুগ্মং পরিধানোত্তরীয়বস্ত্রদ্বয়ং। পবিত্রকং যজ্ঞোপবীতং ॥ ২১৪ ॥

"শ্রীশ্চ তে" এই মন্ত্রে নাগকেশরপুষ্পযুক্ত জল দ্বারা অভিষেক করিবেন। "পাবমানী" এই মন্ত্রে চন্দনোদককুম্ভ দ্বারা অভিষেক করিবেন। "প্লব" এই মন্ত্রে পঞ্চরত্নযুক্ত জল দ্বারা সেচন করিবেন। "পঞ্চনদ্য" এই মন্ত্রে নদী ও তড়াগজাত জল দ্বারা সেচন করিবেন। "যাসাং রাজা" এই মন্ত্রে একাশীতি ঘট দ্বারা ভক্তিপূর্ব্বক হরিকে স্নান করাইবেন। "অগ্ন আহ" এই মন্ত্রে দেবকে উষ্ণোদক। "শুদ্ধবত্যা" এই মন্ত্রে শুদ্ধজল দ্বারা স্নান করাইবেন ॥ ২১৩ ॥

তদনন্তর আচার্য্য "জিতন্ত" এই মন্ত্রে দেবেশ্বর হরিকে পূজা। মূলমন্ত্রে পাদ্য, মধুপর্ক এবং স্নান তথা গায়ত্রী পাঠপূর্ব্বক আচমনীয় জল নিবেদন করিবেন। অপর "সুরাসুর" এই মন্ত্রে পরিধান ও উত্তরীয় বস্ত্রদ্বয় এবং যজ্ঞোপবীত নিবেদন করিবেন ॥ ২১৪ ॥

বেদাহমিত্যুত্তরীয়ং রোচনাং প্রণবেন তু ।
অঞ্জনং অঞ্জনীত্যেবং গন্ধং গন্ধবতীতি চ ॥ ২১৫ ॥
পুষ্পবত্যা তথা পুষ্পং ধূপং ধূরসি চেত্যৃচা ।
তেজোসীতি তথা দীপমগ্নিমূর্দ্ধেতি প্রাপণং ॥ ২১৬ ॥
ইন্দ্রচ্ছত্রেতি বৈ ছত্রং বিকর্ণেন তু চামরং ।
আজ্যদোহেনচাদর্শং বাতো বাতেতি বীজয়েৎ ।
ত্বমিন্দ্রেতি ধ্বজং দদ্যাৎ পতাকাম্বোমিতি স্মরন্ ।
দেবব্রতেন সাম্না তু দদ্যাদাভরণাদিকং ॥
স্তূয়াৎ পুরুষসূক্তেন শাকুনে ন জনার্দ্দনং ।
দীর্ঘায়ুষ্যেতি সংপূজ্য কিরেদ্দূর্ব্বাক্ষতং বুধঃ ।
যা ওষধীতি মন্ত্রেণ পুষ্পাণি বিকিরেদ্‌গুরুঃ ।

রোচনাং গোরোচনাতিলকং ॥ ২১৫ ॥
প্রাপণং নৈবেদ্যং ॥ ২১৬ ॥
শাকুনেন সূক্তেন ॥ ২১৭ ॥

"বেদাহং" এই মন্ত্রে উত্তরীয়, প্রণব উচ্চারণপূর্ব্বক গোরোচনা-তিলক "অঞ্জনী" এই মন্ত্রে অঞ্জন। "গন্ধবতী" এই মন্ত্রে গন্ধ অর্পণ করিবেন ॥ ২১৫ ॥

"পুষ্পবত্যা" এই মন্ত্রে পুষ্প। "ধূরসি ত্বা" এই মন্ত্রে ধূপ। "তেজোঽসি" এই মন্ত্রে দীপ এবং "অগ্নিমূর্দ্ধা" এই মন্ত্রে নৈবেদ্য নিবেদন করিবেন ॥ ২১৬ ॥

"ইন্দ্রচ্ছত্র" এই মন্ত্রে ছত্র। "বিকর্ণ" এই মন্ত্রে চামর। "আজ্য-দোহ" এই মন্ত্রে আদর্শ। "বাতো বাত" এই মন্ত্রে বীজন। "ত্বমিন্দ্র" এই মন্ত্রে ধ্বজ। প্রণব উচ্চারণ পূর্ব্বক পতাকা। "দেবব্রত" এই মন্ত্রে অলঙ্কারাদি এবং পুরুষসূক্ত ও শাকুন মন্ত্রে জনার্দ্দনকে স্তব ও "দীর্ঘা-য়ুষ্য" এই মন্ত্রে পূজা করিয়া দূর্ব্বা ও অক্ষত নিবেদন করিবেন। অপর

পুনর্ব্বহদ্রথৈঃ স্তুত্বা চক্রসাম্না জনার্দ্দনং।
শিবসঙ্কল্পসূক্তেন শাকুনেন জনার্দ্দনং।
উত্তিষ্ঠেতি সমুত্থাপ্য শয্যায়াং বিনিবেশয়েৎ ॥ ২১৭ ॥
অপরাজিতমন্ত্রেণ ধ্যায়েৎ সকলনিষ্কলং।
ব্যাপিনন্তু পুনর্ধ্যাত্বা তত্ত্বানি বিনিযোজয়েৎ।
সকলীকরণং কৃত্বা পূর্ব্বোক্তবিধিনা হরেঃ।
ততঃ সহস্রশীর্ষেতি প্রত্যৃচং পূজয়েদ্বুধঃ।
গন্ধপুষ্পাদিভিঃ সম্যক্ নৈবেদ্যাদি নিবেদয়েৎ।
অতো দেবেতি সূক্তেন গৃহোপকরণানি চ ॥ ২১৮ ॥
নিদ্রাকলসবিন্যাসং কৃত্বা পূজ্যস্তু মণ্ডলে।
সর্ব্বতোভদ্রকে দেবো গন্ধপুষ্পাদিভিঃ ক্রমাৎ ॥ ২১৯ ॥

---

সকলঃ সগুণশ্চাসৌ নিষ্কলো নির্গুণশ্চ তং ॥ ২১৮ ॥

সর্ব্বতোভদ্রকে মণ্ডলে দেবঃ পূজ্যঃ ॥ ২১৯ ॥

---

"যা ওষধি" এই মন্ত্রে পুষ্প সকল নিক্ষেপ, পুনর্ব্বার সামবেদোক্ত মন্ত্র সকলে তথা "চক্রমন্ত্র" "শিবসঙ্কল্প" এবং শাকুনমন্ত্রে জনার্দ্দনকে স্তব করিয়া "উত্তিষ্ঠ" এই মন্ত্রে উত্থাপন করিয়া শয্যায় উপবেশন করাইবেন ॥ ২১৭ ॥

"অপরাজিত" মন্ত্রে সগুণ ও নির্গুণের স্তব এবং সর্ব্বব্যাপককে পুনর্ব্বার ধ্যান করিয়া তত্ত্ব সকল বিনিযোজিত করিবেন। তদনন্তর পূর্ব্বোক্ত বিধানানুসারে হরির সকলীকরণ করিয়া পরে "সহস্রশীর্ষা" এই মন্ত্রে পূজা এবং গন্ধপুষ্পাদি দ্বারা নৈবেদ্যাদি নিবেদন তথা "দেব" এই মন্ত্রে গৃহোপকরণ সমুদায় নিবেদন করিবেন ॥ ২১৮ ॥

তৎপরে নিদ্রাকলস বিন্যাস করিয়া সর্ব্বতোভদ্রমণ্ডলে গন্ধপুষ্পাদি দ্বারা ক্রমে দেবকে পূজা করিবেন ॥ ২১৯ ॥

প্রভূতৈর্যাজ্ঞিকৈর্দ্রব্যৈর্হেমপুষ্পৈঃ সমুজ্জ্বলৈঃ।
যজেত্ত্বেবং মণ্ডলে পশ্চাজ্জ্বালয়েদ্বৈষ্ণবানলং।
নয়েন্মন্ত্রৈস্তু তং পশ্চাৎ কুণ্ডেষু দ্বিজসত্তম।
জুহুয়াচ্চ শতং সাষ্টং পলাশসমিধা দ্বিজ।
তিলাংশ্চ জুহুয়াদাজ্যৈর্বৈষ্ণবং প্রপচেচ্চরুং।
তিলতণ্ডুলদুগ্ধৈস্তু ঘৃতেনার্ঘ্যায় সাধয়েৎ।
অবতার্য্যাভিধায়ৈব মন্ত্রৈরেভিস্তু হোময়েৎ।
বিষ্ণবে শিপিবিষ্টায় বিষ্ণবে নির্গুণেতি চ।
ইদং বিষ্ণুর্বিতি মন্ত্রেণ তদ্বিষ্ণোরিতি দেশিকঃ।
ইরাবতীতি মন্ত্রেণ ত্বং বিষ্ণোরিতি চৈব হি।
প্রতদ্বিষ্ণুর্বিতি মন্ত্রেণ বিষ্ণোর্লুগিতি চৈব হি॥
তথা পুরুষসূক্তেন সম্যক্ ষোড়শ আহুতীঃ।
চরুং হুত্বা পুনঃ পশ্চান্মন্ত্রৈরেভিস্তু হোময়েৎ॥

তং অনলং॥ ২২০॥

অনন্তর প্রভূত যাজ্ঞিকদ্রব্য ও উজ্জ্বল হেমপুষ্পসমূহ দ্বারা পূজা করিয়া পশ্চাৎ মণ্ডলে বৈষ্ণবাগ্নি প্রজ্বলিত করিবেন। হে দ্বিজশ্রেষ্ঠ! পরে ঐ অগ্নিকে কুণ্ড সকলের উপর লইয়া যাইবেন। তদনন্তর পলাশ-কাষ্ঠ দ্বারা একশত অষ্ট হোম এবং তিলাজ্য হোম করিয়া বৈষ্ণবচরু পাক করিবেন। পরে তিল, তণ্ডুল, দুগ্ধ ও ঘৃত দ্বারা অর্ঘ্য সাধন করিবেন। তৎপশ্চাৎ ঐ চরু নামাইয়া এবং চরুর নামোচ্চারণ পূর্ব্বক বক্ষ্যমাণ মন্ত্র সকল দ্বারা হোম করিবেন। যথা—"বিষ্ণবে শিপিবিষ্টায়" "বিষ্ণবে নির্গুণেতি" "ইদং বিষ্ণুর্বিতি" "তদ্বিষ্ণোরিতি" "ইরাবতীতি" "ত্বং বিষ্ণোঃ" "প্রতদ্বিষ্ণুর্বিতি" "বিষ্ণোর্লুগিতি" তথা পুরুষসূক্ত মন্ত্র দ্বারা ষোড়শ আহুতি ও চরুহোম করিয়া পুনর্ব্বার পশ্চাৎ এই সকল মন্ত্র দ্বারা হোম করিবেন॥

ওঁ বিষ্ণবে স্বাহা।
ওঁ পুরুষোত্তমায় স্বাহা।
ওঁ ত্রৈলোক্যমোহনায় স্বাহা।
ওঁ বৈকুণ্ঠায় স্বাহা।
ওঁ লক্ষ্মীপতয়ে স্বাহা।
ওঁ লক্ষ্মীনিবাসায় স্বাহা।
ওঁ হৃষীকেশায় স্বাহা।
ওঁ হয়শীর্ষায় স্বাহা।
ওঁ নমো নারায়ণায় স্বাহা।
ওঁ ব্রহ্মণে স্বাহা।
হুত্বা ব্যাহৃতিভিঃ পূর্ব্বং গায়ত্র্যা হোময়েদ্গুরুঃ।
এবং হুত্বা তু জুহুয়াচ্চক্রাদীনাং যথাক্রমং।
লক্ষ্ম্যাদীনাং ততো হুত্বা গ্রহাণাং হোময়েত্ততঃ।
লোকেশানাং তু নাগানাং হোময়েত্তদনন্তরং।
নারায়ণায় হুত্বা তু দদ্যাৎ পূর্ণাহুতিং বুধঃ।
ততো বিভজ্য বিপ্রাংস্তু দদ্যাৎ কনকদক্ষিণাং।

ওঁ বিষ্ণবে স্বাহা। ওঁ পুরুষোত্তমায় স্বাহা। ওঁ ত্রৈলোক্যমোহনায় স্বাহা। ওঁ বৈকুণ্ঠায় স্বাহা। ওঁ লক্ষ্মীপতয়ে স্বাহা। ওঁ লক্ষ্মীনিবাসায় স্বাহা। ওঁ হৃষীকেশায় স্বাহা। ওঁ হয়শীর্ষায় স্বাহা। ওঁ নমো নারায়ণায় স্বাহা। ওঁ ব্রহ্মণে স্বাহা। ব্যাহৃতি পূর্ব্বক এই সকল মন্ত্র দ্বারা হোম করিয়া গায়ত্রী দ্বারা হোম করিবেন। এই প্রকার হোম করিয়া যথাক্রমে চক্রাদির হোম করিবেন। তৎপরে লক্ষ্ম্যাদির হোম করিয়া গ্রহ সকলের হোম করিবেন। তৎপশ্চাৎ নাগ সকলের হোম করিয়া নারায়ণকে পূর্ণাহুতি দিয়া বিভাগপূর্ব্বক ব্রাহ্মণদিগকে স্বর্ণ দক্ষিণা প্রদান

ব্রহ্মঘোষাদিনা দেবং সমুত্থাপ্য বিচক্ষণঃ ।
ততো মণ্ডলমধ্যে তু স্থাপয়িত্বার্চ্চয়েৎ পুনঃ ॥ ২২০ ॥
প্রত্যচং নিজসূক্তেন গন্ধপুষ্পাদিভিঃ ক্রমাৎ ।
সান্নিধ্যং পূর্ব্ববৎ কৃত্বা সজীবকরণং গুরুঃ ।
প্রণবেন নিরুধ্যাথ ধ্যায়েৎ সকলনিষ্কলং ॥ ২২১ ॥
পিণ্ডিকাযোজনাদীনি মনসৈব বিচিন্তয়েৎ ।
ন্যাসং কৃত্বার্চ্চয়েৎ পশ্চাৎ পূর্ব্বেণ বিধিনা গুরুঃ ।
বলিং দদ্যাত্তু ভূতেভ্যঃ পার্ষদেভ্যশ্চ দেশিকঃ ।
প্রণিপত্য ততো দদ্যাদ্দক্ষিণাং গুরবে সুধীঃ ॥ ২২২ ॥
সুবর্ণসহিতং পাত্রং তিলৈঃ পূর্ণং সযুগ্মকং ।
ধেনুং স্বলঙ্কৃতাং দদ্যাদ্ধেমশৃঙ্গীং তু দক্ষিণাং ।

নিজসূক্তেন সহস্রশীর্ষাদিনা ॥ ২২১ ॥
মনসৈব চিন্তয়েৎ ন তু পূর্ব্ববৎ সাক্ষাদ্ব্রহ্মশিলাদিন্যাসেনেত্যর্থঃ ॥ ২২২ ॥
সযুগ্মকং বস্ত্রদ্বয়সহিতং ॥ ২২৩ ॥

করিবেন। তদনন্তর বেদমন্ত্র উচ্চারণ পূর্ব্বক দেবকে উত্থাপিত করিয়া মণ্ডল মধ্যে স্থাপন পূর্ব্বক পুনর্ব্বার অর্চ্চনা করিবেন ॥ ২২০ ॥

অনন্তর গুরু পুরুষসূক্তের প্রত্যেক মন্ত্র দ্বারা গন্ধপুষ্পাদি দিয়া পূজা ও পূর্ব্ববৎ সান্নিধ্য এবং সজীবকরণ করিয়া প্রণব দ্বারা নিরোধ করত সগুণ নির্গুণকে ধ্যান করিবেন ॥ ২২১ ॥

তৎপরে ব্রহ্মশিলা যোজনা করিয়া মনোদ্বারা চিন্তা করিবেন। পশ্চাৎ ন্যাস করিয়া পূর্ব্ব বিধানানুসারে পূজা করিবেন। অনন্তর ভূত ও পার্ষদদিগকে বলি দিবেন, তৎপরে যজমান যথাবিধি গুরুকে দক্ষিণা দিবেন ॥ ২২২ ॥

স্বর্ণ ও বস্ত্রযুগ্ম সহিত তিলপূর্ণ পাত্র এবং হেমশৃঙ্গী স্বলঙ্কৃতা ধেনু দক্ষিণা দিবেন ও ব্রহ্মাকে কনক এবং মূর্ত্তিপগণকেও তদ্রূপ দক্ষিণা

ব্রহ্মণে কনকং দদ্যান্মূর্ত্তিপেভ্যস্তথৈব চ।
অশ্বত্থপত্রে কৃত্বা তু দেশিকঃ কারুকস্তথা।
চরুং সংপ্রাশয়েদ্দন্তৈরস্পৃশন্ প্রণবেন তু ॥ ২২৩ ॥
তাং রাত্রিং বৈষ্ণবৈঃ সার্দ্ধং জাগ্রত্তিষ্ঠেদতন্দ্রিতঃ।
প্রভাতসময়ে স্নাত্বা দেবমুত্থাপ্য যত্নতঃ ॥ ২২৪ ॥
ভদ্রপীঠে সমারোপ্য স্নাপয়েদচ্ছবারিণা।
একাশীতিঘটৈর্দেবং মূলমন্ত্রেণ সেচয়েৎ।
বৈষ্ণবেন তু কুম্ভেন ঐন্দ্রাদিকলসৈস্তথা।
সেচয়েৎ ফলতোয়েন পঞ্চগব্যাদিনা তথা।
সুগন্ধেন তথাজ্যেন স্নাপ্য গন্ধাদিনার্চ্চয়েৎ।
পৌরুষেণ তু সূক্তেন প্রত্যৃচং চন্দনাদিভিঃ ॥ ২২৫ ॥

যত্নতঃ ব্রহ্মঘোষাদিনা ॥ ২২৪ ॥
অচ্ছেন নির্ম্মলেন ॥ ২২৫ ॥

দিবেন, তৎপরে চরুকে অশ্বত্থপত্রে স্থাপন করিয়া যাহাতে দন্তস্পৃষ্ট না হয় এরূপ ভাবে আচার্য্য ও কারুকে ( শিল্পিকে ) প্রণব উচ্চারণ পূর্ব্বক ভোজন করাইবেন ॥ ২২৩ ॥

ঐ রাত্রি বৈষ্ণবগণের সহিত অতন্দ্রিত ( অলসশূন্য ) হইয়া রাত্রি-জাগরণ করত প্রভাতসময়ে বেদমন্ত্র উচ্চারণপূর্ব্বক দেবকে উত্থাপিত করিবেন ॥ ২২৪ ॥

অনন্তর দেবকে ভদ্রপীঠে স্থাপন করিয়া নির্ম্মল জল দ্বারা স্নান করাইয়া মূলমন্ত্র উচ্চারণ করত একাশীতি ঘট দ্বারা দেবকে সেচন করিবেন। তৎপরে বৈষ্ণবকুম্ভ, ঐন্দ্রাদি কলসের জল, ফলতোয়, পঞ্চগব্য এবং সুগন্ধি ঘৃত দ্বারা স্নান করাইয়া অর্চ্চনা করিবেন, তথা পৌরুষ-সূক্তের প্রতিমন্ত্রে চন্দনাদি দ্বারা অর্চ্চনা করিবেন ॥ ২২৫ ॥

সিতযুগ্মেন সংবেষ্ট্য ধূপয়িত্বা গৃহং নয়েৎ।
ব্রহ্মঘোষাদিনা সম্যগ্বিনিবেশ্যার্চ্চয়েৎ সুধীঃ।
দক্ষিণাং দেশিকে দদ্যাৎ কনকং ছত্রমেব চ।
ব্রাহ্মণান্ ভোজয়িত্বাথ স্বয়ং ভুঞ্জীত বাগ্‌যতঃ।
সভৃত্যবন্ধুবর্গং তু দীনানাথাংস্ত ভোজয়েৎ ॥ ২২৬ ॥
অথ চলশ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠামাহাত্ম্যং ॥
তত্রৈব ॥
যস্য গেহে সদা তিষ্ঠেৎ মূর্ত্তির্দেবস্য চক্রিণঃ।
ন তত্র মারি দৌর্ভাগ্যং ন বালক্ষ্মীর্ন দুষ্কৃতং ॥
অনেনৈব বিধানেন সংস্কৃত্য প্রতিমাং হরেঃ।
বিষ্ণুলোকমবাপ্নোতি পুনরাবৃত্তিদুর্লভমিতি ॥ ২২৭ ॥

---

সিতযুগ্মেন শুক্লবস্ত্রদ্বয়েন ॥ ২২৬ ॥

যদ্যপি মূর্ত্তিরিতি প্রতিমামিতি চ সামান্যতো নির্দেশঃ তথাপি চলমূর্ত্তিপ্রতিষ্ঠায়া উক্তত্বাদত্রৈব লিখিতং ॥ ২২৭ ॥

---

তদনন্তর শুক্লবস্ত্র দ্বারা সংবেষ্টন ও ধূপ দ্বারা ধূপিত করিয়া গৃহে লইয়া যাইবেন। পশ্চাৎ সুধী ব্যক্তি বেদমন্ত্র উচ্চারণ পূর্ব্বক সম্যক্‌রূপে স্থাপন করিয়া গুরুকে কনক ও ছত্র দক্ষিণা দিবেন। তৎপরে ব্রাহ্মণদিগকে ভোজন করাইয়া স্বয়ং বাগ্‌যত হওত ভোজন করিবেন এবং তৎপরে ভৃত্য ও বন্ধুবর্গের সহিত অনাথ দীনজনকে ভোজন করাইবেন ॥ ২২৬ ॥

অথ চলশ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠামাহাত্ম্য ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

যাঁহার গৃহে সর্ব্বদা চক্রপাণিদেবের শ্রীমূর্ত্তি অবস্থিতি করেন, সেই গৃহে মারিভয়, দৌর্ভাগ্য, অলক্ষ্মী কিম্বা দুষ্কৃত অবস্থিত হয় না ॥

এই বিধানানুসারে শ্রীহরির প্রতিমা সংস্কার করিয়া যাহা হইতে পুনরাবৃত্তি না হয়, সেই বিষ্ণুলোক প্রাপ্তি হইয়া থাকে ॥ ২২৭ ॥

অধুনাচলমূর্ত্তের্হি প্রতিষ্ঠায়াঃ পরো বিধিঃ।
লিখ্যতে পদ্ধতিশ্রেণীদৃষ্টিতঃ সম্মতঃ সতাং ॥ ২২৮ ॥
অথ বৌধায়নাদ্যুক্তচলমূর্ত্তি-
প্রতিষ্ঠাবিধিঃ ॥
স্থিরমূর্ত্তিপ্রতিষ্ঠানুসারেণাত্রাপি বৈষ্ণবৈঃ।
প্রতিষ্ঠাবিধিরুন্নেয়ো বিশেষোঽন্যশ্চ লিখ্যতে ॥ ২২৯ ॥
অথ তত্র মণ্ডপাদিনির্ম্মাণবিধিঃ ॥
প্রাসাদতো দিশি প্রাচ্যামুদীচ্যাং বাথ মণ্ডপং।

এবং হয়শীর্ষোক্তঞ্চলশ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাবিধিং লিখিত্বা ইদানীং ততঃ সংক্ষিপ্তং বৌধায়নাদিশিষ্ট-বর্গসম্মতং সৎসাংপ্রদায়িকবহুলপদ্ধত্যনুসারেণ পরমপি লিখতি অধুনেতি। এবার্থে হিশব্দঃ। চলমূর্ত্তেরেবান্যোঽপি প্রতিষ্ঠাবিধিঃ শ্রীকৃষ্ণদেবাচার্য্যসম্মতঃ। তথাচ শ্রীকৃষ্ণদেবাচার্য্যপদ্ধতৌ। বৌধায়নাদিসন্মূলাস্ত্রৈবিক্রম্যাদিপদ্ধতীঃ। বীক্ষ্য বক্ষ্যামি বিষ্ণ্বাদিচলার্চ্চাস্থাপনে বিধি-মিতি ॥ ২২৮ ॥

তত্র চ মণ্ডপনির্ম্মাণাদিপ্রকারবিশেষঃ স্নপনাদৌ মন্ত্রাদিকঞ্চ প্রায়ঃ পূর্ব্বলিখিতস্থিরমূর্ত্তি-প্রতিষ্ঠাবিধিবদ্বিজ্ঞেয়মিতি লিখতি স্থিরেতি ॥ ২২৯ ॥

প্রাসাদোঽত্র ভগবদাবাসালয়স্তস্মাৎ। অঙ্গারেণ আদিশব্দাৎ তুষাস্থ্যাদিনা চ রহিতে

এক্ষণে সৎ সকলের সম্মত পদ্ধতিশ্রেণী দৃষ্টিপূর্ব্বক চলমূর্ত্তি প্রতিষ্ঠার উৎকৃষ্ট বিধি লিখিত হইতেছে ॥ ২২৮ ॥

অথ বৌধায়ন প্রভৃতির কথিত চলমূর্ত্তি প্রতিষ্ঠার বিধি ॥

বৈষ্ণবগণ স্থিরমূর্ত্তির প্রতিষ্ঠানুসারে এস্থলেও প্রতিষ্ঠাবিধি উন্নয়ন করিবেন, যাহা কিছু বিশেষ আছে, তাহা এস্থলে লিখিত হইতেছে॥২২৯

অথ সেই স্থলে মণ্ডপাদি নির্ম্মাণবিধি ॥

প্রাসাদের পূর্ব্বদিক্ অথবা উত্তরদিকে কিম্বা ঐশান্যকোণের অদূরে

ঐশান্যাং বা চরেৎ স্থানেঽদূরেঽঙ্গারাদিবর্জ্জিতে ॥ ২৩০ ॥
দশহস্তং চতুর্দ্বারং চতুরস্রং সমং শুভং ।
চতুস্তোরণসংযুক্তং সপতাকঞ্চ পূর্ব্ববৎ ॥ ২৩১ ॥
তস্মিংশ্চ বিধিবৎ কুর্য্যাৎ সযোন্যাস্যত্রিমেখলং ।
আগ্নেয্যাং কুণ্ডমাশায়াং চতুরস্রং করোন্মিতং ॥ ২৩২ ॥
প্রাচ্যাং বেদীং করোচ্ছ্রায়বিস্তারাং চতুরস্রিকাং ।
ঐশান্যাং স্থানমেকঞ্চ দেবস্য স্নপনোচিতং ॥ ২৩৩ ॥

অদূরেঽনাতিদূরেঽনতিনিকটে চেত্যর্থঃ। মণ্ডপমাচরেৎ রচয়েৎ ॥ ২৩০ ॥

পূর্ব্ববদিতি স্থিরমূর্ত্তিপ্রতিষ্ঠায়াং তোরণপতাকাস্থাপনাদিবিধির্যথা পূর্ব্বং লিখিতোঽস্তি তথৈবেত্যর্থঃ। যদ্যপি মণ্ডপপরিমাণাদিকমপি পূর্ব্বলিখনাদ্বিজ্ঞাতং স্যাদেব তথাপি তদ্দেব স্মারয়তাত্র লিখিতমশক্তাবন্যপক্ষং চাঙ্গীকুর্ব্বতা কিঞ্চিদ্বিশেষং দর্শয়তা তল্লিখিতং। এবমগ্রেঽপ্যূহ্যং ॥ ২৩১ ॥

তস্মিন্মণ্ডপে যোনিঃ আস্যঞ্চ বক্তুং তিস্রো মেখলাশ্চ তৈঃ সহিতমাগ্নেয্যামাশায়াং দিশি বিধিযুক্তং যথা স্যাত্তথা কুর্য্যাৎ। তদ্বিধিশ্চ পূর্ব্বং দীক্ষাবিধৌ বিস্তার্য্য লিখিতোঽস্তি। করোন্মিতং একহস্তপরিমিতং ॥ ২৩২ ॥

করঃ একহস্তপ্রমাণঃ উচ্ছ্রায়ো বিস্তারশ্চ যস্যাস্তাং। স্নপনোচিতমিতি দেবস্নপনস্য তদুপকরণস্থাপনস্য চোপযুক্তমিত্যর্থঃ ॥ ২৩৩ ॥

মণ্ডপ নির্ম্মাণ করিবে, সে স্থলে যেন অঙ্গারাদি না থাকে ॥ ২৩০ ॥

মণ্ডপ পূর্ব্বের ন্যায় দশহস্ত চতুর্দ্বার সমচতুরস্র, চতুস্তোরণ ও পতাকাযুক্ত নির্ম্মাণ করিতে হইবে ॥ ২৩১ ॥

এই মণ্ডপে যোনি, মুখ ও তিন মেখলার সহিত অগ্নিকোণে যথাবিধি চতুরস্র একহস্তপরিমিত কুণ্ড নির্ম্মাণ করিবে ॥

পূর্ব্বদিকে একহস্ত উচ্চ ও একহস্ত বিস্তার চতুরস্র বেদী এবং ঈশান-কোণে দেবের স্নপনোচিত স্থান প্রস্তুত করিবে ॥ ২৩৩ ॥

অথ তত্র মণ্ডলবিধিঃ ॥

মণ্ডপস্য চ নৈঋত্যাং বিধিবদ্বাস্তুমণ্ডলং।
মধ্যে চ দেবতার্চ্চার্থং সর্ব্বতোভদ্রমালিখেৎ।
সকর্ণিকঞ্চ তন্মধ্যে পদ্মং বিরচয়েত্তথা।

বাস্তুমণ্ডলং চৈবং। পূর্ব্বোত্তরগাভির্নবনবভী রেখাভিশ্চতুঃষষ্টিপদং মণ্ডলং বিধায় তত্র বহিশ্চতুষ্কোণেষু কোণাত্তির্য্যগ্‌রেখাং দত্বাষ্টাবদ্ধপদানি চতুর্দ্দিক্ষু চতুর্বিংশতিপদানি মধ্যে রেখা-দ্বয়মার্জনেন চতুষ্পদমেকং। তথা তৎপ্রাচ্যাদিচতুর্দ্দিক্ষু চত্বারি চতুষ্পদানি তচ্চতুষ্কোণেষু মধ্যবর্ত্তিরেখামার্জনেনাষ্টৌ দ্বিপদানি কুর্য্যাৎ। এবং পঞ্চচত্বারিংশদ্দেবতাস্থানানি ভবন্তি। দেবতাশ্চৈতাঃ। মধ্যমচতুষ্পদে ব্রহ্মা। তৎপ্রাগাদিচতুঃপদেষু ক্রমেণ আপসাবিত্রজয়রুদ্রাঃ। কোণস্থেষ্বষ্টসু দ্বিপদে ঈশানকোণাদিক্রমেণ অর্য্যমসবিতৃবিবস্বদ্বিবুধাধিপমিত্ররাজযক্ষ্মপৃথ্বীধরাপ-বৎসকাঃ। তথাচ মাৎস্যে। দ্বাত্রিংশদ্বাহ্যতঃ পূজ্যাঃ পূজ্যাশ্চান্তস্ত্রয়োদশ। তথা। ঈশান-কোণাদিষু সুরান্ পূজয়েচ্চ বিধানতঃ। তথা। ঈশানাদিচতুষ্কোণসংস্থিতান্ পূজয়েদ্বুধঃ। আপশ্চৈবাথ সাবিত্রো জয়ো রুদ্রস্তথৈব চ। মধ্যে চতুষ্পদে ব্রহ্মা তস্যাষ্টৌ চ সমীপগাঃ। অর্য্যমা সবিতা চৈব বিবস্বান্ বিবুধাধিপঃ। মিত্রোঽথ রাজযক্ষ্মা চ তথা পৃথ্বীধরঃ ক্রমাৎ। অষ্টমশ্চাপবৎসস্ত পরিতো ব্রহ্মণঃ স্মৃতা ইতি। বাহ্যদ্বাত্রিংশৎপদেষু চ ঈশানাদিক্রমেণৈব দ্বিতীয়ার্দ্ধপদতঃ শিখ্যাদয়ো দ্বাত্রিংশদ্দেবতাঃ। তথাচ তত্রৈব শিখী চৈবাথ পর্জ্জন্যো জয়ন্তঃ কুলিশায়ুধঃ। সূর্য্যঃ সত্যো ভৃশশ্চৈব আকাশো বায়ুরেব চ। পুষা চ বিতথশ্চৈব গৃহক্ষত-যমাবুভৌ। গন্ধর্ব্বো ভৃঙ্গরাজশ্চ মৃগঃ পিতৃগণস্তথা। দৌবারিকোঽথ সুগ্রীবঃ পুষ্পদন্তো জলাধিপঃ। অসুরঃ শোষপাপৌ চ রোগোঽহির্মুখ্য এব চ। ভল্লাটঃ সোমসর্পৌ চ অদিতিশ্চ দিতিস্তথেতি। এবং সর্ব্বাঃ পঞ্চচত্বারিংশদ্দেবতা বাস্তুমণ্ডলে। তদ্বহিরীশানাদিক্রমেণ চ বকীস্কন্ধাবিদারী অর্য্যমা পূতনা জম্ভকা পাপরাক্ষসী লিপিচ্ছাচেত্যষ্টৌ দেবা ইতি। এবময়ং চতুঃষষ্টিপদমণ্ডলদেবতাস্থানবিভাগো হয়শীর্ষপঞ্চরাত্রস্যানুসারী। ন তু মাৎস্যপুরাণস্য। এতচ্চ সর্ব্বমগ্রে প্রাসাদনির্ম্মাণেঽবশ্যলেখ্যত্বাদত্র বিস্তার্য্য ন লিখিতং। তত্রৈব বিশেষতো ব্যক্তং

অথ সেই স্থানে মণ্ডলবিধি ॥

মণ্ডপের নৈঋতকোণে যথাবিধি বাস্তুমণ্ডল, মধ্যভাগে দেবতার পূজার নিমিত্ত সর্ব্বতোভদ্রমণ্ডল লিখিবে, তাহার মধ্যভাগে সকর্ণিক

স্বস্তিকং চোত্তরে কৃত্বা তত্র শয্যাং নিবেশয়েৎ ॥ ২৩৪ ॥
অথ ব্রাহ্মণবরণাদিবিধিঃ ॥
যজমানশ্চ পূর্ব্বেদ্যুঃ প্রতিষ্ঠায়াঃ সমাচরেৎ ।
পুণ্যাহবাচনং বিপ্রৈর্ম্মণ্ডপস্থাপনং তথা ॥ ২৩৫ ॥

---

ভাবি। এতচ্চ বাস্তুমণ্ডলং। বিবিধরঙ্গশালিপিষ্টপূরিতং কার্য্যং। মণ্ডপমধ্যে চ মণ্ডলদেবতাপূজার্থং সর্ব্বতোভদ্রাখ্যং মণ্ডলং কুর্য্যাৎ। তচ্চ সুপ্রসিদ্ধমেব। তস্য সর্ব্বতোভদ্রস্য মধ্যে চ কর্ণিকাসহিতং পদ্মং তথেতি বিধিবদ্বিরচয়েৎ। তন্মণ্ডলদেবতাশ্চৈতাঃ। মধ্যে ব্রহ্মা মণ্ডলপ্রান্তে পূর্ব্বাদ্যষ্টদিক্ষু ক্রমেণ ইন্দ্রাদয়োঽষ্টলোকপালাঃ। ঈশেন্দ্রাদ্যন্তরালাষ্টকে চ বসবো রুদ্রা আদিত্যা অশ্বিনৌ পিতরো নাগাঃ স্কন্দো বৃষশ্চেত্যষ্টৌ। ঈশানাদিপদ্মদলেষ্বষ্টসু ক্রমেণ দক্ষো বিষ্ণুর্দুর্গা স্বধাকারো মৃত্যুরোগঃ সসমুদ্রাঃ সরিতো মরুতো গণপতিশ্চেত্যষ্টৌ। পদ্মকর্ণিকায়াশ্চাধঃ পৃথিবী। উপরি মেরুঃ। তদুপরি স্থাপ্যা দেবতাঃ। মণ্ডলস্য বাহ্যতঃ প্রাগাদি দিক্‌পালানামায়ুধানি বাহনানি চ। তদ্বাহ্যে চ গৌতম ভরদ্বাজ বিশ্বামিত্র কশ্যপ জমদগ্নি বসিষ্ঠাদয়ঃ সপ্তর্ষয়ঃ। ততো বহির্নবগ্রহাঃ। ততশ্চ বহ্নি ঐন্দ্রী কৌমারী ব্রাহ্মী বারাহী চামুণ্ডা বৈষ্ণবী মাহেশ্বরী বৈনায়কী চেত্যষ্টৌ শক্তয় ইতি। উত্তরে তৎসর্ব্বতোভদ্রমণ্ডলাদুত্তরতঃ স্বস্তিকং মণ্ডলং চ কৃত্বা তদুপরি শয্যাং স্থাপয়েৎ ॥ ২৩৪ ॥

এবং মণ্ডপরচনাদিকং লিখিত্বা পুণ্যাহবাচনাদিপূর্ব্বকমাচার্য্যাদিবরণং যজমানস্য কৃতবিশেষং লিখতি যজমানশ্চেতি পঞ্চভিঃ। প্রতিষ্ঠাসমযাৎ পূর্ব্বেদ্যুঃ পূর্ব্বদিবসে বিপ্রৈঃ কৃত্বা পুণ্যাহবাচনং মণ্ডপপ্রতিষ্ঠাং চ সম্যগাচরেৎ ॥ ২৩৫ ॥

---

পদ্ম রচনা করিবেন এবং উত্তরদিকে স্বস্তিক রচনা করিয়া তাহাতে শয্যা স্থাপন করিবেন ॥ ২৩৪ ॥

অথ ব্রাহ্মণবরণাদিবিধি ॥

যজমান, প্রতিষ্ঠার পূর্ব্বদিবসে ব্রাহ্মণ দ্বারা পুণ্যাহ বাচন ও মণ্ডপ স্থাপন করিবেন ॥ ২৩৫ ॥

মণ্ডপস্থ চ বায়ব্যাং মাতৄর্গন্ধাদিনার্চ্চয়েৎ।
প্রণবাদিনমোঽন্তৈশ্চ নামভির্বিধিবদ্বুধঃ॥ ২৩৬॥
নান্দীশ্রাদ্ধং ততঃ কৃত্বা সদ্বিপ্রং বৃণুয়াদ্গুরুং।
মধুপর্কাদিনাভ্যর্চ্চ্য দত্ত্বা বস্ত্রাদিশক্তিতঃ॥ ২৩৭॥
তদর্দ্ধদানাদ্ব্রহ্মাণং পুরাণস্তুতিপাঠকং।
সূক্তজাপকমপ্যেবং ত্রীন্ বিপ্রান্ বৃণুয়াৎ পরান্॥ ২৩৮॥
তোরণানি ততোঽভ্যর্চ্চ্য দ্বারাণ্যুত্তরতস্তথা।

গন্ধেন আদিশব্দাৎ অক্ষতপুষ্পাদিভিশ্চ মাতৄঃ পূজয়েৎ। মাতৃপূজনে মন্ত্রান্ লিখতি প্রণবাদীতি। মাতরশ্চ ষোড়শ পূর্ব্বমচলমূর্ত্তিপ্রতিষ্ঠারম্ভে লিখিতা এব। প্রয়োগঃ। ওঁ গৌর্য্যৈ নম ইত্যাদি বিধিবদিতি সর্ব্বত্রৈবাগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং॥ ২৩৬॥

সদ্বিপ্রং পূর্ব্বলিখিতলক্ষণং ব্রাহ্মণং। মধুপর্কেণ আদিশব্দাৎ আসনপাদ্যার্ঘ্যাদিনা চ সংপূজ্য শক্তিতঃ যথাবিভবং বস্ত্রাদিকং দত্ত্বা। আদিশব্দেন ভূষণাদি। গুরুবরণবিধিশ্চ পূর্ব্বমেব লিখিতোঽস্তি। অমুকগোত্রঃ অমুকশর্ম্মাহং অমুকগোত্রমমুকশর্ম্মাণং ত্বাং প্রতিষ্ঠাচার্য্যত্বেন বৃণে। স চ বৃতোঽস্মীতি প্রব্রূয়াদিত্যাদিরূপঃ॥ ২৩৭॥

তথা মধুপর্কাদিপূজাপুরঃসরং গুরুসংপ্রদানকবস্ত্রাদ্যর্দ্ধদানেন ব্রহ্মাণং বৃণুয়াৎ। পুরাণস্তুতিপাঠকসূক্তজাপকৌ চ মধুপর্কাদিনা তথৈবাভ্যর্চ্চ্য তদর্দ্ধদানেন যথাবিভবং বা বস্ত্রাদিদানেন বৃণুয়াদিত্যাদিরূপশ্চ॥ ২৩৮॥

তদনন্তরং চ উত্তরতঃ উত্তরমারভ্য তোরণায় নম ইতি ক্রমেণ তোরণানি তথা দ্বারাণি

পণ্ডিত ব্যক্তি মণ্ডপের বায়ুকোণে প্রণব ও নমোঽন্ত প্রয়োগ করিয়া নামোল্লেখ পূর্ব্বক মাতৃগণকে গন্ধাদি দ্বারা পূজা করিবেন॥ ২৩৬॥

তদনন্তর নান্দীশ্রাদ্ধ করিয়া যথাশক্তি মধুপর্ক ও বস্ত্রাদি দ্বারা সদ্ব্রাহ্মণকে গুরুত্বে বরণ করিবেন॥ ২৩৭॥

আচার্য্যকে যেরূপ বরণ করিবেন, তদর্দ্ধ দ্বারা ব্রহ্মাকে এবং তদর্দ্ধ দ্বারা পুরাণস্তুতিপাঠক ও সূক্তজাপক এই তিন ব্রাহ্মণকে বরণ করিবেন॥ ২৩৮॥

তদনন্তর তোরণ ও উত্তরদিকে দ্বার সকলকে অভ্যর্চ্চনা করিয়া

পূর্ব্ববৎ বৃণুয়াদ্দ্বিপ্রাংশ্চতুরো দ্বারজাপকান্ ॥ ২৩৯ ॥

অথ বাস্তুদেবপূজাদিবিধিঃ ॥

আচার্য্যো মণ্ডপেঽভ্যেত্য প্রাণায়ামান্ বিধায় চ।
আপোহিষ্ঠেতি দর্ভোদৈর্যাগস্যাভ্যুক্ষয়েদ্ভুবং ॥ ২৪০ ॥
বিকীর্য্য সর্ষপান্ শুক্লান্ রক্ষাং কৃত্বা চ মন্ত্রতঃ।
বিধিবৎ পূজয়েদ্বাস্তুদেবতা বাস্তুমণ্ডলে ॥

মন্ত্রশ্চায়ং ॥

দেবা আয়ান্তু যাতুধানাস্তু অপযান্তু
বিষ্ণো দেবযজনং রক্ষস্বেতি ॥ ২৪১ ॥
ঈশানাদিক্রমেণাথ কুশপুষ্পঘৃতাক্ষতৈঃ।

---

চত্বারি শ্রিয়ৈ নম ইত্যভ্যর্চ্চ্য। পূর্ব্ববৎ যথাশক্তিমধুপর্কবাসোলঙ্কারাদিদানেনেত্যর্থঃ ॥ ২৩৯ ॥

প্রতিষ্ঠামণ্ডপে অভ্যেত্য আগত্য যাগস্য ভুবং দেবপূজাস্থলং ॥ ২৪০ ॥

বিধিবদিতি প্রণবাদিনমোঽন্তনামমন্ত্রৈঃ ষোড়শোপচারৈঃ প্রত্যেকং পূজয়েদিত্যর্থঃ। মন্ত্রত ইতি লিখিতং। তমেব মন্ত্রং লিখতি দেবা ইত্যাদি ॥ ২৪১ ॥

শিখী বাস্তুমণ্ডপস্যেশানকোণার্দ্ধপদবর্ত্তী। তদাদিসর্ব্বদেবতাভ্যোঽগ্রে লেখ্য তত্তদ্বিহিত-

---

পূর্ব্বের ন্যায় চারিজন দ্বারজাপককে বরণ করিবেন ॥ ২৩৯ ॥

অথ বাস্তুদেবপূজাবিধি ॥

আচার্য্য মণ্ডপে আগমন পূর্ব্বক প্রাণায়াম বিধান করিয়া “আপোহিষ্ঠা” এই মন্ত্রে কুশোদক দ্বারা দেবপূজার স্থল সেচন করিবেন ॥ ২৪০ ॥

তদনন্তর শ্বেতসর্ষপ সকল নিক্ষেপ করিয়া মন্ত্রপাঠপূর্ব্বক রক্ষাবিধান করত বাস্তুমণ্ডলে বাস্তুদেবতাকে যথাবিধি পূজা করিবেন ॥

মন্ত্র যথা ॥

“দেবা আয়ান্তু যাতুধানাস্তু অপযান্তু
বিষ্ণো দেবযজনং রক্ষস্বেতি ॥ ২৪১ ॥”

অনন্তর ঈশানকোণাদিক্রমে কুশ, পুষ্প, ঘৃত, অক্ষত দ্বারা শিখি

শিখ্যাদি দেবতাভ্যশ্চ বিশেষবলিমর্পয়েৎ ॥ ২৪২ ॥
আগত্য কুণ্ডপার্শ্বে তু হোমং কূর্য্যাদ্যথাবিধি।
তত্রাবশ্যং প্রতিদ্রব্যং হোমান্তে প্রতিমাং স্পৃশেৎ ॥ ২৪৩ ॥
অথ স্নপনবিধিঃ ॥
আচার্য্যায় বরং দত্ত্বা নিজশক্ত্যনুসারতঃ।
বিপ্রান্ গন্ধাদিনাভ্যর্চ্চ্য পুণ্যাহং বাচয়েৎ পুনঃ ॥ ২৪৪ ॥

দ্রব্যাসম্ভবে পুষ্পাদিভির্বিশেষবলিং দদ্যাৎ ॥ ২৪২ ॥

যথাবিধীতি অগ্নিং প্রতিষ্ঠাপ্যন্বাধায় গোক্ষীরে নীরসে চরুং স্থাপ্য দেবতাকং শ্রপয়িত্বাজ্যভাগান্তে পলাশোড়ুম্বরাশ্বথন্যগ্রোধাপামার্গসমিদ্ভিঃ প্রত্যেকমষ্টোত্তরশতাষ্টোত্তরসহস্রমষ্টাবিংশতির্বা লোকপালানুদ্দিশ্য তত্তন্মন্ত্রৈর্ব্যাহৃতিভির্বা জুহুয়াৎ। তাবৎ সংখ্যকমাজ্যহোমং স্থাপ্য দেবতালিঙ্গকেন মন্ত্রেণ কৃত্বা সমিত্তিলাজ্যানাং প্রতিদ্রব্যং তেনৈব মন্ত্রেণ দশদশাহুতীর্দত্ত্বা অগ্নির্যজুর্ভিরিত্যনুবাকং জপ্ত্বা স্থাপ্য দেবতামন্ত্রেণৈব চরোর্দশপ্রধানাহুতীর্দত্ত্বা চরুশেষেণ যদস্য কর্ম্মণ ইতি স্বিষ্টকৃতে জুহুয়াৎ যথাশক্তি স্থাপ্য দেবতামন্ত্রমাবর্ত্ত্য ব্রহ্মবিসর্জনান্তং কুর্য্যাৎ ইতি বিধিজ্ঞেয়ঃ ॥ ২৪৩ ॥

যজমানকৃতং লিখতি। বরং আচার্য্যাপেক্ষিতং বস্ত্রালঙ্কারাদিনিজশক্ত্যনুসারেণ দত্ত্বা ॥২৪৪॥

প্রভৃতি দেবতাদিগকে বিশেষ বলি সমর্পণ করিবেন ॥ ২৪২ ॥

কুণ্ডপার্শ্বে আগমন করিয়া যথাবিধি হোম করিবেন, তথায় অবশ্য প্রতিদ্রব্যের হোমান্তে প্রতিমাকে স্পর্শ করিবেন ॥ ২৪৩ ॥

অথ স্নপনবিধি ॥

নিজ শক্ত্যনুসারে আচার্য্যকে বস্ত্রালঙ্কারাদি প্রদান পূর্ব্বক ব্রাহ্মণদিগকে গন্ধাদি দ্বারা অভ্যর্চ্চনা করিয়া পুনরায় স্বস্তিবাচন করাইবেন ॥ ২৪৪ ॥

ততশ্চ যজমানানুমোদিতোঽর্চ্চাবিশোধয়ন্ ।
আচার্য্যঃ প্রণিপত্যাদৌ দেবং সংপ্রার্থয়েদিদং ॥
তদুক্তং ॥
স্বাগতং দেবদেবেশ বিশ্বরূপ নমোঽস্তু তে ।
শুদ্ধেঽপি ত্বদধিষ্ঠানে শুদ্ধিং কুর্ম্মঃ ক্ষমস্বতামিতি ॥
ততশ্চ নবপীঠোপবেশিতাং প্রতিমাং গুরুঃ ।
মৃদ্ভির্দ্বাদশকৃত্বস্তাং সংশোধ্য ক্ষালয়েৎ জলৈঃ ।
পঞ্চগব্যৈস্তথা পঞ্চামৃতৈস্তন্মন্ত্রতো বুধঃ ।
সংস্থাপ্য হবিষাভ্যজ্য চূর্ণৈরুদ্বর্ত্তয়েচ্ছুভৈঃ ॥
অথ তন্মন্ত্রাঃ ॥
পঞ্চগব্যস্নপনে পয়ঃ পৃথিব্যামিতি ।
ক্ষীরাদি চতুঃস্নপনে পূর্ব্ববদেব

সম্যক্ স্রবতি জলানি বহুলছিদ্রতয়েতি সংস্রবঃ তাদৃশকুম্ভস্য জলেন শন্নো দেবীরিতি

তদনন্তর যজমান কর্ত্তৃক অনুমোদিত হইয়া প্রতিমাকে বিশোধন করত আচার্য্য প্রণাম পূর্ব্বক এই বলিয়া দেবকে প্রার্থনা করিবেন ॥

প্রার্থনা যথা ॥

"স্বাগতং দেবদেবেশ বিশ্বরূপ নমোঽস্তু তে ।
শুদ্ধেঽপি ত্বদধিষ্ঠানে শুদ্ধিং কুর্ম্মঃ ক্ষমস্বতামিতি ॥

তদনন্তর গুরু নবপীঠোপরি উপবেশিত প্রতিমাকে মৃত্তিকা দ্বারা দ্বাদশবার সংশোধন করিয়া জল দ্বারা ক্ষালন করিবেন । তৎপরে মন্ত্রপাঠ পূর্ব্বক পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা স্নান করাইয়া ঘৃতম্রক্ষিত করত পবিত্র চূর্ণ দ্বারা উদ্বর্ত্তন করিবেন ॥

তদ্বিষয়ক মন্ত্র সকল যথা ॥

পঞ্চগব্য দ্বারা স্নানবিষয়ে "পয়ঃ পৃথিব্যাং" এই মন্ত্র । ক্ষীরাদি

শর্করাস্নপনে চ অয়ং গৌরিতি ॥
কোষ্ণোদকেন প্রক্ষাল্য সুগন্ধেনানুলিপ্য চ।
ততঃ সংস্রবকুম্ভাদ্ভিঃ সংস্নাপ্য প্রণমেচ্চ তাং ॥ ২৪৫ ॥
অভিষিঞ্চেদর্চ্চিতৈস্তু চতুঃকুম্ভৈঃ সপল্লবৈঃ।
সমুদ্রজ্যেষ্ঠা ইত্যাদি চতুর্মন্ত্রৈঃ পরৈরপি ॥ ২৪৬ ॥
পদ্মান্তঃ স্বস্তিকঃ প্রান্তে পীঠে চোড়ুম্বরে শুভে।
অন্যক্ষীরদ্রুমীয়ে বা শ্রীমূর্ত্তিমুপকেশয়েৎ ॥ ২৪৭ ॥
অথাষ্টৌ স্থাপয়েৎ কুম্ভান্ অষ্টদিক্ষ্বম্বুপূরিতান্।

---

মন্ত্রেণ সংস্নাপ্য তাং প্রতিমাং প্রণমেৎ ॥ ২৪৫ ॥

অর্চ্চিতৈঃ গন্ধাক্ষতাদিভিঃ পূজিতৈঃ পরৈঃ আকলসেষু ধাবতীত্যাদিভিরন্যৈশ্চ কলসলিঙ্গেতি মন্ত্রৈস্তামভিষিঞ্চেৎ ॥ ২৪৬ ॥

শুভে ত্রিহস্তদৈর্ঘ্যং তদর্দ্ধবিস্তারেণ যথাসম্ভবং পরিমাণাদিনা বা সুন্দরে ॥ ২৪৭ ॥

অষ্টদিক্ষু শ্রীমূর্ত্তেঃ প্রাচ্যাদিষু। তেষু কুম্ভেষু মধ্যে য আদ্যঃ প্রাচীস্থাপিতকুম্ভস্তস্মিন্

---

চারি দ্রব্য দ্বারা স্নানবিষয়ে পূর্ব্ববৎ মন্ত্র। শর্করা দ্বারা স্নানে "অয়ং গৌ" এই মন্ত্র ॥

অনন্তর ঈষদুষ্ণ জল দ্বারা প্রক্ষালন করিয়া ও সুগন্ধ দ্বারা অনুলেপন করিয়া পশ্চাৎ সংস্রবকুম্ভের (ঝাঁঝরের) জল দ্বারা স্নান করাইয়া প্রতিমাকে প্রণাম করিবেন ॥ ২৪৫ ॥

তৎপরে গন্ধাক্ষতাদি দ্বারা পূজিত সপল্লব-চারিকুম্ভ জল দ্বারা "সমুদ্রজ্যেষ্ঠা" এই চারি মন্ত্র এবং "আকলসেষু ধাবতীতি" ইত্যাদি অন্য কলস "লিঙ্গেতি" মন্ত্র সকল দ্বারা অভিষেক করিবেন ॥ ২৪৬ ॥

পদ্মান্ত-এবং স্বস্তিকের প্রান্তে তিনহস্ত দীর্ঘ ও সার্দ্ধহস্ত বিস্তার যজ্ঞডুম্বুরের পীঠে অথবা অন্য ক্ষীরবৃক্ষের পীঠে শ্রীমূর্ত্তি উপবেশন করাইবেন ॥ ১৪৭ ॥

অনন্তর অষ্টদিকে অর্থাৎ শ্রীমূর্ত্তির পূর্ব্বাদিদিকে অম্বুপূরিত আট

তেষ্বাদ্যে সঙ্গমক্রোড়োৎখাতবল্মীকমৃত্তিকাং।
অশ্বহস্তিনদীতীরদ্বয়মৃৎস্নাঞ্চ নিক্ষিপেৎ ॥ ২৪৮ ॥
দ্বিতীয়েঽশ্বত্থচূতাদিপল্লবাশ্মন্তকত্বচং।
অন্যেষু চ ক্রমাৎ ষট্সু পবিত্রান্ প্রস্রবোদকং ॥ ২৪৯ ॥
শান্তিবার্য্যঽথ গন্ধোদমক্ষতান্ কুসুমানি চ।
স্নাপয়েৎ সর্ত্বিগাচার্য্যস্তৈঃ কুম্ভৈরষ্টমন্ত্রতঃ।
আপোহিষ্ঠেতি ত্রিতয়ং হিরণ্যেতি চতুষ্টয়ং।
তথৈব পবমানেত্যাদ্যনুবাকং পরো মনুঃ ॥ ২৫০ ॥

---

সঙ্গমাদিস্থানসপ্তকমৃত্তিকাং নিঃক্ষিপেৎ ॥ ২৪৮ ॥

অশ্বত্থচূতয়োঃ আদিশব্দাদর্জ্জুনাদীনাঞ্চ পল্লবান্ অশ্মন্তকত্বচং চ নিঃক্ষিপেৎ। অন্যেষু ষট্সু কুম্ভেষু পবিত্রাদিষড়্দ্রব্যাণি নিঃক্ষিপেৎ ॥ ২৪৯ ॥

তৈরষ্টভিঃ কুম্ভৈঃ। অষ্টমন্ত্রান্ এব লিখতি আপ ইতি হিরণ্যেতি হিরণ্যবর্ণাঃ শুচয়ঃ পাবকা ইতি ঋক্‌চতুষ্টয়ং। পবমানং সুবর্জন ইত্যনুবাকঞ্চ ॥ ২৫০ ॥

---

কুম্ভ স্থাপন করিবেন, তন্মধ্যে আদ্য অর্থাৎ পূর্ব্বদিকে স্থাপিত যে কুম্ভ, তাহাতে সঙ্গমক্রোড়োৎখাত ( বরাহদন্তোত্তোলিত ) বল্মীকমৃত্তিকা, অশ্ব, হস্তি ও নদীর দুই তীরের প্রশস্ত মৃত্তিকা নিক্ষেপ করিবেন ॥ ২৪৮ ॥

দ্বিতীয় কুম্ভে অশ্বত্থ, আম্র ও অর্জ্জুনবৃক্ষ প্রভৃতির পল্লব এবং অশ্মন্তক ত্বক্ তথা অন্য ছয়টী কুম্ভে পবিত্র ও প্রস্রবোদক ছয়টী দ্রব্য ক্রমে নিক্ষেপ করিবেন ॥ ২৪৯ ॥

শান্তিবারি, গন্ধোদ, অক্ষত ও পুষ্প স্থাপন করিবেন। ঋত্বিক্‌গণের আচার্য্য আট কুম্ভে "আপোহিষ্ঠেতি" তিন মন্ত্র। "হিরণ্যবর্ণাঃ শুচয়ঃ পাবক" এই চারি মন্ত্র তথা "পবমানং সুবর্জন" এই অনুবাক্ পরম মন্ত্র জপ করিবেন ॥ ২৫০ ॥

অথ বস্ত্রাদ্যর্পণবিধিঃ ॥

অভিবস্ত্রেতি বস্ত্রে দ্বে আহতে পরিধাপ্য চ।
দত্ত্বোপবীতং গন্ধাদ্যৈরুপচারৈশ্চ পূজয়েৎ ॥ ২৫১ ॥
হিরণ্যগর্ভ ইত্যাদীনষ্টৌ মন্ত্রান্ জপন্ শুভৈঃ।
কুর্য্যান্নীরাজনং পিষ্টময়ৈর্দ্দীপৈরথাষ্টভিঃ ॥
গন্ধেন চিত্রং দেবানামিত্যর্দ্ধর্চ্চেন লোচনে।
দেবস্যোন্মীলয়েৎ পার্শ্বে স্থিত্বা স্বর্ণশলাকয়া।
দেবস্য পুরতস্তিষ্ঠেত্তদানীঞ্চ ন কশ্চন ॥
অঞ্জনেনাঞ্জয়েন্নেত্রে অঞ্জন্তি ত্বামিতি স্ফুটং।
দেবস্য ত্বেতি মধ্বাজ্যসিতাভিঃ পুনরঞ্জয়েৎ।
অথাদর্শং প্রদর্শ্যাথ বিবিধং ভোজ্যমর্পয়েৎ ॥ ২৫২ ॥

যজ্ঞোপবীতং চ অভিবস্ত্রেত্যনেনৈব মন্ত্রেণ দত্ত্বা ॥ ২৫১ ॥
সিতা শর্করা মধ্বাদিভির্দেবস্যত্বেতি মন্ত্রেণ পুনরভ্যঞ্জয়েৎ ॥ ২৫২ ॥

অথ বস্ত্রাদ্যর্পণবিধি ॥

"অভিবস্ত্র" এই মন্ত্রে দুই খানি নূতন বস্ত্র পরিধান করাইয়া এবং যজ্ঞোপবীত দান করাইয়া গন্ধাদি উপচারসমূহ দ্বারা পূজা করিবেন ॥২৫১

"হিরণ্যগর্ভ" ইত্যাদি আট্‌টী পবিত্র মন্ত্র জপ করত পিষ্টময় অষ্ট-দীপ দ্বারা নীরাজন করিবেন ॥

"চিত্রং দেবানাং" এই অর্দ্ধ মন্ত্রে দেবের বামপার্শ্বে অবস্থিত হইয়া স্বর্ণশলাকায় গন্ধ দ্বারা দেবের চক্ষুদ্বয় উন্মীলন করিবেন। ঐ সময়ে দেবের অগ্রে কেহই অবস্থিতি করিবেন না ॥

"অঞ্জন্তি ত্বা" এই মন্ত্রে অঞ্জন দ্বারা দেবের দুই নেত্র অঞ্জিত করিয়া "দেবস্য ত্বা" এই মন্ত্রে মধু ঘৃত শর্করা দ্বারা পুনরায় অঞ্জিত করিবেন। অনন্তর দর্পণ দেখাইয়া বিবিধ ভোজ্য নিবেদন করিবেন ॥ ২৫২ ॥

অথ স্তুতিবলিদানাদি ॥

অথাচার্য্যঃ কুশাসীনঃ সংস্তূয়াদ্ধারয়ন্ কুশান্ ।
দেবং পুরুষসূক্তেন প্রত্যৃচং প্রণবং পঠন্ ।
পঞ্চবর্ণকধান্যান্নং পাত্রে সংস্থাপ্য বৈণবে ।
তেন নীরাজয়েদ্দেবং বিগতাচারবিপ্রতঃ ॥ ২৫৩ ॥
তদ্ধস্তেন বলিং দদ্যাৎ রুদ্রায় চ চতুষ্পথে ।
নমোরুদ্রায়েতি মন্ত্রং সধ্রুবঞ্চ স্বয়ং জপেৎ ॥ ২৫৪ ॥
ব্রহ্মাণঞ্চ প্রতিষ্ঠাপ্য তন্মন্ত্রেণ তদাদিকাঃ ।
উপচারৈঃ ষোড়শভির্যজেন্মণ্ডলদেবতাঃ ॥ ২৫৫ ॥

পঞ্চবর্ণধান্যনিষ্পন্নং ক্ষিপ্রৌদনং বৈণবে পাত্রে নিধায় তেনান্নেন দেবং নিরাচারবিপ্রহস্তেন নীরাজয়েৎ ॥ ২৫৩ ॥

সধ্রুবং প্রণবসহিতং তথাহি । ওঁ নমোরুদ্রায় সর্ব্বভূতাধিপতয়ে দীপ্তশূলধরায়োমাদয়িতায় বিশ্বাধিপতয়ে রুদ্রায় বৈ নমঃ শিবমগর্হিতং কর্ম্মাস্ত স্বাহেতি ॥ ২৫৪ ॥

তন্মন্ত্রেণ ব্রহ্মপ্রতিষ্ঠামন্ত্রেণ ব্রহ্মজজ্ঞানমিত্যাদিনা ব্রহ্মাণং প্রতিষ্ঠাপ্য ॥ ২৫৫ ॥

অথ স্তুতি ও বলিদানাদি ॥

অনন্তর আচার্য্য কুশাসনে আসীন হইয়া কুশসকল ধারণ করত পুরুষসূক্তের প্রতি মন্ত্র ও প্রণব পাঠ করিয়া দেবকে স্তব করিবেন এবং পঞ্চবর্ণ ধান্যান্ন বৈণব ( বংশ ) পাত্রে সংস্থাপন করিয়া নিরাচার ব্রাহ্মণদ্বারা নীরাজন করাইবেন ॥ ২৫৩ ॥

অপর ঐ ব্রাহ্মণ হস্তদ্বারা চতুষ্পথে রুদ্রকে বলি দেওয়াইবেন এবং স্বয়ং আচার্য্য "ওঁ নমো রুদ্রায় সর্ব্বভূতাধিপতয়ে দীপ্তশূলধরায়োমাদয়িতায় বিশ্বাধিপতয়ে রুদ্রায় বৈ নমঃ শিবমগর্হিতং কর্ম্মাস্ত স্বাহা" এই মন্ত্র জপ করিবেন ॥ ২৫৪ ॥

"ব্রহ্মজজ্ঞানং" ইত্যাদি ব্রহ্মপ্রতিষ্ঠা মন্ত্রদ্বারা ব্রহ্মাকে প্রতিষ্ঠাপিত করিয়া ষোড়শ উপচারদ্বারা ব্রহ্মা প্রভৃতি মণ্ডলদেবতাসকলকে পূজা করিবেন ॥ ২৫৫ ॥

স্থাপ্য দেবমথাবাহ্যার্চায়াং তল্লিঙ্গমন্ত্রতঃ।
কর্ণিকায়াং মণ্ডলস্য তামর্চ্চামুপবেশয়েৎ ॥ ২৫৬ ॥
সুপ্রতিষ্ঠো ভবেত্যেতাং সংপ্রতিষ্ঠাপ্য তত্র চ।
পুনঃ সমর্চ্চয়েদ্গন্ধাদ্যুপচারৈস্তু পঞ্চভিঃ ॥ ২৫৭ ॥
কুণ্ডান্তিকমথাগত্য তিলাজ্যৈর্জুহুয়াৎ কৃতী।
তদ্দেবতানাং প্রত্যেকং নামমন্ত্রৈর্দ্দশাহুতীঃ ॥ ২৫৮ ॥

অথাধিবাসনবিধিঃ ॥

অথ স্বস্তিকবর্ত্তিন্যাং শয্যায়াং ব্রাহ্মণৈঃ সহ।

---

তল্লিঙ্গমন্ত্রতঃ। স্থাপ্যদেবলিঙ্গমন্ত্রেণ স্থাপ্যদেবমর্চ্চায়াং প্রতিমায়ামাবাহ্য ॥ ২৫৬ ॥

তত্র কর্ণিকায়াং ॥ ২৫৭ ॥

তাসাং মণ্ডলদেবতানাং নামমন্ত্রৈঃ ওঁ ব্রহ্মণে নম ইত্যাদিরূপৈঃ প্রত্যেকং তিলাজ্যৈর্দশাহুতীর্জুহুয়াৎ ॥ ২৫৮ ॥

তত্ত্বতঃ যথাবিধীত্যর্থঃ। তচ্চৈবং। পুরুষাত্মনে নমঃ প্রাণাত্মনে নম ইতি শিরসি। প্রকৃতিতত্ত্বায় নমঃ বুদ্ধিতত্ত্বায় নমঃ অহঙ্কারতত্ত্বায় নমঃ মনস্তত্ত্বায় নম ইতি হৃদি। তথা

---

দেবলিঙ্গ মন্ত্রদ্বারা দেবকে স্থাপন ও প্রতিমায় আবাহন করিয়া মণ্ডলের কর্ণিকামধ্যে ঐ প্রতিমাকে উপবেশন করাইবেন ॥ ২৫৬ ॥

"সুপ্রতিষ্ঠো ভব" এই মন্ত্রদ্বারা প্রতিমা প্রতিষ্ঠা করিয়া তাহাতে গন্ধাদি পঞ্চোপচার দ্বারা পুনর্ব্বার পূজা করিবেন ॥ ২৫৭ ॥

তদনন্তর গুরু কুণ্ডসমীপে আগমন করিয়া প্রত্যেক মণ্ডলদেবতাকে নামমন্ত্রে অর্থাৎ "ওঁ ব্রহ্মণে নমঃ" ইত্যাদি রূপ মন্ত্রে ঘৃত মিশ্রিত তিলদ্বারা সেই সেই দেবতাকে দশ দশ আহুতি প্রদান করিবেন ॥২৫৮॥

অধিবাসনবিধি ॥

অনন্তর স্বস্তিকের মধ্যবর্ত্তিনী শয্যায় ব্রাহ্মণগণের সহিত শ্রীমূর্ত্তিকে

শ্রীমূর্ত্তিং প্রাঙ্মুখাং দিব্যাস্তরণেষু নিবেশয়েৎ।
অতঃ পুরুষসূক্তেনোত্তরনারায়ণেন চ।
উপস্থাপ্য ততোঽর্চ্চায়াং ন্যসেত্তত্ত্বানি তত্ত্বতঃ॥ ২৫৯॥
ন্যসেৎ পুরুষসূক্তঞ্চ গন্ধাদ্যৈরর্চ্চয়েত্ততঃ।
শয্যায়াং স্বাপয়েদ্দেবং সুখশায়ী ভবেতি তং॥ ২৬০॥
অন্তরালে ন গন্তব্যং কৈশ্চিন্মণ্ডলশয্যয়োঃ।

শব্দতত্ত্বায় নম ইতি শিরসি। স্পর্শতত্ত্বায় নম ইতি ত্বচি। রূপতত্ত্বায় নম ইতি হৃদি। এবং রস গন্ধ শ্রোত্র ত্বক্ চক্ষুর্জিহ্বা ঘ্রাণ বাক্ পাণি পাদ পায়ূপস্থ পৃথিব্যপ্ তেজোবায্বাকাশাখ্যানি তত্ত্বানি বস্তি পাদ কর্ণ ত্বক্ চক্ষুর্জিহ্বা ঘ্রাণ শিখাসু যথাসম্ভবং বিন্যস্য রজঃসত্ত্বতমোদেহতত্ত্বানি দেবস্য দেহে বিন্যসেদিতি॥ ২৫৯॥

পুরুষসূক্তন্যাসশ্চৈবং। অস্য পুরুষসূক্তমন্ত্রস্য নারায়ণঋষিঃ পুরুষো দেবতা দেবস্যাঙ্গ-ন্যাসে বিনিয়োগ ইতি সহস্রশীর্ষাদি স্মৃত্বা। আদ্যমৃগ্‌দ্বয়মগ্রকরয়োঃ উপরিতনং জানুনোঃ তদুপরিতনং কট্যোঃ সভূম্যাদ্যাস্তি সনাভিহৃদয়কণ্ঠেষু। তদুপরিতনমৃগ্‌দ্বয়ং বাহ্বোস্তদু-পরিতনমক্ষ্ণোঃ অন্ত্যামৃচং মস্তকে ন্যসেদিতি॥ ২৬০॥

মণ্ডলশয্যয়োরন্তরালে মধ্যে কৈশ্চিন্ন গন্তব্যমিত্যেবং নিষেধং কৃত্বা। বিধিবদিতি ক্ষীরোদনং ব্রহ্মণে। ঘৃতান্নমুদকাভিধারিতমিন্দ্রায়। আজ্যোদনমগ্নয়ে মাষান্নং যমায়। কৃষ্ণব্রীহ্যন্নং পুরাণেন ঘৃতেন নির্ঋতয়ে। নবনীতোদনং বরুণায়। যবৌদনং বায়বে। প্রৈয়ঙ্গবং সোমায়। গামীশায় বলিং দদ্যাদিতি জ্ঞেয়ং॥ ২৬১॥

পূর্ব্বমুখ করিয়া আস্তরণ সকলে উপবেশন করাইবেন। তদনন্তর পুরুষ-সূক্ত ও উত্তরনারায়ণ সূক্তদ্বারা দেবকে উত্থিত করিয়া যথাবিধি তত্ত্বসকল ন্যাস করিবেন॥ ২৫৯॥

পরে পুরুষসূক্তন্যাস ও গন্ধাদিদ্বারা অর্চ্চনা করিয়া “সুখশায়ী ভব” এই বলিয়া দেবকে শয়ন করাইবেন॥ ২৬০॥

তৎপরে “মণ্ডল ও শয্যার অন্তরালে কেহ গমন করিও না”

নিষিধ্যৈবং দেবতাভ্যোবলিং বিধিবদর্পয়েৎ ॥ ২৬১ ॥
নৈবারিকচরুস্থালীমানীয় শয়নস্থলে।
দিগ্বলিং চরুশেষেণ বিতরেদ্বিধিবদ্বুধঃ।
কৃত্বাধিবাসনং ত্বেবং গীতবাদ্যাদিভিঃ শুভৈঃ।
সোৎসাহং সোৎসবন্তাঞ্চ রজনীমতিবাহয়েৎ ॥
ইত্যধিবাসনবিধিঃ ॥
অথ স্থাপনবিধিঃ ॥
অরুণোদয়কালে সত্যুত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে।
মন্ত্রেণানেন বাদ্যাদ্যৈর্দেবমুত্থাপয়েত্ততঃ ॥ ২৬২ ॥
স্তুত্বা পুরুষসূক্তেনোত্তরনারায়ণেন চ।
সঘৃতব্রীহিণা কুণ্ডে বিধিবচ্ছ্রপয়েচ্চরুং ॥

উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে ইত্যনেন মন্ত্রেণ ॥ ২৬২ ॥

এইরূপ নিষেধ করিয়া দেবতাসকলকে যথাবিধি বলি অর্পণ করিবেন ॥ ২৬১ ॥

অনন্তর পণ্ডিত ব্যক্তি শয্যাস্থলে নৈবারিক চরুস্থালী আনয়ন করিয়া চরুশেষদ্বারা যথাবিধি দিগ্বলি নিক্ষেপ করিবেন ॥

এই প্রকার অধিবাসন করিয়া শুভ গীত বাদ্যদ্বারা উৎসাহের সহিত উৎসবান্তে রজনীযাপন করিবেন ॥

ইতি অধিবাসনবিধি ॥

অথ স্থাপনবিধি ॥

অরুণোদয়কালে "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" এই মন্ত্র পাঠপূর্ব্বক বাদ্যাদিসহকারে দেবকে উত্থাপিত করিবেন ॥ ২৬২ ॥

অনন্তর পুরুষসূক্ত ও উত্তরনারায়ণ মন্ত্রদ্বারা স্তব করিয়া কুণ্ডে যথাবিধি সঘৃত ব্রীহিদ্বারা চরু পাক করিবেন ॥

ততশ্চাজ্যেনাভিঘার্য্য জুহুয়ান্নামমন্ত্রতঃ।
দশাহুতীঃ স্থাপ্য দেবমন্ত্রতো হবিষা দশ॥
অবদানানি হুত্বা চ চরুশেষেণ মন্ত্রতঃ।
পূর্ণাহুতিঞ্চ জুহুয়াৎ তন্মন্ত্রদ্বয়তো বুধঃ॥ ২৬৩॥
ততো দত্ত্বা ধেনুমুখ্যাং শক্ত্যাচার্য্যায় দক্ষিণাং।
মেরোরভিমুখং বেদ্যাং দেবং কুর্য্যাদ্দিনোদয়ে॥ ২৬৪॥
ওষধীরিতি মন্ত্রেণ ততো দেবায় দর্শয়েৎ।
সর্ব্বৌষধী পুষ্পমূলফলানি বিবিধানি চ।
তাম্রপাত্রেঽথ মূলেন শতবারাভিমন্ত্রিতং।

নামমন্ত্রেণ দশাহুতীঃ স্থাপ্যদেবমন্ত্রেণ চ ঘৃতেন দশাহুতীর্জুহুয়াৎ। চরুশেষেণ মন্ত্রতোঽবদানানি হুত্বা। তন্মন্ত্রশ্চায়ং। অগ্নয়ে স্বাহা সোমায় স্বাহা ধন্বন্তরয়ে কুহ্বৈ অনুমত্যৈ প্রজাপতয়ে বিশ্বেভ্যো দেবেভ্যঃ ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যঃ ওঁ ভূর্ভুবঃ স্বঃ অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহেতি। তন্মন্ত্রদ্বয়তঃ পূর্ণাহুতিহবনমন্ত্রাভ্যাং সপ্ত তে অগ্নে পুনস্ত্বামিত্যেতাভ্যাং। বুধ ইতি তত্তৎপ্রকারং তত্তন্মন্ত্রাংশ্চ জানাতীতি। তদ্বিশেষলিখনপরিশ্রমেণ কিমিতি ভাবঃ। এবং সর্ব্বত্রৈব বোদ্ধব্যং॥ ২৬৩॥

দিনোদয়ে সূর্য্যে উদিতে সতি॥ ২৬৪॥

অথানন্তরং তাম্রপাত্রে স্থাপ্য দেবতামূলমন্ত্রেণ শতবারানভিমন্ত্রিতং শান্তিতোয়মাদায়া-

অনন্তর বুধ অর্থাৎ তত্তৎপ্রকার ও তত্তৎমন্ত্রজ্ঞ ব্যক্তি সেই চরুকে অভিঘারণ করিয়া নামমন্ত্রে দশবার আহুতি দিয়া কেবল ঘৃতে দেবমন্ত্রে দশবার আহুতি দিবে। অতঃপর মন্ত্রপাঠপূর্ব্বক অবশিষ্ট চরু দ্বারা অবদান (পূর্ব্বকৃত ক্রিয়া) হোম করত "সপ্ত তে অগ্নে" "পুনস্ত্বাং" পূর্ণাহুতির এই দুইটী মন্ত্রে পূর্ণাহুতি প্রদান করিবেন॥ ২৬৩॥

তদনন্তর শক্ত্যনুসারে আচার্য্যকে একটী উৎকৃষ্ট ধেনু দক্ষিণা দিয়া সূর্য্যোদয়ে বেদীতে দেবকে মেরুর অভিমুখ করিবেন॥ ২৬৪॥

তৎপরে "ওষধি" এই মন্ত্রে বিবিধ পুষ্প মূল ফল সকল দেবকে দর্শন করাইবেন। অনন্তর গুরু তাম্রপাত্রে দেবকে স্থাপনপূর্ব্বক মূলমন্ত্র

শান্ত্যম্বু গুরুরাদায় সিঞ্চেদ্দেবস্য মস্তকে ॥ ২৬৫ ॥
বিশ্বতশ্চক্ষুরিত্যেতমুপস্থাপ্য প্রকল্পয়েৎ।
দেবাধো ধ্যানতো ব্রহ্মশিলাং রত্নাষ্টকান্বিতাং ॥ ২৬৬ ॥
অথ দর্ভেষূপবিষ্টো ধৃতদর্ভঃ কৃতাঞ্জলিঃ।
ব্রহ্মণে নম ইত্যাদি মন্ত্রং সপ্রণবং জপেৎ।
ততোঽম্ভঃপূরিতং কুম্ভং ক্ষিপ্তসর্ব্বৌষধিং নবং।
অভ্যর্চ্য যজমানস্য পুরতঃ স্থাপয়েদ্গুরুঃ।
হস্তং কুম্ভমুখে ন্যস্য বারানষ্টৌ চ বিংশতিং।

---

চার্য্যো মূলমন্ত্রেণৈবাভিষেকং কুর্য্যাৎ ॥ ২৬৫ ॥

এতং দেবমুপস্থায়। বজ্রমৌক্তিকবৈদূর্য্যশঙ্খস্ফটিকপুষ্পরাগেন্দ্রনীলমহানীলেতি। রত্নাষ্টকোপেতাং ব্রহ্মশিলাং ধ্যানেন দেবস্যাধস্তাৎ প্রকল্পয়েৎ ॥ ২৬৬ ॥

ওঁ ব্রহ্মণে নমো বিষ্ণবে নমো রুদ্রায় নমঃ। এবং ইন্দ্রায় অগ্নয়ে যমায় নির্ঋতয়ে বরুণায় বায়বে সোমায় ঈশানায়। বসুভ্যো রুদ্রেভ্য আদিত্যেভ্যঃ অশ্বিভ্যাং মরুদ্ভ্যঃ কুবেরায়

---

দ্বারা শতবার অভিমন্ত্রিত শান্তিজল গ্রহণপূর্ব্বক মূলমন্ত্রে দেবের মস্তকে সেচন করিবেন ॥ ২৬৫ ॥

"বিশ্বতশ্চক্ষুঃ" এই মন্ত্রে দেবকে উপস্থাপিত করিয়া ধ্যান দ্বারা রত্নাষ্টকান্বিত অর্থাৎ বজ্র, মৌক্তিক, বৈদূর্য্য, শঙ্খ, স্ফটিক, পুষ্পরাগ, ইন্দ্রনীল ও মহানীল, এই অষ্ট রত্নযুক্ত ব্রহ্মশিলা দেবের অধোভাগে কল্পনা করিবেন ॥ ২৬৬ ॥

অনন্তর কুশ সকলের উপরি উপবেশন ও কুশধারণপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া প্রণবের সহিত "ব্রহ্মণে নমঃ" এই মন্ত্র জপ করিবেন ॥

তদনন্তর গুরু সর্ব্বৌষধি নিক্ষিপ্ত জলপূরিত নূতন কলস অভ্যর্চ্চনা করিয়া যজমানের অগ্রে স্থাপন করিবেন। তৎপরে কুম্ভের মুখে হস্ত প্রদান পূর্ব্বক অষ্টাবিংশতিবার অভিমন্ত্রিত করিয়া তাহাতে তীর্থগণ

তত্তোয়মভিমন্ত্র্যাস্মিংস্তীর্থান্যবাহয়েত্ততঃ।
তেনাভিষিঞ্চেদ্দেবাগ্রে যজমানং সহ দ্বিজৈঃ।
ইমা আপঃ শিবতমা ইত্যাদিমন্ত্রভির্গুরুঃ।
সুমুহূর্ত্তে কৃতন্যাসো জপ্ত্বা মূলমনুং ততঃ।
ভগবন্ প্রতিতিষ্ঠেতি মনস্যুচ্চারয়ন্ মুহুঃ॥ ২৬৭॥
কুসুমাঞ্জলিনাগীতবাদ্যমঙ্গলঘোষতঃ।
দেবং মূর্ত্তৌ প্রতিষ্ঠাপ্য তাং চ স্পৃষ্ট্বা জপেদৃচং।
ধ্রুবাদ্যৈরিতি তং চোপতিষ্ঠেৎ পুরুষসূক্ততঃ।
যজমানঃ সভার্য্যোঽথ বিতরেৎ কুসুমাঞ্জলিং॥
তত্র মন্ত্রঃ॥
স্বাগতং দেবদেবেশ মদ্ভাগ্যাত্ত্বমিহাগতঃ।

গঙ্গাদিভ্যো মহানদীভ্যো অগ্নীসোমাভ্যাং ইন্দ্রাগ্নিভ্যাং দ্যাবাপৃথিবীভ্যাং ধন্বন্তরয়ে সর্ব্বেশায় বিশ্বেভ্যো দেবেভ্যঃ। ব্রহ্মণে নম ইতি মন্ত্রং জপেৎ। অভ্যর্চ্চ্য কুম্ভমেব গন্ধাক্ষতাদিনা সংপূজ্য॥ ২৬৭॥

আহ্বান করত তদ্দারা গুরু ঋত্বিক্‌গণের সহিত "ইমা আপঃ শিবতমা" ইত্যাদি মন্ত্রপাঠ পূর্ব্বক দেবাগ্রে যজমানকে অভিষেক করিবেন। পরে শোভন মুহূর্ত্তে কৃতন্যাস ও মূলমন্ত্র জপ করত "ভগবন্ প্রতিতিষ্ঠ" মনোমধ্যে মুহুর্মুহুঃ এই মন্ত্র উচ্চারণ করিবেন॥ ২৬৭॥

পুষ্পাঞ্জলি ও গীতবাদ্যসহকারে মূর্ত্তিতে দেবকে প্রতিষ্ঠা করিয়া এবং ঐ মূর্ত্তিকে স্পর্শ করিয়া পুরুষসূক্তের সহিত "ধ্রুবাদ্যৈঃ" এই মন্ত্র জপ করিবেন এবং যজমান সভার্য্যে পুষ্পাঞ্জলি সমর্পণ করিবেন॥

পুষ্পাঞ্জলির মন্ত্র যথা॥

"স্বাগতং দেবদেবেশ মদ্ভাগ্যাত্ত্বমিহাগতঃ।

প্রাকৃতত্বমদৃষ্ট্বা মাং বালবৎ প্রতিপালয়েতি ॥ ২৬৮ ॥
শান্তিকুম্ভাম্ভসা দেবং গুরুঃ পঞ্চামৃতৈরপি।
অভিষিচ্য স্নাপয়েত্তং রত্নপুষ্পাকুশাম্বুনা।
সচ্চিদানন্দমিত্যাদিমন্ত্রেণ কুসুমাঞ্জলৌ।
পরিভাব্যাগতং দেবং ন্যসেৎ প্রতিকৃতৌ ততঃ ॥ ২৬৯ ॥
নিরুধ্য প্রণবেনাথ প্রাদুর্ভূতং বিচিন্ত্য তং।
স্পৃষ্ট্বাঙ্ঘ্রিনাভিমস্তেষু ইহৈবৈষীতি ত্রির্জপেৎ।

---

তাঞ্চ মূর্ত্তিং স্পৃষ্ট্বা ধ্রুবাদ্যৈরিত্যৃচং জপেৎ। অথ তঞ্চ দেবং পুরুষসূক্তেনোপতিষ্ঠেৎ ভক্ত্যা স্তবীত ॥ ২৬৮ ॥

সচ্চিদানন্দং ব্রহ্মৈব ভক্তানুগ্রহায় গৃহীতবিগ্রহং করচরণাদ্যবয়বিনং শঙ্খচক্রগদাদ্যায়ুধবন্তং নিজবাহনাদ্যুপেতং নিজহৃৎকমলমধ্যেঽবস্থিতং সর্ব্বলোকসাক্ষিণমণীয়াংসং পরমেষ্ঠ্যাসি পরমাং মাং শ্রিয়ং গময়েতি মন্ত্রেণ কুসুমযুক্তাঞ্জলাবাগতং পরিভাব্য প্রতিকৃতৌ শ্রীমূর্ত্তৌ বিন্যসেৎ ॥ ২৬৯ ॥

---

প্রাকৃতত্বমদৃষ্ট্বা মাং বালবৎ প্রতিপালয় ॥ ২৬৮ ॥”

অনন্তর গুরু শান্তিকুম্ভের জল ও পঞ্চামৃত দ্বারা দেবকে অভিষেক করিয়া “সচ্চিদানন্দ ব্রহ্মৈব ভক্তানুগ্রহায় গৃহীতবিগ্রহং করচরণাদ্যবয়বিনং শঙ্খ চক্র গদাদ্যায়ুধবন্তং নিজবাহনাদ্যুপেতং নিজহৃৎকমলমধ্যেঽবস্থিতং সর্ব্বলোকসাক্ষিণমনীয়াংসং পরমেষ্ঠ্যাসি পরমাং মাং শ্রিয়ং গময়” এই মন্ত্রে কুসুমাঞ্জলিতে দেবকে সমাগতরূপে ভাবনা করিয়া শ্রীমূর্ত্তিতে ন্যাস করিবেন ॥ ২৬৯ ॥

অনন্তর প্রাদুর্ভূত চিন্তা করিয়া প্রণব দ্বারা নিরোধ পূর্ব্বক তাঁহাকে স্তব করত চরণ, নাভি ও মস্তক স্পর্শ করিয়া “ইহৈবৈষি” এই মন্ত্র তিনবার জপ করিবেন ॥

স্বস্বমন্ত্রৈঃ পরীবারদেবতাঃ পূর্ব্ববদ্বুধঃ।
প্রতিষ্ঠাপয়েদর্চ্চাসু শ্রীমূর্ত্তৌ বা বিচিন্তয়েৎ ॥ ২৭০ ॥
সকলীকৃত্য দেবং চ মূলমন্ত্রেণ পূজয়েৎ।
উপচারৈঃ ষোড়শভিঃ পরিবারান্বিতং ততঃ।
অষ্টোত্তরশতং মূলমন্ত্রমাবর্ত্ত্য শক্তিতঃ।
প্রণম্য দণ্ডবদ্দেবং ব্রাহ্মণান্ স্বস্তিবাচয়েৎ ॥ ২৭১ ॥
অথাচার্য্যাদিসম্মাননং ॥
যজমানস্ততো দদ্যাদাচার্য্যায় তু দক্ষিণাং।
গবাং শতং তদর্দ্ধং বা গামেকাং বাত্যশক্তিতঃ।
দদ্যাত্তদর্দ্ধমৃত্বিগ্‌ভ্যো জাপিভ্যশ্চ তদর্দ্ধকং।

অর্চ্চাসু তত্তৎপ্রতিমাসু প্রতিষ্ঠাপয়েৎ তদভাবে চ শ্রীমূর্ত্তৌ মুখ্যভগবৎপ্রতিমায়ামেব তাঃ সর্ব্বাঃ বিচিন্তয়েৎ ॥ ২৭০ ॥

শক্তিতঃ যথাশক্তি দেবং দণ্ডবৎ প্রণম্য যজমানার্থং স্বস্তিবাচয়েৎ ॥ ২৭১ ॥

দক্ষিণামেব লিখতি গবামিতি। অত্যশক্তিত ইতি পঞ্চাশৎ স্বশক্তৌ পঞ্চবিংশতিং তত্র

বিদ্বান্ গুরু পূর্ব্বের ন্যায় দেবতার পরীবারগণকে প্রতিমাতে অথবা শ্রীভগবন্মূর্ত্তিতে চিন্তা করিয়া স্ব স্ব মন্ত্রে প্রতিষ্ঠা করিবেন ॥ ২৭০ ॥

তৎপরে সকলীকরণ করিয়া মূলমন্ত্রে ষোড়শোপচার দ্বারা পরীবারান্বিত দেবকে পূজা করিবেন। তৎপরে শক্ত্যনুসারে অষ্টোত্তর শত মন্ত্র পাঠপূর্ব্বক দণ্ডবৎ প্রণাম করিয়া ব্রাহ্মণ দ্বারা স্বস্তিবাচন করাইবেন ॥ ২৭১ ॥

অথ আচার্য্যাদির সম্মান ॥

অনন্তর যজমান সমর্থ হইলে আচার্য্যকে একশত বা তদর্দ্ধ, যদি নিতান্ত অসমর্থ হয়েন, তাহা হইলে একটীমাত্র গাভী দক্ষিণা দিবেন। আর ঋত্বিক্‌গণকে আচার্য্যের অর্দ্ধ ও জাপকদিগকে ঋত্বিক্‌গণের অর্দ্ধ দক্ষিণা

অন্যেভ্যশ্চ যথাশক্তি বিবিধং দানমাচরেৎ ॥ ২৭২ ॥
ততো গুরুর্হৃষ্টমনাঃ সর্ব্বকামিতলব্ধয়ে।
সুক্ষণে যজমানাঙ্কে শ্রীমূর্ত্তিং তাং সমর্পয়েৎ ॥ ২৭৩ ॥
ততঃ সর্ব্বং পতাকাদিমণ্ডপস্থং সমর্প্য চ।
আচার্য্যায় নমস্কৃত্য শক্ত্যা বিপ্রাংশ্চ ভোজয়েৎ ॥
অথ প্রতিষ্ঠাফলং।
উক্তঞ্চ বৌধায়নেন ॥
এবং কুর্ব্বন্ প্রতিষ্ঠাঞ্চ যজ্ঞানাং ফলমাপ্নুয়াৎ।
দীর্ঘায়ুর্লব্ধলক্ষ্মীকো বসেৎ স্বর্গে চিরং সুখী।
মর্ত্যলোকে চ জায়েত সর্ব্বকামসমৃদ্ধিমান্।
ততোঽক্ষয়সুখে লোকে বৈকুণ্ঠে রমতে সদা ॥

চাশক্তৌ দ্বাদশ। অত্রাপ্যশক্তৌ তিস্রঃ অত্যন্তাশক্তৌ চ একামেবেত্যর্থঃ ॥ ২৭২ ॥

তাং প্রতিষ্ঠিতাং চলাং শ্রীমূর্ত্তিং যজমানস্য অঙ্কে ক্রোড়ে সমর্পয়েদিতি প্রায়শ্চলশ্রীমূর্ত্তে-র্গৃহস্থাপনেন অল্পপরিমাণাদ্যপেক্ষয়া কিম্বা যজমানস্য ভাববিশেষজননাভিপ্রায়েণেতি দিক্ ॥ ২৭৩ ॥

এবং অন্যান্য ব্যক্তিগণকে যথাশক্তি বিবিধ দান সমর্পণ করিবেন ॥২৭২॥

তদনন্তর গুরু হৃষ্টমনা হইয়া সমুদায় কামিত বস্তু লাভের নিমিত্ত শুভক্ষণে যজমানের ক্রোড়ে ঐ শ্রীমূর্ত্তিকে সমর্পণ করিবেন ॥ ২৭৩ ॥

তদনন্তর যজমান মণ্ডপস্থ পতাকাদি সমূদায় দ্রব্য আচার্য্যকে সমর্পণ-পূর্ব্বক নমস্কার করিয়া যথাশক্তি ব্রাহ্মণদিগকে ভোজন করাইবেন ॥

অথ প্রতিষ্ঠাফল। বৌধায়নও বলিয়াছেন ॥

যিনি এই প্রকার প্রতিষ্ঠা করেন, তিনি যজ্ঞ সকলের ফল, দীর্ঘায়ুঃ এবং লক্ষ্মী লাভ করিয়া চিরকাল সুখে স্বর্গে বাস করেন। তদনন্তর মর্ত্যলোকে জন্মগ্রহণ করিয়া সর্ব্বকাম ও সর্ব্বসমৃদ্ধিসম্পন্ন হইয়া শেষে অক্ষয় সুখপ্রদ বৈকুণ্ঠলোকে সর্ব্বদা রমণ করেন ॥

অথৈকাধ্বরমার্গেণ চলার্চাস্থাপনে বিধিঃ ।
সংক্ষিপ্তো লিখ্যতে বৌধায়নাদ্যুক্ত্যনুসারতঃ ॥
অথৈকাধ্বরপ্রতিষ্ঠাবিধিঃ ॥
কুণ্ডমণ্ডপবেদীনাং নাত্রাপেক্ষাস্তি তাদৃশী ।
যজমানঃ পুণ্যকালে পুণ্যদেশে কৃতক্রিয়ঃ ।
স্বস্তিবাচনপূর্ব্বন্তু নান্দীশ্রাদ্ধং সমাচরেৎ ।
আচার্য্যমেকং বৃণুয়াৎ নর্ত্বিগাদীংশ্চ কাংশ্চন ।
বিদধ্যাৎ সর্ব্বমাচার্য্যে ইত্যেকাধ্বরিকো বিধিঃ ॥ ২৭৪ ॥
আচার্য্যো যজমানানুজ্ঞয়া সঙ্কল্পমাচরেৎ ।
স্থণ্ডিলেঽগ্নিং প্রতিষ্ঠাপ্য ব্রীহিণা শ্রপয়েচ্চরুং ॥
আদ্যভাগান্তমাচার্য্যো মূর্ত্তিং বারাষ্টকং মুদা ।

তাদৃশী পূর্ব্ববদত্রাপেক্ষা নাস্তি তাঃ কৃতা অকৃতা বেত্যাগ্রহো নাস্তীত্যর্থঃ । কৃতাঃ ক্রিয়া নিত্যকর্ম্মাণি যেন । আচার্য্যমেবৈকং বৃণুয়াৎ নত্বন্যান্ কাংশ্চন বৃণুয়াৎ ॥ ২৭৪ ॥

দূর্ব্বাদিসহিতৈরষ্টভিঃ কুম্ভৈস্তাং শ্রীমূর্ত্তিমভিষিঞ্চেৎ স্নাপয়েৎ ॥ ২৭৫ ॥

অনন্তর একাধ্বরমার্গে চলপ্রতিমা স্থাপনে যে বিধি, তাহা বৌধায়নাদির উক্ত্যনুসারে সংক্ষেপে লিখিত হইতেছে ॥

অথ একাধ্বরপ্রতিষ্ঠাবিধি ॥

এস্থলে কুণ্ড, মণ্ডপ ও বেদীর তাদৃশ অপেক্ষা নাই । যজমান পুণ্যকালে পুণ্যদেশে নিত্যক্রিয়া সমাপনপূর্ব্বক স্বস্তিবাচন করিয়া নান্দীশ্রাদ্ধ করিবেন । অনন্তর অন্য ঋত্বিকাদিবরণ না করিয়া একমাত্র আচার্য্যবরণ করত তাঁহাতে সমুদায় কার্য্যের ভার বিধান করিবেন, ইহাই একাধ্বরবিষয়ক বিধি ॥ ২৭৪ ॥

যজমানের অনুমত্যনুসারে আচার্য্য সঙ্কল্পপূর্ব্বক স্থণ্ডিলে অগ্নি স্থাপন করিয়া ব্রীহি দ্বারা স্থণ্ডিলে চরুপাক করিবেন ॥

অনন্তর আচার্য্য আনন্দের সহিত পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা আদ্য-

স্নাপয়েৎ পূর্ব্ববৎ পঞ্চগব্যৈঃ পঞ্চামৃতৈরপি।
অষ্টভিশ্চাভিষিঞ্চেত্তামাপোহিষ্ঠেতি মন্ত্রতঃ।
কুম্ভৈঃ সদূর্ব্বাসিদ্ধার্থপঞ্চপল্লবতোয়কৈঃ ॥ ২৭৫ ॥
অভ্যর্চ্চ্য বস্ত্রগন্ধাদ্যৈরর্চ্চাং তাং নামমন্ত্রতঃ।
সর্ব্বতোভদ্রমধ্যস্থভদ্রপীঠে নিবেশয়েৎ ॥ ২৭৬ ॥
তৎপ্রাগাদ্যষ্টদিক্ষ্বষ্টৌ সগন্ধাক্ষতপল্লবান্।
কুম্ভান্ জলভৃতান্ন্যস্যেদ্দীপান্ প্রজ্বালয়েত্তথা ॥ ২৭৭ ॥
নেত্রে চ প্রাগ্বদুন্মীল্য মধুনাক্তাং প্রদায় চ।
চিত্রান্ন বলিমাত্মেষ্টদেবমাহাত্ম্যকং স্মরেৎ ॥ ২৭৮ ॥
স্তুত্বা পুরুষসূক্তেন পরিপূজ্যাঙ্গদেবতাঃ।

---

নামমন্ত্রেণাভ্যর্চ্চ্য সর্ব্বতোভদ্রমণ্ডলমধ্যবর্ত্তিনি ভদ্রপীঠে স্থাপয়েৎ ॥ ২৭৬ ॥
তথৈবাষ্টৌ দীপান্ প্রজ্বালয়েৎ ॥ ২৭৭ ॥
চিত্রান্নবলিঃ প্রদায় চ ॥ ২৭৮ ॥
সমিদাদিভিঃ সমিদাজ্যচরুতিলৈঃ ॥ ২৭৯ ॥

---

ভাগান্তে বারাষ্টক শ্রীমূর্ত্তিকে স্নান করাইবেন। তৎপরে দূর্ব্বা, শ্বেত-সর্ষপ ও পঞ্চপল্লববিশিষ্ট পূর্ব্বাদি অষ্টকুম্ভের জলে "আপোহিষ্ঠা" ইত্যাদি মন্ত্র দ্বারা সেই প্রতিমাকে সেচন করিবেন ॥ ২৭৫ ॥

তদনন্তর বস্ত্রগন্ধাদি দ্বারা নামমন্ত্রে অভ্যর্চ্চনা করিয়া সর্ব্বতোভদ্র-মণ্ডলের মধ্যস্থ ভদ্রপীঠে প্রতিমাকে স্থাপন করিবেন ॥ ২৭৬ ॥

পরে পূর্ব্বাদি অষ্টদিকে গন্ধ অক্ষত পল্লবযুক্ত অষ্ট-সজলকুম্ভ স্থাপন করিয়া আট্‌টী দীপ প্রজ্বলিত করিবেন ॥ ২৭৭ ॥

নেত্রদ্বয় উন্মীলনপূর্ব্বক মধুযুক্ত বিচিত্রান্ন বলি প্রদান করিয়া স্বীয় ইষ্টদেবের মাহাত্ম্য স্মরণ করিবেন ॥ ২৭৮ ॥

তৎপরে পুরুষসূক্ত দ্বারা স্তব এবং অঙ্গদেবতাদিগের পূজা করিয়া

প্রত্যেকং জুহুয়াৎ সাষ্টশতন্তু সমিদাদিভিঃ ॥ ২৭৯ ॥
একৈকদ্রব্যহোমান্তে স্পৃশেদ্দেবং চ পূর্ব্ববৎ ।
ক্ষিপেদাহুতিসংঘাতং ন্যস্তেঽগ্ন্যুত্তরতো ঘটে ॥ ২৮০ ॥
ততঃ পূর্ণাহুতিং হুত্বা হোমশেষং সমাপয়েৎ ।
ততঃ কৃতাঙ্গন্যাসঃ সন্ দেবং হৃদি বিচিন্তয়েৎ ।
মূলমুচ্চারয়ন্মন্ত্রং দেবং হৃৎস্থঞ্চ সুক্ষণে ।
কুসুমেন প্রতিষ্ঠাপ্য সুপ্রতিষ্ঠো ভবেতি তং ।
ধ্রুবসূক্তৈঃ প্রতিষ্ঠাপ্য সুপ্রতিষ্ঠো ভবেতি তং ।
প্রণবেন নিরুধ্যেষ্টং সংপ্রার্থ্য স্তুতিমাচরেৎ ॥ ২৮১ ॥
অথাগ্রোদককুম্ভস্থাভিমন্ত্রণপুরঃসরং ।

অগ্নেরুত্তরতো ন্যস্তে পুরাস্থাপিতে আহুতিসংপাতং পূর্ব্ববদেব নিক্ষিপেৎ ॥ ২৮০ ॥
ইষ্টং নিজবাঞ্ছিতং সম্যক্ প্রার্থ্য পুরুষসূক্তাদিনা স্তবীত ॥ ২৮১ ॥
আসনং আদিশব্দেন আবাহনপাদ্যার্ঘ্যমধুপর্কাচমনীয়ানি ॥ ২৮২ ॥

প্রত্যেককে কাষ্ঠ দ্বারা একশত অষ্টবার হোম করিবেন ॥ ২৭৯ ॥

ঘৃত, চরু ও তিল এক একটী দ্রব্যের হোমান্তে পূর্ব্ববৎ দেবতাকে স্পর্শ করিবেন এবং আহুতির সম্পাত অগ্নির উত্তর অর্থাৎ পরবর্ত্তি ঘটে নিক্ষেপ করিবেন ॥ ২৮০ ॥

তদনন্তর পূর্ণাহুতি দিয়া হোমশেষ সমাপন করিবেন। তাহার পর অঙ্গন্যাস করিয়া দেবতাকে হৃদয়ে চিন্তা করিবেন। পরে শুভক্ষণে মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক পুষ্পদ্বারা হৃদয়স্থ দেবকে প্রতিষ্ঠা করিয়া শ্রীমূর্ত্তিতে স্থাপন করিবেন ॥

পশ্চাৎ ধ্রুবসূক্ত দ্বারা প্রতিষ্ঠা করিয়া "সুপ্রতিষ্ঠোভব" এই বলিয়া প্রণবদ্বারা নিরোধপূর্ব্বক নিজবাঞ্ছিত সম্যক্‌রূপে প্রার্থনা করিয়া পুরুষ সূক্তাদিদ্বারা স্তব করিবেন ॥ ২৮১ ॥

অনন্তর কুম্ভের অগ্রোদক অভিমন্ত্রণ পূর্ব্বক মূলমন্ত্রদ্বারা আসন হইতে

মূলেনাচমনীয়ান্তানাসনাদীন্ সমর্পয়েৎ ॥ ২৮২ ॥
সংস্নাপ্যাথ কৃতন্যাসং দেবং পঞ্চামৃতৈঃ সুখং।
সংপাতকলসোদেন বিশুদ্ধান্নোদকেন চ।
শঙ্খার্পিতেন সংস্থাপ্য তন্মন্ত্রৈর্ব্বারসপ্তকং।
বস্ত্রালঙ্কারগন্ধাদীনুপচারান্ প্রকল্পয়েৎ।
নৈবেদ্যানি বিচিত্রাণি পুরুষাহারসম্মিতং।
সঘৃতং শর্করোপেতং পায়সং বা নিবেদয়েৎ ॥ ২৮৩ ॥
মহানীরাজনং কৃত্বা প্রক্ষিপ্য কুসুমাঞ্জলিং।
আচার্য্যো যজমানাঢ্যঃ শক্ত্যা বন্দেত দণ্ডবৎ ॥ ২৮৪ ॥
দত্ত্বা পুষ্পাঞ্জলিং কৃত্বা ন্যাসং প্রার্থ্যাপ্যনেকশঃ।

তন্মন্ত্রৈরিতি ইমা আপঃ শিবতমা ইতি সংপাতকলসোদকেন তন্মূলমন্ত্রেণ চ শুদ্ধান্নোদকেন বারসপ্তকং সপ্তকৃত্বঃ সমাপ্য ॥ ২৮৩ ॥

প্রক্ষিপ্য দেবস্য পাদয়োর্বিকীর্য্য ॥ ২৮৪ ॥

অনেকশঃ বহুধা। শরণাগতোঽয়মস্য যজমানস্য কুলে সর্ব্বদা সানুগ্রহদৃষ্টির্ভবেত্যা-

আচমনীয় পর্য্যন্ত সমর্পণ করিবেন ॥ ২৮২ ॥

অনন্তর, সানন্দে ন্যাসবিধান পূর্ব্বক পঞ্চামৃতদ্বারা দেবকে স্নান করাইয়া পরে "ইমা আপঃ শিবতমাঃ" এই মন্ত্রোচ্চারণপূর্ব্বক শঙ্খস্থ সম্পাত কলসোদক ও বিশুদ্ধ অন্নোদকদ্বারা সাতবার স্নান করাইয়া বস্ত্রালঙ্কার ও গন্ধাদি উপচার কল্পনা করিয়া বিচিত্র নৈবেদ্য অথবা এক পুরুষের আহারের পরিমিত, ঘৃত ও শর্করান্বিত পায়স নিবেদন করিবেন ॥ ২৮৩ ॥

তদনন্তর মহানীরাজনপূর্ব্বক দেবের পাদপদ্মে পুষ্পাঞ্জলি নিক্ষেপ করত আচার্য্য যজমানের সহিত মিলিত হইয়া যথাশক্তি দণ্ডবৎ প্রণাম করিবেন ॥ ২৮৪ ॥

এই রূপে পুষ্পাঞ্জলি দান, ন্যাস বিধান এবং "এই শরণাগত যজমান ব্যক্তির প্রতি অনুকূল দৃষ্টি হউন্" ইত্যাদি বহু প্রকার প্রার্থনা-

পুনঃ পুষ্পাঞ্জলিং দত্ত্বা স্বস্মিন্ন্যাসং সমাচরেৎ ॥ ২৮৫ ॥
দেবপার্শ্বস্থকলসৈরদ্ভিঃ সেচনমন্ত্রতঃ।
কুর্ব্বীত যজমানস্য বিপ্রোপেতোঽভিষেচনং ॥ ২৮৬ ॥
আচার্য্যায় ততোদদ্যাদযজমানস্তু দক্ষিণাং।
বস্ত্রালঙ্কারগোভূমিস্বর্ণাদ্যাং নিজশক্তিতঃ।
যদি বা যজমানঃ স্যাদাচার্য্যঃ স্বয়মেব সঃ।
তদাচাচার্য্যবরণং দক্ষিণাদানমস্তি ন ॥ ২৮৭ ॥
যজমানঃ সমং বিপ্রৈঃ পুণ্যাহং বাচয়েৎ স্বয়ং।
অভিষেকঞ্চ কুর্ব্বীত তাংস্তু সংপূজ্য ভোজয়েৎ ॥ ইতি ॥২৮৮॥

---

দিকং প্রার্থ্য। অপিশব্দঃ সমুচ্চয়ে। ন্যাসং স্বস্মিন্ কুর্য্যাদিত্যনেন পূর্ব্বন্তু দেবে ন্যাসং কৃত্বেতি জ্ঞেয়ং ॥ ২৮৫ ॥

বিপ্রোপেতঃ ব্রাহ্মণৈঃ সহিতঃ ॥ ২৮৬ ॥

পরমপি সংক্ষিপ্তমেব চ শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাবিধিং লিখতি যদিবেতি দ্বাভ্যাং ॥ ২৮৭ ॥

আচার্য্যবরণতদ্দক্ষিণাদানব্যতিরেকেণ পরঞ্চ কৃত্যং পূর্ব্ববদেব সর্ব্বং কুর্য্যাদিতি সমাসেন লিখতি যজমান ইতি ॥ ২৮৮ ॥

---

পূর্ব্বক পুনর্ব্বার পুষ্পাঞ্জলি প্রদান করত দেবতাকে ন্যাস করিয়া আপনাতে ন্যাস করিবেন ॥ ২৮৫ ॥

তৎপরে আচার্য্য ব্রাহ্মণগণের সহিত সেচনমন্ত্র পাঠ পূর্ব্বক দেবপার্শ্বস্থ কলসের জলদ্বারা যজমানের অভিষেক করিবেন ॥ ২৮৬ ॥

তদনন্তর, যজমান স্বীয় শক্ত্যনুসারে আচার্য্যকে বস্ত্র, অলঙ্কার, গো, ভূমি ও স্বর্ণ প্রভৃতি দক্ষিণা দিবেন ॥

আর যদি যজমান নিজেই আচার্য্য হয়েন তাহা হইলে তিনি, আচার্য্যবরণ ও দক্ষিণা দান করিবেন না ॥ ২৮৭ ॥

যজমান স্বয়ং ব্রাহ্মণসহ পুণ্যাহবাচন এবং অভিষেক করিয়া সেই সকল ব্রাহ্মণদিগকে পূজাপূর্ব্বক ভোজন করাইবেন ॥ ২৮৮ ॥

অথৈতৎপ্রতিষ্ঠাফলং ॥

প্রতিষ্ঠানেত্রে।

ইত্যনেন বিধানেন প্রতিষ্ঠাং বিদধাতি যঃ।

তস্য পুণ্যফলাবাপ্তিঃ সুখং চাত্যন্তিকং ক্রমাৎ ॥ ২৮৯ ॥

অথ বৈগুণ্যে পুনঃ সংস্কারঃ।

কদাচিচ্চ কথঞ্চিচ্চেৎ কিঞ্চিদ্বৈগুণ্যমাপতেৎ।

সংস্কারাদি পুনঃ কুর্য্যাৎ সচ্ছাস্ত্রোক্তানুসারতঃ।

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

চালিতোৎপাটিতা হর্চ্চা কেনচিৎ পাপকর্ম্মণা ॥

চণ্ডাল মদ্যসংস্পর্শদূষিতা বহ্নিনা চ যা।

---

ক্রমাদিতি ক্রমেণ যথেচ্ছং স্বর্গাদিভোগানন্তরং আত্যন্তিকং সুখং শ্রীবৈকুণ্ঠপ্রাপ্তিলক্ষণং ভবতীত্যর্থঃ ॥ ২৮৯ ॥

বহ্নিনা চ দূষিতা দগ্ধেত্যর্থঃ। এবং দূষিতেত্যস্য সমাসগতস্যাকর্ষ আর্ষত্বাদদোষঃ।

---

অথ এই প্রতিষ্ঠার ফল যথা—

প্রতিষ্ঠানেত্রে ( গ্রন্থবিশেষে ) ॥

যে ব্যক্তি এই বিধি অনুসারে প্রতিষ্ঠা বিধান করেন তাঁহার ক্রমপূর্ব্বক ইচ্ছানুসারে স্বর্গভোগানন্তর আত্যন্তিক সুখবিশিষ্ট বৈকুণ্ঠলোক প্রাপ্তি হয় ॥ ২৮৯ ॥

অথ বৈগুণ্যে ( দোষ হইলে ) পুনঃসংস্কার ॥

কখন যদি কোন প্রকারে প্রতিমার কিঞ্চিৎ বৈগুণ্য উপস্থিত হয়, তাহা হইলে শাস্ত্রোক্ত বিধানানুসারে পুনর্ব্বার ঐ প্রতিমার সংস্কার করিবেন ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

হে বিপ্র! যদি কোন পাপকর্ম্মা কর্ত্তৃক প্রতিমা চালিত উৎপাটিত অথবা চণ্ডাল ও মদ্য সংস্পর্শে দূষিত কিম্বা অগ্নি দ্বারা দগ্ধ

স্বয়ং বা প্রতিতা জীর্ণা নদীবেগাদিপাতিতা ।
অপুণ্যজনসংস্পৃষ্টাহবিপ্রক্ষতজদূষিতা ॥ ২৯০ ॥
অচলাং দূষিতামেবং স্থাপয়েদ্বিধিনোদ্ধৃতাং ।
পূর্ব্বপীঠং পরিত্যজ্য যদন্যদপি তদ্গতং ॥
ততো যথোক্তবিধিনা প্রাসাদে সংনিবেশয়েৎ ॥ ২৯১ ॥
অতিজীর্ণাং তথা ব্যঙ্গাং দারবীং শৈলজাং তথা ।
পরিত্যজ্য ন্যসেদন্যাং পূর্ব্বোক্তবিধিনা গুরুঃ ॥ ২৯২ ॥
সংহারবিধিনা তত্র তত্ত্বান্ সংহৃত্য দেশিকঃ ।

সংস্পৃষ্টেতি পাঠো বা । জীর্ণা সতী স্বয়ং পতিতা । যদ্বা । জীর্ণাচেতি পৃথক্ দূষণং চিরকালেন জাতক্ষতাদিভির্বৈগুণ্যাদি প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ২৯০ ॥

এবং নবধা দূষিতাং অচলাং স্থিরপ্রতিমাং বিধিনা উদ্ধৃতাং সতীং স্থাপয়েৎ । কথং পূর্ব্বং পীঠং পিণ্ডিকাং অন্যদপি যৎপীঠং গতং প্রাপ্তং তদপি পরিত্যজ্য অন্যস্থানে স্থাপয়েদিত্যর্থঃ ॥ ২৯১ ॥

তত্র চাত্যন্তজীর্ণাদিকাং বিহায় তৎপরিবর্ত্তেনান্যাং স্থাপয়েদিত্যাহ অতিজীর্ণামিতি ॥ ২৯২॥

উদ্ধৃতামিত্যুক্তং তৎপ্রকারমেবাহ সংহারেতি । তত্ত্বান্ পূর্ব্বং প্রতিমায়াং ন্যস্তানি

অথবা জীর্ণ হইয়া স্বয়ং পতিত, নদীবেগাদিতে পতিত, অপুণ্যজন কর্ত্তৃক সংস্পৃষ্ট, অব্রাহ্মণ ও ক্ষতজাদি ( রক্তাদি ) দ্বারা দূষিত হয় ॥ ২৯০ ॥

অচল প্রতিমা এই প্রকার চালন ও উৎপাটনাদি নববিধ দোষে দূষিত হইলে পূর্ব্বপীঠ ( পিণ্ডিকা ) অথবা অন্য যে কোন পীঠ নিকটে উপস্থিত হইলে সেই স্থান হইতে বিধানমতে উদ্ধার পূর্ব্বক অন্য স্থানে স্থাপন করিবেন । তদনন্তর যথোক্তবিধি অনুসারে প্রাসাদমধ্যে মূর্ত্তিকে প্রবেশ করাইবেন ॥ ২৯১ ॥

অপর, দারু বা প্রস্তরনির্ম্মিত মূর্ত্তি যদি অতিজীর্ণ বা বিকলাঙ্গ হইলে তাহা পরিত্যাগ করিয়া পূর্ব্বোক্ত বিধানানুসারে গুরু তৎপরিবর্ত্তে অন্য প্রতিমা স্থাপন করিবেন ॥ ২৯২ ॥

প্রতিমা উত্তোলনের প্রকার এই যে, বিদ্বান্ গুরু সংহার বিধির

সহস্রং নারসিংহেন হুত্বা তামুদ্ধরেদ্বুধঃ ॥ ২৯৩ ॥
বৃষভং যোজয়িত্বা তু মন্ত্রেণোৎপাট্য দেশিকঃ।
দারবীং দ্বাপয়েদ্বহ্নৌ শৈলজাং প্রক্ষিপেজ্জলে।
ধাতুজাং রত্নজাং বাপি প্রক্ষিপেন্মকরালয়ে।
অগাধে চান্যতোয়ে বা ক্ষিপেন্নদ্যাং মহাবনে ॥ ২৯৪ ॥
যানমারোপ্য জীর্ণার্চাং ছাদ্য বস্ত্রাদিনা গুরুঃ।
শঙ্খদুন্দুভিনির্ঘোষৈর্গীতবাদিত্রনিঃস্বনৈঃ।
নীত্বাগাধজলং রম্যং ভাগীরথ্যাং মহার্ণবে।
বিষ্বক্সেনাত্মবীজেন প্রক্ষিপেত্তাং তদা গুরুঃ ॥ ২৯৫ ॥

---

তত্ত্বানি ॥ ২৯৩ ॥

নদ্যাদ্যভাবতো মহাবনে বা ক্ষিপেৎ ॥ ২৯৪ ॥

তৎপ্রকারমেব বিশিষ্যাহ যানমিতি দ্বাভ্যাং ॥ ২৯৫ ॥

---

অনুসারে সেই প্রতিমায় তত্ত্ব সকল বিন্যাস করিয়া নৃসিংহমন্ত্র দ্বারা সহস্র হোমপূর্ব্বক সেই প্রতিমাকে উত্তোলন করিবেন ॥ ২৯৩ ॥

বৃষসংযোজন করিয়া মন্ত্র দ্বারা প্রতিমাকে উৎপাটন করত দারুময়ী প্রতিমাকে অগ্নিতে এবং শৈলজা প্রতিমাকে জলমধ্যে ক্ষেপণ করিবেন। অপর ধাতুজা প্রতিমা বা রত্নজ প্রতিমা হইলে তাহাকে সমুদ্রে অথবা অন্য কোন স্থানের অগাধজলে কিম্বা নদী অথবা মহাবনে নিক্ষেপ করিবেন ॥ ২৯৪ ॥

তৎকালীন গুরু জীর্ণপ্রতিমাকে বস্ত্র দ্বারা আচ্ছাদনপূর্ব্বক যানে আরোহণ করাইয়া শঙ্খদুন্দুভির ধ্বনি ও গীতবাদ্যের শব্দসহকারে লইয়া গিয়া গঙ্গায় বা সমুদ্রে বিষ্বক্সেনাত্মবীজ দ্বারা সুরম্য অগাধজলে নিক্ষেপ করিবেন ॥ ২৯৫ ॥

রত্নানি ক্ষিপ্তান্যাদায় স্বয়ং দদ্যাত্তু দক্ষিণাং।
ধেনবো দশ বা পঞ্চ স্বর্ণবস্ত্রাদ্যলঙ্কৃতাঃ ॥ ২৯৬ ॥
জীর্ণোদ্ধারে প্রদাতব্যা গুরবে বিষ্ণুতুষ্টয়ে।
ভোজনীয়া বিষ্ণুভক্তা দেয়মন্নমবারিতং ॥ ২৯৭ ॥
ত্রিরাত্রমুৎসবং কার্য্যং পঞ্চ বা সপ্ত বা তথা।
বলিশ্চ বিধিনা দেয়ো যথোক্তেন সুরোত্তম।
ততো নিবেশয়েদন্যাং প্রতিমাং লক্ষণান্বিতাং।
তৎক্ষণাদেব রাজেন্দ্র তস্য দোষপ্রশান্তয়ে ॥ ২৯৮ ॥
সম্পত্তির্বা বিপত্তির্বা নোপেক্ষাং তত্র কারয়েৎ।
অপাস্য পিণ্ডিকাং পূর্ব্বমন্যাং তত্র নিবেশয়েৎ।

ক্ষিপ্তানি পিণ্ডিকাধঃ পূর্ব্বং ন্যস্তানি। ব্রাহ্মণেভ্যো দক্ষিণাং দদ্যাৎ ॥ ২৯৬ ॥
অবারিতং যথাস্যাৎ যোগ্যাযোগ্যাদ্যবিচারেণ সর্ব্বেভ্য এব দেয়মিত্যর্থঃ ॥ ২৯৭ ॥
তস্য দৈবাজ্জাতস্য পূর্ব্বোক্তস্য দোষস্য প্রশান্তয়ে স্বস্যেতি বা ॥ ২৯৮ ॥

অনন্তর পিণ্ডিকার অধোভাগে পূর্ব্বনিক্ষিপ্ত রত্ন সকল স্বয়ং গ্রহণ করিয়া ব্রাহ্মণদিগকে দক্ষিণা দিবেন এবং স্বর্ণবস্ত্রাদি দ্বারা অলঙ্কৃত দশ বা পঞ্চ ধেনু—॥ ২৯৬ ॥

জীর্ণোদ্ধারে গুরুকে অর্পণ করিবেন। বিষ্ণুর সন্তোষ নিমিত্ত বিষ্ণুভক্তদিগকে ভোজন করাইবেন এবং অবারিত অর্থাৎ পাত্রাপাত্র বিচার না করিয়া সমস্ত লোককেই অন্ন দান করিবেন ॥ ২৯৭ ॥

হে দেবোত্তম! তিন বা পাঁচ অথবা সাত দিন উৎসব করিবেন, তথা যথোক্ত বিধি দ্বারা বলি অর্থাৎ পূজোপকরণ সকল সমর্পণ করিবেন। তৎপরে হে রাজেন্দ্র! দৈবাৎ জাত পূর্ব্বোক্ত দোষশান্তির নিমিত্ত তৎক্ষণাৎ লক্ষণান্বিত অন্য প্রতিমা নিবিষ্ট করিবেন ॥ ২৯৮ ॥

সম্পত্তি হউক বা বিপত্তিই হউক, তাহাতে উপেক্ষা না করিয়া পূর্ব্ব পিণ্ডিকা নিক্ষেপ পূর্ব্বক অন্য পিণ্ডিকা প্রবেশ করাইবেন। যে দ্রব্য

যদ্দ্রব্যা যৎপ্রমাণা বা যা মূর্ত্তিশ্চোদ্ধৃতা হরেঃ।
তদ্দ্রব্যা তৎপ্রমাণা চ সা মূর্ত্তিস্তত্র কীর্ত্ত্যতে।
যৎপ্রমাণং যদাকারং যন্ময়ং বিম্বমুদ্ধরেৎ বা।
তৎপ্রমাণং তদাকারং তন্ময়ং তত্র বিন্যসেৎ॥
বিহায় পিণ্ডিকাং পূর্ব্বাং তদ্দিনে চাপরং ন্যসেৎ।
দ্বিতীয়ে বা তৃতীয়ে বা দিবসে স্থাপয়েদ্ধরিং।
অত ঊর্দ্ধং ভবেদ্দোষো বিধিনাপি নিবেশিতে॥ ২৯৯॥
অনেনৈব বিধানেন লেপ্যাদীংশ্চ বিসর্জ্জয়েৎ।
অন্যাং প্রকল্পয়েত্তত্র তৎপ্রমাণাং তদাকৃতিং॥
কিঞ্চ॥
ভ্রষ্টায়াং তু হৃতায়াং তু নষ্টায়াং তু প্রমাদতঃ।

দার্ঢ্যার্থমুক্তপোষন্যায়েনাহ। যৎপ্রমাণং কিম্বং শ্রীমূর্ত্তিং॥ ২৯৯॥

যে পরিমাণ হরির যে মূর্ত্তি উদ্ধৃতা হইবেন, তদ্দ্রব্য বা তৎপরিমাণ সেই মূর্ত্তি তথায় কীর্ত্তিত হয়। অপর যৎপ্রমাণ, যদাকার ও যৎস্বরূপ প্রতিমা উদ্ধার করা হয়, তৎপ্রমাণ, তদাকার ও তৎস্বরূপ প্রতিমা সেই স্থানে নিবিষ্ট করিবেন॥

যে দিন পূর্ব্ব পিণ্ডিকা নিক্ষেপ করিবেন, সেই দিনেই অন্য পিণ্ডিকা স্থাপন করিবেন। দ্বিতীয় অথবা তৃতীয় দিনে হরিপ্রতিমা স্থাপন করিবেন, ইহার ঊর্দ্ধ হইলে যথাবিধি স্থাপন করিলেও দোষরূপে পরিণত হয়॥ ২৯৯॥

এই বিধান দ্বারাই লেপ্যাদি প্রতিমাকে বিসর্জ্জন করিবেন, সেই স্থানে তৎপ্রমাণ ও তদাকৃতি অন্য প্রতিমা কল্পনা করিবেন॥

আরও॥

প্রমাদবশতঃ যদি অন্য প্রতিমা ভ্রষ্ট অথবা অপহৃত কিম্বা নষ্ট হয়,

সকূটং নারসিংহং বা লক্ষং গুহ্যং জপেদ্বুধঃ ॥ ৩০০ ॥
পতিতায়াং তথা ভূমৌ যত্র কুত্রাপি বা তথা।
কুর্য্যাদযুতজপ্যন্তু গুরুঞ্চাপি প্রপূজয়েৎ।
হস্তমাত্রচ্যুতায়াং তু জপেৎ সার্দ্ধাযুতদ্বয়ং।
দ্বিহস্তমাত্রেপাতেন্তু প্রমাদাদ্যদি জায়তে।
তদা লক্ষং জপেন্মন্ত্রং বৈষ্ণবানপি পূজয়েৎ ॥
পুরুষপ্রমাণপাতেন ব্যঙ্গা তু প্রতিমা যদা।
পূর্ব্ববৎ সর্ব্বকর্ম্মাণি কুর্য্যান্নাস্ত্যত্র সংশয়ঃ।
যাবন্মন্ত্রস্য জপ্যন্তু কৃতং তস্য চতুর্থকং।
আজ্যাক্তৈশ্চ তিলৈর্হোমঃ কার্য্যো ন্যূনাদিপূরণে ॥
ব্রহ্মপুরাণে ॥

কূটং বীজং ॥ ৩০০ ॥

তাহা হইলে পণ্ডিত ব্যক্তি সবীজ নারসিংহমন্ত্র অথবা গুহ্যমন্ত্র একলক্ষ জপ করিবেন ॥ ৩০০ ॥

অপর যে কোন স্থানেই হউক, প্রতিমা ভূমিতে পতিত হইলে অযুত জপ করিবেন এবং গুরুকেও পূজা করিবেন। প্রতিমা যদি একহস্ত-মাত্র চ্যুত হয়, তবে সার্দ্ধ দুই অযুত জপ করিবেন, আর যদি প্রমাদ-বশতঃ দ্বিহস্তমাত্র পতিত হয়, তাহা হইলে লক্ষমন্ত্র জপ এবং বৈষ্ণব-দিগকে পূজা করিবেন ॥

অপর পুরুষপ্রমাণ উচ্চ হইতে যদি প্রতিমা পতিত হইয়া বিকলাঙ্গ হয়, তাহা হইলে পূর্ব্বের ন্যায় সমস্ত কর্ম্ম করিবেন, ইহাতে সংশয় নাই। যত সংখ্যক মন্ত্র জপ করিবেন, তাহার চতুর্থাংশ ঘৃতমিশ্রিত তিল দ্বারা হোম করিবেন, ইহাতেই ন্যূনাদি পূর্ণ হয় ॥

ব্রহ্মপুরাণে ॥

খণ্ডিতে স্ফুটিতে দগ্ধে ভ্রষ্টে মানবিবর্জ্জিতে।
যাগহীনে পশুস্পৃষ্টে পতিতে দুষ্টভূমিষু।
অন্যমন্ত্রার্চ্চিতে চৈব পতিতস্পর্শদূষিতে।
দশস্বেতেষু নো চক্রুঃ সন্নিধানং দিবৌকসঃ।
ইতি সর্ব্বগতো বিষ্ণুঃ পরিভাষাং চকার হ॥ ৩০১ ॥
তত্র চ শৈবাগমে॥
খণ্ডিতা স্ফুটিতা ভগ্না যস্মাদর্চ্চা ভয়াবহা।
তস্মাৎ সমুদ্ধরেত্তাঞ্চ পূর্ব্বোক্তবিধিনা বুধঃ॥ ৩০২ ॥
দেবতাপ্রতিমাপূজ্যা স্বতন্ত্রৈরেব চোদিতৈঃ।
বিজ্ঞাপ্য দেবতাং মন্ত্রী পূর্ব্ববৎ মন্ত্রমুচ্চরন্।

**খণ্ডিতে** জাতক্ষতে স্ফুটিতে ভগ্নাঙ্গে দগ্ধে বর্ণান্তরাপাদকদাহদূষিতে ভ্রষ্টে নিজস্থানাচ্চলিতে পতিতে বা মানেন উক্ত পরিমাণেন বিবর্জিতে যাগহীনে অপ্রতিষ্ঠিতে পূজারহিতে বা পশুস্পৃষ্টে অস্পৃশ্যপশুস্পার্শদূষিতে। দুষ্টভূমিষু অশুচিস্থানেষু কথঞ্চিৎ পতিতে। অন্যন্ত্রৈবমন্ত্রেণার্চ্চিতে এতেষু অধিষ্ঠানেষু। এতচ্চ সত্যমেবেত্যাহ ইতীতি॥ ৩০১ ॥

**তত্র** কথং ব্যবহর্ত্তব্যমিত্যপেক্ষায়াং শৈবাগমোক্তং লিখতি খণ্ডিতেত্যাদি॥ ৩০২ ॥

খণ্ডিত, স্ফুটিত, দগ্ধ, ভ্রষ্ট, পরিমাণবর্জিত, যাগহীন ( অপ্রতিষ্ঠিত বা পূজারহিত ), অস্পৃশ্য পশুর ( কুক্কুরাদির ) স্পার্শদূষিত, দুষ্টভূমিতে পতিত, অন্য দেবমন্ত্র দ্বারা পূজিত এবং পতিত স্পর্শদূষিত এই দশ স্থানে দেবতা সকল সন্নিধান করেন না অর্থাৎ সেই প্রতিমাতে দেবত্ব থাকে না। সর্ব্বগত বিষ্ণু ভগবান্ এই সত্যবাক্য কহিয়াছেন॥ ৩০১ ॥

তদ্বিষয়ে শৈবাগমেও॥

যখন খণ্ডিত, স্ফুটিত ও ভগ্ন প্রতিমা ভয় উৎপাদন করেন, তখন পণ্ডিত ব্যক্তি পূর্ব্বোক্তবিধ্যনুসারে তাহাকে উদ্ধার করিবেন॥ ৩০২ ॥

দেবতাপ্রতিমার পূজাবিষয়ক স্বীয় তন্ত্রোক্তবিধানানুসারে দেবতাকে বিজ্ঞাপন করিয়া মন্ত্রী ব্যক্তি পূর্ব্বের ন্যায় মন্ত্র উচ্চারণ করত স্বস্থান

স্বস্থানাদুদ্ধরেদর্চাং কিন্তু তাং বৃষভাদ্বিনা।
চালয়েচ্ছিল্পিভিঃ সার্দ্ধং সহায়ৈর্বলবত্তরৈঃ।
চালিতোৎপাটিতা বার্চ্চা কেনচিৎ পাপকারিণা।
স্বস্থানপতিতা ভদ্রে নির্ব্রণা লক্ষণান্বিতা।
মন্ত্রতন্ত্রপ্রদেশজ্ঞঃ প্রতিষ্ঠাতন্ত্রনির্ম্মলঃ।
স্থাপয়েত্তাং প্রযত্নেন পূর্ব্ববৎ বিধিনা গুরুঃ।
অর্চ্চা সমুদ্ধৃতা যত্র নির্ব্রণা লক্ষণান্বিতা।
তত্র তাং স্থাপয়েন্মন্ত্রী পূর্ব্ববৎ ব্রহ্মণঃ শিলাং।
সংশোধ্য মন্ত্রসংস্কারৈঃ কৃত্বা চৈবাধিবাসনং।
পূর্ব্বোক্তেন বিধানেন স্থাপয়েচ্ছাস্ত্রবিত্তমঃ॥ ৩০৩॥
খণ্ডিতাং স্ফুটিতাং জীর্ণামবলীঢ়াঞ্চ বহ্নিনা।

ভ্রষ্টা দুষ্টস্থানে পতিতা চ নির্ব্রণা চেত্তর্হি পুনঃ সংস্কার্য্যেত্যাহ চালিতেতি চতুর্ভিঃ। লক্ষণান্বিতেত্যনেন মানহীনা ত্যাজ্যেত্যর্থঃ॥ ৩০৩॥

তথা খণ্ডিতাদিকাপি হেয়ৈবেত্যাহ খণ্ডিতামিতি॥ ৩০৪॥

হইতে প্রতিমাকে উত্তোলন করিবেন, কিন্তু বৃষ এবং মহাবলিষ্ঠ শিল্পিগণকে সহায় করিয়া সেই প্রতিমাকে চালিত করিবেন। হে ভদ্রে! যদি কোন পাপি ব্যক্তি কর্ত্তৃক সেই প্রতিমা চালিত বা উৎপাটিত হইয়া স্বস্থান হইতে পতিত হওত নির্ব্রণা অর্থাৎ অখণ্ডিত ও লক্ষণান্বিত থাকেন, তাহা হইলে মন্ত্রতন্ত্র ও প্রদেশজ্ঞ এবং প্রতিষ্ঠাতন্ত্রে নির্ম্মলবুদ্ধি গুরু পূর্ব্বোক্ত বিধানানুসারে যত্নপূর্ব্বক তাঁহাকে স্থাপন করিবেন। যে স্থানে প্রতিমা উদ্ধৃতা হইয়া নির্ব্রণা ও লক্ষণান্বিতা থাকেন, মন্ত্রী ব্যক্তি সেই ব্রহ্মশিলাকে পূর্ব্বের ন্যায় সেই স্থানে স্থাপন করিবেন। উত্তমমন্ত্রজ্ঞ মন্ত্রসংস্কার দ্বারা শিলাকে শোধিত এবং অধিবাসিত করিয়া পূর্ব্বোক্ত বিধানানুসারে স্থাপন করিবেন॥ ৩০৩॥

খণ্ডিত, স্ফুটিত, জীর্ণ এবং অগ্নিকর্ত্তৃক অবলীঢ় অর্থাৎ দগ্ধ, তথা

প্রতিমাং বর্জ্জয়েদ্যত্নাদুগ্নাং স্বৈর্লক্ষণৈর্যুতাং ॥ ৩০৪ ॥
বিধিবৎ পাটিতামর্চ্চাং দারুজাং শৈলজাদিকাং।
নিক্ষিপেদ্দারুজামগ্নৌ তথান্যামপ্সু নিক্ষিপেৎ ॥ ৩০৫ ॥
যদ্রূপা যৎপ্রমাণা চ যস্মিন্নর্চ্চা সমুদ্ধৃতা।
তদ্রূপাং তৎপ্রমাণাং চ তস্মিন্নর্চ্চাং নিবেশয়েৎ।
প্রতিমা যস্য দেবস্য স্বশাস্ত্রে সংপ্রকীর্ত্তিতা।
তস্য দেবস্য তৈর্মন্ত্রৈরর্চ্চাং সংস্থাপয়েদ্বুধঃ ॥ ৩০৬ ॥
একাহপূজাবিহতৌ কুর্য্যাদ্দ্বিগুণমর্চ্চনং।
ত্রিরাত্রে তু মহাপূজাং সংপ্রোক্ষণমতঃ পরং ॥ ৩০৭ ॥

বর্জনপ্রকারমেবাহ বিধিবদিতি। পাটিতাং উৎপাটিতাং সতীং। তদ্বিধিঃ শ্রীহয়শীর্ষদেবোক্তো লিখিত এব ॥ ৩০৫ ॥

স্থাপনপ্রকারং চাহ যদ্রূপেতি ॥ ৩০৬ ॥

সংপ্রোক্ষণং মহাস্নানং ॥ ৩০৭ ॥

স্বীয় লক্ষণযুক্ত প্রতিমা ভগ্ন হইলে তাহাকে যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবেন ॥ ৩০৪ ॥

দারু অথবা প্রস্তরাদি দ্বারা নির্ম্মিত প্রতিমা উৎপাটিত হইলে দারুজ-প্রতিমাকে অগ্নিতে এবং অন্য অর্থাৎ শৈলজাদি প্রতিমাকে জলে নিক্ষেপ করিবেন ॥ ৩০৫ ॥

যে স্থানে যেরূপ ও যে পরিমাণ প্রতিমা উদ্ধৃত হইবে, সেইরূপও সেই পরিমাণ প্রতিমা সেই স্থানে নিবেশ করাইবেন। যে দেবের যে প্রতিমা শাস্ত্রে সম্যক্ প্রকারে কীর্ত্তিত হইয়াছে, পণ্ডিত ব্যক্তি সেই দেবতার সেই মন্ত্রে প্রতিমা সংস্থাপন করিবেন ॥ ৩০৬ ॥

প্রতিমার একদিবস পূজা রহিত হইলে তাঁহার দ্বিগুণ পূজা করিবেন, ত্রিরাত্র পূজা রহিত হইলে মহাপূজা এবং ততোঽধিক হইলে সংপ্রোক্ষণ অর্থাৎ মহাস্নান করাইবেন ॥ ৩০৭ ॥

মাসাদূর্দ্ধমনেকাহং পূজা যদি বিহন্যতে।
প্রতিষ্ঠৈবেষ্যতে কৈশ্চিৎ কৈশ্চিৎ সংপ্রোক্ষণক্রমঃ ॥ ৩০৮ ॥
কিঞ্চ ॥
সংপ্রোক্ষণন্তু দেবস্য দেবমুদ্বাস্য পূর্ব্ববৎ।
অষ্টপঞ্চক্রমেণৈব স্নাপয়িত্বা মৃদম্ভসা।
গবাং রসৈশ্চ সংস্নাপ্য দর্ভতোয়ৈর্বিশোধ্য চ।
প্রোক্ষয়েৎ প্রোক্ষণীতোয়ৈর্ম্মূলেনাষ্টোত্তরং শতং ॥ ৩০৯ ॥
সপুষ্পং সকুশং পাণিং ন্যস্য দেবস্য মস্তকে।
পঞ্চবারং জপেন্মূলমষ্টোত্তরশতোত্তরং।

যাগহীনায়াং কৃত্যমাহ মাসাদিতি। এবং পশুস্পৃষ্টান্যমন্ত্রার্চ্চিতান্ত্যজাদিস্পর্শদূষিতাসু মহাস্নানমেব জ্ঞেয়ং ॥ ৩০৮ ॥

সংপ্রোক্ষণপ্রকারমেবাহ সংপ্রোক্ষণমিতি চতুর্ভিঃ। অষ্টপঞ্চক্রমেণেতি আদৌ বল্মীকাদ্যষ্টস্থানমৃত্তিকাজলেন ততস্তীর্থাদিপঞ্চস্থানমৃত্তিকা জলেন পঞ্চকষায়াদিজলেন বা ইত্যর্থঃ ॥ ৩০৯ ॥

পঞ্চ অবরা যত্র। অষ্টোত্তরশতমুত্তরাণি যত্র। পঞ্চবারতোঽষ্টোত্তরশতবার পর্য্যন্ত-

যদি একমাসের ঊর্দ্ধ অনেক দিবস প্রতিমার পূজা বিহত হয়, তাহা হইলে কোন কোন পণ্ডিত প্রতিষ্ঠা ইচ্ছা করেন এবং কোন কোন পণ্ডিত সংপ্রোক্ষণ অর্থাৎ মহাস্নানের বিধি দিয়া থাকেন ॥ ৪০৮ ॥

আরও ॥

পূর্ব্ববৎ দেবকে উদ্বাসন করিয়া দেবের সংপ্রোক্ষণ প্রকার এই যে অষ্ট পঞ্চ ক্রমে অর্থাৎ বল্মীকাদি স্থানের মৃত্তিকাযুক্ত জল এবং পঞ্চকষায়াদি জলদ্বারা স্নান, তৎপরে গোরস (দুগ্ধ) দ্বারা স্নান করাইয়া কুশজল দ্বারা শোধন করত মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক প্রোক্ষণীপাত্রের জল দ্বারা অষ্টোত্তর শতবার প্রোক্ষণ করিবেন ॥ ৩০৯ ॥

পুষ্প ও কুশহস্ত দেবের মস্তকে স্থাপনপূর্ব্বক একশত অষ্টবার করিয়া পাঁচবার মূলমন্ত্র জপ করিবেন। তৎপরে মূলমন্ত্র দ্বারা মূর্দ্ধাদি

ততো মূলেন মূর্দ্ধাদিপীঠান্তং সংস্পৃশেদপি।
পূজাঞ্চ মহতীং কুর্য্যাৎ দেবমাবাহ্য পূর্ব্ববৎ ॥

দেবীপুরাণে ॥

দেবার্চা নৈব সঞ্চাল্যা মৃণ্ময়াপি ভয়াবহা।
হৈমাদির্দোষদা বৎস পূর্ব্বামুদ্ধৃত্য স্থাপিতা ॥ ৩১০ ॥
মহাদুর্ভিক্ষজননী মরকারিষ্টদা * ভবেৎ।
কর্ত্তুর্গোত্রস্য ভয়দা রিপুবংশবিবর্দ্ধিনী ॥ ৩১১ ॥

পুনঃ সংস্কারমাহাত্ম্যং তত্রৈব ॥

জপে যথাশক্তিমূলমন্ত্রং জপেদিত্যর্থঃ। মূর্দ্ধাদি দেবস্য শ্রীমস্তকপূর্ব্বমিতি প্রথমং প্রতিষ্ঠায়াং যথা কৃতাস্তি তথৈব কুর্য্যাদিত্যর্থঃ। পূর্ব্বাং পূর্ব্বস্থাপিতাং মৃণ্ময়ীং উদ্ধৃত্য তৎপরিবর্ত্তেন হৈমাদিঃ হেমাদিনির্ম্মিতা তৎস্থানে স্থাপিতাপি দোষদা অশুভকরী ॥ ৩১০ ॥
দোষমেবাহ মহেতি ॥ ৩১১ ॥

পীঠ পর্য্যন্ত স্পর্শ করিবেন এবং পূর্ব্বের ন্যায় দেবকে আহ্বান করিয়া মহতী পূজা করিবেন ॥

দেবীপুরাণে ॥

হে বৎস! দেবপ্রতিমাকে চালনা করিবে না, মৃণ্ময়ী প্রতিমা হইলেও তাহা ভয়ের কারণ হইয়া থাকে, মৃণ্ময়াদি প্রতিমা উত্তোলন করিয়া তাহার স্থানে স্বর্ণময়ী প্রতিমা স্থাপন করা হইলে তাহাও অশুভপ্রদায়িনী হইয়া থাকে ॥ ৩১০ ॥

ঐ প্রকার কৃত হইলে সেই প্রতিমা মহাদুর্ভিক্ষজননী এবং মরকাদি অরিষ্ট ( মৃত্যুর পূর্ব্বলক্ষণ ) প্রদায়িনী তথা কর্ত্তার গোত্রের ( বংশের ) ভয়প্রদা হয়েন ও শত্রুবংশকে বর্দ্ধিত করেন ॥ ৩১১ ॥

পুনর্ব্বার সংস্কারের মাহাত্ম্য ঐ দেবীপুরাণে যথা ॥

* "মারিকা" ইতি বৃন্দাবনীয়পুস্তকে পাঠঃ।

শীর্ণো দেবোঽথ প্রাসাদো যৈঃ পুনঃ সংস্কৃতো দ্বিজ।
অশোচ্যাস্তে মহাত্মানো ধূতপাপা মহাধিয়ঃ ॥ ৩১২ ॥
হয়শীর্ষে ॥
যো জীর্ণং বিধিনা দেবং সংস্কুর্য্যান্মানবো ভুবি।
ফলং দশগুণং তস্য মূলান্নাস্ত্যত্র সংশয়ঃ।
মূলাদ্দশগুণং পুণ্যং কূপাদেঃ পরিকীর্ত্তিতং।
প্রতিমাদৌ শতগুণং জীর্ণসংস্করণাদ্ভবেৎ ॥ ৩১৩ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে প্রাতিষ্ঠিকোনামৈকোনবিংশো বিলাসঃ ॥ * ॥ ১৯ ॥ * ॥

---

দেবঃ তৎপ্রতিমেত্যর্থঃ। অথ শব্দোবিকল্পে। প্রাসাদো বা মহাত্মানো নিরভিমানাঃ মহাধিয়শ্চ পরমবিবেকিনঃ স্বকীর্ত্ত্যনপেক্ষণেন পরকীর্ত্তিসংরক্ষণেন চ পুণ্যবিশেষসিদ্ধেঃ ॥৩১২॥
মূলাৎ প্রথমস্থাপকাৎ ॥ ৩১৩ ॥

॥ * ॥ ইত্যুনবিংশঃ ॥ * ॥

---

হে দ্বিজ! যে সকল ব্যক্তি জীর্ণদেব অথবা জীর্ণপ্রাসাদের পুনর্ব্বার সংস্কার করেন, তাঁহারা অশোচ্য, মহাত্মা, ধূতপাপ ও মহাধী অর্থাৎ পরমবিবেকী হয়েন ॥ ৩১২ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

যে মনুষ্য পৃথিবীতে জীর্ণদেবকে যথাবিধি সংস্কার করেন, প্রথম স্থাপক হইতে তাঁহার দশগুণ ফল হয়, ইহাতে সংশয় নাই। জীর্ণসংস্করণ প্রথম স্থাপক হইতে কূপাদির দশগুণ পুণ্য হয় এবং প্রতিমাদিতে শতগুণ পুণ্য হইয়া থাকে ॥ ৩১৩ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ-বিদ্যারত্নকৃতানুবাদে প্রাতিষ্ঠিক অর্থাৎ প্রতিমার প্রতিষ্ঠাবিষয়ক নাম একোনবিংশতিবিলাস ॥ * ॥

# শ্রীহরিভক্তিবিলাসঃ।

## বিংশবিলাসঃ।

কথঞ্চন স্মৃতে যস্মিন্ দুষ্করং সুকরং ভবেৎ।
বিস্মৃতে বিপরীতং স্যাৎ শ্রীচৈতন্যং নমামি তং॥ ১॥
শ্রীমূর্ত্তেঃ স্থাপনায়ৈকং বেশ্মাবশ্যমপেক্ষ্যতে।
অতোমন্দিরনির্ম্মাণবিধিরত্র বিলিখ্যতে॥ ২॥
অথ শ্রীভগবন্মন্দিরনির্ম্মাণং॥

---

সিধ্যেৎ প্রাসাদিকো ভক্তিবিলাসো যৎ প্রসাদতঃ।
স মে প্রসন্নবদনঃ শ্রীচৈতন্যঃ প্রসীদতু॥ ০॥

শ্রীভগবতো মন্দিরনির্ম্মাণবিধিং লিখিষ্যন্ তল্লিখনে চাত্মনাঽশক্যোপি তস্য স্মরণপ্রভাবেণ শক্তিং সংভাবয়ন্ তং প্রণমতি কথঞ্চনেতি। যেন কেনাপি প্রকারেণ স্মৃতেঽপি। দুষ্করং কর্ত্তুমশক্যমপি। বিপরীতং সুকরমপি দুষ্করং স্যাৎ। এবমন্বয়ব্যতিরেকাভ্যাং স্মরণপ্রভাবো দর্শিতঃ॥ ১॥

নমু বৈষ্ণবানামাবশ্যককর্ম্মলিখনমেব প্রাক্ প্রতিজ্ঞাতং তৎ কিং প্রাসাদলিখনেন তত্র লিখতি শ্রীমূর্ত্তিরিতি। পূজার্থমবশ্যং শ্রীভগবন্মূর্ত্তিরপেক্ষ্যতে তদর্থং চাবশ্যং গৃহমেকং তদ্যোগ্যমপেক্ষ্যতে অতস্তন্নির্ম্মাণপ্রকারলিখনমপ্যুপযুক্তমেবেতি ভাবঃ॥ ২॥

---

যিনি যে কোন প্রকারে স্মৃত হইলে দুষ্কর কর্ম্মও সুকর হয় এবং যিনি বিস্মৃত হইলে সুকরও দুষ্কর হইয়া থাকে, সেই চৈতন্যদেবকে আমি নমস্কার করি॥ ১॥

শ্রীমূর্ত্তি স্থাপনের নিমিত্ত একটী বেশ্ম অর্থাৎ শ্রীমন্দির অপেক্ষা করে, অতএব এস্থানে মন্দির নির্ম্মাণবিধি লিখিত হইতেছে॥ ২॥

অথ শ্রীভগবন্মন্দিরনির্ম্মাণ॥

ভবেদ্বহুবিধং তচ্চ বেশ্ম তত্র স্বশক্তিতঃ ।
শাস্ত্রানুসারতঃ কুর্য্যাদেবং বাসোচিতং প্রভোঃ ॥ ৩ ॥
অথ মন্দিরনির্ম্মাণমাহাত্ম্যং ।
বামনপুরাণে ॥
যঃ কারয়েন্মন্দিরং মাধবস্য
পুণ্যান্ লোকান্ স জয়েচ্ছাশ্বতান্ বৈ ।
দত্ত্বারামান্ পুষ্পফলাভিপন্নান্
ভোগান্ ভুঙ্‌ক্তে কামতঃ স্বর্গসংস্থঃ ॥ ৪ ॥
পিতামহস্য পুরতঃ কুলান্যষ্টৌ চ যানি তু ।
তারয়েদাত্মনাসার্দ্ধং বিষ্ণোর্মন্দিরকারকঃ ॥ ৫ ॥

---

প্রাসাদমণ্ডপাদিভেদেন বহুবিধং তচ্চ ন শাস্ত্রোক্তব্যতিক্রমেণ কার্য্যমিতি লিখতি শাস্ত্রেতি । যতঃ প্রভোর্জগদীশ্বরস্য বাসোচিতং ॥ ৩ ॥

শাশ্বতান্ লোকানিতি বহুত্বং শ্রীবৈকুণ্ঠলোকস্য গৌরবাতিপ্রায়েণ তত্রত্য বহুলপ্রদেশবিশেষাপেক্ষয়া বা জ্ঞেয়ং । অন্যেষাং সর্ব্বেষামশাশ্বতত্বাৎ ॥ ৪ ॥

ন চ স এবৈকঃ কিন্তু নিজপূর্ব্বজৈরপ্যন্বিত ইত্যাহ পিতেতি । তারয়েদ্দুষ্কর্ম্মভিঃ সংসারাব্ধৌ নরকেষু বা পতিতানপি শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপণেনাশেষদুঃখপারং নয়েদিত্যর্থঃ ॥ ৫ ॥

---

গৃহ, প্রাসাদ ও মন্দিরাদি ভেদে বহুবিধ হয়, তাহাতে স্বীয় শক্ত্যনুসারে যথাশাস্ত্র প্রভুর বাসোচিত মন্দির নির্ম্মাণ করিবে ॥ ৩ ॥

অথ মন্দিরনির্ম্মাণমাহাত্ম্য ।

বামনপুরাণে ॥

যে ব্যক্তি মাধবের মন্দির নির্ম্মাণ করান, তিনি বৈকুণ্ঠ, পবিত্র ও শাশ্বত ( নিত্য ) লোকসমূহ জয় করেন, আর যিনি পুষ্পফলযুক্ত আরাম অর্থাৎ উপবন দান করেন, তিনি স্বর্গস্থ হইয়া যথেষ্ট ভোগ সকল উপভোগ করেন ॥ ৪ ॥

বিষ্ণুর মন্দির নির্ম্মাণকর্ত্তা পিতামহের সম্মুখে যে সকল অষ্টকুল আপনার সহিত তাহাদিগের উদ্ধার করেন ॥ ৫ ॥

কিঞ্চ।

পিতৃগাথায়াং ॥

অপি নঃ স্বকুলে কশ্চিদ্বিষ্ণুভক্তো ভবিষ্যতি।
হরিমন্দিরকর্ত্তা যো ভবিষ্যতি শুচিব্রতঃ ॥ ৬ ॥

অগ্নিপুরাণে ॥

যে ধ্যায়ন্তি সদা বুদ্ধ্যা করিষ্যামো হরের্গৃহং।
তোষাং বিলীয়তে পাপং পূর্ব্বজন্মশতোদ্ভবং ॥ ৭ ॥

কিঞ্চ ॥

সমতীতং ভবিষ্যঞ্চ কুলানামযুতং নরঃ।
বিষ্ণুলোকং নয়ত্যাশু কারয়িত্বা হরের্গৃহং ॥

কিঞ্চ ॥

---

অতএব পিতৃভির্গীয়তে অপীতি ॥ ৬ ॥

করিষ্যাম ইতি বুদ্ধ্যা ধ্যায়ন্তি দৃঢ়েচ্ছাং কুর্ব্বন্তি। যদ্বা। বুদ্ধ্যা ভাবনয়া করিষ্যাম ইতি সদা চিন্তয়ন্ত্যেব ন তু তাদৃশমপি কদাপি কর্ত্তুং শক্নুবন্তি তেষামপি ॥ ৭ ॥

---

আরও।

পিতৃগাথায় অর্থাৎ পিতৃলোকের বাক্যে যথা ॥

আমাদিগের কুলে এমন কোন্ বিষ্ণুভক্ত উৎপন্ন হইবে যে, সে শুচিব্রত হইয়া বিষ্ণুমন্দির নির্ম্মাণ করিবে ॥ ৬ ॥

অগ্নিপুরাণে ॥

যে সকল ব্যক্তি বিষ্ণুর মন্দির করিব সর্ব্বদা বুদ্ধি দ্বারা এরূপ ধ্যান করেন, সেই সকল ব্যক্তির পূর্ব্বশতজন্মোদ্ভব পাপ বিনষ্ট হয় ॥ ৭ ॥

আরও ॥

মনুষ্য হরির গৃহ নির্ম্মাণ করাইয়া অতীত ও ভবিষ্যৎ অযুত কুলকে বিষ্ণুলোক প্রাপ্তি করান ॥

আরও ॥

লক্ষেণাথ সহস্রেণ শতেনার্দ্ধেন বা হরেঃ।
তুল্যং ফলং সমাখ্যাতমিহেশ্বরদরিদ্রয়োঃ ॥ ৮ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে ॥
কৃত্বা বাসগৃহং তস্য দেবস্য পরমেষ্ঠিনঃ।
রাজসূয়াশ্বমেধানাং ফলেন সহ যুজ্যতে।
সুরবেশ্মনি যাবন্তো দ্বিজেন্দ্রাঃ পরমাণবঃ।
তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ॥ ৯ ॥
প্রাসাদে মৃণ্ময়ে পুণ্যং ময়ৈতৎকথিতং দ্বিজাঃ।
তস্মাদ্দারুময়ে পুণ্যং কৃতে শতগুণং ভবেৎ।
ততো দশগুণং পুণ্যং তথা শৈলময়ে ভবেৎ।

লক্ষণেতি সমর্থো বহুবিত্তব্যয়েন হরের্গৃহং করোতু দরিদ্রো বাল্পব্যয়েন করোতু দ্বয়োরপি হরেঃ সকাশাৎ ফলং সমানমেব কথিতমভিজ্ঞৈঃ শ্রদ্ধাদিসাম্যাৎ পরমফলবৈকুণ্ঠৈকপ্রাপণাদ্বা ইতি দিক্ ॥ ৮ ॥

হে দ্বিজেন্দ্রাঃ ॥ ৯ ॥

লক্ষ অথবা সহস্র কিম্বা শত বা তদর্দ্ধ বিত্ত দ্বারা যে বিষ্ণুমন্দির নির্ম্মাণ করে, ইহাতে ধনাঢ্য ও দরিদ্রের ভেদ নাই, সকলেরই তুল্য ফল জানিতে হইবে ॥ ৮ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে ॥

পরমেষ্ঠিদেব হরির বাসগৃহ নির্ম্মাণ করিয়া রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞের ফলের সহিত যুক্ত হয়। হে দ্বিজশ্রেষ্ঠগণ! দেবগৃহে যত পরমাণু থাকে, তাবদ্বর্ষসহস্র স্বর্গলোকে বিরাজিত হয় ॥ ৯ ॥

হে দ্বিজগণ! মৃণ্ময়প্রাসাদের এই ফল কীর্ত্তন করিলাম, অতএব দারুময় প্রাসাদ নির্ম্মাণ করিলে তাহার শতগুণ পুণ্য হয়। তদপেক্ষা শৈলময় প্রাসাদ হইলে দশগুণ, তাহা অপেক্ষা লৌহে দশগুণ, তাহা

ততো দশগুণং লৌহে তাম্রে শতগুণং ততঃ।
সহস্রগুণিতং রৌপ্যে তস্মাৎ ফলমুপাশ্নুতে।
ততঃ শতসহস্রং বৈ সৌবর্ণে দ্বিজসত্তমাঃ।
অনন্তফলমাপ্নোতি রত্নচিত্রে মনোহরে ॥ ১০ ॥
স্কান্দে ॥
আরম্ভে কৃষ্ণধিষ্ণ্যস্য সপ্তজন্মনি যৎকৃতং।
পাপং বিলয়মাপ্নোতি নরকাদুদ্ধরেৎ পিতৃন্।
প্রাসাদপাদে কৃষ্ণস্য যাবত্তিষ্ঠন্তি রেণুকাঃ।
তাবদ্বর্ষসহস্রাণি বসতে বিষ্ণুসদ্মনি ॥ ১১ ॥
প্রাসাদে কৃষ্ণদেবস্য চিত্রকর্ম্ম করোতি যঃ।
বসতে বিষ্ণুলোকে তু যাবত্তিষ্ঠন্তি সাগরাঃ ॥

রত্নৈঃ চিত্রে খচিতে ॥ ১০ ॥
কৃষ্ণস্য প্রাসাদস্তস্য পাদে মূলে প্রদেশে বা যাবৎ যাবত্যো রেণুকাস্তিষ্ঠন্তি ॥ ১১ ॥

অপেক্ষা তাম্রে শতগুণ ও তাহা অপেক্ষা রৌপ্যপ্রাসাদে সহস্রগুণ ফল ভোগ করে। হে শ্রেষ্ঠদ্বিজগণ! রৌপ্য অপেক্ষা স্বর্ণে শতসহস্র এবং তদপেক্ষা রত্নখচিত মনোহর প্রাসাদে অনন্ত ফল প্রাপ্তি হয় ॥ ১০ ॥

স্কন্দপুরাণে ॥

কৃষ্ণমন্দির আরম্ভমাত্র করিলে সাত জন্মে যে পাপ করিয়াছে, তাহা বিনষ্ট হয় এবং নরক হইতে পিতৃলোককে উদ্ধার করে। কৃষ্ণমন্দিরের মুলদেশে যত রেণু থাকে, তত বর্ষসহস্র বিষ্ণুলোকে বাস হয় ॥ ১১ ॥

যে ব্যক্তি কৃষ্ণদেবের প্রাসাদে চিত্রকর্ম্ম করেন, যতকাল সমুদ্র সকল থাকে, তত দিন বিষ্ণুলোকে বাস করেন ॥

নারসিংহে ॥

যঃ কুর্য্যাচ্ছোভনং বেশ্ম নরসিংহস্য ভক্তিমান্ ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥ ১২ ॥

হয়শীর্ষে ॥

দেবাগারং করোমীতি মনসা যস্তু চিন্তয়েৎ ।
তস্য কায়গতং পাপং তদহ্না বিপ্র নশ্যতি ।
কৃতে তু কিং পুনস্তস্য প্রাসাদে বিধিনৈব তু ॥ ১৩ ॥
অষ্টেষ্টকাসমাযুক্তং যঃ কুর্য্যাদ্বৈষ্ণবং গৃহং ।
ন তস্য ফলসম্পত্তির্বক্তুং শক্যেত কেনচিৎ ।
অনেনৈবানুমেয়ং তু ফলং প্রাসাদবিস্তরাৎ ।
মরণঞ্চ ব্রজেন্মর্ত্ত্যো যঃ কৃত্বা প্রথমেষ্টকাং ।

ভক্তিমত্ত্বেনৈব শোভনবেশ্মকরণাদ্ভক্তিমানিত্যুক্তং ন চাধিকারিবিশেষণত্বেনেতি দিক্ ॥১২
মনসা চিন্তয়েৎ কেবলমিচ্ছামাত্রং করোতীত্যর্থঃ ॥ ১৩ ॥

প্রথমেষ্টকাম্ন্যাসার্থপ্রতিষ্ঠিতনন্দাদ্যষ্টেষ্টকামধ্যে প্রথমামাদ্যাং কৃত্বা বিন্যস্যাপি। যদ্বা।
প্রাসাদার্থং নির্ম্মীয়মাণাসংখ্যেষ্টকামধ্যে প্রাগেকমাত্রেষ্টকাং নির্ম্মায়। সমাপ্তস্য সম্পূর্ণদক্ষিণাদি-

নৃসিংহপুরাণে ॥

যে ভক্তিমান্ পুরুষ নরসিংহের সুন্দররূপে গৃহনির্ম্মাণ করেন, তিনি সর্ব্বপাপ বিমুক্ত হইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হয়েন ॥ ১২ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

যিনি মনোমধ্যে "দেবতার মন্দির নির্ম্মাণ করিব" এইমাত্র ইচ্ছা করেন, হে বিপ্র! তাঁহার সেই দিবসেই দেহগত পাপ বিনষ্ট হয়, যথাবিধি প্রাসাদ নির্ম্মিত হইলে তাহার কথা আর কি বলিব? ॥ ১৩ ॥

যে ব্যক্তি আটখানীমাত্র ইষ্টকসংযুক্ত বিষ্ণুর গৃহ নির্ম্মাণ করে, তাহার ফলসমূহ কে বলিতে সমর্থ হয়? প্রাসাদ বিস্তৃত হইলে যে কি ফল তাহা ইহা দ্বারাই অনুমান করিবে এবং যে ব্যক্তি বিষ্ণুমন্দির নিমিত্ত প্রথম ইষ্টক নির্ম্মাণ করিয়াই মৃত্যুগ্রস্ত হয়, তাহার দক্ষিণাসম-

স সমাপ্তস্য যজ্ঞস্য ফলমাপ্নোত্যসংশয়ং ॥ ১৪ ॥

বিষ্ণুরহস্যে ॥

বাল্যে সংক্রীড়মানা যে পাংশুভির্ভবনং হরেঃ।

বাসুদেবস্য কুর্ব্বন্তি তেঽপি তল্লোকগামিনঃ ॥ ১৫ ॥

আদিত্যপুরাণে ॥

লেপনাচ্ছাদনং চৈব যঃ করোতি পুনর্নবং।

দেবস্যায়তনং কৃত্বা ন ভবেৎ কীটজং ভয়ং ॥ ১৬ ॥

মন্দিরনির্ম্মাণকালঃ।

মাৎস্যে ॥

চৈত্রে ব্যাধিমবাপ্নোতি যো গৃহং কারয়েন্নরঃ।

---

কস্য ॥ ১৪ ॥

বাসুদেবস্য শ্রীবসুদেবনন্দনস্য হরেঃ ॥ ১৫ ॥

লেপনং সুধাদিলেপং আচ্ছাদনঞ্চ চূর্ণাদিভির্নিশ্ছিদ্রতাপাদনং কুত্র ইত্যপেক্ষয়ামাহ দেবস্যায়তনং প্রতি কৃত্বেতি। যদ্বা। এতদ্দৃষ্টান্তত্বেনোহং। কীটাঃ সর্পাদয়ঃ ক্ষুদ্রলোকে বা তজ্জং ॥ ১৬ ॥

---

ন্বিত সম্পূর্ণ যজ্ঞের ফল প্রাপ্তি হয়, ইহাতে সংশয় নাই ॥ ১৪ ॥

বিষ্ণুরহস্যে ॥

যে সকল বালক বাল্যকালে ক্রীড়া করিতে করিতে ধূলী দ্বারা বিষ্ণু-মন্দির নির্ম্মাণ করে, তাহারাও সেই বিষ্ণুলোকগামী হয় ॥ ১৫ ॥

আদিত্যপুরাণে ॥

যাহারা চূর্ণাদি দ্বারা দেবমন্দিরের লেপন অথবা নিশ্ছিদ্রতাপাদন করে, তাহার কীটজনিত অর্থাৎ সর্প বা ক্ষুদ্রলোকজনিত ভয় উপস্থিত হয় না ॥ ১৬ ॥

অথ মন্দিরনির্ম্মাণকাল।

মৎস্যপুরাণে যথা ॥

যিনি চৈত্রমাসে বিষ্ণুমন্দির নির্ম্মাণ করান, তিনি ব্যাধিগ্রস্ত হয়েন।

বৈশাখে ধনরত্নানি জ্যৈষ্ঠে মৃত্যুং তথৈব চ।
আষাঢ়ে ভৃত্যরত্নানি পশুবর্গমবাপ্নুয়াৎ।
শ্রাবণে মিত্রলাভং তু হানিং ভাদ্রপদে তথা।
পত্নীনাশং চাশ্বযুজে কার্ত্তিকে ধনধান্যকং।
মার্গশীর্ষে তথা ভক্তং পৌষে তস্করজং ভয়ং।
লাভং তু বহুশো বিদ্যাদগ্নিং মাঘে বিনির্দ্দিশেৎ।
কাঞ্চনং ফাল্গুনে পুত্রানিতি কালবলং স্মৃতং॥
অশ্বিনী রোহিণী মূলমুত্তরাত্রয়মৈন্দবং।
স্বাতী হস্তোঽনুরাধা চ গৃহারম্ভে প্রশস্যতে॥ ১৭॥
আদিত্যভৌমবর্জ্জঞ্চ সর্ব্বে বারাঃ শুভাবহাঃ।
বজ্রব্যাঘাতশূলানি ব্যতিপাতাতিগণ্ডকে।
বিষ্কুম্ভগণ্ডপরিঘান্ বর্জ্য যোগেষু কারয়েৎ॥ ১৮॥

ঐন্দবং মৃগশীর্ষং॥ ১৭॥
বর্জ্য বর্জয়িত্বা॥ ১৮॥

তথা বৈশাখমাসে প্রাসাদনির্ম্মিত করাইলে ধন, রত্ন, জ্যৈষ্ঠে মৃত্যু, আষাঢ়ে ভৃত্য, রত্ন ও পশুবর্গপ্রাপ্তি, শ্রাবণে মিত্রলাভ, ভাদ্রমাসে হানি, আশ্বিনমাসে পত্নীনাশ, কার্ত্তিকে ধনধান্য, অগ্রহায়ণমাসে অন্ন, পৌষে তস্করভয়, মাঘমাসে বহুতর লাভ ও অগ্নি, ফাল্গুনে কাঞ্চন এবং পুত্র লাভ হয়, ইহাই সময়ের সামর্থ্য জানিতে হইবে। অপর অশ্বিনী, রোহিণী, মূলা, তিন উত্তরা অর্থাৎ উত্তরাষাঢ়া, উত্তরফল্গুনী ও উত্তর-ভাদ্রপদ, মৃগশিরা, স্বাতী, হস্তা ও অনুরাধা এই সকল নক্ষত্র গৃহারম্ভে প্রশস্ত হইয়া থাকে॥ ১৭॥

অপর রবিবার ও মঙ্গলবার ভিন্ন সমুদায় বার মন্দিরনির্ম্মাণে শুভপ্রদ জানিতে হইবে। তথা বিষ্কুম্ভ, গণ্ড, পরিঘ এই সকল যোগ ভিন্ন সমুদায় যোগে মন্দির নির্ম্মাণ করাইবে॥ ১৮॥

শ্বেতে মৈত্রে চ মাহেন্দ্রে গান্ধর্ব্বাভিজিদ্রোহিণে ।
তথা বৈ রাজসাবিত্রে মুহূর্ত্তে গৃহমারভেৎ ॥ ১৯ ॥
চন্দ্রাদিত্যবলং লব্ধ্বা লগ্নং শুভনিরীক্ষিতং ।
স্তম্ভোচ্ছ্রয়াদিকর্ত্তব্যমন্যত্র পরিবর্জ্জয়েৎ ॥ ২০ ॥
হয়শীর্ষে ॥
বাস্তুকর্ম্ম ন চারভ্যং বর্ষাকালে বিজানতা ।
কৃষ্ণপক্ষে ত্রিভাগান্তে শুক্লস্যাদৌ দ্বিতীয়কে ।
চতুর্থী নবমী বর্জ্জ্যা তিথিশ্চাপি চতুর্দ্দশী ॥ ২১ ॥

শ্বেতাদিসংজ্ঞকানাং নবমুহূর্ত্তানামেকতমে ॥ ১৯ ॥

অন্যত্র উক্তেতরকালে পরিবর্জয়েৎ ন প্রারভেদিত্যর্থঃ ॥ ২০ ॥

ত্রয়াণাং ভাগানামন্তে সতি একাদশ্যাদিষু নারভ্যং। তথা শুক্লপক্ষস্য আদিভাগে দ্বিতীয়ভাগে চ ন চারভ্যং। তত্রাপি কৃষ্ণপক্ষস্য দ্বিতীয়ে ভাগে চতুর্থী। তথা কৃষ্ণশুক্লয়োস্তৃতীয়ে নবমী শুক্লস্য চান্তে চতুর্দ্দশী রিক্তাত্বেন বর্জনীয়া ॥ ২১ ॥

অপিচ, শ্বেত, মৈত্র, মাহেন্দ্র, গান্ধর্ব্ব, অভিজিৎ, রোহিণ, বৈরাজ এবং সাবিত্র মুহূর্ত্তে গৃহারম্ভ করিবে ॥ ১৯ ॥

চন্দ্রাদিত্যবল ও শুভগৃহনিরীক্ষিত লগ্ন লাভ করিয়া স্তম্ভের উচ্চতাদি করিবে, অন্যত্র অর্থাৎ উক্তকাল ব্যতীত অন্যকালে মন্দির আরম্ভ করিবে না ॥ ২০ ॥

হয়শীর্ষে ॥

বিধিজ্ঞ মনুষ্য বর্ষাকালে বাস্তুকর্ম্ম আরম্ভ করিবে না। কৃষ্ণপক্ষের ত্রিভাগান্তে অর্থাৎ একাদশী প্রভৃতি। শুক্লপক্ষের আদিভাগ ও দ্বিতীয়ভাগ, তন্মধ্যেও কৃষ্ণপক্ষের দ্বিতীয়ভাগে চতুর্থী। তথা কৃষ্ণ ও শুক্লপক্ষের তৃতীয়ে নবমী, শুক্লপক্ষের অন্তে চতুর্দ্দশীতিথিকে সর্ব্বতোভাবে পরিত্যাগ করিবেন ॥ ২১ ॥

ভৌমস্য তু দিনং বর্জ্যং করণং বিষ্টিসংজ্ঞিতং।
ক্ষিত্যন্তরীক্ষদিব্যোত্থৈরুৎপাতৈর্ভয়পীড়িতং।
উপসৃষ্টং গ্রহৈর্ভঞ্চ ব্যতীপাতহতং তথা।
চন্দ্রতারানুকূলে চ কার্য্যং কর্ম্ম বিজানতা ॥ ২২ ॥
ধ্রুবাণি চাত্র শস্তানি নৈঋর্তং শক্রদৈবতং।
পুষ্যং পৌষ্ণঞ্চ সাবিত্রং বায়ব্যং বৈষ্ণবং তথা।
স্থিরাংশে চ স্থিরে লগ্নে কর্ত্তুশ্চোপচয়াত্মকে ॥ ২৩ ॥
কেন্দ্রে সৌম্যগ্রহো যস্য ত্রিকোণে তু সুরোত্তমঃ।

ক্ষিত্যুত্থ উৎপাতঃ ভূকম্পাদিঃ। অন্তরীক্ষোত্থ উল্কাপাতাদিঃ। দিব্যশ্চ সূর্য্যগ্রহণাদিঃ। তৈর্ভয়রূপৈঃ পীড়িতং বাধিতং দিনং বর্জ্যং। যদ্বা। তৈরুৎপাতৈর্লক্ষিতং। অন্যৈর্ভয়ৈশ্চ বন্ধুবিয়োগাদিভিঃ পীড়িতং দিনং বর্জ্যং। উপসৃষ্টং পীড়িতং। গ্রহৈঃ শনৈশ্চরাদিভিঃ ॥২২॥
ধ্রুবাণি স্থিরাণি। নৈঋর্তং মূলং। শক্রদৈবতং জ্যেষ্ঠা। পৌষ্ণং রেবতী। সাবিত্র্যং হস্তঃ। বায়ব্যং স্বাতী। বৈষ্ণবং শ্রবণং ॥ ২৩ ॥
কেন্দ্রং লগ্নং ততশ্চতুর্থং সপ্তমং দশমং চেত্যেবং স্থানচতুষ্কং তস্মিন্। ত্রিকোণে নব-

মঙ্গলবার এবং বিষ্টিকরণ বর্জ্জন করিবে, তথা ক্ষিত্যুত্থ উৎপাত (ভূকম্পাদি), অন্তরীক্ষোত্থ উৎপাত (উল্কাপাতাদি) এবং দিব্য অর্থাৎ সূর্য্যগ্রহাদি ভয় এই সমুদায় দ্বারা পীড়িত দিন অথবা বন্ধুবিয়োগাদি পীড়িত দিন এবং শনি প্রভৃতি গ্রহগণ কর্ত্তৃক পীড়িত দিন, ব্যতীপাত দ্বারা হত দিন বর্জন করিয়া চন্দ্রতারানুকূলে কর্ম্ম করিবে ॥ ২২ ॥

ধ্রুব (স্থির), শস্ত (প্রশস্ত), নৈঋর্ত্য (মূলা), শক্রদৈবত (জ্যৈষ্ঠা), পুষ্য, পৌষ্ণ (রেবতী), সাবিত্র (হস্তা), বায়ব্য (স্বাতি) বৈষ্ণব (শ্রবণা), তথা কর্ত্তার উপচয় স্বরূপ ও স্থিরাংশে স্থির লগ্নে ॥২৩

হে সুরসত্তম! যাহার কেন্দ্রে অর্থাৎ লগ্ন, চতুর্থ, সপ্তম ও দশম এই চারিস্থানে, তথা ত্রিকোণে অর্থাৎ নব, পঞ্চ শুভগ্রহ এবং উপচয়

পাপাশ্চোপচয়স্থানে তদা কার্য্যং সমারভেৎ। ইতি ॥ ২৪ ॥
প্রাসাদরচনাস্থানং প্রতিষ্ঠাস্থাননির্ণয়াৎ।
ব্যক্তমেবাভবৎ কশ্চিৎ বিশেষোঽন্যোঽত্র লিখ্যতে ॥ ২৫ ॥
অথ প্রাসাদরচনাস্থানং ॥
হয়শীর্ষে ॥
পূর্ব্বং দেবকুলং পীড্য প্রাসাদং স্বল্পকং তথা।
সমং বাপ্যধিকং বাপি ন কর্ত্তব্যং বিজানতা।
উভয়োর্দ্বিগুণাং সীমাং ত্যক্ত্বা চোচ্ছ্রায়সম্মিতাং।

পঞ্চমে। উপচয়স্থানং তৃতীয়ং ষষ্ঠং দশমৈকাদশঞ্চ তস্মিন্ ॥ ২৪ ॥

শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাস্থানং সিদ্ধক্ষেত্রং সরঃ পুণ্যমিত্যাদিবচনেন তথা নগরগ্রামমধ্যে ত্বিত্যাদি-হয়শীর্ষপঞ্চরাত্রবচনৈশ্চ যো নির্ণয়ঃ পূর্ব্বং লিখিতোঽস্তি তস্মাদেব প্রাসাদরচনায়াঃ স্থানমপি ব্যক্তমেবাভবৎ নির্ণীতমভূদেবেত্যর্থঃ। প্রাসাদান্তরে শ্রীমূর্ত্তিস্থাপনাৎ অত্র প্রাসাদরচনাস্থান-নির্ণয়ে কশ্চিদন্যোঽপি বিশেষো লিখ্যতে॥ ২৫ ॥

পূর্ব্বং প্রাচীনং দেবকুলং প্রাসাদমেব। পীড্য পীড়য়িত্বা তৎসীমামাক্রম্যেত্যর্থঃ ॥ ২৬ ॥

স্থানে অর্থাৎ তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ স্থানে যখন পাপগ্রহ থাকে, তখন কার্য্যারম্ভ করিবে ॥ ২৪ ॥

প্রতিষ্ঠাস্থান নির্ণয়হেতু প্রাসাদরচনার স্থান পূর্ব্বে কথিত হইয়াছে, এই স্থানে অন্য কোন যে বিশেষ আছে, তাহাই লিখিত হইতেছে ॥২৫॥

অথ প্রাসাদস্থান ॥

হয়শীর্শপঞ্চরাত্রে ॥

জ্ঞানি ব্যক্তি প্রাচীন প্রাসাদকে পীড়ন অর্থাৎ তাহার সমীপে আক্রমণ করিয়া প্রাসাদকে স্বল্প বা সম অথবা অধিক করিবেন না। প্রাসাদের উভয়পার্শ্বের দ্বিগুণ সীমা তথা উচ্চ পরিমাণ ত্যাগ করিয়া অন্য প্রাসাদ

প্রাসাদং কারয়েদন্যং নোভয়ং পীড়য়েদ্বুধঃ ॥ ২৬ ॥

অথ স্থানশোধনানি ॥

দেবীপুরাণে ॥

দেবো বিষ্ণুস্তথা রুদ্রো ব্রহ্মাদ্যাঃ সুরসত্তমাঃ ।
প্রতিষ্ঠাপ্যাঃ শুভে স্থানে অন্যথা তে ভয়াবহাঃ ॥
গর্ত্তাদিলক্ষণা ধাত্রী গন্ধস্বাদেন যা ভবেৎ ।
বর্ণেন চ সুরশ্রেষ্ঠ সা মহী সর্ব্বকামদা ॥ ২৭ ॥

মাৎস্যে ॥

পূর্ব্বং ভূমিং পরীক্ষেত পশ্চাদ্বাস্তুং প্রকল্পয়েৎ ।
শ্বেতা রক্তা তথা পীতা কৃষ্ণা চৈবানুপূর্ব্বশঃ ।
বিপ্রাদেঃ শস্যতে ভূমিরতঃ কার্য্যং পরীক্ষণং ।

---

সুগন্ধাদিলক্ষিতা চ যা ভবেৎ ॥ ২৭ ॥

বিপ্রক্ষত্রিয়বৈশ্যশূদ্রাণাং ক্রমেণ শ্বেতাদিভূমিঃ প্রশস্তা ভবতি ॥ ২৮ ॥

---

নির্ম্মাণ করিবে, পণ্ডিতজন উভয়ের সীমা আক্রমণ করিবেন না ॥ ২৬ ॥

অথ স্থানশোধন ॥

দেবীপুরাণে ॥

দেব, বিষ্ণু, রুদ্র এবং ব্রহ্মা প্রভৃতি শ্রেষ্ঠ দেবগণকে শুভ স্থানে স্থাপন করিবেন, ইহার অন্যথা হইলে তাঁহারা ভয়প্রদ হয়েন ॥

হে সুরশ্রেষ্ঠ ! গর্ত্তাদিলক্ষণা সুগন্ধ এবং বর্ণধারিণী যে ভূমি হয়, সেই ভূমি সর্ব্বকাম প্রদান করে ॥ ২৭ ॥

মৎস্যপুরাণে ॥

পূর্ব্বে ভূমির পরীক্ষা করিয়া পশ্চাৎ বাস্তু কল্পনা করিবে। ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়ের ক্রমানুসারে শ্বেত, রক্ত, পীত ও কৃষ্ণা ভূমি প্রশস্ত হয়, অতএব ভূমির পরীক্ষা করিবে। ব্রাহ্মণদিগের সম্বন্ধে ভূমি মধুরা-

বিপ্রাণাং মধুরাস্বাদা কষায়া ক্ষত্রিয়স্য চ।
কষায়কটুতা তদ্বদ্বৈশ্যশূদ্রেষু শস্যতে ॥ ২৮ ॥
অরত্নিমাত্রে বৈ গর্ত্তে স্বনুলিপ্তে চ সর্ব্বতঃ।
ঘৃতমামশরাবস্থং কৃত্বা বর্ত্তিচতুষ্টয়ং।
জ্বালয়েদ্ভূপরীক্ষার্থং পূর্ণং তৎসর্ব্বদিঙ্মুখং ॥ ২৯ ॥
দীপ্তাং পূর্ব্বাদিগৃহ্নীয়াদ্বর্ণানামনুপূর্ব্বশঃ।
বাস্তুঃ সমূহিকো নাম দীপ্যতে সর্ব্বতস্তু যঃ ॥ ৩০ ॥
শুভদঃ সর্ব্ববর্ণানাং প্রাসাদেষু গৃহেষু চ।

আমশরাবস্থং ঘৃতং কৃত্বা তত্র চ বর্ত্তিচতুষ্টয়ং কৃত্বা তচ্চ বর্ত্তিচতুষ্টয়ং সর্ব্বদিঙ্মুখং চতুর্দিগভিমুখং পূর্ণং কৃত্বা ভূপরীক্ষার্থং প্রজ্বালয়েৎ। পূর্ণমিতি ঘৃতবিশেষণং বা। তত্র চ প্রাদক্ষিণ্যেন সম্যগ্দীপ্তিবিশেষেণ দীপ্তাং বর্ত্তিং লক্ষ্যীকৃত্য পূর্ব্বাদিদিশামারভ্য ক্রমেণ বিপ্রাদীনাং শুভং জানীয়াদিত্যর্থঃ। তত্র যদি বর্ত্তিদ্বয়মধিকং দীপ্যতে তদা দ্বয়োরেব শুভং তত্র চ পূর্ব্বদক্ষিণয়োশ্চেত্তর্হি বিপ্রক্ষত্রিয়য়োঃ পূর্ব্বোত্তরয়োশ্চেত্তর্হি বিপ্রশূদ্রয়োরিত্যেবমূহ্যং ॥ ২৯ ॥

তত্র চ বর্ত্তিচতুষ্টয়ং সর্ব্বমেবাধিকং দীপ্যতে তত্র সর্ব্বেষামেব শুভমিত্যাহ বাস্তুরিতি॥ ৩০ ॥

স্বাদ, ক্ষত্রিয়দিগের সম্বন্ধে কষায় এবং বৈশ্য ও শূদ্রের সম্বন্ধে কষায় এবং কটুতা স্বাদ ভূমি প্রশস্ত হয় ॥ ২৮ ॥

অরত্নি অর্থাৎ কনিষ্ঠাঙ্গুলি ভিন্ন মুষ্টিবন্ধন সর্ব্বতোভাবে প্রলিপ্ত গর্ত্তে ভূপরীক্ষার নিমিত্ত আম অর্থাৎ অপক্ব-কাঁচা শরাবে ঘৃত রাখিয়া পূর্ব্বাদি দিক্‌চতুষ্টয়বর্ত্তি চারিটী বর্ত্তিকা প্রজ্বলিত করিবে ॥ ২৯ ॥

ঐ বর্ত্তি পূর্ব্বাদিদিক্ ক্রমে এক একটী অধিক প্রজ্বলিত হইলে ব্রাহ্মণাদি বর্ণক্রমের শুভ জানিতে হইবে। যদি সকল গুলি একদা প্রজ্বলিত হয়, তাহা হইলে সেই বাস্তুর নাম সমূহিক ॥ ৩০ ॥

প্রাসাদ বা গৃহনির্ম্মাণে ঐ সমূহিক বর্ণ সকলের শুভ জানিতে

অরত্নিমাত্রকং গর্ত্তং পরীক্ষ্যং খাতপূরণে।
অধিকে শ্রিয়মাপ্নোতি ন্যূনে হানিং সমে সমং ॥ ৩১ ॥
ফালকৃষ্টেঽথবা দেশে সর্ব্ববীজানি বাপয়েৎ *।
ত্রিপঞ্চসপ্তরাত্রেণ যত্র রোহন্তি তান্যপি।
জ্যেষ্ঠোত্তমকনিষ্ঠা ভূর্বর্জনীয়েতরা সদা ॥ ৩২ ॥
হয়শীর্ষে ॥
সুরভীণাং রতির্যত্র সবৎসানাং বৃষৈঃ সহ।

কথং পরীক্ষ্যং তদাহ খাতস্য তদ্গর্ত্তস্য তন্মৃত্তিকাদিনা পূরণে সতি যদি তন্মৃত্তিকাদিকমধিকমুদ্ধৃতং স্যাত্তর্হি শুভং স্যাদিত্যর্থঃ। তথাচোক্তং হয়শীর্ষদেবেন। সংপূর্য্যমাণে খাতে তু তথাধিকমৃদং শুভামিতি। এবমগ্রেঽপ্যূহ্যং ॥ ৩১ ॥

ত্রিরাত্রেণ যস্যাং বীজানি রোহন্তি সা জ্যেষ্ঠা। পঞ্চরাত্রেণ যস্যাং সা মধ্যা সপ্তরাত্রেণ চ যস্যাং সা কনিষ্ঠা ভূর্জ্ঞেয়া ইত্যর্থঃ। অত্র চ অন্তিকাং কনিষ্ঠাং চ বর্জয়েৎ। পাঠান্তরেঽপি স এবার্থঃ ॥ ৩২

হইবে। কিরূপ পরীক্ষা করিবে, তদ্বিষয়ে কহিতেছেন যে, অরত্নিমাত্র গর্ত্ত করিতে যে মৃত্তিকা উত্তোলিত হইবে, সেই মৃত্তিকা দ্বারা ঐ গর্ত্ত পূর্ণ করিতে যদি মৃত্তিকা অধিক হয় তবে শুভ, আর ন্যূন হইলে অশুভ এবং সমান হইলে সমফল জানিবে ॥ ৩১ ॥

অনন্তর লাঙ্গলাকৃষ্ট ভূমির মধ্যে সর্ব্বপ্রকার বীজবপন করিবে, যে ভূমিতে ত্রিরাত্রে বীজ অঙ্কুরিত হইবে, সেই ভূমি শ্রেষ্ঠ, যাহাতে পঞ্চরাত্রে বীজ অঙ্কুরিত হয়, তাহা মধ্যম, আর যাহাতে সপ্তরাত্রে বীজ অঙ্কুরিত হয়, তাহা কনিষ্ঠ হয়। জ্যেষ্ঠা, মধ্যমা ও কনিষ্ঠা ভূমি ভিন্ন ইতর ভূমিকে সর্ব্বদা বর্জন করিবে ॥ ৩২ ॥

হয়শীর্ষে ॥

হে সত্তম! যে স্থানে বৃষের সহিত সবৎসা সুরভী সকলের রতি,

* "রোপয়েৎ" ইতি পুস্তকত্রয়পাঠঃ।

সুন্দরীণাং রতির্যত্র পুরুষৈঃ সহ সত্তম।
রাজ্ঞাং পূর্ব্বং গৃহং যস্যামগ্নীনাং যজ্বনাং তথা॥
কাশ্মীরচন্দনামোদা কর্পূরাগুরুগন্ধিনী।
কমলোৎপলগন্ধা চ জাতিচম্পকগন্ধিনী।
পাটলামল্লিকাগন্ধা নাগকেশরগন্ধিনী।
দধিক্ষীরাজ্যগন্ধা চ মদিরাসবগন্ধিনী।
সুগন্ধিব্রীহিগন্ধা চ শুভদ্রব্যস্বনা চ যা।
সর্ব্বেষাং বর্ণিনাং ভূমিঃ সর্ব্বসাধারণী মতা॥
দুর্গন্ধা দুঃস্বনা যা চ নানাবর্ণা চ দুর্ভগা।
বৃত্তার্দ্ধচন্দ্রসদৃশী বিস্তারাদ্দ্বিগুণায়তা।
বিবর্ণা বর্ণহীনা চ বক্রা সূচিমুখী তথা।
দ্বিবর্ণা সূর্পসদৃশী গোমুখী চ ত্রিকোণিকা।
ষড়স্রা শূলসদৃশী দন্তিপৃষ্ঠোপমা চ যা।

বিবর্ণা দুর্ব্বর্ণা॥ ৩৩॥

এবং যে স্থানে পুরুষ সকলের সহিত সুন্দরীদিগের রতি হয়। আর যাহার পূর্ব্বদিকে রাজা, অগ্নি এবং যাজকদিগের গৃহ থাকে, তথা কাশ্মীর, চন্দন, কর্পূর, অগুরু, কমল, উৎপল, জাতি, চম্পক, পাটলা, মল্লিকা, নাগকেশর, দধি, দুগ্ধ, ঘৃত, মদিরা, মধুর ন্যায় গন্ধ হয়, তথা সুগন্ধি শস্যের ন্যায় গন্ধযুক্ত এবং শুভদ্রব্যের শব্দযুক্ত ও সমুদায় ব্রহ্মচারিদিগের যে ভূমি, তাহাকে সর্ব্বসাধারণী ভূমি বলিয়া জানিতে হইবে॥

অপিচ যে ভূমি দুর্গন্ধা ও দুঃশব্দবিশিষ্টা তথা নানাবর্ণা হইলে তাহাকে দুর্ভগা জানিতে হইবে। আর গোলাকার অর্দ্ধচন্দ্রসদৃশী, বিস্তারে দ্বিগুণ পরিমাণ, দূষিতবর্ণ, বর্ণহীন, বক্র, সূচীমুখ। দ্বিবর্ণ, সর্প-সদৃশ, গোমুখ, ত্রিকোণ, ষটকোণ, শূলসদৃশ, হস্তিপৃষ্ঠতুল্য, সরীসৃপ

সরীসৃপসমা যা চ দিঙ্মূঢ়া শকটাকৃতিঃ।
এবম্প্রকারা যা ভূমির্বর্জ্জ্যা যত্নেন দেশিকৈঃ ॥ ৩৩ ॥
কিঞ্চ ॥
প্রাসাদস্য বিশেষেণ প্রোক্তা ভূমিশ্চতুর্বিধা।
সুপদ্মা ভদ্রিকা পূর্ণা ধূম্রা বেগিন্যথাপরা।
তিলকৈর্নারিকেলৈশ্চ বহিঃকাশৈশ্চ শোভিতা।
পদ্মেন্দীবরসংযুক্তা সা সুপদ্মেতি বিশ্রুতা।
নদীসমুদ্রায়তনতীর্থপর্য্যন্তশোভিতা।
পুষ্পবৃক্ষসমাকীর্ণা ক্ষীরবৃক্ষোপশোভিতা।
বনোদ্যানলতাগুল্মফুল্লস্তম্বসমাবৃতা।
যজ্ঞীয়বৃক্ষসুক্ষেত্রযুক্তা ভদ্রেতি কীর্ত্তিতা ॥
বকুলাশোকবহুলা তথাপ্লক্ষাম্রলোহিতৈঃ।

প্লক্ষাদিভির্বিশিষ্টা। এবমগ্রেঽপি জ্ঞেয়ং ॥ ৩৪ ॥

অর্থাৎ সর্প ও বৃশ্চিকাদি তুল্য, দিঙ্মূঢ় এবং শকটাকৃতি এই প্রকার যে ভূমি, তাহাকে আচার্য্য যত্নপূর্ব্বক বর্জন করিবেন ॥ ৩৩ ॥

আরও ॥

প্রাসাদের বিশেষরূপে চারি প্রকার ভূমি কথিত হইয়াছে, যথা—সুপদ্মা, ভদ্রিকা, পূর্ণা এবং ধূম্রা। অনন্তর অপরাবেগিনী, তিলক, নারিকেল এবং বাহিরে কাশবৃক্ষ দ্বারা শোভিত, তথা পদ্ম ও ইন্দীবর-সংযুক্ত হইলে তাহা সুপদ্মা বলিয়া বিশ্রুত হয়। নদী ও সমুদ্রায়তন-তীর্থ পর্য্যন্ত শোভিত, পুষ্পবৃক্ষ সমাকীর্ণ, ক্ষীরবৃক্ষে উপশোভিত, বন, উদ্যান, লতা, গুল্ম ও ফুল্লস্তম্বে সমাবৃত, তথা যজ্ঞীয়বৃক্ষ এবং সুক্ষেত্র যুক্ত হইলে তাহাকে ভদ্রা বলা যায় ॥

তথা প্লক্ষ ( পাকুড় ), আম্র ও লোহিত অর্থাৎ বৃক্ষবিশেষ দ্বারা

মাধবীবেষ্টিতা যা চ মুদ্গনিষ্পাবকোদ্রবৈঃ।
শূকধান্যৈশ্চ পুন্নাগৈর্গিরিপার্শ্বগতা চ যা।
তোয়ঞ্চ স্বল্পকং যস্যাং সা পূর্ণা পরিকীর্ত্তিতা ॥ ৩৪ ॥
বিল্বার্ক স্নুহি পীলূনাং বনৈর্যা পরিতোবৃতা।
সশর্করা চ কঠিনা যুক্তা কণ্টকিভির্দ্রুমৈঃ।
গৃধ্রগোমায়ুকাকানাং শ্যেনানাং যা কুলাকুলৈঃ।
ধূম্রেতি কীর্ত্তিতা সা তু তাং যত্নাৎ পরিবর্জয়েৎ ॥
ততো ভূমিং পরীক্ষেত পূর্ব্বোদক্‌প্রবণাং শুভাং।
অসঙ্কটাং তথাচ্ছন্নামল্পতোয়াং পরিপ্লুতাং।
সংপূর্য্যমাণে খাতে তু তথাধিকমৃদং শুভাং।
কুসুম্ভসদৃশং বর্ণং যস্যাং ন ম্লানিমৃচ্ছতি।
ন নির্ব্বাতি তথা দীপস্তোয়ং শীঘ্রং ন জীর্য্যতে ॥ ৩৫ ॥

স্নুহিঃ শিজুঃ ॥ ৩৫ ॥

শোভিত, মাধবীবেষ্টিত ও মুদ্গ, নিষ্পাব, কোদ্রব, শূকধান্য, পুন্নাগবিশিষ্ট পর্ব্বত পার্শ্বগত এবং যাহাতে অল্পপরিমিত জল থাকে, তাহাকে পূর্ণা বলা যায় ॥ ৩৪ ॥

আর যে ভূমি বিল্ব, অর্ক, স্নুহি (শিজু) ও পিলুবৃক্ষের বন দ্বারা সর্ব্বতোভাবে আবৃত, শর্করযুক্ত, কঠিন এবং কণ্টকবৃক্ষযুক্ত, তথা গৃধ্র, গোমায়ু, কাক ও শ্যেনপক্ষিসমূহে আবৃত তাহার নাম ধূম্রা, যত্নপূর্ব্বক তাহাকে বর্জন করিবে ॥

তদনন্তর ভূমিকে পরীক্ষা করিবে, যাহার পূর্ব্ব ও উত্তরদিক্ নত, শুভ, অসঙ্কট (দুর্গম নহে) ও তৃণাদিতে আচ্ছন্ন, অল্পজলযুক্ত, খাত পূর্ণ করাতে যাহাতে অধিক মৃত্তিকা হয় এবং যাহা শুভ। তথা যাহা কুসুম্ভ-সদৃশ বর্ণ, যাহা ম্লান নয়, যাহাতে দীপ নির্ব্বাণ হয় না এবং যাহা শীঘ্র জীর্ণ হয় না ॥ ৩৫ ॥

শ্বেতারুণা পীতকৃষ্ণা বিপ্রাদীনাং প্রশস্যতে।
আজ্যাসৃগ্‌গন্ধা মদ্যানাং তুল্যগন্ধা তু যা ভবেৎ।
মধুরা চ কষায়া চ অম্লা চ কটুকা চ যা।
কুশৈঃ শরৈস্তথা কাশৈর্দূর্ব্বাভির্যা চ সংবৃতা।
তস্যাং পুণ্যেঽথ নক্ষত্রে কুর্য্যাদ্ভূমিপরিগ্রহং ॥ ৩৬ ॥
অথ ভূমিপরিগ্রহঃ ॥
তত্রৈব ॥
প্রাকারসীমাপর্য্যন্তং ততো ভূতবলিং হরেৎ।
মাসং হরিদ্রাচূর্ণঞ্চ সলাজা দধিশক্তবঃ।
এভির্ভূতবলিং দত্ত্বা সূত্রমষ্টাক্ষরেণ তু।
পাতয়িত্বা ততঃ শঙ্কূনষ্টদিক্ষু নিবেশয়েৎ ॥
রাক্ষসাশ্চাপি ভূতাশ্চ যেঽস্মিংস্তিষ্ঠন্তি ভূতলে।

আজ্যাদিভিস্তুল্যো গন্ধো যস্যাঃ সা। তত্র আজ্যং ঘৃতং। অসৃক্ রক্তং। গন্ধঃ অগুর্ব্বাদি-সাধিতসুগন্ধিরসবিশেষঃ ॥ ৩৬ ॥

ব্রাহ্মণাদির সম্বন্ধে শ্বেত, অরুণ, পীত ও কৃষ্ণবর্ণ প্রশস্ত হয়। ঘৃত ও রক্তগন্ধ, মদ্য এবং অগুরুগন্ধের তুল্য যাহার গন্ধ হয়। আর যাহা মধুর, কষায়, অম্ল ও কটু তথা কুশ, শর, কাশ (তৃণবিশেষ) এবং দুর্ব্বা দ্বারা পরিবেষ্টিত, সেই ভূমিতে পবিত্র নক্ষত্রে ভূমিপরিগ্রহ করিবে ॥৩৬॥

অথ ভূমিপরিগ্রহ ॥

হয়শীর্ষে ॥

অনন্তর প্রাকার সীমা পর্য্যন্ত ভূতবলি আহরণ করিবে। মাস, হরিদ্রাচূর্ণ, লাজার সহিত দধি ও শক্তু, এই সকল দ্বারা ভূতবলি দিয়া অষ্টাক্ষর মন্ত্রে সূত্রপাত করিবে, তাহার পর আটদিকে শঙ্কু (গুঁজ) ভূমিতে নিখাত করাইবে ॥

"যাহারা এই ভূতলে অবস্থিতি করিতেছে, সেই রাক্ষসগণ এস্থান

তে সর্ব্বে ব্যপগচ্ছন্তু স্থানং কুর্য্যামহং হরেঃ ॥
ইত্যনুজ্ঞাপ্য ভূতাদীন্ তাং ভূমিং পরিশোধয়েৎ।
আদিত্যাদিগ্রহাণাঞ্চ লোকপালৈঃ সমং কৃতী।
আজ্যেনেষ্টবিধানেন ততো বৈ হোমমাচরেৎ ॥ ৩৭ ॥
চরুহোমং ততঃ কুর্য্যান্মূলমন্ত্রেণ দেশিকঃ।
দদ্যাৎ পূর্ণাহুতিং পশ্চাদ্বৌষড়ন্তেন দেশিকঃ।
বৃষভৌ কপিলৌ গৃহ্য সবর্ণৌ বা বিচক্ষণঃ।
যোজনার্থং হলঞ্চৈব গৃহ্নীয়াদসনোদ্ভবং।
প্রাঙ্মুখং যোজ্য মন্ত্রজ্ঞো বস্ত্রালঙ্কারভূষিতঃ।
আসনীং যষ্টিমাদায় দ্বাদশাক্ষরবিদ্যয়া ॥ ৩৮ ॥

লোকপালৈরিন্দ্রাভিঃ সমং সমন্বিতানামাদিত্যাদিগ্রহাণাং হোমং কুর্য্যাৎ ॥ ৩৭ ॥
গৃহ্য গৃহীত্বা। অসনশ্চারবৃক্ষঃ তদ্ভবং। হলস্যেতি পাঠে হলমিতি শেষঃ। যোজ্য যোজয়িত্বা ॥ ৩৮ ॥

হইতে গমন করুক, আমি হরির স্থান নির্ম্মাণ করিতেছি ॥”

ভূতাদিকে এই বিজ্ঞাপন করিয়া সেই ভূমিকে শোধন করিবে। তৎপরে কৃতী ব্যক্তি ইন্দ্রাদি লোকপালের সহিত ইষ্টবিধানানুসারে ঘৃত দ্বারা হোম করিবেন ॥ ৩৭ ॥

তদনন্তর আচার্য্য মূলমন্ত্র দ্বারা চরুহোম করিয়া “বৌষট্” যাহার অন্তে সেই সেই মন্ত্রে পূর্ণাহুতি প্রদান করিবেন। তৎপরে বিচক্ষণ ব্যক্তি কপিলবর্ণ অথবা সবর্ণ বৃষদ্বয় গ্রহণ করিয়া যোজনার নিমিত্ত অসন অর্থাৎ চারবৃক্ষনির্ম্মিত হলগ্রহণ করিবেন। মন্ত্রজ্ঞ ব্যক্তি বস্ত্রালঙ্কার ভূষিত হইয়া পূর্ব্বমুখে হলযোজনা করত দ্বাদশাক্ষর বিদ্যা দ্বারা আসনী অর্থাৎ চারবৃক্ষনির্ম্মিত যষ্টি গ্রহণপূর্ব্বক ॥ ৩৮ ॥

সম্মর্দ্দেন সমীকৃত্য শুভবীজানি বাপয়েৎ ।
সংপ্রাপ্তে শুভকালে তু গোভিস্তৎখাদয়েদ্বুধঃ ।
পুনস্তৎকর্ষয়িত্বা তু সমীকৃত্য গৃহং গুরুঃ ॥ ৩৯ ॥
মাৎস্যে চ ॥
হীনাধিকাঙ্গতাং বাস্তোঃ সর্ব্বতঃ পরিবর্জ্জয়েৎ ।
নগরগ্রামদেশেষু সর্ব্বত্রৈব বিবর্জ্জয়েৎ ॥ ৪০ ॥
অথ দিক্‌সাধনং ॥
হয়শীর্ষে ॥
বাহ্যবাস্তুসমং কৃত্বা চতুরস্রং সমন্ততঃ ।
ভূমিং তোয়সমাং কৃত্বা দর্পণোদরসন্নিভাং ।

---

সমীকৃত্য তত্তুতলং । তৎ তত্র জাতং শস্যাদি । তং প্রদেশং তদিতি বা পাঠঃ । গৃহং প্রারভেদিতি শেষঃ ॥ ৩৯ ॥

ভূমিপরিগ্রহে চ কিঞ্চিদ্বিশেষমন্যং লিখতি হীনেতি । সর্ব্বতঃ সমং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৪০ ॥

---

সম্মর্দ্দন দ্বারা সমান করিয়া পবিত্র বীজবপন করিবেন, পণ্ডিত ব্যক্তি শুভকাল উপস্থিত হইলে সেই ক্ষেত্রজাত শস্যাদি গোসকল দ্বারা ভোজন করাইবেন। পুনর্ব্বার ঐ ভূমি কর্ষণ করিয়া তাহাতে গৃহ আরম্ভ করিবেন ॥ ৩৯ ॥

মৎস্যপুরাণে ॥

বাস্তুকে সর্ব্বতোভাবে সমান করিবে, হীন বা অধিক বর্জন করিবে, নগর ও গ্রাম দেশ প্রভৃতি সকল স্থানেই হীন বা অধিক বর্জন করিবে॥৪০

অথ দিক্‌সাধন ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

বাহ্যবাস্তুকে সমান করিয়া সর্ব্বতোভাবে চতুর্দ্দিকে ভূমিকে জল-

দ্বাদশাঙ্গুলমানেন চাষ্টৌ বারাংস্ত ভ্রাময়েৎ।
মধ্যে সুনিশ্চলং শঙ্কুং স্থাপ্য চ্ছায়াং নিরীক্ষয়েৎ।
প্রবেশে নিষ্ক্রমে তস্যাং শঙ্কুচ্ছায়াং নিরূপয়েৎ।
শঙ্কুচ্ছায়াগ্রচিহ্নাভ্যাং প্রাক্‌প্রতীচ্যৌ প্রসাধয়েৎ।
প্রাক্‌প্রতীচীং গতে সূর্য্যে উদগ্‌যাম্যৌ প্রসাধয়েৎ ॥ ৪১ ॥
বৈষুবে বিমলে ব্যোম্নি শঙ্কুনা সাধয়েদ্দিশং।
শরদ্বসন্তয়োরেবমাদিত্যাৎ সাধয়েদ্দিশং।
প্রাচীং বা পুষ্পবেধেন চিত্রাস্বাত্যন্তরেণ বা।
উদাচীং ধ্রুববেধেন মধ্যযোগেন চোন্নয়েৎ।
চতুরস্রাং শিলাং গৃহ্য ইষ্টকাং বা সুশোভনাং।

স্থাপ্য স্থাপয়িত্বা তস্যাং ভূমৌ ছায়ায়াঃ প্রবেশে নিষ্ক্রমে চ নির্গমে ॥ ৪১ ॥

ন চ শঙ্কুনা সদা দিক্‌সাধনং স্যাদিত্যাহ। বৈষুবে ইতি। শঙ্কুলক্ষণং চোক্তং শ্রীহয়শীর্ষদেবেন। প্রশস্তং দারুমাদায়। সারবৎ খদিরাদিকং। চতুরস্রং তু তদ্দারু কারয়িত্বা তু শিল্পিনা। বৃত্তং ভূমিসমং কুর্য্যান্নির্ব্রণং সুষমং তথা। দ্বাদশাঙ্গুলমায়ামমগ্রে চাঙ্গুল-

সমান ও দর্পণোদর সদৃশ করিয়া দ্বাদশাঙ্গুলপরিমাণ দ্বারা অষ্টবার ভ্রমণ করাইবে, তৎপরে মধ্যে স্থিরতর শঙ্কু স্থাপন করিয়া ছায়া নিরীক্ষণ করিবে। সেই ভূমিতে প্রবেশ এবং নির্গমে ছায়া নিরূপণ করিবে। শঙ্কু এবং ছায়ার অগ্র এই দুই দ্বারা পূর্ব্ব পশ্চিম সাধন করিবে। আর সূর্য্য পূর্ব্ব পশ্চিম গত হইলে উত্তর দক্ষিণ সাধন করিবে ॥ ৪১ ॥

বিষুবসংক্রান্তিতে বিমল আকাশে শঙ্কু দ্বারা দিক্ সাধন করিবে। শরৎ ও বসন্তকালেও এই প্রকার সূর্য্য হইতে দিক্ সাধন করিবে। অথবা পুষ্পবেধ দ্বারা কিম্বা চিত্রা ও স্বাতির মধ্য দ্বারা পূর্ব্ব এবং ধ্রুববেধ মধ্যযোগ দ্বারা উত্তরদিক্ বিবেচনা করিবে। চতুষ্কোণ শিলা সুশোভন, ইষ্টক চারিদিকে নিবেশ করিয়া সূত্রচিহ্ন করিবে। এই প্রকার

চতুর্দিক্ষু নিবেশ্যাথ সূত্রচিহ্নং তু কারয়েৎ ।
এবং কৃত্বা সূত্রচিহ্নং ব্রাহ্মণাংস্তত্র ভোজয়েৎ ।
বৈষ্ণবান্ পায়সেনাগ্র্যান্ দ্বাদশৈব সমাহিতঃ ॥ ৪২ ॥

অথ শল্যোদ্ধরণং ॥

মাৎস্যে ॥

গৃহারম্ভেতি কণ্ডূতিঃ স্বাম্যঙ্গে যত্র জায়তে ।
শল্যন্ত্বপনয়েত্তত্র প্রাসাদে ভবনে তথা ॥
সশল্যং ভয়দং যস্মাদশল্যং ভয়নাশনং ॥ ৪৩ ॥

হয়শীর্ষে ॥

আদিশেদ্বাস্তনঃ শল্যং গৃহিণোঽঙ্গবিকারতঃ ॥

---

মুচ্যতে । মূলে ষড়ঙ্গুলশ্চাস্য পরিণাহঃ স্বমানতঃ । হ্রস্বাৎ হ্রস্বতরং কার্য্যমগ্রেঽস্য যবমাত্রকং । ভূমিচ্ছেদসমং কুর্য্যান্মূলমগ্রং সুসংমিতমিতি। শরদ্বসন্তয়োরিতি প্রায়স্তদানীং প্রাচীদিঙ্মধ্য এবাদিত্যোদয়াৎ। মধ্যযোগেন সাধিতপ্রাচীপ্রতীচীমধ্যপ্রদেশদ্বারেণৈবেত্যর্থঃ। গৃহ্য গৃহীত্বা ॥৪২॥

স্বামী গৃহকর্ত্তা তস্যাঙ্গে গাত্রে । যত্র যস্মিন্ স্থানে ॥ ৪৩ ॥

অঙ্গবিকারঃ কণ্ডূয়নাদিঃ তস্মাৎ। কীদৃশং তচ্ছল্যমিত্যত্রাহ শকুন ইতি তস্য শকুনস্যা-

---

সূত্রচিহ্ন করিয়া তথায় ব্রাহ্মণ সকলকে ভোজন করাইবে অথবা সমাহিত হইয়া পায়স দ্বারা দ্বাদশটী শ্রেষ্ঠ বৈষ্ণব ভোজন করাইবে ॥ ৪২ ॥

অথ শল্যোদ্ধরণ ॥

মৎস্যপুরাণে ॥

যে স্থানে গৃহারম্ভ করিলে স্বামির অঙ্গে কণ্ডূতি উৎপন্ন হয়, সেই স্থানে প্রাসাদ বা ভবন নির্ম্মাণ করিতে হইলে শল্য অপনয়ন করিবে, যে হেতু শল্যযুক্ত স্থান ভয়প্রদ, এই কারণে অশল্যস্থান ভয়নাশন হইয়া থাকে ॥ ৪৩ ॥

হয়শীর্ষে ॥

গৃহস্থের অঙ্গ বিকার হেতু বাস্তুর শল্য আদেশ করিবে অর্থাৎ

শকুনো দৃশ্যতে বাপি যস্য বা শ্রূয়তে ধ্বনিঃ।
কীর্ত্ত্যতে যস্য বৈ নাম শল্যং তস্য বিনির্দ্দিশেৎ ॥ ৪৪ ॥
অথ বাস্তুমণ্ডলং ॥
মাৎস্যে ॥
পঞ্চগব্যৌষধিজলৈঃ পরীক্ষিত্বাবসেচয়েৎ।

স্থ্যাদিরূপং শল্যং ॥ ৪৪ ॥

পরীক্ষিত্বা পূর্ব্বং ভূমিং পরীক্ষেতেত্যাদিনোক্তপ্রকারং ভূমিপরীক্ষণং কৃত্বা। ততঃ পঞ্চগব্যৈরোষধিজলৈশ্চ ভূমিমবসেচয়েৎ প্রোক্ষেত। অত্র চায়ং গ্রন্থানুসারেণ শিষ্টসম্মতো বিশেষো জ্ঞেয়ঃ। প্রথমং যজমানো মাতৃকার্চ্চনপূর্ব্বকং বৃদ্ধিশ্রাদ্ধমাভ্যুদয়িকং বিধায় প্রাঙ্মুখমাসীন উদঙ্মুখাংস্ত্রীন্ ব্রাহ্মণানুপবেশ্য চন্দনপুষ্পাক্ষততাম্বূলবাসো হিরণ্যৈরভ্যর্চ্চ্য। ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্ত্বিতি প্রথমং ব্রাহ্মণবাচনং। ওঁ ঋদ্ধ্যতামিতি বাচনং ত্রিঃ কুর্য্যাৎ। ততো ভগবৎপ্রীতয়েঽমুক বাস্তুকর্ম্মাহং করিষ্যে তত্র ত্বমাচার্য্যো ভব ইতি আচার্য্যং বৃণুয়াৎ। ভবাগীত্যাচার্য্যেণাভিহিতে তচ্ছাখোক্তবিধিনা তমর্চ্চয়েৎ। তত আচার্য্যো গায়ত্র্যা গোমূত্রং। গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীং। ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়মিতি মন্ত্রেণ গোময়ং। আপ্যায়স্ব স মে তু তে বিশ্বত ইত্যাদি মন্ত্রেণ দুগ্ধং। দধিক্রাব্নো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিন ইত্যাদিমন্ত্রেণ দধি। তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসীতি মন্ত্রেণ ঘৃতং। দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পূষ্ণোহস্তাভ্যাং সরস্বত্যৈ বাচোযন্তুর্মন্ত্রেণাগ্নেঃ সাম্রাজ্যেনাভিসিঞ্চামীতি মন্ত্রেণোদকং। এবং পৃথক্ পৃথক্ অভিমন্ত্র্য সর্ব্বমেকীকৃত্য তেন পঞ্চগব্যেনোদকেন চ তাং ভূমিং প্রোক্ষেতেতি। তন্মধ্যে চ কনকেনেতি স্বর্ণশলাকয়েতি জ্ঞেয়ং। তদভাবে রজতফলপুষ্প-

অঙ্গে কণ্টুতি প্রভৃতি বিকার দেখিলে বুঝিতে হইবে যে, মন্দির ভূমিতে শল্য ছিল, যে শকুন দেখা যায় বা যাহার ধ্বনি শ্রুত অথবা যাহার নাম কীর্ত্তিত হয়, তাহারই শল্য অর্থাৎ অস্থিবিশেষ নির্দ্দেশ করিবে ॥ ৪৪ ॥

অথ বাস্তুমণ্ডল ॥

মৎস্যপুরাণে ॥

ভূমি পরীক্ষা করিয়া পঞ্চগব্য এবং ওষধিজলে তাহাকে সেচন

একাশীতিপদং কুর্য্যাদ্রেখাভিঃ কনকেন তু ॥ ৪৫ ॥
পশ্চাল্লেপেন চালিপ্য সূত্রেণালোড্য সর্ব্বতঃ।
দশ পূর্ব্বায়তা রেখা দশ চৈবোত্তরায়তাঃ।
সর্ব্ববাস্তুবিভাগেষু বিজ্ঞেয়া নবকানব ॥ ৪৬ ॥
একাশীতিপদং কৃত্বা বাস্তুবিৎ সর্ব্ববাস্তুষু।
পদস্থান্ পূজয়েৎ দেবান্ ত্রিংশৎ পঞ্চদশৈব চ ॥ ৪৭ ॥
দ্বাত্রিংশদ্বাহ্যতঃ পূজ্যাঃ পূজ্যাশ্চান্তস্ত্রয়োদশ।

ধান্যানামন্যতমেনাপি রেখাঃ কৃত্বা তাভিরেকাশীতিপদং নাম বাস্তুমণ্ডলং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৪৫ ॥

তৎপ্রকারমেবাভিব্যঞ্জয়তি পশ্চাদিতি দ্বাভ্যাং। নবকানবেতি একাশীতিরিত্যর্থঃ। অত্র চায়ং বিশেষঃ। শান্তা যশোবতী কান্তা বিশালা প্রাণবাহিনী সতী সুমনা নন্দা সুভদ্রা সুরথেতি সংজ্ঞিকা দশ প্রাক্ পশ্চিমায়তা দক্ষিণোপক্রমা উদগপবর্গা রেখাঃ কৃত্বা তদুপরি। হিরণ্যা সুব্রতা লক্ষ্মীর্বিভূতির্বিমলা প্রিয়া জয়া কলা বিশোকা চ ঈড়েতি সংজ্ঞিকা দশ দক্ষিণোত্তরায়তাঃ পশ্চিমোপক্রমাঃ পূর্ব্বাপবর্গারেখাঃ কুর্য্যাৎ। ততঃ শুক্লরঙ্গসূত্রডোরেণ তাঃ সম্যগ্‌ভির্মায় নবভির্নবকৈরেকাশীতিপদানীতি মণ্ডলং কুর্য্যাদিতি ॥ ৪৬ ॥

ত্রিংশৎ পঞ্চদশ চেতি পঞ্চচত্বারিংশতমিত্যর্থঃ ॥ ৪৭ ॥

তত্রৈব বিশেষমাহ দ্বাত্রিংশদিতি। বাহ্যতঃ মণ্ডলস্য চতুর্দ্দিক্ষু বাহ্যপংক্তিদ্বয়ে। অন্তশ্চ

করিবে, তৎপরে স্বর্ণশলাকার রেখাদ্বারা একাশীতি পদ অর্থাৎ বাস্তুমণ্ডল করিবে ॥ ৪৫ ॥

বাস্তুমণ্ডল নির্ম্মাণের প্রকার এই যে, পশ্চাৎ লেপদ্বারা লিপ্ত করিয়া শুক্লসূত্র দ্বারা সর্ব্বতোভাবে বেষ্টন করিয়া সমুদায় বাস্তুবিভাগে পূর্ব্বদিকে আয়ত দশরেখা এবং উত্তরদিকে আয়ত দশরেখা দ্বারা নয়কে নয়গুণিত করিয়া অর্থাৎ একাশীতি পদমণ্ডল করিবে ॥ ৪৬ ॥

বাস্তুজ্ঞ ব্যক্তি সকল বাস্তুতে একাশীতি পদ করিয়া পদস্থ পঞ্চচত্বারিংশৎ দেবতার পূজা করিবে ॥ ৪৭ ॥

ঐ সকল দেবতার মধ্যে মণ্ডলের চতুর্দ্দিকে বাহ্য পঙ্‌ক্তিদ্বয়ে

নামতস্তান্ প্রবক্ষ্যামি স্থানানি চ নিবোধ মে ॥ ৪৮ ॥
ঈশকোণাদিষু সুরান্ পূজয়েচ্চ বিধানতঃ।
শিখি চৈবাথ পর্জ্জন্যো জয়ন্তঃ কুলিশায়ুধঃ।
সূর্য্যঃ সত্যো দৃশাশ্চৈব আকাশো বায়ুরেব চ।
পূষা চ বিতথাশ্চৈব গৃহক্ষতযমাবুভৌ।
গন্ধর্ব্বো ভৃঙ্গরাজশ্চ মৃগঃ পিতৃগণস্তথা।
দৌবারিকোঽথ সুগ্রীবঃ পুষ্পবন্তো জলাধিপঃ।
অসুরঃ শোষপাপৌ চ রোগোঽহির্মুখ্য এব চ।
ভল্লাটঃ সোমসর্পৌ চ অদিতিশ্চ দিতিস্তথা।

তদভ্যন্তরে ॥ ৪৮ ॥

ঈশকোণাদিষু পঞ্চ ঈশানকোণমারভ্য বক্ষ্যমাণবিধিনা শিখ্যাদিপঞ্চচত্বারিংশদ্দেবান্ পূজয়েৎ। তানেব যথাস্থানং বিভজ্য দর্শয়ন্ আদৌ ক্রমেণ দ্বাত্রিংশদ্দেবানাহ শিখীতি সার্দ্ধ-ত্রয়েণ। এতে শিখিপ্রভৃতয়ো দ্বাত্রিংশদ্দেবা বহির্মণ্ডলবাহ্যপংক্তিদ্বয়স্থ দ্বিপঞ্চাশৎপদেষু পূজ্যা ইত্যর্থঃ। তত্র চ বক্ষ্যমাণবচনাদেকপদা দ্বাদশ দ্বিপদাশ্চ বিংশতির্জ্ঞেয়াঃ। এতচ্চাগ্রে ব্যক্তং ভাবি। ঈশানাদিচতুষ্কোণসংস্থিতানিতি বহিঃকোণচতুষ্টয়স্যাধস্তাৎ যদ্দ্বিতীয়পংক্তেঃ কোণচতুষ্টয়ং তত্র ঈশানাদিক্রমেণ স্থিতান্ আপাদীন্ চতুরো দেবান্ পূজয়েদিত্যর্থঃ ॥ ৪৯ ॥

দ্বাত্রিংশৎ দেবতা এবং অভ্যন্তরে ত্রয়োদশ দেবতার পূজা করিবে, ঐ সকল দেবতার নাম এবং স্থান বলিতেছি, আমার নিকট তাহা শ্রবণ কর ॥ ৪৮ ॥

ঈশানকোণাদিতে বিধানক্রমে দেবতা সকলকে পূজা করিবে। তাঁহাদিগের নাম যথা—শিখী, পর্জন্য, জয়ন্ত, কুলিশায়ুধ, সূর্য্য, সত্য, দৃক্, আকাশ, বায়ু, পূষা, বিতথ, গৃহক্ষত, যম, গন্ধর্ব্ব, ভৃঙ্গরাজ, মৃগ, পিতৃগণ দৌবারিক, সুগ্রীব, পুষ্পবন্ত, জলাধিপ, অসুর, শোষ, পাপ, রোগ, অহি, মুখ্য, ভল্লাট, সোম, সর্প, অদিতি ও দিতি বহির্দ্দেশে

বহির্দ্বাত্রিংশদেতে তু তদন্তশ্চ শ্বরান্ শৃণু ॥ ৪৯ ॥
ঈশানাদিচতুষ্কোণসংস্থিতান্ পূজয়েদ্বুধঃ ॥ ৫০ ॥
আপশ্চৈবাথ সাবিত্রো জপো রুদ্রস্তথৈব চ।

নবানি পদানি যস্য স নবপদস্থিতো ব্রহ্মা পূজ্য ইত্যর্থঃ। তস্য ব্রহ্মণঃ সমীপগাঃ পার্শ্বাষ্ট-দিক্ষু চাষ্টৌ পূজ্যা ইত্যর্থঃ। আদৌ সামান্যতস্তেষাং সংস্থানমাহ একো ব্রহ্মা উত্তরঃ মধ্যবর্ত্তী যেষাং তথাভূতান্ সর্ব্বান্ অষ্টাবপি জানীয়াৎ। পাঠান্তরে একঃ সর্ব্ব এব অন্তরা মধ্যে আবিষ্টঃ প্রবিষ্টো যেষামিতি তথৈবার্থঃ। পূর্ব্বাদীনিতি পূর্ব্বদিগাদিক্রমেণ স্থিতানিত্যর্থঃ। তানেবাহ আপশ্চেতি সার্দ্ধদ্বয়েন। আপাদয়ঃ পঞ্চপদিকানাং পদানাং পদবতাং বা মধ্যে এক এবায়ং জ্ঞেয়ঃ। পার্শ্ববর্ত্তিত্বেন পরস্পরমেকত্রমিলিতত্বাদেকপদত্বাচ্চেতি দিক্। এবং অনেনোক্ত-প্রকারেণ কোণেষু অন্যস্মিন্ কোণত্রয়েঽপি পূর্ব্ববদন্যোঽন্যমিলিতৈরেব পদৈঃ পঞ্চপঞ্চভি-রেকৈকো বর্গো জ্ঞেয় ইত্যর্থঃ। তত্র চ মণ্ডলস্যেশানকোণে শিখী তস্য বামে দিতিঃ দক্ষিণে পর্জ্জন্যঃ অধশ্চাপঃ তদধশ্চাপবৎস ইতি পঞ্চভিরেকো বর্গঃ। আগ্নেয়ে চ বায়ুঃ তস্য বামে আকাশঃ দক্ষিণে পূষা অধঃ সাবিত্রঃ তদধশ্চ সবিতেতি পঞ্চভিরন্যঃ। নৈর্ঋতে পিতৃগণঃ। তস্য বামে মৃগঃ দক্ষিণে দৌবারিকঃ অধো জয়ঃ। তদধস্তাচ্চ বিবুধাধিপ ইতি পঞ্চভিরপরঃ। বায়ব্যে চ রোগঃ তস্য বামে পাপঃ দক্ষিণে অহিঃ অধো রুদ্রস্তদধস্তাচ্চ রাজযক্ষ্মেতি পঞ্চভিঃ পরঃ। অশেষত ইত্যনেন চান্যত্রাপি সর্ব্বত্র বক্ষ্যমাণপ্রকারেণ বর্গ উহ্যঃ। তথাহি মণ্ডলস্য পূর্ব্বস্মিন্ ভাগে জয়ন্তাদিভির্দ্বিপদৈঃ পঞ্চভিরেকঃ। দক্ষিণে তথৈব বিতথাদিভিরেকঃ। পশ্চিমে তথৈব সুগ্রীবাদিভিরেকঃ। উত্তরে চ তথৈব মুখ্যাদিভিরেকঃ। মধ্যেঽপি ব্রহ্মণা তচ্চতুর্দিক্স্থিতৈশ্চার্য্যমাদিভিশ্চতুর্ভিরেবং পঞ্চভিরেকৈক ইত্যেবং নববর্গাঃ। তৈশ্চ পঞ্চ-চত্বারিংশদ্দেবতা ভবন্তীতি। ইত্থমেবাগ্রে বক্ষ্যমাণবাস্তুপুরুষস্য মস্তকাদ্যঙ্গেষু ক্রমেণ শিখ্যাদি-দেবতা পূজাবিধিরপি সঙ্গচ্ছতে ইতি দিক্ ॥ ৫০ ॥

তেষাং কোণস্থিতানাং মধ্যে বহিঃ চাপবৎসাদ্যধিষ্ঠিতপদপংক্তিতো বাহ্যপংক্তিদ্বয়ে একস্যাং

এই বত্রিশ দেবতার পূজা করিবে। অন্তর্ব্বর্ত্তি দেবতা সকলের নাম বলি শ্রবণ কর ॥ ৪৯ ॥

পণ্ডিত ব্যক্তি ঈশানাদি কোণসংস্থিত দেবতা সকলকে পূজা করি-বেন ॥ ৫০ ॥

দেবগণ যথা—আপ, সাবিত্র, জয়, রুদ্র, মধ্যে নবপদ ব্রহ্মা, ঐ

মধ্যে নবপদো ব্রহ্মা তস্যাষ্টৌ চ সমীপগাঃ।
সর্ব্বানেকোত্তরান্ বিদ্যাৎ পূর্ব্বাদীন্ নামতঃ শৃণু॥
অর্য্যমা সবিতা চৈব বিবস্বান্ বিবুধাধিপঃ।
মিত্রোঽথ রাজযক্ষ্মা চ তথা পৃথ্বীধরঃ ক্রমাৎ।
অষ্টমশ্চাপবৎসশ্চ পরিতো ব্রহ্মণঃ স্মৃতাঃ।
আপশ্চৈবাপবৎসশ্চ পর্জ্জন্যোঽগ্নির্দিতিস্তথা।
পদিকানাং চ বর্গোঽয়মেবং কোণেষ্বশেষতঃ॥ ৫১॥
তন্মধ্যে তু বহির্ব্বিংশ দ্বিপদান্তে তু সর্ব্বতঃ।

দিশি দ্বিপদাঃ পঞ্চেত্যেবং সর্ব্বতঃ চতুর্দ্দিক্ষু বিংশতির্দ্বিপদা জ্ঞেয়া ইত্যর্থঃ। তত্র চ পূর্ব্বাস্যাং দিশি পর্জ্জন্যদক্ষিণতো বহিরেকপদে তদধশ্চান্তরেকপদে এবং পদদ্বয়ে ক্রমেণ জয়ন্তাদয়ঃ পঞ্চ দক্ষিণস্যাং তথৈব বিতথাদয়ঃ পঞ্চ। পশ্চিমস্যাং তথৈব সুগ্রীবাদয়ঃ পঞ্চ। উত্তরস্যাং তথৈব মুখ্যাদয়ঃ পঞ্চেত্যেবং জ্ঞেয়ং। চত্বারশ্চাত্র পদা ইত্যাহ অর্য্যমেতি। এবং সর্ব্বে একপদা বিংশতিঃ। দ্বিপদাশ্চ বিংশতিঃ ত্রিপদাশ্চত্বারঃ। নবপদশ্চৈকো ব্রহ্মা তত্র চ বহিরেকপদা দ্বাদশ। দ্বিপদাশ্চ বিংশতিরেব। বহিঃ কোণচতুষ্টয়াদধঃ কোণচতুষ্টয়ে চত্বার একপদাঃ ব্রহ্মণঃ পূর্ব্বাদি দিক্ষু ত্রিপদাশ্চত্বারঃ। তস্যৈব চতুষ্কোণেষু চত্বারশ্চৈকপদা এবেত্যেবমেকাশীতিপদেষু পঞ্চচত্বারিংশদ্দেবতাঃ পূজ্যা ইতি বারাহ্যাদিসম্মত্যা শিষ্টাচারতো জ্ঞেয়ং॥ ৫১॥

প্রসঙ্গাদ্বাস্তুমণ্ডলে বংশানাহ বংশানীতি দ্বাভ্যাং। ঋজূনিতি পাঠে বংশানাং বিশেষণং।

ব্রহ্মার সমীপবর্ত্তি আটজন। সমস্ত একোত্তর অর্থাৎ প্রত্যেকের পরে এক একটী দেবতা জানিতে হইবে। পূর্ব্বাদির নাম বলি শ্রবণ কর॥

অর্য্যমা, সবিতা, বিবস্বান্, বিবুধাধিপ, মিত্র, রাজযক্ষ্মা, পৃথ্বীধর এবং চাপবৎস, ব্রহ্মার চতুর্দ্দিকে এই আটজনকে জানিতে হইবে। আপ, আপবৎস, পর্জ্জন্য, অগ্নি ও অদিতি, অশেষ প্রকারে কোণ সমুদায়ে পদিকা সকলের এই বর্গ হয়॥ ৫১॥

তাহার মধ্যে বহির্ভাগে সর্ব্বতোভাবে বিংশতিটী দ্বিপদ আছে, যথা-

অর্য্যমা চ বিবস্বাংশ্চ মিত্রঃ পৃথ্বীধরস্তথা।
ব্রহ্মণঃ পরিতো দিক্ষু ত্রিপদাস্তে তু সর্ব্বতঃ।
বংশানিদানীং বক্ষ্যামি ঋজূনপি পৃথক্ পৃথক্।
বায়ুং যাবৎ তথা রোগাৎ পিতৃভ্যঃ শিখিনং তথা।
মুখ্যাদ্দৃশং তথা শোষাদ্বিতথং যাবদেব তু।
সুগ্রীবাদদিতিং যাবদ্ভৃঙ্গাৎ পর্জ্জন্যমেব চ ॥ ৫২ ॥
এতে বংশাঃ সমাখ্যাতাঃ কচিদৃজব এব তে ॥ ৫৩ ॥
এতেষাং যস্তু সম্পাতঃ পদমধ্যং সমং তথা।
মর্ম্ম চৈতৎ সমাখ্যাতং ত্রিশূলং কোণগং চ যৎ।
স্তম্বন্যাসেষু বর্জ্যাণি তুল্যা বেধেষু সর্ব্বদা।
কীলোৎসৃষ্টোপঘাতাদিবর্জ্জয়েদযত্নতো নরঃ।

রোগপদাদ্বায়ুপদং যাবদেকো বংশঃ। এবমন্তেঽপ্যগ্রে জ্ঞেয়াঃ ॥ ৫২ ॥

এতে ষড় বংশাঃ ॥ ৫৩ ॥

বংশকথনপ্রয়োজনমাহ এতেষামিতি দ্বাভ্যাং। তত্র সংপাতঃ দ্বাভ্যামেকত্রসংশ্লেষঃ। বাস্তুপুরুষস্যাঙ্গেষু তত্তদ্দেবতাপূজাং বিভজ্য বক্ষ্যন্ আদৌ তস্য দেহে যত্তামাহ সর্ব্বত্রেত্যর্দ্ধেন

অর্য্যমা, বিবস্বান্, মিত্র ও পৃথ্বীধর ইহারা সর্ব্বতোভাবে ব্রহ্মার চতুর্দ্দিকে ত্রিপদ। এক্ষণে যে সকল বংশ ঋজু তৎসমুদায়ও পৃথক্ পৃথক্ বলিতেছি, যথা—রোগপদ হইতে বায়ুপদ, পিতৃলোক হইতে শিখী, মুখ্য হইতে দৃশ, শোষ হইতে বিতথ, সুগ্রীব হইতে অদিতি এবং ভৃঙ্গ হইতে পর্জ্জন্য ॥ ৫২ ॥

ঐ ছয়কে বংশ কহে এবং কখন ইহাকে ঋজু কহা যায় ॥ ৫৩ ॥

এই সকলের মধ্যে যাহা সম্পাত, তাহাকে পদমধ্য সম বলা যায়। যাহা ত্রিশূলের কোণগত, তাহা মর্ম্ম বলিয়া কথিত হয়। স্তম্ব ন্যাস সকলে যে সমুদায় বর্জনীয় তাহারা সর্ব্বদা বেধসমূহে তুল্য জানিবে। মনুষ্য কীলোৎসৃষ্ট ঘাতাদি যত্নপূর্ব্বক বর্জন করিবে। যাহা পিতৃবংশো-

সর্ব্বত্র বাস্তুর্নির্দ্দিষ্টঃ পিতৃবংশোত্তরায়তঃ ॥ ৫৪ ॥
মূর্দ্ধন্যগ্নিঃ সমাবিষ্টো মুখে চাপঃ সমাস্থিতঃ।
পৃথ্বীধরোঽর্য্যমা চৈব স্তনয়োস্তাবধিষ্ঠিতৌ।
বক্ষঃস্থলে ত্বাপবৎসঃ পূজনীয়ঃ সদা বুধৈঃ।
নেত্রয়োর্দ্দিতিপর্জ্জন্যৌ শ্রোত্রেঽদিতিজয়ন্তকৌ।
সর্পেন্দ্রাবংশসংস্থৌ তু পূজনীয়ৌ প্রযত্নতঃ।
সূর্য্যসোমাদয়স্তদ্বাহ্বোঃ পঞ্চ চ পঞ্চ চ।
রুদ্রশ্চ রাজযক্ষ্মা চ বামহস্তং সমাশ্রিতৌ।
সাবিত্রঃ সবিতা তদ্বদ্ধস্তং দক্ষিণমাশ্রিতৌ।
বিবস্বানথ মিত্রশ্চ জঠরে সংব্যবস্থিতৌ।

শিখিনমারভ্য শিখিনং যাবদ্যো বংশস্তস্যোত্তরমন্তং যাবদায়তো বাস্তুপুরুষ ইত্যর্থঃ ॥ ৫৪ ॥

অধোমুখপতিতস্য বাস্তুপুরুষস্য মূর্দ্ধনি সমাবিষ্টঃ অধিষ্ঠিতোঽগ্নিঃ পূজনীয় ইত্যর্থঃ। এবমগ্রেঽপি জ্ঞেয়ং। শ্রোত্রে শ্রোত্রয়োঃ অদিতিজয়ন্তৌ। সর্পঃ অদিতেরুত্তরতো নিরন্তরস্থিতো দ্বিপদঃ। ইন্দ্রশ্চ কুলিশাধিপো জয়ন্তস্য দক্ষিণতো নিরন্তরস্থিতো দ্বিপদঃ তৌ স্কন্ধস্থিতৌ পূজ্যৌ। সূর্য্যাদয়ঃ পঞ্চ দক্ষিণে বাহৌ। আদিশব্দেন সূর্য্যস্য দক্ষিণে নিকটবর্ত্তিনঃ

ত্তর আয়ত তাহা সকল স্থানে বাস্তু বলিয়া নির্দ্দিষ্ট হয় ॥ ৫৪ ॥

অধোমুখ পতিত বাস্তু পুরুষের মস্তকে অধিষ্ঠিত অগ্নি, মুখে অবস্থিত চাপ, পৃথ্বীধর ও অর্য্যমা এই দুই স্তনদ্বয়ে অধিষ্ঠিত এবং বক্ষঃস্থলে আপবৎস অবস্থিত, পণ্ডিত ব্যক্তি সর্ব্বদা এই সকলকে পূজা করিবেন। তথা নেত্রদ্বয়ে অদিতি ও পর্জ্জন্য, শ্রোত্রদ্বয়ে অদিতি ও জয়ন্ত এবং স্কন্ধদ্বয়ে সর্প ও ইন্দ্রসংস্থিত, যত্নপূর্ব্বক ইহাদিগকে পূজা করিবেন। অপর নেত্রদ্বয়ে দিতি ও পর্জ্জন্য, কর্ণদ্বয়ে অদিতি ও জয়ন্ত এবং দুই স্কন্ধে সর্প ও ইন্দ্রকে যত্নসহকারে পূজা করিবেন। আর সূর্য্য ও সোম প্রভৃতি পাঁচপাঁচটি বাহুদ্বয়ে, রুদ্র ও রাজযক্ষ্মাকে বামহস্তে, সাবিত্র ও সবিতাকে দক্ষিণহস্তে, বিবস্বান্ ও মিত্রকে

পূষা চ পাপযক্ষ্মা চ হস্তয়োর্মণিবন্ধনে।
তথৈবাসুরশেষৌ চ বামং পার্শ্বং সমাশ্রিতৌ।
পার্শ্বে তু দক্ষিণে তদ্বদ্বিতথঃ সগৃহক্ষতঃ।
ঊর্ব্বোর্যমাম্বুপৌ জ্ঞেয়ৌ জান্বোর্গন্ধর্ব্বপুষ্পকৌ।
জঙ্ঘয়োর্ভৃঙ্গসুগ্রীবৌ স্ফিক্‌স্থৌ দৌবারিকো মৃগঃ।
জয়ঃ শক্রস্তথা মেঢ্রে পাদয়োঃ পিতরস্তথা।
মধ্যে নবপদো ব্রহ্মা হৃদয়ে তু স পূজ্যতে॥
চতুঃষষ্টিপদো বাস্তুঃ প্রাসাদে ব্রহ্মণঃ স্মৃতঃ।

সত্যভৃশাকাশবায়বশ্চত্বারঃ তথা সোমাদয়শ্চ পঞ্চ বামবাহৌ পূজ্যা ইত্যর্থঃ। অত্রাদিশব্দেন সোমস্যোত্তরে নিকটবর্ত্তিনো ভল্লাটমুখ্যাহিরোগাশ্চত্বারঃ। হস্তয়োরিতি দ্বিত্বেন মণিবন্ধস্যাপি দ্বিত্বং জ্ঞেয়ং। মণিবন্ধয়োরিতি বা পাঠঃ। তত্র দক্ষিণে মণিবন্ধে পূষা বামে চ পাপযক্ষ্মা পাপ এব। অতএব বলিদানেঽপ্যগ্রে বক্তব্যং গোধা বৈ পাপযক্ষ্মণ ইতি। রাজযক্ষ্মেতি পাঠশ্চিন্ত্যঃ। রুদ্রস্যাধঃকোণস্থিতস্য রাজযক্ষ্মণো রুদ্রেণ সহ বামহস্তে চ পূর্ব্বং স্থিত্যুক্তঃ। অম্বুপো বরুণঃ। পুষ্পকঃ পুষ্পদন্তঃ। ভৃঙ্গো ভৃঙ্গরাজঃ। স্ফিক্ কটী। শক্রো বিবুধাধিপঃ জয়ন্তস্যাধঃকোণবর্ত্তী। মেঢ্রে মেঢ্রয়োঃ। এবং মূর্দ্ধমুখবক্ষঃসু ত্রিষঙ্গেষু প্রত্যেকমেক ইতি ত্রয়ঃ। স্তনাদিদশযুগলেষু চ প্রতিযুগলং দ্বাবিতি বিংশতি। বাহ্বোঃ পঞ্চ চ পঞ্চ চেত্যুক্তেস্তয়োর্দশ। হস্তয়োঃ পার্শ্বয়োশ্চ প্রত্যেকং দ্বয়োক্তেরষ্টৌ জঠরে চৈকস্মিন্ দ্বৌ। পাদয়োঃ পিতরস্তথেত্যুক্তেস্তয়োঃ পিতৃগণ এক এব। হৃদয়ে চ মর্ম্মণি ব্রহ্মৈক এবেতি সর্ব্বেষ্বঙ্গেষু পঞ্চচত্বারিংশদ্দেববিভাগো জ্ঞেয়ঃ। চতুঃষষ্টিপদমণ্ডলমাহ চতুরিতি দ্বাভ্যাং। ব্রহ্মণঃ প্রাসাদে নান্যস্য। শ্রীহয়শীর্ষমতে চ সর্ব্বত্রৈবেত্যগ্রে ব্যক্তং ভাবি। তদ্বৎ একাশীতিপদবন্মধ্যে ব্রহ্মা

জঠরে, পূষা ও পাপযক্ষ্মাকে হস্তদ্বয়ের মণিবন্ধনে, অসুর ও শেষকে বামপার্শ্বে, বিতথ ও গৃহক্ষতকে দক্ষিণপার্শ্বে, যম ও বরুণকে ঊরুদ্বয়ে, গন্ধর্ব্ব ও পুষ্পদন্তকে জানুদ্বয়ে, ভৃঙ্গ ও সুগ্রীবকে জঙ্ঘাদ্বয়ে, দৌবারিক ও মৃগকে কটিদ্বয়ে, জয় ও শক্রকে মেঢ্রদেশে, পিতৃগণকে পদদ্বয়ে এবং হৃদয়মধ্যে নবপদ ব্রহ্মাকে পূজা করিবে॥

অপর ব্রহ্মার প্রাসাদে বাস্তু চতুঃষষ্টিপদ হইবে, ব্রহ্মা চতুষ্পদ এবং

ব্রহ্মা চতুষ্পাদস্তদ্বৎ কোণেষ্বেকপদাস্তথা।
বহিঃকোণেষু চাষ্টৌ তু সার্দ্ধশ্চোভয়তঃ স্মৃতাঃ।
বিংশতির্দ্বিপদাস্তেষাং চতুঃষষ্টিপদে স্মৃতাঃ॥
হয়শীর্ষে॥
বাস্ত্বঙ্গং সূত্রয়েৎ প্রাজ্ঞঃ শ্বেতাম্বরধরঃ শুচিঃ।
শ্বেতগন্ধানুলিপ্তাঙ্গং সর্ব্বালঙ্কারভূষিতঃ।
চতুঃষষ্টিস্তু প্রাসাদে একাশীতিং গৃহে সদা॥ ৫৫॥

---

স চাত্র চতুষ্পদ ইত্যর্থঃ। ততো ব্রহ্মণঃ কোণেষু যেষু চতুর্ষু পূর্ব্বমেকপদাঃ স্থিতাঃ তেষু চাত্র কোণেষু রেখাং দত্ত্বাষ্টাবর্দ্ধপদাঃ স্থিতাঃ কার্য্যা ইত্যর্থঃ। কিঞ্চ। মণ্ডলস্য বহিশ্চতুঃকোণেষু চ তথৈবাষ্টৌ। কিঞ্চ। মণ্ডলবহিঃকোণানাং তেষামুভয়তঃ পার্শ্বদ্বয়ে অষ্টৌ দেবাঃ সার্দ্ধপদাঃ স্থিতাঃ কার্য্যা ইত্যর্থঃ। এবং বাহ্যান্তরাষ্টকোণেষু অর্দ্ধপদাঃ ষোড়শঃ। তে চৈশানকোণাদ্ধি-ক্রমেণ বহিঃশিখ্যাকাশবায়ুমৃগপিতৃপাপরোগাদিতয়োঽষ্টাবন্তশ্চ তথৈব সাবিত্র বিবুধাধিপ জয়-রুদ্র রাজযক্ষ্ম পাপবৎস সবিতারোঽষ্টৌ জ্ঞেয়াঃ। অষ্টৌ চ সার্দ্ধপদাঃ। তে চৈশানদক্ষিণ-ক্রমেণৈব পর্জ্জন্য ভৃশ পূষ ভৃঙ্গরাজ দৌবারিক শেষাহি অদিতয়ো জ্ঞেয়াঃ। দ্বিপদাশ্চ বিংশতিঃ। তত্র চৈকাশীতিপদবন্মণ্ডলস্য পূর্ব্বস্যাং জয়ন্তাদয়ঃ ক্রমেণ চত্বারঃ। তথৈব দক্ষিণস্যাং বিতথা-দয়ঃ। পশ্চিমস্যাং সুগ্রীবাদয়ঃ। উত্তরস্যাং চ মুখ্যাদয়ঃ। ব্রহ্মণঃ পূর্ব্বাদিচতুর্দ্দিক্ষু চার্য্য-মাদয়শ্চত্বার ইতি বিবেচনীয়ং। মধ্যে ব্রহ্মা চৈকশ্চতুষ্পদ ইত্যেবং চতুঃষষ্টিপদেষু পঞ্চচত্বারিংশ-দ্দেবা জ্ঞেয়া ইতি। তথাচ বারাহ্যাং। অষ্টাষ্টকপদমথবা কৃত্বা রেখাস্তু কোণগাস্তির্য্যক্। ব্রহ্মা চতুষ্পদেঽস্মিন্নর্দ্ধপদা ব্রহ্মকোণস্থাঃ। অষ্টৌ চ বহিঃকোণেষ্বপ্যর্দ্ধপদাস্তদুভয়তঃ স্থিতাঃ সার্দ্ধাঃ। উক্তেভ্যো যে শেষাস্তে দ্বিপদা বিংশতিস্তে চেতি॥ ৫৫॥

---

তন্মধ্যে কোণ সকলে এক পদ হইবে। তথা বাহ্য কোণে অষ্ট ও উভয় দিকে সার্দ্ধপদ স্মৃত হইয়াছে, চতুঃষষ্টিপদে বিংশতি দ্বিপদ জানিবে॥

হয়শীর্ষপঞ্চরাত্রে॥

প্রাজ্ঞ ব্যক্তি শুক্লবস্ত্র পরিধান, শুচি ও শ্বেতগন্ধানুলিপ্তাঙ্গ এবং সর্ব্বালঙ্কারভূষিত হইয়া বাস্তুর অঙ্গের সূত্রপাত করিবেন, প্রাসাদে চতুঃ-ষষ্টিপদ এবং গৃহে একাশীতিপদ করিবেন॥ ৫৫॥

চতুরস্রীকৃতে ক্ষেত্রে হ্যষ্টধোভয়ভাজিতে ।
কোণরেখাং ততো দত্ত্বা সুরভাগাংস্তু কল্পয়েৎ ॥
শিবঃ কোণার্দ্ধতো জ্ঞেয়ঃ পর্জ্জন্যঃ পদসংস্থিতঃ ।
দ্বিপদস্থো জয়ো জ্ঞেয়ঃ সুরেশশ্চৈকপাদিকঃ ।
ভাস্করস্তু পদে জ্ঞেয়ো দ্বিপদঃ সত্য ইষ্যতে ।
ভৃশঃ পদস্থো বিজ্ঞেয়ো ব্যোমশ্চৈব পদার্দ্ধগঃ ।
হুতাশনঃ পদার্দ্ধশ্চ পূষা চ পদসংস্থিতঃ ।
বিতথো দ্বিপদশ্চৈব পদৈকশ্চ গৃহক্ষতঃ ।
বৈবস্বতঃ পদৈকস্থো গন্ধর্ব্বো দ্বিপদস্থিতঃ ।
ভৃঙ্গশ্চৈকপদো জ্ঞেয়ো মৃগশ্চার্দ্ধপদে স্থিতঃ ।
পিতরশ্চার্দ্ধতো জ্ঞেয়াঃ পদে দৌবারিকস্তথা ।
সুগ্রীবশ্চ পদো জ্ঞেয়ো হ্যেকস্থঃ পুষ্পদন্তকঃ ।
যাদসাং পতিরেকস্থো হ্যসুরস্তু দ্বিসংস্থিতঃ ।
শোষশ্চৈকপদে জ্ঞেয়ো হ্যর্দ্ধগঃ পাপ ইষ্যতে ।

---

চতুঃষষ্টিপদবিভাগমাহ চতুরস্রীকৃত ইতি। অষ্টধা অষ্টাষ্টত্বেন উভয়তঃ। তির্য্যগূর্দ্ধমধো নবরেখাভির্ভাজিতে কৃতভাগে ক্ষেত্রে কোণরেখাং দত্ত্বেতি বহিশ্চতুকোণেষু মধ্যে মধ্যে

---

চতুঃষষ্টিপদ বিভাগ যথা—ক্ষেত্রকে চতুষ্কোণ করিয়া উভয়দিকে আট আট ভাগ করিবে, তৎপরে কোণরেখা দিয়া দেবভাগ কল্পনা করিবে ॥

কোণার্দ্ধে শিব, একপদে পর্জ্জন্য, দ্বিপদে জয়, একপদে সুরেশ, একপদে ভাস্কর, দ্বিপদে সত্য, একপদে ভৃশ, অর্দ্ধপদে ব্যোম, পদার্দ্ধে হুতাশন, একপদে পূষা, দ্বিপদে বিতথ, একপদে গৃহক্ষত, একপদে বৈবস্বত, দ্বিপদে গন্ধর্ব্ব, একপদে ভৃঙ্গ, অর্দ্ধপদে মৃগ, অর্দ্ধপদে পিতৃগণ, একপদে দৌবারিক, একপদে সুগ্রীব, একপদে পুষ্পদন্তক, একপদে বরুণ, দ্বিপদে অসুর, একপদে শোষ, অর্দ্ধপদে পাপ, অর্দ্ধপদে রোগ,

রোগশ্চার্দ্ধপদে জ্ঞেয়ো নাগশ্চাপি পদে স্থিতঃ।
মুখ্যশ্চ দ্বিপদে জ্ঞেয়ো ভল্লাটঃ পদসংস্থিতঃ।
যজ্ঞেশ্বরঃ পদে জ্ঞেয়ো নাগরাড়্ দ্বিপদে স্থিতঃ।
পদস্থা শ্রীমহাদেবী অদিতিশ্চার্দ্ধসংস্থিতা ॥ ৫৬ ॥
আপো জ্ঞেয়াস্তু পদগাপবলী দ্বিপদা স্থিতা।
চতুষ্পদস্থো বিজ্ঞেয়স্ত্বর্য্যমা পূর্ব্বমধ্যগঃ।
সবিতা তু পদে জ্ঞেয়ঃ সাবিত্রী চ পদে স্থিতা।
ততো বিবস্বান্ বিজ্ঞেয়শ্চতুষ্টয়পদে স্থিতঃ।
ইন্দ্রশ্চন্দ্রো জয়শ্চৈব একৈকে সংব্যবস্থিতৌ।
মিত্রশ্চতুষ্পাদস্থশ্চ পশ্চিমে তু ব্যবস্থিতঃ।
রুদ্রঃ পদৈকসংস্থো বৈ যক্ষ্মা চৈকপদে স্থিতঃ।

ন্মেথায়াহর্দ্ধার্দ্ধত্বেনাষ্টভাগান্ কল্পয়িত্বেত্যর্থঃ ॥ ৫৬ ॥

পদগা আপো জ্ঞেয়াঃ বিসর্গলোপে সন্ধিরার্ষঃ। আপবলী দ্বিপদস্থিতা। এবমত্রার্দ্ধপদাশ্চতুষ্কোণেষ্বষ্টৌ। তন্মধ্যে প্রতিদিশং ষড়িত্যেবং চতুর্দ্দিক্ষু চতুর্ব্বিংশতিরেকপদা এবঞ্চ বহির্দ্বাত্রিংশৎ। মধ্যে ব্রহ্মা চতুষ্পদঃ। তস্য চতুর্দ্দিক্ষু চত্বারশ্চতুষ্পদাঃ। তচ্চতুষ্কোণীয়ষোড়শপদেষু চাষ্টৌ দ্বিপদা ইত্যেবং চতুঃষষ্টিপদেষু পঞ্চচত্বারিংশদ্দেবতাবিভাগঃ। অত্র দেবতাবিভাগক্রমশ্চ বক্ষ্যমাণপূজাক্রমাপেক্ষয়ৈবোক্তঃ ন চ পদক্রমাপেক্ষয়েতি জ্ঞেয়ং। কিঞ্চ। মাৎস্যোক্তা দেবতা নাম স্থানবিভাগাদিভেদশ্চ প্রাসাদাধিষ্ঠাতৃদেবাদিভেদতঃ কল্পনীয় ইতি দিক্। এতচ্ছ্রীহয়শীর্ষদেবোক্তবিভাগানুসারেণৈব শ্রীকৃষ্ণদেবাচার্য্যপাদৈর্বিভাগো

একপদে নাগ, দ্বিপদে মুখ্য, একপদে ভল্লাট, একপদে যজ্ঞেশ্বর, দুইপদে নাগরাজ, একপদে শ্রীমহাদেবী এবং অর্দ্ধপদে অদিতি অবস্থিত আছেন ॥ ৫৬ ॥

একপদে আপ, দ্বিপদে আপবলী, পূর্ব্বমধ্য পদে অর্য্যমা, একপদে সাবিত্রী, চারিপদে বিবস্বান্, এক এক পদে ইন্দ্র, চন্দ্র ও জয়, পশ্চিম চতুষ্পদে মিত্র, একপদে রুদ্র ও একপদে যক্ষ্মা অবস্থিত। তথা উত্তর

ধরাধরশ্চ বিজ্ঞেয়ো হ্যুত্তরে চ চতুষ্পদঃ।
চতুর্মুখশ্চতুষ্কস্থো মধ্যে জ্ঞেয়ঃ প্রজাপতিঃ ॥ ৫৭ ॥

অথ বাস্তুপূজা ॥

মাৎস্যে ॥

অথাতঃ সংপ্রবক্ষ্যামি প্রাসাদবিধিনির্ণয়ং।
বাস্তৌ পরীক্ষিতে সম্যক্ বাস্তুদেহবিচক্ষণাঃ।
বাস্তূপশমনং কুর্য্যাৎ পূর্ব্বমেব বিচক্ষণঃ ॥ ৫৮ ॥
একাশীতিপদং লিখ্য বাস্তুমধ্যে তু পিষ্টকৈঃ।

লিখিতঃ। কেবলমৎস্যোক্তানুসারেণ তৈর্দেবতানামানি লিখিতানি তচ্চ পূর্ব্বং চলমূর্ত্তিপ্রতিষ্ঠায়াং লিখিতমেবাস্তি ॥ ৫৭ ॥

হে বিচক্ষণা ইতি তত্রস্থশ্রোতৃণাং সম্বোধনং ॥ ৫৮ ॥

বাস্তূপশমনপ্রকারমাহ একাশীতি ইত্যাদিনা পিষ্টকৈর্লিখ্য লিখিত্বা। যদ্বা। পিষ্টকৈরিত্যস্ত পরেণৈবান্বয়ঃ। কুণ্ডনির্ম্মাণাদিবিধিবিশেষশ্চ পূর্ব্বং দীক্ষাবিধৌ লিখিত এবাস্তি হোমাদৌ চায়ং বিশেষো গ্রন্থান্তরানুসারেণ শিষ্টসম্মতো জ্ঞেয়ঃ। তথাহি। তস্মিন্ কুণ্ডে গোময়োপলিপ্তে সিকতোপকীর্ণে যথোক্তহোমোপকরণান্যুপস্থাপ্যাচার্য্যো ব্রহ্মবরণং বিধায় স্বগৃহোক্তবিধিনাগ্নিমুপসমাধায় মণ্ডলসমীপং গত্বা শিখিপ্রভৃতিপঞ্চচত্বারিংশদ্দেবতা ঈশানকোণাদিম্বষ্টপদেষু ষট্পঞ্চাশদুত্তরশতদ্বয়সংখ্যৈর্যজমানমুষ্টিপরিমিতৈস্তণ্ডুলৈঃ সপ্রণবমহাব্যা-

চতুষ্পদে ধরাধর, চতুষ্কপদে চতুর্মুখ এবং মধ্যে প্রজাপতি অধিষ্ঠিত আছেন ॥ ৫৭ ॥

অথ বাস্তুপূজা ॥

মৎস্যপুরাণে ॥

অহে বাস্তুদেহবিচক্ষণগণ! সম্যক্প্রকারে বাস্তু পরীক্ষিত হইল, অতঃপর প্রাসাদবিধির নির্ণয় বলিতেছি, বিচক্ষণ ব্যক্তি পূর্ব্বে বাস্তুর উপশমন করিবেন ॥ ৫৮ ॥

বাস্তুমধ্যে পিষ্টক দ্বারা একাশীতি পদ লিখিয়া হস্তপ্রমাণক ত্রিমে-

হোমস্ত্রিমেখলে কার্য্যঃ কুণ্ডে হস্তপ্রমাণকে ॥ ৫৭ ॥
যবৈঃ কৃষ্ণতিলৈস্তদ্বৎ সমিদ্ভিঃ ক্ষীরবৃক্ষজৈঃ।
পালাশৈঃ খাদিরৈর্বাপামার্গোড়ুম্বরসম্ভবৈঃ।
কুশদূর্ব্বাময়ৈর্বাপি মধুসর্পিঃ সমন্বিতৈঃ।

---

স্তুতিভিরাবাহ্য তৈরেব স্থাপয়িত্বা প্রণবাদিনমোঽন্তেন স্বস্বনামমন্ত্রেণ প্রত্যেকং পাদ্যাদি-তাম্বূলান্তৈরুপচারৈরর্চ্চয়েৎ। অথ কুণ্ডসমীপমেত্য স্বগৃহ্যোক্তবিধিনা ব্রহ্মোপবেশনাদ্যাজ্য-ভাগান্তং কর্ম্ম নির্ব্বর্ত্ত্য শিখ্যাদিপঞ্চচত্বারিংশদ্দেবতাভ্যঃ প্রণবব্যাহৃতিপূর্ব্বেণ মহাব্যাহৃতি-পূর্ব্বেণ চ তত্তন্মন্ত্রেণ যবাদিভিঃ পলাশাদীনামন্যতমসমিদ্ভির্বা কুশদূর্ব্বাদিভির্বা প্রত্যেকং দশ-দশাহুতীর্জুহুয়াৎ। কেচিত্তু শিখ্যাদিদেবতাভ্যঃ প্রত্যেকমাহুতিদশকং প্রজেশায়াহুতিশত-মিত্যাহুঃ তথা প্রজাপতয়ে উক্তদ্রব্যাণামন্যতমেন প্রাজাপত্যেন মন্ত্রেণ শতমাহুতীর্জুহুয়াৎ।১ওঁ বাস্তোষ্পতে প্রতীজানীহ্যস্মান্ স্বাবেসো অনমীবা ভবামঃ যত্ত্বেমহে প্রতি তং নো জুষস্ব শান্নো ভব দ্বিপদেশং চতুষ্পদে।২ওঁ বাস্তোষ্পতে প্রতরণো নরায়াধিশয়ঙ্কানো গোভিরশ্বেভিরন্দৌ অজরাস্ত্রস্তসখ্যেস্যাম পিতেব পুত্রান্ প্রতি তন্নোজুষস্ব।৩ওঁ বাস্তোষ্পতে গণ্যপাশং সদা তে শক্ষ্মন হিরণ্ময়াগাতুমাদ্যাপাহি ক্ষেম। উতযোগে বরং নো পৃপতে স্বস্তিভিঃ সদা নঃ।৪ওঁ অমীবহা বাস্তোষ্পতে বিশ্বরূপাণ্যাদিশ নঃ সখাসু স্বেবমধি নঃ।৫ওঁ বাস্তোষ্পতে ধ্রুবাস্থূণা সত্রং সৌম্যানা ইন্দো ভেত্তা পুরাং শশ্বতীনামিন্দ্রো মুনীনাং সখা স্বাহা। ইতি পঞ্চভির্মন্ত্রৈঃ প্রতিমন্ত্রং পঞ্চবিল্বফলানি বিল্ববীজানি বা একৈকশো জুহুয়াৎ। বনবাস্তৌ তু বাস্তোষ্পতীয় হোমাৎ পূর্ব্বং বনপালায় স্বাহা শিখিধ্বজায় স্বাহা সোমায় স্বাহা নাগরাজায় স্বাহা ইত্যেভি-র্মন্ত্রৈঃ প্রত্যেকদৈবতং যবাদিহোমদ্রব্যাণামন্যতমেন দ্রব্যেণাষ্টসহস্রাষ্টশতাষ্টবিংশত্যন্যতম-সংখ্যাকা আহুতীর্জুহুয়াদিতি। শ্রীহয়শীর্ষমতে চায়ং হোমো বিশেষবলিদানানন্তরমেব। তচ্চাগ্রে ব্যক্তং ভাবি ॥ ৫৭ ॥

অথ পূর্ণাহুতিং দত্বা বাস্তুদেবতাভ্যস্তদভীষ্টবলিং প্রত্যেকং দদ্যাদিত্যাহ তত্বদিত্যাদিনা।

---

খল কুণ্ডে হোম করিবেন ॥ ৫৭ ॥

যব, কৃষ্ণতিল, ক্ষীরবৃক্ষজাত-সমিধ্, পলাশ, খদির, অপামার্গ, উড়ু-ম্বরকাষ্ঠ, কুশ এবং দূর্ব্বা, মধু ও ঘৃতমিশ্রিত করিয়া তথা বিল্ব ও বিল্ববীজ

কার্য্যস্তু পঞ্চভির্বি ল্বৈর্বিল্ববীজৈরথাপি বা।
হোমান্তে ভক্ষ্যভোজ্যৈশ্চ বাস্তুদেবে বলিং হরেৎ।
তদ্বদ্বিশেষনৈবেদ্যমিদং দদ্যাৎ ক্রমেণ তু।
ঈশকোণে ঘৃতান্নন্তু শিখিনে বিনিবেদয়েৎ।
ওদনং সোৎপলং দদ্যাৎ পর্জ্জন্যায় ঘৃতান্বিতং।
জয়ন্তায় ধ্বজং পীতং পৈষ্টং কূর্ম্মঞ্চ সংত্যজেৎ।
ইন্দ্রায় পঞ্চরত্নানি পৈষ্টঞ্চ কুলিশং তথা।
বিতানকঞ্চ সূর্য্যায় ধূম্রং রক্তং তথৈব চ।
সত্যায় ঘৃতগোধূমং মৎস্যান্ দদ্যাৎ ভৃশায় চ॥
শষ্কুলীং চান্তরীক্ষায় দদ্যাৎ শক্তূংশ্চ বায়বে।
পূষ্ণে লাজাস্তু দাতব্যা বিতথে চণকৌদনং।
গৃহক্ষতায় মধ্বন্নং যমায় পিশিতৌদনং।
গন্ধোদনঞ্চ গন্ধর্ব্বে ভৃঙ্গে মেষস্য শৃঙ্গকং।
মৃগায় যাবকং দেয়ং পিতৃভ্যঃ কৃশরা মতা।

তত্র তু শিখিনে অগ্নং ঘৃতান্নবলির্নম ইত্যাদি বাক্যং। পৈষ্টং পিষ্টনির্ম্মিতং ঘৃতগোধূমং সঘৃতগোধূমান্নং। মৎস্যান্ মৎস্যান্নং কেবলমৎস্যান্ বা। পৈষ্টং কৃষ্ণং বলিং কৃষ্ণবর্ণপিষ্টবলিঞ্চ

দ্বারা হোম করিবে। হোমান্তে ভোক্ষ্য ও ভোজ্য দ্বারা বাস্তুদেবে বলি আহরণ করিবে। ক্রমে তদ্রূপ এই বিশেষ নৈবেদ্য দান করিবে। ঈশানকোণে অগ্নিকে ঘৃতান্ন, পর্জ্জন্যকে উৎপলের সহিত ঘৃতযুক্ত ওদন দিবে এবং জয়ন্তকে পীতবর্ণ ধ্বজ ও পিষ্টনির্ম্মিত কূর্ম্ম দান করিবে। ইন্দ্রকে পঞ্চরত্ন এবং পিষ্টনির্ম্মিত কুলিশ, সূর্য্যকে ধূম্রবর্ণ ও রক্তবর্ণ বিতান, সত্যকে ঘৃত গোধূম, ভৃশকে মৎস্য, অন্তরীক্ষকে শষ্কুলী, বায়ুকে শক্তু, পূষাকে লাজ, বিতথকে চণকান্ন, গৃহক্ষতকে মধ্বন্ন, যমকে মাংসান্ন, গন্ধর্ব্বকে গন্ধোদন, ভৃঙ্গকে মেষের শৃঙ্গ, মৃগকে যাবক, পিতৃগণকে কৃশর, দৌবারিককে দন্তকাষ্ঠ ও কৃষ্ণবর্ণ পিষ্টক, সুগ্রীবকে

দৌবারিকে দন্তকাষ্ঠং পৈষ্টং কৃষ্ণং বলিং তথা।
সুগ্রীবে পূপকং দদ্যাৎ পুষ্পদন্তায় পায়সং।
কুশস্তম্বেন সহিতং দদ্যাৎ পদ্মঞ্চ বারুণে।
পৈষ্টং হিরণ্ময়ং দদ্যাদসুরায় সুরা মতা।
ঘৃতৌদনঞ্চ শোষায় গোধাং বৈ পাপযক্ষ্মণে।
ঘৃতলড্ডূংশ্চ রোগায় নাগে পুষ্পফলান্বিতং।
সর্পির্মুখ্যায় দাতব্যং মুদেগাদনমতঃপরং।
ভল্লাটায় ততো দদ্যাৎ সোমায় ঘৃতপায়সং।
সর্পায় পৈষ্টং শালূকমদিত্যৈ লোপিকাস্তথা।
দিত্যৈতু পূরিকাং দদ্যাদিত্যেবং বাহ্যতো বলিঃ॥
ক্ষীরমাপায় দাতব্যমাপবৎসায় বৈ দধি।
সাবিত্রে লড্ডুকান্ দদ্যাৎ সমরীচান্ কুশোদনং।
সবিতুর্গুড়পূপাংশ্চ জয়ায় ঘৃতচন্দনং।
বিবস্বতে তথা দদ্যাদ্রক্তচন্দনপায়সং।

---

হিরণ্ময়পিষ্টবলিঞ্চ বরুণায় দদ্যাৎ। নাগে অহয়ে। ভল্লাটায় মুদেগাদনং। গুড়ৈর্যে পূপা অপূপাস্তান্। ঘৃতং চন্দনঞ্চ রক্তচন্দনং পায়সঞ্চ। হরিতালবদোদনং পীতবর্ণভক্তমিত্যর্থঃ। ঘৃত-

---

পূপ, পুষ্পদন্তকে পায়স, বরুণকে কুশস্তম্বের সহিত পদ্ম, অসুরকে হিরণ্ময় পিষ্টক ও সুরা, শোষকে ঘৃতান্ন, পাপযক্ষ্মাকে গোধা, রোগকে ঘৃতলড্ডুক, নাগকে পুষ্প ও ফলসমন্বিত, মুখ্যকে ঘৃত, ভল্লাটকে মুদেগাদন, সোমকে ঘৃত পায়স, সর্পকে পিষ্টকনির্ম্মিত শালূক, অদিতিকে লোপিকা, দিতিকে পূরিকা, এইরূপ বাহ্য বলি প্রদান করিবে॥

আপকে ক্ষীর, আপবৎসকে দধি, সাবিত্রকে লড্ডুক ও মরীচের সহিত কুশোদন, সবিতাকে গুড়পূপ, জয়কে ঘৃতচন্দন, বিবস্বান্‌কে রক্তচন্দন ও

হরিতালৌদনং দদ্যাদিন্দ্রায় ঘৃতসংযুতং।
ঘৃতৌদনঞ্চ মিত্রায় রুদ্রায় ঘৃতপায়সং।
আমং পক্বং তথা মাংসং দেয়ং স্যাদ্রাজযক্ষ্মণে।
পৃথ্বীধরায় মাংসানি কুষ্মাণ্ডায় চ দাপয়েৎ।
শর্করাপায়সং দদ্যাদর্য্যম্নে সর্ব্বশঃ ক্রমাৎ।
নমস্কারান্তযুক্তেন পায়সং পুনরেব চ।
পঞ্চগব্যং যবাংশ্চৈব তিলাক্ষত হবিশ্চরূন্।
ভক্ষ্যং ভোজ্যঞ্চ বিবিধং ব্রহ্মণে বিনিবেদয়েৎ॥
এবং সংপূজিতা দেবাঃ শান্তিং কুর্ব্বন্তি তে সদা।
সর্ব্বেভ্যঃ কাঞ্চনং দদ্যাৎ ব্রহ্মণে গাং পয়স্বিনীং॥ ৬০॥
রাক্ষসীনাং বলির্দেয়ো অপি যাদৃক্ তথা শৃণু।
মাংসৌদনং ঘৃতং পদ্মকেশরং হবিষান্বিতং॥ ৬১॥

সংযুতং হরিতালৌদনং। এবং প্রত্যেকং বলিবিশেষং দত্ত্বা পশ্চাৎ ক্রমেণ সর্ব্বেভ্যঃ শিখি-প্রভৃতিভ্যঃ কাঞ্চনং ব্রহ্মণে চ ধেনুং প্রণবাদিনমোঽন্ত-চতুর্থ্যন্ত-তত্তন্নামমন্ত্রেণ দদ্যাৎ॥ ৬০॥

অথ মণ্ডলাদ্বহিরৈশানাদি বিদিকৃচতুষ্টয়ে ক্রমেণ রাক্ষসীভ্যশ্চতসৃভ্যো বলিদানমাহ রাক্ষসী-নামিতি চতুর্ভিঃ। হবিষান্বিতমিতি পাঠে পদ্মকেশরঞ্চ হবিঃসহিতমেবেত্যর্থঃ॥ ৬১॥

পায়স, ইন্দ্রকে ঘৃতসংযুক্ত হরিতালৌদন, মিত্রকে ঘৃতৌদন, রুদ্রকে ঘৃতপায়স, রাজযক্ষ্মাকে কাঁচা এবং পাকা মাংস, পৃথ্বীধরকে মাংস, কুষ্মাণ্ডকে শর্করা, পায়স এবং অর্য্যমাকে ক্রমশঃ সমুদায় নমস্কারান্তযুক্ত মন্ত্র দ্বারা পুনর্ব্বার পায়স, পঞ্চগব্য, যব, তিল, অক্ষত, ঘৃত, চরু এবং বিবিধ প্রকার ভক্ষ্য ভোজ্য ব্রহ্মাকে নিবেদন করিবেন॥

এই প্রকারে দেবতাগণ পূজিত হইলে সর্ব্বদা শান্তি বিধান করেন, সকলকে কাঞ্চন ও ব্রহ্মাকে পয়স্বিনী ধেনু দান করিবেন॥ ৬০॥

রাক্ষসী সকলকে যেরূপ বলি দিতে হইবে বলি শ্রবণ কর, তাহা-দিগকে মাংসৌদন, ঘৃত এবং ঘৃতান্বিত পদ্মকেশর দিবেন॥ ৬১॥

ঈশানভাগমাশ্রিত্য চরক্যৈ বিনিবেদয়েৎ।
মাংসৌদনং সরুধিরং হরিদ্রৌদনমেব চ।
আগ্নেয়ীং দিশমাশ্রিত্য বিদার্য্যৈ বিনিবেদয়েৎ।
দধ্যোদনং সরুধিরমস্থিখণ্ডৈশ্চ সংযুতং।
পীতরক্তবলিং দদ্যাৎ পূতনা যা তু রাক্ষসী।
বায়ব্যে পাপরাক্ষস্যৈ মৎস্যমাংসসুরাসবং॥ ৬২॥
পায়সং বাপি দাতব্যং স্বনাম্না সর্ব্বতঃ ক্রমাৎ।
নমস্কারান্তযুক্তেন প্রণবাদ্যেন সর্ব্বতঃ॥ ৬৩॥
ততঃ সর্ব্বৌষধিস্নানং যজমানস্য কারয়েৎ।

---

যা পূতনা তস্যৈ নৈঋর্তে দধ্যোদনানি দদ্যাৎ। সুরাসবয়োঃ পৈষ্ট্যাদিভেদেন ভেদঃ॥৬২॥

বৈষ্ণবৈঃ কথং মৎস্যমাংসাদিকং দেয়মিত্যাশঙ্ক্য পক্ষান্তরমাহ পায়সং বেতি। সর্ব্বতঃ সর্ব্বস্থানেষু সর্ব্বভ্যোঽপি শিখিপ্রভৃতিভ্যঃ। এবমপৌনরুক্ত্যং। নমস্কারান্তযুক্তেন নম ইত্যন্তেনেত্যর্থঃ। চতুর্থ্যন্তেন চেতি জ্ঞেয়ং॥ ৬৩॥

যজমানস্য সর্ব্বৌষধিস্নপনং কারয়েদিত্যত্রায়ং বিশেষো জ্ঞেয়ঃ। আচার্য্যঃ প্রত্যঙ্মুখো ভূত্বা প্রাঙ্মুখং যজমানং শান্তিকলসেন সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ইত্যাদ্যভিষেকমন্ত্রৈর্মঙ্গলাভিষেকং

---

ঈশানদিক্‌কে আশ্রয় করিয়া চরকী রাক্ষসীকে রুধিরের সহিত মাংসৌদন ও হরিদ্রাযুক্ত ওদন, আগ্নেয়াদিক্‌কে আশ্রয় করিয়া বিদারীকে দধ্যোদন সরুধির অস্থিখণ্ড, নৈঋর্তকোণকে আশ্রয় করিয়া পূতনারাক্ষসীকে পীতরক্ত বলি এবং বায়ুকোণে পাপরাক্ষসীকে মৎস্য মাংস ও সুরাসুরভেদে পিষ্টক নিবেদন করিবেন॥ ৬২॥

অথবা স্বীয় নাম উচ্চারণ পূর্ব্বক প্রণবাদি নমস্কারান্ত মন্ত্র দ্বারা ক্রমশঃ সকলকে বলি নিবেদন করিবে॥ ৬৩॥

তদনন্তর সর্ব্বৌষধি দ্বারা যজমানকে স্নান করাইবে, ঐ সময়ে যে

দ্বিজাংস্তু পূজয়েদ্ভক্ত্যা যে চান্যে গৃহমাগতাঃ ॥ ৬৪ ॥
এতদ্বাস্তূপশমনং কৃত্বা কর্ম্ম সমারভেৎ।
প্রাসাদভবনোদ্যানপ্রারম্ভে পরিবর্ত্তনে।
পরবেশ্মপ্রবেশেষু সর্ব্বদোষাপনুত্তয়ে।
ইতি বাস্তূপশমনং কৃত্বা সূত্রেণ বেষ্টয়েৎ ॥ ৬৫ ॥
রক্ষোঘ্নপবমানেন সূক্তেন ভবনাদিকং।
নৃত্যমঙ্গলবাদ্যেন কুর্য্যাদ্ব্রাহ্মণবাচনং।
অনেন বিধিনা যস্তু প্রতিসংবৎসরং বুধঃ।
গৃহে বায়তনে কুর্য্যান্ন স দুঃখমবাপ্নুয়াৎ।
ন চ ব্যাধিভয়ং তস্য ন চ বন্ধুধনক্ষয়ঃ।

কৃত্বা পশ্চাৎ সর্ব্বৌষধিজলেন স্নাপয়েদিতি। অন্তশ্চাত্রাপেক্ষ্যো বিশেষঃ শিষ্টাচারতো বিজ্ঞেয়ঃ ॥ ৬৪ ॥

পরিবর্ত্তনে জীর্ণোদ্ধরণাদিনা প্রাসাদাদীনামেব পরিবর্ত্ত্য সংস্করণে ॥ ৬৫ ॥

রক্ষোঘ্নেন পবমানেন চ সূক্তেন ॥ ৬৬ ॥

সকল ব্রাহ্মণ গৃহে আগমন করিবেন, ভক্তিপূর্ব্বক তাঁহাদিগেরও পূজা করিবেন ॥ ৬৪ ॥

এইরূপ বাস্তুর উপশমন করিয়া কর্ম্ম আরম্ভ করিবেন, প্রাসাদ, ভবন, উদ্যানের প্রারম্ভ পরিবর্ত্তন এবং অন্য ভবন প্রবেশে সমস্ত দোষের অপনোদনের নিমিত্ত এই প্রকার বাস্তুর উপশমন করিয়া সূত্রদ্বারা বেষ্টন করিবেন ॥ ৬৫ ॥

রক্ষোঘ্ন ও পাবমান মন্ত্র দ্বারা ভবনাদি এবং নৃত্য মঙ্গলবাদ্য দ্বারা ব্রাহ্মণবাচন করাইবেন। এই বিধির অনুসারে যে পণ্ডিত ব্যক্তি প্রতি-বৎসর গৃহে বা আয়তনে বাস্তূপশমন করেন, তিনি কখন দুঃখ প্রাপ্ত হয়েন না, তাঁহার ব্যাধিভয় বা বন্ধু ও ধন ক্ষয় হয় না, তিনি শতবৎসর

জীবেদ্বর্ষশতং স্বর্গে কল্পমেকং বসেন্নরঃ ॥ ৬৬ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

এবং প্রগৃহ্য কোষ্ঠানি রজসাপূর্য্য দেশিকঃ।

এতেষামেব দেবানাং বলিং দদ্যাত্তু কামিকঃ ॥

ঈশানায় প্রদাতব্যং পায়সং মধুনা সহ।

পর্জ্জন্যায় জলং দেয়ং পুষ্পগন্ধাদিবাসিতং।

জয়ন্তায় প্রদাতব্যা পতাকা পীতবর্ণিকা।

সুরেশ্বরায় রত্নানি ভাস্করায় ঘৃতং তথা।

ধূম্রকং পীতবর্ণং বা সত্যে দদ্যাদ্বিতানকং।

দদ্যাদ্ভৃশে পক্ষিমাংসং ব্যোমায় শ্রুবমগ্নয়ে।

পূষ্ণে ধানাঃ সলাজাস্তু সুবর্ণং বিতথে তথা।

গৃহক্ষতায় মধ্বন্নং যমায় পিশিতৌদনং।

গন্ধং গন্ধর্ব্বদেবায় ভৃঙ্গে দদ্যাত্তু শাকুনং।

---

এবমিতি শিবঃ কোণার্দ্ধতো জ্ঞেয় ইত্যাদিনোক্তবিভাগপ্রকারেণ কোষ্ঠানি পদানি প্রগৃহ্য বিভজ্য। ঈশানঃ ঈশানকোণস্থিতঃ শিবস্তস্মৈ ব্যোমায় চ পক্ষিমাংসমেব দদ্যাদিতি জ্ঞেয়ং।

---

জীবিত থাকিয়া এককল্প পর্য্যন্ত স্বর্গে বাস করিবেন ॥ ৬৬ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

আচার্য্য এই প্রকার কোষ্ঠ সকল গ্রহণ করিয়া ধূলি দ্বারা পূরণ করিয়া কামিক হইয়া এই সকল দেবতাকে বলি নিবেদন করিবেন ॥

ঈশানকে মধুর সহিত পায়স, পর্জন্যকে গন্ধপুষ্পবাসিত জল, জয়ন্তকে পীতবর্ণ পতাকা, সুরেশ্বরকে রত্ন, ভাস্করকে ঘৃত, সত্যকে ধূমল অথবা পীতবর্ণ শয্যা দান করিবে। ভৃশকে পক্ষিমাংস, ব্যোমকে পূপ, অগ্নিকে শ্রুব, পূষাকে ভৃষ্টযব ও খৈ, বিতথকে সুবর্ণ, গৃহক্ষতকে মধ্বন্ন, যমকে পিশিতৌদন, গন্ধর্ব্বদেবকে গন্ধ, ভৃঙ্গকে পক্ষিমাংস, মৃগকে তিল যব,

মৃগে তিলযবাংশ্চৈব পিতৃভ্যঃ কৃশরং তথা।
দৌবারিকে দন্তকাষ্ঠং সুগ্রীবে যাবকং তথা।
পুষ্পদন্তে কুশা দেয়া বরুণে পদ্মমুৎপলং।
অসুরায়েক্ষবং দেয়ং রসং শোষে ঘৃতৌদনং।
যবাস্তু দেয়াঃ পাপায় রোগায় ঘৃতমণ্ডকং।
নাগায় নাগপুষ্পাণি ভক্ষ্যান্ মুখ্যায় দাপয়েৎ।
চিত্রৌদনঞ্চ ভল্লাটে সোমায় মধুপায়সং।
সর্পায় চাপি শালূকং শ্রিয়ে সরসপায়সং।
অদিত্যৈ পূরিকা দেয়া ক্ষীরঞ্চাদ্ভ্যো দদেদ্বলিং।
দধিক্ষীরং চাপবল্যৈ অর্য্যম্নে লড্ডুকং বলিং।
কুশোদকং সবিত্রে চ সাবিত্রে গূড়পূপকং।
বিবস্বতে রক্তপুষ্পং রক্তচন্দনমেব চ।
হরিদ্রান্নং তথেন্দ্রায় সাজ্যমিন্দ্রজয়ায় চ।
ঘৃতপূরস্তু মিত্রায় রুদ্রায় গুড়পায়সং।
আমপক্বানি মাংসানি প্রদদ্যাদ্রাজযক্ষ্মণে।
পৃথ্বিধরায়ামমাংসং খড়্গিমাংসং বলিং হরেৎ।

যদ্বা। দদ্যান্মাসং ভৃশে পূপং ব্যোমায়েতি পাঠঃ। শাকুনং পক্ষিমাংসং। সাজ্যং আজ্যসহিতং

পিতৃগণকে কৃশর, দৌবারিককে দন্তকাষ্ঠ, সুগ্রীবকে যাবক, পুষ্পদন্তকে কুশ, বরুণকে পদ্ম ও উৎপল, অসুরকে ইক্ষুরস, শোষকে ঘৃতৌদন, পাপকে যব, রোগকে ঘৃতমণ্ডক, নাগকে নাগপুষ্প, মুখ্যকে ভক্ষ্য, ভল্লাটকে চিত্রৌদন, সোমকে মধুযুক্ত পায়স, সর্পকে শালূক, লক্ষ্মীকে সরস পায়স, অদিতিকে পূরিকা, জলসমূহকে ক্ষীর, চাপবল্লীকে দধিক্ষীর, অর্য্যমাকে লড্ডুক, সবিতাকে কুশোদক, সাবিত্রকে গুড়পিষ্টক, বিবস্বান্‌কে রক্তপুষ্প ও রক্তচন্দন, ইন্দ্রকে হরিদ্রান্ন, ইন্দ্রজয়কে সঘৃত হরিদ্রান্ন, মিত্রকে ঘৃতপূর, রুদ্রকে গুড়পায়স, রাজযক্ষ্মাকে কাঁচা ও পক্ক মাংস, পৃথ্বীধরকে আমমাংস ও গণ্ডারমাংস বলি আহরণ করিবেন।

সাক্ষাতং সতিলং চৈব পঞ্চগব্যং তথা চরুং।
কুশান্ গন্ধং তথা পুষ্পং ব্রহ্মস্থানে নিবেশয়েৎ ॥ ৬৭ ॥
আমমাংসং পূর্ব্বভাগে সর্ব্বস্কন্দে তু মোদকং।
সিতপদ্মং ঘৃতং মাংসং বিদার্য্যৈ চাগ্নিকোণকে।
কৃশরাপূপকং মাসমর্য্যম্নে চৈব দক্ষিণে।
পিণ্ডঞ্চৈব তথা রক্তং পূতনৈ্য নৈঋর্তে তথা।
সাস্থঙ্মাংসং প্রদাতব্যং জম্ভকায়ৈব পশ্চিমে।
অস্থিখণ্ডৈশ্চ সহিতং রক্তপিণ্ডেন মিশ্রিতং।
প্রদেয়ং পাপরাক্ষস্যৈ বায়ব্যাং মাংসমেব চ।
উত্তরে পিলিপিচ্ছায় সান্দ্রং রক্তং বলিং হরেৎ।
বারাহ্যৈ ছাগমাংসানি ঐশান্যাং দিশি দাপয়েৎ ॥ ৬৮ ॥

হরিদ্রাবর্ণাক্তং। আমমাংসমিত্যুক্তং তচ্চ কস্যেত্যপেক্ষায়ামাহ খড়্গিমাংসমিতি। আমমাষানিতি বা পাঠঃ ॥ ৬৭ ॥

স্থাপ্যদেবতানুচরা বাহ্যে সর্ব্বস্কন্দাদয়ঃ স্থিতা ইতি যে মণ্ডলাদ্বহিরষ্টৌ উক্তাস্তেষাং ক্রমেণাষ্টদিক্ষু বলিদানমাহ আমমাংসমিতি সার্দ্ধচতুর্ভিঃ। তত্র কচিচ্চ স্কন্দ ইতি নাম। তথা অর্য্যম্নে জম্ভকায় পিলিপিচ্ছায়েত্যেবং চতুর্দিক্ষু চতুর্ণাং পুংস্ত্বেন নির্দেশশ্চ ॥ ৬৮ ॥

তৎপরে অক্ষত ও তিলযুক্ত পঞ্চগব্য, চরু, কুশ ও পুষ্প ব্রহ্মস্থানে নিবেশ করিবেন ॥ ৬৭ ॥

পূর্ব্বভাগে সর্ব্বস্কন্দকে আমমাংস ও মোদক, অগ্নিকোণে বিদার্য্যকে শ্বেতপদ্ম, ঘৃত ও মাংস, দক্ষিণদিকে অর্য্যমাকে কৃশর, অপূপ ও মাংস, নৈঋর্তকোণে পূতনাকে পিণ্ড এবং রক্ত, পশ্চিমদিকে জম্ভকে রক্তমাংস, বায়ুকোণে পাপরাক্ষসীকে রক্তপীতমিশ্রিত অস্থিখণ্ডের সহিত মাংস, উত্তরে পিলিপিচ্ছকে গাঢ় রক্ত, ঈশানদিকে বারাহীকে ছাগমাংস নিবেদন করিবেন ॥ ৬৮ ॥

ততো ভূতগণানাং তু রাক্ষসানাং সুরোত্তম ।
পিশাচানাং গণানাং তু বলির্দেয়স্তু কামিকঃ ॥ ৬৯ ॥
এতান্ বা পূজয়েৎ সর্ব্বান্ কুশপুষ্পাক্ষতৈর্বুধঃ ।
এবং সংপূজিতা দেবাঃ শান্তিপুষ্টিপ্রদা নৃণাং ॥ ৭০ ॥
অপূজিতা বিহিংসন্তি কারকং স্থাপকং তথা ।
তস্মাদেতাংস্তু সংপূজ্য গন্ধপুষ্পৈর্মনোহরৈঃ ।
প্রাসাদং কারয়েদ্বিদ্বান্ গৃহং বা সুরসত্তম ॥ ৭১ ।
অথ প্রাসাদমূলারম্ভঃ ॥
তত্রৈব ॥

পশ্চাদন্যেভ্যোঽপি ভূতগণাদিভ্যো বলিং দদ্যাদিত্যাহ তত ইতি। কামিকঃ তত্তদভীষ্টঃ ॥ ৬৯ ॥
পূর্ব্ববৎ পক্ষান্তরমাহ এতান্ বেতি ॥ ৭০ ॥
স্থাপকং আচার্য্যং ॥ ৭১ ॥

হে সুরোসত্তম ! তাহার পর কামিক অর্থাৎ সেই সেই বিষয়ে অভিলাষী ব্যক্তি ভূত, রাক্ষস ও পিশাচগণকে যথেষ্ট বলি অর্পণ করিবে ॥৬৯
অথবা পণ্ডিত ব্যক্তি এই সকলকে কাশপুষ্প ও অক্ষত দ্বারা পূজা করিবে, এই প্রকারে দেবতা সকল পূজিত হইয়া মনুষ্যদিগকে শান্তি ও পুষ্টি প্রদান করেন ॥ ৭০ ॥
ইহাঁরা অপূজিত হইলে কর্ত্তা ও স্থাপককে হিংসা করেন, অতএব মনোহর গন্ধপুষ্প দ্বারা এই সকল দেবতার পূজা করিবেন। হে সুরসত্তম ! বিদ্বান্ ব্যক্তি প্রাসাদ অথবা গৃহনির্ম্মাণ করিবেন ॥ ৭১ ॥

অথ প্রাসাদমূলের আরম্ভ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

ব্রহ্মস্থানে ততঃ কুর্য্যাৎ বাসুদেবস্য পূজনং।
শ্রিয়ঃ সংপূজনং কুর্য্যাৎ হৃষীকেশগণস্য চ।
পূজনন্তু ততঃ কুর্য্যাদ্বাসুদেবগণস্য চ।
গন্ধার্ঘ্যপুষ্পনৈবেদ্যধূপদীপৈঃ সুরোত্তম।
ততঃ সংপূজয়েত্তস্মিন্ সর্ব্বলোকধরাং মহীং।
সুরূপাং প্রমদারূপাং দিব্যাভরণভূষিতাং।
ধ্যাত্বা সমর্চ্চয়েদ্দেবীং পরিতুষ্টাং স্মিতাননাং।
ততঃ প্রণম্য বিজ্ঞাপ্য তন্ময়ত্বেন চিন্তয়েৎ॥
ততঃ স্বনামমন্ত্রেণ সর্ব্বামরময়ং পরং।
ধ্যাত্বা সমর্চ্চয়েত্তত্র যত্তদ্বাস্তময়ং নরঃ।
ব্রহ্মস্থানে ততো বিদ্বান্ কুর্য্যাদাধারমক্ষতৈঃ।
তস্মিন্ সংস্থাপয়েৎ কুম্ভং বৰ্দ্ধন্যা সহ পূজিতং।
হৈমং বা রাজতং বাপি মৃণ্ময়ং বা দৃঢ়ং নবং।
সর্ব্ববীজৌষধীযুক্তং সুবর্ণরজতান্বিতং।

হৃষীকেশগণো হৃষীকেশাদিনবব্যূহঃ। বাসুদেবগণশ্চতুর্ব্যূহঃ। ন চ কেবলং বীজৈরেব। যত্তদিত্যব্যয়ং প্রসিদ্ধৌ॥৭২॥

হে সুরোসত্তম! তদনন্তর ব্রহ্মস্থানে বাসুদেবের, লক্ষ্মীর, হৃষীকেশাদি নবব্যূহের। তৎপরে গন্ধ, অর্ঘ্য, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য দ্বারা বাসুদেবের চতুর্ব্যূহকে পূজা করিবেন। তৎপরে ঐ স্থানে সুরূপ-দিব্যাভরণভূষিত, প্রমদা রূপ, পরিতুষ্ট ও হাস্যবদন সর্ব্বলোকধারিণী মহীকে ধ্যান করিয়া পূজা করিবেন, তাহার পর প্রণাম ও বিজ্ঞাপন করিয়া তন্ময় চিন্তা করিবেন॥

তদনন্তর মনুষ্য স্বনাম-মন্ত্র দ্বারা সর্ব্বদেবতাময় পরব্রহ্মকে ধ্যান করিয়া যে কোন বাস্তুরূপকে ধ্যান করিবে। তাহার পর বিদ্বান্ ব্যক্তি অক্ষত দ্বারা আধার করিয়া ঐ স্থানে বৰ্দ্ধনীর সহিত হৈম অথবা রাজত কিম্বা নূতন দৃঢ় মৃণ্ময় সকলককে সর্ব্ববীজ সর্ব্বৌষধী ও সুবর্ণ রজতযুক্ত

রত্নগর্ভং সুসম্পূর্ণং বস্ত্রপূতেন বারিণা।
প্রশস্তপল্লবোপেতং শ্বেতচন্দনচর্চ্চিতং।
পুষ্পৈঃ সুমানিতং কৃত্বা গন্ধপুষ্পৈর্ব্বিধূপিতং।
আহতেন তু শুক্লেন বস্ত্রযুগ্মেন বেষ্টিতং॥ ৭২॥
ব্রহ্মস্থানে ততো মন্ত্রী কলসং স্থাপ্য পূজয়েৎ।
তস্মিংশ্চতুর্মুখং দেবং প্রজেশং মন্ত্রবিগ্রহং।
গন্ধপুষ্পৈশ্চ ধূপৈশ্চ নৈবেদ্যৈঃ সুমনোহরৈঃ।
ততো মণ্ডলবাহ্যে তু প্রাচ্যাং বা প্রাঙ্মুখঃ স্থিতঃ।
আচার্য্যো গৃহ্য সম্ভারান্ গ্রহাদীংস্তর্পয়েৎ সুরান্।
ঘৃতৈস্তিলৈর্যবৈর্মন্ত্রী ব্রহ্মাদীংস্তর্পয়েত্ততঃ।
প্রজেশং তর্পয়েদ্বিদ্বানাহুতীনাং শতেন চ।
ইতরান্ দশভির্দেবানাহুতিভিঃ প্রতর্পয়েৎ।

---

স্থাপ্য স্থাপয়িত্বা। কলসস্থাপনং চেদং বিশেষবলিদানাৎ পূর্ব্বমেবেতি কেষাঞ্চিন্মতং। তথা

---

রত্নগর্ব্ব, বস্ত্রপূত বারি দ্বারা সুসম্পূর্ণ, প্রশস্ত পল্লবযুক্ত, শ্বেতচন্দন ও পুষ্পভূষিত, গন্ধপুষ্প দ্বারা বিধূপিত এবং নূতন শুক্লবস্ত্রযুগল দ্বারা বেষ্টিত করিয়া স্থাপন করিবেন॥ ৭২॥

তদনন্তর মন্ত্রজ্ঞ ব্যক্তি ব্রহ্মস্থানে কলস স্থাপন করিয়া তাহাতে মন্ত্রমূর্ত্তি চতুর্মুখ প্রজেশ দেবকে গন্ধ, পুষ্প, ধূপ ও মনোহর নৈবেদ্য দ্বারা পূজা করিবেন। তাহার পর মণ্ডলের বহির্ভাগে পূর্ব্বদিকে অথবা পূর্ব্বমুখে অবস্থিত হইয়া আচার্য্য পূজোপকরণ সকল গ্রহণ করিয়া গ্রহাদি দেবতাগণকে, তাহার পর ঘৃত, তিল ও যবের দ্বারা ব্রহ্মাদি দেবগণকে, তৎপরে প্রজেশদিগকে শত আহুতি দ্বারা, তাহার পর ইতর দেবতাকে দশ আহুতি দ্বারা তর্পণ করিয়া মন্ত্রজ্ঞ ব্যক্তি বৌষট্ ইত্যন্ত মন্ত্র দ্বারা

দদ্যাৎ পূর্ণাহুতিং পশ্চাদ্বৌষড়ন্তেন মন্ত্রবিৎ ॥ ৭৩ ॥
ততঃ প্রণম্য বিজ্ঞাপ্য কৃত্বা বৈ স্বস্তিবাচনং।
প্রগৃহ্য কর্করীং সম্যঙ্মণ্ডলস্ত প্রদক্ষিণং।
সূত্রমার্গেণ দিব্যেন তোয়ধারাং তু ভ্রাময়েৎ।
পূর্ব্ববত্তেন মার্গেণ সপ্তবীজানি ভ্রাময়েৎ।
সুশোভনং শুভং স্থানং তথা খাতস্য কারয়েৎ ॥ ৭৪ ॥
ততো গর্ত্তং খনেন্মধ্যে হস্তমাত্রং প্রমাণতঃ।
চতুরঙ্গুলমাত্রং তদধঃ খন্যাৎ সুসংমিতং।
গোময়েনোপলিপ্যাথ চন্দনেন বিভূষয়েৎ।
মধ্যে দত্ত্বা তু পুষ্পাণি শুক্লাণ্যক্ষতমেব চ।

হোমশ্চ তদানীমেবেতি মৎস্যপুরাণসম্মতং লিখিতমেব ॥ ৭৩ ॥

প্রদক্ষিণং যথা স্যাত্তথা ভ্রাময়েৎ। সপ্তবীজানি যব-গোধূম-ধান্য-তিল-কঙ্গু-শ্যামাক-নীবারাত্মক-সপ্তধান্যানি ॥ ৭৪ ॥

তদনন্তরমাচার্য্যো যজমানো বা উদঙ্মুখঃ শক্তৌ সুবর্ণকুদ্দালেন প্রারভ্য যোগ্যখনিত্রেণ হস্তপ্রমাণং গর্ত্তং খনেৎ। তস্য গর্ত্তস্যাধশ্চতুরঙ্গুলমিতং খনেৎ। তন্মধ্যে রাজতৌ তিলকয়া

পূর্ণাহুতি প্রদান করিবেন ॥ ৭৩ ॥

তদনন্তর প্রণাম ও বিজ্ঞাপন পূর্ব্বক স্বস্তিবাচন করিয়া কর্করী গ্রহণ করত সম্যক্ প্রকারে মণ্ডল প্রদক্ষিণসহকারে দিব্য সূত্রমার্গ দ্বারা জল-ধারাতে ভ্রমণ করাইবে। তৎপরে পূর্ব্ববৎ সেই মার্গ দ্বারা সপ্তবীজ ভ্রমণ পূর্ব্বক খাতের সুশোভন ও শুভ স্থান করিবেন ॥ ৭৪ ॥

তাহার পর মধ্যদেশে হস্তমাত্র প্রমাণে গর্ত্ত খনন করিবেন এবং ঐ গর্ত্তের অধোভাগে সুন্দর সুসম্মিত চতুরঙ্গুল গর্ত্ত খনন করিবেন। তৎ-পরে গোময় লেপন করিয়া চন্দন দ্বারা বিভূষিত করিবেন। অনন্তর শুক্লপুষ্প ও অক্ষত দিয়া আচার্য্য পূর্ব্বমুখে উপবেশন করত চতুর্ভুজ-

আচার্য্যঃ প্রাঙ্মুখো ভূত্বা ধ্যায়েদ্দেবং চতুর্ভুজং ॥ ৭৫ ॥
তূর্য্যমঙ্গলঘোষেণ ব্রহ্মঘোষরবেণ বা।
অর্ঘ্যং দদ্যাৎ সুরশ্রেষ্ঠ কুম্ভতোয়েন মন্ত্রবিৎ ॥ ৭৬ ॥
প্রগৃহ্য কর্করীং তাবত্তচ্ছ্ভ্রং পূজয়েজ্জলৈঃ।
সর্ব্বরত্নসমাকীর্ণৈর্বিমলৈঃ সসুগন্ধিভিঃ ॥ ৭৭ ॥
তস্মিন্ শুক্লানি পুষ্পাণি প্রক্ষিপেদোমিতি স্মরন্।
তদা বর্ণং পরীক্ষেত বেদাদ্যেনাক্ষতং ক্ষিপেৎ।
শুভং স্যাদ্দক্ষিণাবর্ত্তেঽশুভং বামে ভবেত্ততঃ ॥ ৭৮ ॥
বীজৈঃ শালিযবাদীনাং তং গর্ত্তং পূরয়েদ্বুধঃ।

পূর্ব্বাদি চতুর্দিক্ষু প্রাদক্ষিণ্যেন নিঃক্ষিপেদিতি শিষ্টাচারতো জ্ঞেয়ং ॥ ৭৫ ॥

কুম্ভতোয়েনেতি ব্রহ্মস্থানে স্থাপিতং কুম্ভং তূর্য্যমঙ্গলঘোষাদিনৈবানীয় তস্য জলেনার্ঘ্যং দদ্যাদিত্যর্থঃ। মন্ত্রবদিতি মন্ত্রশ্চায়ং। ওঁ নমো বরুণায়েতি ॥ ৭৬ ॥

জলৈস্তৎকুম্ভস্থৈরেব ॥ ৭৭ ॥

তস্মিন্ শ্বভ্রে। কথমাবর্ত্তং পরীক্ষেতেতি তদাহ শুভমিতি ॥ ৭৮ ॥

দেবকে ধ্যান করিবেন ॥ ৭৫ ॥

হে সুরশ্রেষ্ঠ! মন্ত্রজ্ঞ ব্যক্তি তুরীর মঙ্গলশব্দ অথবা বেদপাঠধ্বনি-সহকারে কলসের জল দ্বারা অর্ঘ্য দান করিবেন ॥ ৭৬ ॥

কর্করী অর্থাৎ ক্ষুদ্র জলপাত্র গ্রহণ করিয়া সর্ব্বরত্নসমন্বিত নির্ম্মল সুগন্ধি কলসের জল দ্বারা তাহার ছিদ্র পূর্ণ করিবেন ॥ ৭৭ ॥

ঐ ছিদ্রের জলে প্রণব (ওঁ) স্মরণ পূর্ব্বক শুক্লপুষ্প নিক্ষেপ করিবেন, ঐ সময়ে উহার বর্ণ পরীক্ষা করিতে হইবে, বর্ণ পরীক্ষার সময় বেদাদি মন্ত্র দ্বারা উহাতে অক্ষত নিক্ষেপ করিবেন, দক্ষিণাবর্ত্তে শুভ এবং বামাবর্ত্তে অশুভ হয় ॥ ৭৮ ॥

পণ্ডিত ব্যক্তি শালি ও যবাদির বীজ দ্বারা ঐ গর্ত্তকে পূর্ণ করিবেন,

ক্ষেত্রজাভিঃ পবিত্রাভিমৃ র্দ্ভির্গর্ত্তং প্রপূরয়েৎ।
এবং নিষ্পাদ্য বিধিনা চার্ঘ্যদানং সুরোত্তম।
সুবর্ণং গাং বস্ত্রযুগ্মমাচার্য্যায় নিবেদয়েৎ।
কালজ্ঞস্থপতী পূজ্যো বৈষ্ণবান্ শক্তিতোঽর্চ্চয়েৎ।
ব্রাহ্মণান্ ভোজয়িত্বা চ গেয়নৃত্যাদি কারয়েৎ॥ ৭৯॥
ততস্তং খাতয়েদযত্নাৎ জলান্তং যাবদেব তু।
পুরুষাধঃস্থিতং শল্যং ন গৃহে দোষদং ভবেৎ।
প্রাসাদে দোষদং শল্যং ভবেদযাবজ্জলান্তিকং।
তস্মাৎ প্রাসাদিকী ভূমিঃ শোধ্যা যাবজ্জলান্তিকং।
শিবান্তং কর্করান্তং বা যাবদ্বা ভূঃ কুমারিকা।
আকোট্য তাং সমীকৃত্য ততো যাগং সমাচরেৎ॥
কিঞ্চ॥

ন চ কেবলং বীজৈরেব কিন্তু মৃত্তিকাভিশ্চেত্যাহ ক্ষেত্রজাভিরিতি॥ ৭৯॥

তৎপরে ক্ষেত্রজাত মৃত্তিকা দ্বারা ঐ গর্ত্তকে বিশেষরূপে পূর্ণ করিবেন। হে সুরশ্রেষ্ঠ! এইরূপ বিধানে অর্ঘ্য দান নিষ্পন্ন করিয়া আচার্য্যকে সুবর্ণ, গো ও বস্ত্রযুগল নিবেদন করিবেন। অনন্তর কালজ্ঞ স্থপতিকে (শিল্পিকে) পূজা করিয়া শক্ত্যনুসারে বৈষ্ণবদিগের অর্চ্চনা করিবেন, তৎপরে ব্রাহ্মণভোজনকরণানন্তর গীত নৃত্যাদি করাইবেন॥ ৭৯॥

তদনন্তর যে পর্য্যন্ত খাতে জল প্রাপ্ত না হওয়া যায়, সেই পর্য্যন্ত খাত করিবেন, পুরুষের অধঃস্থিত শল্য গৃহে দোষপ্রদ হয় না, প্রাসাদে জলের সমীপ পর্য্যন্ত শল্য দোষপ্রদ হয়, অতএব জলের নিকট পর্য্যন্ত প্রাসাদসম্বন্ধীয় ভূমি শোধন করিবেন। শিবান্ত অথবা শর্করান্ত যে পর্য্যন্ত ভূমি কুমারিকা হয়, সেই পর্য্যন্ত আকোট্য অর্থাৎ দৃঢ় মুদগরাদি প্রহার দ্বারা ভূমিকে সমান করিয়া তৎপরে যাগ আরম্ভ করিবেন॥

আরও॥

পূরয়েৎ খাতকং যত্নাৎ পাদং পাদং যথাক্রমং ॥ ৮০ ॥
অষ্টাঙ্গুলং মৃত্তিকয়া স্বস্তিকং চেষ্টকাদিভিঃ।
সিক্ত্বা সিক্ত্বা তু তোয়েন কলসৈঃ কাঞ্চনাদিভিঃ।
আকোটনং ততঃ কুর্য্যাৎ মুদ্গরৈর্ব্রহ্মবৃক্ষজৈঃ।
পাদোনং পূরয়েৎ খাতং সুষমাঞ্চৈব কারয়েৎ।
দেশিকঃ পঞ্চগব্যেন তাং ভূমিং প্রোক্ষয়েদ্বুধঃ।
সুবর্ণব্রীহিগর্ভেণ চূতপল্লবশোভিনা।
তীর্থতোয়সুপূর্ণেন স্বর্ণতাম্রময়েণ বা।
সেচয়েদভিজপ্তেন বারিণা কলসেন তু।
ততঃ শুদ্ধা ভবেদ্ভূমির্দোষযুক্তাপি যা ভবেৎ ॥
অথ শিলালক্ষণং ॥
মাৎস্যে ॥
আদাবেব সমাসেন শিলালক্ষণমুত্তমং।

---

আকোট্য দৃঢ়মুদ্গরাদিপ্রহারৈঃ কুট্টনং কৃত্বা। যাগবিধিরগ্রে বিজ্ঞাপ্যঃ ॥ ৮০ ॥
স্বস্তিকং সম্যগ্ যথা স্যাৎ। যদ্বা। স্বস্তিকমণ্ডলাকারেণ অষ্টাষ্টাঙ্গুলক্রমেণ মৃত্তিকয়া ইষ্ট-

---

যত্নসহকারে যথাক্রমে পাদ পাদ খাতকে পূর্ণ করিবেন ॥ ৮০ ॥

মৃত্তিকা, ইষ্টক, শিলা ও কর্করাদিকে কাঞ্চনাদিসমন্বিত কলসের জলে বারম্বার সেচন করিয়া পলাশবৃক্ষজাত মুদ্গর দ্বারা আঘাতপূর্ব্বক খাতকে একপদ উন রাখিয়া পূরণ করত সমান করিবে। পণ্ডিত আচার্য্য পঞ্চগব্য দ্বারা ঐ ভূমিকে প্রোক্ষণ করিয়া মধ্যদেশে সুবর্ণ ও শস্যযুক্ত চূতপল্লবশোভি, তীর্থজলপূর্ণ স্বর্ণ বা তাম্রময় কলসের মন্ত্রপূত জল দ্বারা সেচন করিবেন, ভূমি দোষযুক্ত হইলেও এইরূপ প্রক্রিয়া দ্বারা শুদ্ধ হইবে ॥

অথ শিলালক্ষণ ॥

মৎস্যপুরাণে ॥

অগ্রে সংক্ষেপে শিলালক্ষণ বলিয়া তদনন্তর শিলান্যাস লক্ষণ বলি-

শিলান্যাসবিধানঞ্চ প্রোচ্যতে তদনন্তরং ॥ ৮১ ॥
শিলা বাথেষ্টকা বাপি চতস্রো লক্ষণান্বিতাঃ।
প্রাসাদাদৌ বিধানেন ন্যস্তব্যাঃ সুমনোহরাঃ।
চতুরস্রাঃ সমাঃ কৃত্বা সমন্তাদথবেষ্টকাঃ।
শিলারূপাঃ স্মৃতা বিদ্যা নন্দাদ্যাশ্চেষ্টকান্বিতাঃ।
সংপূর্ণাঃ সুতলাঃ স্নিগ্ধাঃ সুষমা লক্ষণান্বিতাঃ।
কুশদূর্ব্বাঙ্কিতা ধন্যাঃ সধ্বজচ্ছত্রচামরাঃ।
সাঙ্কুশাস্তোরণোপেতাঃ কূর্ম্মমৎস্যফলান্বিতাঃ।
দর্পণাহস্তিবজ্রাঙ্কাঃ প্রশস্তদ্রব্যলাঞ্ছিতাঃ।
শস্তপক্ষিমৃগাঙ্কাশ্চ বৃষাঙ্কাঃ সর্ব্বদা হিতাঃ।
স্বস্তিকা বেদিকাঃ শুক্লা নন্দ্যাবর্ত্তকলাঞ্ছিতাঃ।
পদ্মাদিলক্ষণোপেতাঃ শিলাঃ সর্ব্বার্থসিদ্ধিদাঃ।
তথা গোবাজিপাদাঙ্কাঃ শিলা ধন্যাঃ সুখাবহাঃ।

কাভিঃ আদিশব্দাচ্ছিলাকর্করাদিভিশ্চ তৎ খাতং পূরয়েৎ ॥ ৮১ ॥
সধ্বজেতি ধ্বজাদিচিহ্নসহিতা ইত্যর্থঃ। এবমগ্রেঽপি জ্ঞেয়ং। তথা পক্ষিণ ইতি দুষ্টপক্ষিতেভ্যো ॥ ৮১ ॥

লক্ষণান্বিত মনোহর চারিটী শিলা বা চারিটী ইষ্টক যথাবিধি প্রাসাদ অর্থাৎ দেবগৃহাদিতে ন্যাস করিবেন। ইষ্টক সকলকে সর্ব্বতোভাবে সমান করিতে হইবে। শিলারূপকে বিদ্যা এবং ইষ্টকান্বিতকে নন্দাদি বলিয়া স্মরণ করিয়াছেন। ঐ সকল শিলা বা ইষ্টক সম্পূর্ণ, সুতল, স্নিগ্ধ, মনোহরলক্ষণান্বিত, কুশ দূর্ব্বাঙ্কিত, সুতরাং ধন্য, ধ্বজ, ছত্র, চামর, অঙ্কুশ ও তোরণযুক্ত, কূর্ম্ম মৎস্য ফলসমন্বিত, দর্পণ, হস্তি, বজ্রাঙ্ক, প্রশস্ত দ্রব্য লাঞ্ছিত, উত্তম পক্ষি মৃগাঙ্ক, বৃষাঙ্ক সর্ব্বদা হিত, স্বস্তিক, বেদিক, নন্দ্যাবর্ত্তচিহ্নিত এবং পদ্মাদি লক্ষণযুক্ত শিলা সর্ব্বার্থ সিদ্ধি প্রদান করে। তথা গো ও অশ্বপদ লাঞ্ছিত শিলা ধন্য এবং সুখ-

ক্রব্যাদমৃগপাদাঙ্কা ন শস্তাঃ পক্ষিণস্তথা।
দিঙ্মূঢ়া দিঘিহীনাশ্চ দীর্ঘহ্রস্বাঃ ক্ষতান্বিতাঃ।
বিবর্ণাঃ স্ফুটিতা ভগ্নাঃ সংত্যজ্যা লক্ষণচ্যুতাঃ।
প্রশস্তপ্রাণিরূপাঙ্কাঃ প্রশস্তদ্রব্যলাঞ্ছিতাঃ।
যথোক্তলক্ষণোপেতাঃ শিলা নিত্যং হিতাবহাঃ॥ ৮২ ॥

অথ ইষ্টকালক্ষণং ॥

তত্রৈব ॥

ইষ্টকানাং সমাসেন লক্ষণং শৃণু সাম্প্রতং।
একবর্ণাঃ সুপক্কাশ্চ সুপ্রমাণা মনোরমাঃ।
নন্দাদ্যাশ্চেষ্টকাঃ কার্য্যাশ্চতুরস্রাঃ সুসম্মিতাঃ।
অস্থ্যঙ্গারান্বিতা নেষ্টাঃ কৃষ্ণবর্ণাঃ সশর্করাঃ।
মন্দপক্কা বিপক্কাশ্চ বহুদিন্যাশ্চ বর্জ্জিতাঃ।
ভগ্নাশ্চ বিষমা হীনা বর্জ্জনীয়াঃ প্রযত্নতঃ॥

---

পাদাঙ্কাশ্চ ন শস্তা ইত্যর্থঃ॥ ৮২ ॥

---

প্রদ, কিন্তু ক্রব্যাদ ও মৃগের পদলাঞ্ছিত এবং পক্ষিপদচিহ্নিত শিলা প্রশস্ত নহে। অপর দিঙ্মূঢ় ও দিঘিহীন, দীর্ঘ হ্রস্ব, ক্ষতযুক্ত, বিবর্ণ, স্ফুটিত, ভগ্ন ও লক্ষণরহিত শিলাকে ত্যাগ করিবেন। তথা প্রশস্ত প্রাণির চিহ্নযুক্ত, প্রশস্ত দ্রব্য শোভিত এবং যথোক্ত লক্ষণাক্রান্ত শিলা নিত্য সুখপ্রাপ্তি করায়॥ ৮২ ॥

অথ ইষ্টকালক্ষণ ॥

ঐ মৎস্যপুরাণে ॥

সম্প্রতি সংক্ষেপে ইষ্টক সকলের লক্ষণ বলি শ্রবণ কর। এক বর্ণ, সুপক্ক, সুপ্রমাণ, মনোহর, চতুষ্কোণ ও সুন্দর পরিমিত হইবে। অস্থি ও অঙ্গারযুক্ত, কৃষ্ণবর্ণ ও বালুকান্বিত, মন্দপক্ক ও বিপরীতপক্ক, পুরাতন, ভগ্ন ও অতি নূতন ইষ্টক যত্নপূর্ব্বক বর্জন করিবেন॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

ইষ্টকানাং প্রমাণঞ্চ লক্ষণং সাম্প্রতং শৃণু।
সুতলা লক্ষণোপেতা দ্বাদশাঙ্গুলসম্মিতাঃ।
সুবিস্তারবিভাগেন নৈপুণ্যেন চ সম্মিতাঃ।
সুপক্বাঃ সুপ্রমাণাস্তা একবর্ণা মনোহরাঃ।
বিমলা ইষ্টকাঃ কার্য্যাশ্চতুরস্রাঃ সুসম্মিতাঃ।
ছিন্নকর্ণাশ্চাপ্রশস্তাঃ পাণিপাদবিবর্জ্জিতাঃ ॥ ৮৩ ॥
সশর্করাঃ কৃষ্ণবর্ণা অস্থ্যঙ্গারচিতাশ্চ যাঃ।
বিবর্ণা মন্দগন্ধাশ্চ যাঃ পীনপিণ্ডিকাস্তথা।
হীনাশ্চ বিষমা ভগ্নাঃ জর্জ্জরাশ্চ বিবর্জ্জিতাঃ ॥ ৮৪ ॥

অথ শিলাদিন্যাসব্যবস্থা। মাৎস্যে ॥

বহুদিন্যাশ্চিরস্তনাঃ। হীনা উক্তলক্ষণরহিতা অতিনবাঃ ॥ ৮৩ ॥

হয়শীর্ষদেবেন শিলালক্ষণং শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাবপ্রসঙ্গে পূর্ব্বমেবোক্তমস্তি অধুনা ইষ্টকালক্ষণমাত্রমুচ্যতে ইষ্টকানামিতি সার্দ্ধচতুর্ভিঃ। পাণিপাদৈঃ উপর্য্যধোভাগৈর্বিবর্জ্জিতাঃ ॥ ৮৪ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

সম্প্রতি ইষ্টক সকলের লক্ষণ ও প্রমাণ বলি শ্রবণ কর। সুতল, লক্ষণযুক্ত, দ্বাদশাঙ্গুলপরিমিত, সুবিস্তার ও নৈপুণ্য দ্বারা সম্মিত, সুপক্ব, সুপ্রমাণ, একবর্ণ ও মনোহর, নির্ম্মল, সুসম্মিত ও চতুষ্কোণ ইষ্টক করিবে। ছিন্নকর্ণ, অপ্রশস্ত ও পাণিপাদ অর্থাৎ উপরি এবং অধোভাগে বিবর্জিত ॥ ৮৩ ॥

বালুকাযুক্ত, কৃষ্ণবর্ণ, অস্থি ও অঙ্গার রচিত, বিবর্ণ ও দুর্গন্ধি, পীনপিণ্ডিকা হীন, বিষম ভগ্ন ও জীর্ণ ইষ্টককে বর্জন করিবে ॥ ৮৪ ॥

অথ শিলাদিন্যাসব্যবস্থা। মৎস্যপুরাণে ॥

শিলান্যাসস্তু কর্ত্তব্যঃ প্রাসাদে তু শিলাময়ে।
ইষ্টকানাং তু বিন্যাসঃ প্রাসাদে চেষ্টকাময়ে।
শৈলজে শৈলজঃ পাঠ ঐষ্টিকে চৈষ্টকঃ স্মৃতঃ।
শিলান্যাসাদিকো ভদ্রে মূলপাদে বিধীয়তে॥
হয়শীর্ষে চ॥
কর্ত্তব্যশ্চেষ্টকান্যাসঃ প্রাসাদে চেষ্টকাময়ে।

মৎস্যপুরাণানুক্তমপি শিলাদি ন্যাসে শিলাধিবাসনাদিকং শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রদৃষ্ট্যা লিখতি কৃত্বেতি দ্বাভ্যাং। ননু শিলাধিবাসনাদিবিধিঃ কীদৃশ ইত্যপেক্ষায়াং লিখতি স্বয়মিতি। স্ফুটমিতি একত্রৈব ব্যক্ততয়া তত্র বর্ত্তমানত্বাদত্র ন লিখিত ইতি ভাবঃ। তথা চ তত্র শিলাধিবাসনপটলে। নবৈব পরিগৃহ্নীয়াত্তাম্রকুম্ভান্ সুশোভনান্। আহৃত্য সর্ব্বসংভারানিষ্টকামধিবাসয়েৎ। ঐশান্যাং মণ্ডপং কৃত্বা তদ্বৎ প্রাচ্যাং চ মণ্ডপং। কুম্ভানামিষ্টকানাঞ্চ ততঃ স্নপনমাচরেৎ। অথ পঞ্চকষায়েণ সর্ব্বৌষধিজলেন চ। গন্ধতোয়েন চ তথা কুম্ভৈস্তোয়সুপূরিতৈঃ। হিরণ্যব্রীহিসংযুক্তৈর্গন্ধচন্দনচর্চ্চিতৈঃ। আপোহিষ্ঠেতি তিসৃভিঃ শন্নো দেবীতি চাপ্যথ। তত্ত্বং সমন্বীতি তথা পাবমানীভিরেব চ। তদুত্তমং বরুণেতি ইমম্মেতি তথৈব চ। বরুণস্যেতি মন্ত্রেণ হংসঃ শুচিষদিত্যপি। শ্রীসূক্তেন তথা কুম্ভৈঃ স্নাপয়েদিষ্টকাং তথা। শ্রাবণীয়ং পঠন্ সূক্তং কুম্ভাংস্তান্ স্নাপয়েদ্বুধঃ। ততোঽনুলেপনং কার্য্যং চন্দনেন সুগন্ধিনা। আচ্ছাদনং ততঃ কুর্য্যাদ্বাসোভিঃ কুসুমৈস্ততঃ। শয্যায়াং তু প্রকৃষ্টায়াং মণ্ডপে স্থাপ্য পূজয়েৎ। নানাপ্রখ্যোদনৈশ্চৈব গন্ধৈঃ পুষ্পৈর্মনোহরৈঃ। ধূপং দীপঞ্চ নৈবেদ্যং তেষাং যত্নান্নিবেদয়েৎ। এবং কৃত্বা ততঃ সম্যগিষ্টকাহোমমাচরেৎ। তস্মিংস্তু মণ্ডপে লিখ্য বৈষ্ণবং মণ্ডলং শুভং। বিষ্ণুমভ্যর্চ্চয়েত্তত্র কুণ্ডেঽগ্নিং জুহুয়াত্ততঃ। বৈষ্ণবাগ্নিং জ্বলিত্বাদৌ যথাবিধিসমাহিতঃ। কুর্য্যাচ্চ সমিধাধানং দ্বাদশাক্ষরবিদ্যয়া। আঘারাজ্যদ্বিভাগৌ তু প্রণবেনৈব কারয়েৎ।

হে ভদ্রে! শিলাময় প্রাসাদে শিলান্যাস, ইষ্টকাময় প্রাসাদে ইষ্টকন্যাস, শৈলজপ্রাসাদে শৈলজ এবং ইষ্টকজ প্রাসাদে ইষ্টকপীঠ ন্যাস করিবে। শিলান্যাসাদি মূলপাদে বিধান করিবে॥

হয়শীর্ষপঞ্চরাত্রে॥

ইষ্টকাময় প্রাসাদে ইষ্টক, শৈলে শিলা, কার্করে কর্কর অর্থাৎ

শৈলে শিলানাং বিন্যাসঃ কার্করে কর্করং ন্যসেদিতি ॥
কৃত্বা শিলাদিন্যাসঞ্চ প্রাক্ শিলাভ্যধিবাসনং।

অষ্টাক্ষরৈস্ততো ব্যস্তৈঃ কুর্য্যাদষ্টাহুতীঃ ক্রমাৎ। আজ্যং ব্যাহৃতিভির্হুত্বা লোকেশানাং ক্রমেণ তু। অগ্নয়ে চৈব সোমায় গ্রহেভ্য ইতি চৈব হি। পুরুষোত্তমায়েতি হুত্বা ব্যাহৃতীর্জুহুয়াত্ততঃ। প্রায়শ্চিত্তং ততো হুত্বা দদ্যাৎ পূর্ণাহুতিং ততঃ। দ্বাদশাক্ষরমন্ত্রেণ বেদাদ্যৈরথবানঘ। কুণ্ডেষু মূর্ত্তিপাঃ সম্যক্ জুহুয়ুঃ সঘৃতাংস্তিলান্। অথ পাতালযাগপটলে চ। কুম্ভন্যাসং ততঃ কুর্য্যাদিষ্টকান্যাসমেব চ। দেশিকঃ প্রাঙ্মুখো ভূত্বা সর্ব্বালঙ্কারভূষিতঃ। বিলিপ্য গোময়ৈর্ভূমিং বিন্যসেৎ কলসান্নব। অষ্টদিক্ষু যথা ন্যায়ং মধ্যে চৈকং তথা ন্যসেৎ। পঞ্চরত্নসমাযুক্তান্মঙ্গলৌষধিসংযুতান্। পারদেন সমাযুক্তান্ কৃত্বা বস্ত্রেণ ভূষিতান্। শঙ্খং চৈব মহাপদ্মং মকরং কচ্ছপং তথা। মুকুন্দঞ্চ তথা নন্দং নীলং শঙ্খঞ্চ পদ্মিনীং। এতাস্তু দেবতাঃ কুম্ভে ন্যসনীয়া যথাক্রমং। এবং বিন্যস্য কলসান্ পুনর্নৈতান্ প্রচালয়েৎ। কুম্ভস্যোপরি বিন্যস্য ইষ্টকাষ্টৌ যথাক্রমং। ঐশানে চ তথা কোণে ইষ্টকাং প্রথমাং ন্যসেৎ। প্রদক্ষিণক্রমেণৈব ইষ্টকান্যাস ইষ্যতে। শক্তয়ো বিমলাদ্যাস্তু ইষ্টকানাং তু দেবতাঃ। ন্যসনীয়া যথা ন্যায়ং মধ্যে ন্যস্যাস্ততো গ্রহাঃ। অব্যঙ্গে চাক্ষতে পূর্ণে মুনেরঙ্গিরসঃ সুতে। ইষ্টকে ত্বং প্রযচ্ছেষ্টং প্রতিষ্ঠাং কারয়াম্যহং। মন্ত্রেণানেন বিন্যস্য ইষ্টকাং দেশিকোত্তমঃ। গর্ত্তাধানং ততঃ কুর্য্যান্মধ্যস্থানে সমাহিত ইত্যাদি। অত্র কেষাঞ্চিচ্ছিষ্টানাং মতমেবং। প্রাসাদস্য চতুর্ষু কোণেষু চতুরো গর্ত্তান্ বিধায় প্রতিগর্ত্তোপরি বেদীং নির্ম্মায় তদুপরি শুক্লতণ্ডুলান্ নিক্ষিপ্য তদুপর্য্যাগ্নেয়াদিকোণেষু প্রশস্তাঃ নন্দাদ্যাঃ শিলা ইষ্টকা বা বিধায় প্রতিবেদীসন্নিধৌ স্বলক্ষণং পঞ্চপল্লবাদিযুতং নির্ম্মলজলপূরিতং কলসং সংস্থাপ্যাগ্নেয়াদিষু স্বস্ববেদ্যুপরি নন্দাদ্যাঃ স্থাপয়েৎ। ততঃ প্রশস্তেন কেনাপি বারিণা প্রত্যেকং প্রণবেন সংস্থাপ্য অস্ত্রায় ফড়িতি পুনরপি স্নাপয়েৎ বস্ত্রেণ তোয়মপনয়েচ্চ। এবং চতসৃণামপি প্রত্যেকং স্নপনং বিধায় ওঁ নন্দায়ৈ নম ইতি গন্ধপুষ্পাদিভিরুপচারৈঃ প্রত্যেকমর্চ্চয়েৎ। ততো বক্ষ্যমাণমন্ত্রৈর্বিজ্ঞাপ্য গীতবাদ্যবেদনির্ঘোষৈঃ স্বস্বদিক্ষ্ববতারয়েৎ। প্রথমশিলাবতারণে প্রশস্তশকুনাদিকমপি নিরূপণীয়ং। শিলাস্তু প্রাগুত্তরপ্লবা ন্যস্তব্যাঃ ন তু দক্ষিণপশ্চিমপ্লবাঃ। অথোদকাস্ত্রেণাস্ত্রায় ফড়িতি স্নাপয়িত্বা মন্ত্রবারিণা স্নাপয়েৎ। ততো দিব্যরূপাং হেমাভাং সুভূষিতাং স্মিতাননাং তাং ধ্যাত্বা মন্ত্রমুচ্চার্য্য ওঁ ভগবতি নন্দে ইহাগচ্ছ ইহ তিষ্ঠেত্যাবাহ্য বৈদিকৈরপি

ক্ষুদ্রপাষাণযুক্ত প্রাসাদে কাঁকর ন্যাস করিবে। পূর্ব্বেই শিলাদির ন্যাস

ইষ্টকানাং প্রতিষ্ঠাঞ্চ গর্ভাধানঞ্চ কারয়েৎ।
গুরবে দক্ষিণাং দত্ত্বা পীঠবন্ধঞ্চ সাধয়েৎ।
স্বয়ং শ্রীহয়শীর্ষেণৈব প্রোক্তস্তত্তদ্বিধিঃ স্ফুটং॥ ৮৫॥
অথ পীঠবন্ধনং॥
হয়শীর্ষে॥

মন্ত্রৈঃ প্রতিষ্ঠাপ্য পূর্ব্বদিকৃস্থ কুম্ভোদকেন মন্ত্রেণ স্নাপয়িত্বা অবশিষ্টকুম্ভোদকেন ওঁ নন্দায়ৈ নম ইতি স্নাপয়েৎ। ততো বস্ত্রেণ তোয়মপনীয় বস্ত্রগন্ধাদিভিরুপচারৈঃ প্রত্যেকমর্চ্চয়েৎ। ততো ধূপয়িত্বা পুনরভ্যর্চ্চ্য সামান্তমুদ্রাং বদ্ধা দধিমাংসাদিনৈবেদ্যং নিবেদ্য। ওঁ নন্দায়ৈ নমঃ। ওঁ নন্দে ত্বং নন্দসে পুংসাং রক্ষ মাং স্থাপয়াম্যহং। অস্মিন্ সংতিষ্ঠ সংহৃষ্টা যাবদাচন্দ্রতারকং। আয়ুঃকামং প্রিয়ং নন্দে দদাসি সর্ব্বদা নৃণাং। অস্মিন্ রক্ষা ত্বয়া কার্য্যা প্রাসাদে জয়তঃ সদা। ইতি মন্ত্রেণ নন্দাং স্থাপয়িত্বা পূর্ব্ববদুপচারৈর্ভদ্রামভ্যর্চ্চ্য ওঁ ভদ্রায়ৈ নমঃ। ওঁ ভদ্রে ত্বং সর্ব্বদা ভদ্রং পুংসাং কুরু হিতাবহং। আয়ুঃকামপ্রদা দেবি শ্রীপ্রদা সর্ব্বদা ভব। ততো জয়াং প্রতি ওঁ জয়ায়ৈ নমঃ। ওঁ জয়ে ত্বং সর্ব্বদা ভদ্রে সংতিষ্ঠ স্থাপিতা ময়া। নিত্যং জয়ং জয়ে দেবি স্বামিনো জয়দা ভব। ততঃ পূর্ণাং প্রতি ওঁ পূর্ণায়ৈ নমঃ। ওঁ পূর্ণে ত্বং চ মহাবিদ্যে সর্ব্বসন্দোহলক্ষণে। সর্ব্বং সংপূর্ণমেবাত্র প্রসাদং কুরু শংপ্রদা। এবং প্রসাদয়েৎ। ততঃ প্রভৃতি শিলানামিষ্টকানাঞ্চ চালনং ন কর্ত্তব্যং। ততশ্চ। যান্তু দেবগণাঃ সর্ব্বে পূজামাদায় পার্থিবাৎ। ইষ্টকামপ্রসিদ্ধ্যর্থং পুনরাগমনায় চেতি পঠিত্বা ক্ষমধ্বমিতি চোক্ত্বাচার্য্যো দেবতা বিসর্জ্জয়েৎ। ততো যজমানঃ প্রাঙ্মুখোপবিষ্টায়াচার্য্যায় দক্ষিণাং সুবর্ণং গাং বস্ত্রাদিকং চ দদ্যাৎ। অথ স্বস্তিবাচকান্ দৈবজ্ঞস্থপতি বৈষ্ণবাংশ্চ সংপূজ্য শক্ত্যা ব্রাহ্মণান্ ভোজয়েদিতি॥ ৮৫॥

করিয়া শিলার অধিবাসন করিবে। ইষ্টক সকলের প্রতিষ্ঠা এবং গর্ভাধান (খাতে ইষ্টকানিক্ষেপ) করাইবেন, তৎপরে গুরুকে দক্ষিণা দিয়া পীঠবন্ধ করিবেন। এই বিষয়ের বিধি হয়শীর্ষপঞ্চরাত্রে স্পষ্টরূপে লিখিত আছে॥ ৮৫॥

অথ পীঠবন্ধন॥

হয়শীর্ষপঞ্চরাত্রে॥

পীঠবন্ধং ততঃ কুর্য্যান্মহাপ্রাসাদমানতঃ।
পীঠোত্তমং চোচ্ছ্রয়েণ প্রাসাদস্যোর্দ্ধমানতঃ।
পাদহীনং মধ্যমং স্যাৎ কন্যসঞ্চার্দ্ধমানতঃ।
উত্তমং বাসুদেবস্য কুর্য্যাৎ পীঠং বিচক্ষণঃ॥ ৮৬॥

অথ প্রাসাদাদিলক্ষণানি॥

মাৎস্যে॥

এবং বাস্তুবলিং কৃত্বা ভজেৎ ষোড়শভাগিকং।
তস্য মধ্যে চতুর্ভিস্তু ভাগৈর্গর্ভং চ কারয়েৎ।
ভাগদ্বাদশকং তত্র ভিত্ত্যর্থং পরিকল্পয়েৎ।
চতুর্ভাগেণ ভিত্তীনামুচ্ছ্রায়ঃ স্যাৎ প্রমাণতঃ।
দ্বিগুণঃ শিখরোচ্ছ্রায়ো ভিত্ত্যুচ্ছ্রায়াৎ প্রমাণতঃ।
শিখরার্দ্ধস্য চার্দ্ধেন বিধেয়া তু প্রদক্ষিণা।

---

পীঠবন্ধো নাম প্রাসাদস্য মূলাদ্ভূম্যুপরিতনভাগঃ যাবৎ॥ ৮৬॥

ষোড়শভাগিকং ভজেৎ ষোড়শভাগান্ কুর্য্যাদিত্যর্থঃ। তথাচোক্তং শ্রীহয়শীর্ষদেবেন। চতুরস্রীকৃতং ক্ষেত্রং ভজেৎ ষোড়শধা পুনরিতি। এবমগ্রে লেখ্য হয়শীর্ষপঞ্চরাত্র-

---

তদনন্তর মহাপ্রাসাদের পরিমাণে পীঠবন্ধ করিবে, প্রাসাদের ঊর্দ্ধপরিমাণের অর্দ্ধভাগ করিলে পীঠ উত্তম হয়, পাদহীন মধ্যম এবং কেবল অর্দ্ধপরিমাণে কনিষ্ঠ, এইরূপেই বিচক্ষণ ব্যক্তি বাসুদেবের উত্তম পীঠ রচনা করিবেন॥ ৮৬॥

অথ প্রাসাদলক্ষণ॥

মৎস্যপুরাণে॥

এইরূপে বাস্তুবলি করিয়া ষোড়শভাগে বিভক্ত করিবে। তাহার মধ্যে চারিভাগের ভাগে গর্ত্ত করিবে। দ্বাদশভাগকে ভিত্তির নিমিত্ত কল্পনা করিবে, চারিভাগের ভাগে ভিত্তিকে উন্নত করিবে। ভিত্তির ঔন্নত্যের প্রমাণে উপরিভাগকে দ্বিগুণ উন্নত করিবে, শিখরার্দ্ধের অর্দ্ধভাগের প্রমাণে প্রদক্ষিণ বিধান করিবে, পণ্ডিত ব্যক্তি চারিদিকে

চতুর্দ্দিক্ষু তথা জ্ঞেয়ো নির্গমস্তু তথা বুধৈঃ।
গর্ভসূত্রদ্বয়ং ভাগো বিস্তারো মণ্ডপস্য তু।
আয়তঃ স্যাৎ ত্রিভির্ভাগৈর্ভদ্রযুক্তঃ সুশোভনঃ।
পঞ্চভাগেন সংভজ্য গর্ভমানং বিচক্ষণঃ।
ভাগমেকং গৃহীত্বা তু প্রাগ্‌গ্রীবং কল্পয়েদ্বুধঃ।
গর্ভসূত্রসমো ভাগাদগ্রতো মুখমণ্ডপঃ।
এতৎসামান্যমুদ্দিষ্টং প্রাসাদস্যেহ লক্ষণং ॥ ৮৭ ॥

কিঞ্চ ॥

মেরু-মন্দর-কৈলাস-কুম্ভ-সিংহ-মৃগাস্তথা।
বিমানচ্ছন্দকস্তদ্বচ্ছ্রীবৃক্ষোঽথ মৃগাধিপঃ।
বলভীচ্ছন্দকস্তদ্বদ্বর্ত্তুলঃ সর্ব্বভদ্রকঃ।
গজশ্চ চন্দনশ্চৈব নন্দীবর্দ্ধন এব চ।
হংসো বৃষঃ সুপর্ণশ্চ পদ্মকোঽথ সমুদ্গকঃ।

বচনানুসারেণাগ্রেঽন্যত্রাপ্যর্থো বোদ্ধব্যঃ। প্রদক্ষিণাদয়শ্চ প্রাসাদোপরিতনভাগবিশেষাঃ শিল্পিশাস্ত্রতঃ স্থপতিষু প্রসিদ্ধা এব। তথেতি প্রদক্ষিণাতুল্যমান ইত্যর্থঃ। ত্রিভির্ভাগৈর্মণ্ডপ আয়তঃ স্যাৎ ॥ ৮৭ ॥

নামতো লক্ষণতো মানতশ্চ বিংশতিপ্রাসাদানাহ মের্ব্বিত্যাদিনা শুভলক্ষণ ইত্যন্তেন

নির্গমন করিবেন, গর্ত্তসূত্রের দুইভাগে মন্দিরের বিস্তার হইবে, তিনভাগে ভদ্রযুক্ত, সুতরাং সুন্দর আয়ত হইবে। বিচক্ষণ ব্যক্তি মধ্যের পরিমাণকে পাঁচভাগে বিভক্ত করিয়া তাহার একভাগ গ্রহণ করত পূর্ব্বগ্রীব কল্পনা করিবেন। গর্ত্তসূত্রের সমভাগ হইতে অগ্রদিকে মণ্ডপের মুখ হইবে। এই সামান্যাকারে প্রাসাদের লক্ষণ কথিত হইল ॥ ৮৭ ॥

আরও ॥

হে দ্বিজগণ! মেরু, মন্দর, কৈলাস, কুম্ভ, সিংহ, মৃগ, বিমানচ্ছন্দক, শ্রীবৃক্ষ, মৃগাধিপ, বলভীচ্ছন্দক, বর্ত্তুল, সর্ব্বভদ্রক, গজ, নন্দন, নন্দীবর্দ্ধন, হংস, বৃষ, সুপর্ণ, পদ্মক ও সমুদ্গক প্রাসাদের এই গুলি নাম

প্রাসাদা নামতঃ প্রোক্তা বিভাগং শৃণুত দ্বিজাঃ ॥
শতশৃঙ্গশ্চতুর্দ্বারো ভূমিকা ষোড়শোচ্ছ্রিতঃ।
নানাবিচিত্রশিখরো মেরু প্রাসাদ উচ্যতে।
মন্দরো দ্বাদশ প্রোক্তঃ কৈলাসো দশভূমিকঃ।
বিমানচ্ছন্দকস্তদ্বদনেকশিখরাননঃ।
স চাষ্টভূমিকস্তদ্বৎ সপ্তভির্নন্দিবর্দ্ধনঃ।
বিংশাণ্ডকসমাযুক্তো নন্দনঃ সমুদাহৃতঃ।
ষোড়শাণ্ডকসংযুক্তো নানারূপসমন্বিতঃ।
অনেকশিখরস্তদ্বৎ সর্ব্বতোভদ্র উচ্যতে।
চন্দ্রশালাসমোপেতো বিজ্ঞেয়ঃ পঞ্চভূমিকঃ।
বলভীচ্ছন্দকস্তদ্বচ্ছুকনাসাত্রয়ান্বিতঃ।
বৃষস্যোচ্ছ্রয়তস্তুল্যো মণ্ডলশ্চাস্রবর্জ্জিতঃ।
সিংহঃ সিংহগতের্জ্জ্ঞেয়ো মৃগো মৃগসমস্তথা।

দ্বাদশেতি দ্বাদশভূমিকঃ। এবমগ্রেঽপ্যূহ্যং। বর্ত্তুল এব মণ্ডল ইত্যুক্তঃ। পরিমাণং কার্য্য-

হইয়া থাকে এবং ইহার বিভাগ বলি শ্রবণ করুন ॥

যাহা শতশৃঙ্গ, চতুর্দ্বার, ভূমির ষোড়শভাগ উন্নত ও যাহার অগ্রভাগ নানাপ্রকার বিচিত্র, তাহাকে মেরুপ্রাসাদ বলে। ভূমির দ্বাদশভাগ উচ্চ মন্দর। দশভাগ উচ্চ কৈলাস। অনেক শিখর ও অনেক মুখ এবং অষ্টভূমিকের নাম বিমানচ্ছন্দক। সপ্তভূমিকের ( সপ্ততলের ) নাম নন্দিবর্দ্ধন। বিংশাণ্ডকযুক্ত নন্দন নামে অভিহিত হয়। ষোড়শ অণ্ডক-সংযুক্ত নানারূপসমন্বিত ও অনেক শিখর বিশিষ্টকে সর্ব্বতোভদ্র বলা যায়। চন্দ্রশালা ( চি'লেকোঠা ) সমন্বিত, পঞ্চভূমিক ও তিনটী শুক-নাসাযুক্তকে বলভীচ্ছন্দক বলা যায়। বৃষের তুল্য উন্নত এবং কোণ-বিহীনকে মণ্ডল বলে। সিংহাকার যুক্তকে সিংহ, মৃগসমানকে মৃগ,

কুম্ভঃ কুম্ভাকৃতিস্তদ্বৎ ভূমিকা নবকোচ্ছ্রয়ঃ।
অঙ্গুলীপুটসংস্থানপঞ্চাণ্ডকবিভূষিতঃ।
ষোড়শাস্রঃ সমন্তাত্তু বিজ্ঞেয়ঃ স সমুদ্গাকঃ।
পার্শ্বয়োশ্চন্দ্রশালাস্য উচ্ছ্রয়ো ভূমিকাদ্বয়ং।
ষোড়শাস্রঃ স বিজ্ঞেয়ো বিচিত্রশিখরঃ শুভঃ।
মৃগরাজস্তু বিখ্যাতশ্চন্দ্রশালাবিভূষিতঃ।
প্রাগ্‌গ্রীবেণ বিশালেন ভূমিকাস্থ ষড়ুন্নতঃ।
অনেকচন্দ্রশালস্তু গজঃ প্রাসাদ উচ্যতে।
পর্য্যস্তগৃহরাজো বৈ গরুড়ো নাম নামতঃ।
সপ্তভূম্যুচ্ছ্রয়স্তদ্বচ্চন্দ্রশালাত্রয়ান্বিতঃ।
ভূমিকাষড়শীতিস্তু বাহ্যতঃ সর্ব্বতো ভবেৎ।
তথান্যো গরুড়ে তদ্বদুচ্ছ্রায়ে দশভূমিকঃ।
পদ্মকঃ ষোড়শাস্রস্তু ভূমিদ্বয়সমন্বিতঃ।

মন্ত্র চাম্বহস্তেনৈবেত্যর্থঃ ॥ ৮৮ ॥

কুম্ভাকৃতিকে কুম্ভ, তথা ভূমি নয়গুণ উস্রায়, অঙ্গুলীপুট সংস্থান, পঞ্চা-শুকবিভূষিত ও সর্ব্বতোভাবে ষোড়শাস্রকে সমুদ্গাক জানিতে হইবে। অপর যাহার পার্শ্বদ্বয়ে চন্দ্রশালা ও যাহা ভূমিকাদ্বয় উচ্ছ্রায় এবং মনোহর বিচিত্র শিখরবিশিষ্ট, তাহাকে ষোড়শাস্র জানিতে হইবে। চন্দ্রশালা বিভূষিত হইলে মৃগরাজ বলিয়া বিখ্যাত হয়। যাহার পূর্ব্বদিক্‌বর্ত্তি বিশাল গ্রীবা, যাহা ভূমিকাতে ছয়ভাগে উন্নত এবং অনেক চন্দ্রশালা-বিশিষ্ট, তাহাকে গজপ্রাসাদ বলে। যাহার চতুর্দ্দিকে গৃহরাজ অবস্থিত এমত প্রাসাদের নাম গরুড়, ইহা সপ্তভূমি উচ্চ, তিনটী চন্দ্রশালায় অন্বিত ও বাহ্যদেশে সকলদিকে ষড়শীতি (৮৬) ভূমিবিশিষ্ট। তথা অন্য-প্রকার গরুড় পূর্ব্বের ন্যায় ত্রয়োদশ ভূমিক উচ্চ, ভূমিদ্বয়সমন্বিত ষোড়-

পদ্মতুল্যপ্রমাণেন শ্রীবৃক্ষক ইতি স্মৃতঃ।
পঞ্চাণ্ডকস্ত্রিভূমিস্তু গর্ভে হস্তচতুষ্টয়ং।
বৃষো ভবতি নাম্না যঃ প্রাসাদঃ সর্ব্বকামিকঃ॥
সপ্তাষ্টৌ পঞ্চধা চৈব প্রাসাদা যে ময়োদিতাঃ।
সিংহস্য তে সমাজ্ঞেয়া যে চান্যে তৎপ্রমাণতঃ।
চন্দ্রশালৈঃ সমোপেতাঃ সর্ব্বে প্রাগ্‌গ্রীবসংযুতাঃ।
ঐষ্টিকা দারবাশ্চৈব শৈলা বা স্যুঃ সতোরণাঃ॥
মেরুঃ পঞ্চাশদ্ধস্তঃ স্যাৎ মন্দরঃ পঞ্চহীনকঃ।
চত্বারিংশত্তু কৈলাসশ্চতুস্ত্রিংশদ্বিমানকঃ।
নন্দিবর্দ্ধনকস্তদ্বদ্দ্বাত্রিংশৎ সমুদাহৃতঃ।
ত্রিংশতা নন্দনঃ প্রোক্তঃ সর্ব্বতোভদ্রকস্তথা।
বর্ত্তুলঃ পদ্মকশ্চৈব বিংশদ্ধস্ত উদাহৃতঃ।
মৃগঃ সিংহশ্চ কুম্ভশ্চ বলভীচ্ছন্দকস্তথা।
এতে ষোড়শহস্তাঃ স্যুশ্চত্বারো দেববল্লভাঃ।

শাস্ত্রকে পদ্ম বলে। পদ্মতুল্য প্রমাণকে শ্রীবৃক্ষক বলিয়া স্মরণ করিয়াছেন। পঞ্চাণ্ডক, ত্রিভূমিক, গর্ব্ভে চারিহস্ত এমত যে প্রাসাদ তাহার নাম বৃষ, এই বৃষ সর্ব্বাভিলাষ প্রদান করে॥

আমি সপ্ত, অষ্ট ও পঞ্চ এই যে সকল প্রাসাদ উল্লেখ করিয়াছি, তাহারা সিংহের সমান এবং যাহারা ঐ প্রমাণ হয়, তাহারাও সিংহের সমান, চন্দ্রশালার সহিত সমান মিলিত সকলে পূর্ব্ববর্ত্তি গ্রীবাসংযুক্ত, ইষ্টক, দারু ও শিলায় নির্ম্মিত এবং ইহারা সকলেই তোরণযুক্ত॥

মেরু পঞ্চাশৎহস্ত, পঞ্চহীন অর্থাৎ পঞ্চচত্বারিংশৎহস্ত মন্দর। চত্বারিংশৎহস্ত কৈলাস, ত্রিংশৎহস্ত বিমানক, দ্বাত্রিংশৎহস্ত নন্দিবর্দ্ধন এবং সর্ব্বতোভদ্র, বর্ত্তুল ও পদ্মক ইহারা বিংশতিহস্ত, মৃগ, সিংহ, কুম্ভ ও বলভীচ্ছন্দক, ইহারা সকল ষোড়শহস্ত এবং দেববল্লভ চারিহস্ত,

শ্রীবৃক্ষো মৃগরাজশ্চ সমুদ্গাকগজৌ তথা।
এতে দ্বাদশহস্তাঃ স্যুরেতেষাং হংসকঃ সমঃ।
গরুড়োঽষ্টকরো জ্ঞেয়ো বৃষা দশ উদাহৃতাঃ।
এবমেতে প্রমাণেন কর্ত্তব্যাঃ শুভলক্ষণাঃ ॥ ৮৮ ॥
যক্ষরাক্ষসনাগানাং মাতৃহস্তঃ প্রশস্যতে।
তথা মের্ব্বাদয়ঃ সপ্ত জ্যেষ্ঠলিঙ্গে সুখাবহাঃ ॥
শ্রীবৃক্ষকাদয়শ্চাষ্টৌ মধ্যমস্য উদাহৃতাঃ।
তথা হংসাদয়ঃ পঞ্চ কন্যসে শুভদা মতাঃ ॥ ৮৯ ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে চ ॥
প্রাসাদং সংপ্রবক্ষ্যামি সর্ব্বসাধারণং শৃণু।
চতুরস্রীকৃতং ক্ষেত্রং ভজেৎ ষোড়শধা পুনঃ।
মধ্যে তস্য চতুর্ভিস্তু কুর্য্যাদ্দ্বারসমন্বিতং।

কন্যসে কনিষ্ঠলিঙ্গে ॥ ৮৯ ॥
ভজেৎ বিভজেৎ।

শ্রীবৃক্ষ, মৃগরাজ, সমুদ্গক ও গজ, ইহারা সকল দ্বাদশহস্ত, হংসকও ইহাদের তুল্য হইবে। গরুড় অষ্টহস্ত এবং বৃষ দশহস্ত। এই প্রকার প্রমাণেতে শুভ লক্ষণ প্রাসাদ সকল করিবে ॥ ৮৮ ॥

যক্ষঃ রাক্ষস ও নাগ ইহাদের মাতৃহস্ত প্রশস্ত হয়, তথা মেরু প্রভৃতি সাত গৃহ প্রশস্ত জ্যেষ্ঠ প্রমাণে সুখপ্রদ হয়। শ্রীবৃক্ষ প্রভৃতি আটটী মধ্যমের উদাহরণ স্থল এবং হংসাদি পাঁচটী অল্প প্রমাণে সুভপ্রদ হয় ॥ ৮৯ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

সর্ব্বসাধারণ প্রাসাদ বলিতেছি শ্রবণ কর। ক্ষেত্রকে চতুষ্কোণ করিয়া পুনর্ব্বার তাহাকে ষোড়শভাগে বিভাগ করিবেন, তাহার মধ্যে

দ্বাদশৈব তু ভাগানি ভিত্ত্যর্থং পরিকল্পয়েৎ।
জঙ্ঘোচ্ছ্রায়স্তু কুর্ব্বীত চতুর্ভাগেন চায়তং।
জঙ্ঘয়োর্দ্বিগুণোচ্ছ্রায়ং মঞ্জর্য্যাঃ কল্পয়েৎ বুধঃ।
চতুর্ভাগেন মঞ্জর্য্যাঃ কার্য্যা সম্যক্ প্রদক্ষিণা।
তন্মানং নির্গমং কার্য্যমুভয়োঃ পার্শ্বয়োঃ সমং।
শিখরেণ সমং কার্য্যমগ্রে জগতি বিস্তরং।
ত্রিগুণেনাপি কর্ত্তব্যং যথাশোভানুরূপতঃ।
বিস্তারং মণ্ডপস্যাগ্রে গর্ভসূত্রদ্বয়েন তু।
দৈর্ঘ্যাৎ পাদাধিকং কুর্য্যাৎ মধ্যে স্তম্ভৈর্বিভূষিতং।
প্রাসাদগর্ভমানং বা কুর্ব্বীত মুখমণ্ডপং।
একাশীতিপদৈর্বাস্তুমিষ্ট্বা মণ্ডপমারভেৎ।
শুকাঢ্যদ্বারি বিন্যাসে পদান্তস্থান্ যজেৎ সুরান্।
তথা প্রাকারবিন্যাসে যজেদ্দ্বাত্রিংশদন্তগান্।

---

চারিটী দ্বার করিতে হইবে, দ্বাদশভাগের একভাগ ভিত্তি করিবেন। জঙ্ঘার উন্নতি চারিভাগ এবং তদ্রূপ আয়তন করিবেন। পণ্ডিত ব্যক্তি জঙ্ঘার দ্বিগুণ উন্নত মঞ্জরী করিবেন। মঞ্জরীর চারিভাগে প্রদক্ষিণা করিবেন। প্রদক্ষিণার পরিমাণ দুই পার্শ্বের তুল্য নির্গমন করিবেন, শিখরের তুল্য অগ্রে জগতির বিস্তার করিবেন, অথবা তিনগুণ দ্বারা যেরূপ শোভা হয় তদনুরূপ করা উচিত, মণ্ডপের অগ্রে গর্ভসূত্রদ্বয়ের দ্বারা বিস্তার করিবেন। দৈর্ঘ্যে পাদাধিক এবং মধ্যে স্তম্ভ দ্বারা বিভূষিত করিবেন, অথবা প্রাসাদের মধ্যের পরিমাণে মুখমণ্ডপ করিবেন। একাশীতি পদ দ্বারা বাস্তুযাগ করিয়া মণ্ডপারম্ভ করিবেন। শুকযুক্ত দ্বারদেশ বিন্যাসে পদান্তস্থ দেবগণকে যজন করিবেন। তদ্রূপ প্রাচীরের বিন্যাসে অন্তর্গত দ্বাত্রিংশৎ দেবতার পূজা করিবেন। প্রাসাদের এই

সর্ব্বসাধারণং চৈতৎ প্রাসাদস্য তু লক্ষণং।
মানেন প্রতিমা যা বা প্রাসাদমপরং শৃণু।
প্রতিমায়াঃ প্রমাণেন কর্ত্তব্যা পিণ্ডিকা শুভা।
গর্ভস্তু পিণ্ডিকার্দ্ধেন গর্ভমানাত্তু ভিত্তয়ঃ।
ভিত্তেরায়ামমানেন উচ্ছ্রায়ন্তু প্রকল্পয়েৎ।
ভিত্ত্যুচ্ছ্রায়াত্তু দ্বিগুণং শিখরং কল্পয়েদ্গুরুঃ।
শিখরস্য তু তুর্য্যেণ ভ্রমণং পরিকল্পয়েৎ।
শিখরস্য চতুর্থেন অগ্রতো মুখমণ্ডপং।
অষ্টকাংশেন গর্ভস্য রথকানাস্তু নির্গমঃ।
পরিধেগুর্ণভাগেন রথকাংস্তত্র কল্পয়েৎ।
তত্তৃতীয়েন বা কুর্য্যাদ্রথকানান্ত নির্গমং।
রামত্রয়ং স্থাপনীয়ং রথকত্রিতয়ে সদা।
শিখরার্থং চ সূত্রাণি রত্নানি বিনিপাতয়েৎ।
শিখরস্যার্দ্ধভাগস্থং সিংহং তত্র চ কারয়েৎ।

ভ্রমণং প্রদক্ষিণাং রথকাদিলক্ষণং চ শিল্পিমুখাদেঃ সম্যক্ জ্ঞাতং ভবতীতি তদ্বিস্তরেণালং ॥ ৯০ ॥

সাধারণ লক্ষণ জানিতে হইবে ॥

প্রতিমার পরিমাণে অন্য প্রাসাদের লক্ষণ বলি শ্রবণ করুন। গুরু প্রতিমার পরিমাণে শুভ পিণ্ডিকা করিবেন। পিণ্ডিকার অর্দ্ধ পরিমাণে গর্ভ, গর্ভের পরিমাণে ভিত্তি, ভিত্তির বিস্তার পরিমাণে উচ্ছ্রায়, ভিত্তির উচ্ছ্রায়ের দ্বিগুণ শিখর, শিখরের চতুর্থভাগে ভ্রমণ, শিখরের চতুর্থভাগে সম্মুখে মুখমণ্ডপ। গর্ভের অষ্টমাংশে রথ সকলের নির্গম, পরিধির গুণ-ভাগদ্বারা রথক, অথবা তাহার তৃতীয়ভাগদ্বারা রথক সকলের নির্গম করিবেন। তিন রথে সর্ব্বদা তিনটী রামমূর্ত্তি স্থাপন করিবেন। শিখ-রের নিমিত্ত সূত্র ও রত্ন নিক্ষেপ করিবেন, শিখরের অর্দ্ধভাগস্থ সিংহ করিবেন। শুকনাসাকে স্থির করিয়া মধ্য সন্ধিতে ধারণ করিবেন,

শুকনাসাং স্থিরীকৃত্য মধ্যসন্ধৌ নিধাপয়েৎ।
অপরে চ তথা পার্শ্বে তদ্বৎ সূত্রং বিধারয়েৎ।
তদূর্দ্ধং তু ভবেদংশঃ কণ্ঠঃ শ্যামলসারবান্।
স্কন্ধভগ্নং তু কর্ত্তব্যং বিকরালং তথৈব চ।
উদ্ধতং বেদিকামানাৎ কলসং পরিকল্পয়েৎ॥
কিঞ্চ॥
গরুত্মন্তং তথা কুর্য্যাদুপরিষ্টাচ্চতুর্গুণং।
কুর্য্যাদ্দিক্প্রতিমায়ামান্ দিক্ষু চাষ্টাসু চোপরি।
মহাবরাহমৈন্দ্র্যাং তু নরসিংহন্তু দক্ষিণে।
প্রতীচ্যাং শ্রীধরং দেবমুদীচ্যাং হয়শীর্ষকং।
আগ্নেয্যাং জামদগ্ন্যঞ্চ নৈঋর্তে রামমেব চ।
বামনঞ্চৈব বায়ব্যাং বাসুদেবমথাপরে॥
কিঞ্চ॥
পূর্ব্বভূমৌ তু শয়নং দ্বিতীয়ে চাসনং ভবেৎ।

---

অপর পার্শ্বেও সেই প্রকার সূত্র স্থাপন করিবেন, তাহার ঊর্দ্ধাংশ শ্যামল সারবান্ ও কণ্ঠ হইবে। ভগ্নস্কন্ধ, বিকরাল এবং বেদিকামান হইতে উদ্ধত কলস কল্পনা করিবেন॥

আরও॥

উপরে চতুর্গুণ গরুড় ও অষ্টদিকের উপরি প্রতিমার আরাম করিবেন। পূর্ব্বদিকে মহাবরাহ, দক্ষিণদিকে নরসিংহ, পশ্চিমদিকে শ্রীধর, উত্তরদিকে হয়শীর্ষ, অগ্নিকোণে জামদগ্ন্য, নৈঋর্তে রাম, বায়ুকোণে বামন ও ঈশানকোণে বাসুদেব করিবেন॥

আরও॥

পূর্ব্বভূমিতে শয়ন, দ্বিতীয়ে আসন, তৃতীয়ে স্থান, চতুর্থে যান,

স্থানমেব তৃতীয়ে তু চতুর্থে যানমেব চ।
পঞ্চমে যোগনিদ্রা চ ষষ্ঠে যোগাসনং ভবেৎ।
স্থানং যোগসমাযুক্তং সপ্তমে পরিকল্পয়েৎ।
নানাগবাক্ষকৈর্যত্নাৎ পত্রাবল্যাদিভূষিতং।
নানাপ্রকারপুষ্পাদ্যৈর্যথাশোভং প্রকল্পয়েৎ।
কনিষ্ঠমধ্যজ্যেষ্ঠানাং প্রাসাদানাং যথাক্রমং।
বসুভার্গবঋত্বিগ্‌ভিঃ প্রদেয়া চরণা বুধৈঃ।
দ্বারস্থ চাষ্টমে যুক্তে নবমে দশমে তথা।
ললাটবেধো নৈবং স্যাদায়াম্যং শৃণু সাংপ্রতং॥
যাবদ্ধস্তৈরভিপ্রেতঃ প্রাসাদঃ কর্ত্তৃণানঘ।
তাবদ্ভিরঙ্গুলৈরাপো বসুভাগেন বা ভবেৎ।
একস্তম্ভো ধ্বজো জ্ঞেয়ো দ্বিস্তম্ভা বেদিকা মতা।
দশভূম্যন্তরে নিত্যং চতুঃস্তম্ভং প্রকল্পয়েৎ॥ ৯০ ॥
অথ মণ্ডপলক্ষণবিশেষঃ॥

পঞ্চমে যোগনিদ্রা, ষষ্ঠে যোগাসন, সপ্তমে যোগসমাযুক্ত স্থান, নানাগবাক্ষ দ্বারা পত্রবল্যাদি বিভূষিত এবং নানাপ্রকার পুষ্প দ্বারা যেরূপে শোভা হয়, সেইরূপ কল্পনা করিবেন। কনিষ্ঠ মধ্য ও জ্যেষ্ঠ ভেদে প্রাসাদ সকলের ক্রম জানিতে হইবে। পণ্ডিত ব্যক্তি বসু, ভার্গব ও ঋত্বিক্‌গণকে চরণ অর্পণ করিবেন। দ্বারের অষ্টমে, নবমে ও দশমে এইরূপ প্রদান করিবেন। ললাটবেধ এইরূপ হয় না, সম্প্রতি তাহার আয়াম বলি শ্রবণ করুন॥

হে অনঘ! যত হস্ত পরিমাণে কর্ত্তৃগণের প্রাসাদ অভিপ্রেত হয়, তাবৎ পরিমিত অঙ্গুলি দ্বারা অথবা অষ্টভাগ দ্বারা আপ হইবে। ধ্বজ এক স্তম্ভ, বেদিকা দুই স্তম্ভ, দশভূমির মধ্যে নিত্যই চতুঃস্তম্ভ কল্পনা করিবেন॥ ৯০ ॥

অথ মণ্ডপলক্ষণবিশেষ॥

মাৎস্যে ॥

অথাতঃ সংপ্রবক্ষ্যামি মণ্ডপানাং তু লক্ষণং।
মণ্ডপান্ প্রবরান্ বক্ষ্যে প্রাসাদস্যানুরূপতঃ।
বিবিধা মণ্ডপাঃ কার্য্যা জ্যেষ্ঠ-মধ্য-কনীয়সঃ।
নামতস্তান্ প্রবক্ষ্যামি শৃণুধ্বং দ্বিজসত্তমাঃ ॥
পুষ্পকঃ পুষ্পভদ্রশ্চ সুবৃত্তোঽমৃতনন্দনঃ।
কৌশল্যো বুদ্ধিসংকীর্ণো রাজভদ্রো জয়াবহঃ।
শ্রীবৃক্ষো বিজয়শ্চৈব বাস্তকীর্ণঃ শ্রুতিন্ধরঃ।
যজ্ঞভদ্রো বিশালশ্চ সংশ্লিষ্টঃ শত্রুমর্দ্দনঃ।
ভাগপঞ্চো নন্দনশ্চ মানবো মানভদ্রকঃ।
সুগ্রীবো হর্ষণশ্চৈব কর্ণিকারঃ পদার্দ্ধকঃ।
সিংহশ্চ শ্যামভদ্রশ্চ সুভদ্রশ্চ তথৈব চ।
সপ্তবিংশতিবিখ্যাতা লক্ষণং শৃণুত দ্বিজাঃ ॥

---

অন্যচ্চ স্পষ্টমেব ॥ ৯১ ॥

---

মৎস্যপুরাণে ॥

অনন্তর মণ্ডপ সকলের লক্ষণ বলিতেছি। প্রাসাদের অনুরূপে মণ্ডপের শ্রেষ্ঠতা হইয়া থাকে। জ্যেষ্ঠ, মধ্য ও কনিষ্ঠভেদে মণ্ডপ হয়, হে দ্বিজসত্তমগণ! তাহাদের নাম বলি শ্রবণ করুন ॥

মণ্ডপ সকলের নাম যথা ॥

পুষ্পক, পুষ্পভদ্র, সুবৃত্ত, অমৃতানন্দন, কৌশল্য, বুদ্ধিসঙ্কীর্ণ, রাজভদ্র, জয়াবহ, শ্রীবৃক্ষ, বিজয়, বাস্তকীর্ণ, শ্রুতিন্ধর, যজ্ঞভদ্র, বিশাল, সংশ্লিষ্ট, শত্রুমর্দ্দন, ভাগপঞ্চ, নন্দন, মানব, মানভদ্রক, সুগ্রীব, হর্ষণ, কর্ণিকার, পদার্দ্ধক, সিংহ, শ্যামভদ্র ও সুভদ্র। হে দ্বিজগণ! এই সপ্তবিংশতি মণ্ডপের লক্ষণ বলি শ্রবণ করুন ॥

স্তম্ভা যত্র চতুঃষষ্টিঃ পুষ্পকঃ স উদাহৃতঃ।
দ্বাষষ্টিঃ পুষ্পভদ্রস্তু ষষ্টিঃ সুবৃত্ত উচ্যতে।
অষ্টপঞ্চাশকঃ স্তম্ভঃ কথ্যতেঽমৃতনন্দনঃ।
কৌশল্যঃ ষট্‌পঞ্চাশচ্চতুঃপঞ্চাশতা পুনঃ।
নাম্না তু বুদ্ধিসঙ্কীর্ণো দ্বিহীনো রাজভদ্রকঃ।
জয়াবহস্তু পঞ্চাশৎ শ্রীবৃক্ষস্তু দ্বিহীনকঃ।
বিজয়স্তু দ্বিহীনঃ স্যাদ্বাস্তুসঙ্কীর্ণকস্তথা।
দ্বাভ্যামেব প্রহীয়েত ততঃ শ্রুতিধরো পরঃ।
চত্বারিংশদযজ্ঞভদ্রো দ্বিহীনোঽথ বিশালকঃ।
ষট্‌ত্রিংশচ্চৈব সংশ্লিষ্টো দ্বিহীনঃ শক্রমর্দ্দনঃ।
দ্বাত্রিংশদ্ভাগপঞ্চস্তু ত্রিংশতা নন্দনঃ স্মৃতঃ।
অষ্টাবিংশো মানবস্তু মানভদ্রো দ্বিহীনকঃ।
চতুর্ব্বিংশস্তু সুগ্রীবো দ্বাবিংশদ্ধর্ষণো মতঃ।

যে মণ্ডপে চতুঃষষ্টি স্তম্ভ, তাহার নাম পুষ্পক, দ্বিষষ্টি স্তম্ভযুক্তের নাম পুষ্পভদ্র, ষষ্টি স্তম্ভযুক্ত সুবৃত্ত, অষ্টপঞ্চাশৎ স্তম্ভবিশিষ্ট অমৃতনন্দন, ষট্‌পঞ্চাশৎ স্তম্ভযুক্ত কৌশল্য, চতুঃপঞ্চাশৎ স্তম্ভযুক্ত বুদ্ধিসঙ্কীর্ণ, দ্বিপঞ্চাশৎ স্তম্ভযুক্ত রাজভদ্রক, পঞ্চাশৎ স্তম্ভযুক্ত জয়াবহ, অষ্টচত্বারিংশৎ স্তম্ভযুক্ত শ্রীবৃক্ষ, ষট্‌চত্বারিংশৎ স্তম্ভযুক্ত বিজয়, চতুশ্চত্বারিংশৎ স্তম্ভসংযুক্ত সংকীর্ণ, দ্বিচত্বারিংশৎ স্তম্ভসংযুক্ত শ্রুতিধর, চত্বারিংশৎ স্তম্ভসংযুক্ত যজ্ঞভদ্র, অষ্টত্রিংশৎ স্তম্ভসংযুক্ত বিশাল, ষট্‌ত্রিংশৎ স্তম্ভযুক্ত সংশ্লিষ্ট, চতুস্ত্রিংশৎ স্তম্ভযুক্ত শক্রমর্দ্দন, দ্বাত্রিংশৎ স্তম্ভযুক্ত ভাগপঞ্চ, ত্রিংশৎ স্তম্ভযুক্ত নন্দন, অষ্টাবিংশ স্তম্ভযুক্ত মানব, ষড়্‌বিংশ স্তম্ভযুক্ত মানভদ্র, চতুর্ব্বিংশতি স্তম্ভযুক্ত সুগ্রীব, দ্বাবিংশ স্তম্ভযুক্ত হর্ষণ, বিংশতি-

বিংশতিঃ কর্ণিকারঃ স্যাদষ্টাদশপদার্দ্ধকঃ।
সিংহো ভবেদ্দ্বিহীনশ্চ শ্যামভদ্রো দ্বিহীনকঃ।
সুভদ্রস্তু তথা প্রোক্তো দ্বাদশস্তম্ভসংযুতঃ।
মণ্ডপাঃ কথিতা হ্যেতে যথাবল্লক্ষণান্বিতাঃ।
ত্রিকোণং বৃত্তমধ্যস্থমষ্টকোণং দ্বিরষ্টকং।
চতুষ্কোণঞ্চ কর্ত্তব্যং সংস্থানং মণ্ডপস্য তু।
রাজ্যঞ্চ বিজয়শ্চৈব আয়ুর্বর্দ্ধনমেব চ।
পুত্রলাভঃ শ্রিয়ঃ পুষ্টিস্ত্র্যস্রাদিষু ভবেৎ ক্রমাৎ।
এবং তু শুভদাঃ প্রোক্তা অন্যথা তু ভয়াবহাঃ॥
অথ তত্র দ্বারনির্ণয়ঃ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে॥
গ্রামমধ্যে চ পূর্ব্বে চ প্রত্যক্‌দ্বারং প্রকল্পয়েৎ।
বিদিশাসু চ সর্ব্বাসু তথা প্রত্যঙ্মুখং ভবেৎ।
দক্ষিণে চোত্তরে চৈব পশ্চিমে প্রাঙ্মুখং ভবেৎ॥

স্তম্ভযুক্ত কর্ণিকার, অষ্টাদশ-স্তম্ভযুক্ত পদার্দ্ধক, ষোড়শ-স্তম্ভযুক্ত সিংহ, চতুর্দ্দশ-স্তম্ভযুক্ত শ্যামভদ্র ও দ্বাদশ-স্তম্ভযুক্ত সুভদ্র বলিয়া কথিত হয়। যথাবিধি লক্ষণান্বিত এই সমস্ত মণ্ডপ কথিত হইল। ত্রিকোণ, বৃত্তমধ্য, অষ্টকোণ ও ষোড়শকোণ মণ্ডপের সংস্থান করিবে। রাজ্যবিজয়, আয়ু-র্বর্দ্ধন, পুত্রলাভ ও শ্রীপুষ্টি প্রভৃতি ত্রিকোণাদি মণ্ডপে হইয়া থাকে, এই প্রকার হইলে শুভদ, ইহার অন্যথা হইলে ভয়প্রদ হয়॥

অথ ঐ মণ্ডপে দ্বারনির্ণয়॥

হয়শীর্ষপঞ্চরাত্রে॥

গ্রামমধ্যে ও পূর্ব্বদিকে পূর্ব্বদ্বার কল্পনা করিবে, বিদিক্‌ সকলে অর্থাৎ কোণচতুষ্টয়ে পশ্চিমমুখ দ্বার, দক্ষিণ উত্তর ও পশ্চিমে পূর্ব্বমুখ হইবে॥

কিঞ্চ ॥

বিস্তারাদ্দ্বিগুণং দ্বারং কর্ত্তব্যন্তু সুশোভনং।
জাতরূপং সরজতং তদ্বদৌড়ুম্বরৈর্বৃতং।
উড়ুম্বরোর্দ্ধতঃ স্বর্ণং দ্বাদশাখ্যং ন্যসেদ্বুধঃ।
তূর্য্যমঙ্গলঘোষেণ ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য চ।
দ্বারস্য তু চতুর্থাংশে কার্য্যৌ চণ্ডপ্রচণ্ডকৌ।
দণ্ডহস্তৌ চ কর্ত্তব্যৌ বিষ্বক্সেনোপমাবুভৌ।
শাখোর্দ্ধং ন্যস্য রত্নানি ন্যসেদূর্দ্ধমুড়ুম্বরং।
তস্য মধ্যে স্থিতা দেবী সাক্ষাল্লক্ষ্মীঃ সুরেশ্বরী।
কর্ত্তব্যা দিগ্‌গজৈঃ সা তু স্নাপ্যমানা ঘটেন তু।
শাখোড়ুম্বরকৌ কার্য্যৌ পত্রবল্ল্যাদিভূষিতৌ।
একশাখং ত্রিশাখং বা ষট্‌শাখং দ্বারমিষ্যতে।
নবশাখঞ্চ কুর্ব্বীত অত ঊর্দ্ধং ন কারয়েৎ।

আরও ॥

বিস্তার হইতে দ্বিগুণ সুন্দর দ্বার করিবে, স্বর্ণ ও রজতযুক্ত এবং উড়ুম্বর দ্বারা আবৃত হইবে, পণ্ডিত ব্যক্তি উড়ুম্বরের ঊর্দ্ধভাগে দ্বাদশ-নামক স্বর্ণন্যাস করিবেন। তূর্য্য ও মঙ্গলধ্বনিসহকারে ব্রাহ্মণদিগকে স্বস্তিবাচন করাইয়া দ্বারের চতুর্থাংশে বিষ্বক্সেন অর্থাৎ বিষ্ণুসদৃশ দণ্ডধারি চণ্ড প্রচণ্ড নামক দুইটী মূর্ত্তি নির্ম্মাণ করিবেন। শাখার ঊর্দ্ধে রত্নন্যাস করত ঊর্দ্ধদিকে উড়ুম্বর ন্যাস করিবেন। উহার মধ্যে সাক্ষাৎ সুরেশ্বরী লক্ষ্মী থাকিবেন। ঐ লক্ষ্মীকে এইরূপ নির্ম্মাণ করিবেন যে দিগ্‌গজ সকল তাঁহাকে ঘট দ্বারা স্নান করাইতেছে, পত্র ও বল্লী দ্বারা বিভূষিত দুইটী উড়ুম্বরের শাখা করিবেন। একশাখ, ত্রিশাখ, ষট্‌শাখ অথবা নবশাখ দ্বার করিবেন, ইহার ঊর্দ্ধ করিবেন না, বিষ্ণুর অবতার এবং

বিষ্ণ্ববতাররূপাদ্যৈঃ শাখাং যত্নাদ্বিভূষয়েৎ ॥
মাৎস্যে চ ॥
চতুঃষষ্টিপদং কৃত্বা মধ্যে দ্বারং প্রকল্পয়েৎ।
বিস্তারাদ্দ্বিগুণোচ্ছ্রায়স্তত্রিভাগা কটির্ভবেৎ।
বিস্তারার্দ্ধান্তবেদ্গর্ভো ভিত্তয়োহন্যাঃ সমন্ততঃ।
গর্ভপাদেন বিস্তীর্ণং দ্বারং দ্বিগুণমায়তং।
উচ্ছ্রায়াৎ পাদবিস্তীর্ণা শাখা তদ্বদুড়ুম্বরঃ।
বিস্তারপাদপ্রতিমং বাহুল্যং শাখয়োঃ স্মৃতং।
ত্রিপঞ্চসপ্তনবভিঃ শাখাভির্দ্বারমিষ্যতে।
কনিষ্ঠং মধ্যমং জ্যেষ্ঠং যথাযোগং প্রকল্পয়েৎ।
অঙ্গুলীনাং শতং সার্দ্ধং চত্বারিংশদ্ভিরুত্তমং।
ধন্যমুত্তমমায়ুষ্যং ধনধান্যদমেব চ।
শতং চাশীতিসহিতং বাতনির্গমনং ভবেৎ।

রূপাদি দ্বারা যত্নপূর্ব্বক শাখাকে বিভূষিত করিবেন ॥

মৎস্যপুরাণেও ॥

চতুঃষষ্টিপদ করিয়া মধ্যে দ্বার করিবেন, বিস্তারের দ্বিগুণ উচ্ছ্রায় ও তাহার তিনভাগ কটি হইবে, বিস্তারের অর্দ্ধভাগ হইতে গর্ভ এবং চতুর্দ্দিকে অন্যান্য ভিত্তি হইবে। গর্ভপাদের সমান বিস্তীর্ণ এবং দ্বিগুণ আয়ত দ্বার হইবে, তথা উচ্চভাগ হইতে শাখা ও উড়ুম্বর পাদদেশে বিস্তীর্ণ হইবে। অপিচ, শাখাদ্বয়কে ও পাদদেশের ন্যায় বিস্তৃত জানিবেন। তিন, পাঁচ, সাত ও নয়টী শাখা দ্বারা দ্বার হইয়া থাকে এবং অবস্থানুসারে ঐ দ্বার কনিষ্ঠ, মধ্যম ও জ্যেষ্ঠ করিবেন। একশত চত্বারিংশৎ অঙ্গুলিতে উত্তম, ইহা ধন্য, উত্তম, আয়ুষ্য ও ধন ধান্য প্রদান করেন। একশত অশীতিটী বাতনির্গমন ( বাতায়ন-গবাক্ষ ) হইবে।

অধিকং দশভিস্তদ্বত্তথা ষোড়শভিঃ শতং।
শতমানং তৃতীয়ন্তু ভবত্যশীতিভিস্তথা।
দশদ্বারাণি চৈতানি ক্রমেণোক্তানি সর্ব্বদা।
অন্যানি বর্জ্জনীয়ানি মানসোদ্বেগদানি তু।
দ্বারবেধং তু যত্নেন সর্ব্ববাস্তুষু বর্জ্জয়েৎ।
বৃক্ষকোণাচ্চ ভূদ্বারাৎ স্তম্ভকূপধ্বজাদপি।
কুল্যাশ্বভ্রেণ বা বিদ্ধং ন দ্বারং শুভদং ভবেৎ।
ক্ষয়শ্চ দুর্গতিশ্চৈব প্রবাসঃ ক্ষুদ্ভয়ং তথা।
দৌর্ভাগ্যং বন্ধনং রোগো দারিদ্র্যং কলহং তথা।
বিরোধশ্চার্থনাশশ্চ সর্ব্ববেধে ভবেৎ ক্রমাৎ॥
অথ প্রাকারাদিনির্ণয়ঃ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে॥
প্রাসাদস্য চতুর্ভাগৈঃ প্রাকারস্যোচ্ছ্রয়ো ভবেৎ।
পঞ্চহস্তস্য দেবস্য একহস্তা তু পীঠিকা।

এবং তাহাতে দশ ও ষোড়শ যোগ করিয়া অর্থাৎ দুইশত ছয় বাতায়নে মধ্যম দ্বার হয়। তৎপরে অশীতিযোগে অর্থাৎ ২৮৬ বাতায়নে জ্যেষ্ঠ হইবে। ক্রমে এই দশ দ্বার সর্ব্বদা উক্ত হইয়াছে, অন্যান্য দ্বার সকল বর্জনীয় ও তাহারা মনের উদ্বেগদায়ক, সকল বাস্তুতে যত্নপূর্ব্বক দ্বার-বেধ বর্জন করিবেন। বৃক্ষকোণ, ভূদ্বার এবং স্তম্ভকূপ ধ্বজ হইতে কুল্যা ও ছিদ্র দ্বারা বিদ্ধদ্বার শুভপ্রদ হয় না। সর্ব্বপ্রকার বেধ ক্রমে হয়, দুর্গতি, প্রবাস, ক্ষুদ্ভয়, দৌর্ভাগ্য, বন্ধন, রোগাদি, দারিদ্র্য, কলহ, বিরোধ ও অর্থনাশ হয়॥

অথ প্রাকারাদিনির্ণয়॥

হয়শীর্ষপঞ্চরাত্রে॥

প্রাসাদের চতুর্ভাগ দ্বারা প্রাকারের উচ্চতা হইবে। পঞ্চহস্ত দেবের

তস্মাত্তু দ্বিগুণঃ প্রোক্তস্তথা গরুড়মণ্ডপঃ।
একহস্তাদি কুর্ব্বীত ত্রিংশদ্ধস্তাস্তমেব চ ॥

অথ বৃক্ষরোপণনির্ণয়ঃ ॥

মাৎস্যে ॥

পূর্ব্বেণ ফলিনো বৃক্ষাঃ ক্ষীরবৃক্ষাস্তু দক্ষিণে।
পশ্চিমেন জলং শ্রেষ্ঠং পদ্মোৎপলবিভূষিতং।
উত্তরেণ নলৈস্তালৈঃ শুভা স্যাৎ পুষ্পবাটিকা।
সর্ব্বতস্তু জলং শ্রেষ্ঠং স্থিরমস্থিরমেব চ।
সর্ব্বতশ্চাপি কর্ত্তব্যং পরিখাবলয়াদিকং।
যাম্যে তপোবনস্থানমুত্তরে মাতৃকাগৃহং।
মহানসং তথাগ্নেয়ে নৈঋর্তে তু বিনায়কঃ।
বারুণে শ্রীনিবাসশ্চ বায়ব্যে গৃহমালিকা।
উত্তরে যজ্ঞশালা তু নির্ম্মাল্যস্থানমেব চ।

একহস্ত পীঠ ( বেদিকা ) হইবে, ইহা হইতে দ্বিগুণ গরুড়মণ্ডপ হয়, মণ্ডপসমূহ একহস্ত হইতে ত্রিংশৎ হস্তের অধিক হইবে না ॥

অথ বৃক্ষরোপণনির্ণয় ॥

মৎস্যপুরাণে ॥

পৃষ্ঠদিকে ফলবান্ বৃক্ষ, দক্ষিণদিকে ক্ষীরবৃক্ষ, পশ্চিমে পদ্মোৎপল-বিভূষিত উৎকৃষ্ট জল ও উত্তরদিকে নল এবং তালবৃক্ষ বেষ্টিত পুষ্পবাটিকা ( পুষ্পোদ্যান ) শুভ হয়। সর্ব্বদিকে স্থির ও অস্থির জল শ্রেষ্ঠ হয়। সকলদিকে পরিখা ও বলয়াদি, দক্ষিণে তপোবন স্থান, উত্তরে মাতৃকাগৃহ, অগ্নিকোণে মহানস, নৈঋর্তে বিনায়ক, পশ্চিমে শ্রীনিবাস, বায়ুকোণে গৃহমালিকা ও উত্তরে যজ্ঞশালার নির্ম্মাণ স্থান হইবে, সোম-

বারুণে সোমদৈবত্যে বলিনির্ব্বপণং স্মৃতং।
পুরতো গরুড়স্থানং তথান্যেষাং যথোচিতং।
এবমায়তনং কুর্য্যাচ্ছুভমণ্ডপসংযুতং॥
ঘণ্টা-বিতানক-সতোরণ-চিত্রযুক্তং
নিত্যোৎসবপ্রমুদিতেন জনেন সার্দ্ধং।
যঃ কারয়েৎ সুরগৃহং বিবিধধ্বজাঢ্যং
শ্রীস্তং ন মুঞ্চতি সদা দিবি পূজ্যতে চ॥
অথ জীর্ণোদ্ধারঃ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে॥
যস্য রাজ্ঞস্তু বিষয়ে দেববেশ্ম বিশীর্য্যতে।
তস্য সীদতি তদ্রাজ্যং দেববেশ্ম যথা তথা।
কৃত্বা শীর্ণস্য সংস্কারং তথা দেবেশবেশ্মনি।

---

দৈবত্য অর্থাৎ পশ্চিম দিকে বলি নির্ব্বপণ ( দান ) করিবে, সম্মুখে গরুড়ের স্থান তথা অন্যান্যের যথোচিত স্থান জানিবে। এইরূপ শুভমণ্ডপ সংযুক্ত আয়তন করিবে॥

যে ব্যক্তি নিত্যোৎসবপ্রমুদিতজনের সহিত ঘণ্টা, বিতান, চিত্রবিচিত্র তোরণ ও বিবিধ ধ্বজাসমন্বিত দেবগৃহ নির্ম্মাণ করেন, লক্ষ্মী কখন তাঁহাকে পরিত্যাগ করেন না ও তিনি সর্ব্বদা স্বর্গেও পূজিত হইয়া থাকেন॥

অথ জীর্ণোদ্ধার॥

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে॥

যে রাজার দেশে দেবগৃহ বিশীর্ণ হয়, যেমন দেবগৃহ তদ্রূপ তাঁহার রাজ্যও বিশীর্ণ হইতে থাকে। দেবদেবের জীর্ণগৃহের সংস্কার করিয়া

দ্বিগুণং ফলমাপ্নোতি নাত্র কার্য্যা বিচারণা ॥
বিষ্ণুরহস্যে ॥
পতিতস্য চ যঃ কর্ত্তা পতমানস্য রক্ষিতা।
বিষ্ণোরায়তনস্যেহ স নরো বিষ্ণুলোকভাক্ ॥
অগ্নিপুরাণে ॥
পতিতং পতমানং তু তথার্দ্ধস্ফুটিতং নরঃ।
সমুদ্ধৃত্য হরের্দ্ধাম দ্বিগুণং ফলমাপ্নুয়াৎ ॥
দেবীপুরাণে ॥
মূলাচ্ছতগুণং পুণ্যং প্রাপ্নুয়াজ্জীর্ণকারকঃ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন জীর্ণস্যোদ্ধারমাচরেৎ ॥
হয়শীর্ষপঞ্চরাত্রে চ ॥
বাপীকূপতড়াগানাং সুরধাম্নাং তথানঘ।

দ্বিগুণ ফল প্রাপ্ত হয়, ইহাতে বিচার করিবে না ॥

বিষ্ণুরহস্যে ॥

পতিত দেবগৃহকে যিনি নির্ম্মাণ করেন এবং পতনোন্মুখ দেবগৃহের যিনি রক্ষক, তিনি বিষ্ণুলোক প্রাপ্ত হয়েন ॥

অগ্নিপুরাণে ॥

পতিত বা পতমান তথা অর্দ্ধস্ফুটিত বিষ্ণুমন্দিরকে যে মনুষ্য উদ্ধার করেন, তিনি দ্বিগুণ ফল প্রাপ্ত হয়েন ॥

দেবীপুরাণে ॥

জীর্ণের উদ্ধারকারক ব্যক্তি প্রথম নির্ম্মাণকর্ত্তা হইতে শতগুণ পুণ্য প্রাপ্ত হয়েন, অতএব সম্যক্ যত্নসহকারে জীর্ণের উদ্ধার করিবেন ॥

হয়শীর্ষপঞ্চরাত্রেও ॥

হে অনঘ! পৃথিবীতে যে মনুষ্য বাপী, কূপ, তড়াগ, দেবালয়,

প্রতিমানাং সভানাঞ্চ সংস্কর্ত্তা যো নরো ভুবি।
পুণ্যং শতগুণং তস্য ভবেন্মূলান্ন সংশয়ঃ।
প্রতিষ্ঠায়া বিধিঃ কার্য্যস্তথা মন্দিরনির্ম্মিতে।
প্রায়ঃ শ্রীহয়শীর্ষোক্তেরনুসারেণ বৈষ্ণবৈঃ।
দেবালয়প্রতিষ্ঠা চ খ্যাতা তল্লিখনেন কিং।
শ্রীমূর্ত্তিস্থাপনেনৈব সংপূর্ণা সা বিশেষতঃ॥
যথোক্তং তত্রৈব॥
দেবগৃহং দেবতায়াঃ প্রতিষ্ঠাবিধিনা সদা।
সংস্কার্য্যং মনুজানাস্ত সমুদায়োক্তকর্ম্মণা॥
অথ শ্রীতুলসীং ধন্যাং বিবাহ্য প্রভুনা সমং।
সংপ্রতিষ্ঠাপয়েচ্ছক্ত্যা বৈষ্ণবঃ কৃষ্ণতুষ্টিকৃৎ॥
অথ তুলসীবিবাহঃ প্রতিষ্ঠাবিধিশ্চ॥
শ্রীবশিষ্ঠ উবাচ॥

প্রতিমা ও সভা সকলের সংস্কারকর্ত্তা হয়েন, তিনি মূলকর্ত্তা হইতে শতগুণ পুণ্য লাভ করেন, ইহাতে সংশয় নাই, প্রতিষ্ঠা এবং মন্দিরনির্ম্মাণের বিধি বৈষ্ণবগণ প্রায় হয়শীর্ষপঞ্চরাত্রের অনুসারে করিবেন। দেবালয়-প্রতিষ্ঠা বিখ্যাত আছে, তাহার লিখনে প্রয়োজন নাই, শ্রীমূর্ত্তিস্থাপন-প্রকরণেই তাহা বিশেষরূপে সম্পূর্ণ হইয়াছে॥

ঐ হয়শীর্ষপঞ্চরাত্রেই উক্ত হইয়াছে॥

মনুষ্যগণ দেবতার দেবগৃহ প্রতিষ্ঠাবিধি অনুসারে সর্ব্বদা সমুদায় উক্ত কর্ম্ম দ্বারা সংস্কার করিবেন॥

অতঃপর ধন্যতমা শ্রীতুলসীদেবীকে প্রভু বিষ্ণুর সহিত বিবাহ দিয়া কৃষ্ণসন্তোষকারি বৈষ্ণবগণসঙ্গে ভক্তিপূর্ব্বক ঐ তুলসীর প্রতিষ্ঠা করিবেন॥

অথ তুলসীবিবাহ ও প্রতিষ্ঠাবিধি॥

বিবাহং সংপ্রবক্ষ্যামি তুলস্যাস্তু যথাবিধি।
যথোক্তং পঞ্চরাত্রে বৈ ব্রহ্মণা ভাষিতং পুরা॥
আদাবেব বনে বাপ্য তুলসীং স্বগৃহেঽপি বা।
বর্ষত্রয়েণ পূর্ণেন ততো যজনমারভেৎ।
সৌম্যায়নে প্রকর্ত্তব্যং গুরুশুক্রোদয়ে তথা।
অথবা কার্ত্তিকে মাসি ভীষ্মপঞ্চদিনেষু চ।
বৈবাহিকেষু ঋক্ষেষু পূর্ণিমায়াং বিশেষতঃ।
মণ্ডপং কারয়েত্তত্র কুণ্ডবেদীং যথা পুনঃ।
শান্তিকঞ্চ প্রকর্ত্তব্যং মাতৃণাং স্থাপনং তথা।
মাতৃশ্রাদ্ধাদিকং সর্ব্বং বিবাহবৎ সমাচরেৎ।
ব্রাহ্মণাংশ্চ শুচিস্নাতান্ বেদবেদাঙ্গপারগান্।
ব্রহ্মা বা দেশিকশ্চৈব চত্বারশ্চ তথর্ত্বিজঃ।
বৈষ্ণবেন বিধানেন বর্দ্ধনীকলসং যজেৎ।

বশিষ্ঠ কহিলেন, পূর্ব্বকালে ব্রহ্মার কথিত তুলসীবিবাহ পঞ্চরাত্রে-গ্রন্থে যাহা উক্ত হইয়াছে, আমি যথাবিধি সেই তুলসীর বিবাহ বলিতেছি॥

প্রথমতঃ বনে অথবা গৃহে তুলসী রোপণ করিবে, ঐ বৃক্ষ তিনবৎসরের হইলে পর তাহার পূজা করিবে। উত্তরায়ণে গুরুশুক্রের উদয়-কালে অথবা কার্ত্তিকমাসে ভীষ্মপঞ্চকদিনে, বৈবাহিক নক্ষত্রে, বিশেষ পূর্ণিমাতিথিতে মণ্ডপ নির্ম্মাণ করিয়া তাহাতে কুণ্ড ও বেদী রচনা করত শান্তি করিবে। মাতৃগণের স্থাপন এবং মাতৃশ্রাদ্ধ প্রভৃতি সমুদায় বিবাহের ন্যায় করিবে। তৎপরে বেদবেদাঙ্গপারগ শুচি ও স্নাত ব্রাহ্মণ-দিগকে ব্রহ্মা অথবা আচার্য্য প্রভৃতি চারিজন ঋত্বিক্ হইবেন। বৈষ্ণব-বিধানক্রমে বর্দ্ধনী-কলসকে পূজা করিবেন, সেই স্থানে মণ্ডপ করিয়া

মণ্ডপং কারয়েত্তত্র লক্ষ্মীনারায়ণং শুভং ।
গৃহযজ্ঞং পুরঃকৃত্বা মাতৃণাং যজনং তথা ।
কৃত্বা নান্দীমুখং শ্রাদ্ধং সৌবর্ণং স্থাপয়েদ্ধরিং ।
কৃত্বা রৌপ্যাঞ্চ তুলসীং লগ্নে ত্বস্তমিতে রবৌ ।
বাসঃশতেন মন্ত্রেণ বস্ত্রযুগ্মেন বেষ্টয়েৎ ।
যদ্বা বধ্নেতি মন্ত্রেণ কঙ্কণঃ পাণিপল্লবে ।
কোদাদিতি চ মন্ত্রেণ করগ্রাহো বিধীয়তে ॥
ততঃ কুণ্ডে সমাগত্য আচার্য্যঃ সহ ঋত্বিজৈঃ ।
আচার্য্যো বেদিকাকুণ্ডে জুহুয়াচ্চ নবাহুতীঃ ।
বিবাহকর্ম্মবৎ সর্ব্বং বৈষ্ণবং দেশিকোত্তমৈঃ ।
কর্ত্তব্যশ্চ ততো হোমো বিশেষাদ্বিধিপূর্ব্বকং ॥

ওঁ নমো ভগবতে কেশবায় নমঃ স্বাহা । নারায়ণায় স্বাহা । মাধবায় গোবিন্দায় বিষ্ণবে মধুসূদনায় ত্রিবিক্রমায় বামনায় শ্রীধরায় হৃষী-

সুন্দর লক্ষ্মীনারায়ণমূর্ত্তি করিবেন। গৃহযজ্ঞ অগ্রে করিয়া মাতৃগণের তদ্রূপ যজনপূর্ব্বক নান্দীমুখ শ্রাদ্ধ করিয়া সুবর্ণনির্ম্মিত হরিকে স্থাপন করিবেন। রৌপ্যময়ী তুলসী নির্ম্মাণ করিয়া রবি অস্তমিত হইলে অর্থাৎ সন্ধ্যালগ্নে "বাসঃশতং" এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক দুইখানী বস্ত্রদ্বারা বেষ্টন করিবেন। "বধ্নেতি" মন্ত্রদ্বারা হস্তপল্লবে কঙ্কণ বন্ধন করিবেন, "কোদাদিতি" মন্ত্রদ্বারা করগ্রহণ বিধান করিবেন ॥

তদনন্তর আচার্য্য সহসা ঋত্বিগ্‌গণের সহিত বেদিকাকুণ্ডে নয়টী আহুতি দিবেন। উত্তম দেশিকের ( গুরুর ) সহিত বিবাহকর্ম্মের ন্যায় সমুদায় বৈষ্ণবকর্ম্ম করিয়া বিধিপূর্ব্বক বিশেষ হোম করিবেন ॥

মন্ত্র যথা ॥

"ওঁ নমো ভগবতে কেশবায় নমঃ স্বাহা, নারায়ণায় স্বাহা। মাধবায়, গোবিন্দায়, বিষ্ণবে, মধুসূদনায়, ত্রিবিক্রমায়, বামনায়, শ্রীধরায়,

কেশায় পদ্মনাভায় দামোদরায় উপেন্দ্রায় অধোক্ষজায় অনিরুদ্ধায় অচ্যুতায় অনন্তায় গদিনে চক্রিণে বিষ্বক্সেনায় বৈকুণ্ঠায় জনার্দ্দনায় মুকুন্দায় অধোক্ষজায় স্বাহা ॥

ইতি হোমঃ ॥

যজমানঃ সপত্নীকো অন্যে যে গোত্রবান্ধবাঃ।
প্রদক্ষিণাশ্চ কর্ত্তব্যাশ্চত্বারো বিষ্ণুনা সহ।
তুলস্যাঃ পাণিগ্রহণে বেদিকায়াং বিভাবসৌ।
শতং কুম্ভং জপেৎ সূক্তং পাবমানীং বিশেষতঃ।
তথৈব শান্তিকাধ্যায়ং নবসূক্তং তথৈব চ।
জীবসূক্তং পুনর্জ্জপ্ত্বা তথা বৈষ্ণবসংহিতাং।
শঙ্খঝল্লরিনির্ঘোষৈর্ভেরীতূর্য্যস্য নিঃস্বনৈঃ।
গায়ন্তে মঙ্গলা নার্য্যো মাঙ্গল্যং বিধিনাচরেৎ।
দদ্যাৎ পূর্ণাহুতিং পশ্চাদভিষেকবিধিং ততঃ।

হৃষীকেশায়, পদ্মনাভায়, দামেদরায়, উপেন্দ্রায়, অধোক্ষজায় অনিরুদ্ধায়, অচ্যুতায়, অনন্তায়, গদিনে, চক্রিণে, বিষ্বক্সেনায়, বৈকুণ্ঠায়, জনার্দ্দনায়, মুকুন্দায়, অধোক্ষজায় স্বাহা ॥

এই মন্ত্রে হোম করিবেন ॥

অনন্তর যজমান পত্নীর সহিত এবং অন্য যে কেও গোত্রবান্ধব ইহাঁরা সকলে বিষ্ণুর সহিত চারিবার প্রদক্ষিণ করিবেন। তৎপরে তুলসীর পাণিগ্রহণবিষয়ে বিভাবসুবেদিকার শতকুম্ভসূক্ত এবং বিশেষতঃ পাবমানীসূক্ত জপ করিবেন। তদ্রূপ শান্তিকাধ্যায়, নবসূক্ত, জীবসূক্ত ও বৈষ্ণবসংহিতা পুনর্ব্বার জপ করিয়া শঙ্খ, ঝল্লরিনির্ঘোষ, ভেরী ও তূর্য্যের শব্দসহ মঙ্গল গান করিতে করিতে স্ত্রীগণ যথাবিধি মাঙ্গল্য আচরণ করিবেন। তদনন্তর পূর্ণাহুতি দিয়া অভিষেকবিধি সমাপন করত

ব্রহ্মণে বৃষভং দদ্যাদাচার্য্যং পরিধাপ্য চ।
গাং পটঞ্চ তথা শয্যামাচার্য্যায় প্রদাপয়েৎ।
ঋত্বিগ্‌ভ্যো দাপয়েদ্বস্ত্রাণ্যেষাং দদ্যাচ্চ দক্ষিণাং।
এবং প্রতিষ্ঠিতাং দেবীং বিষ্ণুনা চ সমর্চ্চয়েৎ।
আজন্মোপার্জ্জিতং পাপং দর্শনেন প্রণশ্যতি।
রোপয়েত্তুলসীং যস্তু সেচয়েচ্চ প্রযত্নতঃ।
প্রতিষ্ঠাপ্য যথোক্তেন বিষ্ণুনা সহ মানবঃ।
স মোক্ষং লভতে জন্তুর্বিষ্ণুলোকং তথাক্ষয়ং।
প্রাপ্নোতি বিপুলান্ ভোগান্ বিষ্ণুনা সহ মোদতে।
প্রতিষ্ঠা শ্রীতুলস্যাস্তু লিখিতা বিষ্ণুজামলে ॥
অথোপসংহারঃ ॥
যো যো বিশেষোঽপেক্ষ্যঃ স্যাদন্যোঽপি লিখিতেষ্বিহ।
তত্তচ্ছাস্ত্রাৎ স স জ্ঞেয়ো নিতরাঞ্চ গুরোর্ম্মুখাৎ।

ব্রহ্মাকে বৃষভ দান, আচার্য্যকে পরিধাপন করিয়া তাঁহাকে গো, বস্ত্র ও শয্যা প্রদান করিবেন। তৎপরে ঋত্বিক্‌দিগকে বস্ত্র দান করিয়া অপর সকলকে দক্ষিণা দিবেন। এইরূপ প্রতিষ্ঠিতা দেবীকে বিষ্ণুর সহিত অর্চ্চনা করিবেন। ইহা দর্শন করিলে জন্মাবধি উপার্জিত পাপ বিনষ্ট হয়। যে মনুষ্য যত্নসহকারে তুলসীরোপণ, তুলসীসেচন ও যথাবিধি বিষ্ণুর সহিত তুলসীপ্রতিষ্ঠা করেন, তিনি মোক্ষ, অক্ষয় বিষ্ণুলোক এবং বিপুলভোগ প্রাপ্ত হইয়া বিষ্ণুর সহিত আমোদিত হয়েন। তুলসীর প্রতিষ্ঠা বিষ্ণুজামল গ্রন্থে লিখিত আছে ॥

অথ উপসংহার ॥

আমার এই লিখিত বিষয়ের মধ্যে যাহা যাহা উপেক্ষিত হইয়াছে, সেই সেই শাস্ত্র ও গুরুমুখ হইতে জানিতে হইবে। শাস্ত্রদর্শিত অন্যও

সন্ত্যন্যেঽপি সদাচারা বহবঃ শাস্ত্রদর্শিতাঃ।
ন লিখ্যন্তেঽত্র তে সর্ব্বে গ্রাহকাভাবতোঽধুনা॥
কৃত্যান্যেতানি তু প্রায়ো গৃহিণাং ধনিনাং সতাং।
লিখিতানি ন তু ত্যক্তপরিগ্রহমহাত্মনাং॥
অবশ্যং তানি সর্ব্বাণি তেষাং তাদৃক্ত্বসিদ্ধয়ে।
প্রাগপেক্ষ্যাণি ভক্তির্হি সদাচারৈকসাধনা।
তেষাং চ পূর্ব্বলিখিতাৎ কৃত্যান্যেকান্তিলক্ষণাৎ।
ব্যক্তিং যাতান্যথাপ্যন্তে লিখ্যন্তেঽল্পানি কানিচিৎ॥
অথৈকান্তিকৃত্যং॥
প্রাক্ প্রেমভক্তিসম্পত্তেশ্চিহ্নানি লিখিতানি হি।
তান্যেবৈকন্তিনাং প্রায়ো জ্ঞাপকানি বিদুর্ব্বুধাঃ॥
সর্ব্বত্যাগেঽপ্যহেয়া যাঃ সর্ব্বানর্থভুবশ্চ তে।
কুর্য্যুঃ প্রতিষ্ঠাবিষ্ঠায়া যত্নমস্পর্শনে বরং॥

বহুতর সদাচার আছে, সম্প্রতি গ্রাহকের (অনুষ্ঠাতার) অভাবপ্রযুক্ত এস্থলে তাহা লিখিত হইল না। প্রায় সজ্জন ধনি গৃহস্থদিগের কৃত্য লিখিত হইল। সর্ব্বত্যাগি-উদাসীন মহাত্মাদিগের সম্বন্ধে লিখিত হয় নাই। তাদৃশ সিদ্ধির নিমিত্ত অবশ্য সেই সকল কার্য্য আচরণ করিবে, কারণ সদাচারই ভক্তির একমাত্র মুখ্য সাধন। যাহার কৃত্য সকল পূর্ব্বে অপেক্ষিত হইয়াছে এবং যাহা ব্যক্ত আছে, তাহারই কতকগুলি অল্পাঙ্গ লিখিত হইতেছে॥

অথ একান্তিকৃত্য॥

পূর্ব্বে প্রেমসম্পত্তির চিহ্ন সকল লিখিত হইয়াছে, পণ্ডিতগণ তাহাকেই প্রায় একান্তি ভক্তসমূহের নিয়ামক বলিয়া জানেন॥

সর্ব্বত্যাগবিষয়েও যাহা অপরিত্যাজ্য এবং সকল অনর্থের মূল, সুতরাং প্রতিষ্ঠা (খ্যাতি) রূপ বিষ্ঠার যাহাতে স্পর্শ না হয়, তদ্বিষয়ে সমধিক যত্ন করিবেন॥

অতএবোক্তমেকাদশে ভগবতা ॥
জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মদ্ভক্তো বানপেক্ষকঃ ।
সলিঙ্গানাশ্রমাংস্ত্যক্ত্বা চরেদবিধিগোচরঃ । ইতি ॥
একান্তিতাং গতানাং তু শ্রীকৃষ্ণচরণাব্জয়োঃ ।
ভক্তিঃ স্বতঃ প্রবর্ত্তেত তদ্বিঘ্নৈঃ কিং ব্রতাদিভিঃ ।
ন ময্যেকান্তভক্তানাং গুণদোষোদ্ভবাগুণাঃ ।
সাধূনাং সমচিত্তানাং বুদ্ধেঃ পরমুপেয়ুষাং ॥
তথা ব্রহ্মবৈবর্ত্তে ॥
যথা কথমপি শ্রীমান্ শ্রীকান্তং সমুপাশ্রিতঃ ।

---

অতএব একাদশস্কন্ধে ১৮ অধ্যায়ে ২৭ শ্লোকে
ভগবান্ উদ্ধবকে বলিয়াছেন ॥

যে ব্যক্তি বহির্বিষয়ে বিরক্ত ও মুমুক্ষা অর্থাৎ মোক্ষের ইচ্ছাবশত জ্ঞাননিষ্ঠ হয়েন বা মোক্ষবিষয়ে অনপেক্ষা পূর্ব্বক আমার ভক্ত হয়েন, তিনি ত্রিদণ্ডাদি সহিত আশ্রমধর্ম্ম সকল পরিত্যাগ পূর্ব্বক শাস্ত্রের শাসন অতিক্রম করিয়া বিচরণ করিবেন ॥

যাঁহারা শ্রীকৃষ্ণের চরণারবিন্দে ঐকান্তিক ভক্ত হইয়াছেন, তাঁহাদিগের আপনা হইতেই ভক্তি প্রবর্ত্তিত হয়, ভক্তির বিঘ্নজনক ব্রতাদি দ্বারা তাঁহাদিগের কি হইবে ? ॥

একাদশস্কন্ধের ২০ অধ্যায়ে ৩৬ শ্লোকে ॥

ভগবান্ কহিলেন, প্রকৃতির পরপার প্রাপ্ত ও আমার একান্ত ভক্ত, সমচিত্ত সাধু ব্যক্তিগণের বিধি নিষেধোৎপন্ন পুণ্যপাপাদি সম্ভবপর হইতে পারে না ॥

তথা ব্রহ্মবৈবর্ত্তে ॥

মনুষ্য যে কোন প্রকারে শ্রীকান্ত নারায়ণকে আশ্রয় করত শ্রীমান্

কুরুতেঽখিলপাপানাং প্রলয়ং কিং পুনর্ব্রতৈঃ ॥
বিষ্ণুরহস্যে ব্রহ্মনারদসম্বাদে-
মাসোপবাসকথনান্তে ॥
ইন্দ্রিয়ার্থেম্বসক্তানাং সদৈব বিমলা মতিঃ।
পরিতোষয়তে বিষ্ণুং নোপবাসো জিতাত্মনঃ ॥
কিং তস্য বহুভিস্তীর্থৈঃ স্নানহোমজপব্রতৈঃ।
যেনেন্দ্রিয়গণো ঘোরো নির্জ্জিতোঽহৃষ্টচেতসা ॥
জিতেন্দ্রিয়ঃ সদা শান্তঃ সর্ব্বভূতহিতে রতঃ।
বাসুদেবপরো নিত্যং ন ক্লেশং কর্ত্তুমর্হতি ॥
যে স্মরন্তি সদা বিষ্ণুং বিশুদ্ধেনান্তরাত্মনা।
তে প্রযান্তি ভয়ং ত্যক্ত্বা বিষ্ণুলোকমনাময়ং ॥
প্রভাতে চার্দ্ধরাত্রে চ মধ্যাহ্নে দিবসক্ষয়ে।

হইয়া নিখিল পাপকে বিনাশ করেন, তাঁহার আর ব্রতাদির প্রয়োজন কি ? ॥

বিষ্ণুরহস্যে ব্রহ্মনারদসম্বাদে
মাসোপবাসকথনান্তে ॥

যাঁহারা ইন্দ্রিয়ার্থে অসক্ত, যাঁহারা সর্ব্বদা নির্ম্মলবুদ্ধি এবং বিষ্ণুর পরিতোষ জন্মাইয়া থাকেন, সেই জিতাত্মাদিগের উপবাসে প্রয়োজন নাই ॥

তাঁহার বহুতীর্থ, স্নান, হোম, জপ ও ব্রতে প্রয়োজন কি, যিনি বিশুদ্ধচিত্ত হইয়া ঘোর ইন্দ্রিয়গণকে পরাজিত করিয়াছেন ॥

অপিচ, যিনি জিতেন্দ্রিয়, সর্ব্বদা শান্ত, সর্ব্বভূতের হিতপরায়ণ এবং নিত্যই বাসুদেবতৎপর, তাঁহার কখন ক্লেশ হয় না ॥

যিনি বিশুদ্ধচিত্তে সর্ব্বদা বিষ্ণুকে স্মরণ করেন, তিনি নির্ভয় হইয়া অনাময় ( দুঃখশূন্য ) বিষ্ণুলোকে গমন করেন ॥

প্রভাতে, অর্দ্ধরাত্রে, মধ্যাহ্নে এবং দিবসক্ষয়ে অর্থাৎ সন্ধ্যাবেলায়

কীর্ত্তয়ন্তি হরিং যে বৈ তে তরন্তি ভবার্ণবং ॥
আনন্দিতোঽথবা চার্ত্তঃ ক্রুদ্ধঃ শান্তোঽথ বা হরিং।
যোঽনুকীর্ত্তয়তে ভক্ত্যা স গচ্ছেদ্বৈষ্ণবীং পুরীং ॥
গর্ভ-জন্ম-জরা-রোগ-দুঃখ-সংসারবন্ধনৈঃ।
ন বাধ্যতে নরো নিত্যং বাসুদেবমনুস্মরন্ ॥
এবমেকান্তিনাং প্রায়ঃ কীর্ত্তনং স্মরণং প্রভোঃ।
কুর্ব্বতাং পরমপ্রীত্যা কৃত্যমন্যন্ন রোচতে ॥
ভাবেন কেনচিৎ প্রেষ্ঠশ্রীমূর্ত্তেরঙ্ঘ্রিসেবনে।
স্যাদিচ্ছৈষাং স্বমন্ত্রেণ স্বরসেনৈব তদ্বিধিঃ।
বিহিতেষ্বেব নিত্যেষু প্রবর্ত্তন্তে স্বয়ং হি তে।
ইত্যাদ্যেকান্তিনাং ভাতি মাহাত্ম্যং লিখিতং হি তৎ ॥
সদা সদাচারপরাস্তু যে নরা
ভবন্তি দামোদরভক্ত্যপেক্ষয়া।

যাঁহারা হরিকীর্ত্তন করেন, তাঁহারা ভবসাগর হইতে উত্তীর্ণ হয়েন ॥

আনন্দিত অথবা পীড়িত কিম্বা ক্রুদ্ধ বা শান্ত হইয়া যিনি ভক্তিপূর্ব্বক হরির কীর্ত্তন করেন, তিনি বৈষ্ণবীপুরীতে গমন করিয়া থাকেন ॥

যে ব্যক্তি নিত্য বাসুদেবের অনুস্মরণ করেন, সেই মনুষ্য গর্ত্ত, জন্ম, জরা ও রোগ প্রভৃতি দুঃখরূপ সংসারবন্ধনসমূহ দ্বারা অভিভূত হয়েন না॥

যে সকল একান্ত ভক্ত এইরূপে প্রায় পরমপ্রীতিতে প্রভুর স্মরণ ও কীর্ত্তন করেন, তাঁহাদিগের আর অন্য কর্ম্মে রুচি হয় না ॥

যাঁহারা যে কোন ভাবে প্রিয়তম শ্রীমূর্ত্তির পাদপদ্মসেবনে ইচ্ছা করেন, তাঁহাদিগের স্বতন্ত্র স্বীয়রস দ্বারা আর ইচ্ছা হয় না, তাঁহারা বিহিত নিত্যকৃত্যে স্বয়ং প্রবর্ত্তিত হয়েন। একান্তি ভক্তদিগের পক্ষেই সমুদায় সুপ্রকাশিত মাহাত্ম্য লিখিত হইল ॥

যে সকল মনুষ্য দামোদরের ভক্তি অপেক্ষায় সর্ব্বদা সদাচারপর

তদীয়পাদাম্বুজধূলিধূষরং
কদা ভবেদস্য শিরোঽধমস্য মে ॥
শ্রীনন্দসুন্দরমুকুন্দপদারবিন্দ-
প্রেমামৃতাব্ধিরসতুন্দিলমানসা যে।
নানার্থবৃন্দমনুসংদধতে ন চ স্বং
তেষাং পদাব্জমকরন্দমধুব্রতঃ স্যাং ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে প্রাসাদিকো নাম বিংশতিতমো বিলাসঃ ॥ * ॥ ২০ ॥ * ॥

॥ * ॥ সমাপ্তশ্চায়ং শ্রীভগবদ্ভক্তিবিলাসো গ্রন্থঃ ॥ * ॥

॥ * ॥ শুভমস্তু। শ্রীহরিঃ। ওঁ। তৎ সৎ ॥ * ॥

---

হয়েন, তাঁহাদিগের পদাম্বুজের ধূলিতে কবে মাদৃশ অধম ব্যক্তির মস্তক ভূষিত হইবে ॥

যাঁহাদিগের হৃদয় শ্রীনন্দনন্দন মুকুন্দের পদারবিন্দরূপ প্রেমসমুদ্রের রসে পরিপূর্ণ হইয়া অন্য প্রকার কোন স্বীয়বিষয় অনুসন্ধান করেন না, আমি তাঁহাদিগের পাদপদ্মের মকরন্দপানার্থ ভ্রমর হইতে ইচ্ছা করি ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃতানুবাদে প্রাসাদিক ( প্রাসাদনির্ম্মাণসম্বন্ধীয় ) নাম বিংশতিতমবিলাস ॥ * ॥

॥ * ॥ দ্বিতীয়সংস্করণ সমাপ্ত শ্রীভগবদ্ভক্তিবিলাস গ্রন্থ ॥ * ॥

১৩১০। ২৫শে ফাল্গুন।

---

ভ্রমসংশোধন—এই গ্রন্থে টীকারচয়িতার নামে সর্ব্বত্র শ্রীজীবগোস্বামী স্থানে শ্রীসনাতনগোস্বামী হইবে। জীবনচরিত দেখুন।

---

সম্পূর্ণ।

# প্রকাশকস্য বিজ্ঞপ্তিঃ।

শ্রীরাধারমণো দেবো যদনুগ্রহকারকঃ।
সবিলাসোঽভবন্ শালগ্রামপাষাণনির্গতঃ॥ ১॥
হারিণীং দ্বিভুজাং চেতো মোহিনীং মূর্ত্তিমাশ্রিতঃ।
যত্নাৎ সংবুভুজে যস্য ভিক্ষালব্ধমুপায়নং॥ ২॥
ময়া প্রণম্য তং শ্রীমদ্ভট্টগোস্বামিনং মুদা।
কৃতো বঙ্গানুবাদোঽস্য গদ্যেন সরলার্থকঃ॥ ৩॥

বৃন্দাবনস্থং ব্রজবাসিনাং বরং,
ধরামরশ্রীযুতবেঙ্কটাত্মজং।
নমামি রাধারমণৈকজীবনং,
গোপালভট্টং ভজতামভীষ্টদং॥ ৪॥

গ্রন্থোঽয়ং বৈষ্ণবানাং বহুবিধিকৃতিভির্নিত্যনৈমিত্তিকীভিঃ,
প্রাচীনস্মার্ত্তবাক্যৈঃ সুবিবৃতমহিমা কিন্তু সর্ব্বৈরসাধ্যঃ।
জ্ঞাত্বা বঙ্গানুবাদৈঃ সহ বুধনিচয়ৈর্যো যথাশক্তি শুদ্ধো-
ঽকারি প্রাঞ্জল্যযুক্তো জনয়তু সুধিয়াং চিত্তমানন্দকন্দং॥ ৫॥

যদ্যপ্যস্মিন্ মমক-করণে দোষরাশির্বিরাজী,
তত্রাপ্যস্মিন্ সুজননিচয়শ্চোপকারং প্রলব্ধা।
চেতঃস্বেবং সমধিকতরং সংবিচার্য্য ব্যধায়ি,
দোষং ত্যক্ত্বা লবমপি গুণং ভূরিবদ্ভাবয়ন্তু॥ ৬॥
বৃহৎসহায়ঃ কার্য্যান্তং ক্ষোদীয়ানপি গচ্ছতি।
বিবিচ্য মনসা চৈতৎ কার্য্যমত্র প্রসাধিতং॥ ৭॥

রুদ্রাষ্টচন্দ্রপ্রমিতে শকাব্দে,
শ্রীরামনারায়ণভূসুরেণ।
শুচৌ হি রাধারমণাখ্যযন্ত্রে,
মুদ্রাঙ্কণং কারিতমস্য যত্নাৎ॥ ৮॥

॥ *॥ ১৮১১ শাকে। আষাঢ়ে সম্পূর্ণঃ ॥ *॥

এই "হরিভক্তিবিলাস" গ্রন্থের প্রণেতা শ্রীগোপালভট্টগোস্বামী। ইহাঁর জন্মস্থান দক্ষিণদেশে কাবেরী নদীর তীরস্থ বেলগুঁড়ি গ্রাম, এই গ্রামে রঙ্গনাথ নামক শ্রীবিগ্রহ অধিষ্ঠিত আছেন। গোপালভট্ট দাক্ষিণাত্য ব্রাহ্মণ, পিতার নাম বেঙ্কটভট্ট, বেঙ্কটের ত্রিমল্ল ও প্রবোধানন্দ নামক দুই সহোদর। প্রবোধানন্দ বেদান্তশাস্ত্রে পারদর্শী হইয়া "সরস্বতী" উপাধি লাভ করেন এবং ভ্রাতুষ্পুত্র গোপালভট্টকে * বিবিধ শাস্ত্র অধ্যয়ন করান। বেঙ্কটভট্টও বেদান্তে বিশেষ পারদর্শী ছিলেন, ধর্ম্মরাজ অধ্বরীন্দ্র স্বকীয় গ্রন্থ বেদান্তপরিভাষার মঙ্গলাচরণে বেঙ্কটভট্টকে গুরু বলিয়া প্রণাম করেন †। বেঙ্কটাচার্য্যের গৃহে গৌরাঙ্গদেব চারিমাস অবস্থিতি করিয়া তদানীন্তন বালক গোপালভট্টকে স্বকীয় ভক্ত করিয়া সন্ন্যাসাশ্রম গ্রহণ এবং স্বপ্নাবেশে নিজ-দ্বিভুজ শ্যামসুন্দর কৃষ্ণমূর্ত্তি দর্শন করান। বেঙ্কটভট্ট লক্ষ্মীনারায়ণমন্ত্রে উপাসক ছিলেন। গোপালভট্ট গৌরাঙ্গকর্ত্তৃক অনুজ্ঞাত-হওত বৃন্দাবনে রূপ সনাতন সমীপে যাইয়া তাঁহাদিগের নিকট ভ্রাতৃস্নেহ লাভ করেন।

কিয়দ্দিন অবস্থানের পর একদিন "বৈষ্ণবস্মৃতি" প্রচার করিব বলিয়া মনে মনে চিন্তা করিতেছেন, সনাতন তাহা জানিতে পারিয়া নিজে "হরিভক্তিবিলাস" নামক বৈষ্ণবস্মৃতি রচনা করত গোপালভট্টের নামে প্রকাশ করেন এবং ঐ গ্রন্থের দিগ্দর্শিনী নামে একটী টীকাও নিজে প্রকাশ করেন। গোপালভট্ট ঐ গ্রন্থকে মূল সূত্ররূপে পরিগণিত করিয়া ব্রতাদির মাহাত্ম্য, নিত্যতা ও বিবিধ মতামত নানাপুরাণ এবং সংহিতাদি হইতে সংগ্রহপূর্ব্বক একখানি সুবৃহৎ গ্রন্থ করত "ভগবদ্ভক্তিবিলাস" নামে জনসমাজে প্রচারিত করেন, কিন্তু সটীক ও সংক্ষিপ্ত হরিভক্তিবিলাস যে সনাতনের রচিত, তাহার ভূরি ভূরি প্রমাণ পাওয়া যায় ‡। কোন কোন স্থানে কেবল সনাতনরচিত মূল সংক্ষিপ্ত হরিভক্তিবিলাস দেখিতে পাওয়া যায়। গোপালভট্টের বহুবিধ গ্রন্থমধ্যে হরিভক্তিবিলাস ও কৃষ্ণকর্ণামৃতের টীকাই বিশেষ সর্ব্বজন-পরিচিত। গোপালভট্ট শ্রীনিবাসাচার্য্যকে শিষ্য করিয়া তদ্দ্বারা গৌড়দেশে ভক্তিপ্রচারার্থ শকটে করিয়া গোস্বামিগণের বহুবিধ ভক্তিশাস্ত্র প্রেরণ করেন। ইহার অন্যান্য প্রাসঙ্গিক বহুল বৃত্তান্ত মৎপ্রকাশিত ভক্তিরত্নাকর গ্রন্থে দেখিবেন।

---

* শ্রীমৎপ্রবোধানন্দস্য ভ্রাতুষ্পুত্রং কৃপালয়ং। শ্রীমদ্গোপালভট্টং তং নৌমি শ্রীব্রজবাসিনং। ইতি ভক্তিরত্নাকরে॥

† শ্রীমদ্বেঙ্কটনাথাখ্যান্ বেলঙ্গুণ্ডিনিবাসিনঃ। জগদ্গুরূনহং বন্দে সর্ব্বতন্ত্রপ্রবর্ত্তকান্॥ বেদান্তপরিভাষা। ১। ৩॥

‡ তয়োর্জ্যেষ্ঠস্য কৃতিষু শ্রীসনাতননামিনঃ। সিদ্ধান্তগ্রন্থসন্দোহোল্লেখোল্লেখা বিধীয়তে। প্রথমাদিদ্বয়ং খণ্ডযুগং ভাগবতামৃতং। হরিভক্তিবিলাসশ্চ তট্টীকা দিক্প্রদর্শিনী। লীলাস্তব টিপ্পনী চ সেয়ং বৈষ্ণবতোষণী। ভক্তিরত্নাকরধৃত-লঘুতোষণী॥

গোপালভট্টের ভগবদ্ভক্তিবিলাসকে প্রায়শই লোকে "হরিভক্তিবিলাস" বলিয়া থাকে, সুতরাং এই গ্রন্থ হরিভক্তিবিলাস নামেই অভিহিত হইল। গোপালভট্ট অত্যন্ত বৈরাগ্য-সম্পন্ন ছিলেন ও একটী শ্রীশালগ্রামশিলার পূজা করিতেন, কদাচিৎ মহাপ্রভু গোপালের মন জানিয়া বলিলেন যে, তুমি এই শালগ্রামশিলা হইতেই শ্রীকৃষ্ণকে দর্শন করিবে। তৎপরে শালগ্রাম হইতে ভগবান্ শ্রীকৃষ্ণ দ্বিভুজমূর্ত্তিতে গোপালভট্টকে দর্শন প্রদান করেন। গোপাল-ভট্টের এই প্রকার ঐশ্বর্য্য সর্ব্বত্র বিখ্যাত হইলে পর বহু বহু দেশ হইতে বহু বহু ধনিক ব্যক্তিগণ গোপালভট্টের শিষ্য হন এবং ঐ শালগ্রাম হইতে প্রকাশিত বিগ্রহের "শ্রীশ্রীরাধা-রমণ" এই নাম হয়। তদুপলক্ষে ৺বৃন্দাবনে দীর্ঘকালব্যাপী একটী সুমহান্ মহোৎসব উপস্থিত হয়। তথা বহু বহু লোকের প্রদত্ত সম্পত্তিতে উদাসীনের বিগ্রহ শ্রীরাধারমণ মহা ঐশ্বর্য্য ভোগ করেন, মন্দির ও তোরণাদি নির্ম্মিত হয় এবং বহুবিধ অলঙ্কারে বিভূষিত হইয়া রাজভোগ উপভোগ করিতে থাকেন। অদ্যাবধি ৺বৃন্দাবনে সর্ব্বাপেক্ষা ভোগাদির নিয়ম ও সেবার পরিচর্য্যা সমধিকরূপে পরিলক্ষিত হইতেছে।

এই স্থানে শ্রীরাধারমণের প্রকাশসম্বন্ধে দুই একটী মতান্তর দৃষ্ট হয়। কোন কোন পুস্তকে দেখা যায় যে, শ্রীরাধাগোবিন্দদেব রূপগোস্বামিকে গোপালভট্টের অভিমত স্বপ্নাদেশ করিলে পর রূপগোস্বামী স্বহস্তে শ্রীরাধারমণমূর্ত্তি নির্ম্মাণ করেন। দ্বিতীয় লোকপ্রবাদ এই যে, কোন এক ধনী ব্যক্তি ৺বৃন্দাবন যাইয়া সমস্ত মন্দিরে শ্রীবিগ্রহকে বিবিধ বহুমূল্য-ভূষণে ভূষিত করেন ও অর্থাদি দান করত মহামহোৎসব করেন। ইহা জানিয়া গোপালভট্টগোস্বা-মির মনে বড়ই খেদ হয় যে, "আমার ঠাকুর যদি হস্তপাদাদিবিশিষ্ট হইতেন, তাহা হইলে ইনিও বহুবিধ ভূষণ পরিধান করিতে পাইতেন।" এইরূপ চিন্তার পর নিত্যকৃত্য সমাপনান্তে নিদ্রিত হইলেন, এ দিকে শ্রীশালগ্রামদেব গোস্বামির ক্ষুদ্রপেটিকায় দ্বিভুজ শ্যামসুন্দর মুরলী-ধরমূর্ত্তি ধারণ করত দণ্ডায়মান রহিয়াছেন, পরে গোস্বামী প্রভাতে উঠিয়া দেখেন; ঠাকুর আমার মনোঽভিলাষ পূর্ণ করিয়াছেন।

এই শেষোক্ত দুইটী প্রবাদেরই কেবল জনশ্রুতির উপর নির্ভর, তবে কোন কোন দেশীয় ভক্তিরত্নাকর পুস্তকে "রূপগোস্বামিকর্তৃক নির্ম্মিত" ইহা দেখা যায় এবং সর্ব্বপ্রথমকার বিবরণই সর্ব্বদেশের লিখিত পুস্তকে পাওয়া যায়, সুতরাং শেষের দুইটী বৃত্তান্তকে সপ্রমাণ বলিয়া সাহস করিতে পারি না।

এইরূপে কিয়ৎকাল পরে গোস্বামী নিজের অবস্থার শেষ দেখিয়া একটী সদাচারসম্পন্ন গৌড়ীয় ব্রাহ্মণকে শিষ্য করিয়া তাহার হস্তে ঈশ্বর সেবার ভার ন্যস্ত করত অপ্রকট হয়েন। তৎপরে উক্ত ব্রাহ্মণ দারপরিগ্রহ করেন, সেই বংশোৎপন্ন ব্যক্তিরাই অদ্যাবধি শ্রীরাধারমণের সেবায় তৎপর আছেন এবং উক্ত সেবার নিয়ম এই যে, ঐ বংশোদ্ভব ভিন্ন অন্য কেহ উক্ত ৺সেবায় অধিকারী নহেন।

এই বংশে উজ্জ্বল প্রদীপস্বরূপ সুগৃহীতনামা ৺সখালালগোস্বামী নামে এক মহাত্মা জন্মগ্রহণ করেন এবং তিনি এতাদৃশ বহুশাস্ত্রজ্ঞ পণ্ডিত, সদাচার ও শ্রীরাধারমণের ভক্ত এবং স্বধর্ম্মনিষ্ঠ হয়েন যে, দ্বিতীয় গোপালভট্ট বলিলেও বোধ হয় অত্যুক্তি হয় না। ইহাঁর দ্বারাই শ্রীমদ্ভাগবতের প্রগাঢ় ও সর্ব্বোত্তম সিদ্ধান্তস্বরূপ ষট্‌সন্দর্ভ শিষ্যসম্প্রদায়ে অধ্যাপিত হয়। অপিচ, ষড়্‌দর্শন, পুরাণ, জ্যোতিষ, কাব্য, নাটক ও অলঙ্কারাদি বিবিধ শাস্ত্রে পারদর্শী হন এবং তদীয় বংশোদ্ভব ও প্রধান প্রধান ছাত্রদিগের নিকট শুনা যায় যে, দেশভাষা অর্থাৎ ইংরাজী, বাঙ্গালা, পারস্য, দাক্ষিণাত্য ও ইটালিক ভাষাতেও বিশেষ ক্ষমতা ছিল। ইহাঁর বিদ্যাবত্তার পরিচয় ভারতের সর্ব্বত্রই বিখ্যাত, হীনবুদ্ধি আমি আর কি তাহার উল্লেখ করিব, কিন্তু আমাদের দুর্ভাগ্য এই যে, কতিপয় বৎসর অতীত হইল, উক্ত পশ্চিমদেশীয় মহাত্মা ভারতকে দীন ও অন্ধ করিয়া জনসমাজের ক্রমোন্নত আশালতাকে ছিন্ন করিয়া এবং দর্শনদানে জনগণকে বঞ্চিত করিয়া ধর্ম্মোপার্জ্জিত নিত্য সুখময় স্থানের বাসাভিলাসে প্রাকৃত জগতের সুখ ত্যাগ করত নিত্যধামে গমন করিয়াছেন, কিন্তু আমাদের সেই ছিন্নমূল ও শুষ্ক আশালতা তদীয় জ্যেষ্ঠ সহোদর শ্রীল শ্রীযুক্ত গোপীলালগোস্বামিকে দেখিয়া পুনরুজ্জীবিত হইবার উপক্রম হইয়াছে। বর্ত্তমানকালে ৺বৃন্দাবনধাম প্রভৃতি সমুদায় পশ্চিমাঞ্চলে ইহাঁর সদৃশ পণ্ডিত অতীব বিরল, ইহাঁর মহতী বিদ্যাবুদ্ধিকে অলৌকিক বলিলেও অত্যুক্তি হয় না। ষট্‌সন্দর্ভ ও হরিভক্তিবিলাসাদি বৈষ্ণবগ্রন্থ যিনিই যেখানে অধ্যয়ন করুন, ইনিই সকলের মূল আচার্য্য, বৈষ্ণবগ্রন্থাদি অধ্যয়ন করিয়া ছাত্রগণ ইহাঁর নিকট হইতেই বহির্গত হইয়া সমস্ত ভারতবর্ষে বিদ্যমান রহিয়াছে, শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের অত্যন্ত নিগূঢ়ার্থ বিষয়ে ইহাঁরই সম্প্রতি বিশেষ ক্ষমতা। ইহাঁরই মতামত লইয়া শাস্ত্রীয় বিবাদ ও বৈষ্ণবব্রতাদির ব্যবস্থা মীমাংসিত হইয়া থাকে।

শ্রীগোপালভট্ট প্রভৃতি ছয় গোস্বামী এবং নরোত্তম, লোকনাথ, শ্রীনিবাসাচার্য্য ও অনেক পর মহাজনগণের সম্যক্‌ জীবনবৃত্তান্ত আমার এই ক্ষুদ্রপ্রবন্ধে প্রসঙ্গক্রমে সংক্ষেপেও বলা যায় না। ঐ ভক্তগণের উৎকৃষ্ট জীবনবৃত্তান্ত কেবল ভক্তিরত্নাকর গ্রন্থে সুস্পষ্ট ও বিস্তৃতরূপে দেদীপ্যমান রহিয়াছে, পাঠকগণ তাহাতেই সম্যক্‌ তৃপ্তি লাভ করিতে পারিবেন, সুতরাং তদ্বিষয়ে অধিক কথার অবতারণা হইতে ক্ষান্ত হইলাম।

---

১২৯৬ সাল,
২৭শে আষাঢ়।

নিঃ—
শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন।
বহরমপুর, হরিভক্তিপ্রদায়িনী সভা।

বহরমপুর, রাধারমণযন্ত্রে প্রিণ্টার শ্রীরাধাবল্লভ নন্দী দ্বারা মুদ্রিত।

[illegible] ১৭৭

[illegible] ১৩৭৭

[illegible]

৪৩১/৪ [illegible]

[illegible] ১৩৫৭

১৯৭৪/১১
৪২১ মুদ্র

[illegible] ১৩৪০৪

১৩/৩২২ [illegible]

১১ ১৩৭৭/৪২ [illegible]

[illegible] ১১/১: ৪৪৩

১৩৬৫/১১ [illegible]

১১/১৩/৪৮২

১৩৩৪/১৩৭

[illegible]

১১/১৩৪/৪৫

[illegible]
[illegible]
[illegible]
[illegible]

[illegible]
১৩ ৫২ | ১১ |